<u>সাহিত্য-পরিষদ্-গ্রন্থার্থাবলী</u>— ৩৪

িভারত-শাস্ত্র-পিটক

अभा**क्ष्य--- श्रीत्रारमञ्ज्यमत** जिरवनी वस्व

প্রবস্তক---শ্রীযুক্ত রাজা যোগেক্রনারায়ণ রায় বাহাত্মর

শীযুক্ত কুমার শরৎকুমার রাম এম এ

ঐতরেয় ব্রাহ্মণ

বঙ্গানুবাদ


অসুবাদক

<u> এরামেন্দ্রস্বদর ত্রিবেদী এম্ এ</u>


৪৩)১ অপার সার্কু নার রোড, বন্ধীয়-সাহিত্য-পরিষ্ৎ হইতে শ্রীরামকমল সিংহকর্ত্তৃক প্রকাশিত

কুলিকাড়া

707



কলিকাতা ২১।৩ শাস্তিরাম ঘোষের দ্বীট্, বাগ্বান্ধার বিশ্বকোষ-প্রেস্থাকে শ্রীরাধালচন্দ্র মিত্র কর্তৃক মুদ্রিত ১৩১৮



ভারতীয় শাস্ত্রে পরমশ্রদ্ধাবান্

স্বধর্মানুরক্ত

দীঘাপতিয়া-রাজকুলভূষণ

প্রমক্ষেমাম্পদ

শ্রীমৎ কুমার বসন্তকুমার রায় এম্ এ

মহোদয়ের করকমলে

ভারতশাস্ত্র-পিটকের মম্বর্ভুক্ত এই প্রথম গ্রহ

নাদরে অর্পণ করিলাম।

নিবেদন

দীবাপতিয়া য়াজবংশের উজ্জল প্রদীপ শ্রীমান্ কুমার শরংকুমার রায় যথন আমার নিকট পদার্থবিন্তা পড়িয়া এম্ এ পরীক্ষার জন্ত প্রস্তুত হইতেছিলেন আমি তথন মাঝে মাঝে পদার্থবিন্তার সীমা ছাড়াইয়া অন্তান্ত কথা পাড়িতাম আমাদের দেশের প্রাতন কথা যে আমরা জানি না বা জানিবার যত্নও করি না এবং ইহার অপেকা লজ্জার বিষয় আমাদের পক্ষে আর কিছুই হইতে পারে না, এই বিষয় লইয়া আমাদের মধ্যে প্রায়ই আলোচনা হইত। এমন কি আমাদের জাতীয় জীবনের যে কিছু বিশিষ্টতা, তাহার মূল ভিত্তিয়ও আমরা সন্ধান রাখি না, এই জন্ত বসিয়া বসিয়া আক্ষেপ করিতাম ও আমাদের শিক্ষাকে ধিকার দিতাম। ভারতবর্ষের প্রাচীনতম শাস্ত্রগ্রহসমূহের বালালা অন্ত্রাণ প্রকাশ করিয়া এই সন্ধানকার্য্যে সাহায্য করা উচিত, এই কয়নার্থ সেই সময়ে অন্থরিত হইয়াছিল। তাহার ফলে শ্রীমান্ শরংকুমার ব্রাজ্বপঞ্জলির অন্থবাদ প্রচারের ভারগ্রহণে উৎস্কে হন। সর্ববিধ্ব সৎকর্ম্বে প্রান্তর্নার প্রবর্ত্তিক আগ্রহ এই উৎস্কক্রের প্রবর্ত্তক। এইরূপে তাঁহারই প্রবর্ত্তনার ও ব্যয়ে ঐতরয়ের ব্রাক্ষণের অন্ত্রাদকার্য্য আরক্র হয়।

রান্ধণগ্রন্থের অনুবাদ প্রকাশের আবেশুকতা স্থির হইলে, স্থনামধন্ত শ্রীযুক্ত রায় ষতীক্রনাথ চৌধুরী, শ্রীযুক্ত হীরেক্রনাথ দত্ত, শ্রীযুক্ত নগেক্রনাথ বস্থ প্রভৃতি বন্ধবর্গের পরামর্শে শ্রীযুক্ত পণ্ডিত জয়চক্র সিদ্ধান্তভূষণকে ঐতরে ব্রাহ্মণের অনুবাদে নিযুক্ত করা হয়। তর্ভাগাক্রমে প্রথম ছই অধ্যায়মাত্র অনুবাদ করিয়ে, পণ্ডিতমহাশয় এ বার্য্য হইতে বিদায় গ্রহণ করেন। পণ্ডিত মহাশয় অনুবাদ করিতেছিলেন, সঙ্গে সঙ্গে তাহা মুদ্রিত হইতেছিল। তাঁহার বিদায়গ্রহণে হঠাৎ আরক্ষ কার্যা স্থগিত হইবার উপক্রম হইয়া পড়িল।

এই সমধে কুমার বাহাহরের অন্থরোধে আমার উপর অকস্মাৎ অন্নুবাদ কার্য্যের ভার পড়ে। তিনি যে কেন আমার উপর এই ভার অর্পণ করিলেন, আর আমিই বা কেন এই ভার গ্রহণ করিলাম, তাহার কোন সঙ্গত উত্তর দিতে পারিব দা^র। এখন তাহা মনে করিয়া বিস্থিত হই। বেদবিস্থা অর্জ্ঞকে ছব করেন; কিন্তু আমার মত অজ্ঞের হাতে পড়িয়া তাঁহার কিরূপ শোচনীয় দশা হইয়াছিল, তাহা জানি না। বেদবিভায় আমি তথন সর্কতোভাবে অজ্ঞ ছিলাম। সম্ভবঁত: এই অজ্ঞতাই আমাকে এই ভারত্রহণে প্রোৎসাহিত ও প্রেরিত করিয়াছিল। ভারতবর্ষে বেদপন্থী সমাজে জুনিয়া ভারতবর্ষের প্রোতনী বিভায় অজ্ঞতা নিতাস্ত ভাগাহীনতার লক্ষণ বলিয়া আমি বোধ করিতাম। এই স্বযোগ অবলম্বনে দেই মহতী বিভায় যংকিঞ্চিং জ্ঞান লাভ করিতে পারিব, এই প্রলোভন ত্যাগ করিতে আমি সমর্থ হই নাই। এই প্রাংশুলভা ফলের লোভেই আমি উদাহ বামনের বৃত্তি আশ্রম্ম করিয়াছিলাম। বামনের চেন্তায় যাহা সক্ষলিত হইয়াছে, তাহা এথন স্বধী-সমাজে উপস্থাপিত হইল। স্বধীসমাজ এখন মন খুলিয়া উপহাস কর্মন।

ব্রাহ্মণগ্রন্থ বৈদিক যজ্ঞ-অনুষ্ঠানের উপদেশে পূর্ণ। ঐ সকল অনুষ্ঠান এত ক্রেটিল, যে যাজিকের হস্তে এই সকল কর্মা অনুষ্ঠিত না দেখিলে, উহা হদ্গত রা প্রায় অসাধা। কেবল গ্রন্থের অধায়নে ঐ সকল জটিল বিষয় আয়ত্ত করা কঠিন। পদে পদে ভ্রমপ্রমাদের সম্ভাবনা থাকে। বর্ত্তমান অনুবাদেও কত ভ্রমপ্রমাদি রহিয়া গিয়াছে, তাহা আমি জানি না। ভরসা এই, সুধীগণ শ্রামিকাটুকু বর্জন করিয়া বিশুদ্ধ মংশ গ্রহণ করিবেন।

প্রমির অবসর অল ; নানাবিধ অধিকারের ও অনধিকারের চর্চায় আমার জীবনের ক্ষয় ও অপবায় চলিতেছে। অনুবাদ আরভের পর চই মাস কাজ করিয়া চার্নি মাস বিশ্রাম লইয়াছি। ১০১০ সালের আরভে কাজ আরভ করি, ১০১৮ সালে অনুবাদ প্রচারিত হইল। আট বংসরের চেষ্টার পর এই এই বাহির ইইল। একপক্ষে ভালই ইইয়াছে। এই দীর্ঘ সময় মধ্যে অনেক প্রস্থির সাহায় লইতে পারিয়াছি, যাহা না পারিলে না জানি আরও কৈত ক্রমপ্রমাদ ঘটতে পারিত।

্ আনন্দাশ্রম হইতে প্রকাশিত মৃণগ্রন্থ হইতে অন্তবাদ করিয়াছি। অনুবাদে সর্বতোভাবে সায়ণের ব্যাথাার অনুসরণের চেষ্টা করিয়াছি। বছদিন সূর্ব্বে নার্টিন হৌগ যে মৃলগ্রন্থ ও ইংরেজি অনুবাদ প্রকশি করিয়াছিলেন, ভাহার সাহাদ্য লই নাই, বলিলেই চলে। যেখানে সায়ণের ব্যাথ্যায় সংশব্ধ বোধ হইরাছে, সেখানে ইংরেজি অনুবাদ খুলিরাছি বটে; কিন্তু সাধান্ধণতঃ দারণের ব্যাথ্যায় সন্দেহ হইলেও সায়ণের অনুস্বাহ কর্মব্য মনে করিয়াছি।

ৈ সৌভাগাঞ্জন দায়ণীটাথ্য দামীর মৃত্ত উজ্জের জক্টই বের্নের বর্ণিথা করিয়া-ছিলেন। তাঁহার ইম্পট্ট ভাষার ও প্রীপ্তল ব্যাথানির সাহায়্য না পাঁহলে ক্রতরের ব্যাম্বনের এই মন্থবাদ বাঁহির ইইউ না।

বিদের কিয়দংশের নাম মন্ত্র জিপার্গাদের নাম রাজ্ঞা। মুখাতঃ যজ্ঞকর্মের জিপার কিরা প্রের প্রেরার্গা। কোন না কোন দেবতার উদ্দৈশে কোন না কোন দ্বা তার্গির নাম যক্ত্র। যজ্মানের হিতার্থ যজ্মানকর্তৃক যাহারা যক্তে বৃত্তি জিল্পার নাম যক্ত্র। যজ্মানের হিতার্থ যজ্মানকর্তৃক যাহারা যক্তে বৃত্তি সিযুক্ত হইতেন, তাহাদের নাম অবিক্। অবিক্লিগাকে বিবিধ কর্মা মন্ত্রস্থিকি করিয়ে সাম্পাদন করিছে ইইত্র। কেহবা উচ্চরের আইবান বা প্রাশংসাদি করিছেন ; কেহবা অস্ক্রের যজ্মন্ত্র উচ্চারণ করিয়া প্রোডালাদি যজ্ঞের দ্বা প্রত্ত্তন বা কেহবা অস্ক্রের ইতি করিতেন। প্রের দিবতার স্থিতি মানির বা সাম্মন্ত্র গান করিয়া দিবতার স্থিতি করিতেন। প্রের চানির স্থিতি মানির মান মাক্র্নত্র, গাল্ল-মন্ত্র বিলিয়ের ক্রির বাম মাক্র্নত্র, গাল্ল-মন্ত্র বিলিয়ার করিয়া গান করা হইজ, তাহা সাম্মন্ত্র। তির ভিন্ন রাজ্ঞানিত্র ক্রিনের ক্রিনের উপারতি, কোন্ মন্ত্র কোন্ কর্মের কিরার ক্রিনির ক্রিনের উপারতি, তাহা উপাদিত ইইরাছে, কোন্ করের নাম মন্ত্রক্র নানা মন্ত্রক্র করিবিট ইইরাছে, কোন্ করের নানা আথ্যায়িকাদি সামিবিট ইইরাছে।

হোতা ও তাঁহার দহকারী ঋতিক্লণ মুখাতঃ ঋক্মনের বিনির্দ্ধণ দ্বারা দৈবতাহ্বানাদি কর্ম করিতেন। অধ্বর্য ও তাঁহার দহকারীরা ষ্ট্রমন্ত্রি প্রারোগ দ্বারা আন্তর্ভিদানদি কর্ম করিতেন; উল্লোভা ও তাঁহার সহকারীরা। সামন্ত্রি দানক বিতেন। জানিউমিদি যজে এই তিন শ্রেণির ঋতিকের প্রারোজন হইউ। জাহারা একযোগে স্থ দানিলিন্ত কর্ম করিতেন। ঐতরের ব্রাহ্মণ উল্লেখ প্রারোজন প্রারোজন করিতেন। ঐতরের ব্রাহ্মণ উল্লেখ প্রারোজন করিতেন। ঐতরের ব্রাহ্মণ উল্লেখ কর্মেন্ত্র ক্রেমণ করিছে; কাজেই এই ব্রাহ্মণ ব্রাহ্মণ প্রারোজন করিবার সক্রেমণ করিছে; কাজেই এই ব্রাহ্মণ ব্রাহ্মণ প্রারাম্য বিলয়া প্রান্ত্রি কর্মেন্ত্র ক্রেমণ বর্ম কর্মানী কর্মির উল্লেখ এই ব্রাহ্মণে প্রায়ার বলিয়া প্রান্ত্রি। যজুবৌদী বা সামিবেদী ঋতিক্দিগের কর্মেন্ত্রি সক্রিমণ ক্রিমণাত্র এই ব্রাহ্মণে বির্ভ হইর্মাটে। সাম্প্রিমণ ক্রিমণ ক্রিমণ ক্রিমণ্টির ক্রিমণ ক্রিমণাত্র এই ব্রাহ্মণের ক্রিমণাত্র এই ব্রাহ্মণের ক্রিমণাত্র হিন্তি হইর্মাটে। সাম্প্রিমণ ক্রিমণাত্র ক্রিমণাত্র ব্রাহ্মণির ক্রিমণাত্র ক্রিমণাত্র ব্রাহ্মণির ক্রিমণাত্র হিন্তি হইর্মাটে।

এই অম্বাদগ্রন্থ কতকটা বোধনীয়া কৰিবন্ধি উদ্দেশে প্রভূত্ন পার্থিয়াণে টাকান্ধ

সন্নিবেশ করিয়াছি। গ্রন্থের পরিশিষ্টে পারিভাষিক শব্দগুলির তাৎপর্য্য বুঝাইবার চেষ্টা করিয়াছি। টাকা ও পরিশিষ্ট প্রস্তুত করিবার জন্ম অন্যান্ত বান্ধণগ্রন্থ এবং দেই দেই ব্রাহ্মণগ্রন্থের অনুযায়ী স্ত্রগ্রন্থের আশ্রয় লইতে হইয়াছে। প্রধানত: শতপথ বাহ্মণগ্রন্থের এবং তদকুষায়ী কাড্যায়নীয় শ্রোতস্ত্রের অবলম্বনে এই পরিশিষ্ট প্রস্তুত করিয়াছি। বহু বংসর হইল, বার্লিন নগর হইতে বিখ্যাত আচার্য্য বেবারকর্ত্তক শতপথ গ্রাহ্মণের এবং যাজ্ঞিকদেবাদিক্বত-ব্যাপ্যাস্থ্যিত কাত্যাধ্নশ্রেতিত যে সংস্করণ প্রকাশিত হইয়াছিল, প্রধানত: তাহারই সাহায্য গ্রহণ করিয়াছি। বেদের শাখাভেদে ঋতিক্দের অনুষ্ঠানে অল্লবিস্তর ভেদ থাকায় স্থলবিশেষে বৌধায়ন এবং আপস্তম্ব প্রণীত প্রোতস্তেরও সাহাষ্য লইতে হইয়াছে। কিন্তু ষক্তকর্ম এমন জাটল যে, এই টীকা ও পরিশিষ্ট দত্ত্বও কেবল এই গ্রন্থ পাঠে পাঠকেরা বৈদিক যাগ-যজ্ঞের তাৎপর্য্য বুঝিতে পারিবেন, তাহার সম্ভাবনা অল। এই গ্রন্থের ভূমিকায় প্রধান যজ্ঞগুলির বিস্তৃত বিবরণ দিয়া মূলগ্রন্থকে স্পষ্ট করিবার ইচ্ছা ছিল। ভূমিকা লেখাও প্রায় শেষ হইরাছে। কিন্তু সেই রুহং ভূমিকা ছাপিয়া ফেলিতে শীঘ্ৰ সমৰ্থ হইব, আশা করি না। জীবনের ভঙ্গুরতা স্মরণ করিয়া অসম্পূর্ণ অবস্থাতেই গ্রন্থথানি প্রকাশ করিলাম। ভূমিকা যাহা লিখিয়াছি, তাহা স্বতম্র গ্রন্থাকারে প্রকাশের ইচ্ছা রহিল।

পণ্ডিত জয়চন্দ্র সিদ্ধাস্তভূষণ প্রথম হই অধ্যায় অফুবাদ করেন। সেই অংশের সমুদায় রুতিত্ব তাঁহার। তিনি অনুবাদের সঙ্গে মুদ্রণ আরম্ভ করিয়াছিলেন। আমিও তাঁহার অনুসরণে সেইরপই করিয়াছি। তজ্জন্ত কতক দোষ ঘটিয়াছে। অনুবাদ সমাপ্ত করিয়া ছাপিতে দিলে বোধ হয় এস্ডের এই দোষগুলি ঘটিত না। বেদজ্ঞ পণ্ডিতগণ দয়া করিয়া লমপ্রমাদ দেখাইয়া দিলে জামুগৃহীত হইব। এই অনুবাদের সংস্করণ যদি কখনও প্রকাশিত হয়, তাহাতে জুদক্ষপারে বিশুদ্ধি সাধন করিব।

অন্তান্ত বান্ধণের মধ্যে শুক্রযজুর্বেদীয় শতপথবান্ধণের অনুবাদ আরম্ভ ছইয়াছে এবং উহার প্রথম থগু ইতঃপূর্বেই প্রকাশিত হইয়াছে। স্থের বিষয়, ঐ গ্রন্থের অনুবাদ যোগ্যতর পাত্রে অপিত হইয়াছে। পণ্ডিত শ্রীযুক্ত বিধুশেশর শান্ত্রী শতপথবান্ধণের অনুবাদ করিতেছেন এবং আশা করা যায়, ভাঁহার অনুবাদ সাধ্রেশে সাদ্রে গ্রহণ করিবেন।

শ্রীমান্ কুমার শরৎকুমার রায় বঙ্গীয়-সাহিত্য-পরিষদের একান্ত হিতার্থী বন্ধ ;
সাহিত্য-পরিষদের সাহায্য কর্ম তাঁহার ধনভাণ্ডার সর্বাদ উন্মুক্ত আছে বলিলেই
হয়। তাঁহারই ইচ্ছাক্রমে বঙ্গীয়-সাহিত্য-পরিষৎ এই ক্ষমবাদগ্রন্থগুলিকে
সাহিত্য-পরিষদ-গ্রন্থাবলীভূক্ত করিয়া প্রকাশ করিতেছেন। পরিষদের অক্সতম
পরমান্ত্রগ্রহক লালগোলার রাজা শ্রীমুক্ত যোগেক্রনারান্থ রায় বাহাত্তর—
সাহিত্য-পরিষদের ইতিহাসে যাঁহার নাম ক্ষম্ম থাকিবে—তিনিও এই শান্ত্রপ্রকাশকার্য্যে পরমোৎসাহে যোগ দিয়াছেন। উভয়ের প্রবর্তনায় পরিষৎপ্রকাশিত গ্রন্থাবলীর ক্ষম্বর্গত এই "ভারত-শান্ত্র-পিটক" স্বতন্ত্রভাবে স্থানলাছ
করিয়াছে এবং ঐতরেয় ব্রাহ্মণের এই ক্ষমবাদ উক্ত ভারত-শান্ত্র-পিটক মধ্যে
প্রথম সংখ্যক গ্রন্থ বলিয়া গণ্য হইবে।

কলিকাতা ১লা আখিন, ১৩১৮

শ্রীরামেন্দ্রস্থন্দর ত্রিবেদী

সূচী

প্রথম পঞ্চিকা	অগ্নিফৌম	•••	•••	>->>6	
দ্বিতীয় পঞ্চিকা	অগ্নিফৌম	•••	•••	>>৬―- <28	
তৃতীয় পঞ্চিকা	অগ্নিফৌম-	উক্খা	•••	-্২৫—৩২৬	
চতুর্থ পঞ্চিকা	ষোড়শী, অ	তিরাত্র, গবাময়ণ,	<i>বাদশাহ</i>	৩২৭—৩৯৯	
পঞ্চম পঞ্চিকা	দ্বাদশাহ, অ	গ্নিহোত্র	•••	800-827	
ষষ্ঠ পঞ্চিকা	সোমযজ্ঞ	•••	•••	8 ४ २- <i>७</i> ७०	
সপ্তম পঞ্চিকা	রা জস্ য়	•••	•••	৫৬১—৬২১	
অফ্টম পঞ্চিকা	রাজসূয়	•••	•••	৬২২—৬৭8	
প্রথম পরিশিষ্ট	•••	•••	•••	৬৭৫—৬৯৮	
দ্বিতীয় পরিশিষ্ট	•••	****	•••	৬৯৯—৭৫৪	

ঐতরেয় ব্রাহ্মণ

প্রথম প্রবিশ্রকা প্রথম অধ্যায়

প্রথম খণ্ড

मोक्कगी**ए**युष्टि-विधान

শাংগণান্তর্গত ঐতরেয়-রান্ধান চল্লিশ অধ্যারে সম্পূর্ণ। সকল সোমযজ্ঞের প্রকৃতি সকলে জ্যোতিষ্টোম যজ্ঞের বিবরণ লইয়া ইহার আরম্ভ । গোষ্টোম আর্ষ্টোম প্রাকৃতি বিবিদ সোম্বাগের মধ্যে জ্যোতিষ্টোনের স্থান প্রথমেণ । জ্যোতিষ্টোম যজ্ঞের সাতটী সংস্থা ; তন্মধ্যে অয়িষ্টোম, উক্থা, ষোড়না ও অতিরাত্র এই চারিটি সংস্থা পর পর বর্ণিত হইবে। এই চারিটির মধ্যে অয়িষ্টোম প্রকৃতি, অর্থাৎ সকল অমুষ্ঠান ই অয়িষ্টোমে উপদিষ্ঠ হইয়াছে। উক্থা, বাড়না ও অতিরাত্র বিকৃতি, অর্থাৎ অয়িষ্টোম-সাধারণ অমুষ্ঠান বাতীত করেকটি বিশেষ অমুষ্ঠান হাতে উপদিষ্ঠ হইয়াছে। এই জন্ত অয়িষ্টোম যজ্ঞই প্রথমে বর্ণিত হইল। য়িষ্টোমের আর্বেড়ে শ্বুতিক বর্ণ প্রথম অয়ুষ্ঠার ক্ষেত্র প্রতিকৃতি বরণ হোজ

⁽ ১) "এষ বাব প্রথমো যজ্ঞো যক্তানাং বজ্জোতিষ্টোম:।"

⁽২) দংস্থা---সংস্কার, (গৌতম সং৮)

[🍧] প্রকৃতি—বে যজের সকল অনুষ্ঠান প্রভাক শ্রুতি খারা উপদিষ্ট হয়,ভাহার নাম প্রকৃতি।

বিকৃতি—বে যজের বিশেষ বিশেষ অনুষ্ঠানদাত প্রাচাক শ্রুতি ছারা উপদিষ্ট হয়,



বিষ্ণু তাঁহাদের আদিতে ও অস্তে রক্ষকবৎ বতুমান। এজন্ত প্রথমে উ^{*}হাদেরই ইষ্টিবিধান হইতেছে, যথা—"আগ্লাবৈষ্ণবং…একাদশকপালম"

একাদশ কপালে সংস্কৃত ও দীক্ষীয় পুরোডাশ অগ্নি ও বিষ্ণুর উদ্দেশে নির্ববপণ (হবন) করিবে।

সেম্যাগে প্রবৃত্ত যজ্ঞমানের সংস্কারের নাম দীক্ষা বা দীক্ষণ; দীক্ষণার্থ অমুষ্ঠানের নাম দীক্ষণীয়া। দীক্ষণীয়া কর্ম্মে ব্যবহার্য্য বলিয়া পুরোডাশের বৈশেষণ দীক্ষণীয়। হবিঃস্বরূপে দেয় পক পিষ্টকের নাম পুরোডাশ। সেই পুরোডাশ একাদশ সংখ্যক কপালে (মৃংপাত্রে, খোলায়) পাক করিয়া আগ্নি ও বিষ্ণুর উদ্দেশে নির্বর্পণ ত করিবে। এই পুরোডাশ প্রদান প্রভৃতি কর্ম্ম-কলাপের নাম দীক্ষণীয়া ইষ্টি। অগ্নি ও বিষ্ণুকে পুরোডাশদানের ফল, যথা— শস্কাভা এবৈনং……নির্বাপন্তি।"

এতদ্বারা সকল দেবতার উদ্দেশেই নিরবশেষে নির্ব্বপণ (পুরোডাশ প্রদান) করা হইবে।

প্রথম দেবতা অগ্নিও অস্তিম দেবতা বিষ্ণুর উদ্দেশে হোম করিলে মধাবন্তী অন্ত দেবতারাও তৃথা হইবেন. ' কেহ বাদ পড়িবেন না; এইরূপ ব্ঝিতে হইবে। একের ভৃথিতে অন্তোর তৃথি কিরূপে হইবে, তাহার উত্তর, যথা— "অগ্নিবৈ দেবতাং"

অগ্নিই সকল দেবতা, বিষ্ণুও সকল দেবতা।

তৈত্তিরীয় শ্রুতিতে আছে, সকল নেবতা অগ্নিতে শরীর রাখিয়াছিলেন; সেই

⁽১২) পুরোডাশ—ইষ্টিকথে দেবতাকে যে পিষ্টক হবন করা যার, উহার নাম পুরোডাশ। চাউলকে চূর্ণ (পিষ্ট) করিয়া মদস্তীনামক তাশ্রণাতে রাখিয়া জলে ভিচাইয়া পিঙের মত করা হয়; পরে আহবনীয় অগ্রিতে উহাকে অন্ধ পক করিয়া কুর্মাকৃতি করা হয়, তৎপরে উহা একাদশ কুপালে, (এগারখানা খোলায়) রক্ষিত হয়, পরে সমিধ্ দর্ভাগ্নিতে পাক করিয়া ভাছার উপর মৃত সেক্ষ করা হয়। তৎপরে হোমের জক্ত ইড়াপাতে করিয়া বেদীর উপর রাখা হয়।

^{(.}১৩) নির্বণণ—শকটন্থিত বাস্তরাশি হইতে চারি মৃষ্টি থাস্ত লইরা শূপে (কুলারু) রাথার নাম নির্বণণ। এই অফুষ্ঠানের পর যে আচতি দেওয়া হয়, এশ্বলে ভাহাকেট নির্বণণ বলা কইরাছে। (সারণ)

⁽১৪) এ বিষয়ে স্থায় --- "ভন্মধাপতিজন্মদ গ্রহণেন গ্রহড়ে।"

জন্ত অগ্নিই সকল দেবতা''; অন্তত্র শ্রুন্তি আছে, দেবাস্থরমুদ্ধে দেবগণ ভীত হইরা অগ্নিতে প্রবেশ করিয়াছিলেন; তজ্জন্ত অগ্নিকেই সর্ব্বদেবতার স্বব্ধপ বলা হয়''। আর বিষ্ণু সকল জ্বগৎ ব্যাপিয়া আছেন, এই জন্ত বিষ্ণুও সর্ব্ব-দেবতাত্মক''। প্রকারাস্তরে অগ্নি ও বিষ্ণুর প্রশংসা, যথা— "এতে·····শার্বস্তি।"

অগ্নি ও বিষ্ণু ইহাদের যে তুইটি শরীর আছে, তাহা যজ্ঞের (সোমযাগের) আদিতে ও অন্তে অবস্থিত; তাহা হইলে অগ্নি ও বিষ্ণুর উদ্দেশে যে পুরোডাশ নির্বপণ হইবে, তাহাতে সকল দেবতারই পরিচর্যা। (সিদ্ধ) হইবে^{২৮}।

অগ্নি ও বিষ্ণুর মধ্যে পুরোডাশের বিভাগ-সম্বন্ধে ব্রহ্মবাদীরা^{১৯} প্রশ্ন করেন, বথা—"তদাহঃ…...বিভক্তিরিতি।"

[ব্রহ্মবাদীরা] এ বিষয়ে বলেন, একাদশ কপালে সংস্কৃত পুরোডাশ [একই দ্রব্য], [কিন্তু] অগ্নি ও বিষ্ণু ছুই [দেবতা]; সেই [এক] দ্রব্যে উভয়ের কিরূপ ভাগকল্পনা হইবে ? সেইরূপ বিভাগ কেনই বা হইবে ?

অন্ত ব্রহ্মবাদীরা ইহার উত্তর দেন, যথা—"অষ্টাকপাল·····বিভক্তিঃ"

অফ্ট্র কপালে সংস্কৃত পুরোডাশ অগ্নির অংশ, [কেন না] গায়ত্রী অফীক্ষরা ও গায়ত্রী অগ্নির ছন্দং^{২৫}; আর কপালত্রয়ে

⁽১৫) "তে দেবা অগ্নৌ তনুঃ সংস্থাদধত তত্মাদাছরগ্নিঃ সর্বা দেবতাঃ।"

⁽ ১৬) "দেৰাস্থরাঃ সংঘত্তা আসংস্তে দেবা বিভ্যতোহগ্নিং প্রাবিশক্তমাদান্তরগ্নিঃ সব্বা দেবতাঃ।

^{(°}১৭) অত্ত শ্বৃতি—"ভূতানি বিষ্ণুপুৰনানি বিষ্ণঃ।" ব্যাপ্তাৰ্থক বিষ্ধাতু হইতে বিষ্ণু।

⁽১৮) তৈন্তিনীয় শ্রুতিও এ বিধয়ে প্রমাণ বধা—"আগ্রাবৈশ্ববং একাদশকপালং নির্পেন্ধী-ক্ষিমানাঃ অগ্নিঃ সর্বা দেবতাং বিশ্বজ্ঞা দেবতালৈচব দক্তকারভতে অগ্নিরবমো দেবানাং বিশৃংগেরমো বদাগ্রাবৈক্ষনমেকাদশকপালং নির্বাতি দেবতা এবোভয়তঃ পরিগৃহ্য বজমানোহবক্ষলো" (৫।৪।৪-৫)

⁽১৯) ব্রহ্মবাদী –বেদ্বকা। (জটাধর)

[্] ২০) অনি ও গায়ত্রী উভয়েক প্রজাপতির মুখ ক্টতে উৎপন্ন, নে কেডু উভয়ের সাম্যপ্রযুক্ত

সংস্কৃত পুরোডাশ বিষ্ণুর অংশ, [কেন না] বিষ্ণু ত্রি [পাদ]
দারা এই (জগৎ) আক্রমণ করিয়াছিলেন^{১১}। সেই দেবতাদ্বয়ের সেই (পুরোডাশে) এইরূপ বিভাগকল্পনার এই কারণ ও [তজ্জ্ম্ম] এইরূপ বিভাগ।

এইরূপে দীক্ষণীয় ইষ্টির বিধান করিয়া পুরোডাশ ব্যতীত অন্ত দ্রব্যের দ্বারাও হোমের বিধান হইতেছে, যথা—"ম্বতে স্মান্ত ত্

যে (যজমান) আপনাকে অপ্রতিষ্ঠিত মনে করে, সে দ্বত-পক চরু নির্বপণ করিবে।

অপ্রতিষ্ঠিত অর্থে পুত্রাদি-রহিত ও গবাদি-রহিত। সে বাক্তি মৃতপক তণ্ডুলের দারা চঞ্চ হোম করিবে। এইরূপ অপ্রতিষ্ঠার দোষ-প্রদর্শন হইতেছে, যথা— "অস্তাং বাব····প্রতিষ্ঠিতি"

হে বৎস, যে এইরূপ প্রতিষ্ঠারহিত, সে ইহজগতে প্রতিষ্ঠিত (শ্লাঘ্য) হয় না।

ত্বতচরু দারা সেই অপ্রতিষ্ঠার পরিহার হয় যথা—"তদ্ যৎ……প্রজাতৈতা।"

তাহাতে (সেই য়তপক চক্রতে) যে য়ত আছে, তাহা স্ত্রীর প্রঃ (শোণিতস্বরূপ), আর যে তণ্ডুল আছে, তাহা পুরুষের [রেতঃস্বরূপ]; সেই য়ততণ্ডুল মিথুন সদৃশ; [সেই জন্ম এই] মিথুন দারাই (য়ততণ্ডুলময় চক্র প্রদান দারা) ইহাকে (যজমানকে) সন্ততি দারা ও পশু দারা বৃদ্ধিত করা হয়। (সেই হেতু এই চক্র) প্রতিষ্ঠারই হেতু।

এই জ্ঞানের প্রশংসা যথা—"প্রজায়তে···· বেদ"

গায়ত্রী অগ্নির ছন্দঃ। যথা—"প্রজাপতিরকাময়ত প্রজায়েরেতি স মুৎতন্ত্রিবৃতং নিরমিমীত তমগ্নি-র্দেরতাম্বস্কাত গায়ত্রীচ্ছন্দঃ।"

⁽২১) "ইদং বিষ্ণুব্ৰিচক্ৰমে ত্ৰেধা নিদধে পূদমূ" ঋ-সং ১।২২।১৭।
"ত্ৰীণি পদা বিচক্ৰমে বিষ্ণুগোপা অদাস্থাঃ" ঋ-সং ১।২২।১৮।

যে ইহা জানে, সে সন্ততি দ্বারা ও পশু দ্বারা বদ্ধিত হয়।
তৎপরে দীক্ষণীয় ইষ্টির কাল-নির্দেশ হইতেছে যথা—"মারন্ধযঞ্জো বা……
দীক্ষা।"

যে (যজমান) দর্শবাগ ও পূর্ণমাস যাগ করিয়াছে, সে সকল যজ্ঞই আরম্ভ করিয়াছে ও সকল দেবতা [-পূজা] আরম্ভ করিয়াছে; অমাবস্থায় কর্ত্তব্য বা পূর্ণিমায় কর্ত্তব্য যজ্ঞের পর দীক্রণীয় ইপ্তি করিবে; সেই হবিঃ (আমাবাস্থ্য যজ্ঞ) ও সেই বহিঃ (পোর্ণমাস যজ্ঞ) অনুষ্ঠিত হইলে পর দীক্রিত হইবে (দীক্রণীয় ইপ্তি সম্পাদন করিবে)। ইহাই একবিধ দীক্রা।

এই অগ্নিষ্টোম সোম্যাগ প্রক্তপক্ষে দর্শপূর্ণমাসের বিকৃতি নহে, কিন্তু ইহার অঙ্গীভূত দীক্ষণীয়াদি দর্শপূর্ণমাসের বিকৃতি। অগ্নিহোত্র দর্শপূর্ণমাসের অপেক্ষা করে না; কিন্তু অগ্নিহোত্র আহবনীয়াদি অগ্নিসাপেক্ষ, সেই আগ্নি সকল প্রমানেষ্টি-সাপেক্ষ, প্রমানেষ্টি আবার দর্শপূর্ণমাসের বিকৃতি। এইরূপে পরম্পার্ক্রমে সোম্যাগও দর্শপূর্ণমাসের অপেক্ষা করে। এই জন্তু দর্শপূর্ণমাসের অন্তর্গনে অন্ত যজ্ঞেরও আরম্ভ হয়; যজ্ঞের অনুষ্ঠানে সেই যজ্ঞিয় দেবতাপূজারও আরম্ভ হয়। সেই জন্ত বলা হইল, দর্শপূর্ণমাসের পর দীক্ষণীয় ইষ্টি করিবে। "ইহা একবিধ দীক্ষা" বলায় স্থাচিত হইল, অন্তর্বিধ দীক্ষাও আছে। যজ্ঞিয় দ্রব্যের আহরণ হইলে দর্শপূর্ণমাসের পূর্বেই সোম্যাগ করিবে, এইরূপ অন্তর্থ শত আছে।

তৎপরে প্রকৃতিযজ্ঞে পঞ্চদশ সামিধেনীপাঠের বিধান থাকিতেও এস্থলে অন্ত সংখ্যার বিধান হইতেছে, যথা "সপ্তদশ—অন্তক্রয়াং।"

় সপ্তদশ সামিধেনী পাঠ করিবে। অধ্বর্যুর আদেশায়সারে হোতা সপ্তদশ সামিধেনী (অগ্নিসমিদ্ধনের অর্থাৎ

⁽২২) দুৰ্শ পূৰ্ণমাস—অমাৰস্যা বা পূৰ্ণমাসীতে অন্বাধান করিয়া প্রতিপত্তিখি হইতে আরক্ষ মাসসাধ্য বাগবিশেষ। (রঘুনন্দন)

२७) यथा जायनावन-"उद्यां मर्भभूर्गमामानाः वर्षाभभास्त्रादक आभिभ स्नार्यदेनरक।"

অগ্নিপ্রজালনের । অকৃণন্ত্র পাঠ করিবে। প্রকৃতি-যজ্ঞে প্রযুক্ত পঞ্চদশ সামিধেনী। ঋকের মধ্যে ধায্যানামক আরও ছুইটি ঋক্ বসাইয়া সপ্তদশ মন্ত্র হুইবে।

সপ্তদশ সংখ্যাক সামিধেনীর প্রশংসা যথা "সপ্তদশো --- প্রজাপতিঃ"

প্রজাপতি সপ্তদশ [-অবয়বাত্মক]; [কেন না] মাস বারটি; হেমন্ত ও শিশির ঋতুকে সমান (এক ঋতু বলিয়া) ধরিলে ঋতু পাঁচটি; [দ্বাদশ মাস ও পঞ্চ ঋতুর যোগে উৎপন্ম] সেই সমগ্র কাল সংবৎসর; এবং সংবৎসর প্রজাপতি।

সপ্তরশ সংখ্যাজ্ঞানের প্রশংসা যথা "প্রজ্ঞাপত্যায়তনাভি:…বেদ"

প্রজাপতি ইহাদের [এই সামিধেনীসমূহের] আয়তন

আখলারন প্রোতস্ত্র (১)২) অনুসারে এই একাদশটী ঋক্মন্ত্র অগ্নিসমিদ্ধনে প্রযুক্ত হয়। 'ইছার মধ্যে প্রথমটি ও শেষটি তিনবার করিরা পঠিত হওরার সামিধেনী মন্ত্রসংখ্যা পঞ্চদশ। প্রকৃতিরজ্ঞে পঞ্চদশ সামিধেনী-পাঠের বিধান গাঁকিলেও এন্থলে দীক্ষণীয় ইষ্টিতে সপ্তদশের বিধান হইতেছে। এ জন্ত আর ছুইটি রাক্মন্ত্র ঐ পঞ্চদশের মধ্যে বসান হয়। এই ছুইটির নাম ধায়া মন্ত্র, বধা—

[্] २৪) বামিধেনী—অগ্নি-সমিক্ষন (প্রজালন) কালে বাবস্ত কর্মন্তের নাম সামিধেনী।

১। প্র বো বাক্সা অভিদ্যবো হবিক্সন্তো মৃতাচ্যা। দেবান্ জিগাতি স্মযুঃ। 🤻 ৩।২৭।১

২। স্মিধামানো অধ্বরে অগ্নি: পাবক ঈডা:। শোচিকেশস্তমীমহে। ৩)২৭।৪

^{👁 । 🕏} ড়েকো নমক্সন্তিরন্তমাংসি দর্শতঃ । সমগ্রিঃ ইধাতে বুধা। ৩।২৭।১৩

वृत्या व्यक्तिः प्रिमारक व्यवा न स्वताहनः। कः इतिवास प्रेफ्टः। अ२१।)

तृष्णः द्वां वयः तृष्णः त्रमिथोमित्रः । अद्या मोमाजः तृहः । । ।२१।३०

७। অন্ন আয়াহি বীতরে গুণানো হব্যদাতরে। নিহোতা সৎসি বর্হিষি। ৬।১৬।১০

৭ . তং জা দমিদ্ভিরঙ্গিরো মৃতেন বর্ধমামদি। বৃহৎ শোচাযবিষ্টা। ৬।১৬।১১

৮। স নঃ পৃথু শ্ৰবাষ্যং অচছাদেব বিবাসসি। বৃহদগ্নে স্বীৰ্যাষ্। আ১৬।১২

৯। অগ্নিং দৃতং বুণীমহে হোতারং বিশ্ববেদসং। অস্ত বজ্ঞস্ত স্ক্রভুষ্। ১।১২।১

১ । সমিদ্ধো অগ্ন আছত দেবান্ যক্ষি স্থ অধ্বর। বং হি হবাবাড়িস। । । । ২৮। ৫

১১। আজুহোতা ছবস্তত অগ্নিং প্ররতি অধ্বরে। বুণীধ্বং হবাবাহনম্। ১ ।২৮।৬

১। পৃথুপারা অমর্ত্যো বুডনির্ণিক্সাহতঃ। অগ্নিবজ্ঞস্য হবাবাট্। ৩।২৭।৫

২! তং সংবাধো বতক্রচ ইপা ধিয়া বক্তবন্তঃ। আ চক্রগ্রিমূর্দ্তরে। তাংগাও (আখলায়ন ৪।২)

(আগ্রয়); এই জন্ম যে ইহা (সপ্তদশ মন্ত্রের ব্যবহার) জানে, সে ইহাদের (এই মন্ত্রের) দ্বার। সমৃদ্ধ হয়।

সংবংসররূপী প্রজাপতির সপ্তদশ অবয়ব, সামিধেনীর সংখ্যাও সপ্তদশ; এই হেতু প্রজাপতি সামিধেনীর আশ্রয়।

দ্বিতীয় খণ্ড

ইট্টি-মান্ততি-উতি-হোতা

দীক্ষণীয় ইষ্টি নিরূপণের পর ইষ্টিশব্দের ব্যুংপত্তি ইইতেছে যথা "যজো বৈ… তমশ্ববিন্দন্"।

যজ্ঞ দেবগণের নিকট হইতে চলিয়া গিয়াছিলেন; [দেবগণ] তাঁহাকে ইষ্টিসমূহ দ্বারা অন্বেষণ করিতে ইচ্ছা করিয়াছিলেন। যে হেতু ইষ্টি দ্বারা অন্বেষণ ইচ্ছা করিয়াছিলেন, তজ্জ্যুই ইষ্টির ইষ্টিত্ব। [পরে দেবগণ] যজ্ঞকে পাইয়াছিলেন।

যজ্ঞ অর্থে জ্যোতিষ্টোমাভিমানী যজ্ঞপুরুষ (সায়ণ)। ইষ্টি শব্দ³ যজনার্থ যজ্ধাতু হইতে নিষ্পার। কিন্তু এগলে দেবগণ ইষ্টি দারা যজ্ঞাকে লাভ করিতে ইচ্চা করিয়াছিলেন বলিরা ইচ্চার্থক ইয় ধাতু হইতে নিষ্পার করা হইল।

° যজ্ঞলাভ-জ্ঞানের প্রশংসা যথা—"অমুবিত্ত∙∙∙এবং বেদ"

যে ইহা জানে, সে [ইপ্টি দারা] যজ্ঞ লাভ করিয়া সমৃদ্ধ হয়। ভৎপরে ইষ্টিবিধানে প্রযুক্ত মাহতি[ং] শব্দের বৃৎপত্তি দেখান হইতেছে… "আহুতয়ো……মাহুতিত্বম্।"

এই যে সকল আহুতি, ইহাদের নাম [বস্তুতঃ] আহুতি;

⁽১,২°) ইটিও আছতি—ইটিশন্স বন্ধাতু হইতে উৎপন্ন, বদারা বন্ধন করা বান্ধ; ইন্সাদি কতিপন্ন দেবতাকে বথাৰিধি প্রোডাশদানের নাম ইটি। আছতি—হু ধাতু হইতে উৎপন্ন, বথাৰিধি মন্ত্রন্ক বহুদ্ধিকরণক দেবতোদেশে চবিঃপ্রানের নাম আছতি।

[কেন না] যজমান ইহা দ্বারা (আহুতি দ্বারা) দৈবগণকে আহ্বান করেন। এই জন্ম আহুতি সকলের আহুতিত্ব।

হুস্ম উকারযুক্ত আহতি শব্দ হবনার্থক হু ধাতু হইতে নিপান; অর্থ-জন্নিছে দ্বতাদি হবনীয় দ্রব্যের প্রদান। এশ্বলে আহতি দ্বারা দেবগণ আহুত হয়েন বলিন্না, আহ্বানার্থক হেবণাতু হটতে নিপান আহ্তির সহিত আহতিকে সমানার্থক করা হইল।

তৎপরে ইষ্টি ও তদক আহুতির উতিনাম নির্দেশ করা হইতেছে, যথা— "উত্যঃ---ভবস্তি।"

যদ্ধারা (যে ইপ্তি ও আহুতি দ্বারা) দেবগণ যজমানের হবে (যজে) আগমন করেন, তাহারই নাম বস্তুতঃ উতি। অথবা যাহা পথ ও যাহা স্রুতি (পথের অবয়ব), তাহাই উতি; [কেন না] তাহার। (ইপ্তিও আহুতি) উভয়েই যজমানের স্বর্গপ্রাপক (পথ স্বরূপ) হয়।

উতি শব্দ প্রকৃতপক্ষে রক্ষার্থক অব্ধাতু হইতে নিপার; যাহা দেবগণকে রক্ষা করে, তাহা উতি, অর্থাৎ যজ্ঞ বা তদক্ষ আহুতি। এছলে যদ্ধারা দেবগণ যজ্ঞে আসেন, অথবা যে পথে যজ্ঞমান স্বর্গে যান, এই অর্থ করিয়া উতি শব্দ গমনার্থক আঙ্-পূর্ব্বক অয় ধাতু হইতে নিপার করা হইল। "আয়স্তি যাডিঃইতি আঙ্ পূর্ব্বভায়তি-ধাতোর্ণবিকারেণ উতি শব্দ।"

পরে ইষ্টির অঙ্গভূত যাজ্যা ও অনুবাক্যা⁸ পাঠকের নামকরণ স**দদ্ধে ব্রুষ**-বাদীর প্রশ্ন যথা—"তদাত্ত: অচকত ইতি।"

এ বিষয়ে [ব্রহ্মবাদীরা] বলেন, যথন [হোতা ভিম] অন্য লোকে (অর্থাৎ অধ্বযুর্ত্ত) আহুতি দান করেন, [তথন

⁽৩) হব--বজ্<mark>জ –"</mark>১্য়প্তে দেবা অশ্মিরিতি হবঃ।"

^(8) আগৃঃ (ব এবিশেষে "বজামহে" এই তিওন্ত রেফান্ত) পূর্বক ব্রচ্কারান্ত আজ ক্ষেক্ত অবসান, একটা ধক্কে "রাজ্যা" কছে। যে ধকের প্রথমান্তে এক বিরাম, চতুত্মাত্র প্রবাস্তি দ্ভিট-রাজে বিত্তীয় বিরাম, দেবতার আযুকুল,কারী সেই ঋক্কে "পুরোহস্থবাক্যা" বা "অসুবাক্যা" কছে।

তাঁহাকে হোতা না বলিয়া] যিনি অনুবাক্যা বলেন ও যিনি যাজ্যা পাঠ করেন, তাঁহাকে কেন হোতা বলা হয় ?

ইহার উত্তর—"যদাব…ভবতি।"

হে বৎস, যেহেত্র সেই (যাজ্যা ও অনুবাক্যার পাঠক)
সেই [যজে] দেবতাগণকে যথাস্থানে, উঁহাকে আবাহন
করি, উঁহাকে আবাহন করি, এইরূপে আবাহন করিয়া থাকেন,
সেই জন্মই হোতার হোতৃত্ব; [এই জন্ম] তিনিই হোতা হয়েন।

ইষ্টিবিধানে আহুতিদানের সময় তুইটি মন্ত্র পঠিত হয়; একটি অনুবাক্যা বা পুরোন্থবাক্যা, আর একটি যাজ্ঞা। অধ্বর্যু আহুতি দেন ও হোতা ঐ মন্ত্র পাঠ করেন। হোতু শব্দ হবনার্থ হু ধাতু হইতে নিপান্ন, কাজেই আহুতিদাতার নামই হোতা হওরা উচিত, অথচ তাঁহার নাম অধ্বর্যু ও মন্ত্রপাঠকের নাম হোতা হইল কেন? ইহার উত্তরে বলা হইল, আঙ্পুরক বহু ধাতু হইতে হোতা (অর্থাং আবাহনকর্ত্তা) নিপান্ন করা চলিতে পারে; তাহা হইলে যিনি যাজ্যা ও অনুবাক্যা মন্ত্র দাবাহন করেন, তিনিই হোতা, ইহা বলিলে দেয়ে হয় না।

হোতৃত্বজ্ঞান প্রশংসা যথা—"হোতেতি…বেদ"

যিনি ইহা (উপযু*্তি* উত্তরের প্রতিপাগ অর্থ) জানেন, তাঁহাকে হোতা বলা হয়।

অর্থাৎ তিনি হোতৃকর্মে কুশল হয়েন।

হতীয় খণ্ড

দীক্ষিতের বিবিধ সংস্কার

এইরপে ইষ্টি, আছতি, উতি ও হোতৃ শক্ষের অর্থ ব্যাথ্যা করিয়া নীক্ষিত যঞ্জ-মানের বিবিধ সংস্কারের প্রস্তাব হইতেছে,—"পুনর্বা—দীক্ষয়ন্তি।"

যাঁহাকে দীক্তিত করা হইল, তাঁহাকে পুনরায় ঋত্বিকেরা গর্ভসক্রপ করিবেন। গর্ভ শব্দে ত্রণ ব্ঝায়। যজমান একবার জন্মকালে মাতৃকুক্ষিতে বাস করিল্লা-ছিলেন; পুনরায় তাঁহাকে ত্রণরূপে ব্যবহার করিয়া বিবিধরূপে সংস্কৃত করিতে হয়। তন্মধ্যে প্রথম সংস্কার যথা—"অদ্ভিরভিবিঞ্জান্ত।"

জল দারা অভিষেক (স্নান) করান হয়।'

সেই জলের প্রশংসা যথা "নেতো বা ... দীক্ষয়ন্তি।"

জলই রেতঃ। সেইজন্ম ইঁহাকে (দীক্ষিত যজমানকে) সরেতক্ষ (রেতোযুক্ত) করিয়া দীক্ষিত করা হয়।

শ্রতিমতে রেতঃ হইতে জল উৎপন্ন, এজগু জলকে রেতঃস্বরূপ বলা যাইতে পারে^২। তৎপরে অগুবিধ সংস্কার হথা—"নবনীতেনাভাঞ্জম্ভি।"

নবনীত দারা অভ্যক্ত করা হয়।

নবনীত ব্যবহারের কারণ, যথা—"আজাং নমর্দ্ধয়স্তি।"

আজ্য দেবগণের, স্থরভি-ন্বত মনুষ্যগণের, আয়ুত পিতৃ-গণের, নবনীত গর্ভের (জ্রণগণের); অতএব নবনীত দ্বারা যে অভ্যঙ্গ করা হয়, তাহাতে তাঁহাকে (যজমানকে) আপনার [উচিত, প্রাপ্য] ভাগের দ্বারাই সমৃদ্ধ করা হয়।

আজা অর্থে গলিতমূত; ঘনীভূত অবস্থায় মুত; ঈষদ্গলিত অবস্থায় আয়ুতে। পরে অস্তু সংস্কার যথা "আজত্তোনম্।"

ইংশৈকে [চক্ষুতে] অঞ্জন দেওয়া হয়। অঞ্জনপ্রশংসা যথা "ভেজো বা…দীক্ষয়স্তি।"

এই যে অঞ্জন, ইহা অফিদ্বয়ের তেজঃস্বরূপ; সেই হেতু এত-দ্বারা ইহাকে (যজমানকে) তেজস্বী করিয়া দীক্তিত করা হয়।

- (১) তৈন্তিরীয় মতে বপনের পর অভিষেক। "অঙ্গিরসঃ স্বর্গং লোকং যস্তোহজ্ দীক্ষা-তপদী প্রাবেশয়ন্। অঙ্গু স্লাতি দাক্ষাদেব দীক্ষাতপদী অবরুদ্ধে।" (৬।১।১।২)
- (২) "শিশ্বান্তেতো রেতস আপঃ" (আরণাক ২।৪।১।৬) "অস্মিন্ পঞ্চাত্মকে শরীরে বং কটিনং সা পৃথিবী যদ্দুবং ভদাপঃ"—(গর্ভোপনিবং।)
- (৩) "সর্পিবিলীনমাজ্যা জাদ্বনীভূতং যুতং বিছঃ।" এ বিষয়ে তৈত্তিরীয় মত--'যুতং দেবামাং মন্ত্র পিতৃণাং নিম্পক্ষ মন্ত্র্যাণাম্।' "ঈষবিলীনং মন্ত্র নিঃশেবেণ বিলানং নিম্পক্ষ ।" (সারুণ)

পরে অন্ত সংস্কার—"একবিংশত্যা---পাবয়স্তি।"

একবিংশতি দর্ভপিঞ্জুল (কুশসমষ্টি) দ্বারা পবিত্র করা হয়। শুদ্ধির প্রয়োজন প্রদর্শন যথা—"শুদ্ধং····দীক্ষান্তি।"

ইনি [অভিষেকাদি সংস্কার দ্বারা] শুদ্ধ হইলেও তদ্বারা (কুশ দ্বারা পুনরায়) পবিত্র করিয়া দীক্ষিত করা হয়।

তৎপরে দীক্ষিতকে প্রাচীনবংশ গৃহে⁹ প্রবেশের বিধান যথা "দীক্ষিত-বিমিতং প্রপাদয়ন্তি।"

দীক্ষিতের জন্ম নিশ্মিত [প্রাচীন বংশগৃহে তাঁহাকে] প্রবেশ করাইবে।

সেই গৃহের যোনিস্বরূপত্ব-প্রদর্শন যথা—"যোনির্ব্বা—স্বাম্প্রপাদয়ন্তি"

এই যে দীক্ষিতের জন্ম নিশ্মিত, ইহা দীক্ষিতের [পক্ষে] যোনিস্বরূপই; তজ্জন্ম ইঁহাকে (ভ্রূণস্বরূপ যজমানকে) আপ-নার যোনিতেই (গর্ভবাসস্থানে) প্রবেশ করান হয়।

দীক্ষিত পক্ষে তৎপরে নিয়ম যথা—"তত্মাদ্----- চরতি চ"

[যজমান] সেই ধ্রুব (স্থির) যোনি মধ্যে উপবেশন ক্ষিরিবে ও বিচরণ করিবে।

তাহার কারণ-প্রদর্শন যথা—"তত্মাদ্----জায়স্তে"

[কেন না] সেইরূপ গ্রুব যোনিমধ্যে গর্ভ অবস্থান করে
 ও [তাহা হইতে] জাত হয়।

^{.(8)} দেববন্ধনার্থ নিশ্মিত গৃহকে প্রাচীনবংশ (প্রাথংশ) শালা বলে। যথা জাপশুদ্ধ — "জাবো ক্ষেমার ক্ষমন্থ ইতি পূর্ববা দাবা প্রাথংশং প্রবিশ্য ॥" (১০।৮১)

⁽৫) শাৰান্তরেও বছমাদের দেববজনগৃহপ্রবেশকে জ্রণের বোনিপ্রবেশের সৃহিত তুলিত করা হইয়ছে—তৈত্তিরীয়ঞ্জতি "বহি: পাব্যিদান্ত: প্রপাদয়তি, মনুষ্য লোকএবৈনং পাব্যিদা পূতং দেবলোকং প্রণয়তি" (৬:১/২/১)

[·] শগ্ৰে বা এৰ ক্ষীক্ষিতো যোনিৰ্দীকিভবিমিতং ক্ষীকিতবিমিতমভোতং প্ৰবৃদেদ্ বংগ ক্ষোনেৰ্গত: কেষ্টি ভাদুৰোৰ তত্ৰ প্ৰবন্ধাশ্বনো গোপীশাৰ।" (শতপ্ৰ)

দেই স্থান হইতে বহিৰ্গমন-নিষেধ যথা—"তত্মাদ্∙⋯ অভ্যাশ্রাবয়েয়ু:।"

সেই জন্ম দীনিতের জন্ম নির্মিত [স্থান] ভিন্ন অন্য স্থানে দীনিতকে দর্শন করিয়া আদিত্য (সূর্য্য) যেন উদিত না হয়েন, বা অস্তগত না হয়েন, অথবা [ঋত্বিকেরা যেন দীনিতকে লফ্য করিয়া] আশ্রাবণা না করেন।

দীক্ষিত সর্বাদা প্রাচীন বংশশালাতেই অবস্থান করিবে; যদি নিতান্তই বাধ্য হইয়া বাহিরে যাইতে হয়, সুর্য্যোদয় বা প্র্যান্তগমন-কালে বা আশ্রাৰণার সময়ে যেন বাহিরে না থাকেন।

তৎপরে অহ্য সংস্কার—"বাসসা—প্রোণু বস্তি"

বস্ত্রের দ্বারা আচ্ছাদন করিবে; [কেন না] এই যে বস্ত্র ইহা দীক্ষিতের পক্ষে উল্পস্করপ; তজ্জন্ম ইহাতে তাঁহাকে উল্ল দ্বারাই আচ্ছাদন করা হয়।

দীক্ষিত ভ্রূণস্বরূপ ; উৰ অর্থে ভ্রূণবেষ্টক চর্ম্ম ; এই বস্ত্র ভ্রূণের উৰস্বরূপ হয়। পরে অন্ত সংস্কার যথা—"রুঞ্চাজিনং····ভবতি"

কৃষণাজিন উত্তর (বহির্বেইটন) হইবে। অর্থাৎ কৃষণাজিন দারা আবার বেষ্টন করিবে। এই বেষ্টন ভ্রণরূপী দীক্ষিতের পক্ষে জরায় স্বরূপ হইবে। যথা—"উত্তরং… এপ্রাণু বস্তি।"

উল্লের উপরে (বাহিরে) জরায়ু থাকে ; ইহাতে তাঁহাকে জরায় দারা আচ্ছাদন করা হয়।

পুনশ্চ অপর সংস্থার—"মুষ্টাকুরুতে"

[যজমান ছুই হস্ত] মুষ্টিবদ্ধ করিবে।

⁽ ७) আশ্রাবণা জুহ উপভূত ধরিয়া অধ্বর্গ কর্তৃক প্ল'ত করে মন্ত্রশ্রবণ করান।

⁽ ৭) তৈন্তিরীর শাথার—"গর্ভো বা এব বন্দীক্ষিত উবং বাস: প্রোর্গ ভে দ্রাকার্ডা: প্রাবৃত্তা কারন্তে।" (১০১৩ ৪)

^{. (}৮) আপত্তৰ---"অথালুলীর্মাঞ্চি। বাহা বক্তং মনসেতি বে বাহা দিব[ঁ]ইডি বে বাহা পুথিব্যা ইতি বে বাহোরোরস্থরিক।দিতি বে বাহা বক্তং বাতাদারভ ইতি মুট্টাকরোডি।"(১০১১)ড়াঃ)

তৎপ্রশংসা যথা—"মুষ্টা-----কুরুতে"

গর্ভ মৃষ্টি করিয়া অভ্যন্তরে শরান থাকে; কুমার (নবপ্রসৃত শিশু) মৃষ্টি করিয়া জন্মগ্রহণ করে; অতএব এই যে (যজমান) মৃষ্টি করিবে, ইহাতে যজ্ঞকে ও সকল দেবতাকে মৃষ্টিমধ্যে ধরা হয়।

প্রকারান্তরে মুষ্টিদ্বয়ের প্রশংসা যথা—"তদাহু····তথেতি"।

এ বিষয়ে [ব্রহ্মবাদীরা] বলেন, যে পূর্বের্ব দীক্তিক, তাহার সংসব দোষ হয় না, [কেন না] তৎকর্ত্বক [মুষ্টিমধ্যে] যজ্ঞ ধৃত হইয়া রহিয়াছেও দেবতাও ধৃত হইয়া রহিয়াছেন; যে পরে দীক্তিক, ভাঁহার যেরূপ আর্ত্তি (অনিষ্ট) হয়, ইহার (পূর্বেদীক্ষিতের) দেরূপ হয় না।

হইজন ব্যক্তি একসঙ্গে পরম্পর নিকটে থাকিয়া সোমযোগ করিবে উহা পরম্পর ঈর্য্যাপ্রকাশক বলিয়া দ্যা হয়; উহাকে সংসব দোষ বলে''। এরপ স্থলে যে ব্যক্তি পূর্ব্বে দীক্ষিত হয়, তাহার দোষ ঘটে না, কেন না সে পূর্ব্বেই যজ্জকে ও দেবতাগণকে মৃষ্টিবদ্ধ করিয়াছে। যিনি পরে দীক্ষিত, তাঁহারই অনিষ্ট ঘটে; তাঁহাকেই তজ্জা প্রায়ন্তিক করিতে হয়।

তৎপরে ক্ষণজিন পরিত্যাগ-বিধান যথা—''উন্মৃচ্য ·····জায়ন্তে''
কৃষণাজিন উন্মোচন করিয়া অবভূথ (স্নানদেশ) গমন করিবে;
[কেননা]সেই জরায়ু হইতে মুক্ত হইয়া গর্ভ জন্মগ্রহণ করে।
কিন্তু বেষ্টনবন্ত্র পরিত্যাগ করিবে না, তাহার কারণ-প্রদর্শন যথা—"সহৈব্…
• জায়তে।"

^(🌣) শাধান্তরে—"মুধীকরোভি বাচং বচ্ছতি বজ্ঞস্ত ধৃত্যৈ।" (ভৈং ৬।১।৪। э)

⁽১০) তুইজনের মধ্যে মদী বা পর্কাত বাবধান থাকিলে সংস্ব দোষ হয় না---'সংস্বোহ্নছ-হিতের্ নদা বা প্রতিম বা ।'

বস্ত্রের সহিতই [অবভূথ স্নানে] যাইবে; [কেন না] কুমার উল্প" সমেত জন্মগ্রহণ করে।

প্রাচীন বংশ-শালা হইতে বাহিরে আসিয়া স্থানদেশে গমন ক্রণের জন্মগ্রহণ স্থাক্ষপ ; তাহাতে জরায় হইতে মোক্ষণ হয়। কিন্তু ক্রণ উত্থ সমেত ভূমিষ্ঠ হয়।

চতুর্থ খণ্ড

যাজা ও অমুবাকা

দীক্ষণীয় ইষ্টিবিধানের ও আরুষ্ঠিক সংস্কারাদি বিধানের পর একণে ঋগ্রেদ-প্রতিপাপ্ত হৌত্র-কর্ম্ম (হোতার কর্ত্তব্য) বিধান ইইতেছে,যথা—"ত্বমগ্রে…তক্ষৈ।"

যে যজমান ইতঃপূর্বে [সোম] যাগ করে নাই, তাহার জন্ম "স্বমগ্রে সপ্রথা অসি" এবং "সোম যাস্তে ময়োভুবঃ" [এই তুইটি ঋক্ মন্ত্র] আজ্যভাগদ্বয়ের পুরোহসুবাক্যা রূপে পাঠ করিবে।

মুতাছতি-দানের সময়ে অধ্বয়ুরি আদেশামুসারে হোত। এই চুইটি মন্ত্র পাঠ করিবে। প্রথম আহুতির একটি মন্ত্র, দ্বিতীয় আহুতির অপর মন্ত্র। এই মন্ত্র পাঠের নঃম প্রোহয়ুবাক্যা পাঠ।

প্রথম মন্ত্রটির প্রয়োগের কারণ প্রদর্শন যথা —"ত্বয়া……বিভনোতি।"

[হে অগ্নে: ঋত্বিক্গণ] তোমার [প্রসাদে] যজ্ঞ বিস্তার করিতেছেন—এই বাক্য দারা ইহার (যজ্ঞমানের) জন্ম যজ্ঞকে বিস্তৃত করা হয়।

অন্ত যজমানের জন্ত অন্ত মশ্বের বিধান যথা—"অগ্নিঃ……ভবৈষ।"

^{(&}gt;>) উৰ—ক্লেদাকার জরায়ু অপেক্ষা অভিশর সুন্দ্র চর্দ্র।

⁽১) ত্ৰ্মন্ত্ৰে স্প্ৰধা অসি লুষ্টো হোতা ব্ৰেণা:। ত্বা বক্তা বিতৰতে। (ৰক্ ধাসণাঃ)

⁽२) त्यान करत क्षा ह्व डेक्स निष्ट शंकरा । जान्दियी कविन्न उत्। (১)১৯১)

ে যে (যজমান) পূর্বের যাগ করিয়াছে, তাহার জন্ম "অগ্নিঃ প্রাক্তেন মন্মনা" এবং "সোম গীভিন্ত্যা বয়ম্" এই ছুই মন্ত্র। দিতীয় বার অমুষ্টিত যাগের সময় উভয় আছতির জন্ম এই ছুই মন্ত্র পুরো-হুরবাক্যা হুইবে।

প্রথম মন্ত্রপ্রোগের আন্তক্লা দেখান ইইতেছে যথা "প্রত্নমিতি…… অভিবদতি।"

প্রত্ন) এই পদ দারা (পূর্বের অনুষ্ঠিত সোম-যাগের কথা) বলা হইল।

কিন্তু অন্তর্রপ মন্ত্রেরও বিধান আছে; পূর্কোক্ত মত সকলে আদর করেন ন। বথা—"তং তং নাদৃত্যম্।

এ বিষয়ে [যাহা বিহিত হইল] তাহা আদরণীয় নহে।
দীক্ষণীয় ইষ্টিতে হইটী আজ্ঞভাগ সম্বন্ধে "ত্বমগ্রে" ইত্যাদি যে অনুবাক্যা পাঠ
করিবে, এই মত গ্রাহ্ম নহে।

"অগ্নির্ব্তাণি জজ্ঞন" এবং "স্থং সোমাসি সৎপতিঃ" এই ছুই বার্ত্র (র্ত্রহা দেবতা-সম্বন্ধীয়) মন্ত্র পাঠ করিবে।

তুই আছতিতে এই তুইটি পুরোহমুবাক্যা হইতে পারে। যে পূর্ব্বে যাগ করে নাই বা করিয়াছে, উভয় যজমানের পক্ষেই এই বিধান চলিতে পারে।

এই চুই মন্ত্রের প্রয়োজ্যতা-প্রদর্শন যথা—''বুত্রং···· কর্ত্তব্যৌ"

যাহাকে (যে যজমানকে) যজে প্রেরণ করা (দীক্ষিত করা) হয়, সে রুত্রকে (পাপরূপ শত্রুকে) হত্যা করে; এই জন্ম বার্ত্র (রুত্রহত্যা-সম্বন্ধীয়) মন্ত্রদ্বয় পাঠ করা কর্ত্তব্য। আজ্যভাগ-দান কর্মান্দ, ইহাতে পুরোহমুবাক্যা পাঠ হয়। তৎপরে ছবিঃ-

^{ু(}৩) অগ্নিঃ প্রত্নেন মন্মনা গুংভানতবং স্বাং। কবিঃ বিপ্রেণ বাবুধে। (৮।৪৪।১২)

^(8) त्राय गीर्जिहे । वदाः वर्षवात्यां वत्तां विषः । स्यूक्तिकां न चा विण । (১।৯১।১১)

^{ে (} ৫) জয়িবু আণি জংখনদ অবিণহাঃ বিগক্তম। স্মিদ্ধঃ শুক্র জুমান্তঃ ় (৬।১৬।৩৪)

⁽ ४) 🛒 📠 मानि मद्भाजियः त्रारमाञ् इवस्य । पः स्टाम स्वीन कपूरः । (১) ১) ।)

কর্ম প্রধান কর্ম ; তাহাতে যাজ্যা ও অমুবাক্যা পাঠ হয়। একণে তাহার বিধান হইতেছে যথা—''অগ্নিম্´থং····ভবতঃ''

"অগ্নিমু খং প্রথমো দেবতানাম্" বং "অগ্নিশ্চ বিষ্ণো তপ উত্তমং মহঃ" বই ছুইটি অগ্নি ও বিষ্ণুর উদ্দেশে হবিঃ-প্রদানের জন্ম অনুবাক্যা ও যাজ্যা।

প্রথম মন্ত্রটি অন্থবাক্যা, দিতীয়টি যাজ্ঞা। এই ছুই মন্ত্রের প্রেরোজ্যতা যথা— "আগ্লাবৈষ্ণব্যোন্দলভাৱনতি"

অগ্নি ও বিষ্ণুর সম্বন্ধী এই তুই ঋক্ রূপ-সমৃদ্ধ; [কেন না] এই তুই ঋক্, যে কর্মা অনুষ্ঠিত হইতেছে, তাহাকেই পূর্ণভাবে উল্লেখ করিতেছে; এবং যাহা [নিজে] রূপসমৃদ্ধ, তাহা যজ্ঞকেও সমৃদ্ধ (সম্পূর্ণ) করে।

ঐ হুই ঋকে যজমানকে দীক্ষাদানের জন্মই অগ্নি ও বিষ্ণুকে আহ্বান করা হুইয়াছে। তজ্জন্য এই দীক্ষাকার্য্যে এই হুই মন্ত্রই সর্বভোভাবে অনুকূল; তজ্জন্য ঐ ঋক্ পাঠ করিলে কর্মের কোনরূপ বিদ্ব বা বৈকল্য ঘটিবার আশক্ষা থাকে না। পুনশ্চ মন্ত্রদ্বের প্রশংসা—"অগ্নিশ্চ……দীক্ষয়েতামিতি।"

এই যে অগ্নি আর যে বিষ্ণু, ইঁহারা দেবগণের মধ্যে দীক্ষার পালনকর্তা; ইঁহারাই দীক্ষাকর্মের ঈশ্বর (প্রভু); অতএব অগ্নি ও বিষ্ণুর উদ্দিষ্ট যে হবিঃ, তদ্ধারা ঘাঁহারা দীক্ষার ঈশ্বর,

(৭,৮) এই ঋক্ ছুইটি প্রসিদ্ধ ঋরেদ-সংহিতার শাকলশাধার নাই। আবলায়ন-প্রোত-স্বার ৪।২ মধ্যে ইহা অঞা শাধা হইতে উদ্ধৃত হইরাছে—

"অগ্নিমু'খং প্রথমো দেবতানাং সংগতানামূত্তমো বিষ্ণুরাসীং।

যজমানার পরিগৃঞ্ দেবান্ দীক্ষরেদং হবিরাগচ্ছতং নঃ।

অগ্নিক বিষ্ণো তপ উত্তমং মহো দীক্ষাপালায় বনতং হি শক্রা।

বিবেদেবৈর্থিফিলঃ সংবিদানে দীক্ষামন্ম গ্রুমানার ধ্রুম।"

তাঁহারাই প্রীত হইয়া [যজমানকে] দীক্ষা দান করেন। যাঁহারা দীক্ষয়িতা, তাঁহারাই দীক্ষিত করেন।

উক্ত মন্ত্রন্বয়ের ছন্দঃপ্রশংসা যথা—"ত্রিষ্টুভৌ……সেন্দ্রিয়ত্বায়"

ত্রিন্ট্রপ্ তুইটী [যজমানকে] সেন্দ্রিয়ত্ব (ইন্দ্রিয়যুক্তত্ব অর্থাৎ বলবীর্য্য) প্রদান করে।

পঞ্চম খণ্ড

বিবিধ কাম্য সংযাজ্যা

প্রধান হবিঃপ্রদানের যাজ্যা ও অনুবাক্যা উক্ত হইল; এক্ষণে স্বিষ্ঠিকৎ যাগে বিবিধ ফলপ্রাপ্তির নিমিত্ত বিশেষরূপ যাজ্যা ও অনুবাক্যার বিধান করা হইতেছে—
গ্যায়ত্ত্রো

শায়ত্ত্বা

শায়ত্ব্বা

শায়ত্বা

শায়ত্ব্বা

শায়ত্বা

শায়ত্বা

শায়ত্বা

শায়ত্বা

শায়ত্বা

শায়ত্বা

শায়ত্বা

শায়ত

তেজস্কাম [ও] ব্রহ্মবর্চ্চসকাম [যজসান] গায়ত্রীদ্বয়কে স্বিষ্টকুতের সংযাজ্যা করিবে।

"স হব্যবাড়মর্ত্তাঃ" (সং ৩)১)২) "অগ্নির্হোতা পুরোহিতঃ" (সং৩)১)১) এই তুইটা গায়ত্রীকে সংযাজ্যারূপে পাঠ করিলে যজমানের তেজঃ (শরীরকান্তি) ও ব্রহ্মবর্চস (বেদাধ্যয়নসম্পত্তি) জন্মে। স্বিষ্টকুৎ যাগে বিভিত্ত যাজ্যা ও অনুবাক্যাকে সংযাজ্যা বলা হয়।

উক্ত ফলপ্রদানে গায়ত্রীর ক্ষমতা আছে—"তেজো বৈ-----গায়ত্রী"

গায়ত্রীই তেজ এবং ব্রহ্মবর্চ্চস।

ইহা জানার ফল —"তেজস্বী…কুরুতে"

যে (যজমান) এই প্রকার জানিয়া গায়ত্রী তুইটি [সংযাজ্যা] করে, [.সে] তেজস্বী ও ব্রহ্মবর্চ্চসযুক্ত হয়।

উক্ত অমুষ্ঠান দারাই ফললাভ হয়, কিন্তু উক্তরূপ ফলবন্তা জানিয়া অমুষ্ঠান

করিলে অধিক ফল হয়। ফলাস্তরের নিমিত্ত অপর ছন্দের বিধান— "উঞ্চিহা···· কুর্বীত"

অথবা আয়ুক্ষাম তুইটি উষ্ণিক্কে [সংযাজ্যা] করিবে।
"অগ্নে বাজ্ব গোমতঃ" (সং ১।৭৯।৪) "স হধানো বস্কুষ্বিঃ" (সং ১।৭৯।৫)
এই হুইটি উষ্ণিক্ছন্দের জপ করিলে শত বংসর আয়ু হয়। যে হেডু উঞ্চিক্
ছন্দকেই আয়ু বলা হুইতেছে——"আয়ুর্কা উষ্ণিক্"

উষ্ণিক্ ছন্দই আয়ুঃ।

এইরূপ অবগতির প্রশংসা "সর্ব্বমায়ু: · · · . . কুরুতে'

যে এই প্রকার জানিয়া উষ্ণিক্ তুইটি [সংযাজ্যা] করে, [সে] সম্পূর্ণ আয়ু পায়।

ফলান্তরের জন্ম অপর ছন্দের বিধান—"অন্নষ্ঠুতৌ…. কুর্নীত" স্বর্গকামী তুইটি অনুষ্টুপ্কে [সংযাজ্যা] করিবে।

"ত্বমত্রে বস্থন্" ইত্যাদি মন্ত্রদন্ন অনুষ্ঠুপ্ছন্দ (সং ১।৪৫।১,২)। অনুষ্ঠুপ্ছন্দ স্বর্গের কারণ, যথা "দ্বোর্কা……প্রতিতিষ্ঠতি।"

তুই অনুষ্ট্রপের চতুংষষ্টি অফর; [ক্রমশঃ] উর্দ্ধে অবস্থিত এই তিন লোক (পৃথিবী অন্তরিক্ষ ও স্বর্গ প্রত্যেকে) একবিংশতি-অবয়বযুক্ত; [যজমান] একবিংশতি একবিংশতি অফর দ্বারা [ক্রমশঃ] এই সকল লোকে আরোহণ করেন, [আর] . চতুঃদষ্টিতম [অফর] দ্বারা স্বর্গলোকেই প্রতিষ্ঠিত হয়েন।

তৈত্ত্ত্বীয়-সংহিতায় উক্ত আছে, দ্বাত্রিংশং অক্ষরে একটি অন্ত্রপূপ্ ছল হয়; তবেই ছইটী অন্ত্রপূপ্ মিলিয়া চৌষটি অক্ষর হইবে; তাহাতে প্রথম একবিংশতি অক্ষরে একবিংশতি অব্যববিশিষ্ট ভূলোক, দ্বিতীয় একবিংশতিতে তথাবিধ অস্তরিক্ষ, তৃতীয় একবিংশতি অক্ষরে তথাবিধ বর্গলোক, এইরূপ উপর্য্যপরিভাবে তিনলোক অতিক্রম করিলে বর্গে আরোহণমাত্র হইল; অবশিষ্ট চতুঃষ্টিতম অক্ষর দ্বারা যজমান সেই ব্যালাকেই অবস্থিত থাকে। উক্তরূপ জ্ঞানের প্রশংসা— প্রতিতিষ্ঠিতি...কুকতে'

যে এই প্রকার জানিয়া ছুইটি অনুষ্ঠুপ্ [সংযাজ্যা] করে, [সে] প্রতিষ্ঠিত হয়।

ফলাস্তরের জন্ম অপর ছন্দের বিধান—''বৃহত্যৌ · · · · · কুর্বীত"

শ্রীকামী ও যশস্কামী ছুইটি ব্রহতীকে [সংযাজ্যা] করিবে।
"এনা বো অগ্নিং" (সং ৭।১৬।১) "উদস্ত শোচিরস্থাং" (৭।১৬।০) এই ছুইটি
বৃহতী ছন্দ। বৃহতীচ্চনের শ্রী ও যশের কারণদ্ধ—"শ্রীর্ক্তো …বৃহতী"

ছন্দঃসমূহের মধ্যে রহতী 🗐 [ও] যশঃ [-স্বরূপ]।

পশুসম্পত্তি প্রদানে সকল ছন্দের মাৎসর্য্য হইয়াছিল; তন্মধ্যে বৃহতী জয়লাভ করেন। অক্তান্ত ছন্দ বৃহতীকে জাশ্রন্থ করিয়াছিলেন; এই জন্ত বৃহতী শ্রীস্বরূপ। (তৈত্তিরীয় মত)। ইহা জানার প্রশংসা "শ্রিয়মেব·····কুরুতে"

যে এই রূপ জানিয়া বৃহতী ছুইটি [সংযাজ্যা] করে, [সে] আপনাতে শ্রী এবং যশ ধারণ করে।

অহীনসত্রাদি² পরবর্ত্তী যজ্ঞকাম যঞ্জমানের জন্ম অপর ছল্পের বিধান হইতেছে, "পদ্ধক্তী……কুর্ন্নীত"

যজ্ঞকামী তুইটি পঙ্জিকে [সংযাজ্যা] করিবে।
"অগ্নিং তং মঞ্জে ইত্যাদি হুইটি মন্ত্র পঙ্ক্তি (সং ধাভা১,২); যজ্ঞের সহিত্ত পঙ্ক্তি ছন্দের সম্বন্ধ—"পাঙ্জো বৈ যজ্ঞঃ"

যজ্ঞ পঙ্ক্তি (ছন্দঃ)-সম্বন্ধী। ইহা জানা আবশুক—''উপৈনং••••কুক্তে"

যে (যজমান) এই প্রকার জানিয়া পঙ্ক্তি ছুইটি [সংযাজ্যা] করে, যজ্ঞ তাহাকে সমীপে [আসিয়া] প্রণাম করে। বার্যপ্রাপ্তির নিমিত্ত অপর ছলের বিধান—"ত্রিষ্টুজৌ……কুর্নীত" বীর্য্যকাম [যজমান] ত্রিষ্টুপ্ ছুইটিকে [সংযাজ্যা] করিবে।

⁽১) "ছন্দাংসি প্রবাজিমযুস্তান, বৃহত্যুদকরৎ তন্মাবার্হতা: পশব উচ্যস্তে" (বাতাবাতাঃ)

⁽२) वळविटणवां

"ৰে বিৰূপে চৰতঃ" ইত্যাদি মন্ত্ৰদ্ধ ত্ৰিষ্ট্ৰভূছন্দ (সং ১১৯৫।১,২)। ত্ৰিষ্ট্ৰপ্-ছন্দের বীৰ্যাক্সনকন্দে প্ৰমাণ—"ওজো····· ত্ৰিষ্ট্ৰপ্"।

ত্রিফ ুপ্ (ছন্দ) বীর্য্য, ওজঃ এবং ইন্দ্রিয় [-স্বরূপ]। বীর্য্য শরীর-বন ; ওজঃ বনবর্দ্ধক অষ্টম ধাতৃ ; ইন্দ্রিয় নেত্রাদির পটুম্ব। ইহা জানা আবশ্রুক—"ওজন্বী……কুরুতে"

যে এইরূপ জানিয়া ত্রিষ্টুপ্ ছুইটি [সংযাজ্যা] করে, [সে] ওজস্বী ইন্দ্রিয়বান্ এবং বীর্য্যবান্ হয়।

গবাদি পশুলাভের নিমিত্ত অপর ছন্দের বিধান—"জগত্যোকুর্নীত"

পশুকাম ছুইটি জগতীকে [সংযাজ্যা] করিবে।

"ব্দনশু গোপা" ইত্যাদি মন্ত্র হুইটি ব্রগতীচ্ছন্দ। (সং ৫।১১।১,২) পশুলাভ ব্রগতীচ্ছন্দের সাধ্য—"ব্রাগতা বৈ পশবঃ"

পশুগণ জগতীচ্ছন্দঃ-সম্বন্ধী।

ইহা জানা আবশ্যক—"পশুমান্… কুক্সতে"

যে এইরূপ জানিয়া জগতীদ্বয় [সংযাজ্যা] করে, [সে] পশুমান হয়।

অন্নার্থীর জন্ম অপর ছন্দের বিধান—"বিরাক্ষোন…কুর্ব্বীত"

ভোজনযোগ্য অন্নার্থী তুইটি বিরাট্কে [সংযাজ্যা] করিবে।

"প্রেছোহরে," "ইমো অরে" এই তৃইটি বিরাট্ ছন্দ। (সং ৭।১।৩,১৮) অর ' বিরাজনের কারণ বিধার বিরাট্ স্বরূপ যথা—''অরং বৈ বিরাট্"

অমই বিরাট্।

ইহাই স্পষ্ট করা হইতেছে—"তত্মাদৃ·····বিরাটুত্বন"

সেই হেছুঁ ইহ [লোকে] যাহারই ভূরি অন্ন থাকে, সেই ব্যক্তি লোকে ভূরিপরিমাণে বিরাজমান (শোভমান) হয়; সেই জন্ম বিরাট্ ছন্দের বিরাট্ড।

ইহা জানা আবশ্বক—"বি শ্বের্ · · · · বেদ"

যে ইহা জানে, [সে] আপনার লোকের (জ্ঞাতিগণের)
মধ্যে বিশেষরূপে শোভমান হয় [এবং] আপনার লোকের
মধ্যে শ্রেষ্ঠ হয়।

ষষ্ঠ খণ্ড

নিত্য সংযাজ্যা ও সত্যোক্তি

নানাবিধ বিশেষ ফলপ্রদ কাম্য সংযাজ্যার পরে নিত্য সংযাজ্যার বিধান হুইতেছে; তদর্থ বিরাট্ ছন্দের প্রশংসা—''অথো ·····যদ্বিরাট''

অনন্তর, যে বিরাট্ (ছন্দ) [আছে], এই ছন্দ পঞ্চ-বীর্য্য [-বিশিষ্ট]

তাহা স্পষ্ট করিতেছে—যত্ত্রিপদা · · · · তৎ পঞ্চমং"

যে হেডু [এই বিরাট্ছন্দ] ত্রিপাদবিশিষ্ট, সেই হেডু
[ইহা] উফিক্স্বরূপা ও গায়ত্রীস্বরূপা; যে হেডু ইহার
(বিরাট্ছন্দের) পাদসকল একাদশাক্ষরবিশিষ্ট, সেই হেডু
[ইহা] ত্রিষ্টুপ্সরূপা; যে হেডু [এই বিরাট্ছন্দ]
ত্রয়ন্ত্রিংশদক্ষরা, সেই হেডু [ইহা] অনুষ্টুপ্, [কেননা] এক
অক্ষর দ্বারা বা ছুই [অক্ষর] দ্বারা ছন্দ বিগত হয় না; যে
হেডু ইহা বিরাট্, সেই হেডু [ইহার] পঞ্চম [বীর্যা আছে]

বিরাট্ ছন্দে উঞ্চিক্, গায়ত্রী, ত্রিষ্টুপ্, অমুষ্টুপ্ ও বিরাট্ এই পঞ্চবিধ ছন্দের বীর্যা ঝ সামর্থা আছে, একে একে তাহার কারণ প্রদর্শিত হইল। অনুষ্টুভের ব্রিশ অক্ষর»; তবে বিরাট্ ছন্দ কিরপে অমুষ্টুভের সমান হইল, এই আপত্তি থণ্ডনার্থ বলা হইল, গুই এক অক্ষরের কম বেশীতে ছন্দান নই হর না। স্থাবার শ্রেছো অয়ে" এই ঋকে ' উনত্রিশ অক্ষর" ও "ইমো অয়ে" বি ঋকে বত্রিশ অক্ষর, ইহাতেও উহাদের বিরাট্ড নষ্ট হয় না, কেননা এক বা হুই অক্ষরের ন্যুনতাভিরেক ধর্ত্বব্য নহে।

এইরূপ জ্ঞানের প্রশংস!—"সর্বেষাং……কুরুতে।"

যে এই প্রকার জানিয়া বিরাট্ (ছন্দ) ছুইটিকে [সংযাজ্যা] করে, [সে] সকল ছন্দের বীর্য্য (সামর্থ্য) অবরোধ (আকর্ষণ) করে, সকল ছন্দের বীর্য্য ভোগ করে, সকল ছন্দের সাযুজ্য, সারূপ্য [ও] সালোক্য লাভ করে, অন্ধভক্ষণসমর্থ (নীরোগ) ও অন্ধপতি (বহুবিধ ভক্ষ্য বস্তুর অধীশ্বর) হয়, [ও] প্রজার (পুত্রাদির) সহিত অন্ধ ভোগ করে।

সকল ছন্দ অর্থে এস্থলে উঞ্চিক্, গায়ত্রী, ত্রিষ্টুপ্, অমুষ্টুপ্, ও বিরাট্ ছন্দ।
বে উক্ত বিরাট্ ছন্দের সামর্থ্য জানে, সে সেই সকল ছন্দের অভিমানী দেবতার
সহিত সহচরত্ব, তুল্যরূপত্ব ও এক স্থানে নিবাস লাভ করে। এই হেতু বিরাট্
ছন্দকে সংযাজ্যা করিলে অক্সান্ত ছন্দের ফল পাওয়া যায়—"তত্মাদিরাজাবেব
……ইত্যেতে।"

সেই হেতু "প্রেদ্ধো অগ্নে" "ইমো অগ্নে" এই বিরাট ছন্দ ছুইটিকে [সংযাজ্ঞা] করিবে।

শ্বিষ্টক্রতের সংযাজ্ঞা বিধানের পর দীক্ষিতকে সত্যকথা বলিতে উপদেশ হইতেছে—"ঋতং……বদিতব্যং"

বৎস, দীক্ষা ঋত, দীক্ষা সত্য, সেই হেতু দীক্ষিত সত্যই বিলবে।

ঋত অর্থে সত্যচিস্তা, সত্য অর্থে সত্যকথা। কিন্তু সকলে ইহাতে সমর্থ হয় না যথা—"অথো · · · · · ইতি"

পকান্তরে [ত্রহ্মবাদীরা] নিশ্চয়ই বলেন, কোন্ মনুষ্য সকল

⁽১) "প্রেদ্ধো অগ্নে দীদিহি পুরো নোহজম্মা স্মা। যবিষ্ঠ। স্বাং শবস্ত উপযন্তি বাজা: ॥"१।১।৩

⁽२) "ইমো অগ্নে বীত্ৰতমানি হ্ব্যাক্সপ্ৰোবকি দেবড়াতিমছে। প্ৰতি ন ঈংশ্বভাগি ব্যৱ ।"৭।১।১৮

[কথা] সত্য বলিতে সমর্থ **? দেবগণই সত্যতৎপর,** মনুষ্যগণ অনৃততৎপর।

তৎপক্ষে ব্যবস্থা—"বিচক্ষণবতীং…বদেৎ"

विष्क्रण [এই চতুরক্ষর মন্ত্র]-বিশিষ্ট বাক্য বলিবে।

দেবদন্ত বিচক্ষণ ! জল আন, রামচন্দ্র বিচক্ষণ ! চন্দ্র দেখ, এইরূপ বাক্য প্রয়োগ করিবে। বিচক্ষণ এই মন্ত্র ধারা সত্য কথনের ফল কিরূপে হয় দেখান হইতেছে বথা—"চক্ষুর্বৈ•••পশ্রতি"

চক্ষুই বিচক্ষণ, যে হেতু ইহাদারা বিশেষরূপে দেখা যায়।
দর্শনার্থক চক্ষিঙ্ ধাতু হইতে "বিচক্ষণ" এই শব্দটি উৎপন্ন; বিশেষরূপে
বন্ধনির্ণন্ন ইহার দারা হয়; "বি পশ্রতীতি বিচক্ষণম্"—অর্থ নেত্র; অতএব চক্ষু ও
বিচক্ষণ এই গুইটি শব্দ এক পর্য্যায়। হউক এক পর্য্যায় শব্দ, তথাপি তদ্ধারা সত্য
প্রপুরণ কেন হইবে । তহন্তর "এতদ্ধ------যচচক্ষুঃ"

[এই] যে চক্ষু, ইহাই মনুষ্যগণে সত্য [রূপে] নিহিত।
প্রমাণ " সমূহের মধ্যে প্রভাক্ষই শ্রেষ্ঠ; প্রভাক্ষ প্রমাণের ও সভ্যজ্ঞানের
সাধন চক্ষু; এই হেভুভেই চক্ষুর সমপর্য্যার বিচক্ষণ শব্দপ্রয়োগে বক্তার সভ্যে
প্রবৃত্তি হইবে। চক্ষুরই যথাবদ্বস্তদর্শনের কারণতা—"ভন্মাদ—শশ্রদ্ধাতি"

[যে হেডু চক্ষু দর্শনের কারণ] সেই হেডু [লোকে]
আচক্ষাণকে (বক্তাকে) জিজ্ঞাসা করে—তুমি [কি এইরূপ]
দেখিয়াছ ? সে যদি বলে, আমি দেখিয়াছি, তখন তাহার [বাক্য]
বিশ্বাস করে। যদি [কেহ স্বচক্ষে] স্বয়ং দেখে, [তবে সে]
অপর অনেকের [কথাও] বিশ্বাস করে না।

দূর হইতে স্থাপুতে মাস্কব ভ্রম হর; বে নিকট হইতে দেখে, সে নিজের চোপকেই বিশাস করে, পরের কথার স্থাপুকে মাস্কব বলে না। তৈত্তিরীরগণও তাহাই বলিয়াছেন। এই জন্ম চক্ষুর পর্যায় বিচক্ষণ শব্দ ব্যবহারে সত্য ক্থনের ফল হর;—সেই বিধানের উপসংহার বথা—"তত্মাং……ভবতি"

⁽৩) গৌন্তম প্রত্যক্ষ, অনুমান, উপমান ও শব্দ এই চতুর্বিধ প্রমাণ বীকার করেন। (১)১।২)

সেহেতু বিচক্ষণবতী (এই শব্দবিশিষ্ট) বাক্যই বলিবে; ইহার (বিচক্ষণ-শব্দযুক্ত বাক্যবক্তার) [যে] বাক্য, [তাহা] মিথ্যা হইলেও অত্যন্ত সত্য হয়, অত্যন্ত সত্য হয়।

অর্থাৎ ফলতঃ মিথ্যা হইলেও বিচক্ষণ এই মন্ত্রশক্তিতে উহা প্রচুর সভা হর,
মিথ্যাদোবে দৃষিত হয় না॥

দ্বিতীয় অধ্যায়

প্রথম থণ্ড

প্রায়ণীয়েষ্টি বিধান

প্রথমাধ্যারে দীক্ষণীয় ইষ্টি, তাহার প্রশংসা, যজমানের সংস্কার, তাহার যাব্বা, অমুবাক্যা, সংযাজ্যা ও সত্যকথন বর্ণিত হইয়াছে। অনস্তর প্রায়ণীয়াদিণ বিধানের নিমিত্ত দিতীয়াধ্যায়ের আরম্ভ। সর্বাত্যে প্রায়ণীয় শব্দের ব্যুৎপত্তি ইইতেছে—"স্বর্গং……প্রায়ণীয়ন্তম্"

এই যে প্রায়ণীয় [নামক কর্ম], ইহার দ্বারা [যজমান] স্বর্গলোকের সমীপে যায়; সেই হেতু প্রায়ণীয়ের প্রায়ণীয়ত্ব।

প্রপূর্বক ই ধাতু হইতে "প্রায়ণীয়" শব্দ নিম্পন্ন; প্রায়ন্তি অনেন—প্রকৃষ্টরূপে গমন করে (স্বর্গে) যদ্ধারা, তাহার নাম প্রায়ণীয়। অনন্তর প্রায়ণীয় এবং উদয়নীয় উভয় কর্ম্বের প্রশংসা—"প্রাণো অতিপ্রজ্ঞাত্যৈ"

⁽১) দীক্ষার পরে সোমলতাক্রয় করিবে, এবং সেই দিবসেই প্রারণীয়েষ্টি করিবে। ইহা আখলারন বলেন—"দীক্ষান্তে রাজক্রয়ঃ" (৪।২।১৮), "তদতঃ প্রারণীয়েষ্টিঃ" (৪।৩)২) কার্যাৎ দীক্ষা-দিবস শেব হইলে, তৎপরবর্ত্তী বিতীয় দিবসে সোমক্রম করিবে। (গার্গ্যনারারণ্)

প্রাণ (বায়ু) প্রায়ণীয়, উদান উদয়নীয়, সমান (বায়ু) হোতা;
প্রাণ ও উদান উভয়ে সমান (অভিয়); [উক্ত কর্মন্বয় দ্বারা]
প্রাণের সামর্থ্য জন্মে, [এবং] প্রাণের [বিষয়ে] জ্ঞান জন্মে।
প্র-শন্দ সাম্য হেতু প্রাণ বায়ু প্রায়ণীয়; উৎ-শন্দ সাম্য হেতু উদান বায়ু
উদয়নীয়; একই দেহে মবস্থিতি হেতু উভয় বায়ু সমান (অভিয়); আবার
প্রায়ণীয় ও উদয়নীয় উভয় কর্মে একই ব্যক্তি যাজ্যা ও অয়বাক্যা পাঠ করিয়া
হোতার কার্য্য করেন, বলিয়া উভয় কর্ম্মও সমান; হোতাও সমান (একই ব্যক্তি);
এই হেতু সমান বায়ুই হোতা। উভয় কর্ম্ম দ্বারা দেহস্থ বায়ুসকল কার্য্যক্রম
হয়; ও কোন্টা প্রাণ, কোন্টা উদান এইরূপ জ্ঞান জন্মে। যজ্ঞে দেবতাবিশেবের আখ্যায়িকা—"যজ্ঞো…… য়্র্যাঃ"

যজ্ঞ (সোম্যাগাভিমানি-দেবতা) দেবগণের নিকট হইতে চলিয়া গিয়াছিলেন; [তথন] সেই দেবগণ কোনও (যজ্ঞাদি) করিতে পারিতেন না এবং জানিতে পারিতেন না। [তৎপরে] তাঁহারা অদিতিকে বলিলেন, তোমার প্রসাদে আমরা এই যজ্ঞকে প্রকৃষ্টরূপে জানিব; তিনি (অদিতি) বলিলেন, তাহাই হউক; [কিন্তু] সেই [আমি অদিতি], তোমাদের নিকটে বরপ্রার্থনা করিতেছি। [দেবগণ কহিলেন] প্রার্থনা কর; তিনি (অদিতি) এই বর চাহিলেন—যজ্ঞ সকল (সোম্যাগাদি) মৎপ্রায়ণ (আমাকে লইয়া আরক্ষ) হউক এবং মতুদয়ন (আমাকে লইয়া অবসান) হউক। [দেবগণ কহিলেন] তাহাই হইবে। যে হেতু [চক্র] ইহার (অদিতির) বর দ্বারা প্রার্থিত হইয়াছিল, সেই হেতু প্রায়ণীয় চরু (যজ্ঞারজ্ঞের ইপ্তিতে প্রদন্ত চরু) ও উদয়নীয় চরু (যজ্ঞসমাপ্তির ইপ্তিতে প্রদন্ত চরু) আদিতি ক্ষানিত ক্ষান্ত (আংশ)।

নিরভে (৪।৪।২,১১।৩।২) ব্যাখ্যাত হইরাছে—অদিতি দেবমাতা অদীনা; অবিতি

"মংপ্রারণ"—অর্থ মহপক্রম, "মহদরন" অর্থ—মদবসান। তৈত্তিরীর শ্রুতিতে এই উপাখ্যান সমর্থিত হইরাছে। ^২ সোম্যাগের প্রারম্ভে প্রারণীরা ইষ্টি ও সমাপ্তিতে উদরনীরা ইষ্টি কর্ত্তব্য। অদিতির অপর বর—"অথো·····সবিত্রোদীচী-মিতি"

পুনশ্চ [অদিতি] এই বর চাহিয়াছিলেন, [হে দেবগণ] আমা দ্বারা পূর্ববিদিক্, অগ্নি দ্বারা দক্ষিণ, সোম দ্বারা পশ্চিম ও সবিতা দ্বারা উত্তরদিক্ প্রকৃষ্টরূপে জান।

যজ্ঞের অনুসন্ধানে বহুদেশ ভ্রমণ করিয়া দেবগণের দিগ্ভ্রম ঘটলৈ অদিতি বলেন, অদিত্যাদি চারি দেবতার অধিষ্ঠান দ্বারা চারি দিক্ জানিতে পারিবে; প্রায়ণীয় ও উদয়নীয় চরুদ্বারা সেই সেই নির্দিষ্ট দিকে সেই সেই দিনের অধিষ্ঠাত্রী দেবতার হোম কর্ত্তব্য। তন্মধ্যে প্রথম যক্ষ্তবিধান "প্থাাং যক্ষতি"।

পথ্যাকে যজন করিবে।

অদিতির অন্ত মূর্ত্তি "পথ্যা"; তজ্জন্ত প্রথমে পূর্বাদিক্ জ্ঞানের জ্বন্ত সেই দিকে অবস্থিত পথ্যার যজন বিধেয়। তৈত্তিরীয়-সংহিতায় ইহা সমর্থিত হইরাছে.। উক্ত বিধির প্রশংসা—"বংপথ্যাং……অমুসঞ্চরতি"

যে হেতু পথ্যাকে যজন করা হয়, সে হেতু এই (আদিত্য) পূর্ব্বদিকে উদিত হন, পশ্চিমে অন্তগত হন; এই (আদিত্য) পথ্যারই অনুসরণ করেন।

দাক্ষারণী; অনিতি অগ্নি: অনিতি দোঁ, আকাশ। অদিতি সম্বাদ্ধে কেই কেই এরপ বলেন—
এশী শক্তিই অনিতি, ইনিই জগজ্ঞননী, অতএব সমন্ত দৃশু পদার্থই আদিত্য—অর্থাৎ অদিতি
হইকে জাত; তমধ্যে স্থাই প্রধান, এ হেতু "আদিত্য" শক্ষটি স্থাতেই বোগরায়। আর কশুপ
অর্থ—ঈশ্বর, "বং সর্বাং পশুতি" বে সকল দেখে সে কশুপ (তৈন্তিরীর আরণ্যক); এ কশুই কশুপ,
প্রকাপতির পত্নী অদিতি।

⁽২) "দেবা বৈ দেববজনমধ্যবসায় দিশোন প্রাজ্ঞানন্ তেহজ্ঞোহক্তমুণাধাবন্ দ্বরা প্রজানাম দ্বন্থিত তেহদিত্যাং সমপ্রিয়ন্ত দ্বরা প্রজানামেতি সাত্রবীদ্বং বুলৈ মৎপ্রারণা এব বো বজ্ঞা মছদ্যানা দ্বারিতি তেহাদাদিত্য প্রায়ণীয়ো বজ্ঞানামাদিত্য উদয়নীয়ঃ" (৩)১/৪/১)

⁽७) "नशाः विकारकान् आगितनः छत्र। मिनाः आकान्न" (७।)।०।२)

প্রায়ণীর হোমদারা পথা দেবতার পূর্ব্বদিকের সহিত সন্ধ আছে, উদয়নীর হোমদারা সেই পথা দেবতার পশ্চিমদিকের সহিতও সন্ধ আছে; স্থতরাং আদিত্য, পূর্ব্বপশ্চিম উভয়তঃ পথ্যার অনুসরণ করে ইহা যুক্ত। দক্ষিণদিকে অবস্থিত অগ্নির যাগ বিধান…"অগ্নিং যক্ততি"

অগ্নিকে যজন করিবে।

ইহার প্রশংসা—"বদগ্নিং···· হোষধরঃ"

যে হেডু [দক্ষিণদিকে] অগ্নিকে যজন করা হয়, সেই হেডু দক্ষিণদেশে অত্যে ওষধি সকল পরিপক হইয়া [স্বামীর গৃহে] আসে; কারণ ওষধিসকল অগ্নিরই অধীন।

[এই শ্রুতিটি যক্তিয় দেশ আর্য্যাবর্ত্তের অন্তর্ভাগেই যেন বিহিত রহিয়াছে] বিদ্যাচলের দক্ষিণে ধান্তাদি ওষধির সর্বাত্রে পাক জন্মে, অর্থাৎ কার্ত্তিক অগ্রহায়ণ মাসে পাকে; আর বিদ্যাচলের উত্তরে যব গোধ্ম চণকাদি মাঘদাদ্ধনে পাকে। যেমন অন্নপাক অগ্রিসাধ্য, তেমন বীজপাকও ওষধির অন্তর্নিহিত অগ্রিসাধ্য, এজন্তই ওষধি সকলকে আগ্রেয় বা অগ্রির অধীন বলা হইল। সোমের মাগ—"সোমং যজতি"

সোমের যজন করিবে।

তৎপ্রশংসা—"যৎসোমং····্হাপঃ"

যে হেতু সোমকে [পশ্চিম দিকে] যজন করে, সেই হেতু বহু জল পশ্চিমাভিমুখ হইয়াও প্রবাহিত হয়; কেননা, জল সোমসম্বন্ধী।

সোম অমৃতকিরণ, এই জন্ম সোমের সহিত জলের সম্বন্ধ। পশ্চিম-সমূদ্ধ সমীপে প্রবাহিত নদীর গতি পশ্চিমাভিমুখেই দেখা যায়, কেননা সোম পশ্চিমে অবস্থিত; সেজন্ম সোম দেবতার সম্পর্কযুক্ত জ্বলও তদভিমুখে আরুষ্ট হয়। উত্তরে অবস্থিত সবিতার যাগ বিধান—"সবিতারং যজতি"

সবিতার যাগ করিবে।

তৎ প্রশংসা—"ষৎ সবিতারংএতৎ পবতে"

যে হেড়ু [উত্তরদিকে] সবিতার যাগ করা হয়, সেই হেড়ু উত্তরপশ্চিম (কোণে) সমধিকভাবে এই পবন সঞ্চরণ করে; এই বায়ু সবিতার প্রসূত (প্রেরিত) হইয়াই এই দিকে প্রবাহিত হয়।

সবিতা অর্থ প্রেরক দেবতা। সবিতার প্রেরণাতেই বায়ু বহে। উর্দদিকে অদিতির যাগবিধান—"'উত্তমামদিতিং ফ্রন্সতি''

উদ্ধে অবস্থিত অদিতির যাগ করিবে।°

উক্ত বিধির অন্থবাদপূর্ব্বক প্রশংসা—''যহন্তমাং······ জিছতি''

যে হেতু উর্দ্ধদিগ্বর্তিনী অদিতির যাগ করা হয়, সেই হেতু ইনি (অদিতি) ইহাঁকে (অধোবর্তিনী পৃথিবীকে) র্ষ্টিদারা সর্ব্বতোভাবে ক্লিম্ন করেন, [আবার গ্রীম্মকালে ভূমিগত রস] নিজের দিকে (উর্দ্ধিকে) আকর্ষণ করেন।

আপস্তম্ব বলেন-পথ্যাদি দেবতাচতুষ্টয়ের আজ্ঞা ছারা হোম করিবে, আর অদিতির হোম চরুছারা করিবে।

উক্ত দেবতাগত সংখ্যার প্রশংসা—"পঞ্চ যজ্ঞোহপি"

থাগুক্ত] পঞ্চ দেবতার যাগ করা হয়; [পঞ্চ দেবতার যোগে] যজ্ঞ পঙ্কিবিশিষ্ট (পঞ্চসংখ্যাযুক্ত) হয়, দিক্সকলও (পূর্বব, দক্ষিণ, পশ্চিম, উত্তর ও উদ্ধ এই পাঁচটি) জানা যায়, যজ্ঞও কল্পিত (প্রয়োজনসমর্থ) হয়।

এতদজ্ঞানের প্রশংসা—"তক্তি ----ভবতি"

⁽৪) ইহা তৈত্তিরীর শ্রতিতে আছে—"পখ্যাং স্বন্তিমরজন্ প্রাচীমেব, তরা দিশং প্রাজানন্ স্বাহিনা দক্ষিণা সোমেন প্রতীচীং সবিত্রোদীচীমদিত্যোদ্ধাম্ম" (৯০১/৪৭২)

⁽৫) ^শচতুর আজভাগান্ প্রতিদিশং বন্ধতি গণ্যাং বন্ধিং পুরস্তাৎ, অগ্নিঃ দক্ষিণতঃ, সোনং পশ্চাৎ, সবিতারমুম্ভরতো মধ্যে অ**দিভিং হবিবা**শ (১-৮২১১১) হ্**বিঃ—অর্থ চল** (?)

যে জনতাতে (যাজ্ঞিকসমূহ মধ্যে) হোতা এই প্রকার [প্রায়ণীয় দেবতাগণকে] জানে, সেই স্থানে [হোতা স্বকার্য্যে] সমর্থ হয়।) ২০১১

দ্বিতীয় খণ্ড

প্রযাজাহুতি ও দেবতাপ্রশংসা

যে (যজমান) তেজ ও ব্রহ্মবর্চ্চস ইচ্ছা করিবে, সে প্রযাজ (নামক) আহুতিসমূহ দ্বারা প্রাগপবর্গ (পূর্ববিদিকে যজন) করিবে, [যে হেতু] পূর্ববিদক্ট তেজ ও ব্রহ্মবর্চ্চস।

আপত্তম মতে—"সমিধো যজতি" ইত্যাদি বিধান দারা পাঁচটি প্রযাজ নামক আছতির প্রকৃতি যজে বিহিত আছে, তঘ্যতীত অন্তবিধ কাম্য প্রযাজাহতির এন্থলে বিধান হইতেছে। আদিত্য পূর্ব্বদিকে উদিত হয়, সে জন্ত পূর্ব্বদিক্ তেজোবিশিষ্ট। আর গায়ত্রী জপ পূর্ব্বাভিমুখে করা হয়, সে জন্ত পূর্ব্বদিক্ ব্রহ্মবর্চস।

ইহা জানার ফল যথা "তেজন্বী…এতি"

যে ইহা জানিয়া পূর্বাদিকে যজন করে, সে তেজস্বী ও ব্রহ্মবর্চসমুক্ত হয়।

অরাদিকামীর দক্ষিণাপবর্গত্ব বিধান ''যো অরপতির্যদন্তিঃ"

যে অন্নাদি ইচ্ছা করিবে, সে প্রযাজ আছতি দক্ষিণদিকে প্রদান করিবে, কেননা এই যে [দক্ষিণে অবস্থিত] অগ্নি তিনি অন্নপতি ও অন্নাদ (অন্নভক্ষক)।

^{(&}gt;) आहीममञ्ज—'क्काविरमंत्र । : (आंश्रस्त्र व, ७: ३।२।२२)

আর উন্নরান্তিতে জীর্ণ হর, শস্ত ওবধির অন্তঃস্থ অন্নিহারা পাকে, তণুলানি অন্নিহারা পাক করা হর, অতএব অন্নি অরপতি। এতক্জান-প্রশংসা—''অরানো ·····দক্ষিণৈতি"

যে ইহা জানিয়া দক্ষিণদিকে আহুতি দেয়, [সে] অমাদ প্রি] অমপতি হয় এবং প্রজার (পুরোদির) সহিত অমাদি ভোগ করে।

পশুকামীর প্রত্যগপবর্গত বিধান—"য: যদাপ:"

যে পশু ইচ্ছা করিবে, সে প্রযাজ আহুতি পশ্চিমদিকে প্রদান করিবে; এই যে জল তাহা পশু।

পশ্চিম দিকে অবস্থিত সোম হইতে জল উৎপন্ন হয়, সেই জলপানে ও জলপরিপুষ্ট তৃণভক্ষণে পশুকুল বৃদ্ধি প্রাপ্ত হয়, এজন্ত জলকে পশু বলা হইল। ইহা জানার প্রশংসা—"পশুমান্ · · · · প্রত্যেতিত"

যে ইহা জানিয়া পশ্চিমে আহুতি দেয়, সে পশুমান্ হয়। অহীন যজের পর সোমপানকামীর উত্তরাপবর্গন্থ বিধান—"ফ:····-রানা"

যে সোমপান ইচ্ছা করিবে, সে প্রযাজা আহুতি উত্তরদিকে প্রদান করিবে; রাজা সোমই উত্তরদিক্।

বল্লীরূপে রাজ্যান বা শোভ্যান বিধার সোমের নাম রাজা। সোমশতা উত্তরদিকে জন্মে বলিরা উহা উত্তরদিক্রপী। স্বর্গকামীর আহবনীর যজ্ঞে প্রযাজ হোম বিধি—"স্বর্গ্যবোদ্ধা·····রাগ্নোতি"

ঊদ্দিক্ স্বর্গ্য (স্বর্গের পক্ষে হিতকর); [এই জন্ম সে] সকল দিকেই সমৃদ্ধিযুক্ত হইবে।

স্বৰ্গকামী উৰ্জনিকের ধ্যান করিয়া আহবনীর অগ্নিতে প্রযাজ আছতি দিবে; স্বৰ্গলাভ ঘটিলে সকল দিকেই ভাহার সমৃদ্ধি ঘটিবে। ইহা জানা আবশুক—"সমাধ্যো——বেদ"

এই লোকসকল (স্থ প্রস্থৃতি তিনলোক) স্বাসুরূপ ভোগ-প্রদ; যে ইহা জানে (শাহরনীয়মধ্যে হোম জানে), তাহার জম্ম এই লোকসকল স্বামুরূপ ভোগপ্রদ হইরা প্রার (ধন-ধান্মাদি সম্পত্তির) জন্ম প্রকাশিত হয়।

এইরূপে বিবিধ কাম্য প্রযাজাহুতির বিধান করিয়া প্রায়ণীয় দেবতাগণের প্রশংসা হইতেছে—"পথ্যাং……সম্ভরতি"

[পূর্ব্বে বলা হইয়াছে] পথ্যার যাগ করা হয়। পথ্যার যে যাগ হয়, তাহাতে যাগের প্রারম্ভে [মন্ত্ররূপ] বাক্যই সম্পাদিত হইয়া থাকে।

অগ্নাদি অপর দেবতা চতুইন্বের প্রশংসা "প্রাণাপানা · · · · অদিতি:"

প্রাণ ও অপান (বায়ু) [যথাক্রমে] অগ্নি ও সোম; সবিতা প্রসবের (যজ্জকর্মে প্রেরণের) জন্য, অদিতি প্রতিষ্ঠার (স্থির অবস্থানের) জন্য [উপযোগী]।

মুখ নাসিকার বাহিরে সঞ্চারিত উচ্ছ্বাস-রূপী প্রাণবারু শরীরে উষ্ণতা জন্মার, এ:জন্ম অগ্নি প্রাণস্বরূপ; আর মুখ নাসিকা দারা আরুষ্ট শরীরের মধ্যে সঞ্চারিত অপান বায়ু শরীরে শীতশতা জন্মায়, এ হেতু উহার সোমছ। পুনর্কার পথ্যা দেবতার প্রশংসা—"পথ্যাং·····নয়তি"

[অন্ত দেবতা ত্যাগ করিয়া প্রথমে] পথ্যারই যাগ করিবে, যে হেতু পথ্যারই যে যাগ হয়, তাহাতে [মন্ত্ররূপ] বাক্য-দ্বারা [ক্রিয়মাণ] যজ্ঞকে পথ পাওয়ায়।

অর্থাৎ তন্ধারা যক্ত যথাবিহিত মার্গে অনুষ্ঠিত হয়। পুনরার অক্ত দেবতাগণের প্রশংসা—"চকুষী·····অদিতিঃ"

অগ্নি ও সোম ছই চক্ষুঃ [-স্বরূপ]; সবিতা প্রসবের (যজ্ঞকর্ম্মে নিয়োগের) জন্ম, অদিতি প্রতিষ্ঠার জন্ম [উপযোগী]। তেজামন্ত্র হেতুই অগ্নিও সোম চক্ষ্যবরূপ। অগ্নিও সোম চক্ষ্যবরূপ, ইহাতে কি বিশেষ বুঝা বান্ন ?—"চকুবা……প্রঞ্জানাতি"

দেৰণৰ বিভাৰিত বিজ্ঞানে চকুৰারাই জানিয়াছিলেন;

যাহা হুজের, তাহা চক্ষুদারাই জানা যায়; এবং সেই হেডু মুশ্ধ (দিগ্লান্ত ব্যক্তি) [ইতস্ততঃ] বিচরণ করিয়া যখনই কোন ক্রমে চক্ষুদারা জানিতে পায় (কোন চিহ্ন দেখিতে পায়), তখনই [পথ] জানিতে পারে।

এজন্তই চক্ষু:স্বরূপ অগ্নিও সোমদারা দিক্নির্ণয় উচিত। ভূমিস্বরূপা অদিতি প্রতিষ্ঠার কারণ, ইহার বিস্তার—"যদৈ ·····লোকস্তান্নথাতৈত্য'

বৎস, দেবগণ যে যজ্ঞকে জানিয়াছিলেন, তথন ইহাতেই (এই ভূমিতেই) [যজ্ঞকে] জানিয়াছিলেন, [তৎপরে] ইহাতেই যজ্ঞের আয়োজন করিয়াছিলেন; ইহাতেই যজ্ঞ বিস্তার করা হয়, ইহাতেই কর্ম করা হয় এবং [উপকরণাদি] ইহাতেই সংগৃহীত হয়। ইনিই (এই ভূমিই) অদিতি। সেই জন্ম উত্তমা, (অন্তিম দেবতা) অদিতির যজন হয়। উত্তমা অদিতির যে যজন হয়, তদ্ধারা যজ্ঞেরই জ্ঞান জন্মায় ও স্বর্গলোক-প্রাপ্তি ঘটে।

তৃতীয় খণ্ড

প্রায়ণীয়েষ্টির যাজ্যাসুবাক্যা

প্রায়ণীয় ইষ্টির দেবতাগণের যাজ্যা ও অন্থবাক্যা-বিধানের প্রস্তাব—"দেব-বশঃ ·····যজোহপি"

দেববৈশ্যগণ [এই যজে] কল্পনীয়, ইহা [ব্রহ্মবাদীরা] বলেন; কল্লিত দেববৈশ্যগণকে অনুসরণ করিয়া মনুষ্যবৈশ্যেরা সম্পন্ন (সম্পত্তিযুক্ত) হয়; এই রূপে সকল বৈশ্য (দেববৈশ্য ও মনুষ্যবৈশ্য) [যজমানের যজ্ঞ সম্বন্ধে] সম্পন্ন হয়, যজ্ঞও স্বপ্রয়োজনসমর্থ হয়।

মন্থব্যের স্থার বেবগণও চারি বর্ণে বিভক্ত, দেবগণের মধ্যে আফি বৃহস্পতি প্রজ্ঞতি বান্ধণ, ইন্দ্র বরুণ সোম প্রভৃতি ক্ষত্রির, বস্থ রুদ্র আদিত্য বিশ্বেদেব ও মঙ্গুৎ প্রভৃতি বৈশ্ব, পূষা প্রভৃতি পূদ্র। যজ্ঞে দেববৈশ্যের পূজা হইলে তদমুগ্রহে মন্থ্যবৈশ্য সমৃদ্ধ হয়; তাহাদের নিকট ধনলাভ করিয়া যজ্ঞকার্য্য স্কৃত্যার হয়। ইহা জানা আবশ্যক—"তবৈশ্য—তবতি"

যেখানে হোতা ইহা জানে, সেই [যাজ্ঞিক-] জনসমূহ-মধ্যে [সেই] হোতা স্বকর্মকুশল হয়।

প্রথম দেবতার অমুবাক্যা—"শ্বস্তি নঃ পথ্যাস্থ ধ্যশ্বিত্যবাহ"

স্বস্তি নঃ পথ্যাস্থ ধন্বস্থ, এই অমুবাক্যা বলিবে।

মরুদেশীর পথে [জল প্রদান দারা] আমাদের মঙ্গল কর, এই প্রথম পাদটি মাত্র এন্থলে ধৃত হইল। উক্ত ঋকে দেববৈশ্র মরুতের নাম আছে, তাহা দেখাইবার জন্ত অবশিষ্ট পাদত্রর উদ্ধৃত হইল যথা;—

স্বস্ত্যক্ষ বৃজনে স্বর্বতি। স্বস্তি নঃ পুত্রক্রথেষু যোনিষু স্বস্তি রায়ে মরুতো দধাতন।

এই তিন চরণের অর্থ—জল হইলেও জলরহিত অর্গের পথে মঙ্গল বিধান কর,

- (১) "অংগে মহান্ অসি রাক্ষণ ভারত" (তৈং ঝাং অং।৩) "ব্রহ্ম বৈ দেবানাং বৃহস্পতিঃ।" (তৈং, সং, ২।২।৯।১)
- (২) "তচ্ছে রোরপমতাক্ষত করং বাজেতানি দেবতাকরাণীলো বরণঃ দোমো রুদ্রঃ পর্ককো ধনো মৃত্যুমীশানঃ।"
- (७) "म विनमञ्ज्ञाल वास्त्रालानि स्ववकालानि भगम खाधामारख, वमरवा ऋषा खानिला विरय-स्वया मक्तरः।"
 - (8) "স শৌজং বৰ্ণনক্ষত পুৰণ্মিতি।" (শতপথ ১৪।৪।২।২৩-২৫)
- (৫) এই ঐতরেরভাব্য ও ঝক্সংহিতাভাব্য উভর ভাব্যই সারণাচার্ব্য-বিরচিত। কিন্তু "ৰক্তি নঃ পথাহি" ইজাদি থকের অর্থ গুণ্ডাব্যে অভবিধ দেওরা হইরাছে; ইহা স্বপ্তাব্য হইতে জাতব্য।

' "স্বন্তি ন: পথ্যাস ধর্ষ স্বন্তাস, বুজনে স্ব্ৰতি। স্বন্তি ন: পুত্ৰকুথেবু বোনিবু স্বন্তি রায়ে মঙ্গতো দ্ধাতন" (১০। ৬০। ১৫) এবং পুজোৎপত্তিবোগ্য বোদিতে (ভার্যাতে) আমাদের মঙ্গল বিধান কর, [এবং] হে মরুদ্যণ, ধনের মঙ্গল বিধান কর।

উক্ত ঋকে কিরূপে বৈশ্রের করনা হয় ? উত্তর "মঙ্গতো ·····অচীক্>পৎ"

মরুতেরা দেবগণের বৈশ্য ; ইহা দ্বারা (এই মরুচ্ছব্দযুক্ত মন্ত্রপাঠে) যজ্ঞারম্ভে তাঁহারাই কল্লিত হইতেছেন।

ছন্দোবাছল্যের প্রশংসা "সর্বৈর্বঃ----- জয়তি"

সকল ছন্দ দারা যাগ করিবে, ইহা [ব্রহ্মবাদীরা] বলেন; দেবগণ সকল ছন্দদারা যাগ করিয়া স্বর্গলোক জয় (অর্জ্জন) করিয়াছেন, সেই রূপ যজমানও সকল ছন্দ দারা যাগ করিয়া স্বর্গলোক জয় করেন।

প্রায়ণীয়েষ্টির পঞ্চ দেবতার মন্ত্র ও ছন্দ ক্রমশঃ ক্ষিত্ত হইতেছে—''শ্বন্তি
······ইত্যদিতের্জগত্যৌ'

"স্বস্তি নঃ পথ্যাস্থ ধন্বস্থ" ও "স্বস্তিরিদ্ধি প্রপথে শ্রেষ্ঠা" এই তুই ত্রিফুপ্ পথ্যার বা স্বস্তির; " "অগ্নে নয় স্থপথা রায়ে অস্মান্" ' ও "আদেবানামপি পদ্মানগমা" ' এই তুই ত্রিফুপ্ অগ্নির; "হুং সোম প্রচিকিতো মনীষা' ও "যা তে ধামানি দিবি যা পৃথিব্যাং" এই তুই ত্রিফুপ্ সোমের; "আবিশ্বদেবং সং-

⁽৬) "স্বন্ধিরিদ্ধি প্রপথে শ্রেষ্ঠা রেক্ণবত্যভি বা বামমেতি। সা নো জমা সো জরণে নি পার্ত্ব কাবেশা ভবতু দেবগোগা।" (১০। ৬৩। ১৬)

⁽ ৭) "অংগ্নর স্পথা রারে অসান্ বিশানি দেব বয়ুনানি বিশান্। বুবোধা স্বঞ্ছরাধ্যে-নো ভূমিঠাং তে নম উজিং বিধেম ॥" (১ । ১৮৯ । ১)

⁽৮) "আ দেবানামণি পছামগন্ম বছকেবাম তদমু প্ৰবােহৰুং। ক্ষিক্ৰিন স কলাং সেছ হোতা সোধবান স শ্লুক্ ক্লয়াতি।" (১০ । ২ । ৬)

^{(&}gt;) "হং সোম প্রচিকিতো মনীবা হুং রঞ্জিষ্ঠমন্তু নেবি পছাং। তব প্রণীতী ণিডরো ন ইক্রো দেবেরু রক্তমন্ডজন্ত ধীরাঃ ॥" (> । >>) >

^{(&}gt;•) "বা তে ধামানি দিবি বা পৃথিবয়াং বা প্ৰতেবোধীৰজা,। তেভিনে । বিবৈ: সুমন। সংহলন্ রাজন্ বোস প্রতিহ্বা গৃজার ॥" (>। ৯১। ৪)

পতিং""ও "য ইমা বিশ্বা জাতানি" ও এই ছুই গায়ত্রী সবিতার; "স্থত্রামাণং পৃথিবীং দ্যামনেহসং" ও "মহীমূ যু মাতরং স্থ-ব্রতানাং" ওই ছুই জগতী অদিতির।

প্রত্যেক দেবতার উদিষ্ট মন্ত্রদরের মধ্যে প্রথমটি অমুবাক্যা ও দ্বিতীয়টি যাজ্যা।
সকল ছন্দ দারা যাগ করিবে বলিয়া কেবল তিনটি ছন্দের নাম হইল কেন?
উত্তর—"এতানি·····ক্রিয়স্তে"

বংস, গায়ত্রী ত্রিষ্টুপ্ ও জগতী ইহারাই সকল ছন্দ, যে হেতু ইহারাই যজ্ঞে প্রচুরভাবে ব্যবহৃত হয়। অস্থান্য ছন্দ ইহাদিগকেই অনুসরণ করিয়া বর্তুমান।

এই জ্ঞানের প্রশংসা—এতৈর্হ · · · · · বেদা''

যে ইহা জানিয়া ঐ কয়টি ছন্দ দ্বারা যাগ করে, তাহার সকল ছন্দের দ্বারাই যাগ করা হয়।

চতুর্থ খণ্ড

যাজ্যানুবাক্যার প্রশংসা-সংযাজ্যাবিধান

কথিত যাজ্যা অনুবাক্যার প্রশংসা—"তা বাজয়তি"

ঐ সকল [ঋক্] প্রশব্দবিশিষ্ট, নেতৃশব্দবিশিষ্ট, পথি-শব্দবিশিষ্ট ও স্বস্তিশব্দবিশিষ্ট; [এই জন্মই ইহারা প্রায়ণীয় ইপ্তিগত] এই হবির যাজ্যা ও অমুবাক্যা; এই সকল ঋক্

^{(&}gt;>) "व्या विश्वरमवः मर्शिकः स्टेक्टब्रमा वृशीभरह । मठामवः मविठातः ॥" (৫ । ৮२ । १)

⁽ ১২) य ইমা বিশা জাতাম্ভাশ্রবরতি লোকেন। প্র চ স্থবাতি সবিতা।" (৫। ৮২। ৯)

⁽ ১৩) "স্থ্রামাণং পৃথিবীং দ্যামনেহসং স্থর্শর্মাণমদিতিং স্থ্রপীতিং। দৈবীং নাবং স্বরিত্রামনাগদমত্রবস্তীমাঙ্গহেমা স্বস্তুরে॥" ১০। ৬৩। ১০।

^{(&}gt;৪) মহীমুধ্ মাতরং হাব্রতানামমূতক্ত পদ্দীমবদে হবেম। তুবিক্ষরামন্তরক্তী হার্রচীং হার্শাশাদদিতিং হার্গাতিম্ । (বালসনেরী সং ২১।০।৪)

দারা যজ্ঞ করিয়া দেবগণ স্বর্গলোক অর্জ্জন করিয়াছিলেন; সেই রূপ যজমানও ইহাদের দ্বারা যাগ করিয়া স্বর্গলোক অর্জ্জন করে।

"ষন্তি রিদ্ধি প্রপথে" এবং "দ্বং সোম প্রচিকিতঃ" এই ছই ঋকে প্রশন্ধ আছে; "অগ্নেনয়" এ স্থলে নী ধাতু চইতে উৎপন্ন "নেতৃ"-বাচক নর শন্ধ আছে; "অগ্নেনয় স্থ-পথা" এবং "আদেবানামপি পদ্বাং" এই ছই ঋকে পথি শন্ধ আছে; "ষন্তি নঃ পথ্যাস্থ" "ষন্তিরিদ্ধি" এই ছই ঋকে সন্তি শন্ধ আছে; অগ্র কর্মটি ঋকে ঐ ঐ শন্ধ না থাকিলেও তাহাও ছত্তিগ্রান্ধে ' প্র ইত্যাদি শন্ধবিশিষ্ট ধরিয়া লইতে হইবে। স্থতরাং এই মন্ত্রগুলি যাজ্যা অন্থবাক্যা-স্বরূপে প্রশন্ত। প্রথম ঋকের চতুর্থ চরণে মন্ধং শন্ধের তাৎপর্য্য প্রকাশ—
"তাস্থ্-----বিমণ্ডে"

ঐ সকল ঋক্ মধ্যে [প্রথম ঋকে] "স্বস্তি রায়ে মরুতো দধাতন" এই চরণ আছে। মরুদৃগণ দেববৈশ্য ও অন্তরিক্ষনিবাসী; যে (যজমান) তাঁহাদের উদ্দেশে নিবেদিত (বিজ্ঞাপিত) হয়, সে স্বর্গলোকে যায়; [আবার মরুদ্গণ] ইহাকে (যজমানকে) [স্বর্গমনে] নিরোধ করিতে বা বিনাশ করিতেও সমর্থ। হোতা যথন "স্বস্তি রায়ে মরুতো দধাতন" ইহা পাঠ করেন, তখন দেববৈশ্য মরুদ্গণের উদ্দেশে যজমানকে নিবেদন করা হয় (জানান হয়); [তখন আর] স্বর্গলোকগামী যজমানকে দেববৈশ্য মরুদৃগণ নিরোধ করেন না বা বিনাশ করেন না।

যজমান মরুদ্গণের নিকটে বিজ্ঞাপিত হইলে স্বর্গে যাইতে পারে, না হইলে যাইতে পারে না, এই হেতু উক্ত মন্ত্র ছারা বিজ্ঞাপন করা হয়। ইহা জানার প্রশংসা—"স্বস্তি·····বদ"

^{(&}gt;) স্থার—"ছত্রিণো গচ্ছস্তি"—ছাতিওরালা সামুব বার; অনেক ছাতিওরালার সধ্যে দুই এক গনের ছাতি না থাকিলেও বেষন সে ছত্রীর অন্তর্নিবিট হয়, এছলেও সেইরূপ।

যে (যজমান) ইহা জানে, তাহাকে [মরুদ্গণ] স্থথে স্বর্গলোকের অভিমুখে লইয়া যান।

প্রধান হবির যাজ্যামুবাকা। প্রশংসার পর স্বিষ্টকৃতের সংযাজ্যা-বিধান—"বিরাজা-বেডন্ত তারপ্রিংশদক্ষরে"

তেত্রিশ অক্ষরযুক্ত যে ছুইটি বিরাট্ (ছন্দ), [তাহাই] এই স্বিষ্টকৃৎ হবির সংযাজ্যা হইবে।

সেই ছুইটি শকের প্রথম পাদ—

"সেদগ্নিরগ্নী রতাস্থক্যান্" (এবং) "সেদগ্নির্যো বন্ধু-যাতো নিপাতী" ওই ছুইটি।

বিরাট্ ছন্দের প্রশংসা—"বিরাড্ভাং • • • জন্বতি"

বিরাট্ দ্বয় দ্বারা যাগ করিয়া দেবগণ স্বর্গলোক জয় করিয়াছিলেন, দেইরূপ এই যজমানও ছুই বিরাট্ দ্বারা যাগ করিয়া স্বর্গলোক জয় করে।

ঐ হুই ঋকের অক্ষরসংখ্যার প্রশংসা—"তে·····দেবতান্তর্পয়তি"

এই ঋক্ ছুইটি তেত্রিশঅক্ষরযুক্ত; দেবতাও তেত্রিশ জন, [যথা] অফ বস্থ, একাদশ রুদ্র, দ্বাদশ আদিত্য, ও প্রজাপতি, ও ব্যট্কার; এই জন্ম প্রথম যজ্ঞারম্ভে ঐ দেবগণকে অক্ষরভাগী করা হয়; এক এক অক্ষরে এক এক দেবতাকে প্রীত করা হয়; দেবতার পাত্র দ্বারা (ফল-স্বরূপ অক্ষর দ্বারা) তথন দেবতাগণকেই প্রীত করা হয়।

⁽২) "সেদগ্নিরশ্বীরতাক্তান্তরে বাবী তনরো বীসুপাণিঃ। সহস্রপাথা অকরা সমেতি_।" (৭।১।১৪)

⁽ ৩) 'প্রের্থারিক। কর্ম্বারে। নিপাতি সংবদারমধ্যে উক্নব্যাৎ । স্থজাতাসং পরিচরন্ধি বীরা: ।" (৪ ১ । ১৫)

পঞ্চম খণ্ড

প্রায়ণীয়েষ্টি সম্বন্ধে অস্থাস্থ বিশ্বন

প্রযাজ ও অন্থবাজ-বিবরে পূর্বপক উত্থাপন "প্রযাজবং অন্থবাজা ইতি" প্রায়ণীয় কর্মা প্রযাজান্বিত ' [কিন্তু] অনুযাজবর্জ্জিত কর্ত্তব্য, ইহা [অপর শাখাধ্যায়ীরা] বলেন; [তাঁহাদের যুক্তি এই] প্রায়ণীয়ের যে অনুযাজ ' [বিহিত আছে] ইহা যেন হীন,—ইহা যেন বিলম্বহেতু।

প্রায়নীয় ইষ্টি দর্শপূর্ণমাস যাগেরই বিকৃত কর্ম্ম, স্মৃতরাং ইহাতেও প্রথাজ ও অমুযাজ বিধান আছে; কিন্তু অপরশাধীরা (তৈত্তিরীয়গণ) বলেন, প্রায়নীয়ে প্রযাজ বিধান করিবে, অমুযাজ বিধান করিবে না, কেন না—অমুযাজ করিলে কার্য্যে বিলম্ব হয়। [তাঁহারা উদয়নীয় কর্ম্মেও প্রযাজ বর্জন করিতে বলেন।] ইহাই পূর্ব্বপক্ষের তাৎপর্যা। উক্ত পূর্ব্বপক্ষের নিরাস—"তত্তরাদ্তাং…… কর্ত্ব্যম্।"

তাহা (অনুযাজবর্জন) সেই কর্ম্মে আদরণীয় নহে। [প্রায়ণীয়কর্ম] প্রযাজযুক্ত ও অনুযাজযুক্তই করিবে। হেতু প্রদর্শন যথা—প্রাণা বৈ·····ইয়াৎ"

প্রযাজ [যজমানের] প্রাণস্বরূপ, অসুযাজ প্রজা (অপত্য)-স্বরূপ; যদি প্রযাজ বর্জন কর, [তবে] যজমানের প্রাণের অন্তরায় হইবে, [আর] যদি অসুযাজ বর্জন কর, [তবে] যজমানের প্রজার অন্তরায় হইবে।

^{(&}gt;) अवान वारात्र शृद्ध यत्र बाजा (व नक कत्र रह कारात्क "अवान" करह ।

⁽২) প্রধান যাগের পরে 'অসুযাক" বিহিত হয়।

⁽৩) তৈভিনীর ত্রাহ্মণ (७।৫।৫।১—৫।)

⁽ ३) छिखितीत बांकन (२०। १। ३ । ३--७।)

ইহা তৈত্তিরীরেরাও সমর্থন করিরাছেন ৷ উক্ত পূর্ব্বপক্ষের সিদ্ধান্ত--- "তত্মাৎ
---কর্তব্যং"

সেই হেতু [প্লায়ণীয় কর্ম] প্রযাজযুক্ত এবং অনুযাজযুক্তই কর্ত্তব্য ।

তৈত্তিরীয়েরা ইহা সমর্থন করেন । এতদ্বিধ্যে সকল স্থানেই ঐতরের পাঠে জমুযাজ শব্দে হুস্থ উকার, তৈত্তিরীয় পাঠে অনুযাজে দীর্ঘ উকার। বিধিপ্রাপ্ত পদ্মীদংযাজ ও সমিষ্ট যজুর দিবেধ—"পদ্মী:……জুহুরাং"

পত্নীদের সংযাজ করিবে না, [এবং] সংস্থিত (সমিষ্ট) যজুর হোম করিবে না।

তাহার হেতুপ্রদর্শন—"তাবতৈব যজ্ঞোহসংস্থিতঃ"

এতদ্বারাই (উহা না করিলেই) যজ্ঞ অসমাপ্ত থাকে।

পত্নী সংযাজাদি যজ্ঞের সমাপ্তিতে অন্থঠের; এ স্থলে অন্থান্ত অন্থঠান বর্ত্তমান থাকার পত্নীসংযাজাদি করিবে না। কিঞ্চিং বিশেষ বিধান—"প্রায়ণীয়স্ত…… অব্যবচ্ছেদার"

[সোম-] যজ্ঞের সন্ততির নিমিত্ত, যজ্ঞের অবিচ্ছেদে নমিত্ত প্রায়ণীয় কর্ম্মের নিক্ষাস ^{*} (পাত্রান্তরে) স্থাপন করিবে; (তৎপরে যাগের অবসানে স্থত্যাদিনে ^{*}) উদয়নীয় ইষ্টির হবির সহিত সেই নিক্ষাস নির্ব্বপণ করিবে।

⁽৫) "তত্তথা ন কার্য্যাত্মা বৈ প্রবাজাঃ প্রজান্যাজা বংপ্রবাজানস্তরিরাণাত্মানমস্তরিরাণ্ বদন্বাজানস্তরিরাৎ প্রজামস্তরিরাং" (৬।১।৫।৪)

⁽ ७) "अवाजवरनवान्वाजवर आवनीतः कार्याः अवाजवनन्वाजवद्भगवनीत्रम्" (७ । ১ । ९ । ९)

⁽ ৭) দ্বিভক্ষণ ও বেদীতে আরোহণের পর পত্নীর অন্মুঠের বাগ চতুষ্টরের নাম "পত্নীসংবাজ"।

^{্ (}৮) বেদী হইতে উঠিনা দক্ষিণচরণ বেদীতে রাখিনা "ঞ্বা" মন্ত্র ছারা হোম করাকে "সমিষ্ট বন্ধুর্হোম" কহে।

⁽৯) পাত্ৰলগ্ন ছবিঃশেষকে "নিফাস" কহে!

^{(&}gt;) সোমলতাকে জল সহ কোটার—গেতো করার নাম "স্বত্যা"

ইহা তৈত্তিরীরেরা সমর্থন করেন''। প্রকারান্তর কথন—"অথোভবতি"
অনন্তর যে স্থালীতে প্রায়ণীয় হবির নির্ব্বপণ করিবে,
তাহাতেই উদয়নীয় হবির নির্ব্বপণ করিবে; তাহাতেই
(আগুন্তে একই পাত্রের ব্যবহার হেছু) যজ্ঞ সম্ভত ও
অবিচ্ছিন্ন হইবে।

অনস্তর প্রায়ণীয় ও উদয়নীয় ইষ্টিতে যাজ্যা অমুবাক্যার বিপর্যার বিধানের প্রস্তাব—"অমুদ্মিন বা·····ইতি।"

[ব্রহ্মবাদীরা] এইরূপ বলেন,—এই যে প্রায়ণীয় কর্ম, ইহা দ্বারা যজমান পরলোকেই সমৃদ্ধি লাভ করে, ইহলোকে করেনা; [কেননা] প্রায়ণীয় এই [নাম মনে] করিয়া নির্ব্বপণ করা হয়, প্রায়ণীয় এই [নাম মনে] করিয়া চরণ (আহুতি প্রক্ষেপ) করা হয়, [ইহা দ্বারা] যজমান ইহলোক হইতে প্রয়ণই করে।

প্রয়াণ করে বলিয়া ইহার নাম "প্রায়ণীয়" বলা হইল। উক্ত আপন্তির উত্তর—"অবিভয়া

• অব

না জানিয়াই [ব্রহ্মবাদিগণ] তাহা বলেন; [উক্ত দোষ পরিহারের জন্ম] যাজ্যা ও অনুবাক্যাসমূহের ব্যতিষঙ্গ করা হয়। পূর্ব্বোক্ত "ঘত্তিনঃ পথ্যাস্থ" হইতে "মহীমৃ যু মাতরং" পর্যন্ত প্রায়ণীরের যাজ্যামবাক্যা। তাহাদের ব্যতিষঙ্গের অর্থ বৃথান হইতেছে যথা—"যাঃ…… প্রতিতিষ্ঠিতি"

যাহা প্রায়ণীয়ের পুরোহনুবাক্যা (অনুবাক্যা), তাহাকে উদয়নীয়ের যাজ্যা করিবে; যাহা উদয়নীয়ের পুরোহনুবাক্যা, তাহাকে প্রায়ণীয়ের যাজ্যা করিবে; এইরূপে (ইহ এবং পর)

⁽ ১১) "প্রারণীরক্ত নিকাস উদরনীরমভিনির্ব্বপত্তি সৈব সা বক্ষত্ত সন্ততিঃ।" [১ | ১ | ২ | ৫]

উভয় লোকে সমৃদ্ধির জন্ম, উভয় লোকে প্রতিষ্ঠার জন্ম, ব্যতি-যঙ্গ করা হয়; [তদ্ধারা যজমান] উভয় লোকে সমৃদ্ধিমান্ হয়, উভয় লোকে প্রতিষ্ঠিত হয়।

ভৈত্তিরীরদেরও ঐ মত। ^{১২} ব্যতিষদ জ্ঞানের প্রশংসা—"প্রতিতিঠতি ধ এবং বেদ"

যে ইহা জানে [সে] প্রতিষ্ঠিত হয়।

প্রথমথণ্ডোক্ত প্রায়ণীয়-উদয়নীয়-চক্ষর প্রশংসা—"আদিত্যশুক্ত অপ্রথংসার"

প্রায়ণীয় চরু অদিতির উদ্দিষ্ট, উদয়নীয় চরু অদিতির উদ্দিষ্ট ; [এই ছুই চরু] যজ্ঞকে ধরিবার জন্ম, যজ্ঞকে অস্তস্ত (অশিথিল) করিবার জন্ম, যজ্ঞে গ্রন্থিবন্ধনের জন্ম। "

मृष्टीखवात्रा देश व्यान श्रेटिक स्था—"छम् यरेथव·····ष्ठेमत्रनीत्रः"

[কোন কোন ব্রহ্মবাদী] এই (দৃষ্টান্ত) যেরপে বলেন, তাহা এই,—রজ্বর উভয় প্রান্তে খুলিয়া পড়া নিবারণের জন্য যেমন গ্রন্থি দেয়, সেইরপ [যজ্বের আদিতে] যে অদিতির উদ্দিষ্ট প্রায়ণীয় চরু আছে এবং [যজ্বের অন্তে] যে অদিতির উদ্দিষ্ট উদয়নীয় চরু আছে, তদ্ধারা যজ্বের উভয় অন্তকে আঁটিয়া ধরিবার জন্য গ্রন্থি দেওয়া হয়।

প্রারণীরে বে পথ্যানামিকা প্রথম দেবতা আছে, উদরনীরে তাহার উত্তমান্ত দর্শন—"পথ্যরৈবেতঃ·····শব্যাদ্বন্তি"

ইহাদের (দেবতাদের) মধ্যে "পথ্যা" ও "স্বস্তি" [নান্ধী

⁽১২) "বাঃ প্রারপীয়ত বাজ্যাবতা উদয়নীয়ত বাজ্যাঃ কুর্বাৎ, পরাঙ্মুং লোক্যারোহেৎ প্রান্ত্র্যাক্ত তাল্যাঃ প্রারপীয়ত প্রোক্সবাক্যাতাঃ উদয়নীয়ত বাজ্যাঃ করোভ্যাবিলেব লোকে প্রতিক্রিতি"। [৩।১।৫।৫]

দেবতা] বারা [যজমান যজ্ঞ] আরম্ভ করে; পথ্যা ও স্বস্তিকে লক্ষ্য করিয়া উদ্যাপন (সমাপন) করে; [এতদ্বারা] এই কর্ম্ম স্বস্তিতেই (মঙ্গলেই) আরম্ভ করা হয়, এবং স্বস্তিতে সমাপন করা হয়, স্বস্তিতে সমাপন করা হয়।

পথ্যার নামই স্বস্তি। প্রায়ণীয় কর্ম্মে পথ্যা বা স্বস্তি দেবতার প্রথমে বাগ করা হর, উদয়নীয় কর্ম্মে উক্ত দেবতার শেষে বাগ করা হয়; স্বস্তি দেবতার আছতে বাগ করায় যজমানের যজ্ঞ নির্মিয়ে সমাপ্ত হয়।

তৃতীয় অধ্যায়

প্রথম থণ্ড

সোমপ্রবহণ

পূর্ব্ব অধ্যারে প্রারণীয় ইষ্টি ও উদয়নীর ইষ্টি ও তাহার দেবতাদি বর্ণিত হইরাছে। অনস্তর সোম আনয়নের দিক্ নির্ণয় হইতেছে—"প্রাচাং……ক্রীরভে"

পূর্ববিদিকেই দেবগণ রাজা সোমকে ক্রেয় করিয়াছিলেন; সেই হেছু [ঋত্বিকেরাও প্রাচীনবংশের] পূর্ববিদিকেই [সোম] ক্রেয় করিবে।

সোমবিক্রেতার দোব কথন—"তং·····সোমবিক্রয়ী"

[দেবগণ] ত্রয়োদশ মাস (তদভিমানি-দেবতা) হইতে তাহা (সোম) ক্রয় করিয়াছিলেন; সেই হেতু ত্রয়োদশ সাস [শুভকর্ম্মের] অনুকূল নহে, সোমবিক্রেতাও [সদাচারের] অনুকূল নহে; বস্তুতঃ সোমবিক্রয়ী পাপী।

মেবাদিরাশির সংক্রাম্ভিরহিত মলমাস শুভকর্মে বর্জনীয়। ঐ বিষয়ে ভৈত্তিরীয়-শ্রুতির প্রমাণ আছে। ক্রেরের পর প্রাচীনবংশে সোম আনয়নকালে প্রাঠ্য অন্তমন্ত্রপ্রশংসা " "তস্যতদন্তানামন্তম্"

মমুষ্যগণকে লক্ষ্য করিয়া আদিবার সময় সেই ক্রীত সোমের দিক্ (অধিষ্ঠানস্থল), বীর্ষ্য (সোমের বল-দানশক্তি), ইন্দ্রিয় (চক্ষুরাদির বলাধানক্ষমতা) নফ হইয়া গিয়াছিল; [মসুষ্যেরা] একটি ঋক্ দ্বারা ঐ সকলকে রক্ষা করিতে ইচ্ছা করিয়াছিল, কিন্তু তাহা রক্ষা করিতে পারে নাই; [ক্রমে] তাহা ছই ঋক্ দ্বারা, তাহা তিন ঋক্ দ্বারা, তাহা চারি ঋক্ দ্বারা, তাহা পাঁচ ঋক্ দ্বারা, তাহা ছয় ঋক্ দ্বারা, তাহা সাত ঋক্ দ্বারাও রক্ষা করিতে পারে নাই; [অবশেষে] তাহা আট ঋক্ দ্বারা রক্ষা করিয়াছিল, তাহা আটটি ঋক্ দ্বারা পাইয়াছিল; যেহেতু অফ [ঋক্] দ্বারা রক্ষা করিয়াছিল, অফ [ঋক্] দ্বারা পাইয়াছিল, সেই জন্ম অফের অফড্ব।

এতদ্বারা পাইরাছিল, এই ব্যুৎপত্তিবারা প্রাপ্তার্থক অল্ ধাতু হইতে এন্থলে অষ্ট লব্দ নিশার করা হইল। এই জ্ঞানের প্রশংসা—"অগ্লুতে·····বেদ"

^{(&}gt;) "ভূতকাধ্যাপক: ক্লীব: কপ্সাদ্ব্যভিশস্তক:।

মিত্ৰ-কু পিশুন: সোমবিক্ৰয়ী চ বিনিন্দক: ।" [বাজ্ঞবদ্য > । ২২৩]
সোমবিক্ৰয়িণে বিঠা ভিষকে প্ৰশোণিত:।

নষ্টাং দেবলকে দত্তমপ্ৰতিষ্ঠন্ত বাৰ্দ্ধ্যৌ । [মন্ত্ৰু ৩ । ১৮০]

⁽২) "জন্মে জ্যোতিং সোমবিক্ষিণিতম ইত্যাহ, জ্যোতিরেব বজমানে দধাতি তমসা সোম-বিক্রমিণমর্শমতি" [৬।১।১০।৪]

^{় (} ৩) পরবর্তী বিতীর ধণ্ডে জষ্ট শ্রক্বিধান দেব।

যে ইহা জানে, সে যাহা যাহা কামনা করে, তাহা প্রাপ্ত হয়।

উক্ত অষ্ট সংখ্যার বিধান—"ভশ্মানেভের্·····অবক্লথৈয"

সেইজন্ম ইন্দ্রিয় ও বীর্য্য রক্ষা করিবার জন্ম এই সকল কর্মো (সোমানয়নাদি কর্মো) আটটি আটটি [ঋক্] পাঠ করা হয়।

দ্বিতীয় খণ্ড

সোমপ্রবহণ মন্ত্র

পূর্ব্বোক্ত অষ্টসংখ্যক মন্ত্রের অবতারণার ক্রন্ত "প্রৈব" মন্ত্রের ' বিধান "সোমার·····অধ্বর্মুঃ"

অধ্বর্যু [হোতাকে] কহেন—তুমি [প্রাচীনবংশে] নীয়মান ক্রীত সোমের উদ্দেশে ক্রমানুসারে মন্ত্র বল।

ইহাই অধ্বর্গুপাঠ্য **প্রেষ মন্ত্রের অর্থ। অনস্তর হোভূপাঠ্য প্রথম ধক্** "ভজাদভিশ্রের: প্রেহীতারাহ"

"ভদ্রাদভিশ্রেয়ঃ প্রেহি" এই (ঋক্) [হোতা] পাঠ করিবে। অধ্বর্যু কর্তৃক প্রেষিত হোতা সোমানরনে উক্ত মন্ত্র পাঠ করিবে। এই ঋক্ তৈত্তিরীয়-সংহিতার আছে'। উক্ত ঋকের প্রথম পাদের ব্যাখ্যা—"অরং……গময়তি"

^{(&}gt;) 'বল্ল' "ক্রহি" ইত্যাদি লোট ্বিভজির সধ্যম প্রধান্ত পদ ঘটিত বে বাক্য দাবা অধ্বর্দ্ধ হোতাকে কর্ম্বে প্রেবণ (নিরোগ) করে সেই বাক্যকে প্রেব কহে; উক্ত প্রেববাক্যবিশিষ্ট মন্ত্রকে থ্রেব-মন্ত্রকহে।

⁽২) "জ্ঞাদতি শ্ৰের: প্ৰেহি বৃহস্পতিঃ পূর এতা তে অন্ত। অংশ বৰক্ত বর আ পৃথিবাঃ আরে শত্ৰুন, কুপুছি সর্কবীরঃ । [১।২।৩।৩]

হে বৎস (সোম), এই লোক (ভূলোকরপী সোমজন্ম-হান) ভদ্র (উত্তম); তদপেক্ষায় এই লোক (স্বর্গরপী প্রাচীনবংশগৃহ) শ্রেষ্ঠ ;—তাহা [এই অর্থযুক্ত ঐ মন্ত্রের প্রথম চরণ] যজমানকে সেই স্বর্গ লোকেই গমন করায়।

বিতীর পাদের অন্থবাদপূর্বক ব্যাখ্যা—"বৃহস্পতিঃ……বন্ধবিদ্যাতি"

রহস্পতি তোমার পুরোগামী হউন;—ইহাদারা (এই অর্থবিশিষ্ট দিতীয়চরণ পাঠদারা) ইহার (যজমানের) নিমিত্ত ব্রাহ্মণকেই অগ্রগামী করা হয়; যে হেতু রহস্পতিই ব্রাহ্মণ এবং ব্রাহ্মণ-সহায় কর্ম নষ্ট হয় না।

ভৃতীয় ও চতুর্থ পাদের অমুবাদপূর্বক ব্যাখ্যা—"অথেমবস্য ·····পাদয়তি"

অনন্তর পৃথিবীর মধ্যে শ্রেষ্ঠ এই [দেবযজন] স্থান তোমার অবস্থানযোগ্য মনে কর,—ইহাদারা (তৃতীয়চরণের পাঠদারা) পৃথিবীমধ্যে যে দেবযজন স্থান শ্রেষ্ঠ, সেই দেবযজন স্থানে সোমকে স্থাপন করা হয়। সর্ব্বাপেক্ষা বীর [তুমি] শক্র-গণকে দূর কর,—ইহাদারা (চতুর্থচরণ পাঠদারা) ইহার (যজনানের) দ্বেকারী পাপরপ শক্রকে বাধিত করা হয় ও নিকৃষ্ট দেশে দূর করা হয়।

হোতার পাঠ্য বিতীর তৃতীর ও চতুর্থ ঝকের বিধান "সোম…...সমর্মর্মতি" রাজা সোমের আনয়নকালে "সোম যান্তে ময়োভূবঃ" ইত্যাদি তিনটি ঋক্ পাঠ করিবে; এই তিন ঋকের দেবতা

উক্ত মন্ত্ৰটি ৰংখদে দেখা বার না, কিন্ত অধ্বৰ্ধবেদে আছে [১।১।২২৪]; এই মন্ত্ৰারা হোষ বা লগ করিলে প্রবাসে আগন হইতে ধন উপস্থিত হয়। সারণাচার্ব্য অধ্বৰ্ধবেদের ভারে; ইহার অভারণ শর্ম করিয়াছেন।

⁽ ৩) "সোম বাতে ক্ষাভূব উভয়: সন্ধি হাওবে। তাভিনে হৈবিতা ভব।" (১/১১১)

সোম, ছন্দ গায়ত্রী ; এই জন্ম আপনারই দেবতা ও আপনারই ছন্দ দ্বারা ইহাকে (সোমকে) সমৃদ্ধ করা হয়।

বে দ্রব্য আনিবে তাহার নাম "সোম" এবং মন্ত্র তিনটির দেবতাও "সোম"; গারত্রী স্বর্গ হইতে পৃথিবীতে সোম আনিরাছিলেন, অভএব সোমের গারত্রী ছন্দ; এজগ্রই দেবতা ও ছন্দকে সোমের আপনার বলা হইল। ইহা তৈতিরীয় শ্রুতিতে ব্যক্ত আছে । পঞ্চম ঋকের বিধান "সর্ব্বো…গতেনেভাবাহ"

"সর্বের নন্দন্তি যশসাগতেন" এই ঋক্ পাঠ করিবে।
এই ঋকের প্রথম পাদের ব্যাখ্যা—"মশো বৈ…… যশ্চ ন"

রাজা সোম যশংশ্বরূপ; যে ব্যক্তি যজে লাভার্থী ও যে [লাভার্থী] নহে, তাহারা সকলেই ক্রীয়মাণ সোমকে দেখিয়া আনন্দিত হয়।

দ্বিতীয় পাদের ব্যাখ্যা—"সভাসাহেন-…-রাকা"

"সভাসাহেন সখ্যা সখায়ঃ" ইহার অর্থ—এই যে রাজা সোম, ইনি [ব্রাহ্মণগণের] সথা এবং ব্রাহ্মণগণের সভার পরাভবকর্তা।

ভূতীয়পাদের প্রথম পদের ব্যাখ্যা—"কিৰিবস্পুদিত্যেৰ উ এব কিৰিবস্পৃৎ" কিলিবৰ অৰ্থ যে এই যে সোম, ইনি কিল্পিব (পাপ) হইতে রক্ষাকর্তা।

[&]quot;हेब्र वळिमिनः वटा **ब्**ब्यान छेनागरि । नाम पः ता वृत्य छव ॥" (১।১১।১०)

[&]quot;मात्र गीर्ভिट्टा वतः वर्षतात्मा वक्काविमः। दम्नीरका न व्याविन ॥" (১।৯১।১১)

⁽৪) "ৰজ্ঞত বৈ অপৰ্ণী চাৰ্ত্ত্বপ্ৰেরিক্তাৰ্বিতাং সা ৰজঃ অপৰ্ণী মলবং সাৱৰীৰ ভীৱভামিতো-দিবি সোমন্তবাহরতেনান্ধানং নিজুলিবেতীরং বৈ ৰুজ্জনসৌ অপৰ্ণী ছব্দাংসি সৌপর্ণেরাঃ সাত্র-বীদক্ষৈ বৈ পিতরো পুতান্বিভূতকৃতীরভামিতোধিবি সোমন্তবাহরতে নান্ধানং নিজুলিব"

^{[&}lt; 1 > 1 < 1 >]

⁽ c) "সার্থে নন্দান্তি বর্ণসাগতেন সভাসাহেন কথ্যা কথার: ভিৰিবশপুর শিতৃমনির্ভোবানর বিভা ভবতি বালিনার ॥" (> । १> । ১>)

পাপের কারণ প্রদর্শন—যো বৈ ভৰতি

যে [যজে] প্রবৃত্ত হয় এবং যে [যজ্ঞকর্মে] শ্রেষ্ঠতা লাভ করে, সে পাপ লাভ করে।

কর্মমাথির ব্যগ্রতা ও কর্মপটুম্বর্গর্ম ঋদিকের পাপের কারণ ; বথা— "ভন্মাদাত:·····বাতররিতি"

সেই হেডু (ঋষিকের পাপের সম্ভাবনা থাকায়) [যজমান] এইরূপ বলে—[অহে হোতা, তুমি অন্তমনক্ষ হইয়া] পুরোহন্মবাক্যা পাঠ করিও না; [অহে অধ্বর্যু, তুমি
ব্যগ্রতাপ্রযুক্ত] অন্তথা অনুষ্ঠান করিবে না; অহে ক্ষিপ্রকারিগণ, তোমাদিগকে যেন] পাপ আশ্রয় না করিতে হয়।

ভৃতীর পাদে দিতীয় পদায়বাদব্যাখ্যা—"পিতৃষণিঃ……তৎ করোতি"

"পিতুষণি" এন্থলে অমই পিতু, দক্ষিণাই পিতু; সেই (দক্ষিণা) ইহাদ্বারা [ঋত্বিক্দিগকে] দান করা হয়; এতদ্বারা এই সোমকেই অমসনি [অমের নিমিত্ত] করা হয়।

ठजूर्थ भन्न वाकिन भक् ग्राथा─"अत्रः.....वाकिनः"

"অরং হিতো ভবতি বাজিনায়" এন্থলে বাজিন অর্থে ইন্দ্রিয় ও বীর্যা।

ইহা জানার প্রশংসা—"আজরসং·····বেদ"

যে ইহা জানে, জরা (বার্দ্ধক্য) শেষ পর্য্যস্ত তাহার ইন্দ্রিয় ও বীর্য্য বিচ্ছিন্ন হয় না।

বৰ্চ ঋকের বিধান "আগন্দেব ইত্যৰাহ"

"আগন্ দেব" এই মন্ত্র * পাঠ করিবে।

⁽ ६) "আগন্ দেব ৰতুভিৰ্বৰ্ডতু ক্ষাং গধাতু নঃ সমিতা ক্ষুপ্ৰভাগিবন্। স নঃ কণাভিনহতিক জিবতু প্ৰজাৰতং নিমিমে সমিত্তু ॥" (৪ । ৫৩ । ৭)

উক্ত থকের প্রথম পাদের পূর্বজাগের ক্যাখন—"আগতো……ভবতি" সেই সময়ে (ক্রেয়ের পর) তিনি (সোম) আগত হন। উত্তর ভাগের সাহ্যবাদ যাখ্যা—"ঋতুভিঃ……আগময়তি"

যেমন মনুষ্যের [ভ্রাতা মনুষ্য], সেইরূপ ঋতুগণ রাজা সোমের রাজভাতা; 'ঋতুভিব র্দ্ধতু ক্ষয়ম্'—এই বাক্য সেই ঋতুগণসহ এই সোমকে [এই যজ্ঞে] আগমন করায়।

দ্বিতীয় পাদের সাম্বাদ ব্যাখ্যা—"দধাতু……আশাতে"

"দধাতু নঃ সবিতা স্থপ্রজামিষম্" এই পাদপাঠ দারা আশীষ (প্রার্থনীয় প্রজাদি) প্রার্থনা করা হয়।

তৃতীয় ও চতুর্থ পাদের সামবাদ ব্যাখ্যা—"স নঃ…আশান্তে"

"স নঃ ক্ষপাভিরহভিশ্চ জিম্বতু"—এই বাক্যে অহঃ শব্দে দিন ও ক্ষপা শব্দে রাত্রি; উহাতে অহোরাত্র দারাই ইহার নিমিত্ত এই আশীষ প্রার্থনা করা হয়। "প্রজাবন্তঃ রয়িমস্মে সমিন্বতু"—ইহা দারাও আশীষ প্রার্থনাই হয়।

সপ্তম ঋকের বিধান "যা তেইত্যৰাহ"

"যা তে ধামানি হবিষা যজন্তি" এই ঋক্ পাঠ করিবে। ' ঐ ঋকের দ্বিতীয় পাদ—

"তা তে বিশ্বা পরিভূরস্ত যজ্ঞমৃ।"

উভর চরণের অর্থ — [হে সোম] তোমার যে সকল [উত্তরবেদি-প্রভৃতি] স্থানের হবির দারা যাগ হয়, তোমার সেই সকল স্থান ব্যাপিয়া তুমি যজের নিকটে অবস্থান কর।

তৃতীয় পাদের সাম্প্রাদ ব্যাখ্যা—"গরক্ষানঃ……তদাহ"

(৭) "বা তে থামানি হৰিবা বসন্তি তা তে বিখা গরিভুরত বজন । গরকান: প্রতর্গ: ক্রবীরোক্রীরহা প্রচরা সোধ ছুর্গান্ ॥" (১ ১ ৯২ ১ ১৯) ** "গয়স্ফানঃ প্রতরণঃ স্থবীরঃ"—এতদ্বারা, আমাদিগের গাভীসকলের বৃদ্ধিকর্তা ও উদ্ধারকর্তা হও, ইহাই বলা হয়। চতুর্ধপাদের সাহবাদ যাখ্যা—অবীরহা……হিনন্তি"

"অবীরহা প্রচরা সোম ছুর্য্যান্" এন্থলে ছুর্য্য অর্থে গৃহ;
[পরিচর্য্যার ক্রটির আশক্ষায়] সমাগত সোমরাজ হইতে
যজ্ঞমানের গৃহ (গৃহস্থিত লোকেরা) ভয় পায়; তখন যদি
হোতা এই মন্ত্র পাঠ করে, তাহা হইলে শান্তির কারণ [এই
মন্ত্র] দ্বারা সোমকে শান্ত করা হয়; সোম শান্ত হইলে
যক্তমানের প্রজার ও পশুর হিংসা করেন না।

অষ্ট্রম ঋক বিধান—"ইমাং----পরিদধাতি"

'হিমাং ধিয়ং শিক্ষমাণস্থা দেব" এই বরুণদেবতাক ঋকের দ্বারা [অমুবচন পাঠ] সমাপ্ত করিবে। '

বাৰুণ ঋক্ষারা সমাপনের কারণ "বরুণদেবভ্যোসমর্দ্ধরতি"

যতক্ষণ এই সোম [বস্ত্রাদি দারা] আবদ্ধ থাকেন, ও যতক্ষণে প্রাচীনবংশ গৃহে উপস্থিত হন, ততক্ষণ ইঁহার দেবতা বরুণ; তাহা হইলে [উক্ত বারুণ ঋক্ পাঠে] আপ-নারই দেবতা দ্বারা ও আপনারই ছন্দ দ্বারা ইঁহাকে সমৃদ্ধ করা হয়।

বন্ধন-ক্রিয়া বঙ্গণ-পাশের অধীন এবং আবরণ-ক্রিয়াও বঙ্গণের অধীন ; সেই হেডু সোমের দেবতা বঙ্গণ। উক্ত ঋক্টির ত্রিষ্টুপ্ ছন্দ ; এই ত্রিষ্টুপ্ সোম আহরণ করিবার জন্ম অর্গে যাইয়া দক্ষিণা ও তপস্যা আনিয়াছিলেন ই ; সেই জন্ম

⁽৮) "ইনাং ধিরং শিক্ষমাণস্য দেব ক্রতুং দক্ষং বরূপ সংশিশাবি।
বরাতি বিবা ছরিতা তরেম হুতর্রাণমবি নাবং ক্রহেম ॥" (৮। ৪২ । ৩)
﴿ ১) "সা দক্ষিণাশ্তিক তপসা চাগচ্ছতি" (♦। ১ । ﴿ । ২)

ত্রিষ্টুপ্ ছন্দও সোমের স্বকীর। ইহা শাধান্তরে তৈত্তিরীয় সংহিতার ক্থিত আছে।

প্রথম পাদের ব্যাখ্যা—"শিক্ষমাণশু·····যঞ্জতে"

"শিক্ষমাণস্থা দেব" এম্বলে [শিক্ষমাণের অর্থ], যে যজন করে, [কেন না] সে শিক্ষা [যজ্ঞ অভ্যাস] করে।

দ্বিতীয় পাদের সাহ্ববাদ ব্যাখ্যা—"ক্রতৃং……ভদাহ"

"ক্রতুং দক্ষং বরুণ সংশিশাধি" এতদ্বারা হে বরুণ, [তুমি] বীর্যা ও প্রকৃষ্ট জ্ঞানের সম্যক্ উপদেশ প্রদান কর, ইহাই বলা হয়।

তৃতীয় ও চতুর্থ পাদের সামুনাদ ব্যাখ্যা—"বয়াতি-----সম্বরতি"

"যয়াতি বিশ্বা ছ্রিতা তরেম স্বতর্মাণমধি নাবং ক্রছেম" এস্থলে যজ্ঞই স্থথে তরণকারী নোকা—ক্রফাজিনই স্থথতরণকারী নোকা; লাকা —[মন্ত্রাত্মক] বাক্যই স্থথতরণকারী নোকা; [সেই মন্ত্র পাঠে] সেই বাক্যরূপ নোকায় আরোহণ করিয়া তদ্ধারাই স্বর্গলোকের উদ্দেশে উত্তীর্ণ হওয়া যায়।

উক্ত সকল ঋকের প্রশংসা—"তা এতা ·····সমৃদ্ধৈ"
দেই এই আটটি রূপসমৃদ্ধ মন্ত্র পাঠ করিবে। উক্ত রূপ-সমৃদ্ধির কারণ—"এতদ্বৈ·····বদৃতি"

যাহা রূপসমৃদ্ধ, [অর্থাৎ] যে ঋক্ ক্রিয়মাণ কর্মকে: পূর্ণভাবে উল্লেখ করে, তাহা যজ্ঞকেও সমৃদ্ধ (সম্পূর্ণ) করে। আছত্তে হুইটি ঋকের আরুদ্ধি বিধান—"তাসাং……বিরুত্তমাং"

তন্মধ্যে (উক্ত আটটী ঋকের মধ্যে) প্রথম ঋক্ তিনবার,

[স্মার] শেষ ঋক্ তিন বার পাঠ করিবে।

উক্ত রূপে আর্ত্ত ঋকের সংখ্যার প্রশংসা—"তাঃ···প্রজাপতিঃ"

[উক্তরপে আর্ত্ত] সেই (অউসংখ্যক) ঋক্ দাদশ-

সংখ্যক হইবে; দ্বাদশ মাসেই সংবৎসর, সংবৎসরই প্রজাপতি।

উক্তরপ জানের প্রশংসা—"প্রকাপত্যা·····বেদ"

্য ইহা জানে, সে প্রজাপতি যাহাদের আয়তন (আশ্রয়), সেই [ঋক্] সকলের দারা সমৃদ্ধ হয়।

ষাবৃত্তির প্রশংসা—"ত্রিঃ……অবিস্রংসায়"

প্রথম ঋকৃ তিনবার, শেষ ঋকৃ তিনবার পাঠ করিবে; ভদ্ধারা [যজ্জের] স্থিরতার জন্ম, দৃঢ়তার জন্ম, শিথিলতা নিবারণের জন্ম [রক্ষ্রপী] যজ্জের [প্রান্তম্বয়ে] গ্রন্থি

তৃতীয় খণ্ড লোমের উপাবহরণ

সোম আনয়নের ঋক্ বলা হইয়াছে, এখন আনীত সোমকে শক্ট হইতে শামাইবার ঋক্ বিধান—"অস্ততরো·····হেরেয়ুং"

একটি বলদ [শকটে] যোড়া থাকিবে, অপর আর একটি খুলিয়া দিবে; অনন্তর রাজাকে (সোমকে) নামাইবে।

শকট হইতে ছই বলীবৰ্দ-মোচনে দোষ-প্ৰদৰ্শন "যন্নভয়োঃ……কুৰ্যু:"

যদি জুইটি বলদই [শকট হইতে] খুলিয়া [সোম] নামান হয়, [তবে] সোমকে পিতৃদৈবত করা হয়।

- পিতৃদৈবত অর্থাৎ পিতৃলোককর্তৃক স্বীকৃত সোম দেববজ্ঞের অয়োগা। । উত্তর বুলীবর্দ্ধ শকটে বৃক্ত থাকাও দোবাবহ—"বদ্—শন্তবরন্ত

यमि इरेपिर युक्त थारक, [जोश रहेरन] रयाशरकरमत

40

অভাব প্রজাকে (পুতাদিকে) আক্রমণ করে; [ভাহাতে] প্রজা পরিপ্ল'ড হইয়া (ভাসিয়া) যায়।

অপ্রাপ্ত খনের গাড়কে যোগ করে, মার গন্ধ খনের রক্ষা করাকে ক্ষেত্র করে।

যে বলদ খোলা যায়, সে গৃহন্থিত প্রজাস্বরূপ, [আর] যে, যোড়া থাকে, সে [লোকিক ও বৈদিক] ক্রিয়াস্বরূপ; [অতএব] যাহারা একটি যোড়া রাখিয়া ও অফটিকে খুলিয়া [সোমকে] নামায়, তাহারা যোগ ও ক্ষেম উভয়ই সম্পাদন করে। '

অনস্তর আখ্যায়িকা দারা সোম-নামাইবার জন্ম ঈশান কোণের বিধান "দেবা-স্থরা-----কর্ত্তোঃ"

দেবগণ ও অহ্বরগণ এই সকল লোকে যুদ্ধ করিয়াছিলেন; তাঁহারা [প্রথমে] এই পূর্ব্বদিকে যুদ্ধ করেন, তাহাক্ত অহ্বরেরা তাঁহাদিগকে (দেবগণকে) পরাজয় করে; [পরে] তাঁহারা দক্ষিণদিকে যুদ্ধ করেন, তাহাতে অহ্বরেরা তাঁহাদিগকে পরাজয় করে; তাঁহারা পশ্চিমদিকে যুদ্ধ করেন, তাহাতে অহ্বরেরা তাঁহাদিগকে পরাজয় করে; তাঁহারা উত্তর্নিকে যুদ্ধ করেন, তাহাতে অহ্বরেরা তাঁহাদিগকে পরাজয় করে; [শেক্তে তাহারা উত্তর-পূর্ব্বদিকে (ঈশান কোণে) যুদ্ধ করেন, তাহারা তথন পরাজিত হন নাই; এই সেই (ঈশান) দিক্ত অপরাজিত; সেই হেতু এই দিকে [সোম নামাইতে] যুদ্ধ করিবে বা যুদ্ধ করাইবে; তবে [যুজ্জকে] সম্পূর্ণ করিতে সমর্থ হইবে।

⁽১) ''বছভৌ বিষ্চাতিশাং গৃহীরাদ বজং বিজিন্দাং বছভাববিষ্চা বধানাগভারাতিশাং ক্রিক্ট্র ভাদুগেব তবিষ্ডোহভোহনভূনি ভবতি অবিষ্ট্রেইভোহশাতিশাং গুরুতি বজন্য সম্ভত্যৈ' (৬)২)১৪

সামই জন্মের হেতু ইহা দেখান হইতেছে—"তে……রাজ্ঞা"

সেই দেবগণ বলিয়াছিলেন,—আমাদের রাজার অভাবে জয় হইল না, আমরা রাজা করিব; তাহাই হউক, এই বলিয়া তাঁহারা সোমকে রাজা করিয়াছিলেন; তাঁহারা রাজা সোমদ্বারা সকল দিক্ জয় করিয়াছিলেন। যে (য়জমান) [সোম-] যাগ করে, সোমই তাহার রাজা। [শকট] পূর্বাদিকে অবস্থিত থাকিতে [সোম] চাপাইবে, তাহাতে পূর্বাদিক্ জয় করা হয়; [তৎপরে] ভাহাকে (শকটস্থ সোমকে) দক্ষিণে বহন করিবে, তাহাতে দক্ষিণদিক্ জয় হয়; তাহাকে পশ্চিমে ফিরাইবে, তাহাতে পশ্চিম দিক্ জয় হয়; তাহাকে উত্তরে রাখিয়া [শকট হইতে] নামাইবে, তাহাতে রাজা সোমের দ্বারা উত্তর দিক্ জয় হয় ।

আপত্তমণ্ড সোমের শক্টবহন সম্বন্ধে এইরূপ বলেন। ইহা জানার প্রশংসা—"সর্ব্বা·····বেদ"

य देश कात्न, त्म मकल मिक् क्य करत ।

চতুর্থ খণ্ড আতিখ্যেষ্টি-বিধান

আজিথোষ্টি-বিধান—"হবিরাতিথাং····বাজ্বতাগতে"

প্রাচীনবংশ সমীপে] রাজা সোম উপস্থিত হইলে আতিথ্য হবিঃ নির্বপণ হয়।

⁽২) "দ্ৰংজগ্ৰাহ প্ৰত্যবন্ধসকত ইতি আন্দোহডিপ্ৰবাদ দক্ষিণমাৰ্থত ইত্যগ্ৰেণ প্ৰাৰংশং প্ৰাক্ষিণ উদগীৰং বা দক্টমবছাপ্য" (১০৷২৯৷১৷১১)

আছিলছের নামের কারণ —"সোমো-----আতিথ্যং"

রাজী সোম যজমানের গৃহে আসিতেছেন, [সেই জন্ম] তাঁহার উদ্দেশে আতিথ্য হবিঃ নির্বপণ করা হয়; তাহাতেই আতিথ্যের আতিথ্যত্ব।

আতিথ্যেষ্টিতে পুরোডাশ-বিধান—"নবকপালো·····প্রতিপ্রজ্ঞাত্যৈ"

প্রাণ নয়টি; [ঐ সকল] প্রাণের স্ব-ব্যাপার-সামর্থ্যের জন্ম ও প্রাণের স্বরূপ জানিবার জন্ম পুরোডাশও নয়খানি কপালে সংস্কৃত হয়।

মন্থব্যের মন্তকে সপ্তদার, অধোদেশে ছই দার, এই নবদারে নবপ্রাণ'। দ্রব্য-বিধানানস্তর দেবতা-বিধান—"বৈঞ্চবো·····সমর্দ্ধয়তি"

[সেই পুরোডাশ] বিফুর উদ্দিষ্ট; বিষ্ণুই যজ্ঞ; [অতএব ু] আপনারই দেবতা দারা [ও] আপনারই ছন্দোদারা যজ্ঞকে সমৃদ্ধ করা হয়।

এই পুরোডাশ প্রদানের যাজ্যা ও অন্থবাক্যার ছন্দ গান্ধবী ও ত্রিষ্টুপ্; তাহাকেই এস্থলে আপনার ছন্দ বলা হইল। সোমের অন্থচরবর্গের হোম যথা—
"সর্বাণি···· ক্রিয়তে"

সকল ছন্দ ও সকল পৃষ্ঠ ক্রীত সোমরাজের অমুগমন করেন; বাঁহারা রাজার অমুগমন করেন, তাঁহাদের সকলেরই প্রতি আতিথ্য করিবে।

পৃষ্ঠ-অর্থে বৃহদ্রথস্তরাদি-সামসাধ্য স্তোত্র। "অগ্নেরাতিথ্যমিসি" ইত্যাদি মন্ত্রবার্রা হোম করিয়া সকল অমুচরবর্গকে তৃপ্ত করিবে। ইহা তৈত্তিরীয়েরাও বলেন । আতিথোষ্টর অন্তর্গত অগ্নিমন্থন-কর্ম-বিধান—"অগ্নিং ……পশুঃ"

^{(&}gt;) "मन्ड देव नीर्वगाः शांना बाववारको।"

⁽২) "বাৰভিব্বৈ রাজাসূচরেরাগচ্ছতি, সর্বেজ্যো বৈ তেন্তা আডিখাং ক্রিরতে, ছন্সাংসি উলু বৈ সোমস্য রাজ্যোহসুচরাণ্যগ্রেরাজিখারুসি বিশ্ববে স্বেডাাই গারুত্রা এবৈতেন করোতি, সোমস্যাভিশ্যন্সি মিসিবিশবে স্বেডাার বিশ্বত করোডি (তৈনির্বারসং ৮।২।১)

বোমরাজ আগত হইলে অগ্নিমন্থন করিবে; তাহা ইরপ।
বেমন নররাজ অথবা অন্য পূজ্য ব্যক্তি উপন্থিত হইলে বৃষ
অথবা বেহৎ (গর্ভনাশিনী র্দ্ধা গাভী) হত্যা করে, সেইরপ
অগ্নির যে মন্থন হয়, তাহাতেই সোমের উদ্দেশে অগ্নির
হক্ত্যা করা হয়; কেননা অগ্নিই দেবগণের পশু।

ুর্ব যজ্ঞির দ্রব্যাদি বহন করে, অগ্নিও দেবগণের নিকটে হব্য বহিন্না লইন্না বান, একস্ত অগ্নিতে পশুর সাদৃশ্য।

পঞ্চম থণ্ড

অগ্নিমন্থন-মন্ত্ৰ

স্বামিস্থনের পর তত্তত্য শক্-বিধানার্থ প্রৈষ-মন্ত্রের বিধান—"জগ্নরে

•••••অধ্বর্দ্ধ্যু:"

অধ্বর্যু [হোতাকে] বলেন—তুমি মখ্যমান অগ্নির উদ্দেশে অমুবাক্যা পাঠ কর।

্ভিছিষয়ে প্রথম ঋকের বিধান "অভি... সন্থাহ"

"অভি ত্বা দেব সবিতঃ" এই সাবিত্রী [সবিতৃদৈবত]
শোক পাঠ করিবে।

এ ছলে ব্রহ্মবাদীদের আপত্তি যথা—"তদাহ-----সম্বাহেডি"

তিষিয়ে [ব্রহ্মবাদিগণ] বলেন, যথন [অধ্বর্যু] "অগ্নয়ে অধ্যুমানায়" এই [অগ্নির অনুকূল] বাক্য [প্রৈষমন্ত্ররূপে]

पं क गृहिंद्रा ताळवरकातंत्र वं नंदर्गाकः वा महाकः वा त्यांविवाद्राणकवृद्यदः (> 1 > >)
 (>) "व्यक्ति वा त्यवं मिक्कतीलांतः वांद्राग्नाः । मनावन् कांवनीमांद ॥ है अर्थाकः)

*

বলেন, তখন পরে [আগ্রেয়ী ঋক্ পাঠ না করিয়া] কেন সাবিত্রী ঋক্ পাঠ করা হয় ?

তাহার উত্তর--- "সবিতা----- অবাহ"

সবিতাই প্রসবের (যজ্ঞকর্মে প্রেরণের) প্রভু; ঐ মন্তর দারা সবিতৃ-প্রেরিত হইয়াই এই অগ্রিকে মন্থন করা হয়; সেই জন্ম সাবিত্রী ঋক্ই পাঠ করিবে।

দিতীয় ঋক বিধান—"মহী.....অস্বাহ"

"মহী ভো: পৃথিবী চ ন" এই ভাবাপৃথিবীয়া ঋক্ পাঠ করিবে।

ষ্ঠাবাপৃথিবীয়া অর্থে যাহার দেবতা দ্যৌ এবং পৃথিবী। এন্থলেও পূর্ব্বমত
আপত্তি ও তাহার উত্তর "তদাহঃ·····অবাহ"

সে বিষয়ে [ব্রহ্মবাদীরা] বলেন—যখন "অগ্নয়ে মথ্যমানায়" এই [অগ্নির অনুকূল] বাক্য [প্রৈষমন্ত্র] বলা হয়,
তখন পরে কেন ভাবাপৃথিবীয়া ঋক্ পাঠ করা হয় ?
[উত্তর], [পুরাকালে] উৎপন্ন এই অগ্নিকে দেবতারা
ভৌ এবং পৃথিবী দ্বারা গ্রহণ করিয়াছিলেন; এখনও তাঁহাদের
দারাই অগ্নি গৃহীত হন। সেই জন্ম ভাবাপৃথিবীয়া ঋক্ই
পাঠ করা হয়।

পাবক নামক অগ্নি পৃথিবীতে আছেন, স্থান্তপ অগ্নি আকাশে আছেন। ভূতীয় চতুর্থ ও পঞ্চম ঋক্ বিধান—"ভাষয়ে স্কান্তি"

"ছামমে পুৰুৱাদধি" ইত্যাদি অগ্নিদৈবত ও গায়ত্ৰী-

⁽२) "मही लो: পृथिरी ह न हेबर बजर बिविक्डार शिशुजार ता छत्रीबिक्ट ।" (३।२२।३७)

⁽७) "पामरप्र श्र्वतावि व्यवस्थ नित्रमञ्छ। वृद्धा विषक्त वाथकः।" (०।১०।১०)
"ठर छर पा वर्षाद्व पद्ध श्र्व केट्स व्यवस्थनः वृज्ञवरः श्रवणत्रव्।" (०।১०।১०)
"छर छर पा भारता वृक्ष मनीद्य वृक्षप्रक्षरं वनक्षत्रं त्रव त्रवण (०।১०।১०)

ছন্দোযুক্ত তিনটি ঋক্ পাঠ করা হয়; তাহাতে মন্থনকালে অগ্নিকে আপনারই দেবতা ও আপনারই ছন্দোদ্বারা সমৃদ্ধ করা হয়।

উহার মধ্যে প্রথম ঋকের দ্বিতীয় পাদের প্রশংসা—"অথর্কা ····· অভিবদতি" অথর্কা নির্মন্থন করিয়াছিলেন—এই বাক্য রূপসমূদ্ধ ; যাহা রূপসমূদ্ধ, তাহা যজ্ঞের পক্ষে সমৃদ্ধ, যেহেতু সেই ঋক্ ক্রিয়মাণ কর্মকেই সম্পূর্ণভাবে উল্লেখ করে।

পঞ্চম ঋকের পরে ও ষষ্ঠ ঋকের পূর্বে অগ্নি উৎপন্ন না হইলে অতিরিক্ত কতিপন্ন ঋক বিধান—"স·····অন্চ্যাঃ"

ঐ পাঁচটি ঋক্ পাঠ করিলেও যদি তিনি (অগ্নি) উৎপন্ন না হন, অথবা বিলম্বে উৎপন্ন হন, [তবে] রক্ষোত্ম-গায়ত্রী-সকল পাঠ করিবে।

সে কোন্ কোন্ ঋক্ ?

"অগ্নে হংসিন্সত্রিণম্" ইত্যাদি কয়েকটি। নেই নয়ট ঋক্ পাঠ কি জন্ম ?—"রক্ষসামপহত্যৈ" রাক্ষসগণের অপহতির (দূরীকরণের) জন্ম । ইহাতে রাক্ষসের প্রসঙ্গ কেন ? তাহার উত্তর—"রক্ষাংসি·····জায়তে"

⁽৪) "অগ্নে হংসি শুর্জিণং দীদার্মর্জ্যেশ। বে করে শুচ্বিত ॥
উন্তিষ্ঠসি বাহতো মৃতানি প্রতি মোদদে। যবা ক্রচঃ সমস্থিরন্ ॥
স আহতো বি রোচতে হগ্নিরীড়েন্যো গিরা। ক্রচা প্রতীকসজ্যতে ॥
মৃতেনাগ্নিঃ সমজ্যতে মধু প্রতীক আহতঃ। রোচমানো বিভাবস্থঃ ॥
করমাণঃ সমিধ্যসে দেবেভ্যো হব্যবাহন। তং দা হবস্ত মর্ত্যাঃ ॥
তং মর্ব্রা অমর্ত্রাং মৃতেনাগ্রিং সপর্যাত। অদাভ্যং গৃহপতিং ॥
আদাভ্যেন শোচিবাগ্রে রক্ষম্বং দহ। গোপা ঝত্স্য দীদিহি ॥
স ক্ষয়ে প্রতীকেন প্রত্যোব যাজুধান্তঃ। উক্লক্রের্ দীদাৎ ॥
ভং দ্বা গীর্ভিকক্লক্ষ্মা হব্যবাহং সমীধিরে। যজিষ্ঠং মামুবে জনে ॥" (১০০১১৮০১ — ১)

[মন্থন করিলেও] যখন উৎপন্ধ না হন অথবা যখন বিলম্বে উৎপন্ধ হন, তখন ইহাকে রাক্ষসেরাই প্রতিবন্ধ করিতেছে। তৎপরে ষষ্ঠ ঋক-বিধান "স------অন্কর্জ্বাৎ"

রক্ষোত্মী ঋকের মধ্যে] যদি একটি ঋক্ পাঠ করিলেই বা ছইটি পাঠ করিলেই তিনি উৎপন্ধ হন, তবে তখন জাতশব্দযুক্ত, [অতএব] জাত (উৎপন্ধ) অগ্নির অনুকূল, "উত ব্রুবস্তু জন্তবঃ" " এই ঋক্ পাঠ করিবে। ঐ ঋকের দিতীয় পাদে জাত অর্থাৎ জন্মবাচক "অজনি" পদ আছে; এই জন্ম ইহা জাত অগ্নির অনুকূল; উহার প্রশংসা "যদ্ যজ্ঞে সমৃদ্ধং"

যাহা যজের অনুকূল, তাহাই সমৃদ্ধ।

সপ্তম ঋক্-বিধান,—

"আ যং হস্তেন থাদিনং" এইটি [পাঠ করিবে]।
এই ঋকের প্রথম পাদের তাৎপর্য্য "হস্তাভ্যাং…… মছস্তি"
ইহাকে (অগ্রিকে) হস্তদ্বারাই মন্থন করা হয়।
ঐ ঋকে মন্থনজাত অগ্নিকে হস্তধৃত সম্ভোজাত শিশুর সহিত উপমিত করা

হইয়াছে; তজ্জন্ত বলা হইল ঋত্বিকেরাও অগ্নিকে হস্তদারাই মন্থন করেন।
দ্বিতীয় পাদের পূর্ব্বার্দ্ধের তাৎপর্য্য "শিশুং…যদ্মিঃ"

"শিশুং জাতং" ইহার অর্থ, এই প্রথমজাত যে আগ্নি, তিনি শিশুর মত।

তৎপরে হৃতীয় চরণ—

জনার ছভার চরণ—

"ন বিভ্রতি বিশামগ্রিং স্বধ্বরম্"।
এই বাক্যে যে "ন" আছে, উক্ত "ন"র ব্যাখ্যা—"যধে……ও ইতি"

⁽৫) "উত ক্রবস্ত জন্তব উদ্পির্ববৃত্তহাজ নি। ধনঞ্জনো রণে রণে ॥" (১।৭৪।৩)

⁽৬) "আ यং হল্তেন খাদিনং শিশুং জাতং ন বিভ্রতি। বিশাদশ্লিং স্থবরম্ ॥" (°৬।১৬।৪٠)

দেবতাদের (দেবসম্বন্ধি মন্ত্রে) এই যে "ন" [শব্দ], তাহা ঐ সকল (মন্ত্রে) "ওঁ" অর্থবাচী ।

বেদে ওছারের অর্থ অঙ্গীকার, "ন"কারও ঐ অর্থে ব্যবহৃত হয়। সেই জন্ত এই স্থলে "ন"শন্দ সদৃশার্থে ব্যবহার করিয়া উক্ত মন্ত্রের "শিশুং জাত্য ন"—অর্থে "শিশুং জাতমিব্" করা যাইতে পারে।

সমগ্র ঋকের অর্থ-প্রজাগণের যজ্ঞনিস্পাদক ও [হবিরাদির] ভক্ষক এই [মন্থ্যনজাত] অগ্নিকে [ঋত্বিকেরা] যেন [সজ্যোজাত] শিশুর মতই হস্তে ধারণ করেন।

অষ্টম ঋক্ বিধান-- "প্র দেবং · · অভিরূপা"

"প্র দেবং দেববীতয়ে ভরতা বস্থবিত্তমম্" এই ঋক্ প্রা<u>ভ্রিয়মাণ অগ্নির অমুকূল</u>; [ইহা পাঠ করিবে]।

ঐ মন্ত্রের অর্থ—[হে ঋদিক্গণ], দেবগণের অভিশাষার্থ বস্থবিত্তম (হব্যরূপ ধনের অভিজ্ঞ) দেবকে (মন্থনজাত অগ্নিকে)[আহবনীয়ে] প্রক্ষেপ কর।

প্রান্তিরমাণ অর্থ আহবনীরে প্রক্ষিপ্যমাণ। মন্থনে উৎপন্ন অগ্নিকে আহবনীয় অন্নিতে নিক্ষেপ করিতে হয়। অষ্টম হইতে বাদশ ঋক্ পর্যান্ত মন্ত্রগুলি ঐ অষুষ্ঠানকে কক্ষ্য করিতেছে। উক্ত ঋকের প্রযোজ্যতা—"যদ্যক্তে…সমৃদ্ধং।"

যাহা যজে অনুকূল, তাহাই সমৃদ্ধ।

উক্ত ঋকের তৃতীয় চরণ এই—

"वा स्य त्यांती नियीमञ् ।"

এন্থলে যোনি শব্দের ব্যাখ্যা —"এয · · · অগ্নেঃ"

[আহবনীয় নামক] এই যে অগ্নি, ইনিই এই (মন্থন-জাত) অগ্নির স্বকীয় যোনি (আাপনরই স্থান)।

नवम श्रक् विधान,-

"আজাতং জাতবেদসি" এই ঋক্ [পাঠ করিবে]।"

⁽१) "अ (मनर (भवरीजरा क्रमजां तश्वविद्यार । ज्यां त्य त्यांनी नि रीमकू ॥" (७।১७।८১)

⁽৮) "আলাতং লাতবেদদি প্রিরং শিশীতাভিধিং ৷ জ্যোন আ গুহপতির ॥" (৬)১৬।৪২)

এই শকের প্রথম পাদস্থিত জাত ও জাতবেদা শবের সর্থ—"জাত ইতরং"
এই (মন্থনোৎপন্ন) অগ্নি জাত [সন্ত উৎপন্ন], আর ঐ
[আহবনীয়] অগ্নি জাতবেদা (এই জাত অগ্নির জ্ঞাতা)।
ছিতীর পাদের সাম্থবাদ ব্যাখ্যা—"প্রিয়ং—অগ্নেং"

"প্রিয়ং শিশীতাতিথিম্" ইহার অর্থ,—(মন্থনোৎপন্ন) এই অ্মি, ইনি ঐ (আহবনীয়নামক) অ্মির প্রিয় অতিথি। তৃতীয় পাদের সাহবাদ যাখা—"ভোন—তক্ষাতি"

"স্থোন আ গৃহপতিম্" এই উক্তিদারা ইহাকে (মন্থনজাত অমিকে) শান্তিতেই স্থাপন করা হয়।

স্তোন শব্দ অর্থে স্থ্যকর; স্থ্যকর আহ্বনীরে স্থাপন করা হর, রুনিরা শাস্তিতেই স্থাপন করা হইল।

দশম ঋক্ বিধান—"অগ্নিনা----তৎ সমৃদ্ধন্"

"অমিনামি: সমিধ্যতে কবিগৃহপতির্বা হব্যবাড়্ জুহ্বাস্তঃ"—এই ঋক্ [অমির] অমুকূল; যাহা যজে অমুকূল, তাহাই সমুদ্ধ।

[আধারভূত আহবনীর] অগ্নিষারা [মহনজাত ও আহবনীরে প্রক্রিপ্ত] অগ্নি সমাক্ দীপ্ত হয় ; [এই অগ্নি] কবি (বিষান্), গৃহপতি (বজমানের গৃহপালক), যুবা (নৃতন), হব্যবাট্ (দেবগণকে হ্ব্যবহনকর্তা) এবং ভূহ্নান্ত (জুহুই এই অগ্নির মুখ)। (১৷১২৷৬) এই মন্ত্র প্রেপ্তিরমাণ অগ্নিরই শুণ কীর্ত্তন করিতেছে, বিদিরা এই কর্ম্বে অমুকুল। একাদশ ঋক্ বিধান (৮।৪৩/১৪) "ছং····সন্নিতরঃ"

"ত্বং হুমে অগ্নিনা বিপ্রো বিপ্রেণ সন্ সতা" এই মন্ত্রে ইনি (মথিতাগ্লি) বিপ্রা, উনি (আহ্বনীয়াগ্লি) বিপ্রা; ইনি সং, উনিও সং।

"অংগ মহানসি ব্রাহ্মণ ভারত" এই শ্রুতিমতে ক্ষরির ব্রাহ্মণত (বিপ্রাছ)। ঐ মত্রের তৃতীর পারের ব্যাধ্যা—"লখা……অংগঃ" "সথা সথ্যা সমিধ্যসে" ইহার অর্থ এই যে [আহবনীয়] অগ্নি, ইনি [মন্থনজাত] অগ্নির আপনারই সথা।

দ্বাদশ ঋক্ বিধান (৮।৮৫।৮)—"তং…অগ্নিরগ্নেঃ"

"তং মর্জ্জয়ন্ত স্থক্ততুং পুরো যাবানমাজিষু স্বেষু ক্ষয়েষু বাজিনম্", [ইহার ক্ষয় শব্দের অর্থ], এই যে [আহবনীয়] অগ্নি, ইনি ঐ [মন্থনজাত] অগ্নির আপনারই গৃহস্বরূপ।

ঐ মন্ত্রের অর্থ—[হে ঋতিক্গণ] ক্সক্রত্ (যজ্ঞনির্বাহক), যুদ্ধে পুরোগামী নিজগৃহে গমনশীল সেই নৃতন অগ্নিকে শোধন কর। ত্রয়োদশ ঋক্ বিধান (১০।১৬)—"যজ্ঞেন·····পরিদধাতি"

"যজ্ঞেন যজ্ঞমযজন্ত দেবা" এই শেষ ঋকৃদ্বারা [অনুবাক্যা] সমাপন করিবে।

ইহা আশ্বলায়ন বলেন । উক্ত ঋকের প্রথম পাদের ব্যাখ্যা—"যজেন ·····আয়ন্"

[মন্থনজাত] অগ্রিদ্বারা [আহবনীয়] অগ্রিকে যজন করিয়াছিলেন ; [এতদ্বারা] দেবগণ যজ্ঞদ্বারাই যজ্ঞকে যজন করিয়াছিলেন। তাঁহারা স্বর্গলোক প্রাপ্ত হইয়াছিলেন।

এ স্থলে অগ্নিকেই যজ্ঞস্বরূপ বলা হইল।

অবশিষ্ট তিন চরণের পাঠ —

তানি ধর্মাণি প্রথমান্তাসন্। তে হি নাকং মহিমানঃ সচস্ত যত্র পূর্বের সাধ্যাঃ সন্তি দেবাঃ।

ঐ ঋকের অর্থ—দেবগণ যজ্জ্বারা যজ্জের যজন করিয়াছিলেন; তদমুষ্টিত সেই সকল কর্ম্মই প্রাচীন ধর্ম ছিল। তাঁহারা (সেই যজ্জের অমুঠাতৃগণ) মাহাম্মাযুক্ত হইয়া অর্গ প্রাপ্ত হইয়াছেন। সেই লোকে পূর্ববতন যাগকর্জ্গণ কর্ম্মবলে দেবতা হইয়া বর্তমান আছেন।

ঐ ঋকের তাৎপর্য্য—"ছলাংসি·····আয়ন্"

⁽১) "राज्यने राज्यमराज्य राजा देखि भित्रपार । मर्कात्वाखमार भित्रपानीरमिक विमार" (२।১७। १।৮)

ছন্দঃসমূহ (গায়ত্র্যাদির অভিমানিদেবগণ) [ইদানীং] সাধ্য (পূজনীয়) দেবতা হইয়াছেন। তাঁহারা অত্যে [মন্থনজাত] অগ্রিদারা [আহবনীয়] অগ্রিকে পূজা করিয়াছিলেন। তাঁহারা স্বর্গ প্রাপ্ত হইয়াছিলেন।

কেবল ছন্দের অভিমানী দেবতাকেই চতুর্থপাদে বুঝাইতেছে না, অস্তকেও বুঝাইতেছে—"আদিত্যা·····আয়ন্"

আদিত্যগণ এবং অঙ্গিরোগণও ইহলোকেই (ভূলোকেই) ছিলেন ; তাঁহারাও অগ্রে (মথিত) অগ্নিদ্বারা (আহবনীয়) অগ্নিকে পূজা করিয়াছিলেন ; [এইরূপে] তাঁহারা স্বর্গলোক লাভ করিয়াছেন।

আহবনীয়াগ্নিতে মথিতাগ্নি প্রক্ষেপের প্রশংসা—"সৈষা-----সংস্ক্রতে"

এই যে অগ্নির আহুতি (মথিতাগ্নির আহবনীয়ে প্রক্ষেপ), সেই আহুতি স্বর্গ্য (স্বর্গলাভে অনুকূল); যদি [যজমান] ব্রাহ্মণোক্ত (বেদবিধিপ্রেরিত) না হইয়াও অথবা তুরুক্তোক্ত (ভ্রান্তবিধিপ্রেরিত) হইয়াও যাগ করে, তথাপি এই আহুতি দেবগণের নিকটে উপস্থিত হয়; [সেই আহুতি] পাপে লিপ্ত হয় না।

ইহা জানার প্রশংসা—"গচ্ছত্যস্ত · · · · বেদ"

যে ইহা জানে, তাহার আহুতি দেবগণের নিকটে যায়, তাহার আহুতি পাপসংস্ফ হয় না।

অর্থাৎ যথাবিধি সম্পন্ন না হইলেও বা অঙ্গহীন হইলেও উক্ত অর্থ কানিলে যক্ত সম্পূর্ণাঙ্গ হয়।

উক্ত ঋকের সংখ্যাপ্রদর্শন—"তা••••ক্রপসমৃদ্ধাঃ"

রূপসমূদ্ধ সেই এই ত্রয়োদশ ঋক্ পাঠ করিবে।

আগন্তক রকোরী ঝক্ ছাড়িয়া দিলে অপর ধক্ তেঁরটি। উক্ত সমৃদ্ধির প্রেশংসা "এতবৈ ···· বদতি"

যাহা রূপসমূদ্ধ, তাহা যজ্জের পক্ষে সমৃদ্ধ, [কেন না] সেই ঋক্ ক্রিয়মাণ কর্মকে পূর্ণভাবে উল্লেখ করে।

প্রথম ও শেষ ঋকের তিনবার আবৃত্তি-বিধান—"তাসাং----- অবিশ্রংসার"

তাহাদের মধ্যে প্রথম [ঋক্] তিনবার ও শেষ [ঋক্]
তিনবার পাঠ করিবে! [তাহা হইলে] তাহারা সতেরটি
হইবে। প্রজাপতিই সপ্তদশ [-অবয়বাত্মক]; [কেননা]
মাস বারটি, ঋতু পাঁচটি; তাহাদিগকে লইয়া সংবৎসর এবং
সংবৎসরই প্রজাপতি। যে ইহা জানে, সে প্রজাপতি
যাহাদের আগ্রয়, সেই ঋক্সকল দ্বারা সমৃদ্ধ হয়। প্রথমটিকে
তিনবার ও শেষটিকে তিনবার পাঠ করা হয়; এতদ্বারা
ছিরতা, দৃঢ়তা ও অশিথিলতা প্রাপ্তির জন্ম [রচ্ছ্রুক্রী] যজ্ঞের
[উভয় প্রান্তে] গ্রন্থি দেওয়া হয়।

ষষ্ঠ খণ্ড

আতিখ্যেষ্টি-মন্ত্রবিধান

অনিময়নের পর আতিথাটির অবশিষ্ট কর্ম-বিধান—"সমিধা অভিবদতি"
"সমিধাগ্নিং তুবস্থাত" এবং "আপ্যায়স্থ সমেতু তে" এই
ছুইটি মন্ত্র 'আজ্যভাগদ্বয়ের পুরোসুবাক্যা হইবে। ইহার।
আতিথ্যশন্দযুক্ত ও [তজ্জ্ম্ম] রূপসমৃদ্ধ ; এবং যাহা রূপসমৃদ্ধ, তাহা যজ্জের পক্ষে সমৃদ্ধ ; [কেন না] সেই ঋক্ ক্রিয়মাণ কর্মকেই পূর্ণভাবে উল্লেখ করে।

^{(&}gt;) "সমিধায়িং হ্বতত হুতৈবোধরতাতিখিং। আগ্নিন্ হ্ব্যা কুহোতন ॥" (৮।৪৪۱১) "আপ্যারৰ সমেতু তে বিখতং সোম বৃক্যাং। তব ৰাজন্ত সংগধে ॥" (১।৯১।১৬)

প্রথম মন্ত্রের দ্বি**তীয় পাদে অতিথি শ**ব্দ থাকার মন্ত্রদ্বরকেই আতিথ্য-শব্দযুক্ত বলা হইল।

দিতীয় মন্ত্ৰে আতিথ্যবাচক শব্দ না থাকায় আপত্তি যথা—"সৈযা……ভাৎ"

এই অগ্নিদৈবত [প্রথম] ঋক্ অতিথি-শব্দ-যুক্ত; কিন্তু সোমদৈবত [দ্বিতীয়] ঋক্ অতিথি-শব্দ-যুক্ত নহে। যদি সোমের ঋক্ অতিথি-[শব্দ]-যুক্ত হইত, তাহা হইলে উহা অবশ্য [পুরোহমুবাক্যা] হইতে পারিত।

এই আপত্তির উত্তর "এতৎ আপীনবতী"

কিন্তু ঐ ঋক্ যে আপীন-[বাচক-পদ]-যুক্ত, তাহাতেই উহা অতিথি-[শব্দ]-যুক্ত।

দ্বিতীয় ঋকে আপীনবাচক (বৃদ্ধার্থক) আপ্যায়স্ব পদ আছে; তাহাতেই উহা অতিথিকে বুঝাইতেছে। তাহার কারণ—"যদা……ভবতি"

যথন অতিথিকে [ভোজনার্থ] পরিবেষণ করা হয়, তখন তিনি যেন আপীন (স্থুল) হইয়া থাকেন।

ভোজনের পর উদরপূর্ত্তি দারা স্থূল হন; কাজেই আপীন শব্দে অতিথিকে বুঝার। তৎপরে আজ্যভাগদ্বয়ের যাজ্যামন্ত্রবিধান—"তরোঃ……যজতি"

"জুধাণ" দারাই উভয়ের (আরু ও সোমের উদ্দিষ্ট আজ্য-ভাগদ্বয়ের) যাজ্যাবিধান করা হয়।

"ভূষাণোহি বিরাজ্যন্ত বেতু" (অগ্নি তুই হইয়া আজ্য ভোজন করুন), "জূষাণঃ সোম আজ্যন্ত হবিষো রেতু" (সোম তুই হইয়া আজ্য হবিঃ ভোজন করুন), এই জূষাণাদি মন্ত্র চুইটিকে অগ্নি ও সোমের উদ্দেশে আজ্যভাগ প্রদানের খাজ্যামন্ত্র করিবে।

আজাভাগদানের পর আতিথ্যেষ্টির প্রধান হবিঃ প্রদানের যাজ্ঞা ও অফুবাক্যা-বিধান—"ইদং বিষ্ণুঃ····· বৈষ্ণকৌ'' "ইদং বিষ্ণুবিচক্রমে" ও "তদস্ত প্রিয়মভি পাথোহশ্যামৃ" এই ছুই বিষ্ণুদৈবত মন্ত্র।

আতিথ্যেষ্টির প্রধান দেবতা বিষ্ণু; তাঁহার উদ্দেশেই প্রধান হবিঃ পুরোডাশ দিতে হয়। কোন্টি যাজ্যা আর কোন্টি অমুবাক্যা? উত্তর—"ত্রিপদাং……যজতি"

ত্রিপাদ মন্ত্রকে (প্রথমটিকে) অনুবাক্যা করিয়া চতু-ষ্পাদ মন্ত্রকে (দ্বিতীয়টিকে) যাজ্যা করিবে।

উভয় মন্ত্রের পাদসংখ্যার প্রশংসা—"সপ্ত পদানি· · · দধাতি"

প্রিছই মন্ত্রে পাদসংখ্যা সাতটি হইল; এই যে আতিথ্য [ইপ্টি], ইহা যজ্ঞের শিরোদেশ। মস্তকেও সাতটি প্রাণ [আছে]; এতদ্বারা (ঐছই মন্ত্র দ্বারা) [যজ্ঞের] শিরোদেশেই প্রাণ কয়টিকে স্থাপন করা হয়।

তৎপরে স্বিষ্টক্রৎযাগের সংযাজ্যামন্ত্রবিধান—"হোতারংঅভিবদতি"

"হোতারং চিত্ররথমধ্বরস্থা" এবং "প্র প্রায়মগ্রির্ভরতস্থা শৃণ্যে" এই ছুইটি স্বিষ্টকৃতের সংযাজ্যা হয়।" আতিখ্য-[শব্দ]-যুক্ত বলিয়া ইহারা রূপসমৃদ্ধ; এবং যাহা রূপসমৃদ্ধ, তাহা যজ্ঞের পক্ষে সমৃদ্ধ, কেন না ঐ ঋক্ ক্রিয়মাণ কর্মকে পূর্ণভাবে উল্লেখ করে।

উভয় মস্ত্রেরই শেষ চরণে অভিথি শব্দ আছে। তজ্জ্য ইহারা রূপসমৃদ্ধ। মন্ত্রহয়ের ছন্দঃপ্রশংসা—"ত্রিষ্টুভৌ ভবতঃ সেক্রিয়ত্বায়"

⁽২) ''ইদং বিকূর্বিচক্রমে ত্রেধা নিদধে পদং সমূচ্মক্ত পাংস্থরে ॥'' (১।২২।১৭)
"তদস্য প্রিয়মন্তিপাথোহতাং নরো যত্ত দেবযবো মদন্তি। উক্তমস্য স হি বন্ধুরিখা বিকোঃ পদে পর্মে মধ্ব উৎসঃ ॥" (১।১৫৪)৫)

⁽৩) "হোতারং চিত্ররথমধ্বরদ্য যজ্ঞস্য যজ্ঞস্য কেজুং রুশস্তম্। প্রত্যর্দ্ধিং দেবস্য দেবস্য মহুণ প্রিয়া তু অগ্রিমতিখিং জনানাম্ ॥" (১০।১।৫) "প্রপ্রায়মগ্রিভিরতস্য শৃণে, বি যৎ সুর্যোন রোচতে বৃহদ্ ভাঃ। অভি বঃ পুরুং পৃতনাস্থ তথাে ফ্রাতানাে দৈবাাে অতিথিঃ ভাশােচ ॥" (৭।৮।৪)

ত্রিষ্ট প্ তুইটি সেন্দ্রিয়ত্ব (বলবীর্য্য) প্রদান করে।

তৎপরে ইড়াভক্ষণ দ্বারাই আতিথ্যেষ্টি সমাপ্ত করিবে; ইড়াভক্ষণের পরে বিহিত অন্ত কর্ম এম্বলে আবশ্রক নাই। তদ্বিয়ে বিধান—"ইড়াস্তং……কর্ত্তব্যম্"

[এই আতিথ্যেষ্টি] ইড়ান্ত করা হয়; এই যে আতিথ্য-ইষ্টি, দেবগণ ইহাকে ইড়ান্ত করিয়া সমৃদ্ধি পাইয়াছিলেন, অতএব ইহাকে ইড়ান্তই করিবে।

হিড়াভক্ষণে কর্ম সমাপ্ত হইলেই উহা ইড়ান্ত হইবে। অনুযাজ যাগের পূর্বে ও পরে তুইবার ইড়াভক্ষণ বিহিত। এন্থলে প্রথমবার ইড়াভক্ষণেই আভিথ্যেষ্টি সমাপ্ত হওয়ায় অনুযাজ করিতে হইবে না। যথা—"প্রযাজান্····নানুযাজান্"

এস্থলে প্রযাজ যজনই করিবে, অনুযাজ করিবে না। অনুযাজ্যজনের দোষ—"প্রাণা……তাদৃক্ তং"

প্রযাজ প্রাণের স্বরূপ, অনুযাজও তাহাই; মস্তকে যে সকল প্রাণ আছে, তাহা প্রযাজ; অধাদেশে যাহারা আছে, তাহা অনুযাজ। এই [অধাবর্ত্তী] প্রাণ সকলকে [অধাদেশ হইতে] লোপ করিয়া মাথায় তুলিতে যে ব্যক্তি ইচ্ছা করে, যে এই আতিথ্যেপ্টিতে অনুযাজ যজন করে, সেও সেই ব্যক্তির সদৃশ হয়।

শীর্ষস্থ প্রাণবায়্সকল অধংস্থ অপানাদি বায়ুর অপেক্ষা উৎকৃষ্ট । এই হেতৃ পূর্ব্বে অনুষ্ঠিত প্রযাজের তুলনায় পরে অনুষ্ঠিত অনুযাজের নিকর্ষ দেখান হইল। অন্তর্নপেও দোষপ্রদর্শন—"অতিরিক্তং…চেমে"

এই যে দকল [উদ্ধন্থ] প্ৰাণ ও এই যে দকল [অধঃস্থ]

⁽৪) অখথকাঠের পাত্রবিশেষের নাম ইড়া পাত্র; হোমের পর হবিঃশেষ ঐ পাত্রে রাধিতে হয়: সেই হবিঃশেষের নাম ইড়া। যজমান ও শ্বংকেরা ঐ ইড়া ভক্ষণ করেন। ইড়াভক্ষণের পর সকল ইষ্টিভেই অক্যাজ, স্কুবাক, পত্নীসংঘাজ ও সংস্থিত জপ অক্ষিত হয়। এখনে আতিখ্যেষ্টিভে বিশেষ বিধি দারা সে সকল নিষিদ্ধ হইল।

প্রাণ, এই সকল প্রাণ একত্র হইয়া [একই মস্তকে] অবস্থান করিবে, ইহা অতিরিক্ত (অসঙ্গত ও অযোগ্য)।

যজ্ঞের শীর্ষরূপ আতিথোষ্টিতে উৎরুষ্ট প্রযাজের অবস্থানই যুক্ত; অপরুষ্ট অম্বযাজও সেন্থলে থাকিবে, ইহা অমুচিত। অমুযাজ না করিলে কোন ক্ষতি নাই যথা—"তদ্ যদ্ াত্মযাজেযু"

যদিও এন্থলে প্রযাজ যজন হয়, আর অনুযাজ হয় না, তথাপি অনুযাজসমূহের যে ফল, তাহা সেই [প্রযাজ]কর্মেই প্রাপ্ত হয়।

চতুর্থ অধ্যায়

প্রথম খণ্ড প্রবর্গা-কর্ম্ম

আতিখোষ্টর পর প্রবর্গকর্ম'। তিবিয়ে আখায়িকা—"য়জ্ঞা— সংজ্ঞান্তর বজ্ঞ দেবগণের নিকট হইতে, আমি তোমাদের অন্ন হইব না, ইহা বলিয়া চলিয়া গিয়াছিলেন। দেবতারা বলিলেন,—না, তুমি আমাদের অন্নই হইবে। দেবতারা তাঁহাকে (যজ্ঞকে) হিংসা করিয়াছিলেন। হিংসিত হইয়াও তিনি দেবগণের নিকট [অন্নরূপে] প্রভূত হন নাই। তথন দেবগণ বলিলেন,

^{্ (}১) প্রবর্গ্যকর্ম প্রতিদিন পূর্বাহে ও অপরাহে প্রতাহ ছইবার অনুটিত হয়। এইরূপে অগ্নি-^{টি}ান যজ্ঞে তিন দিন প্রবর্গ্যানুষ্ঠান বিহিত। এই কর্মে মহাবীর নামক মুৎপাতে ছক্ষ পাক করিয়। সুছবিঃ আহবনীয়ে আইতি দেওয়া হয়। ঐহবির নান ঘর্ম।

এইরপে হিংসিত হইয়াও ইনি যখন আমাদের অন্ন হইলেন না, অহো, তখন আমরা এই (প্রবর্গ্য) যজের সম্ভার (আয়োজন) করিব। তাহাই হউক বলিয়া, তাঁহারা যজের সম্ভার করিয়াছিলেন।

সেই যজের সাধনার্থ বিধান "তং ... সম্ভবতঃ"

সেই যজ্জের সম্ভার করিয়া [দেবতারা] বলিলেন, হে অশ্বিদ্বয়, [আমাদের কর্ত্ত্ব পীড়িত] এই যজ্জের চিকিৎসা কর। [কেন না] অশ্বিদ্বয়ই দেবগণের ভিষক্। [আবার] অশ্বিদ্বয়ই অধ্বর্যু; সেই জন্ম অধ্বর্য দ্বয় ঘর্শের (প্রবর্গের) সম্ভার (আয়োজন) করেন।

তৎপরে অমূজামন্ত্র ও প্রৈর মন্ত্র বিধান—"তং……অভিষ্টু হীতি"

যজের আয়োজন করিয়া [অধ্বর্যু ও প্রতিপ্রস্থাতা উভয়ে] বলিবেন,—অহে ব্রহ্মন্, আমরা প্রবর্গ্য দ্বারা [কর্ম] অমুষ্ঠান করিব; অহে হোতা, ভূমি অভিষ্টব [স্তুতিমন্ত্র] পাঠ কর।

ব্ৰহ্মাকে যাহা বলা হয়, উহাই অমুজ্ঞামগ্ৰ; হোতাকে যাহা বলা হয়, উহা প্ৰৈয় মন্ত্ৰ।

⁽২) অধ্বর্গ্রন্থ বলিতে অধ্বর্গ ও তাঁহার সহার প্রতিপ্রস্থাতাকে ব্ঝাইতেছে। ই হাদিগকে মহাবীর ও মহাবীরে হবিংপাকের জন্ম বাবতীর উপকরণ (সম্ভার) সংগ্রহ করিতে হয়। এই বজ্ঞে ঘর্ম শব্দে মহাবীরে পক উত্তপ্ত হবিং: তত্তির তপ্ত মহাবীর পাত্র, অথবা প্রবর্গ্য কর্মও স্থাবিশেষে ঘর্ম শক্ষের ক্ষ্যু হইয়াছে।

⁽৩) যজের মুখ্য ঋষিক্ চারিজন, হোতা, অধ্বর্গ, উপগাতা ও ব্রহ্মা। তত্তির প্রত্যেকের সহকারী অস্তাক্ত ঋষিক্ থাকেন। ব্রহ্মা যজের সমগ্র ভাগ পরিদর্শন করেন। এথাদে তাঁহাকেই সম্বোধন হইতেছে।

দ্বিতীয় খণ্ড

অভিষ্টবমন্ত্র—প্রথম পটল

হোতার পাঠ্য প্রথম স্থতিমন্ত্র "ব্রহ্মজ ·····ভিষজ্যতি"

"ব্রহ্মজজ্ঞানং প্রথমং পুরস্তাৎ" ইহা দারা আরম্ভ করা হয়। [এই মন্ত্রে] রহস্পতিই ব্রহ্ম (ব্রাহ্মণ); তজ্জ্য ব্রহ্ম দারাই এই (প্রবর্গ্য) যজ্ঞের চিকিৎসা হয়।

দ্বিতীয় মন্ত্ৰ—"ইয়ং……দধাতি"

"ইয়ং পিত্রে রাষ্ট্রোত্যগ্রে" এই মন্ত্রে রাষ্ট্রী অর্থে বাক্য; এতদ্বারা এই (প্রবর্গ্য) যজ্ঞে বাক্যকেই স্থাপন করা হয়। তৃতীয় মন্ত্র—"নহান্·····ভিষজ্ঞাতি"

"মহান্ মহী অস্তভায় দ্বিজাতঃ" এই মন্ত্রের দেবতা ব্রহ্মণস্পতি, কেন না রহস্পতিই ব্রহ্ম। তজ্জ্ম্য ব্রহ্ম দ্বারাই এই যজ্ঞের চিকিৎসা হয়।

ইহার চতুর্থ চরণে বৃহস্পতির নাম থাকার উহার দেবতা ব্রহ্মণস্পতি। চতুর্থ মন্ত্র—"অভিত্যং·····দধাতি।"

"অভিত্যং দেবং সবিতারমোণ্যোঃ" এই মন্ত্র সবিতার। সবিতাই প্রাণ; এই মন্ত্র দ্বারা এই যজ্ঞে প্রাণেরই স্থাপনা হয়।

প্রথম চরণে সবিতার নাম থাকায় ইহার দেবতা সবিতা। উক্ত চারিটি মন্ত্র

⁽১) এই মন্ত্র শাকলসংহিতার নাই। বাজসনেয়িসংহিতা ১৩।৫ মধ্যে আছে। আখলায়ন ইহা উদ্ধৃত করিয়াছেন। ভৌতস্ত্র ৪।৬

⁽২) শাকলসংহিতায় নাই। আৰ- ঞো- স্থ- ৪।৬।

⁽৩) আয়ু জো হ হ। ।।

⁽৪) বাজস- সং ৪/২৫ ; আখ- শ্রো- হ্ - ৪/৬।

শাকল শাথায় নাই। অন্ত শাথা হইতে আখলায়ন উদ্ভুত করিয়াছেন। পঞ্চম ঋক্—"সংসীদস্ত্ব••••সমসাদয়ন্"

"সংসীদস্ব মহাঁ অসি" এই মন্ত্র দ্বারা ইহাকে (মহাবীরকে)
[খরনামক সন্তাপন স্থানে] স্থাপন করিবে।

वर्ष मञ्ज—"ठाअश्वि ममृक्षम्"

"অঞ্জন্তি যং প্রথয়ন্তো ন বিপ্রাঃ" এই মন্ত্র অজ্যমান (দ্বত মাখান) [মহাবীরের] পক্ষে অভিরূপ (অনুকূল); যাহা যজ্ঞে অভিরূপ, তাহাই সমৃদ্ধ।

প্রথম চরণে 'অঞ্জন্তি' শব্দ থাকায় অজ্যমান পক্ষে অমুকূল। অঞ্জন্তি অর্থে মাথান হয়; অজ্যমান অর্থে বাহাতে মাথান হইতেছে। সপ্তম হইতে বাদশ পর্যান্ত ছয়টি মন্ত্র "পতঙ্গম্····সমৃদ্ধম্"

"পতঙ্গমক্তমস্থরস্থ মায়য়া" ইত্যাদি, "যো নঃ দ মুত্যো অভিদাদদগ্লে" ইত্যাদি, "ভবা নো অগ্লে স্থমনা উপেতোঁ" ইত্যাদি, তুই তুই মন্ত্র [যজ্ঞে] অভিরূপ; যাহা যজ্ঞে অভিরূপ, তাহাই দমুদ্ধ।

ত্বই হুই মন্ত্র, অর্থাৎ ঐ ঋক্ ও স্ক্রেমধ্যগত তৎপরবর্ত্তী ঋক্। ত্রয়োদশ হুইতে সপ্তদশ পর্যান্ত পাঁচটি মন্ত্র—"রুণুৰ……অপহতৈত্য"

"কুণুম্ব পাজঃ প্রদিতিং ন পৃথ্বীমৃ" ইত্যাদি পাঁচটি মন্ত্র" রাক্ষদগণের দূরীকরণের জন্ম রক্ষোম্ব মন্ত্র।

অষ্টাদশ হইতে একবিংশ পর্যাস্ত চারিটি মন্ত্র—"পরি দ্বা…… একপাতিক্যঃ"

"পরি তা গির্বণো গিরঃ,"" "অধি ছয়োরদধা উক্থ্যং

⁽৫) খবেদসং, ১াতভা৯, (৬) বাহতাণ, (৭) ১০।১৭৭।১, তথা ১০।১৭৭।২, (৮) ভাবাঃ, তথা ভাবাং, (৯) তাহচাঃ, তথা তাহচাং, (১০) হাঃ।১—৫, (১১) ১।১০।১২।

বচঃ," "শুক্রং তে অক্সদ্ যজতং তে অক্সৎ" "অপক্সং গোপামনিপ্রমানম্," এই চারিটি একপাতিনী ঋক্।

ইহারা একপাতিনী অর্থাৎ এস্থলে "পরি ত্বা গির্বণো গিরঃ" এই প্রথম চরণ উদ্ধারের দ্বারা কেবল সেই একটিমাত্র ঋক্কে ব্ঝাইতেছে; স্ফ্রাস্তর্গত তৎপর-বন্তী কোন ঋক্কে ব্ঝাইতেছে না। অর্থাৎ এস্থলে পূর্বের মন্ত প্রত্যেক ঋক্সের পরবর্তী কতিপর ঋক্ও গ্রহণ করিতে হইবে না। সমস্ত মন্ত্রসংখ্যার প্রশংসা—
"তাঃ……সংস্কুক্তে"

ইহারা (সকলে) একুশটি হইল। পুরুষও (মনুষ্যদেহও)
একবিংশ (একবিংশতি-অবয়বয়ুক্ত) ;—হাতের অঙ্গুলি দশ ;
পায়ের অঙ্গুলি দশ ; আর আত্মা একবিংশস্থানীয় ; এইজন্য
[ঐ একুশ মন্ত্রপাঠে] সেই এই একবিংশস্থানীয় আত্মারই
সংস্কার করা হয়।

তৃতীয় খণ্ড

শভিষ্টৰ মন্ত্ৰ—প্ৰথম পটল

একই হুক্তের অন্তর্গত নয়টি মন্ত্রের বিধান—"প্রকে……দধাঙি"

"ব্রকে দ্রুপস্থ ধমতঃ সমস্বরন্" ইত্যাদি নয়টি মস্ত্রের প্রমান দেবতা। প্রাণও নয়টি; এই (নয়) মন্ত্র দারা এই যজ্ঞে প্রাণ কয়টিকেই স্থাপন করা হয়।

আর একটি মন্ত্র "অয়ং-----দধাতি"

^{(32) 214010, (30) 618413, (38) 3-1399141}

⁽c) #, # 10010-3 (c)

"অয়ং বেনশ্চোদয়ৎ পৃশ্লিগর্ভাঃ" এই মন্ত্রে যে বেন (নাভি) শব্দ আছে, সেই (নাভি) হইতে উর্দ্ধে কতিপয় প্রাণ (বায়ৢ) এবং অধোদিকে অন্ত কতিপয় প্রাণ (বায়ৢ) বেনন (বিচরণ) করে; এই জন্ত [ইহার নাম] বেন। এই নাভি আবার প্রাণস্বরূপ হইয়া [উর্দ্ধবর্তী ও অধোবর্তী অন্য প্রাণস্কলকে] 'নাভেঃ' (নাভেষীঃ—ভয় করিও না) বলে; এই জন্ত ইহা নাভি; ইহাই নাভির নাভিত্ব। এই হেতু উক্ত (বেনশব্দযুক্ত) মন্ত্র দ্বারা এই প্রবর্গ্যে প্রাণকেই স্থাপন করা হয়।

ঐ মন্ত্র পাঠকালে ''ইহাই বেন" ইত্যাদি বলিয়া নাভি দেখান হয়। ঐ কর্মের তাৎপর্য্য ও মন্ত্রের আমুক্লা ব্ঝান হইল। আর তিনটি মন্ত্র—"পবিত্রং ……দধাতি"

"পবিত্রং তে বিততং ব্রহ্মণস্পতে" "তপোষ্পবিত্রং বিত-তং দিবস্পদে" "বিয়ৎ পবিত্রং ধিষণা অতস্বত" এই পূত-(পবিত্রশব্দ)-যুক্ত মন্ত্র (তিনটি) [যজ্ঞের] প্রাণস্বরূপ। এই সেই অধাবর্ত্তী প্রাণের [একটি] রেতঃপক্ষে, [একটি] মূত্রের পক্ষে, [একটি] পুরীষের পক্ষে হিতকর; এই হেতু ঐ (মন্ত্র তিনটি) দ্বারা ইহাদিগকেই (অধোবর্ত্তী প্রাণবায়ু তিনটি-কেই) এই প্রবর্গ্যে স্থাপন করা হয়।

পূর্ব্বোদ্ধৃত মন্ত্র কয়টি দ্বারা উদ্ধন্থ প্রাণবায়ুর এবং এই তিন মন্ত্রের দ্বারা অধঃস্থ তিনটি প্রাণবায়ুর স্থাপনা হয়।

⁽২) ঋ, সং, ১০।১২৩৷১ (৬) ৯৷৮৩৷১ (৪) ৯৷৮৩৷২ (৫) শাথাস্তরগত ; আখ, শ্রো, স্হ, ৪৷৬

চতুর্থ খণ্ড অভিস্টবমন্ত্র—প্রথম পটল

তৎপরে কতিপয় সমগ্র সক্তের বিধান হইতেছে—"গণানাং তিষজ্ঞাতি"
"গণানাং স্বা গণপতিং হবামহে" 'এই সুক্তের দেবতা ব্রহ্মণস্পতি। বৃহস্পতিই ব্রহ্ম (ব্রাহ্মণ), এই জন্ম এই সূক্ত-পাঠে ব্রহ্ম (ব্রাহ্মণ) দ্বারাই এই প্রবর্গ্যের চিকিৎসা হয়।

ঋথেদসংহিতার দ্বিতীয়মঙলান্তর্গত ত্রয়োবিংশ স্কুটির বিধান হইল। ঐ স্তুক্তে উনিশটি মন্ত্র আছে; তন্মধ্যে প্রথম ঋকের তৃতীয় চরণে ব্রহ্মণম্পতির নাম থাকায় এই স্তুক্তের দেবতা ব্রহ্মণম্পতি। তৎপরে—অন্ত স্কুক্ত "প্রথশ্চ…করোতি"

"প্রথশ্চ যস্থ্য সপ্রথশ্চ নাম" ইত্যাদি সৃক্ত ঘর্মের ও (প্রবর্গ্যের) তনুস্বরূপ; এতদ্বারা এই প্রবর্গ্যকে সতনু (শরীরযুক্ত) ও শোভনরূপযুক্ত করা হয়।

এতদ্বারা তিনটি ঋক্যুক্ত ১০ মণ্ডল ১৮ স্কেরে বিধান হইল। তন্মধ্যে প্রথম ও দ্বিতীয় ঋকের চতুর্ধ চরণের অমুবাদপূর্ব্বক প্রশংসা—"রথস্তরং···করোতি"

"রথন্তরমাজভারা বসিষ্ঠঃ" এবং "ভরদ্বাজো রহদাচক্রে অঃে" এই ছুই চরণ এই প্রবর্গ্যকে রহদ্রেথন্তরযুক্ত (তমামক-সামন্বয়যুক্ত) করে।

একটিতে রথস্তর শব্দ ও অন্তটিতে বৃহৎ শব্দ তন্নামক সামন্বয়কে লক্ষ্য করি-তেছে। ^৪ অন্ত স্থক্তের বিধান—"অপশ্রং…দধাতি"

^{(3) 4, 3; 212913--321 (2) 3-13-2313--91}

⁽७) चर्षमस्मत्र वर्ष भूर्त्व स्वथ ।

⁽৪) রপম্ভর সাম---

[&]quot;অভি ডা শ্র নোমুমঃ অজুদ্ধা ইব ধেনবঃ। ঈশানমস্ত জগতঃ কোহদৃশং ঈশানমিক্ত তকুবঃ ≋" (ঝ, সং, ৭।৩২।২২)

"অপশ্যং দ্বা মনসা চেকিতানম্" 'ইত্যাদি [সূক্তের ঋষি] প্রজাপতিপুত্র প্রজাবান্। এতদ্বারা এই প্রবর্গ্যে প্রজারই স্থাপনা হয়।

ঐ হক্তে (: • মণ্ডলের ১৮৪ হক্তে) তিদ ঋক্। ঐ হক্তের ঋষি প্রজাপতি-পুত্র প্রজাবান্। অক্ত হক্তের বিধান—"কা—তবস্তি"

"কা রাধদ্ধোত্রাশ্বিনা বাম্" ইত্যাদি নয়টি মন্ত্র বিবিধ ছন্দোযুক্ত; তভ্জন্ম ইহা (এই সূক্ত) [প্রবর্গ্য] যজ্ঞের উদরগত। [মন্মুয্যেরও] উদরগত [নাড়ীপ্রভৃতি] বিবিধ-রূপে ছোট বড়; কিছু বা সূক্ষা, কিছু বা স্থুল। সেই হেতু (যজ্ঞের উদরস্থিত হওয়াতে) এই মন্ত্রগুলিও বিবিধ ছন্দোযুক্ত।

> মগুলের ১২০ স্থক্তের ১২টি ঋকের মধ্যে এখানে প্রথম নয়টির প্রয়োগ হই-তেছে। এই দাদশ ঋক্ —প্রথমটি গায়ত্রী, দ্বিতীয়টি ককুপ্, ইত্যাদি ক্রমে বিবিধ ছল্দোযুক্ত। ঐ সকল ঋক্পাঠের ফল—"এতাভিঃ…অজয়ং"

এই দকল মন্ত্র দ্বারা কক্ষীবান্ [ঋষি] অশ্বিদ্বয়ের প্রিয় ধামে গমন করিয়াছিলেন; [পরে] আরও উত্তম লোক অর্জন করিয়াছিলেন।

ইহা জানার ফল—"উপাশ্বিনো: ···বেদ"

যে ইহা জানে, সে অশ্বিদ্বয়ের প্রিয়ধানের নিকটে যায় ও আরও উত্তম লোক অর্জন করে।

অন্ত হজের বিধান---

বৃহৎ দাম--

"তামিছি হবামহে সাতা বাজত কারবং। তাং বৃত্তের্ ইন্দ্র সংপতিং নরঙাং কাঠাত্তর জঃ ॥" (ঋ, সং, ы।৪৬।১)

(4) 2012-00 (4) 2135012-9

"আভাত্যগ্রিরুষসামনীকম্" ইত্যাদি সূক্ত্য

৫ মণ্ডল ৭৬ স্কু, ইহার মধ্যে পাঁচটি মন্ত্র আছে। তন্মধ্যে প্রথম ঋকের
চতুর্থ পাদ দারা স্কুক্রের প্রশংসা—"পীপিবাংসং…সমৃদ্ধম্"

"পীপিবাংসং অশ্বিনা ঘর্ম্মচ্ছ" এই চরণ [ঘর্ম্ম শব্দে প্রবর্গ্যকে লক্ষ্য করায়] [যজ্ঞে] অভিরূপ ; যাহা যজ্ঞে অভি-রূপ, তাহাই সমৃদ্ধ।

ঐ স্থক্তের ছন্দের প্রশংসা—"তত্∙∙∙দধাতি"

ঐ সূত্তের ত্রিফুপ্ ছন্দ; ত্রিফুপ্ই বীর্য্য; এতদ্বারা এই প্রবর্গ্যে বীর্যেররই স্থাপনা হয়।

অষ্ট ঋক্যুক্ত অন্ত স্তুক্তের বিধান—"গ্রাবাণেব···দধাতি"

"প্রাবাণেব তদিদর্থং জরেথে" ইত্যাদি সূক্তে "অক্ষী ইব" "কর্ণাবিব" "নাসেব" এই এই পদে [পুনঃপুনঃ] অঙ্গের নাম করায় এতদ্বারা এই প্রবর্গ্যে ইন্দ্রিয় সকলের স্থাপনা হয়। ২ মণ্ডল ৩৯ স্ক্তের অন্তর্গত পঞ্চম ও ষষ্ঠ ঋকে ঐ সকল পদ আছে। ঐ স্ক্তের ছন্দঃপ্রশংসা—"তত্ব---দধাতি"

ঐ দূক্তের ত্রিষ্টুপ্ ছন্দ; ত্রিষ্টুপ্ই বীর্য্য; এতদ্বারা ঐ প্রবর্গ্যে বীর্য্যেরই আধান হয়।

প্রতিশ ঋক্বুক্ত অন্ত হুক্তের বিধান—"ঈড়ে...সমৃদ্ধম্"

"ঈড়ে ভাবাপৃথিবী পূর্ব্বচিত্তয়ে" ইত্যাদি সূক্তে "অগ্নিং ঘর্মং স্থককং যামন্নিষ্টয়ে" এই পাদ [যজে] অভিরূপ; যাহা যজে অভিরূপ, তাহাই সমৃদ্ধ।

ঐ প্রথম ঋকের পাদে 'মুক্রচং ঘর্ষাং' এই পদ প্রবর্গ্যকে বুঝাইতেছে। এই জ্বন্ত উহা যজে অভিরূপ। স্বক্লের ছন্দঃপ্রশংসা "তত্ত-দেগাতি" ঐ সূব্দের জগতী ছন্দঃ; পশুগণ জগতীচ্ছন্দঃ-সম্বন্ধী; এতদ্বারা এই প্রবর্গ্যে পশুগণকেই স্থাপন করা হয়।

জগতীচ্ছন্দঃ সোম আনিতে স্বর্গে যাইয়া তৎপরিবর্ত্তে পশু ও দীক্ষা আনিয়া-ছিলেন (তৈত্তিরীয়)। সেই হেডু জগতীর সহিত পশুর সম্বন্ধ। স্থক্তের প্রশংসা—"যাভিঃ···সমর্দ্ধয়তি"

[ঐ সৃক্তস্থ মন্ত্রসকলে] "যে সকল [উতি] দ্বারা ইহাকে রক্ষা করিয়াছিলে" "যে সকল [উতি] দ্বারা ইহাকে রক্ষা করিয়াছিলে" এই [পুনঃ পুনঃ] উক্তির অর্থ এই যে, অধিদ্বাই ঐ সকল (রক্ষণরূপ) ফল অনুগ্রহপূর্বক দিয়াছিলেন; এই জন্ম ঐ স্ক্রদ্বারা এই প্রবর্গ্যে সেই সকল ফলেরই স্থাপনা হয় এবং এতদ্বারা সেই সকল ফলকেই সমৃদ্ধ করা হয়। অন্ত স্ক্রান্তর্গত একটি ঋকের বিধান—"অরক্ষচং—দ্বাতি"

"অরক্রচত্বসঃ পৃশ্নিরত্রিয়ঃ" তই ঋক্ রুচিত-[শব্দ]যুক্ত ; এতদ্বারা এই প্রবর্গ্যে রুচির (কান্তির) স্থাপনা হয়।
অরক্তৎ পদ কচার্থক কচ্ ধাতু হইতে নিশার। কচি অর্থে কান্তি, শোভা।
অভিষ্ঠব স্বতির পূর্বভাগের সমাপন-বিধানার্থ মন্ত্র—ছাভিঃ...পরিদধাতি"

"হ্যভিরক্ত ভিঃ পরিপাতমস্মান্" " এই [পূর্ব্বোক্ত সূক্তের] শেষ ঋক্ দ্বারা সমাপ্ত করা হয়।

মন্ত্রের অবশিষ্ট তিন চরণ—"অরিষ্টেভিঃ
 অসমদ্বরতি"

"অরিফেভিরশ্বিনা সোভগেভিঃ তন্মো মিত্রো বরুণো মাম-হস্তাং অদিতিঃ সিন্ধুঃ পৃথিবী উত ছোঃ" এতদ্বারা ইঁহাকে (যজমানকে) ঐ সকল (মস্ত্রোক্ত) ফল দ্বারা সমৃদ্ধ করা হয়। সমগ্র খকের অর্থ,—হে অধিদ্বয়, দীপ্তি দ্বারা, (দ্বতাদি) অঞ্জন দ্বারা, অরিষ্ট (হিংসাপরিহার) দ্বারা, সৌভাগ্য দ্বারা আমাদিগকে রক্ষা কর; তাহা হইলে

^{(&}gt;+) 핵, সং, ৯1৮이 (>>) 핵, সং, ১1>>২|२৫

মিত্র, বরুণ, অদিতি, সমুদ্র, পৃথিবী ও দ্যৌঃ আমাদিগকে অত্যন্ত মহনীয় । পূঞ্য) করিবেন। ঐ মন্ত্রপাঠে ঐ মন্ত্রোক সকল ফল লব্ধ হয়। অভিষ্টবস্তুতিব প্রথম ভাগের উপসংহার "ইতি-----পটলম্"

ইহাই । অভিফটবস্তুতির] প্রথম পটল (প্রথম ভাগ)। পটল অর্থে সমূহ। এই প্রথম পটলের অস্তর্গত মন্ত্রগুলি মহাবীরকে অগ্নিতে উত্তপ্ত করিবার সময় হোতৃকর্ত্বক পঠিত হয়।

পঞ্চম খণ্ড

অভিষ্টব মন্ত্র—উত্তর পটল

"অথোত্তরম্"

অনন্তর উত্তর [পটল]।

এই দিতীয় পটলের অন্তর্গত মন্ত্রগুলি ঘর্শ্যহ্বা গাভী দোহনের সময় এবং উত্তপ্ত মহাবীরে হগ্ধ দ্বত প্রভৃতি ঢালিবার সময় ব্যবহৃত হয়। আরস্তে একুশটি মন্ত্রের বিধান—"উপহ্বয়ে…তৎসমৃদ্ধন্"

"উপহ্বয়ে হৃত্বাং ধেনুমেতাম্" 'ছিং কৃণ্তী বহুপত্নী বৃদ্ধাম্" 'ভিছ ত্বা দেব সবিতঃ" "সমীং বৎসং ন মাতৃভিঃ" 'সংবৎস ইব মাতৃভিঃ" 'শেন্তে স্তনঃ শশরো যো ময়োভূঃ" 'গোরমীমেদকু বৎসং মিষস্তম্" 'নমসেতৃপসীদত" 'শং-জানানা উপসীদম্বভিজ্ঞ " 'ভা দশভিবিবস্বতঃ" 'ভহন্তি সবৈকাম্" সমিদ্ধো অগ্নিরন্থিনা" 'সমিদ্ধো অগ্নির্বাণা রতির্দিবঃ" "তত্ব প্রযক্ষতমমস্য কর্মা" 'ভাজু প্রয়াল্ডা তৃহ্বতে স্বতং পয়ঃ" 'ভিত্তিষ্ঠ ব্রহ্মণস্পতে" 'ভাজুকু পিপুর্যী-

⁽১) ব, সং, ১৷১৬৪৷২৬ (২) ১৷১৬৪৷২৭ (৩) ১৷২৪৷৩ (৪) ৯৷১০৪৷২ (৫) ৫৯৷১০৫৷২ (৬) ১৷১৬৪৷৪৯ (৭) ১৷১৬৪৷২৮ (৮) ৯৷১১৷৬ (৯) ১৷৭২৷৫ (১০) ৮৷৭২৷৮ (১১) ৮৷৭২৷৭ (১২) আবিং শ্রেঃ সুঃ ৪৷৭ (১৩) জাবঃ শ্রেঃ সুঃ ৪৷৭ (১৪) ব, সং, ১৷৬২৷৬ (১৫) ৯৷৭৪৷৪ (১৬) ১৷৪০৷১ .

মিষম্" "উপদ্রব পয়সা গোধুগোষম্" " "আহতে সিঞ্চ শ্রেয়ম্" " "আনূনমশ্বিনোঋ মিঃ" " "সমুত্যে মহতীরপঃ" ' এই একুশ ঋক্ অভিরূপ (অমুকৃল); যাহা যজে অভিরূপ, তাহা সমৃদ্ধ।

ঘর্শ্মছঘা নামক গাভার অধ্বর্দ্ব ক্রেক্ত্ক দোহন কালে হোতা এই একুশ মন্ত্র পাঠ করেন। আর ছয়টি মন্ত্র—"উত্বয়…যজ্ঞতি"

"উদ্বয় দেবঃ সবিতা হিরণ্যয়া" ওই মন্ত্রে [মহাবীর গ্রহণ করিয়া অন্য ঋত্বিকেরা উত্থান করিলে হোতা] তৎপশ্চাৎ উত্থান করিবে। "প্রৈত্ব ব্রহ্মণস্পতিঃ" ও এই মন্ত্রে [তাহাদের] অনুগমন করিবে। "গন্ধর্ব্ব ইত্থা পদমস্ম রক্ষতি" ও এই মন্ত্রে থর প্রতি দৃষ্টিক্ষেপ করিবে। "নাকে স্থপর্ণমূপ ঘৎপতন্তম্" ও এই মন্ত্রে উপবেশন করিবে। "তপ্তো বাং ঘর্মোন ক্ষতিঃ স্বহোত" ও "উভা পিবতমন্থিনা" ওই মন্ত্রেত্বয়কে পূর্বাহ্রে [অনুষ্ঠিত প্রবর্গ্য হবিঃপ্রদানের] যাজ্যামন্ত্র করিবে।" মহাবীরকে যেখানে উত্তপ্ত করা হয়, ভাহার নাম ধর। অন্ত মন্ত্র—"অ্যোল্ড ভাজনম"

"অংগ বীহি" (অগ্নি, ভক্ষণ কর) এই মস্ত্রের পর অনু-বষট্কার করিবে। ইহা স্বিষ্টকৃতের স্থানীয়।

পূর্ব্বাক্ত যাজ্যা মন্ত্রবের পর বৌষট্ উচ্চারণে প্রথম বষট্কার হয়। তৎপরে

⁽২৭) ৮।৭২।১৬ (১৮) **আখি: শ্রে:** হ্য: ৪।৭ (১৯) ব্ব, সং, ৮।৭২।১৩ (২০) ৮।৯।৭ (২১) ৮।৭।২২ (২২) ব্রক্ ৬।৭১।১ (২৩) ১।৪-।৩ (২৪) ৯।৮৩।৪ (২৫) ১-।১২৩।৬ (২৬) অথক্সিং ৭।৭৩।৫, আখ: শ্রো: স্য: ৪।৭ (২৭) ১|৪৬।১৫

⁽২৮) কোন দেবতাকে আছতিপ্রদানের সমন্ন হোতা অনুবাক্যা পাঠ করিলা পরে বাজ্যা পাঠ করেন। বাজ্যা মন্ত্রের চারি অংশ। প্রথমে "বে বজামহে" বলিরা উদ্দিষ্ট দেবতার নাম উল্লেখ হর। এই অংশের নাম আগৃঃ। তারপর দিতীয় অংশ কক্মন্ত। তার পর ববট্কার অর্থাৎ বৌবট্ উচ্চারণের সমন্ন অংবাঁট্য আছিতে আছতি নিক্ষেপ করেন। তৎপরে "অংঘ বীহি" বলিরা দিতীরবার বৌবট্উচ্চারণ, ইহাই অনুবন্ধট্কার।

"অমে বীহি" মন্ত্রের পর দিতীয় বার বৌষট্ উচ্চারণে অমুবষট্কার হয়। প্রবর্গ্য-কর্মে অমুবষট্কার করিলে আর স্বিষ্টকতের সংখাস্কা। পাঠ বা স্বিষ্টকতের আছতি আবশ্রুক হয় না। পূর্কাক্লের যাজ্যাবিধান হইয়াছে, অপরাক্লের অমুষ্ঠানের যাজ্যাবিধান—"যহ্প্রিয়াস্ত্তিক্লেন্দ্র"

"যত্ন স্রাস্থাহুতং দ্বতং পয়ং" ও "অস্ত পিবতমশ্বিনা" এই ছুইটি অপরাহের যাজ্যা করিবে। "অগ্নে বীহি" এই মস্ত্রে অসুবষট্কার করিবে; উহা স্বিউক্তের স্থানীয়।

প্রবর্গ্যকর্ম্মে প্রধান হবিঃ প্রদানের পর স্বিষ্টক্কতের প্রয়োজন নাই; তাহাতে কোন দোষ হইবে না; যথা—"ত্রয়াণাং ·····অনস্তরিত্যৈ"

"দোম (দোমরস), ঘর্ম (প্রবর্গ্যের হবিঃ), ও বাজিন (ঘোল) এই তিন হবিঃ স্বিফক্তের উদ্দেশে দেওয়া হয়। [কিন্তু এম্বলে] দেই হোতা যে অনুব্যট্কার করেন, তাহাতেই স্বিফক্ত অগ্নির অন্তরায় (লোপ) হয় না।

পরে বন্ধা জপ করিবেন — "বিখা…জপতি"

"বিশ্বা আশা দক্ষিণসাৎ" এই মন্ত্র ব্রহ্মা জপ করিবেন।
বন্ধজপের পর হোমান্তে হোতার পাঠ্য আর সাতটি ঋক্—"শ্বাহাক্তঃ…
সমৃত্বম্"

"ষাহাকৃতঃ শুচিদে বেষু ঘর্মঃ" "সমুদ্রাদূর্মিমুদিয়র্ত্তি বেন " "দ্রুশঃ সমুদ্রমভি যজ্জিগাতি" "সথে সথায়মভ্যাবর্ৎস্ব" "উদ্ধি উষু ণ উতয়ে" "উদ্ধো নঃ পাছংহসঃ" "তং ঘেমিখা নমস্বিনঃ" এই সাতটি মন্ত্র অভিরূপ; যাহা যজ্ঞে অভিরূপ, তাহাই সমৃদ্ধ।

⁽২৯) অধর্কসং ৭।৭৩।৪, আৰ শ্রো: ৪।৭ (৩০) ঝ, সং, ৮।৫।১৪ (৩১) আব, শ্রো, সু, ৪।৭ (৩২) অবর্কসং, ৭।৭৩।৩, আবে শ্রো, সু ৪।৭ (৩৩) ঝ, সং, ১০।১২৩।২ (৩৪) ১০।১২৩।৮ (৩৫) ৪।১।৩ (৩৬) ১।৩৬।১৩ (৩৭) ১।৩৬।১৪ (৩৮) ১)৩৬।৭

তৎপরে প্রবর্ণ্যের হবিঃশেষভক্ষণের পূর্ব্বে আর এক মন্ত্র— পাবকশোচে...
আকাজ্জতে"

"পাবকশোচে তব হি ক্ষয়ং পরি"" এই মন্ত্র পাঠ করিয়া ভক্ষণের অপেক্ষা করিবে।

পরে ভক্ষণ-মন্ত্র—"হুতং···ভক্ষয়তি"

ইন্দ্রতম (অত্যৈশ্বর্যাশালী) অগ্নিতে হবির আহুতি হইয়াছে; হে দেব ঘর্মা (প্রবর্গাদেব), তোমার সেই মধু (মধুর)
হবিঃ আমরা ভক্ষণ করিব। তুমি মধুমান্ (মাধুর্য্যযুক্ত),
পিতুমান্ (অমযুক্ত), বাজবান্ (গতিযুক্ত), অঙ্গিরস্বান্
(অঙ্গিরা ঋষি কর্তৃক পুরাকালে ভক্ষিত হওয়ায় তদ্যুক্ত),
তোমাকে প্রণাম; [তুমি] আমাকে হিংসা করিও না।
ইত্যর্থক মন্ত্র দ্বারা ঘর্মা (প্রবর্গ্য হবির শেষভাগ) ভক্ষণ করা হয়।
পরে প্রবর্গ্যপাত্র সংসাদন-কালে হোতার পাঠ্য মন্ত্রম্বন—

"শ্রেনো ন যোনিং সদনং ধিয়া কৃতম্" ও "আ যক্মিন্ সপ্ত বাসবাঃ" এই ছুই মন্ত্র [প্রবর্গপোত্রের] সংসাদনকালে (নামাইবার সময়) পাঠ করিবে।

প্রবর্গ্য করেকদিন ধরিয়া পূর্ব্বাহ্নে অমুষ্ঠিত হয়। শেষদিনের অপরাহ্নে অমুষ্ঠিত প্রবর্গ্যযজ্ঞে একটি অতিরিক্ত ঋক্ বিহিত হয় যথা—"হবিঃ…ভবস্তি"

"হুবির্হবিস্থো মহি সদ্ম দৈব্যম্" এই মন্ত্র যে দিন [প্রবর্গ্যের] উৎসাদন হয়, [সেই দিন ঐ মন্ত্র পাঠ করিবে] অভিষ্ঠবসমাপ্তিমন্ত্র—"স্থাবসাৎ……পরিদ্যাতি"

"সূয়বসাৎ ভগবতী হি ভূয়াঃ" এই শেষ মন্ত্রে [প্রবর্গ্য] সমাপ্ত করিবে।

⁽৩৯) ঋ, সং ভাষাভ (৪০) ঋ, সং ৯।৭১।৬ (৪১) আখ, শ্রো, সু, ৪।৭ (৪২) ঋ, সং ৯।৮৬।৫ (৪৬) ১।১৬৪।৪০ ।

এবর্ণ্যকর্মের প্রশংসা—"তদেতৎ……সম্ভবতি"

এই যে ঘর্মা (প্রবর্গাকর্মা), ইহা দেবগণের মৈপুনস্বরূপ;
সেই যে ঘর্মা (মহাবীরপাত্রা), তাহা শিশ্বস্বরূপ; এই যে
ছুইখানি শফ (মহাবীরধারণের কার্চ্চ), ইহাই শফদ্বয়স্বরূপ;
এই যে উপযমনী (উত্নস্বর-নির্মিত দবী), তাহাই শ্রোণিকপাল (শ্রোণিসধ্যম্ব অন্থি); এই যে হুমা (মহাবীরম্ব তপ্ত
দ্বতে যাহা প্রক্ষিপ্ত হয়), তাহাই রেতঃ;
দবযোনি জননস্থান অগ্নিতে সিক্ত হয়, [যে হেড়ু] অগ্নিই
দেবযোনি; সেই (যজমান) দেবযোনি অগ্নি হইতে ও আহুতিসমূহ হইতে [দেবতারূপে] উৎপন্ন হন।

ইহা জ্ঞানের প্রশংসা—"ঝঙ্ময়ো·····ঘজডে"

বে ইহা জানে, এবং যে ইহা জানিয়া এই যজ্জকতু দারা যজন করে, সে ঋঙ্ময়, যজুম্য়, সামময়, বেদময়, ত্রহ্মময়, অমৃতময় হইয়া, সকল দেবতাকে একযোগে প্রাপ্ত হয়।

⁽৪৪) প্রবর্গাকর্মে বিবিধ সন্তার বা উপকরণ আবস্তক হর। তন্মধ্যে ঐ কর্ম্ট প্রধান। বে
কুরুর পাত্রে বর্ম (মুদ্ধ ও মুত পাক করিরা প্রস্তুত প্রকর্মের প্রধান হবি:) প্রস্তুত হন্ন, তাহার নাম
মহাবীর; তথ্য মহাবীর ধরিবার কল্প মুইধানি ভূম্বের কাঠ থাকে, তাহার নাম শব্দ ; মুদ্ধ প্রহণের
কল্প প্রকথানি ভূম্ব কাঠের দ্বর্মা (হাতা) থাকে, তাহাই উপন্যননী। অধ্যর্ম্ব এই সকল জ্বব্য
সংগ্রহ ও বথাছানে স্থাপিত করিয়া অমুষ্ঠানে প্রযুত্ত হন। প্রথমে ধর-নামক বালুকানির্মিত
মঙলের মধ্যে মৃতান্ত মহাবীর স্থাপিত করিয়া নীচে উপরে অলপ্ত অলার দিয়া মহাবীরকে উন্তপ্ত
করিতে হয়। এই সকল অমুষ্ঠানে হোতা অভিট্রবর্মন্ত্রের প্রথম পটল পাঠ করেন। তংপরে
অধ্যর্ম্ব অর্ম্বর্শ্যা রাজী দোহন করেন ও প্রতিপ্রস্থাতা হানী দোহন করেন। এই সন্তপ্ত হেতা
অভিট্রবের মিতীর পটলের প্রথমাণে পাঠ করেন। তংপরে ঐ গোমুদ্ধ ও হাগমুদ্ধ মহাবীরে চালিন।
বর্শ্বপাক করিতে হয়। এই সমরে হোতা আর করেকটি অভিট্রব পাঠ করেন। তংপরে শক্ষারা
মহাবীর নারাইয়া আহ্বনীরে ঐ মর্মের আহতি দেওলা হয়। পরে বজ্ঞমান ও কৃষ্টিকের্ল হতাবিশিট
কর্ম্ব ভক্ষণ করেন। তংপরে প্রায়ন্সিত হোসের পর ব্যক্তির পাত্র সকল বথাছানে স্থাপন করা হয়।

ষষ্ঠ খণ্ড উপসদিস্থি

প্রবর্গ্যকর্মবিধানের পর উপসদিষ্টিবিধান বিষয়ে আখ্যায়িকা—"দেবাস্থরা: প্রত্যকুর্বত''

দেবগণ ও অহ্মরগণ এই লোকসকলে যুদ্ধ করিয়াছিলেন। তখন সেই অহ্মরেরা এই (তিন) লোককে পুরীতে (প্রাকার-বেষ্টিত নগরে) পরিণত করিয়াছিল। যেমন ওজস্বী (বীর্য্য-বান্) ও বলযুক্ত (সেনাসমন্বিত) লোকে [করিয়া থাকে], সেইরূপ তাহারাও (অহ্নরেরাও) এই ভূলোককে লোহ-(প্রাকার)-যুক্ত, অন্তরিক্ষকে রজত-(প্রাকার)-যুক্ত, ও দ্ল্য-লোককে স্বর্ণ-(প্রাকার)-যুক্ত করিয়াছিল। তাহারা এইরূপে এই লোকত্রয়কে পুরীতে পরিণত করিয়াছিল। বলিলেন, অস্তরেরা যেমন লোকত্রয়কে পুরীতে পরিণত করি-য়াছে, আমরাও এই লোকত্রয়কে তাহাদের বিরুদ্ধে পুরীতে পরিণত করিব। তাহাই হউক, এই বলিয়া তাঁহারা এই ভূমি হইতে দদঃ (প্রাচীনবংশের পূর্ববস্থ মণ্ডপ)' প্রস্তুত করিলেন, অন্তরিক্ষের নিকট হইতে আমীধ্র প্রস্তুত করিলেন, চ্যুলোক হইতে হবিধান'-(নামক-শকট)-দ্বয় প্রস্তুত করিলেন। এই-রূপে তাঁহারা অস্থরদিগের বিরুদ্ধে এই লোকসকলকে পুরীতে পরিণত করিলেন ৷

 ⁽১) প্রাচীনবংশশালার ইউকর্মসমূহ অস্তিত হয়। প্রাচীলবংশের বাহিরে উভরবেদি,
 ভাহার নিকটে সদঃ। এই সদঃস্থানে প্রাচীনবংশ হইতে সোম আনিয়া রাখিতে হয়।

⁽২) আগ্নীএ—তন্নামক ধিক্য বা অগ্নিশালা।

⁽७) हिवर्शन- ८ व्यसाम ७ थन (नथ ।

দেবগণের বিজয় যথা—"তে দেবা…অমুদন্ত"

সেই দেবগণ বলিলেন, [আমরা] উপসৎ (তন্ধামক হোম) অনুষ্ঠান করিব; [কেন না] উপসদ্ (সমীপে অবস্থান বা তুর্গের অবরোধ) দ্বারাই [লোকে] মহাপুরী জয় করে; তাহাই হউক, এই বলিয়া তাঁহারা যে প্রথম (প্রথম দিনে বিহিত) উপসৎ অনুষ্ঠান করিয়াছিলেন, তদ্বারা এই [ভূ] লোক হইতে অস্করদিগকে অপসারিত করিয়াছিলেন; যে দ্বিতীয় (দ্বিতীয় দিনে বিহিত) উপসৎ অনুষ্ঠান করিয়াছিলেন, তদ্বারা অন্তরিক্ষ হইতে, যে তৃতীয় (তৃতীয় দিনে বিহিত) উপসৎ অনুষ্ঠান করিয়াছিলেন, তদ্বারা জ্যুরিক্ষ হইতে, যে তৃতীয় (তৃতীয় দিনে বিহিত) উপসৎ অনুষ্ঠান করিয়াছিলেন, তদ্বারা ত্যুলোক হইতে, এইরূপে তাহাদিগকে এই সকল লোক হইতেই অপসারিত করিয়াছিলেন।

তৎপরে—"তে বা · অমুদস্ত"

তিই লোকত্রয় হইতে অপসারিত হইয়া সেই অস্থরেরা [বসন্তাদি] ঋতুগণকে আশ্রয় করিয়াছিল। [তখন] দেবগাঃ বলিলেন, [আমরা] উপসৎ অনুষ্ঠান করিব; তাহাই হউক, বলিয়া তাঁহারা ঐ তিনসংখ্যক উপসদের প্রত্যেককে তুই তুই বার অনুষ্ঠান করিয়াছিলেন। এইরূপে তাহা (উপসৎ) ছয়টি হইল; ঋতুও ছয়টি; তখন তাহাদিগকে ঋতুর নিকট হইতে অপসারিত করিলেন।

তৎপরে—"তে বা…অমুদস্ত"

ঋতুর নিকট হইতে অপসারিত হইয়া সেই অন্তরেরা মাসসমূহের আশ্রয় লইল। সেই দেবগণ বলিলেন, [আমরা] উপসৎ অনুষ্ঠান করিব; তাহাই হউক, বলিয়া তাঁহারা সেই ষট সংখ্যক উপসদের প্রত্যেককে তুই তুই বার অনুষ্ঠান করি- লেন। এইরূপে তাহা দ্বাদশসংখ্যক হইল; মাসও দ্বাদশ; তথন তাহাদিগকে মাসসমূহের আশ্রয় হইতে অপসারিত করিলেন।

পরে—"তে বৈ…অমুদন্ত" /

মাসসমূহ হইতে অপসারিত হইয়া সেই অপ্নরেরা অর্ধমাস সকলের আশ্রায় লইল। সেই দেবগণ বলিলেন, আমরা
উপসৎ অনুষ্ঠান করিব; তাহাই হউক, বলিয়া সেই দ্বাদশসংখ্যক উপসদের প্রত্যেককে তুই তুইবার অনুষ্ঠান করিলেন।
তাহাতে তাহারা চব্বিশটি হইল; অর্ধ্বমাসও চব্বিশটি;
তথন তাহাদিগকে অর্ধ্বমাস হইতে অপসারিত করিলেন।

পরে—"তে বৈ...অন্তরায়ন্"

অর্দ্ধনাস হইতে অপসারিত হইয়া সেই অপ্নরেরা অহোরাত্রের আশ্রয় লইল। সেই দেবগণ বলিলেন, আমরা উপসৎ
অনুষ্ঠান করিব; তাহাই হউক, বলিয়া তাঁহারা পূর্ব্বাহ্নে যে
উপসৎ অনুষ্ঠান করিলেন, তদ্ধারা তাহাদিগকে দিবস হইতে
এবং অপরাহ্নে যে (উপসৎ) অনুষ্ঠান করিলেন, তদ্ধারা
রাত্রি হইতে অপসারিত করিলেন। এইরূপে তাহাদিগকে
অহোরাত্র উভয় হইতেই অপসারিত করিলেন।

উপসদমুষ্ঠানের কাল—"তত্মাৎ...পরিশিনষ্টি"

সেইজন্ম পূর্ব্বাহ্লেই প্রথম উপসৎ ও অপরাফ্লে অপর উপ-সৎ অনুষ্ঠেয়। এতদ্বারা সেই (দিবারাত্রির মধ্যগত সন্ধ্যা) কালই শক্রুর অবস্থানের জন্ম অবশিষ্ট থাকে।

পূর্বাত্তে ও অপরাত্তে অমুষ্ঠান দারা শত্রুগণ (দেবপক্ষে অমুর ও যজমানপক্ষে শত্রু) দিনরাত্রি হইতে তাড়িত হইয়া কেবল সন্ধ্যাকালকেই আশ্রন্ধ করিয়া থাকে।

मश्य थ्र

তানূনপ্ত্ৰ

উপসদের প্রশংসা—"জিতয়ো···ব্যজয়স্ত"

এই যে উপদৎ, ইহাদের নাম জিতি (জয়); ইহাদের দারাই দেবগণ অদপত্ন (শক্রবহিত) বিজয় পাইয়াছিলেন।

ইহা জানার প্রশংসা – "অসপত্নাৎ...বেদ"

যে ইহা জানে, সে শত্রুরহিত বিজয় লাভ করে। পুনঃপ্রশংসা—"যাং...বেদ"

দেবগণ এই লোকসকলে, ঋতুসকলে, মাসসকলে, আর্দ্ধ-মাসসকলে এবং অহোরাত্রে যে যে বিজয় লাভ করিয়াছিলেন, যে (যজমান) ইহা জানে, সে সেই সেই বিজয়ই লাভ করে। অনস্তর তানুনপ্রে প্রস্তাবের জন্ত আধ্যায়িকা—"তে দেবাঃ…বিধার্দে বিঃ"

সেই দেবগণ ভয় করিয়াছিলেন, আমাদের প্রেমের অভাব (পরস্পর বিরোধ) দেখিয়া অহ্বরেরা প্রবল হইবে। এই ভয়ে তাঁহারা বিভক্ত হইয়া (ভিন্ন ভিন্ন দল বাঁধিয়া) চলিয়া গিয়া মন্ত্রণা করিতে লাগিলেন। অগ্নি বহুগণের সহিত, ইন্দ্র রুদ্রগণের সহিত, বরুণ আদিত্যগণের সহিত, রহস্পতি বিশ্ব-দেবগণের সহিত বিভক্ত হইয়া চলিয়া গেলেন।

তৎপরে—"তে তথা…সংগ্রথধত"

⁽১) তানুনপ্ত উপসদের অঙ্গ নহে। আতিখোটির পর যজমান ও ঋছিকেরা পরম্পর অবিরোধের জন্ত যে কর্ম্মার শপথ গ্রহণ করেন, তাহার নাম তানুনপ্তা। অফার্য্য করা নামক দক্ষী হইতে আজ্য গ্রহণ করিয়া কাংজ্পাত্তে রাখেন। পরে যজমান ও ক্ষিকেরা সকলে মিলিয়া ঐ আজ্য ম্পর্শ করেন। তৎপরে হোত্পণ জলপূর্ণ মনস্তী পাত্ত ম্পূর্ণ করিলে জাহাদের তত্ত্ব "বল্লগের গৃহে" (জলে) রাখাহয়। তৎপরে মদন্তীজল বারা সোমের আপ্যায়ন করা হয়। (১২ পৃ: দেখ)

তাঁহারা সেইরূপে চলিয়া গিয়া মন্ত্রণা করিলেন। তাঁহারা বলিলেন, আমাদের এই যে সকল প্রিয়তম তমু (পুত্রকলত্রাদি) আছে, তাহাদিগকে এই রাজা বরুণের গৃহে [গুপুভাবে] রাখিয়া দিব। যিনি এই [নিয়ম] লজ্জন করিবেন, অথবা যিনি লোভ দেখাইবেন (লোভ দেখাইয়া পুত্রাদিকে বাহিরে আনিবেন), আমাদের মধ্যে তিনি তাহাদের (পুত্রাদির) সহিত সঙ্গত (মিলিত) হইতে পারিবেন না। তাহাই হউক, বলিয়া তাঁহারা রাজা বরুণের গৃহে তনুসকল রাথিয়াছিলেন।

তান্নপ্ত শব্দের বাগ্ধ্যা—"তে যদ্ ····তান্নপ্তেত্বম্"

তাঁহারা যে রাজা বরুণের গৃহে তকু রাখিয়াছিলেন, তাহাই তানুনপ্ত্র হইয়াছিল; তাহাতেই তান্নপ্তের তানুনপ্তেম।

পুরাদিকে বরুণগৃহে ক্মথিয়া দেবগণ আব্দেশর্শ দারা পরস্পর বন্ধ বিষয়ে শপথ করিয়াছিলেন। তান্নপ্ত নামক কর্মেও যজমান ও ঋতিকৃগণকে ঐরপে আব্দাস্পর্শ করিতে হয়।

উহার সমর্থন—"তত্মাৎ----ইতি"

সেই জম্ম [ব্রহ্মবাদীরা] বলেন, সভান্নপ্ত্রীকে (এক যোগে শপথকারীকে) দ্রোহ করিবে না।

তানুনপ্ত শব্দে শপথ ব্ৰায়। পাঁচজনে মিলিয়া শপথবদ্ধ হইলে পরস্পার বিরোধ অকর্তক। দেবগণের শপথের ফল—"তলাং…জ্যাভবন্তি"

সেই জন্মই (দেবগণের শপথপূর্বক সন্ধিবন্ধনহেড়ু)
অন্তরেরা এই লোকে প্রবল হয় নাই।

অফ্টম খণ্ড

উপসদিষ্টি

আতিথাকর্মে আস্তীর্ণ বহিঃ (কুশ) উপসদে ব্যবহৃত হয়। ইড়াভক্ষণের পর আতিথ্য সমাপ্ত হওয়ায় ঐ বহিঃ অগ্নিতে দেওয়া হয় না; উহা উপসদে ব্যব-হৃত হয়। তাহার কারণপ্রদর্শন—"শিরো বৈ ····শিরোগ্রাবম্'

এই যে আতিথ্য, ইহা যজের শিরোদেশ, এবং উপসৎ গ্রীবা। মস্তক ও গ্রীবা সমান (সন্নিহিত); এইজন্ম উভয় কর্ম এক বহিঃ দ্বারাই সম্পাদন করিবে।

অস্থরগণের পুরীভেদে উপদৎ বাণস্বরূপ হইয়াছিল, যথা—"ইয়ুং বা····· আয়ন''

এই যে উপদৎ ইহাকে দেবগণ ইয়্-(বাণ)-স্বরূপে দংস্কৃত করিয়াছিলেন। অগ্নি দেই বাণের অনীক (সম্মুখভাগ), সোম শল্য, বিষ্ণু তেজন (শল্যাগ্র) ও বরুণ পর্ণ (পত্র) হইয়া-ছিলেন। [দেবগণ] আজ্যস্বরূপ ধনু ধারণ করিয়া সেই বাণ মোচন করিয়াছিলেন; এই বাণ দ্বারা তাঁহারা [অস্কর-দিগের] পুরী ভেদ করিয়া আসিয়াছিলেন।

আজ্য ধমুঃস্বরূপ হওয়াতে উপসদে কেবল স্বতদ্বারা হোম হয়,—"তম্মাৎ… ভবস্তি"

সেইজন্য এই সকল দেবতাদের আজ্যই হবিঃ হয়। উপসদের অঙ্গভূত ব্রতোপায়নের বিধান—"চতুরোহগ্রো----পর্ণানি"

উপসৎসমূহের অগ্রে (প্রথমদিনে সন্ধ্যাকালে) [গাভীর] চারিটি স্তন হইতে ব্রত (যজমান কর্তৃক ছগ্মপান) করান হয়। কেন না বাণের চারিটি সন্ধি,—অনীক, শল্য, তেজন ও পর্ণ।

দিতীয় ও তৃতীয়দিনের স্তনসংখ্যাবিধান—"ত্রীন---ক্রিয়তে"

উপসৎসমূহে [দ্বিতীয় দিন প্রাতঃকালে] তিনটি স্তনে ব্রত করান হয়; কেন না বাণের তিনটি সদ্ধি—অনীক, শল্য ও তেজন। উপসৎসমূহে [দ্বিতীয় দিন সন্ধ্যায়] তুইটি স্তনে ব্রত করান হয়, কেন না বাণের তুইটি সদ্ধি,—শল্য ও তেজন। উপসৎসমূহে [তৃতীয় দিন প্রাতঃকালে] একটি স্তনে ব্রতঃ করান হয়; কেন না বাণকে একটিই বলা হয়; এক (অথগু বস্তু) দ্বারাই বীর্ঘ্য সম্পাদিত হয়।

উক্ত সংখ্যার প্রশংসা—"পরোবরীয়াংসো—অভিজিত্যৈ"

এই লোকসকল উর্দ্ধভাগে [ক্রমশঃ] বিস্তৃত ও অধোভাগে [ক্রমশঃ] সঙ্কুচিত। উপসদেরাও উর্দ্ধ হইতে (প্রথম দিন হইতে) অধোদিকে (শেষ দিন পর্য্যন্ত) [ক্রমশঃ স্তনসংখ্যা হ্রাস দ্বারা] অনুষ্ঠিত হয়; ইহাতে ঐ সকল লোকই জয় করা হয়।

সত্যলোক হইতে ত্যুলোক ছোট, ত্যুলোক হইতে অন্তরিক্ষ ছোট, অন্তরিক্ষ হইতে ভূলোক ছোট। সেইরূপ উপসদের প্রথম দিনে চারিটি স্তন হইতে গোত্বশ্ব পান হয়, পরে স্তনসংখ্যা ক্রমশঃ কমান হয়। এই জন্ম এই অন্তর্ভানে স্বর্গাদিলোক জয় করা হয়।

উপসৎকর্ম্মের প্রশংসার পর হোতৃপাঠ্য সামিধেনী-বিধান—"উপসদ্যায়… •••অভিবদতি''

"উপদতায় মীঢ়ুষে" ইত্যাদি তিনটি এবং "ইমাং মে অগ্নে-দমিধমিমামূপদদং বনেঃ" ইত্যাদি তিনটি মন্ত্র দামিধেনী করিবে। উহারা রূপদমূদ্ধ, এবং যাহা রূপদমূদ্ধ, তাহা যজ্ঞের

^{(&}gt;) 912612-0 (2) 21612-0

পক্ষে সমৃদ্ধ, কেন না ঐ ঋক্ ক্রিয়মাণ কর্মকেই পূর্ণভাবে উল্লেখ করে।

পূর্ব্বাহ্নে প্রথম তিনটি ও অপরাহ্নে অপর তিনটি মন্ত্রে সামিধেনী হইবে।
উক্ত মন্ত্রে "উপদল্যায়" এবং "উপদলং বনেঃ" এই ছই পদ থাকায় উহারা রূপসমৃদ্ধ হইল। পরে যাজ্যান্থব্যাক্যা-বিধান—"জন্মিবতীঃ……কুর্যাৎ"

হনন-[বাচক-শব্দ]-যুক্ত ঋক্কে যাজ্যা ও অনুবাক্যা করিবে।

তাদৃশ ঋকের উল্লেখ—"অগ্নিঃ…ইত্যেতাঃ"

"অগ্নির্বাণি জজ্ঞনৎ" [অনুবাক্যা], "য উত্র ইব শর্যহা" [যাজ্যা] "স্থং সোমাসি সৎপতিঃ" [অনুবাক্যা], "গয়স্ফানো অমীবহ" [যাজ্যা] "ইদং বিষ্ণুবিচক্রমে" [অনুবাক্যা] "ত্রীণি পদা বিচক্রমে" [যাজ্যা] এই সকল মন্ত্র।

ঐ ছয় মন্ত্র যথাক্রমে অয়ি সোম ও বিষ্ণু এই তিন দেবতার উদ্দিষ্ট অমুবাক্যা ও যাজ্যা হইবে। পূর্বাহ্নের অমুগ্রানের যাজ্যা অপরাহ্নের অমুবাক্যা এবং পূর্বাহ্নের অমুবাক্যা অপরাহ্নে যাজ্যা হইবে যথা—"বিপর্যান্তাভিরপরাহ্নে যজতি"

অপরাত্নে বিপর্য্যন্ত (উলটান) মন্ত্র দ্বারা যজন করা হয়। অক্ষ্যান্তবাক্যার প্রশংসা—"ম্বস্তো—উপসদঃ"

এই যে (পূর্ব্বোক্ত যাজ্যানুবাক্যাযুক্ত) উপসৎসকল, এতদ্বারা দেবগণ [অস্ত্ররগণের] পুরী ভেদ করিয়া ও [অস্তর-দিগকে] হনন করিয়া আসিয়াছিলেন।

यांकारियुवाकार खिल प्रकटलंतरे এक छन्नः, यथा--"मध्यमप्रः... विष्टम्मप्रः"

[যাজ্যানুবাক্যা মন্ত্রগুলি] সমানছদেশাযুক্ত করিবে; বিভিন্নছদেশাযুক্ত করিবে না।

তাহার হেতৃ—"যং · · অনিতোঃ"

यिन विভिন্নছ त्नायुक करा रस, जारा रहेता धीवार ज

(গ্রীবাস্থরূপ উপসদে) গণ্ড (গণ্ডমালা রোগ) উৎপাদন করা হয় ও [তদ্বারা হোতা যজমানের] গ্লানি উৎপাদনে সমর্থ হন। সেই জন্ম বিধান—"তত্মাৎ…বিজ্ঞলগং"

সেই জন্ম সমানছন্দোযুক্তই করিবে; বিভিন্নছন্দোযুক্ত করিবে না।

আজা দারাই উপসদের হবিং প্রদান হয়, তাহার প্রশংসা—"তহ্য তাহার পুত্র উপাবি এ বিষয়ে একটি কথা আছে। জনশ্রুতার পুত্র উপাবি (নামক ঋষি) উপসৎ-সম্বন্ধীয় ব্রাক্ষণে (বেদবাক্যে) ইহা বলিয়াছিলেন যে, জ্যোত্রিয় (বেদজ্ঞ) ব্যক্তি অশ্লীল (কুরূপ) হইলেও তাহার মুখ [বেদপাঠহেতু] যেন তৃপ্ত (শোভ্যান). বলিয়াই বোধ হয়। সেইরূপ [গ্রীবাস্থানীয়] উপসৎও আজ্য-হবির্মুক্ত [অতএব শোভ্যান], এবং [শোভ্যান] গ্রীবার উপরে স্থাপিত মুখও (ঐ বেদজ্ঞের মুখের মত শোভ্যান দেখা যায়];—ইহাই তিনি ঐ উক্তি দ্বারা বলিয়াছিলেন।

নবম খণ্ড

উপসৎ---সোমাপ্যায়ন---নিহ্নব

উপসদে প্রয়াজামুযাজ নিষেধ · · · · "দেববর্ম · · · · অপ্রতিশবার"

এই যে প্রয়াজ ও অমুযাজ, উহা দেবগণের বর্ম-(কবচ)-স্বরূপ; এইজন্ম [উপসদ্রূপী] বাণের তীক্ষতার জন্ম ও বিরুদ্ধ (শক্রনিক্ষিপ্ত) বাণের পরিহারার্থ উপসৎ কর্ম প্রয়াজরহিত ও অমুযাজরহিত হয়। শক্রর বাণ হইতে আত্মরক্ষার্থ বর্দ্ম ধারণ করিতে হয়; নিজের বাণ যেথানে তীক্ষ্ণ, অতএব এক বাণেই শক্রনিপাত সম্ভব, সেথানে পরের বাণের আশকাই নাই। সে স্থলে বর্দ্মধারণ অনাবশুক। সেইরূপ উপসদ্রূপী শরক্ষেপে যেথানে শক্রনিপাত অবশুস্তাবী, সেথানে প্রযাজান্ধযাজরূপ বর্দ্মের প্রয়োজন নাই।

পুনঃ পুনঃ দক্ষিণে যাওয়ার নিষেধ ····· "সক্তৎ ···· অনপক্রমায়"

[হোতা] একবার মাত্র [বেদি ও আহবনীয়ের সীমা] অতিক্রম করিয়া (পার হইয়া) আশ্রাবণ করিবে; তাহাতেই যজ্ঞের (উপসদের) সর্বত্র ব্যাপ্তি হয় ও যজ্ঞ অপক্রম করিতে (পলায়ন করিতে) পারেন না।

উপসদের তিন দেবতা, অগ্নি, সোম ও বিষ্ণু, ইহাদের প্রত্যেকের উদ্দেশে আশ্রাবণ পূর্ব্বক আহুতিদানের জন্ম আহ্বনীয়াগ্নির দক্ষিণে গমন নিষিদ্ধ হইল। একবার গিয়া সেথানে স্থির হইয়া তিন দেবতার উদ্দেশে আশ্রাবণ করিলেই যক্ত সিদ্ধ হইবে।

অনস্তর গোমাপ্যায়নের প্রস্তাব—"তদাহ: · · · · · বৃত্তমহন্"

[ব্রহ্মবাদীরা] এ বিষয়ে বলেন—রাজা সোমের সমীপে যে [তুর্গান্নপ্ত কর্ম] অনুষ্ঠিত হয়, এবং উহা যে তাঁহার (সোমের) নিকটে স্নতদারা (আজ্যম্পর্শ দারা) আনুষ্ঠিত হয়, তাহা জুর; কেন না [স্নতরূপী] বজু দারাই ইন্দ্র র্ত্তকে হত্যা করিয়াছিলেন।

শাথান্তরেও ঐরপ সোমের নিকটে তান্নপ্ত বিধান আছে। ° ঐ জুর কর্ম পরিহারের উপায় বিধান—"তদ যদ্ । তান বিধান আছে। তান বিধান আছে।

⁽১) কোন দেবতার উদ্দেশে আঞ্জিদানের সময় অধ্বয়া উত্তর হইতে আহবনীরের দক্ষিণে গমন করেন ও সেইগানে থাকিয়া 'ও প্রাবয়' এই বাকা উচ্চারণ করেন। ইহার নাম আশ্রাবণ।
আগ্রীধুনামক ক্ষিক ভোষার প্রত্যান্তরে "অস্তু প্রোধট্" বেলেন।

⁽২) তান্নপ্ত দেখ; পৃ: ৮৬; তান্নপ্তের পর সোমাপায়ন ও নিছবামুষ্ঠান।

⁽৩) ''যুতং থলু বৈ দেবা ব্জঃ কুড়। সোমমন্ম অন্তিক্ষিক থলু বা **অত্তৈতচেরতি** যন্তান্ত করিছা"

যেহেতু দেই জুর কর্ম ইঁহার (সোমের) সমীপে অনুষ্ঠিত হয়, দেই হেতু এই পিশ্চাত্তজ্জ-মন্তযুক্ত অনুষ্ঠান] দ্বারা ইঁহাকে আপ্যায়িত (জলপ্রোক্ষণ দ্বারা শান্ত) করা হয় ও অনন্তর ইঁহাকে সমৃদ্ধ করা হয়। [মন্ত্র যথা] হে দেব সোম, একধনবিৎ (এক সোমই গাঁহার ধন সেই) ইন্তের জন্ম তোমার অংশু (অবয়ব) বন্ধিত হউক; তোমার জন্ম ইন্দ্র বন্ধিত হউন; ইন্দ্রের জন্ম তুমি বন্ধিত হও; বন্ধুস্বরূপ আমাদিগকে মঙ্গল দ্বারা ও মেধা দ্বারা বন্ধিত কর। হে দেব সোম, তোমার স্বস্তি (মঙ্গল) হউক; শোষ-ঋক্যুক্ত স্থত্যা (অগ্নিন্টোম যজ্জের শেষে সোমাভিষব) প্রাপ্ত হও। এই মন্ত্রনারা [সোম] রাজার আপ্যায়ন (জলপ্রোক্ষণ দ্বারা তৃপ্তি বিধান) হয়।

তৎপরে যজ্ঞমান ও ঋত্বিক্গণ বেদির উপর প্রস্তর নামক কুশমুষ্টিতে উভন্ন হস্ত রাথিয়া ভাবাপৃথিবীকে নমস্কার করেন; ইহার নাম নিহ্নব। নিহ্নব মস্ত্র— "ভাবাপৃণিব্যোঃ·····বর্দ্ধয়ন্তেয়াব"

এই যে রাজা সোম, ইনি ভোঃ ও পৃথিবীর গর্ভ; এই জন্য অভ্যুদয়দাতা তুমি অন্মের জন্য ও সোভাগ্যের জন্য ধন প্রদান কর; অভ্যুদয়দাতা তুমি অন্য (ফলও) প্রদান কর; সত্যই ঋতবাদীদিগকে (সত্যবাদীদিগকে) প্রণাম; ছ্যুলোককে প্রণাম, পৃথিবীকে প্রণাম। এই মন্ত্র দ্বারা প্রস্তরে (প্রস্তরনামক কুশ-গুচ্ছে) যে নিহুব করা হয়, তাহাতে ছ্যুলোকদ্বারা ও পৃথিবী দ্বারা তাঁহাকেই (সোমকেই) প্রণাম করা হয়; অপিচ [এতদ্বারা] তাঁহাদিগকেও (ভাবাপৃথিবীকেও) বর্দ্ধন করা হয়।

পঞ্চম অধ্যায়

প্ৰথম থণ্ড

সোমক্রব

পূর্বাংয়ারে প্রবর্ণ্যের অভিষ্ঠব, উপসং, তাম্নপ্ত্র, সোমাপ্যায়ন, নিহ্নব ও ব্রতোপায়ন অষ্ঠান ক্থিত হইরাছে। এক্ণণে সোমক্রয়ের প্রস্তাব; ত্রিষরে আধ্যায়িকা—"সোমো বৈ·····অক্রীণন্"

রাজা সোম গন্ধর্বগণের নিকটে ছিলেন। তাঁহার বিষয়ে দেবগণ ও ঋষিগণ চিন্তা করিলেন, এই রাজা সোম কিরূপে আমাদের নিকট আসিবেন। [তখন] সেই বাগ্দেবী বাক্ (দেবী) বলিলেন, গন্ধর্বেরা স্ত্রীকামুক; আমাকেই স্ত্রী করিয়া [সোমের] মূল্যস্থরূপ কর। দেবগণ কহিলেন, না, তোমাকে ছাড়িয়া আমরা কিরূপে থাকিব। তিনি (বাগ্দেবী) বলিলেন, [আমাদারা সোমকে] ক্রুয় কর; যখনই তোমাদের আমাকে প্রয়োজন হইবে, তখনই আমি তোমাদের নিকট পুনরায় আগত হইব। তাহাই হউক বলিয়া [দেবগণ] মহতী নগ্ধ-(উলঙ্গ)-রূপ ধারিণী সেই [বাগ্দেবী] দ্বারা রাজা সোমকে ক্রুয় করিয়াছিলেন।

লোমক্রের বিধান "ভাষ্-----ক্রীণন্তি"

⁽১) ,নগ্ন পাৰে, ৰাগ্দেৰী বালিকারণ ধরিজেন, ইহাই বুঝাইতেছে। বথা শাধান্তরে "ডে ধেৰা অক্রেবন্ ত্রীকামা বৈ পক্ষা: দ্রিয়া নিজুপাষেতি। তে বাচং ক্লিমেকহারনীং কৃষা তর নিল্লমীণন্।"

তাঁহার (বালিকা বাগ্দেবীর) অমুকরণে অস্কর (পুংসং-সর্গরহিত) বৎসতরীকে (ছোট গাভীকে) সোমের মূল্য করা হয়, ও তদ্ধারা রাজা সোমকে ক্রয় করা হয়

সেই বাছুরের পুনগ্রহণ—"তাং……আগচ্ছৎ"

তাহাকে (বৎসতরীকে) পুনরায় ক্রয় করিবে; কেন না তিনি (বাগ্দেবী) পুনরায় তাঁহাদের (দেবগণের) নিকট আসিয়াছিলেন। সোমক্রয়ের পর অগ্নিপ্রণয়নের পূর্ব্বে অমুচ্চ স্বরে মন্ত্রপাঠ কর্ত্ব্য— "তন্ত্রাৎ……আগচ্ছতি।"

সেই জন্ম রাজা সোমের ক্রয়ের পর উপাংশু বাক্য দ্বারা (অমুচ্চস্বরে মন্ত্রপাঠ দ্বারা) অমুষ্ঠান করিবে; কেন না তথন বাগ্দেবী গন্ধর্বদিগের নিকট থাকেন, এবং তিনি অগ্নিপ্রণয়নের সময় পুনরায় (ফিরিয়া) আসেন।

ৰিতীয় খণ্ড

অগ্নিপ্রণয়ন

चित्रिश्रान्त्र देश्य मञ्ज '—"व्यव्यक्तिः"

অধ্বর্য [হোতাকে] বলিবেন, প্রণীয়মান অগ্নির অসুকূল
মন্ত্র পাঠ কর।

হোভূপাঠ্য মন্ত্ৰ-"প্ৰদেবং · · অ্মুররাং"

"প্রদেশং দেব্যা ধিয়া ভরতা জাতবেদসম্। হব্যা নো

(>) অত্নি এতক্ষণ প্রালিনস্থাপানার আহ্বন্দীর মধ্যে অবস্থিত ভিয়েব। ভীছাকে উদ্ধন্ন বেষিতে আনরনের নাম অগ্নিপ্রধারন। প্রাচীনবংশে ইট্লিকর্ম ও উদ্ধন্ন বেনিতে পশুকাল ও সোম-নাম অসুষ্ঠিত হয়। বক্ষদাসুষক্। " এই গায়ত্রী ঋক্ ব্রাহ্মণ [যজমানের পক্ষে] হোতা পাঠ করিবেন।

ঐ খাকের অর্থ — [হে ঋত্বিক্গণ], দেব জাতবেদাকে (অগ্নিকে) তাঁহার স্বরূপ প্রকাশক বৃদ্ধিরা [উত্তরবেদি-অভিমুখে] লট্মা চল; তিনি উত্তর-বেদিতে অবস্থিত হইয়া আমাদের হব্যসকল [দেবগণের নিকট] বহন করুন। ঐ ময়ের ছল্দ গায়ত্রী; যজমান ত্রাহ্মণ হইলে এই মন্ত্র পাঠ করিবে। ঐ মন্ত্রের প্রবোজ্যতা "গায়ত্রো বৈ····সমর্ময়

ব্রাহ্মণ গায়ত্রীর সম্বন্ধযুক্ত; [এবং] গায়ত্রীই তেজ ও ব্রহ্মবর্জস; এই হেতু ঐ সন্ত্রবারা ইহাকে (যজমানকে) তেজ ও ব্রহ্মবর্জস বারা সমৃদ্ধ করা হয়।

ক্ষতির বজমানপক্ষে মপ্ত—"ইমং ···· অমুক্ররাং"

"ইমং মহে বিদথ্যায় শূষম্" এই ত্রিফ্রুপ্টি রাজন্ম (ক্ষত্রিয়) পক্ষে পাঠ করিবে।

মন্ত্রের প্রযোজ্যতা—"তৈষ্ট্রভো৽৽৽৽সমর্দ্ধয়তি"

রাজন্ম ত্রিন্টা, ভের সম্বন্ধযুক্ত; ত্রিন্টা, পৃষ্টি ওজঃ, ইন্দ্রিয় ও বীর্যাস্থরূপ; এইহেতু এতদ্বারা ইহাকে ওজোদ্বারা ও ইন্দ্রিয় দ্বারা ও বীর্যাদ্বারা সমৃদ্ধ করা হয়।

ঐ মন্ত্রের দ্বিতীয় চরণের প্রণোজ্যতা "শবংক্রত্বঃগময়তি"

"শশৎকৃষ ঈড্যায় প্রজভ্রুঃ"—এই মন্ত্র আপনার [আত্মীয় স্বজন] মধ্যে তাঁহাকে (ফত্রিয় যজমানকে) শ্রেষ্ঠতা পাওয়ায়।

প্রথম হই চরণের মর্থ—স্থথোংপাদক অগ্নিকে মহৎ লাভের জন্ম বছবার পূজনীয় যজমানের পক্ষ হইতে (উত্তর বেদিতে) আনা হইয়াছিল। এ স্থলে দিতীা চরণে যজমানের "শশৎকৃত্ব ঈড়াঃ" (বছশঃ পূজনীয়) বিশেষণ থাকায় যজমানের শ্রেষ্ঠতা প্রতিপাদিত হইল। ঐ ঋকের শেষ হই চরণের প্রযোজ্যতা—

^{(2) 3-139612 (9) 9(68)3}

"শৃণোভু নো দম্যেভিরনীকৈঃ শৃণোত্বগ্নিঃ দিব্যৈরজস্রঃ" এই মস্ত্রের পাঠ দারা, যে ইহা জানে, তাহার জরা (বার্দ্ধক্য) পর্যান্ত [অগ্নি] সেখানে (তাঁহার গৃহে) অজস্র (নিরন্তর) দীপ্ত থাকেন।

ছই চরণের অর্থ—দম্য (গৃহযোগ্য অর্থাৎ যজমানের গৃহরক্ষার্থ স্থাপিত) সৈন্তগণের সহিত অগ্নি আমাদিগকে (আমাদের স্তবস্তুতি) শ্রবণ করুন; দিব্য (দেবলোকযোগ্য) সৈন্তোর সহিত অজস্র (নিরস্তর) শ্রবণ করুন। অগ্নিকে ঐকরপ প্রার্থনা করায় তিনি যজমানের গৃহে স্থির থাকেন।

বৈশ্যবজ্ঞমান পক্ষে মন্ত্র—"অয়মিহ·····অনুক্রয়াৎ"

"অয়মিহ প্রথমো ধায়ি ধাতৃভিঃ" এই জগতীকে বৈশ্যের পক্ষে পাঠ করিবে।

তাহার প্রযোজ্যতা — "জাগতো বৈ -----সমর্দ্ধয়তি"

বৈশ্য জগতীর সম্বন্ধযুক্ত, এবং পশুগণ জগতীর সম্বন্ধ যুক্ত ; এই হেতু এতদ্বারা ইহাকে পশুদ্বারা সমৃদ্ধ করা হয়। কু মন্ত্রের চতুর্থপাদের প্রযোজ্যতা—"বনেযু....সমৃদ্ধম্"

"বনেরু চিত্রং বিশ্বং বিশে বিশে" এই চরণ অভিরূপ এবং যাহা যজ্ঞে অভিরূপ, তাহাই সমৃদ্ধ।

বৈশ্যবাচক বিশ্ শব্দ ছইবার থাকায় বৈশ্যপক্ষে অন্তক্ল হইল। তৎপরে বিভিন্ন জাতির অন্তক্ল প্রথম ঋক্ বিধানের পর সকল জাতির অন্তক্ল দিতীয় ঋক্ বিধান—

"অয়মু ষ্য প্র দেবযুঃ" ওই অনুষ্টুভে বাক্য ত্যাগ করিবে।

সোমক্রয়ের সময় বাক্যকে (মন্ত্রকে) উপাংশু পাঠের বা পুকাইবার ব্যবস্থা

^{(8) 81913}

⁽ c) পশুর সহিত জগতীর সম্বন্ধ পূর্বেদেখ।

^{(4) 3.139610}

ক্ট্রাছিল। এখন ক্ষিপ্রাণরনের সমর বাক্যকে স্পষ্ট উজ্জারণ বারা বানির ক্রিরা দেওয়া চুইল।

এ বিষয়ে ঐ মন্ত্রের প্রযোক্ষ্যতা—"বাশ্বা ····· বিস্তম্বতে"

অমুক্ট্রপ্ই বাক্ (বাক্য); এতদ্বারা [অমুক্ট্রভ্রেশী] বাক্যেই [উপাংশু রক্ষিত] বাক্যকে ত্যাগ করা হয়।

ঐ মন্ত্রের প্রথমচরণের প্রথমাংশের প্রযোক্তাতা—"অরমু-····প্রক্রডে"

"অয়মু ষ্য" এই যে বলা হয়, ইহাতে যে পূর্বে গদ্ধর্বগণের : নিকটে ছিল, সেই আমি [দেবগণের নিকট] আসিয়াছি, এই অর্থ বারা সেই বাক্ [দেবতারই] উল্লেখ হয়।

তৃতীর ঋকের বিধান "অরমগ্নি: ····উরুষ্যতি''

"অয়মগ্রিরুরুষ্যতি" ' এই মন্ত্রে এই [প্রণীয়মান] স্মগ্নিই [ষজমানকে] রক্ষা করেন, ইহা বলা হয়।

উক্সাতি অর্থে রক্ষতি। মন্ত্রের দ্বিতীয় চরণের প্রামোভাতা ^{ক্ষ}মমৃতাদিন...•••
দ্বাতি''

"অমৃতাদিব জন্মনঃ" এতদারা এই যজমানে অমৃতত্ব (অমরতা বা দেবত্ব) স্থাপন করা হয়:।

্মন্ত্রের দ্বিতীয়ার্দ্ধের জাৎপর্য্য — "সহসল্চিৎ ···· বদগ্রিঃ"

"সহসশ্চিৎ সহীয়ান্ দেবো জীবাতবে ক্বভঃ" এতদারা এই যে অমি, এই দেবকেই জীবনের ঔষধস্বরূপ করা হইল।

ঐ মন্ত্রভাগের অর্থ—দেবকে (অগ্নিকে) আমাদের জীবনের ঔববার্থ প্রবল হইতেও প্রবল করা হইয়াছে।

ः ठठूर्थ **अर् — "**हेजायात्रा ····-नाजिः"

"रेड़ांबाद्या शरम बद्धः नाष्टा शृथिना स्विध" "· **এই** -मस्त्रः । এই

^{(1) 3+13948 (} V) 4|23|8

যে উত্তরবেদির [অন্তর্গত] নাভি [নামক স্থান], তাহাকেই ইড়ার (গাভীর) পদ (স্থান) বলা হইল।

ঐ মন্ত্রাংশের ঐ অর্থ—[হে অগ্নি] ইড়ার পদ (গাভীর স্থান) স্বরূপ পৃথিবীর (ভূমিস্থানের) পূর্বে নাভিনামক স্থানে তোমাকে [স্থাপন করি]। সোমক্রেরণী গাভীর পদধূলি ঐ স্থানে দেওয়া হয়, তজ্জ্ঞ গাভীর পদ বলা হইল।

ভূতীয় চরণের প্রশংসা—"জ্বাতবেদো···ভবস্কি"

"জাতবেদো নিধীমহি" এই মন্ত্রধারা ইঁহাকে (প্রশীয়মাম জাতবেদা অগ্নিকে) [উত্তর বেদির নাভিতে] নিধান (স্থাপন) করা হয়।

চতুর্থচরণের প্রযোজ্যতা—"অন্মে…ভবভি''

"অমে হব্যায় বোঢ়বে" এতদ্বারা [অমি] হব্যবহনে উম্মত হন।

পঞ্চম ঋকের পূর্বাদ্ধ—"অন্মে বিশ্বেডিঃ···আলাদয়তি"

"অগ্নে বিশ্বেভিঃ স্বনীক দেবৈরূর্ণাবস্তং প্রথমঃ সীদ যোনিম্" এতদ্বারা বিশ্বদেবগণ সহ ইহাকে (অগ্নিকে) [সেই নাভি নামক স্থানে] স্থাপিত করা হয়।

ঐ মন্ত্রাংশের অর্থ ে স্থনীক (শোভনসৈগ্রযুক্ত) সন্ধি, বিশ্বদেবগণের সহিত্ত প্রথম (প্রধান) হইয়া উর্ণাযুক্ত স্থানে (মেষলোকযুক্ত নাভিস্থানে) অধিষ্ঠিত হও। ভূতীয় ও চতুর্থ চরণের প্রবোজ্যতা "কুলায়িনং অ্পতিষ্ঠাপন্নতি"

"কুলায়িনং মৃতবন্তং সবিত্রে" এই (তৃতীয় চরণ) দারা এই যে সকল পিতৃদারু-(থদিরবৃক্ষ)-নির্মিত পরিধি, গুণ্গুল, উর্ণা (মেধলোম) এবং স্থান্ধি তৃণ (গ্রাথস্), এই সকলকেই যক্তে

^(») প্রাচীনবংশের পূর্ব্বদিকে উত্তর বেদি। ঐ উত্তর বেদির অন্তর্গত নাট্টি নামক ছানে স্কুশ আন্ত্রীর্ণ করির। তদ্মপরি আহবনীর হইতে আনীত অগ্নিকে স্থাপন করা হর।

^{(&}gt;) 4|24|24

কুলায়-(পক্ষীর বাস জন্ম নির্মিত নীড়)-স্বরূপ করা হয়। এবং "যজ্ঞং নয় যজমানায় সাধু" এই (চতুর্থচরণ) দ্বারা যজ্ঞকেই সেখানে সরলভাবে স্থাপন করা হয়।

উভয় চরণের অর্থ—সবিতা (প্রেরক অর্থাৎ যজ্ঞের অমুষ্ঠাতা) য়জমানের জন্ত কুলায়যুক্ত ও দ্বতযুক্ত যজ্ঞকে সাধুভাবে আনয়ন (সম্পাদন) কর । এস্থলে য়জ্ঞকে কুলায়যুক্ত বলা হইয়াছে। পক্ষী কাষ্ঠতৃণাদি আহরণ করিয়া কুলায় নির্মাণ করে। উত্তরবেদির নাভিতেও কাষ্ঠনির্মিত পরিধি, তৃণ, মেষলোমাদি আন্তীর্ণ করায় উহা যজ্ঞরূপী অগ্নির কুলায়স্বরূপ হইল। অগ্নিকে ঐ থানে স্থাপন করায় ঐ মন্ত্রের সার্থকতা। আহবনীয় স্থানে রক্ষিত কাষ্ঠথতের নাম পরিধি।

ষষ্ঠ ঋকের প্রথম চরণ—''সীদ হোতঃ…নাভিঃ''

"সীদ হোতঃ স্ব উ লোকে চিকিম্বান্" এম্বলে অগ্নিই দেবগণের হোতা, এবং এই যে উত্তর বেদির নাভি, ইহাই তাঁহার স্ব (স্বকীয়) লোক (স্থান)।

মন্ত্ৰাংশের অর্থ, অহে হোতা (অগ্নি), বিজ্ঞানৰান্ তুমি স্বকীয় লোকে অব-স্থান কর।

দ্বিতীয় চরণের যজ্ঞ শব্দের তাৎপর্য্য—''দাদয়া…আশাস্তে''

"সাদয়া যজ্ঞং স্থক্তস্থ যোনো" এই চরণে যজমানই যজ্ঞ; যজমানের জন্মই এই আশীষ প্রার্থনা হয়।

ঐ চরণের অর্থ—যজ্ঞকে (যজমানকে) স্থক্কতগণের (পুণ্যকর্ম্মাদের) যোনিতে (স্থানে) স্থাপন কর।

মন্ত্রের উত্তরার্দ্ধে বয়ঃ শব্দের তাৎপর্য্য …"দেবাবী: দধাতি"

"দেবাবীদে বান্ হবিষা যজাস্তগ্নে রহদ্যজমানে বয়োধাঃ" এন্থলে প্রাণই বয়ঃ [শব্দের লক্ষ্য]; এতদ্বারা যজমানে প্রাণ-কেই স্থাপন করা হয়।

⁽ २२) जारकाष्ट

উহার অর্থ—হে দেবপ্রিয় অগ্নি, তুমি দেবগণকে হবিঃ দারা ফলন কর, এবং ফলমানে অধিকপরিমাণে বয়ঃ (প্রাণ) আধান (স্থাপন) কর।

সপ্তম ঋকের প্রথম চরণ—"নি হোতা…নাভিঃ"

"নি হোতা হোত্যদনে বিদানঃ" এন্থলে অগ্নিই দেব-গণের হোতা; এবং এই যে উত্তরবোদর নাভি, ইহাই তাঁহার হোতৃ-সদন (হোতার বাসস্থান)।

- দ্বিতীয় চরণের "অসদং" পদের অর্থ—

"ত্বেষো দীদিবাং অসদৎ স্থদক্ষঃ" এতদ্বারা সেই (অগ্নি) তখন (প্রণয়নকালে) [উত্তর বেদির নাভিতে] আসম (উপ-স্থিত) হন।

উভয় চরণের অর্থ (স্বয়ং) দীপ্তিমান্ ও (অন্তের) দীপক, স্থদক, হোতা (অগ্নি) হোভূদদনে (আপনার বাদস্থানে অর্থাৎ উত্তরবেদির নাভিতে) আদর হন।

তৃতীয় চরণে বসিষ্ঠ শব্দের অর্থ—"অদক্ষত্রত…বসিষ্ঠঃ"

"অদৰূত্ৰতপ্ৰমতিৰ্বসিষ্ঠঃ" এম্বলে অগ্নিই দেবগণের বসিষ্ঠ (উৎকৃষ্ট বাসস্থান)।

অদৰ (হিংসারহিত) ব্রতে (কর্মে) বাঁহার মতি আছে, এবং বিনি বসিষ্ঠ— এই ছুইটি পূর্ব্বোক্ত অগ্নির বিশেষণ। বসিষ্ঠ শব্দের ব্যুৎপত্তিগত অর্থ [দেবগণের] উৎক্ষষ্ট বাসস্থান।

চতুর্থ চরণের ব্যাখ্যা---''সহস্রম্ভরঃ ···বিহরস্তি''

"সহস্রম্ভরঃ শুচিজিহো অগ্নিঃ" এম্বলে ইনি (অগ্নি) এক হইলেও [ঋত্বিকেরা] ইহাকে বহুন্থলে (বহু ধিষ্ণ্যে) লইয়া যায়, ইহাই তাঁহার দহস্রম্ভরতা (সহস্রম্পধারিতা)।

^{(&}gt;৩) ধিক্য শব্দের অর্থ অগ্নিস্থান।

ভটিজিন্ব ও সহস্রভার এ হইটিও অগ্নির বিশেষণা। অগ্নি এক হইনেও বহ-ধিক্যে নীরমান হওয়ায় সহস্ররূপধর।

এই জ্ঞানের প্রশংদা—'প্র হ্- বেদ'

যে ইহা জানে, সে সহব্রসংখ্যক পুষ্টি (গোহ্মকর্মানি ধনের লাভ) প্রাপ্ত হয়।

ष्णहेम श्रक् विधान — "षः … পরিদধাতি"

''ত্বং দৃতস্তমু নঃ পরস্পা"' এই শেষ ঋক্ ছারা [জ্মি-প্রাপায়ন] সমাপ্ত করা হয়।

অবশিষ্ট তিন চরণ উল্লেখপূর্বক মত্তের প্রশংসা—"বং বছ ... কুরুতে"

"ত্বং বস্ত আ ব্যক্ত প্রণেতা। অগ্রে তোকক্ত নন্তনে ভদুনামপ্রযুদ্দশীগুদ্ বোধি গোপা" এই স্থলে অগ্রিই দেবগণের গোপা (রক্ষক); এতদারা অগ্রিকেই সকলের জন্ত, আপনার জন্ত ও যজমানের জন্ত, রক্ষাকর্তা করা হয়। যেখানে ইহা জানিয়া এই মন্ত্রে [অগ্রিপ্রণয়ন] সমাপ্ত করা হয়, [সেখানে] সংবৎসরব্যাপী স্বস্তি (মঙ্গল সম্পাদন) করা হয়।

ঞ্জ সমগ্র খাকের অর্থ—হে অগ্নি, তুমি [দেবগণের] দৃত , তুমিই আমাদের পালরিতা ; হে ব্যন্ত (শ্রেষ্ঠ), তুমি সর্ব্বে নিবাসহেতু ও [কর্ম্মে] প্রেরক ; আমাদের অপত্যের ও শরীরের বিস্তার বিষয়ে অপ্রমন্ত হইরা এবং প্রকাশক ও গোপা (রক্ষক) হইরা প্রবৃদ্ধ থাক।

অগ্নিপ্রণয়নে বিহিত শক্ সংখ্যার প্রশংসা—"তা এডাঃ···অভিবদতি"

এই সেই আটটি রূপসমূদ্ধ ঋক্ পাঠ করিবে। [যেহেছু] যাহা রূপসমূদ্ধ, তাহা যজ্ঞের পক্ষে সমৃদ্ধ; কেননা ঐ ঋক্ ক্রিয়মাণ কর্মকে পূর্ণভাবে উল্লেখ করে।

প্রথম ও শেব থকের তিনবার আর্ত্তি বিধান…"তাসাং—অবিশ্রংসায়"

ভাষাদের মধ্যে প্রথমটিকে তিনবার ও শেষটিকে তিনবার পাঠ করিবে। [তাহা হইলে] তাহারা বাদশটি হইবে। বাদশ মাসেই সংবৎসর; সংবৎসরই প্রজাপতি; যে ইহা জানে, সে প্রজাপতি যাহাদের আয়তন (আগ্রয়), তাহাদের (সেই ঋক্ সকলের) বারা বর্দ্ধিত হয়। প্রথমটিকে তিনবার ও শেষটিকে তিনবার পাঠ করা হয়; এতবারা হিরতার জন্ম, দৃঢ়তার জন্ম ও শিথিলতা নিরারণের জন্ম [রক্ষুরুনী] যভের ভিজম প্রান্তে] গ্রাহ্ম বন্ধন করা হয়।

হারির্বান প্রার্ক্তন

তৎপদ্ধেক্ষিনি প্রবর্তন কর্মের প্রৈয় মন্ত্র'—"হবির্ধানাভ্যাং অধ্বাঃ"
ক্ষাধ্বর্মু া হোতাতেক বা বালেন—প্রোহ্মাণ (উত্তর বেনির আদ্ধিন্ধে নীয়নান) হবির্ধানন্বয়ের অমুকূল মন্ত্র পাঠ কর।
হোড়পাঠ্য প্রথম থক্ —"যুক্তে নিরয়তি"

"যুক্তে বাং ত্রেক্স পূর্ব্যং নমোছিঃ" এই মন্ত্র পাঠ করা হয়, কেন না এই যে হবিধানদয়, দেবগণ উহাকে ত্রক্সদারা (ত্রাক্ষণ দারা) যুক্ত করিয়াছিলেন ; এভদ্মারা (ঐ মন্ত্রপাঠে) ত্রক্সদারাই হবিধানদয় যুক্ত হয়, এবং ত্রক্ষাযুক্ত [কর্ম্ম] বিনষ্ট হয় সা।

^() হবিধান শব্দের অর্থ বাহাতে হবিঃ সোম ও অক্টান্ত হব্য রাখা বার। ছইখানি শব্দটে সোম চাপাইরা শহুদি" বারা চাকিরা প্রাচীন বংশ হইতে উত্তর বেলিতে লইরা বাওরা হর। ঐ শক্টবরের-নাম হবিধান ও ঐ শক্ট বহন ক্রিরা হবিধান প্রবর্তন।

^{(2) 3-13013}

(ঐ মন্ত্রপাঠে) ব্রহ্মধারাই হবিধানদয় যুক্ত হয়, এবং ব্রহ্মযুক্ত [কর্মা] বিনষ্ট হয় না।

ৰিতীয় তৃতীয় ও চতুৰ্থ ৰক্—"প্ৰেতাং···অন্বাহ"

"প্রেতাং যজ্ঞস্থ শংভূবা" ইত্যাদি তিনটি ভাবাপৃথিবীর ঋকু পাঠ করিবে।

উহার মধ্যে দিতীয় খকে "ছাবা নঃ পৃথিবী ইমম্' এই বচন থাকায় ঐ তিন খকের ছাবাপৃথিবী দেবতা।

ঐ তিন ঋকের এইস্থলে প্রযোজ্যতা প্রদর্শন — "তদাহ: ... অম্বাহ"

এ বিষয়ে [আপত্তি] বলা হয়,—যখন, প্রোহ্নমাণ হবির্ধানছয়ের অনুকূল মন্ত্র পাঠ কর, এই [প্রেষ মন্ত্র] বলা হইল, তখন
[হবির্ধানের অনুকূল মন্ত্রের পরিবর্ত্তে] ভাবাপৃথিবীর ঋক্
তিনটি কেন পাঠ হয়? [উত্তর], ভোঃ এবং পৃথিবীই দেবগণের
হবির্ধান ছিলেন, তাঁহারাই অভাপি হবির্ধান আছেন;
কেন না [লোকে] এই যে কিছু হবিঃ [দেওয়া হয়],
ভাহা সমস্তই তাঁহাদের (ভোঃ ও পৃথিবীর) মধ্যেই বর্ত্তমান
আছে; এইজন্ম ভাবাপৃথিবীর ঋক্ তিনটিই পাঠ করা হয়।
পঞ্চম ঋক—"যমে ইব ……ইতঃ"

"যমে ইম যতমানে যদৈতম্" এই মন্ত্র পাঠে ইহারা (শকটদ্বয়) পরস্পার সদৃশ যমজ কন্যাদ্বয়ের মত [একই কর্ম্মের উদ্দেশে] যত্নপূর্ববক চলিতে থাকে।

দ্বিতীয় চরণের ব্যাখ্যা "প্র বাং…প্রভয়ন্তি"

"প্র বাং ভরশাসুষা দেবয়ন্তঃ" এই বাক্য দ্বারা দেবযজনেচ্ছু মাসুষেরা এতদ্বয়কে (শকটদ্বয়কে) আনয়ন করে।

^{500(1.0 (8)} CE-46(1815 (6)

তৃতীয় ও চতুর্থ চরণের ব্যাখ্যা—"আসীদতং অচীক্>পং"

"আসীদতং স্বয়ু লোকং বিদানে স্বাসম্থে ভবতমিন্দবে নঃ" এ স্থলে সোমই রাজা ইন্দু; এতদ্বারা রাজা সোমেরই অবস্থানের জন্ম এই [শকট-] দ্বয় কল্লিত হয়।

সমস্ত ঋকের অর্থ—যে হেতু ইহারা (এই শক্টন্বর) যমন্ধ ক্যান্বরের মন্ত [জ্বগতের উপকারের জন্ম] যত্ন করিতে করিতে আসিরাছেন, সেই নিমিত্ত হে হবির্ধান শক্টন্বর, দেবযজনেচছু মান্ত্যেরা তোমাদিগকে আনিরাছেন। তোমরা স্বকীয় বাসস্থান জানিয়া সেইখানে অবস্থান কর ও আমাদের ইন্দ্র (সোমের) জন্ম স্থােশাভন আসনে অবস্থিত হও।

ষষ্ঠ ঋকু-- "অধি ছয়ো: নিধীয়তে"

"অধি দ্বয়োরদধা উক্থ্যং বচঃ" ' এই বাক্য দারা ছুইখানি [ছদির] উপরে ভৃতীয় ছদিঃ স্থাপন করা হয়। "

ঐ চরণের "উকথাং বচ:" পদের প্রযোজাতা—"উক্থাং বচ: ... সমর্দ্ধরতি"

'ভিক্থ্যং বচঃ'' এই যাহা বলা হইল, এস্থলে 'উক্থ্যং বচঃ' অর্থে যজ্ঞিয় কর্মা; এতদ্বারা যজ্ঞকেই সমৃদ্ধ করা হয়।

উক্থ্য-শব্দের অর্থ উক্থ্যশস্ত্র নামক মন্ত্র। উক্থ্যবচঃ অর্থে সেই শক্তপাঠরূপ অন্তর্ভান।

দ্বিতীয় ও তৃতীয় চরণ—"যতক্রচা…শময়তি"

"যতক্রচা মিথুনা যা সপর্য্যতঃ। অসংযত্তো ব্রতে তে ক্ষেতি পুষ্যতি" এম্বলে [ব্রতপদের] পূর্বের যে যত্ত-[শব্দ]-যুক্ত পদ (যুদ্ধবাচক অতএব ক্রুরতাবাচক 'সংযত্ত' পদ)

⁽⁴⁾ SIROLO !

⁽৬) হবিধান শকটের উপরে সোম রাখিবার জন্ত গৃহাকার আচ্ছাদন দেওরা হর, তাহার নাম ছদি:। এইরূপ ছুইথানি ছদি: স্থাপন করিরা ভাহার উপর আর একথানি ভৃতীর ছদি: স্থাপন করিতে হয়।

আছে, তাহাকে এইবাক্যে ('অসংযত্তঃ পুষ্যতি' এই বচন প্রয়োগে) শান্তি দারাই শান্ত করা হয়।

চতুর্থ চরণের ব্যাখ্যা—"ভদ্রা---আশান্তে"

''ভদ্ৰা শক্তিৰ্যজমানায় স্বন্ধতে" এতদ্বারা আশিষ প্রার্থনা করা হয়।

সমস্ত ঋকের অর্থ-তুইখানি (ছদির) উপরে যে (তৃতীয় ছদি) রাথা হয়, ইহা উক্থ্যবাকা সদৃশ (ফলদায়ক); [এইরূপে ছদিস্থাপন হইলে] হবিধানদ্ম [বিবাহের পর] ক্ততোম (স্ত্রী-পুরুষ) মিথুনের মত পুজিত হয়। [হে ইক্স] অসংযন্ত (অকুর) [অধ্বর্যু] তোমার ব্রতে (কর্মো) নিযুক্ত থাকিয়া পুষ্ট হন। সোমাভিষবকারী যজমানের ভদ্র (কল্যাণরূপ) শক্তি হউক।

সপ্তম ঋক—"বিশ্বা অশ্বাহ" 1

"বিশ্বা রূপাণি প্রতিমুঞ্জতে কবিঃ" এই বিশ্বরূপ ঋক্ পাঠ করিবে।

বিশ্ব ও রূপ এই হুই শব্দ থাকায় ঐ ঋক্ বিশ্বরূপ হুইল। ঐ ঋক্ পাঠকালে হোতার কর্ত্তবা—"স...অমুক্রয়াৎ"

তিনি (হোতা) ররাটীর প্রতি দৃষ্টি রাথিয়া উহা পাঠ করিবেন।

হবির্ধান-মণ্ডপের পূর্বদ্বারে যে কুশের মালা দেওয়া হয়, তাহার নাম ররাটী। তিষ্বিয়ে এই মন্ত্রের উপযোগিতা—"বিশ্বমিব…ইব চ"

ররাটীর রূপ শুক্লেরও মত, কুফেরও মত, [অতএব] উহার বিশ্ব (বহু) রূপ।

কুশমালার যে খানটা শুদ্ধ, দেখানটা সাদা ও যেখানটা অশুদ্ধ, সেখানটা কাল দেখার, এইজন্ম উহার বছরূপত্ব। উহা জ্ঞানের প্রশংসা—"বিশ্বং রূপং.. অন্বাহ"

যেখানে ইহাই জানিয়া এই ররাটীতে দৃষ্টি রাখিয়া ঐ মন্ত্র

⁽⁴⁾ CIMPIS 1

পাঠ হয়, সেখানে আপনার জন্ম ও যজমানের জন্ম বিশ্ব (সকল) রূপ রক্ষা করা হয়।

অষ্ঠম ও শেষ ঋক্—"পরি ত্বা…পরিদধাতি"

"পরি তা গির্বণো গিরং" এই শেষ ঋক্ দারা [এই কর্মের অনুবচন পাঠ] সমাপ্ত করা হয়।

मगाপनের कालविशान—"म...পরিদধ্যাৎ"

হবির্ধানদ্বয় যখনই [সস্থানে স্থাপিত হইয়া] সম্যক্রূপে আচ্ছাদিত হইয়াছে, হোতা ইহা বুঝিতে পারিবেন, তখনই [অসুবচন] সমাপ্ত করিবেন।

ইহা জানার প্রশংসা "অনগ্রভাবুক: ...পরিদধাতি"

যে স্থলে এইরূপ জানিয়া হবির্ধানদ্বয় সম্যক্ আচ্ছাদিত হইলে ঐ মস্ত্র দারা [অনুবচন] সমাপ্ত করা হয়, [সেম্বলে] হোতার এবং যজমানের ভার্য্যা (স্ত্রী) অনগ্ন (বস্ত্র দারা আচ্ছাদিত) হইয়া থাকে।

সেই কাল কিরূপে জানিবে—"যজুষা…পরিশ্রয়ন্তি"

এই যে হবিধানদ্বয়, ইহারা যজুর্মন্ত দারা সম্যগাচ্ছাদিত হয়; এইজন্য এম্বলে যজুর্মন্ত দারাই [অধ্বর্য্যগণ] ইহা-দিগকে আচ্ছাদিত করেন ।

অধ্বর্য যজুম ব্র প্রয়োগে আচ্ছাদন করিলে হোতা অন্থবচন-সমাপ্তির কাল হইয়াছে বুঝিবেন। পুনশ্চ কালবিধান—"তৌ অপরিদধ্যাৎ"

অধ্বর্যু ও প্রতিপ্রস্থাত। ইহাঁর। ছুইজনে যখন উভয়দিকে মেথী স্থাপন করিবে, তখনই [হোতা অমুবচনপাঠ] সমাপ্ত করিবে।

⁽b) ১।১•।১२। (a) "विस्का: शृष्ठेमिन" रेफ: मः ७।२।a ।

শকটের ঈষার অগ্রভাগ স্থাপনের কাঠকে মেথী বলে। অধ্বর্তু দক্ষিণদিকের হবির্ধান শকটে ও প্রতিপ্রস্থাতা (অধ্বর্তুর সহকারী) উত্তর দিকের শকটে মেথী স্থাপন করেন।

এই বিধান পূর্ব্বোক্ত বিধানের বিরোধী নহে। যথা—"অত্ত হি……ভবতঃ" এই সময়েই (মেথীস্থাপনকালেই) তাহারা (শকটন্বয়) সম্যক্রপে আচ্ছাদিত হয়।

উভর অমুষ্ঠান এক সময়েই সম্পন্ন হওয়ায় সেই সময়েই অমুবচন সমাপ্ত করিবে। ঋক সংখ্যা প্রশংসা—"তা এতা·····অবিস্রংসায়"।

এই সেই আটটি রূপসমৃদ্ধ ঋক্ পাঠ করিবে; যাহা রূপসমৃদ্ধ তাহা যজ্ঞের পক্ষে সমৃদ্ধ, কেন না ঐ ঋক্ ক্রিয়মাণ কর্মকিই পূর্ণভাবে উল্লেখ করে। তাহাদের মধ্যে প্রথমটিকে তিনবার ও শেষটিকে তিনবার পাঠ করিবে। [তাহা হইলে] তাহারা দ্বাদশটি হইবে। দ্বাদশ মাসেই সংবৎসর ও সংবৎসরই প্রজাপতি। যে ইহা জানে, সে প্রজাপতি যাহাদের আয়তন (আপ্রয়), সেই ঋক্সকলের দ্বারা সমৃদ্ধ হয়। প্রথমটিকে তিনবার ও শেষটিকে তিনবার পাঠ করা হয়; ইহাতে স্থিরতার জন্ম, দৃঢ়তার জন্ম ও শিথিলতা নিবারণের জন্ম [রক্ষ্রুপী] যজ্ঞের [উভয় প্রান্তে] গ্রন্থি বন্ধন হয়।

চতুর্থ খণ্ড

অগ্নীষোমপ্রণয়ন

তদনস্তর অগ্নীবোমপ্রণয়নের ' প্রৈষ মন্ত্র "অগ্নীবোমাভ্যাং----- অধ্বর্য্য:"
অধ্বর্যু [হোতাকে] বলেন, প্রণীয়মান অগ্নির ও সোমের
অমুকূল মন্ত্র পাঠ কর।

হোতৃপাঠ্য প্রথম ঋক্—"সাবী:অশ্বাহ"

সাবীর্হি দেব প্রথমায় পিত্রে ব এই সাবিত্রী ঋক্ পাঠ করিবে।

এই ঋকের ভৃতীয় চরণে "অম্মভ্যং সৰিতঃ" এই বচন থাকায় উহার দেবতা সবিতা। ঐ ঋক্ প্রয়োগের আপত্তিখণ্ডন—"তদাহঃ…অম্বাহ"

এ বিষয়ে [ব্রহ্মবাদীরা] বলেন, প্রণায়মান অগ্নির ও সোমের অমুকূল মন্ত্র পাঠ কর, এই (প্রৈষমন্ত্র) যখন বলা হইল, তখন সাবিত্রী ঋক্ কেন পাঠ করা হয় ? [উত্তর] সবিতাই প্রসবের [যজ্ঞকর্মে প্রেরণের] প্রভু; সবিতৃ-প্রেরিত হইয়াই অগ্নিও সোমকে প্রণয়ন করা হয়। সেই-জন্ম সাবিত্রী ঋক্ই পাঠ করিবে।

ষিতীয় ঋকৃ—"প্রৈতু · · · · অবাহ"

'প্রৈছু ব্রহ্মণস্পতিঃ" এই ব্রহ্মণস্পতি দেবতার ঋক্ পাঠ করিবে।

^{(&}gt;) প্রাচীনবংশের ছারভাগে রন্ধিত আহবদীর অগ্নি হইতে অগ্নি গ্রহণ করিয়া আগ্নাপ্র নামক থিকো লইরা বাইতে হয়। সোমকেও সেই স্থান হইতে অগ্নির সহিত আদিরা পরে হবির্ধান-মঙগে রাখিতে হয়। এই অনুষ্ঠানের নাম অগ্নীবোমপ্রণরন।

⁽२) जांच, (औ, ए, ८।)- जवर्क मर १।)८।७ (७))।८।७।

এ বিষয়ে আপত্তিখণ্ডন—"তদাহ: ···· রিষ্যতি"

এ বিষয়ে [ব্রহ্মবাদীরা] বলেন, প্রণীয়মান অগ্নির ও সোমের অনুকূল মন্ত্র পাঠ কর, এই (প্রৈষমন্ত্র) যখন বলা হইল, তখন কেন ব্রহ্মণস্পতির ঋক্ পাঠ করা হয় ? [উত্তর] রহস্পতিই ব্রহ্মা (ব্রাহ্মণ); এতদ্বারা ব্রহ্মকেই (ব্রাহ্মণকেই) ইহাদের (অগ্নির ও সোমের) সহিত পুরো-গামী করা হয়, এবং ব্রাহ্মণযুক্ত কর্মা বিনফ্ট হয় না।

🗗 ঋকের দ্বিতীয় চরণের প্রশংসা—"প্র দেব্যেতু·····অন্বাহ"

"প্র দেব্যেতু সূনৃতা"—সূনৃতা (প্রিয়বচনরূপা) দেবী (বাগ্দেবী) [ব্রহ্মার সহিত] সম্মুখে যাউন—এই বাক্যে যজ্ঞকে সূনৃত-(প্রিয়বচন)-যুক্ত করা হয়; সেইজন্ম [ঐ] ব্রহ্মণস্পতি দেবতার ঋক্ পাঠ করিবে।

ভৃতীয় চতুর্থ ও পঞ্চম ঋক্—"হোতা দেবো……প্রণীয়মানে"

রাজা সোম প্রণীয়সান হইবার সময় "হোতা দেৰো অমর্ক্ত্যঃ" ইত্যাদি অগ্নি দেবতার গায়ত্রী তিনটি পাঠ করিবে। আগ্নেয় ঋকের প্রযোজ্যতা—"সোমং……অত্যনয়ং"

সদো (-নামক মণ্ডপ) ও হবির্ধান (-নামক মণ্ডপ)
এতদ্বয়ের মধ্যে নীয়মান রাজা সোমকে অস্থরেরা ও রাক্ষসেরা
হত্যা করিতে ইচ্ছা করিয়াছিল। অগ্নি মায়া দ্বারা তাঁহাকে
(সোমকে) [সেই পথ] অতিক্রম করিয়া লইয়া গিয়াছিলেন।

.ঐ তিন ঋকের প্রথমটির দিতীয় চরণের ব্যাখ্যা—"পুরস্তাৎ...হরস্কি"

"পুরস্তাদেতি মায়য়া"—[অগ্নি] মায়ার সহিত সন্মুখে

⁽⁸⁾ ७१९११-৯ ।

যাইতেছেন—এই বাক্যের অর্থ তিনি (অগ্নি) মায়ার সহিত তাঁহাকে (সোমকে) [সেই অস্থ্যাদিভীতি স্থান] অতিক্রম করিয়া লইয়া গিয়াছিলেন; সেইজন্মই [ঋত্বিকেরা] অগ্নিকে ইঁহার (সোমের) সম্মুখে [আগ্নীধ্র দেশ পর্য্যন্ত] লইয়া যান। '

ষষ্ঠ হইতে নবম ঋকৃ—"উপ ত্বা · · অশ্বাহ"

"উপ ত্বাগে দিবে দিবে" ইত্যাদি তিনটি ত "উপ প্রিয়ং প্রিপ্রতম্" ও এই একটি ঋক্ পাঠ করিবে।

উহাদের প্রশংসা—"ঈশ্বরৌ · · অহিংসারৈ"

এই যে অমি পূর্বে উদ্ধৃত (অগ্নিপ্রাণয়নামুষ্ঠানে আহবনীয় হইতে আনিয়া উত্তর বেদিতে স্থাপিত) হইয়াছেন, ও এই যে অপর অগ্নিকে এখন [আগ্নীপ্রে] আনা হইতেছে, ইহারা উভয়ে যুদ্ধ করিয়া (পরস্পার বিরোধ করিয়া) যজমানকে হিংদা করিতে দমর্থ। দেইজন্ম এই যে [পূর্ব্বোক্ত] তিনটি ঋক্ ও একটি ঋক্ বলা হইল, তদ্ধারা ইহাদের উভয়কে [পরস্পরের মনোভাব] জ্ঞাত করাইয়া [বিরোধত্যাগ দ্বারা] মিলিত করা হয়; ইহাদিগকে স্ব স্ব স্থানে (উত্তরবেদিতে ও আগ্নীপ্রে) স্থাপিত করা হয়; তাহা হইলে (হোতার) নিজের এবং বজমানের [অগ্নিদ্বয় কর্ত্বক] হিংদা ঘটে না।

দশম ঋক্ বিধান—"অগ্নে · · · অস্বাহ"

"অগ্নে জুষস্ব প্রতিহর্ষ্য তদ্বচং" এই মন্ত্র [আগ্নাধ্রে আগ্নি স্থাপনার পর সেই আগ্নীধ্রে] আহুতি-হবনকালে পাঠ করিবে।

⁽৫) উত্তরবেদির পশ্চিমে সদোমগুপ ও ছবিধ'নি:মগুপ, সদোমগুপের নিকটে আগ্নীপ্র।
(৬) ১।১।৭-১১ (१) ৯।৬৭/২৯ (৮) ১।১৪৪।৭।

ঐ মন্ত্রের প্রশংসা---"অগ্নরে...গমর্ডি"

["জুষস্ব" এই পদ থাকায়] এতদ্বারা আহুতিকে অগ্নির জুষ্টি (প্রাতি) লাভ করায়।

অগ্নিপ্রণয়নের পর সোমপ্রণয়নে একাদশ হইতে ত্রেগেদশ ঋক্---"সোমো… সমর্জয়ভি"

রাজা সোমের প্রণীয়মান হইবার সময় "সোমো জিগাতি গাভুবিং" ইত্যাদি সোমদৈবত তিনটি গায়ত্রী ঋক্ পাঠ করিবে। এতদ্বারা ইহাকে (সোমকে) আপনারই দেবতা দ্বারা ও আপনারই ছন্দোদ্বারা সমৃদ্ধ করা হয়।

গায়ত্রী সোমের ছন্দ '°। তন্মধ্যে শেষ ঋকের শেষ চরণের ব্যাখ্যা— "সোমঃ···ভবতি"

"সোমঃ সধস্থমাসদং"—সোম সধস্থ (হবির্ধানদ্বয়ের সহিত অবস্থানপ্রদেশ) প্রাপ্ত হইয়াছিলেন—এই বাক্যে তিনি (সোম) সেই সময় (ঐ চরণ পাঠকালে) [হবির্ধান মণ্ড-পের] আসন্ধ হন।

এই তিন ঋক্ কোথার পাঠ করিতে হইবে, তাহার ব্যবস্থা—"তদতিক্রমা… রুত্বা"

সেই [আগ্রীধ্র স্থান] অতিক্রম করিয়া আগ্রীধ্রকে পৃষ্ঠে করিয়া [ঐ শেষ চরণ] পাঠ করিবে।

অধ্বর্য্য যথন আগ্রীধে অগ্নিপ্রশন্ধনের পর আছতি দেন, সেই সময়ে হোতা সোমপ্রণয়নের এই তিন ঋক্ পাঠ আরম্ভ ^{*}ক্রিয়া, আগ্রীধ অতিক্রমপূর্ব্বক আগ্রীধকে পশ্চাতে রাখিয়া মন্ত্রপাঠ শেষ করিবেন।

্চতুৰ্দ্দশ ঋকৃ—"তমস্ত রাজা…..অবাহ"

⁽৯) ৩।৬২।১৬-১e (১٠) গারত্রীর সহিত সোমের সম্বর্ধ গুর্বো দেখান হইরাছে।

"তমস্থ রাজাবরুণস্তমশ্বিনা"" এই বিষ্ণুদৈবত ঋক্ পাঠ করিবে। এই ঋকের চতুর্থ চরণে বিষ্ণুর নাম থাকার উহার দেবতা বিষ্ণু। অবশিষ্ট তিন চরণ—"ক্রতুং……বির্ণোতি"

"ক্রতুং সচন্ত মারুতস্থ বেধসঃ। দাধার দক্ষমুত্তমমহ-বিদং বুজং চ বিষ্ণুঃ সথিবাঁ অপোর্ণ তুঁ ইহার তাৎপর্য্য— বিষ্ণুই দেবগণের দারপাল, তিনিই ইহার (সোমের) জন্ম ঐ মন্ত্রদারা দার খুলিয়া দেন।

সমস্ত ঋকের অর্থ—রাজা বরুণ এই ক্রভুকে (যাগকে) সমৃদ্ধ করেন;
মারুত (বায়্)ও বেধা: (ব্রহ্মা) ক্রভুকে সমৃদ্ধ করেন। বিষ্ণু দক্ষ (দেবগণের তৃপ্তিবিষয়ে কুশল) এবং উত্তম এবং অহর্বিৎ (দিনাভিজ্ঞ) সোমকে
[প্রণয়নকালে] ধরিয়াছিলেন; এবং [সোমরূপী] বন্ধুকর্তৃক যুক্ত হইয়া ব্রজ্ঞকে
(সোমের স্থান হবিধ নিকে) আছোদনহীন করিয়াছিলেন (অর্থাৎ সোমের
প্রবেশের জন্ত হার খুলিয়াছিলেন)।

পঞ্চদশ ও যোড়শ ঋকৃ—"অন্তশ্চ ...আসন্নে"

"অন্তশ্চ প্রাগা আদিতির্ভবাসি" ওই মন্ত্র [সোম হবি-ধান] প্রাপ্ত হইলে পাঠ করিবে। [সোম হবিধানে] আসন্ন (সমীপবর্ত্তী) হইলে "শ্যেনো ন যোনিং সদনং ধিয়া ক্রতম" ' [এই মন্ত্র পাঠ করিবে]।

উহার দ্বিতীয় চরণের হিরগ্রয় শব্দের অর্থ "হিরগ্রয়ং…ক্বফাজিনম্"

"হিরগ্রমাসদং দেব এষতি"—দেব (সোম) হিরগ্রয় আসন প্রাপ্ত হন—এই বাক্যে এই যে ক্বফাজিন (ক্বফায়ণ-চর্ম্ম), যাহা দেব সোমের জন্ম [হবির্ধান শকটে] আন্তর্গিকরা হয়, উহাই যেন হিরগ্রয়।

মন্ত্রের প্রযোজ্যতা—"তত্মাদেতামম্বাহ"

^{(&}gt;>) >1>4618 | (>2) 418412 | (>9) 319>16 1

সেই জম্মই এই ঋক্ পাঠ করিবে। সমদ ও শেষ ঋক্—"অগুভাঙাং.. পরিদধাতি"

"অন্তভুষ্ঠামস্থরো বিশ্ববেদাঃ" এই বরুণদৈবত ঋক্ খারা [সোমপ্রণয়নের অন্তব্যান পাঠ] সমাপ্ত করিবে। সোমের সহিত এই বরুণ-দৈবত ঋকের সম্বন্ধ—"বন্ধণদেবতো…সমর্দ্ধরতি,"

[সোম] যতক্ষণ উপনদ্ধ (বস্ত্রাবৃত) ও যতক্ষণ পরি-শ্রেত (আচ্ছাদিত) থাকেন, ততক্ষণ ইহার দেবতা বরুণ; সেই ক্রম্ম এতদ্বারা আপনারই দেবতা ও আপনারই ছন্দোদ্বারা ইহাকে সমৃদ্ধ করা হয়।

এইখানে নৈমিত্তিক অন্ত ঋকের বিধান—"তং যত্যপ•••পরিদধ্যাৎ"

যদি [বন্ধুগণ] সেই যজমানের নিকট ধাবমান (উপস্থিত) হয় বা তাঁহার অভয় ইচ্ছা করে, তখন "এবা বন্দস্থ বরুণং ব্রহন্তম্" " এই ঋক্ষারা সমাপ্ত করিবে।

हेश कामात्र कन-"यावरखा ... পরিদখাং"

যেশ্বলে ইহা জানিয়া এই মন্ত্র দারা সমাপন করা হয়, ষেশ্বলে যাহাদের হইতে অভয় ইচ্ছা করে এবং যাহাদের হইতে অভয় চিন্তা করে, তাহাদের হইতে অভয় হয়। সেই জন্য ইহা জানিয়া এই মন্ত্র দারা সমাপ্ত করিবে।

মন্ত্রের সংখ্যা প্রশংসা—"তা এতা: · · · · একবিংশ:"

এই সেই সপ্তদশ রূপসমূদ্ধ মন্ত্র পাঠ করিবে; যাহা রূপসমূদ্ধ, তাহা যজ্ঞের পক্ষে সমৃদ্ধ, কেন না ঐ ঋক্ ক্রিয়মাণ কর্মকেই পূর্ণভাবে উল্লেখ করে। তাহাদের মধ্যে প্রথমটিকে তিনবার ও শেষটিকে তিনবার পাঠ করিবে। তাহা হইলে

^{(28) 48512 (24) 418515 1}

উহারা একবিংশতিসংখ্যক হইবে। প্রজাপতি একবিংশ (একুশ অবয়ববিশিষ্ট); [কেননা] মাস বারটি, ঋতু পাঁচটি, এই লোক সকল (স্বর্গ অন্তরীক্ষ ও পৃথিবী) তিনটি, এবং এই আদিত্য [একটি], ইহারা [একত্র যোগে] একবিংশতিসংখ্যক।

এতন্মধ্যে একবিংশতি সংখ্যা পূরণের জন্ত যে আদিত্যের উল্লেখ হইল, তাঁহার গুণপ্রদর্শন—"উত্তমা—স্বারাজ্যম্"

[এই যে আদিত্য], তিনি উত্তমা প্রতিষ্ঠা; তিনি দেবগণের ক্ষত্রিয়; তাহাই শ্রী; তাহাই আধিপত্য; তাহাই ব্রধ্নের (আদি-ত্যের) বিষ্টপ (আশ্রয়স্থান); তাহাই প্রজাপতির আয়তন (আশ্রয়স্থান); তাহাই স্বরাজ্য (স্বাধীন দেশ)।

ড়পসংহার—"ঋগ্নোতি⋯একবিংশত্যা"

এই একবিংশতি ঋক্সমূহ দ্বারা ইহাকেই (যজমানকেই) সমৃদ্ধ করা হয়।

দ্রিতীর পঞ্চিকা

ষষ্ঠ অধ্যায়

প্রথম খণ্ড

যূপনিৰ্মাণ

অনস্তর অগ্নিষোমীয় পশু প্রাকরণ। যুপবিষয়ে আখ্যায়িকা—"যজ্ঞেন····· লোকম্"

পুরাকালে] দেবগণ যজ্জদারা উদ্ধিষ্থ হইয়া স্বর্গলোক প্রাপ্ত হইয়াছিলেন। তাঁহারা ভয় করিলেন, আমাদের এই যজ্জ দেখিয়া মনুষ্যগণ ও ঋষিগণ পশ্চাৎ [আমাদিগকে] জানিতে পারিবে। এই হেতু তাঁহারা যজ্জকে যুপের সহিত যোপন করিয়াছিলেন (যুপের চিহ্নে মিশাইয়া মনুষ্যাদির ভ্রমোৎ-পাদন করিয়াছিলেন)। সেই যজ্জকে যে যুপের সহিত যোপন করিয়াছিলেন, তজ্জন্তই যুপের যুপত্ব। তাঁহারা সেই যুপকে অধােমুখে প্রোথিত করিয়া উর্দ্ধে (স্বর্গলোকে) চলিয়া গিয়াছিলেন। তাহার পর মনুস্যগণ ও ঋষিগণ যজ্জের কোন [চিহ্ন] দেখিয়া [দেবগণের অনুষ্ঠান] জানিতে পারিব, এই অভিপ্রায়ে দেবগণের যজ্জভূমির নিকট আদিয়াছিলেন। [সেখানে] তাঁহারা অধােমুখে প্রোথিত যুপটিকেই [দেখিতে] পাই-দেন। তাঁহারা বৃঝিলেন, দেবগণ এই যুপ দারা যজ্ঞকে

গোপন করিয়াছেন। তখন তাঁহারা সেই যূপকে উৎপাটন করিয়া উদ্ধ মুখে প্রোথিত করিলেন। তদনন্তর তাঁহারা যজ্ঞকে বিশেষরূপে জানিলেন ও স্বর্গ লোককেও বিশেষরূপে জানিলেন।

উত্তরবেদির সম্মুথে প্রোথিত পশুবদ্ধনস্তম্ভের নাম যুপ। এস্থলে যোপন ক্রিয়াসম্পাদক বলিয়া উহার নাম যুপ। এ বিষয় শাথাস্তরেও উক্ত হইয়াছে।' যুপ-নিধননের ব্যবস্থা—"তদ্যদ্—অমুখ্যাত্যৈ"

এই কারণেই যজ্ঞকে বিশেষরূপে জানিবার জন্ম ও স্বর্গ-লোক দেখিবার জন্ম যূপ উদ্ধিমুখে প্রোথিত হয়।

যুপ-গঠনের ব্যবস্থা---"বজ্রো বা…স্তর্তবৈ"

এই যে যুপ, ইহা বক্সস্বরূপ। ইহাকে অফকোণ করিবে; কেননা বজ্ঞও অফকোণ। শত্রুর ও দ্বেষকর্তার বধের জন্ম সেই বজ্র ও সেই যুপ প্রহার করা হয়। যে ব্যক্তি এই যজমানের হিংসাযোগ্য, ইহাদারা তাহার হিংসা হয়।

পুনশ্চ---"বজো...দৃষ্ট্ৰা"

যুপ বজ্রস্বরূপ; ইহা শক্রর বধে উন্মত হইয়া অব-স্থিত; সেই জন্ম এখনও যে ব্যক্তি [যজমানকে] দ্বেষ করে, এই যুপ অমুকের, ঐ যুপ অমুকের, ইহা দেখিয়া [সেই যুপ-দর্শনে] সেই ব্যক্তির অপ্রিয় ঘটে।

যুপনির্মাণের জন্ম বিবিধ কাষ্টের বিধান—"থাদিরং...জয়তি"

স্বর্গকাম ব্যক্তি থদিরনির্শ্মিত যূপ করিবে। দেবগণ থদিরের

⁽১) "যজেন বৈ দেবাঃ স্থবৰ্গং লোকমায়ংস্তেহমন্যস্ত মসুব্যা নোহদাভবিব্যস্তীতি তে বুপেন যোগগিজা স্থৰ্গং লোকমায়ংস্কৃষ্যে বৃপেনৈবাসু প্ৰাজানংস্তদ্ যুপজ্ম "।

⁽২) শাখান্তরে "ইল্রো বৃত্তার বজ্ঞং প্রাহরৎ স ত্রেধা ব্যভবৎ ক্যান্ত্তীরং রথক্তীরং ব পড় নীরন্।"

ষুপ ৰারা স্বর্গলোক জয় করিয়াছিলেন। সেইরূপ যজমানও ধদিরের যূপ ধারা স্বর্গ লোক জয় করে।

भूनक-"देवदः...भूरहेः"

অন্ধকাম ও পুষ্টিকাম ব্যক্তি বিল্পের যুপ করিবে। বিল্প [রক্ষ] বৎসর বৎসর ফল ধারণ করে; ঐ ফলধারণ ভক্ষ-শীয় অন্নের স্বরূপ; এবং [ঐ রক্ষ] মূল হইতে শাখা পর্যান্ত ক্রমশঃ রৃদ্ধি পায়, এই জন্য উহা পুষ্টির স্বরূপ।

ইহা জানার ফল---"পুব্যতি ... কুরুতে"

যে ইহা জানিয়া বিশ্বের যুপ করে, সে প্রজাকে ও পশু-গণকে পুষ্ট করে।

অক্তরূপে বিবের প্রশংসা—"যদেব...বেদ"

[অহে অধ্বর্যু] বিশ্বের যুপ কেন ? না, [এক্ষাবাদীরা]
বিশ্বকে জ্যোতিঃস্বরূপ বলেন। যে ইহা জানে, সে স্বজন
মধ্যে জ্যোতিস্বরূপ হয় ও স্বজন মধ্যে শ্রেষ্ঠ হয়।

অক্স বৃক্ষের বিধান—"পালাশং...পলাশমিতি"

তেজকাম ও ব্রহ্মবর্চ্চদকাম পলাশের যুপ করিবে।
[কেননা] পলাশই বনস্পতিগণের মধ্যে তেজঃস্বরূপ ও
ব্রহ্মবর্চ্চদস্বরূপ। যে ইহা জানিয়া পলাশের যুপ করে, সে
তেজস্বী ও ব্রহ্মবর্চ্চদযুক্ত হয়। [অহে অধ্বর্যু] এই পলা-শের যুপ কেন ? না, এই যে পলাশ, ইহা দকল বনস্পতির যোনিস্বরূপ। সেই জন্ম অমুক রক্ষের পলাশ (পত্র), অমুক রক্ষের পলাশ (পত্র), বলিয়া [দকল রক্ষের পত্রকেই] পলাশ রক্ষের পলাশ নামে অভিহিত করা হয়। যে ইহা জানে, দকল বনস্পতিরই ফল তৎকর্ত্বক লক্ষ হয়।

পলাশ শব্দে পলাশ গাছ বুঝার, জাবার পলাশ শব্দে সকল গাছেরই পাতা বুঝার। পলাশের নামে অঞ্চান্ত বুক্ষের পাভার নামকরণ হওয়ার পলাশকে সর্বা বুক্ষের যোনিস্বরূপ বলা হইল।

দ্বিতীয় খণ্ড

যু পসংস্কার

यूनरक शृञांक कतिवात देशयमञ्ज—"अञ्च स्मा... अक्षयु र्रः"

অধ্বর্যু বলিবেন, যৃপের অঞ্জন করিব, [তদসুযায়ী] মন্ত্র পাঠ কর।

হোতৃপাঠ্য প্রথম ঋক্ — "অঞ্জম্ভি · · অঞ্জম্ভি"

"অঞ্জন্তি ত্বামধ্বরে দেবয়ন্তঃ" এই মন্ত্র পাঠ করিবে; [কেননা] দেবপূজেচ্ছুরা অধ্বরে (যজ্ঞে) ইহাকে (এই যুপকে) অঞ্জন করে (য়তাক্ত করে)।

বিতীয় চরণ—"বনস্পতে...আজান্"

"বনস্পতে মধুনা দৈব্যেন" এই চরণে এই যে আজ্য (মৃত), ইহাকেই মধু (মধুর) ও দৈব্য (দেবযোগ্য) বলা হইল। ভূতীয় ও চতুর্থ চরণ—"বদুর্জ:...তদাহ"

"যদ্পতিষ্ঠা দ্রবিণেই ধন্তাদ্ যদ্বা করো মাতৃরস্থা উপস্থঃ" এতদ্বারা, [হে যুপ] যদিও তুমি স্থিরভাবে আছ ও শুইরা আছ, [তথাপি] আমাদিগের দ্রবিণ (ধনসম্পত্তি) সম্পাদন কর, ইহাই বলা হইল।

সমস্ত ঋকের অর্থ, হে বনম্পতি (যুপ), দেবয়জনেচ্ছুরা তোমাকে যজে দেববোগ্য মধুর [আজ্য] দারা অঞ্জন করে। তুমি যদি উর্দ্ধ্য স্থির থাক, অথবা এই মাতা পৃথিবীর উপরে তোমার ক্ষয় (শয়ন) হয়, তুমি তথাপি আমা-দিগকে দ্রবিণ (ধনসম্পত্তি) দান কর।

विजीय श्रक्-"উচ্ছ युष्य ... সমৃদ্ধ म्"

"উচ্ছ্ৰুয়স্থ বনস্পতে" এই মন্ত্ৰ উচ্ছ্ীয়মাণ (উত্তোল্যমান) যুপের পক্ষে অভিরূপ, এবং যাহা যজ্ঞে অভিরূপ, তাহাই मग्रक ।

ঐ ঋকের দ্বিতীয় চরণ—"বর্ম নৃ…উন্মিন্বস্তি"

"বন্ম'ন্ পৃথিব্যা অধি" এই চরণে যেথানে যুপকে উদ্ধ মুখ করিয়া প্রোথিত করা হয়, সেই স্থানকেই পৃথিবীর বন্ধ (শরীর) বলা হইল।

বেদি ও তাহার পূর্ব্বদেশের মধ্যে যুপ বসান হয়। সেই স্থানকেই পৃথিবীর मंत्रीत वना श्रेन।

ভৃতীয় চরণ—"স্থমিতী···আশান্তে''

"স্থমিতী মীয়মানো বৰ্চ্চোধা যজ্ঞবাহদে" এতদ্বারা [যজ্ঞসম্পাদক যজমানের প্রতি বর্চ্চঃস্বরূপ (দীপ্তিস্বরূপ)] আশিষ প্রার্থনা করা হয়।

তৃতীয় ঋকৃ—"সমিদ্বস্থ…শ্রয়তে"

"দমিদ্ধস্থ শ্রয়মাণঃ পুরস্তাৎ" এতদ্বারা যুপকে সমিদ্ধ (প্রদীপ্ত) [আহবনীয়ামির] পূর্ব্বদিক্ আশ্রয় করান হয়।

~ দ্বিতীয় চরণ—"ব্রহ্ম…আশান্তে"

"ব্রহ্ম বয়ানো অজরং স্থবীরমৃ" এতদ্বারা [অজরত্বাদিরূপ] আশিষ প্রার্থনা হয়

(2) 9149 (0) 91412

তৃতীয় চরণ---"আরে · · যজমানাচ্চ"

"আরে অম্মদমতিং বাধমানঃ" এস্থলে অমতি শব্দে ক্ষুধা অথবা পাপ ; এতদ্বারা যজ্ঞ হইতে ও যজমান হইতে সেই অমতিকে দূরে নিরাকৃত করা হয়।

অমতি অর্থে বৃদ্ধিলংশ; কুধা ও পাপ উভয়ই বৃদ্ধিলংশের কারণ। এই মন্ত্রে তাহা দুরীকৃত হয়।

চতুর্থ চরণ---"উচ্ছু য়স্ব...আশান্তে"

"উচ্ছু য়স্ব মহতে সোভগায়" এতদ্বারা [সোভাগ্যরূপ] আশিষ প্রার্থনা হয়।

সমন্ত ঋকের অর্থ—সমিদ্ধ (প্রাণিষ) আহবনীয়ের পূর্বণিক্ আশ্রয়কারী, অজর (অবিনাশ) ও স্থবীর (প্রাণিসমৃদ্ধিকারণ) ও ব্রহ্ম (র্হৎ) কর্ম্মের সম্পাণন-কারী, আমাদের অমতির (কুধার বা পাপের) দূরে অপসারণকারী, অহে যুপ, তুমি মহৎ সৌভাগোর জন্ম উচ্ছিত্র (উদ্ধে উত্তোলিত) হও।

চতুৰ্থ ঋক্—"উদ্ধ ...তদাহ"

"উদ্ধি উষুণ উতয়ে তিষ্ঠা দেবো ন সবিতা" এম্বলে ('দেবো ন সবিতা' এই মন্ত্রাংশে) দেবগণের (দেবপ্রতিপাদক বেদবাক্যের) যে "ন" [শব্দ] আছে, তাহা ঐ স্থলে "ওঁ" এই অর্থবাচক। এতদ্বারা দেব সবিতারই মত অবস্থিত হও, ইহাই বলা হইল।

বেদে ন শব্দ কথন কথন অঙ্গীকারার্থক ওঁ অর্থে ব্যবস্থাত হয়, তজ্জ্ম "দেবো ন সবিতা" ইহার অর্থ "দেবঃ সবিতা ইব।" এ স্থলে যুপকে বলা হইতেছে, তুমি সবিতাদেবের মত উর্দ্ধে অবস্থান কর।"

ভূতীয় চরণ—"উর্দ্ধো···সনোতি"

^{(8)) | 106| 20 |}

न मस्यत्र এইक्रण चार्थ धातारतत्र छेशास्त्र पृर्व ७० गृर्छ स्वथ ।

"উর্দ্ধো বাজস্থ সনিতা" এই চরণ দারা এই যুপকে বাজ-সনি (অমদাতা) করিয়া ধনদাতাও করা হয়।

চতুর্থ চরণ—"যদঞ্জিভি:……যজ্জমিতি"

"যদঞ্জিভির্বাঘন্তির্বিহ্নয়ামহে" এস্থলে "অঞ্জি" শব্দে ও "বাঘং"শব্দে ছন্দ সকলকে বুঝাইতেছে। এই চরণে যজমান-গণ, আমার যজ্ঞে আইস, আমার যজ্ঞে [আইস], এই বলিয়া সেই ছন্দঃসকল (মন্ত্রসকল) দ্বারা দেবগণকে বিশেষরূপে আহ্বান করেন।

অঞ্জি শব্দের অর্থ ক্রতুর অভিব্যক্তিকারী, বাঘং শব্দের অর্থ যজ্ঞভার বহনকারী; উভর বিশেষণ দারা এন্থলে ছন্দ বা মন্ত্র বুঝাইতেছে। উক্ত অর্থজ্ঞানের প্রশংসা— "যদি হ.....অধাহ"।

যছপি বহু জনেই [একসঙ্গে] যাগ করে, তথাপি যেখানে ইহা জানিয়া এই মন্ত্র পাঠ করা হয়, সেখানে দেবগণ এই (মন্ত্রার্থজ্ঞ) যজমানের যজ্ঞেই গমন করেন।

পঞ্চম ঋক--"উর্জো নঃ----তদাহ"

"উর্দ্ধোনঃ পাহুংহসো নি কেতুনা বিশ্বং সমত্রিণং দহ" । এন্থলে (দ্বিতীয় চরণে) অত্রি শব্দের লক্ষ্য রাক্ষসগণ এবং পাপ; এতদ্বারা, রাক্ষসগণকে ও পাপকে দহন কর, ইহাই বলাহয়।

তৃতীয় চরণ—"ক্লধী ন···তদাহ"

"ক্ষণী ন উদ্ধাং চরথায় জীবদে" এই যাহা বলা হয়, এত-দ্বারা "ক্ষণী ন উদ্ধাং চরণায় জীবদে" ইহাই কথিত হয়। উহার অর্থ.—[হে যূপ] তুমি চরণের (আচারের) জন্ম ও জীবনের জন্ম আমাদিগকে উদ্ধাত কর। মন্ত্রের "চরণ" শব্দ "চরণ" বাচক, তাহাই বলা হইল। "চরথার" পদের তাৎপর্য্য বুঝাইরা "জীবসে" (অর্থাৎ 'জীবনার') পদের তাৎ-পর্য্য বুঝান হইতেছে যথা—"যদি হ-----দদাতি"

যদিও এই যজমান [মৃত্যু কর্তৃক] নীত এইরূপই হয়, তথাপি এতদ্বারা (ঐ মন্ত্রাংশপাঠে) তাহাকে [আয়ুঃপ্রদাতা কালরূপী] সংবৎসরের নিকট অর্পণ করা হয়।

চতুর্থ চরণ—"বিদা-----আশাস্তে"

"বিদা দেবেষু নো তুবঃ" (আমাদের পরিচর্য্যা দেবগণে নিবেদন কর) এতদ্মারা [দেবগণের নিকট] আশিষ প্রার্থ-নাই হয়।

ষষ্ঠ পাক--- পাতো----- জায়তে"

"জাতো জায়তে স্থাদিনত্বে অহ্ণাম্" এই চরণ পাঠে এই যূপ জাত (সর্ব্বদা প্রাত্নস্তুত) থাকিয়া [যজ্ঞাদিবসের স্থাদিনতার জন্ম] জাত (অবস্থিত) হয়।

দ্বিতীয় চরণ—"সমর্বে...তৎ"

"সমর্য্য আ বিদথে বর্জমানঃ" এই চরণ দারা ইহাকে (যুপকে) বর্জন করা হয়।

তৃতীয় চরণ—"পুনস্তি···তৎ"

"পুনন্তি ধীরা অপসো মনীযা" এতদ্বারা ইহাকে পবিত্র করা হয়।

ठञ्थं ठत्रण—"त्मवत्रां…नित्वमग्रिंख"

"দেবয়া বিপ্র উদিয়র্ত্তি বাচম্" এই চরণ দারা ইহাকে দেবগণের নিকটেই নিবেদিত (বিজ্ঞাপিত) করা হয়।

সমত্ত ঋকের অর্থ, [এই যুপ] জাত (নিভ্য প্রাহন্ত্ ভ) থাকিয়া এবং সকল

দিনের মধ্যে যজ্ঞ দিনের স্থাদিনতা (মঙ্গলজনকতা) সম্পাদনের জন্ত সমর্য্য (মন্থ্যযুক্ত) বিদথে (যজ্ঞদেশে) বর্জমান থাকিয়া জাত হয় (বর্ত্তমান থাকে); ধীর (ধীমান্) ব্যক্তিরা ইহাকে (কর্ম্মের নিমিত্তভূত এই যূপকে) মনীষা (বৃদ্ধি) ছারা পবিত্র করেন এবং বিপ্রগণ (ব্রাহ্মণ ঋত্বিকেরা) দেবোদ্দিষ্ট বাক্য উচ্চারণ করেন।

সপ্তম ঋক দারা অমুবচন সমাপ্তি—"যুবা……পরিদধাতি"

"যুবা স্থবাসাঃ পরিবীত আগাৎ" এই শেষ ঋক্ দ্বারা [অমুবচন পাঠ] সমাপ্ত করা হয়।

এই প্রথম চরণে যুপকে যুবা ও স্থবাসাঃ বলা হইল, তাহার তাৎপর্য্য শপ্রাণো বৈ·····পরিবৃতঃ

প্রাণই যুবা ও [প্রাণই] স্থন্দর-বস্ত্রধারী; কেননা এই সেই প্রাণ শরীর দ্বারা পরিবৃত (বেষ্টিত)।

প্রাণের বার্দ্ধক্য নাই, এইজন্ম প্রাণ যুবা; এবং শরীর বস্ত্রের মত উহাকে বেষ্টন করিয়া আছে, এইজন্ম উহা বস্ত্রধারী। ঐ মস্ত্রে যুপের ঐ তুই বিশেষণ থাকায় যুপকে প্রাণস্বরূপ বলা হইল। দ্বিতীয় চরণ—"স উ—জায়মানঃ"

"দ উ শ্রেয়ান্ ভবতি জায়মানঃ" এতদ্বারা দেই যুপ জাত (স্থাপিত) হইয়া ক্রমশঃ উৎকৃষ্ট হয়।

অর্থাৎ দ্বতাঞ্জনাদি দ্বারা ক্রমশঃ কর্ম্মান্থষ্ঠানপক্ষে উৎকর্ম লাভ করে। ভৃতীয় ও চতুর্থ চরণ—"তং ধীরাসঃ……উন্নয়ন্তি"

"তং ধীরাসঃ কবয় উন্নয়ন্তি স্বাধ্যো মনসা দেবয়ন্তঃ" এই স্থলে যাহারা অনূচান(পণ্ডিত), তাঁহারাই কবি; তাঁহারাই এই যুপের উন্নয়ন করেন।

সমন্ত ঋকের অর্থ—এই যুপ পরিবীত (রশনা বেষ্টিত হইয়া) স্থানর বস্ত্রধারী যুবার মত আসিয়াছেন। তিনি জাত হইয়া ক্রমশঃ (কর্ম সাধন বিষরে) উৎকৃষ্ট হইয়াছেন। মনের দ্বারা দেবযজনেচছু সুধী ও ধীর কবিগণ তাঁহাকে উন্নয়ন করেন। উক্ত সাতটি মন্ত্রের প্রথম মন্ত্র যুগকে ছাত মাথাইবার সমর, পরের পাঁচটি বৃপকে উত্তোলনের সময় ও শেষ মন্ত্রটি যুগে রশনাবেষ্টনের সময় পাঠ করা হয়। উক্ত মন্ত্রসংখ্যার প্রশংসা—"তা এতাঃ...অবিশ্রংসায়"

এই সেই রূপসমৃদ্ধ সাতটি ঋক্ পাঠ করিবে। যাহা রূপসমৃদ্ধ, তাহা যজ্ঞের পক্ষে সমৃদ্ধ, কেননা ঐ ঋক্ ক্রিয়মাণ কর্মকেই পূর্ণভাবে উল্লেখ করে। তন্মধ্যে প্রথম ঋক্ তিনবার পাঠ করিবে। তাহা হইলে তাহারা এগারটি হইবে। ত্রিফুভের অক্রর এগারটি এবং ত্রিফুপ্ই ইন্দ্রের বজ্ঞ। যে ইহা জানে, সে ইন্দ্র যাহাদের আশ্রয়, সেই ঋক্ সকলের দ্বারা সমৃদ্ধ হয়। প্রথমটিকে তিনবার ও শেষটিকে তিনবার পাঠ করা হয়; তদ্বারা যজ্ঞের [উভয়-প্রান্থে] স্থিরতার জন্ম, দৃঢ়তার জন্ম ও শিথিলতা নিবারণের জন্ম গ্রন্থি বন্ধন হয়।

তৃতীয় খণ্ড স্মীযোমীয় প্র

ষ্পসম্বন্ধে প্ৰশ্ন—"তিষ্ঠেদ্…আহু:"

[ব্রহ্মবাদীরা] প্রশ্ন করেন, [কর্ম্মসমাপ্তির পর] যৃপ [স্বস্থানে] থাকিবে, না উহাকে [অগ্নিতে] নিক্ষেপ করিবে ? ভাষার উত্তর—"ভিঠেৎ...ভিঠতি"

পশুকামী যজমানের যৃপ [স্বস্থানে] থাকিবে। [পুরা-কালে] পশুগণ অন্নভকণের নিমিত্ত ও আলম্ভনের (বধের) নিমিত্ত দেবগণের নিকট উপস্থিত হয় নাই। তাহারা দূরে সরিয়া গিয়া পুনংপুনং বলিতে লাগিল, তোমরা আমাদিগকে বধ করিতে পাইবে না,আমাদিগকে বিধ করিতে পাইবে না]। তদনন্তর দেব-গণ সেই বক্তস্করপ যুপকে দেখিতে পাইলেন। সেই যুপকে ইহাদের জন্য উত্থাপিত করিলেন।সেই যুপ হইতে পশুগণ ভার পাইল ও [দেবগণের] সমীপে ফিরিয়া আদিল। অ্যাপি [সেইজন্য পশুগণ] সেই যুপের নিকটই ফিরিয়া আইসে। তদবধি পশুগণ অন্ধভক্ষণ নিমিত্ত ও বধনিমিত্ত দেবগণের নিকট উপস্থিত হয়। যে যজমান ইহা জানে, এবং যে ইহা জানিয়া যুপ স্থাপন করে, তাহার নিকট পশুগণ অন্ধভক্ষণ নিমিত্ত ও বধের নিমিত্ত উপস্থিত থাকে।

অস্থবিধ উত্তর—"অমু প্রহরেৎ----এষাতীতি"

স্থাকানী [যুপকে অগ্নিতে] নিক্ষেপ করিবে।
প্রাকালীন যজমানগণ সেই যুপকে [কর্মামাপ্তির]
পরে [অগ্নিতেই] নিক্রেপ করিয়াছিলেন। [কেননা] যজনান যুপস্বরূপ, যজমানই প্রস্তরম্বরূপ; 'অগ্নি আবার দেব-যোনি। [অতএব যুপকে অগ্নিতে নিক্রেপ করিলে] সেই যজমান আহুতির সহিত দেবযোনি অগ্নি হইতে [দেবতা-রূপে] উৎপন্ন হইয়া হিরগ্নয় শরীর লাভ করিয়া উদ্ধন্ম্থে স্থালোকে গমন করিবে।

্ ইদানীন্তন বজমানের পক্ষে যৃপের পরিবর্ত্তে স্ক্রনিক্ষেপ ব্যবস্থা— "অথ…স্থানে"

^() এতর--বেদির উপরে উত্তরমূবী ছইগাছি কুশের উপর পূর্বামূবী করিয়া বে কুশমূচি রাধা হর, তাহার নাম প্রভার। এতভির পাত্রাদি রাধিবার লক্ত বেদির উপর আরও তিনটি কুশমূচি বাকে, তাহার নাম বহিং।

কিন্তু যে যজমানেরা সেই [পুরাকালীন] যজমানগণের অপেক্ষা অর্বাচীন (আধুনিক), তাঁহারা যৃপের খণ্ডস্বরূপ স্বরু (তমামক কার্চ) দেখিয়াছিলেন; তাঁহারা সেই সময়ে [যৃপ নিক্ষেপ পরিবর্তে] সেই স্বরু নিক্ষেপ করিবেন। [যৃপের] নিক্ষেপে যে ফল হয়, তদ্বারা (স্বরু নিক্ষেপেও) সেই ফল লব্ধ হয়; সেই স্থানে (যৃপের স্থানে) [পশুপ্রাপ্তিরূপ] যে ফল হয়, তদ্বারা সেই ফলও লব্ধ হয়।

অনস্তর অগ্নি ও সোমের উদ্দেশে পশুবধের বিধান— "সর্ব্বাভ্যো বা·····নিক্ষীণীতে"

যে (যজমান) [সোমযাগে] দীক্ষিত হয়, সে দকল দেবতার নিকটে আপনাকে [পশুরূপে] আলম্ভনে প্রবৃত্ত হয়।
অগ্নিই দকল দেবতা, সোমও দকল দেবতা; সেই যজমান যে
অগ্নির ও সোমের উদ্দিষ্ট পশু আলম্ভন করে, তদ্বারা সে দকল
দেবতার নিকটেই আপনাকে নিক্ষয় করে।

এতত্ত্বারা আত্মপ্রতিনিধিরূপে বা মূল্যস্বরূপে পশু আলম্ভনের ব্যবস্থা হইল। পশু পুল হওয়া আবশ্রক যথা—"তলাহঃ… সমর্কয়তি''

এ বিষয়ে [ব্রহ্মবাদীরা] বলেন, এই অগ্নিষোমীয় পশু ছই-রূপ-যুক্ত (বর্ণদ্বয়বিশিষ্ট) কর্ত্তব্য; কেননা, ইহা ছুই দেবতার উদ্দিষ্ট। কিন্তু ইহা (ব্রহ্মবাদীদের এই উক্তি) আদরণীয় নহে। [তবে পশু] পীবর (স্থুল) হওয়া কর্ত্তব্য। কেননা, পশুগণ [মেদোর্দ্ধি হেতু] স্থুলই হইয়া থাকে, স্থার

⁽২) বঙ্গ-ন্প পঠনের সময় বে কাঠখণ্ড পতিত হয়, তাহার নাম বঙ্গ।

^(॰) এ বিষয়ে পাণান্তরে প্রমাণ—"পুরা খলু বাবৈদ মেধারামান্তানারত্য চরতি বৈা শীক্ষতে ব্যক্তিবাদীয়ং পশুমালকত আত্মনিত্রশ্বেরাত।"

যজমানও [যজ্ঞদিনে স্বল্লাহার হেডু] রুশ হইয়াই থাকেন। সেইজন্য পশু যদি স্থুল হয়, তাহা হইলে সে নিজের পুষ্টিদ্বারা যজমানকেই সমৃদ্ধ করে।

সে বিষয়ে পুনরায় বিচার—"তদা**ছ:**···শীপ্সিতব্যং"

[ব্রহ্মবাদীরা আবার] এ বিষয়ে বলেন, অগ্নীষোমীয় পশুর িমাংস বিজ্ঞান করিবে না : যে অগ্নীষোমীয় পশুর [মাংস] ভক্ষণ করে, সে পুরুষের (মনুষ্যের) [মাংসই] ভক্ষণ করে ; কেননা যজমানই ঐ পশুদারা আপনাকে নিক্রায় (প্রতিনিধি রূপে অর্পণ) করে। কিন্তু [ত্রহ্মবাদীদের] এই মত আদরণীয় নহে। এই যে অগ্নীষোমীয় [পশু], ইহা বুত্রহত্যানিমিত্তক আহুতিমাত্র। কেননা ইন্দ্র অগ্নির ও সোমের সাহায্যেই বৃত্রকে বধ করিয়াছিলেন। তাঁহারা (অগ্নি ও সোম) ইন্দ্রকে বলিয়াছিলেন, আমাদের সাহায্যেই তুমি র্ত্তকে বধ করিয়াছ: তোমার নিকট বর প্রার্থনা করিতেছি। ইিন্দ্র বলিলেন] প্রার্থনা কর। তাঁহারা স্থত্যার (সোম্যাগের শেষ কর্ম সোমাভিষবের) পূর্ব্ব দিনে [প্রদত্ত] সেই পশুকেই বর প্রার্থনা করিয়াছিলেন। [এই কারণে] সেই পশু ইহা-দের (অগ্নিও সোমের) বর স্বরূপে প্রার্থিত হওয়ায় ইহাদের উদ্দেশেই দত্ত হয়। সেইজন্ম ইহার মাংস বিক্ষণ করা কর্ত্তব্য এবং [সেই মাংস] লাভের ইচ্ছাও কর্ত্তব্য ।°

^(॥) শাণান্তরে প্রমাণ—"তত্মারাজ্যং পুরুষনিজুরণমধো থবাছঃ অগ্নীবোমান্ডাাং বা ইক্সোযুক্তমহ-শ্লিভি বদরীবোমীরং পশুমালভতে বার্জপ্র এবাজ্ঞ স তত্মাহাজ্য ।"

চতুৰ্থ, খণ্ড

় আগ্রীসূক্ত

অগ্নীবোমীয় পশুষাগে একাদশটি প্রযাজ বিহিত হয়; সেই একাদশ প্রযাজের যাজ্যামন্ত্রসমূহের নাম আপ্রীস্কু; ' যথা — "আপ্রীভিরাপ্রীণাতি"

আগ্রীসমূহের দ্বারা [দেবতাগণের] গ্রীতি জন্মান হয়।
আগ্রীমন্ত্রের প্রশংসা — "তেজো বৈ……সমর্দ্ধতি"

আগ্রীসমূহই তেজ ও ব্রহ্মবর্চ্চস; তদ্বারা যক্তমানকে তেজ দ্বারা ও ব্রহ্মবর্চ্চস দ্বারা সমৃদ্ধ করা হয়।

প্রথম প্রয়াজ—"সমিধো…যজতি"

সমিধের (তন্নামক দেবতার) যজন হয় (সমিধের উদ্দেশে যাজ্যাপাঠ হয়)।

সমিৎ বলিতে অগ্নি ইন্ধনের কাষ্ঠ বুঝার; এ স্থলে এই যাগের দেবভাই সমিৎ অথবা সমিদ্ধ অগ্নি। এই অন্নষ্ঠানে অধ্বৰ্ণ্য সমিদ্ভাঃ প্রেষা এই মন্ত্রে হৈতাবরুণ নামক ঋতিক্কে আহ্বান করেন। অধ্বর্যুপ্রেষিত মৈতাবরুণ "হোডা-

চাতুর্মান্ত ইটিতে নরটি প্রথানের বিধান আছে। গণ্ডবাগে পাঁচটির স্থানে এগারটি প্রবাদ্ধের বিধান হর। ইহার বাজামন্ত্রগুলি কক্মন্ত। বে বে হড়ে ঐ সকল কক্মন্ত আছে, তাহাবের নাম আপ্রীহন্ত। বজমানের গোত্রগুলৈ ভিন্ন ভিন্ন আপ্রীহন্তের ব্যবস্থা আছে। কক্ সংহিতার সম্পরে দশটি আপ্রীহন্ত আছে। আবলারনমতে শুনকগোত্রে আপ্রীহন্ত "সমিদ্ধো করি গোত্রের আপ্রীহন্ত "ক্ষম্বন নং সমিধ্যা" ইত্যাদি; অন্ত সকলের আপ্রীহন্ত "সমিদ্ধো অন্য সমূবো হুরোপে" (আবি প্রো হং গং)। আবলারনোক্ত মন্ত ব্যক্তি আন্ত

⁽১) দশপূর্ণমাসাদি সাধারণ প্রকৃতি যজ্ঞে পাঁচটি প্রবাজ প্রধান যাগের পূর্ব্বে বিহিত হয়। প্রত্যুক্তরার হোমের সময় যাজ্যামন্ত্র পঠিত হয়। এই যাজ্যামন্ত্র সাধারণতঃ যজুর্মন্ত্র।

[&]quot;বে যজামতে" বলিরা আরম্ভ করিয়া যাজ্যাপাঠের পর ব্যট্কার উচ্চারণ সকতে আমার্

যক্ষদগ্নিং সমিধা" ইত্যাদি মন্ত্রে^২ হোতাকে আহ্বান করিলে পর হোতা সমিৎ দেবতার উদ্দেশে আপ্রীস্থক্তের প্রথম মন্ত্র ("সমিদ্ধো অন্ত মমুষো" এই মন্ত্র) যাজ্যাস্বরূপ পাঠ করেন।^৬

সমিং দেবতার প্রশংসা—"প্রাণা বৈ ... দধাতি"

সমিৎ-সকলই প্রাণ; এই যাহা কিছু আছে, প্রাণই সেই সকলকে (শরীরজাত পদার্থকে) সমিন্ধন (প্রকাশ) করে। [সেই হেড়] এতদ্বারা (সমিধের যজন দ্বারা) প্রাণসকলকেই প্রীত করা হয় ও যজমানে প্রাণেরই স্থাপনা হয়।

দিতীয় প্রযাজের যাজ্যাবিধান—"তন্নপাতংদ্বাতি"

তমূনপাতের (তন্নামক দেবতার উদ্দেশে যাজ্যাপাঠ দ্বারা) যজন হয়। প্রাণই তন্নপাৎ; সে (প্রাণ) তমু সকলকে (শরীরকে) পালন করে। এতদ্বারা (এই যাজ্যা-দ্বারা) প্রাণকেই প্রীত করা হয় ও যজমানে প্রাণেরই শ্বাপনা হয়।

এবার ও পূর্বের মত অধ্বর্য্যপ্রেষিত মৈত্রাবরুণ "হোতা ফক্ষৎ তন্দপাতম্" ইত্যাদি প্রৈষমন্ত্রণ পাঠ করিলে হোতা আপ্রীস্তেক্তর দিতীয় মন্ত্রণ মাজান্তরূপে পাঠ

- (২) মৈত্রাবরণপাঠা দম্পূর্ণ প্রেশময় "তোতা যক্ষণগ্রিং সমিধা স্থমিধা সমিদ্ধং নাভা পৃথিবাাঃ সঙ্গথোমস্ত ব্যুন্ দিব ইড়ম্পদে বেতু আছাস্ত হোত্র্যজ্য।
- ্রে) এই মন্ত্রটি ক্ষেদ্রসংহিতার ১০ মণ্ডলের ১১০ স্তেক্তর প্রথম মন্ত্র। উহার ক্ষরি জমদ্বি বা তৎপুত্র রাম। আবলায়নমতে শৌনক ও বাদিও এই ছই গোত্র বাতীত অক্স সকলের পক্ষে এই স্কুই আপ্রীস্কু। ইহাতে যে এগার্টি মন্ত্র আছে, তাহাই ক্রমান্বরে এগার প্রণাজের বাজা। হইবে। এ স্কুকের প্রথম মন্ত্রটি এই—
 - "সমিদ্ধে। অসা মনুষো ছরোণে দেবো দেবান যজনি জাতবেদ:।
 আচ বহ মিত্রনহশ্চিকিয়ান য়ং দৃতঃ কবিয়িদ প্রচেতা:॥" (১০।১১০।১)
 - (৪) সম্পূর্ণ প্রেষমগু---

"হোতা যক্ষ ৱন্নপাতমদিতেগর্ভং ভূবনক্ত গোপাম্।

মধ্বাদ্য দেবে দেবেভা দেববানান পণো অনক ুবেতু আত্মস্য হোতর্বজ ॥"
এইরূপ অন্তান্ত পরবর্তী প্রবাজের ও প্রৈমন্ত আছে। বাহুলাভ্যে যে সকল চীকার দেওরা
ছইল না। ধকবল সাধারণ পক্ষে প্রযোজ্য আপ্রীমন্ত্র (যাত্মামন্ত্র) গুলি নিয়ে দেওরা গেল।

(৫) আপ্রাপ্তের বিভার মন্ত্র--

করেন। কিন্তু এই দ্বিতীয় যাজ্যা বিষয়ে যজমানভেদে মতভেদ আছে। বসিষ্ঠ, শুনক, অত্রি, বঙাশ্ব, এই চারি গোত্রে উৎপর যজমানের পক্ষে ও ক্ষত্রিয় যজমানের পক্ষে দ্বিতীর প্রথাজের দেবতা নরাশংস ও তজ্জ্য তাঁহাদের যাজ্যামন্ত্রও ভিন্ন; অন্য সকলের পক্ষে দেবতা তন্নপাং। এক্ষণে সেই মতাস্তরের উল্লেখ হইতেছে—
"নরাশংসং……দুধাতি"

নরাশংসের যজন হয়। প্রজাই নর ও বাক্যই শংস (প্রশংসা বা স্তুতি); এতদ্বারা প্রজাকে ও বাক্যকে প্রীত করা হয় ও যজসানে প্রজার ও বাক্যের স্থাপনা হয়।

নরাশংস যজনপক্ষে প্রৈষমন্ত ও যাজ্যামন্ত ' ভিন্ন। তৃতীয় প্রযাজের দ্বেতা— "ইড়ো-----দ্ধাতি"

ইড়ের যজন হয়। অন্নই ইড়ঃ; এতদ্বারা অন্নকেই প্রীত করা হয় ও যজমানে অন্নের স্থাপনা হয়।

চতুর্থ প্রয়াজের দেবতা—"বর্হিঃ ... দধাতি"

বহির যজন হয়। পশুগণই বর্হির স্বরূপ; এতদ্বারা পশু-গণকে প্রীত করা হয় ও যজমানে পশুগণের স্থাপনা হয়।

পঞ্চম প্রযাজের দেবতা—"হুরো…দগতি''

ছুরে:-(দ্বার)-দেবতার যজন হয়। রৃষ্টিই ছুরঃ-স্বরূপ ; এত-

তন্নপাৎ পথ ঋতসা যানান্ মধ্বা সমঞ্জন্ স্বদয়া হ'জিহব। মন্মানি ধীভিক্ত যজ্ঞমূজন্ দেবতা চ কুণুহুধ্যেং নং ॥ (১০।১১০।২)

- ৬) বাসিঠাদির পক্ষে বিহিত দ্বিতীয় যাজ্যামস্ত্র—
 "নরাশংসমিহ প্রিয়মিয়ন্ যক্ত উপহয়ের।
 মধ্জিহ্বং হবিক্বতম্॥" (১।১৬।৩)
- (৭) যাজ্যার উদাহরণ—

"আজুস্বান ঈড্যো বন্দ্যশ্চ আয়াহি অত্যে বস্থান্তি: দক্ষোবা:। ত্বং দেবানামদি যস্ত হোতা স এনান্ যক্ষীধিতো ঘলীয়ান্॥" (১০০১১০)৩)

(৮) "প্রাচীনং বর্ছিঃ প্রদিশা পৃথিবা। বস্তোরন্ত। বুজাতে অগ্রে অহুশান্। ব্যু প্রথতে বিভরং বরীরো দেবেন্ডো অদিভরে স্যোনন্ ॥" (১০।১১০।৪) দ্বারা রৃষ্টিকে প্রীত করা হয় এবং যজমানে রৃষ্টির ও অন্নের স্থাপনা হয়।

ষষ্ঠ প্রথাজের দেবতা—"উষাসানক্তা···দধাতি"

উষাসানক্তার যজন হয়। অহোরাত্রই উষাসানক্তা (উষা ও নক্ত অর্থাৎ রাত্রি); এতদ্বারা অহোরাত্রকে প্রীত করা হয় ও যজমানকে অহোরাত্রে স্থাপন করা হয়।"

সপ্তম প্রযাজের দেবতা—"দৈব্যা হোতারা……দধাতি"

দৈব্য হোতার নামক দেবদ্বয়ের যজন হয়। প্রাণ ও ষ্মপানই দৈব্য হোতার; এতদ্বারা প্রাণকে ও অপানকেই প্রীত করা হয় ও যজমানে প্রাণের ও অপানের স্থাপনা হয়।"

অগ্নি, বরুণ, আদিতা এই তিনের মধ্যে কোন ছইজন দৈব্য হোতার। অষ্টম প্রযাক্ষের দেবতা—"তিস্রো দেবীঃ……দধাতি"

তিন দেবীর যজন হয়। প্রাণ, অপান এবং ব্যানই তিন দেবী; এতদ্বারা তাহাদিগকেই প্রীত করা হয় ও যজমানে তাহাদেরই স্থাপনা হয়।

ইড়া, সরস্বতী ও ভারতী এই তিন দেবী। নবম প্রযান্তের দেবতা—"ছষ্টারং ...দধাতি"

ঘটার যজন হয়। বাকাই ঘটা; বাকাই এই সমস্ত

^{(&}gt;) "ব্যচমভীক্ষবিদ্যা বিশ্রমন্তাং পভিজ্যো ন জনদঃ গুরুমানা: ।
দেবীর্দ্যানে বৃহতীবিদ্যান্য দেবেজ্যো ভবত স্থাদ্যালা: ।" (১০৷১১০৷৫)

⁽১০) "আ স্বরন্তী বজতে উপাকে উবাসানকা সদতাং নি বোনো। দিতো ঘোষণে বৃহতী স্কলেক অধিপ্রিরং শুক্রণিশং দধানে ৷" (১০৷১১০৷৬)

^{(&}gt;>) ''দৈব্যা হোতারা প্রথমা স্থবাচা মিমানা মজ্ঞং মনুষো বজ্ঞা। প্রচোদরস্তা বিদ্ধের কার প্রাচীনং জ্যোতিঃ প্রদিশা দিশ্ভা ॥" (> ।।>)।

⁽ ১২) "আ নো বজ্ঞং ভারতী ত্রমেতু ইড়ামমুখদিছ চেডয়ন্তী। ভিলো দেবীর্বছিরেলং স্যোলং সরস্বভী বপস: সদস্ভ ১" (১০:১১৯৮)

[জগৎ] গঠন করে; এতদ্বারা বাক্যকেই প্রীত করা হয় এবং যজমানে বাক্যেরই স্থাপনা হয় ^{'''}।

দশম প্রযাজের দেবতা—"বনস্পতিং…দধাতি"

বনস্পতির যজন হয়। প্রাণই বনস্পতি; এতদ্বারা প্রাণকেই প্রীত করা হয় ও যজমানে প্রাণেরই স্থাপনা হয়। ^{১৬} একাদশ প্রযান্তের দেবতা "স্বাহারুতী:.....প্রতিষ্ঠাপয়তি"

স্বাহাকৃতিগণের যজন হয়। প্রতিষ্ঠাই স্বাহাকৃতি; এতদ্বারা যজ্ঞকে শেষকালে প্রতিষ্ঠায় প্রতিষ্ঠিত করা হয়।'"

শেষ প্রযাজের আহুতিসমাপ্তির পর সকল প্রযাজের উদ্দিষ্ট দেবগণের নাম করিয়া স্বাহাকার (স্বাহা উচ্চারণ) হয়। এই হেতু স্বাহাক্ততিগণ বলিতে বিশ্ব-দেবগণ বুঝাইতে পারে। এতদ্বারা যজ্ঞের শেষকালে প্রতিষ্ঠা সম্পাদিত হয়।
অধিকারিভেদে অন্ত আপ্রীস্ক্রেরও বিধান আছে যথা "তাভিঃ...নোৎস্ক্জিত"

[গোত্রপ্রবর্ত্তক] ঋষি অনুসারে সেই সকল (আগ্রী-মন্ত্র) দ্বারা প্রীত করিবে। ঋষি অনুসারে যে আপ্রী পাঠ হয়, এতদ্বারা যজমানকে [সেই সেই ঋষির] বন্ধৃতা (গোত্রগত্ত সম্বন্ধ) ইইতে বাহির করা হয় না।

যজ্ঞমান আপন গোত্রপ্রবর্ত্তক ঋষিভেদে বিভিন্ন আশ্রী ব্যবহার করিতে পারেন; এক্নপ করিলে সেই ঋষির সহিত তাঁহার সম্বন্ধ অবিচ্ছিন্ন থাকে। ^{১৬}

^{, (}১৩) "ৰ ইমে দ্যাবাপৃথিবী জনিত্ৰী ক্ষপৈরপিংশদ্ ভূবনানি বিখা। ভ্ৰমদ্য হোভরিবিতো যজীয়ান্ দেবং ছষ্টারমিহ যক্ষি বিঘান্॥" (১০।১১০।৯)

⁽ ১৪) "উপাবস্ত স্বাস্থা সমঞ্জন্দেবানাং পাথ খতুথা হ্বীংবি। বনস্থিঃ শমিতা দেবো অগ্নিঃ বদস্ত হ্বাং মধুনা স্থতেন।" (১০।১১০।১০)

^{(&}gt;e) "স্দো। জাতে। ব্যমিমীত বজ্ঞমগ্রিদেবানামভবং পুরোগা:।

অদ্য হোতু: প্ৰদিশি ৰতন্য বাচি স্বাহাকৃতং হবিরদন্ত দেবা:।" (১০।১১০।১১)

⁽ ১৬) আখলায়নোক্ত উক্ত মত ব্যতীত ব্যুমানের গোত্রপ্রবর্ত্তক ক্ষরিভেন্নে অক্তান্ত আপ্রীস্ক্ত-প্রয়াগের বিধান আছে। বধা কণুণকে "হুসমিছো ন আবহ" (১।১৩), অছিরার পক্ষে "সমিছো

পঞ্চম খণ্ড

পর্যগ্রিকরণ

আগ্রী মন্ত্র দ্বারা প্রযাজবিধানের পর পর্যাগ্রিকরণ। এই কর্ম্মে আগ্রীঞ্জ নামক ঋত্বিক্ আহবনীয় হইতে অগ্নি লইয়া তিনবার অগ্নীধোমীয় পশুকে প্রদক্ষিণ করেন। তদ্বিষয়ে প্রৈষমন্ত্র—"পর্যাগ্রয়ে……অধ্বর্য্যঃ"

পরিক্রিয়মাণ অগ্নির অনুকূল মন্ত্র পাঠ কর, অধ্বর্য্যু [মৈত্রাবরুণকে] এই প্রৈয়মন্ত্র বলেন।

হোতার সহকারী মৈত্রাবরুণ পর্যাগ্রিকরণের অন্থবচন পাঠ করেন। মৈত্রাবরুণ পাঠ্য ঋক্ত্রয়—"অগ্নিহোতা……সমদ্ধয়তি"

"অগ্নির্হোতা নো অধ্যরত" ইত্যাদি অগ্নিদৈবত গায়ত্রী ঋক্ তিনটি পর্যাগ্নিকরণ কর্মে (পশুর চারিদিকে অগ্নিভ্রামণ কালে) পাঠ করিবে। এতদ্বারা আপনারই দেবতা ও আপ-নারই ছন্দ দ্বারা ইহাকে সমৃদ্ধ করা হয়।

গায়ত্রী অগ্নির ছন্দ, এ বিষয়ে পূর্ন্দে দেখ। প্রথম ঋকের দিতীয় চরণের ব্যাখ্যা—"বাজী… ..পরিণয়স্কি"

"বাজী সন্ পরিণীয়তে"—এতদ্বারা ইঁহাকে (অগ্লিকে) বাজী (অম্বযুক্ত) করিয়া পরিণয়ন (পশুর চতুর্দ্দিকে ভ্রমণ করান) হয়। দিতীয় ঋকের পূর্কার্দ্ধের ব্যাখ্যা—"পরিত্রিবিষ্ট্যধ্বরং……পরিয়াতি"

জ্ম জাবহ" (১৷১৪২), অগস্তাপকে "সমিদ্ধো অদ্য রাজসি" (১৷১৮৮), শুনকপকে "সমিদ্ধো জ্মিনিহিত:" (২৷০), বিধামিত্রপকে "সমিৎ সমিৎ স্থমনা" (৩৷৪), অত্রিপকে "হুসমিদ্ধায় শোচিষে" (৫৷৫), বসিঙ্গকে "জুন্দ্ব নঃ সমিধন্" (৭৷২), কণ্ঠপপকে "সমিদ্ধো বিশ্বতস্তিঃ" (৯৷৫), বঙ্গাশপকে "ইমাং নে অগ্রে সমিধং জুন্দ্ব" (১০৷৭০) জমদ্মিপকে "সমিদ্ধো জ্বদ্য মনুৰো ভ্রোপে" (১০৷১১০); (গার্গানারায়ণ-কৃত জাঃ শ্রৌং স্ত্রমৃত্তি)।

^{(3) 813413---01}

"পরিত্রিবিষ্ট্যধ্বরং যাত্যগ্রী রথীরিব"—ইহার অর্থ এই যে অগ্নি রথীর মত অধ্বরের (যজ্ঞের) চতুর্দ্দিকে গমন করেন। তৃতীয় ঋকের প্রথম চরণের ব্যাখ্যা—"পরি বাজপত্তিঃ"

"পরি বাজপতিঃ কবিঃ" এ স্থলে এই অগ্নিই বাজপতি (অমপতি)।

তংপরে অধ্বর্য্য পুনরায় মৈত্রাবরুণকে প্রৈয়মন্ত্র দ্বারা আহ্বান করিবেন এবং অধ্বর্যুপ্রেষিত মৈত্রাবরুণ হোতাকে প্রৈয়মন্ত্র দ্বারা আহ্বান করিবেন। অধ্বর্যুপঠিত মৈত্রাবরুণোদ্দিষ্ট প্রৈয়মন্ত্র—"অতঃ……অধ্বর্যুয়ঃ"

অনন্তর (পর্য্যগ্নিকরণে অন্তবচন পাঠের পর), অহে হোতা, তুমি দেবগণের উদ্দেশে হবিব প্রেরণ কর,—এই [প্রৈষমন্ত্র] অধ্বর্য্য [মৈত্রাবরুণকে] বলিবেন।

মৈত্রাবরুণ হোতার সহকারী; এজন্ম এস্থলে তাঁহাকে হোতা বলিয়া সম্বোধনে দোষ হইল না। এ বিষয়ে অধ্বাদীদের আপত্তি পরে দেখ। অনস্তর অধ্বর্গু-প্রেষিত মৈত্রাবরুণ হোতাকে লক্ষ্য করিয়া যে প্রৈষমন্ত্র বলিবেন, তাহার নাম উপপ্রৈষ, যথা—"অজৈং……প্রতিপ্লতে"

"অজৈদগ্নিরসনদ্বাজম্"—অগ্নির জয় হউক, তিনি বাজ (অয়)
দান করুন—মৈত্রাবরুণ [হোতাকে] এই উপপ্রৈয় বলিবেন।
অধ্বর্গু পঠিত মন্ত্রে হোতাকেই সম্বোধন হইয়াছে; এ বিষয়ে ব্রহ্মবাদীদের
আপত্তি—"তদাহঃ……ইতি"

এ বিষয়ে [ব্রহ্মবাদীরা] বলেন, যথন অধ্বর্যু হোতাকেই উপপ্রেষণ করেন, তবে মৈত্রাবরুণকে কেন উপপ্রেষ মন্ত্র বলিতে হয় ?

ইহার উত্তর--- "মনো বৈ-----সম্পাদয়তি"

নৈত্রাবরুণই যজ্ঞের মনের স্বরূপ; হোতা যজ্ঞের বাক্ [-ইন্দ্রিয়-] স্বরূপ; বাগিন্দ্রিয় মন কর্তৃক প্রেষিত (প্রেরিত) হই- য়াই কথা কহে। [লোকে] অশুমনক্ষ হইয়া যে বাক্য বলে, সেই বাক্য অশুরগণের প্রিয়, দেবগণের প্রিয় নহে। সেই নিমিত্ত মৈত্রাবরুণ যে উপপ্রৈষ পাঠ করেন, তাহাতে মনের দ্বারা [প্রেরিত হইয়াই] বাক্য বলা হয়; মন কর্তৃক প্রেরিত সেই বাক্যদারা দেবগণের উদ্দেশে আহুতি সম্পাদন করা হয়।

খণ্ড

অধিগুপ্রৈষ

অধ্বর্য্য্-প্রেষিত মৈত্রাবরুণ উক্ত প্রৈষমন্ত হারা হোতাকে অহুজা করিলে, মৈত্রাবরুণ-প্রেষিত হোতা আবার অধিগু-প্রৈষহারা পশুবধকর্তাকে অহুজা করেন। অধিগু শব্দের অর্থ পশুবিশসন-(বধ)-কর্তা দেবতা। এছলে পশু-হত্যাকারী মন্থব্যের প্রতি উক্ত প্রৈষমন্ত্র প্রযুক্ত হয়। উক্ত অধিগু-প্রৈষমন্ত্রের প্রথমাংশ, যথা—"দৈবাাঃ……ইত্যাহ"

"অহে দেবরূপী শমিতৃগণ (পশুহত্যাকারিগণ), পশু-বধ] আরম্ভ কর; আর মনুষ্যরূপী [শমিতৃগণ, তোমরাও আরম্ভ কর]"—এই মন্ত্র [হোতা] পাঠ করিবেন।

ঐ মন্ত্রের ব্যাখ্যা—"যে চৈব……সংশান্তি"

বাঁহারা দেবগণমধ্যে শমিতা (পশুঘাতক) ও বাঁহারা মনুষ্যগণ মধ্যে শমিতা, তাঁহাদের উভয়কেই এতদ্বারা [ব্য কর্ম্মে] প্রেরণ করা হয়।

ঐ মন্ত্রের পরবর্ত্তী অংশ—"উপনবত· · · সমর্দ্ধরতি"

মেধপতিশ্বয়ের (যজ্জস্বামী যজ্জমানের ও তৎপত্নীর) জন্য যজ্জকে প্রার্থনা করিয়া "মেধ্য (যজ্জে ব্যবহার্য্য) দ্বার (উপার অর্থাৎ পশুহত্যার অস্ত্রাদি [যূপের নিকট] লইয়া আইস"— এই বাক্যে পশুই মেধ্ ও যজ্জমানই মেধপতি; এতদ্বারা যজ্জমানকেই আপনার মেধ্বারা (যজ্জভাগ দ্বারা) সমৃদ্ধ করা হয়।

এস্থলে মেধপতি শব্দে যজমানকে না বুঝাইয়া যজ্ঞপতি দেবতাকেও বুঝাইতে পারে, যথা—"অথো থলু·····ছিতম্"

এ বিষয়ে [ব্রহ্মবাদীরা] বলেন, যে দেবতার উদ্দেশে পশুর হত্যা হয়, তিনিই মেধপতি। তাহা হইলে সেই পশু যদি এক দেবতার উদ্দিষ্ট হয়, তাহা হইলে [ঐ মস্ত্রে "মেধ-পতিভ্যাং" না বলিয়া] "মেধপতয়ে" ইহাই বলিবে; যদি ত্রই দেবতার উদ্দিষ্ট হয়, তাহা হইলে "মেধপতিভ্যাং" বলিবে; যদি বহুদেবতার উদ্দিষ্ট হয়, তবে "মেধপতিভ্যাং" বলিবে; ইহাই স্থির।

মন্ত্রের পরবন্তী অংশ বিষয়ে আখ্যায়িকা—"প্রাম্মা ……পুরস্তান্ধরন্তি"

["হে শমিত্গণ] এই পশুর জন্ম অগ্নিকে প্রথমে লইয়া
যাও"—এই বাক্যের তাৎপর্য্য—[পুরাকালে বধদেশে] নীয়মান
পশু মৃত্যু সন্মুখে দেখিয়াছিল; সেই পশু দেবগণের পশ্চাৎ
যাইতে চাহে নাই; [তখন] দেবগণ তাহাকে বলিলেন,
আইস, তোমার সহিত আমরা স্বর্গে ই যাইব; সে বলিয়াছিল,
তাহাই হউক, (তবে) তোমাদের মধ্যে একজন আমার সন্মুখে
(অগ্রে) চল; তাহাই হউক, বলিয়া অগ্নি তাহার অগ্রে গ্রমন
করিয়াছিলেন; সেও তাঁহার পশ্চাৎ চলিয়াছিল। এইজ্লা

বলা হয়, পশুগণ অগ্নিসম্বন্ধী, কেন না পশু অগ্নির পশ্চাৎই চলিয়াছিল। এইজন্ম [এইকর্ম্মে] ইহার (বধ্য পশুর) সম্মুখে অগ্নিকে লইয়া যাওয়া হয়।

মন্ত্রের পরবর্ত্তী অংশের ব্যাখ্যা—"স্থৃণীত·····করোতি"

["বধস্থানে নীত পশুর নিম্নে] বহিঃ (কুশ) আস্তীর্ণ কর"— এই বাক্যে পশুকে সমস্ত-ওর্ষধ-আত্মক করা হয়, কেন না পশু ওষধি-আত্মক।

ওষধি (কুশাদি তৃণ) খাইয়া বর্দ্ধিত হয় বলিয়া, পশু ওষধি-আত্মক। মন্ত্রের পরবর্ত্তী অংশের ব্যাথ্যা—"অন্বেনং……আলভস্তে"

"এই পশুকে (ইহার বধে) [ইহার] মাতা অনুমতি
দিক, পিতা অনুমতি দিক, সহোদর ভ্রাতা অনুমতি দিক, সথা
ও একযৃথবর্তী [অন্ম পশু] অনুমতি দিক"—এই বাক্যে
তাহার জন্মসম্পর্কযুক্ত-[অন্ম পশু]-গণেরও অনুমতি লইয়া
ইহার আলম্ভন (বধ) হয়।

তৎপরবর্ত্তী ভাগের ব্যাখ্যা—"উদীচীনাঁ অশু......আদধাতি"

"ইহার পা উত্তরদিক্ আশ্রয় করুক, চক্ষু সূর্য্যকে প্রাপ্ত হউক, প্রাণ বায়ুকে, জীবন অন্তরিক্ষকে, শ্রোত্র দিক্সমূহকে, ও শরীর পৃথিবীকে আশ্রয় করুক"—এই বাক্যে ইহাকে ঐ সকল স্থানে স্থাপন করা হয়।

তৎপরভাগের ব্যাখ্যা—''একধা..... দধাতি''

"ইহার ত্বক্ একভাবে [অবিচ্ছিন্নভাবে] ছিন্ন কর, ছেদ-নের পূর্কে নাভি হইতে বপা (মেদ) পৃথক্ কর, প্রস্থাসকে ভিত্রেই নিবারণ কর (শ্বাসরোধ করিয়া বধ কর)"—এই বাক্যে পশুসমূহেই প্রাণসকলের স্থাপনা হয়। তৎপরভাগের ব্যাখ্যা—"শ্রেনমশু……প্রীণাতি"

"ইহার বক্ষ শ্রেনের (পক্ষীর) আকৃতিযুক্ত কর (সেইরূপে ছিন্ন কর), বাহুদ্বর উত্তমরূপে ছিন্ন কর, প্রকোষ্ঠদ্বর শলাকাকার কর, অংসদ্বর কচ্ছপাকার কর, শ্রোণিদ্বর অচ্ছিদ্র কর, উরুদ্বর কবষের (ঢালের) মত, ও উরুমূল করবীর পত্রের মত কর; ইহার পার্যান্থি ছাব্বিশ্থানি, সেগুলি পর পর পৃথক্ কর; সমস্ত গাত্র অবিকল [ছিন্ন] কর"—এই বাক্যে ইহার সমস্ত অঙ্গ ও গাত্রকে প্রীত করা হয়।

শেষভাগের ব্যাখ্যা—"উবধ্যগোহং.....প্রতিষ্ঠাপয়তি"

"ইহার পুরীষ গোপনের জন্ম স্থান (গর্ত্ত) পৃথিবীতে (ভূমিতে) খনন কর"—এই বাক্যে এই উবধ্য (পুরীষ) ওষধি-সম্বন্ধী (ভক্ষিত ভূণাদির বিকার), এবং এই পৃথিবী ওষধি-সকলের স্থান; অতএব এতদ্বারা এই পুরীষকে শেষে (পশু-বধান্তে) আপনার স্থানেই স্থাপিত করা হয়।

সপ্তম থণ্ড

অধিগু-প্রৈষমন্ত্র

অধিগু-প্রৈষমন্ত্রের পরবর্ত্তিভাগের ব্যাখ্যা—"অম্না রক্ষ: ...নিরবদরতে"

"রুধিরের সহিত রাক্ষসগণের যোজনা কর"—ইহা [হোতা] বলিবেন। [পুরাকালে] দেবগণ তুষ দ্বারা ও তণ্ডুলাংশ দ্বারা (ক্ষুদ দ্বারা) [তৃপ্ত করিয়া] রাক্ষসগণকে [দশপূর্ণমাসাদি] যজ্ঞসমূহ হইতে (যজ্ঞের হবির্ভাগ হইতে) ও রুধির দ্বারা মহাযজ্ঞ (জ্যোতিষ্টোম) হইতে বঞ্চিত করিয়াছিলেন; সেই হোতা যখন "রুধিরের সহিত রাক্ষসগণের যোজনা কর" এই [মন্ত্রাংশ] পাঠ করেন, তখন রাক্ষসদিগকে তাহাদের নিজো-চিত যজ্ঞভাগ দ্বারাই যজ্ঞ হইতে অপসারিত করা হয়।

রাক্ষসেরা তুষ ও কুন এবং পশুরক্ত পাইয়াই চলিয়া গিয়াছিল, পুরোডাশের বা পশুমাংসের অপেক্ষা করে নাই। সেইজগ্র ঐ মন্ত্র পাঠ করিলে রাক্ষসেরা এস্থলেও রুধিরভৃপ্ত হইয়াই চলিয়া বাইবে; পশুমাংসের লোভে যজ্ঞের বিদ্ন জন্মাইবে না।

ঐ মন্ত্র সম্বন্ধে আপত্তি ও তাহার থণ্ডন—''তদান্তঃ……এনমিতি"

এ বিষয়ে [ব্রহ্মবাদীরা] বলেন (আপত্তি করেন), যজে রাক্ষসের নাম করিবে না, কোন রাক্ষসেরই (রাক্ষসজাতীয় অন্থর-পিশাচাদিরও) নাম করিবে না; কেন না যজে রাক্ষসেরা বর্জ্জিত (রাক্ষসাদির যজে ভাগ নাই, দেবতাদেরই ভাগ আছে)। সেই [আপত্তি] সম্বন্ধে [অন্থ ব্রহ্মবাদীরা] বলেন, [এ স্থলে রাক্ষসের] নাম করিতেই হইবে; কেন না যে ব্যক্তি ভাগীকে ভাগ হইতে বঞ্চিত করে, সেই [বঞ্চিত ব্যক্তি] তাহাকে (বঞ্চনাকারীকে) বিনাশ করে; যদি বা তাহাকে বিনাশ না করিতে পারে, তবে পরে তাহার পুত্রকে বিনাশ করে, অথবা [পুত্রকে না পারিলে] পোত্রকে বিনাশ করে; [কোন না কোনরূপে] তাহাকে নক্ট করেই।

মৃত্বস্বরে ঐ মন্ত্রাংশ উচ্চারণ করা উচিত বথা—"স বদি · এবং বেদ"

সেই [হোতাকে] যদি [রাক্ষসের] নাম করিতেই হয়, তবে উপাংশুভাবেই (মৃত্যুররেই) নাম করিবে ; কেন না যে বাক্য উপাংশু (মৃত্ উচ্চারিত), তাহা প্রচ্ছন্ন (অন্যের অঞ্চত) থাকে; আর এই যে [যজ্ঞস্থলবিহারী] রাক্ষসগণ, ইহারাও প্রচ্ছন্ন [-বিচরণশীল]। অপিচ যদি উচ্চৈঃস্বরে নাম করা হয়, তাহা হইলে যে ব্যক্তি এই রাক্ষসোচিত (উচ্চিঃস্বরে উচ্চা-রিত) বাক্য বলে, সে রাক্ষসী ভাষা উৎপাদনে সমর্থ হয়; কেন না দৃগু লোকে যে [উচ্চ] বাক্য বলে, উন্মন্ত লোকে যে [উচ্চ] বাক্য বলে, তাহা রাক্ষসোচিত বাক্য। যে ইহা জানে, সে স্বয়ং দৃগু হয় না, এবং তাহার পুত্রাদিও কেহ দৃগু হয় না।

মন্ত্রের পরবর্ত্তী ভাগ—"বনিষ্ট্রমশ্ত · · · · · পরিদদাভি''

"অহে শমিতৃগণ, বপার সমীপবর্তা মাংসথগুকে উলুকাকৃতি (পেচকাকৃতি) জানিয়া [অহ্য আকারে] ছেদন করিও না
(উলুকাকারেই ছেদন কর); [এরূপ করিলে] তোমার পুত্র
পোত্র কাহাকেও রোদন করিতে হইবে না"—এই বাক্যে
দেবগণ মধ্যে ও মনুষ্যগণ মধ্যে যাহারা শমিতা (পশুহন্তা),
তাহাদের উদ্দেশেই সেই মাংসখণ্ড দান করা হয়।

মন্ত্রের শেষভাগ—"অধ্রিগো"শসংপ্রযক্ষতি"

"অধিগু, তোমরা পশুকে হনন কর—হুষ্ঠু ভাবে (যথাশাস্ত্র) হনন কর,—অহে অধিগু, হনন কর"—এই বাক্য তিন-বার বলিবে। [তৎপরে তিনবার] "অপাপ" বলিবে। যিনি দেবগণের মধ্যে শমিতা (পশুহন্তা), তিনিই অধিগু; ও যিনি নিগ্রহকর্তা, তিনি অপাপ। এই বাক্যে শমিতৃগণের উদ্দেশে ও নিগ্রহকর্তাদের উদ্দেশে সেই পশুকে (হননের জন্তা) দেওয়া হয়।

অঞ্জিও ত্রৈবলাঠান্তর জপমন্ত্রলাঠ—"শমিভারো·····য এবং বেদ"

"হে শমিতৃগণ, এই কর্মে যে স্কৃত হইল, তাহা আমাদিগের উপরে ও যে তুক্কত হইল, তাহা অন্সের উপরে
[অর্পিত হউক]" এই মন্ত্র বলিবে। অগ্নিই দেবগণের
হোতা ছিলেন—তিনি এই বাক্য (অপ্রিগু-প্রৈষমন্ত্র) দ্বারা
এই পশুকে বধ করিয়াছিলেন, এইজন্য হোতাও সেই বাক্যদ্বারা ইহাকে বধ করেন। এতদ্বারা [পশুর] সন্মুখভাগে
যে ছেদন করা হয় ও পশ্চাদ্রাণে যে ছেদন করা হয়, যাহা
[শাস্ত্রবিধান অপেক্ষা] অতিরিক্ত করা হয় বা যাহা [তদপেক্ষা] অল্প করা হয়, তাহা সমস্তই শমিতাদিগকে ও নিগ্রহকর্ত্তাদিগকেই জানান হয়। [এই মন্ত্রপাঠে] হোতাও
মঙ্গল দ্বারা [পাপ হইতে] মুক্ত হন ও পূর্ণ আয়ুঃ লাভ করেন,
ও [যজমানেরও] পূর্ণায়ুক্ষতালাভ ঘটে। যে ইহা জানে,
সে পূর্ণ আয়ু লাভ করে।

অফ্টম খণ্ড

পশুসম্বন্ধে আখ্যায়িকা

অধিগুঠপ্রবের পর পুরোডাশবিধানের পূর্বে আখ্যায়িকা—"পুরুষং বৈ----নান্নীয়াৎ"

পুরাকালে] দেবগণ পুরুষকে (মনুষ্যকে) পশুরূপে আলম্ভন (যজ্ঞে হনন) করিতে উন্নত হইয়াছিলেন। সেই হননোত্যক্ত পুরুষ হইতে যজ্ঞভাগ পলায়ন করিল ও অখে প্রবেশ করিল। সেইজন্য অশ্ব যজ্ঞযোগ্য হইল। অনন্তর যজ্ঞভাগ কর্ত্ত্বক পরিত্যক্ত সেই পুরুষকে দেবগণ সম্পূর্ণরূপে বর্জ্জন করিলেন; সেই পুরুষ [তথন] কিম্পুরুষ হইল।

তাঁহারা অশ্বের আলম্ভনে উন্মত হইলেন। সেই হননোছুক্তে অশ্ব হইতে যজ্ঞভাগ পলায়ন করিল ও গরুতে প্রবেশ
করিল। সেই হইতে গরু যজ্ঞের যোগ্য হইল। দেবগণ
সেই যজ্ঞভাগ কর্ত্ত্বক পরিত্যক্ত অশ্বকে বর্জ্জন করিলেন; সেই
অশ্ব িতথন ী গোর-মুগ হইল।

তাঁহারা গরুর আলম্ভনে উন্মত হইলেন। সেই বধোছ্যক্ত গরু হইতে যজ্ঞভাগ পলায়ন করিল ও অবিতে (মেষে)
প্রবেশ করিল। সেই হইতে অবি যজ্ঞের যোগ্য হইল।
তথন দেবগণ যজ্ঞভাগ কর্তৃক পরিত্যক্ত গরুকে বর্জ্জন করিলেন; সে গবয় হইল।

তাঁহারা অবির আলম্ভনে উন্মত হইলেন। সেই বধো-হ্যক্ত অবি হইতে যজ্ঞভাগ পলায়ন করিল ও অজে (ছাগে) প্রবেশ করিল। সেই হইতে অজ যজ্ঞের যোগ্য হইল। দেবগণ যজ্ঞভাগ কর্ত্ত্ব পরিত্যক্ত অবিকে বর্জ্জন করিলেন; সে উষ্ট্র হইল।

এই যজ্ঞভাগ অজে বহুকাল ধরিয়া ক্রীড়া করিয়াছিল। সেই হেডু এই যে অজ, সে পশুগণ মধ্যে [যজ্ঞে] সর্বাপেক্ষা উপযুক্ত।

তাঁহারা অজের আলম্ভনে উচ্চত হইলেন। সেই বধো-ছ্যক্ত অজ হইতে যজ্ঞভাগ পলায়ন করিল ও এই [পৃথিবীতে] প্রবেশ করিল। সেই হইতে এই [পৃথিবী] যজ্ঞের যোগ্য হইল। তথন দেবগণ যজ্ঞভাগ কর্জ্ম পরিত্যক্ত অজকে বর্জ্জন করিলেন; সে শরভ হইল।

এই সেই পশুগণ (যজ্ঞভাগ) মেধ কর্তৃক পরিত্যক্ত হওয়ায় অমেধ্য (যজ্ঞের অনুপযুক্ত বা অপবিত্র); সেইজন্য ইহাদের শ্রিমাংস] ভোজন করিবে না।

পরে পুরোডাশের বিধান—''ভমস্তাং…য এবং বেদ"

এই পৃথিবীতে [প্রবিষ্ট] যজ্ঞভাগকে দেবগণ অনুগমন করিয়াছিলেন। অনুস্ত হইয়া দে ত্রীহি (ধান্ম) হইল। সেইজ্বন্য যখন পশুর (হননের) পর [ধান্য হইতে প্রস্তত] পুরোডাশ নির্বপণ (আহুতিদান) করা হয়, তখন আমাদিগের যজ্ঞভাগযুক্ত পশু দারাই ইফ ঘটে, কেবল পশু দারাই ইফ ঘটে। যে ইহা জানে, তাহারও যজ্ঞভাগযুক্ত পশু দারাই ইফ ঘটে।

নবম খণ্ড

পুরোডাশহোম—বপাহোম

পুরোডাশের প্রশংসা—"স বা এষঃলোক্যমিতি"

এই যে পুরোডাশ [প্রদান] এতদ্বারা পশুরই আলম্ভন হয়। তাহার (পুরোডাশের অর্থাৎ তাহার উপকরণরূপ ধান্সের) যে কিংশারু (থড়), তাহাই [পশুর] লোম; যে তুষ, তাহাই দর্ম; যে কুদ, তাহাই রক্ত, যে (তণ্ডুল হইতে এস্তত)

⁽ ১°) অর্থাৎ বজ্ঞভাগ কর্ত্ক পরিত্যাগের পর মসুযাদি বে বে মুর্দ্ধি প্রহণ করিয়াছিল, সেই ক্রিম্পুরুষাদি পরক্ষাধ্যক্ত পশুস্থপ অয়েধ্য ও উহাদের মাংস বর্জনীয়।

পিষ্টক ও পিষ্টকের অবয়বসকল, তাহাই মাংস; আর যে কিছু সার (তণ্ডুলের কঠিন ভাগ), তাহাই অস্থি। [অতএব] যে পুরোডাশ দ্বারা যাগ করে, সে পশুগণের সকল যজ্ঞভাগ দ্বারাই যাগ করে। সেইজন্য [ব্রহ্মবাদীরা] বলেন, পুরোডাশ যাগ [সকলের] দর্শনীয়।

তৎপরে বপাহোমের যাজ্ঞা—''যুবমেতানি……ভবতীতি'

''যুবমেতানি দিবি রোচনানি অগ্নিশ্চ সোম সক্রতৃ অধত্তম্। যুবং সিন্ধুঁরভিশস্তেরবভাদ্ অগ্নীষোমাবমুঞ্তং গৃভীতান্" ॥'— হে সোম, তুমি এবং অগ্নি, তোমরা উভয়ে স্বর্গে প্রকাশমান [এই নক্ষত্রগণকে] ধরিয়া আছ ; হে অগ্নি ও সোম, সক্রতু (সমানকর্মা) তোমরা তোমাদের আপনার সিন্ধুগণকে (সমুদ্রবৎ প্রোঢ় যজমানদিগকে) অপবাদ হইতে ও পাপ হইতে মুক্ত কর—এই মন্ত্রকে বপার জন্য (বপা-হোমের জন্য) যাজ্যা করিবে। যে ব্যক্তি দীক্ষিত হয়, সে সকল দেবতাকর্তৃকই আলব্ধ (আহুতিরূপে স্বীকৃত) হয়; সেই-জন্য [ব্রেক্সাবাদীরা কেহ কেহ] বলেন, দীক্ষিতের [গৃহে] ভোজন করিবে না। [ইহার উত্তর] সেই হোতা যথন "অ্মীষোমাবমুঞ্ত: গৃভীতান্" বলিয়া বপার যাগ ক**রেন,** তথন যজমানকে সকল দেবতার নিকটেই মুক্ত করেন। সেইজন্য [অন্য ব্রহ্মবাদীরা] বলেন, [দীক্ষিতের গৃছে] ভোজন করিবে, কেন না বপাহোমের পর সেই দীক্ষিত [দেবগণের নিকট মুক্ত হইয়া] যজমানে পরিণত হয়।

^{1 3 10 6 (6)}

অনস্তর পুরোডাশহোমের যাজ্ঞা—"আস্তং…যজতি"

"আন্তং দিবো মাতরিশ্বা জভার" এই মন্ত্র পুরোডাশ-দানের যাজ্যা করিবে।

মন্ত্রের দিতীয় চরণ—"অমথাৎ…ভবতি"

"অমথাদন্তং পরি শ্রেনো অদ্রেং" এতদ্বারা এই যজ্জভাগ (পুরোডাশ) এখান হইতে (মুম্ম্য হইতে) লব্ধ, ওখান হইতে (অশ্বাদি হইতে) লব্ধ, ইহাই বুঝায়।

উভর চরণের অর্থ—মাতরিশা (বায়ু) [উভয় দেবতার মধ্যে] অগ্যতরকে (সোমকে) শ্বর্গ হইতে আনিয়াছিলেন; শ্রেন (পক্ষী) অগ্র দেবকে (অমিকে) অদ্রি (পর্ববত) হইতে মন্থন করিয়াছিলেন। সেইরূপ প্রোডাশও মন্থর, অশ্ব, গো, অবি প্রভৃতি পশু হইতে লব্ধ বলিয়া ঐ মন্তের এই কর্ম্মে প্রেয়াজ্যতা।

পুরোডাশহোমের পর তাহার স্বিষ্টকুতের যাজ্ঞা—"স্বদস্ব হব্যা……বজ্জতি"

"স্বদস্ব হব্যা সমিযো দিদীহি"—[হে অমি] হব্যসকল স্বাছ্র কর ও অশ্বসকল সম্প্রদান কর— এই মন্ত্রকে পুরোডাশ-হোমে স্বিষ্টকৃতের যাজ্যা করিবে।

ঐ যাজ্যার প্রশংসা—"হবিরেবাম্মা…ধত্তে"

ঐ মন্ত্রদারা এই কর্ম্মে (স্বিফক্তে) আহুতিকেই স্বান্থ করা হয় এবং অমকে ও উর্জ্জকে (ক্ষীরাদিকে) আপনাতে স্থাপন করা হয়।

তৎপরে স্বিষ্টক্রৎযাগের পর পশুরোডাশসম্বনী ইড়ার আহ্বান— "ইড়াং দ্বাতি"

ইড়াদেবতাকে " আহ্বান করা হয়। পশুগণই ইড়া;

^{(2) 3|30|6 | (0) 0|68|22 |}

⁽৪°) ইড়া শব্দের অর্থ বাগের পর পুরোডাশের বে অংশ বন্ধমান ও ঋষিকেরা ভক্ষণ করেন। ইডাভক্ষণের পুর্কে ইড়ার আহ্বান হয়। পুর্কে দেও।

এতদ্বারা পশুগণকেই আহ্বান করা হয় ও যজমানে পশু-গণেরই স্থাপনা হয়।

দশ্য থপ্ত

পত্মাঙ্গুহোম

পশুর হৃদয়াদি একাদশ অঙ্গ আহতির জন্ম মৈত্রাবন্ধণের প্রতি প্রেরবিধান— "মনোতারৈ—অধ্বর্যুঃ"

"মনোতার (তশ্বামক দেবতার) উদ্দেশে অবদীয়মান (খণ্ডশঃ গৃহীত) আহুতির (পশ্বাঙ্গের) অনুকূল মন্ত্র পাঠ কর"—অধ্বর্য এই প্রৈষমন্ত্র বলিবেন।

ভৎপরে পশাস্তহোমকালে মৈত্রাবরুণপাঠ্য স্ক্র—"বং হয়ে…অব্যান্ত"

"ত্বং হ্রুয়ে প্রথমো মনোতা" ইত্যাদি সূক্ত 'ः[মৈত্রাবরুণ] পাঠ করিবে।

ঐ হক্ত সম্বন্ধে আপত্তি ও তাহার খণ্ডন—"তদাহ…অম্বাহ"

এ বিষয়ে [ব্রহ্মবাদীরা] আপত্তি করেন, পশু যথন অন্য দেবতার (অগ্নি ও সোম এতত্বভয়ের) উদ্দিষ্ট, তবে কেন মনো-তার উদ্দেশে অবদীয়মান আহুতির অনুকূলে কেবল একমাত্র অগ্নিদেবতার উদ্দিষ্ট মন্ত্র পাঠ করা হয় ? [উত্তর] তিনজন দেবতা (বাক্য, গাভী এবং অগ্নি) দেবগণের মনোতা (মনে প্রবিষ্ট দেবতা); সেই তিন দেবতাতেই দেবগণের মন আসক্ত রহিয়াছে। বাক্যই দেবগণের মনোতা, তাঁহাতেই তাঁহাদের মন আদক্ত রহিয়াছে। গাভীই দেবগণের মনোতা, তাঁহাতেই তাঁহাদের মন আদক্ত রহিয়াছে। অগ্নিই দেবগণের মনোতা; তাঁহাতেই তাঁহাদের মন আদক্ত রহিয়াছে। অগ্নিই দকল মনোতার স্বরূপ, অগ্নিতেই দকল মনোতা মিলিত আছেন, দেইজন্ম অগ্নির উদ্দিষ্ট ঋক্দকলকেই মনোতার উদ্দেশে অব-দীয়মান আহুতির অনুকূল মন্ত্ররূপে পাঠ করিবে।

তৎপরে হৃদয়াদি একাদশ অঙ্গহোমের যাজ্ঞ্যা ও তাহার প্রশংসা—"অগ্নীষোমা
•••য এবং বেদ"

"অগ্নাধোমা হবিষঃ প্রস্থিতস্থা" এই মন্ত্রকে প্রধান] আহুতির হাজ্যা করিবে। ঐ মন্ত্রে "হবিষঃ" এই পদ রূপসমূদ্ধ ও "প্রস্থিতত্ত" ইহাও রূপসমূদ্ধ। যে ইহা জানে, তাহার প্রদত্ত আহুতি সকলসমৃদ্ধি দ্বারা সমৃদ্ধ হইয়া দেবগণকে প্রাপ্ত হয়।

অনস্তর বনস্পতিযাগ—"বনস্পতিং...যজতি"

বনস্পতির যাগ করিবে। কেন না প্রাণই বনস্পতি। যে কর্ম্মে ইহা জানিয়া বনস্পতির যাগ হয়, সেখানে তদত এই আহুতি জীবনম্বরূপ হইয়া দেবগণকে প্রাপ্ত হয়।

পরে সিষ্টকতের যাগ—"বিষ্টকতং শপ্রতিষ্ঠাপয়তি"

স্বিফ্রকতের যাগ করিবে। প্রতিষ্ঠাই স্বিফ্রক্রং। এতদ্বারা যজ্ঞান্তে যজ্ঞকে প্রতিষ্ঠাতেই প্রতিষ্ঠিত করা হয়।

পরে ইড়ার আহ্বান—"ইড়াম্ · · দধাতি"

ইড়ার আহ্বান হয়। পশুগণই ইড়া, এতদ্বারা পশুগণ-

কৈই আহ্বান করা হয় এবং পশুগণকেই যজমানে স্থাপিত করা হয়।

পুর্বে পুরোডাশহোমের পর ইড়াহবান হইয়াছে। এখন প্রাঙ্গহোমের পর ইড়াহবান।

সপ্তম অধ্যায়

প্রথম খণ্ড

পশুযাগ

পর্য্যাগ্রিকরণবিষয়ে ' আখ্যায়িকা-- "দেবা বৈ ... এশচাৎ"।

পুরাকালে দেবগণ যজ্ঞ বিস্তার করিয়াছিলেন। ইঁহাদের যজ্ঞের বিল্ল করিব, এই অভিপ্রায়ে অস্তরেরা তাঁহাদের নিকট আসিয়াছিল। পশু আপ্রীত হইলে পর (পশুযাগের অন্তর্গত প্রযাজ-যজনের পর) ও পর্যাগ্রকরণের পূর্বের যূপের অভিমুখে পূর্ববিদকে তাহারা আসিয়াছিল। সেই দেবগণ তাহা বুঝিতে পারিয়া যজ্ঞরক্ষার্থ ও আত্মরক্ষার্থ [পশুর সম্মুখে] পর পর তিনটি অগ্রিময় প্রাকার নির্মাণ করিয়াছিলেন। তাঁহাদের সেই অগ্রিময় প্রাকারগুলি [পশুর] সম্মুখে দীপ্যমান থাকিয়া উচ্ছলেভাবে অবস্থিত ছিল। অস্তরেরা সেই প্রাকার আক্রমণ না

(১) আগ্নীপ্র নামক ঋদ্বিক্ আংহবনীয় হইতে অগ্নি গ্রহণ করিরা "পরি ৰাজপতিঃ কবিঃ" (৪।১৫।৬) এই মস্ত্রে তিনবার পশুর চারিদিকে সেই অগ্নিকে প্রদক্ষিণ করান। এই পূর্ব্যয়িকরণ-অফুঠান পূর্ব্বে বিবৃত হইয়াছে, বন্ধ অধ্যায় পঞ্চম থগু দেখ।

করিয়াই পলায়ন করিয়াছিল। তথন দেবগণ [প্রাকারগত] অমি দারাই পূর্ব্বদিকে ও[দেই]অমি দারাই পশ্চিমদিকে অম্বর গণকে ও রাক্ষসগণকে বধ করিয়াছিলেন।

পর্যাগ্রিকরণের তাৎপর্যা—"তথৈব·····অবাহ"

যজমানেরা এই যে পর্যাগ্রিকরণ [কর্ম] করেন, তদ্বারাও সেইরূপই (দেবগণকৃত কর্মের মত) যজ্ঞরক্ষার্থ ও আত্মরক্ষার্থ তিনটি অগ্রিময় প্রাকার নির্মাণই করা হয়। সেই জন্মই পর্যাগ্রিকরণ অমুর্ভিত হয় ও সেই জন্মই পর্যাগ্রিকরণের অমুকূল মন্ত্র পাঠ হয় ।

পর্যায়িকরণের পর সেই অগ্নি অগ্রবর্ত্তী করিয়া পশুকে বধস্থানে আনিতে হয়, যথা—"তং·····লোকমেতি"।

সেই পশুকে আপ্রীত হইলে পর (অর্থাৎ প্রযাজের পর) ও পর্যামিকরণের পর উত্তরমুখে লইয়া যাওয়া হয়। তাহার সম্মুখে [আমীএ] উল্ম ক (আহবনীয় হইতে গৃহীত অগ্রির উল্কা) বহন করেন। এই যে পশু, ইনি মূলতঃ যজমানের স্বরূপ। ঐ [সম্মুখে নীয়মান] অগ্রি ছারা যজমান সম্মুখে আলোক রাখিয়া স্বর্গলোকে গমন করিবেন, এই অভিপ্রায়হেতু, সেই অগ্রি ছারা যজমান সম্মুখে আলোক রাখিয়াই স্বর্গলোকে গমন করেন।

শামিত্রদেশে উপস্থিত হইরা বহিঃ প্রক্ষেপ করিবে, বধা—"তং—কুর্বস্থি"
• সেই পশুকে যেখানে হত্যা করিতে ইচ্ছা করা হয়, সেই

⁽२) वर्गाधिकत्रवन्न-अञ्चल्कन मञ्ज—"व्यक्तिका लोश्यादन" (३।३०१३) शूर्व्स तथ।

⁽७) गण नवसात्वत् अभिनिषि, शक्षरक नवस्ति आवितक् तत्वरण वर्णेश करत्त । देश शूर्त्स नवा क्षेत्रीरक ।

ধানে অধোভূমিতে অধ্বর্যু বহিঃ (কুণ) নিক্ষেপ করিবেন। [প্রযাজ যজন দারা] আপ্রীত হইলে পর ও পর্য্যগ্রিকরণের পর, এই পশুকে [হননার্থ] বেদির বাহিরে (শামিত্রদেশে) এই যে আনা হয়, এতদ্বারা সেই পশুকে বহিষদ (কুশাসনে উপবিষ্ট) করা হয়।

গভর প্রীষ কেলাইবার জন্ত গর্জ খনন, " যথা—"তন্তপ্রতিষ্ঠাপরস্তি"।
তাহার পুরীষগোপনের স্থান খনন করা হয়। পুরীষ
ওষধি হইতে উৎপন্ন; এই [ভূমি] ওষধিগণের স্থান; এই
হেতু ইহাকে স্বস্থানেই শেষ পর্য্যন্ত স্থাপন করা হয়।

পশু-পুরোডাশের প্রশংসা ^{*}—"ভদা**হঃ**···বেদ"।

এ বিষয়ে [ব্রহ্মবাদীরা] বলেন, এই যে পশু, ইহা
[সমস্তই] আহুতিরূপে দেয়; কিন্তু ইহার লোম, চর্ম, রক্ত,
অন্ত্রগত তৃণাদি, খুর, শৃঙ্গদ্বয় এবং যে কিছু মাংস [ভূমিতে]
পড়িয়া যায় তাহা, ইত্যাদি ইহার বহু অবয়ব [আহুতি] দেওয়া
হয় না; তবে ঐ সকলের অভাব কিরূপে পূর্ণ করা হয় ?
[উত্তর] পশুর [আলস্তনের] পরে ঐ যে পুরোডাশ দেওয়া
হয়, এতদ্বারাই সেই সকলের অভাবের পূরণ হয়। [কেন
না] [পূর্বোক্ত মনুষ্যাশাদি] পশুগণের নিকট হইতে যজ্ঞভাগ চিয়া গিয়াছিল; তাহাই [ভূমিপ্রবেশ করিয়া] ত্রীহি ও
যব রূপে উৎপন্ন হইয়াছিল। সেইজন্য এই যে পশুর [আলভ্রানর] পর পুরোডাশ দেওয়া হয়, ইহাতে আমাদের যজ্ঞভাগযুক্ত পশু দারাই ইফ লাভ হয়, কেবল পশু দারাই

⁽ ३) भूर्त्स त्यव । (३) भूर्त्स त्यव ।

আমাদের ইফ লাভ হয়। যে ইহা জানে, তাহার যজ্ঞভাগযুক্ত পশু দারাই ইফ লাভ হয়—কেবল পশু দারাই তাহার
ইফ লাভ হয়।

পুরোডাশদানে পশুদানেরই ফল পাওরা যায়। পর্যান্নিকরণ হইতে পুরোডাশ-দান পর্যান্ত কর্ম্ম য**ঠ** অধ্যায়েই পুর্ব্বে বিবৃত হইয়াছে।

দ্বিতীয় খণ্ড বপাস্তোক-হোম

বপাতোকহোমের প্রৈষ মন্ত্র—"তম্ম বপাং · · · গচ্চানিতি"

সেই পশুর বপা ' [উদরের উপর হইতে] ছিম্ম করিয়া [অগ্নিতে পাকার্থ] আনা হয়। অধ্বর্মু তাহার উপর ক্রব ' হইতে মৃতধারা নিক্রেপ করিয়া, "স্তোকের (বপা হইতে ক্ররিত জলবিন্দুর) অনুকূল মন্ত্র পাঠ কর" [হোতাকে] এই [প্রৈষ্ মন্ত্র] বলেন। [বপা হইতে] এই যে বিন্দুসকল ক্ররিত হয়, ঐ বিন্দুসকল সকল দেবতার প্রিয়; ইহারা অসন্তুফ হইয়া যেন দেবগণের নিকট না যায়, এই উদ্দেশেই [উহাদের অনুকূল মন্ত্রপাঠার্থ মৈত্রাবরুণকে আহ্বান হয়]।

মৈত্রাবরুণপাঠ্য অমুবচন—"জুযস্ব · · জুহোতি"

* "জুষস্ব সপ্রথস্তম্" এই মন্ত্র পাঠ করিবে। "বচো

⁽ ১) উদরের উপরে বেতবর্ণ যে মেদ, তাহার নাম বপা। ঘৃতাক্ত ও অগ্নিতপ্ত বপা হইতে ক্ষরিত বিন্দুসকলের দারা হোম বপান্ডোকহোম।

⁽২') আজ্যাদির হোমে ব্যবহৃত খদিরকাঠের হীতাকে শ্রুব বলে।

^{(0) 3194131}

দেবপ্দরস্তমম্। হব্যা জুহ্বান আসনি" এতদ্বারা [দ্বিতীয় ও তৃতীয় চরণ পাঠ দ্বারা] ঐ বিন্দুসকলকে অগ্নির মুখেই আহুতি দেওয়া হয়।

মস্ত্রের অর্থ—অহে অগ্নি, এই হব্য আত্তে (মুথে) নিক্ষেপ করিয়া অতিশয় বিস্তৃত ও দেবগণের প্রীতিজনক এই স্তৃতিবাক্যে প্রীত হও।

তৎপরে পঞ্চধাগ্যুক্ত স্থক্তের বিধান—"ইমং…অবাহ"

"ইমং নো যজ্ঞময়তেয়ু ধেহি" ইত্যাদি দূক্ত° পাঠ করিবে।

ঐ অগ্নিস্থক্তের প্রথম ঋকের ব্যাখ্যা—"ইমা...তদাহ"

"ইমা হব্যা জাতবেদো জুষস্ব"—এই [দ্বিতীয় চরণে] হব্য দারা [জাতবেদা অগ্নির] প্রীতি প্রার্থনা হয়। "স্তোকানা-মগ্নে মেদসো ঘৃতস্থ" এই [তৃতীয়] চরণে [ঐ বিন্দুসকলকে] মেদের (বপার) ও ঘৃতের [বিন্দুই] বলা হইল। "হোতঃ প্রাশান প্রথমো নিষ্য" এই [চতুর্থ] চরণে অগ্নিই দেবগণের হোতা; সেই অগ্নি, তুমিই প্রথমে উপবিষ্ট হইয়া [বিন্দুসকল] ভক্ষণ কর—ইহাই বলা হইল।

সমস্ত মন্ত্রের অর্থ—অহে জাতবেদা অগ্নি, তুমি আমাদের বজ্ঞকে অমরগণের নিকট রাথ; এই হবাসকলে প্রীত হও; অহে হোতা, প্রথমে উপবিষ্ট হইয়া মেদের ও ঘ্বতের এই বিন্দুসকলকে ভক্ষণ কর।

স্ক্রগত দ্বিতীয় ঋক্ —" দ্বতবস্তঃ...আশাস্তে"

"মৃতবন্তঃ পাবক তে স্তোকাশ্চোতন্তি মেদসঃ" —এই বিক্
বাক্যে উহাদিগকে মেদেরই (বপার) এবং মৃতেরই [বিক্
ব

⁽৪) ৩। ২১। ১। তৃতীর মণ্ডলের একঁবিংশ স্ক্তের বিধান হইল।

^{(()} ७।२১।२।

বলা হইল। "স্বধর্মাং দেববীতয়ে শ্রেষ্ঠং নো ধেহি বার্য্যয়"— এতদ্বারা [স্বধর্মে নিধানরূপ] আশিষ প্রার্থনাই হইল।

ঋকের অর্থ—হে পাবক, তোমার জ্বন্ত মেদের বিন্দুসকল স্বতযুক্ত হইরা ক্ষরিত হইতেছে, দেবগণের ভক্ষণার্থ তুমি আমাদিগকে শ্রেষ্ঠ স্বধর্ম্মে নিধান কর। তৃতীয় ঋক্—" "তুভাং অআশাস্তে"

"তুভ্যং স্তোকা মৃতশ্চু তোহমে বিপ্রায় সন্ত্য"—এই বাক্যেও উহাদিগকে মৃতশ্চুত (মৃতপ্রাবী) বলা হইল। "ঋষিঃ প্রেষ্ঠঃ সমিধ্যসে যজ্ঞস্থ প্রাবিতা ভব"—এতদ্বারা যজ্ঞের সমৃদ্ধি প্রার্থনা হইল।

ঋকের অর্থ—হে দানকুশল অন্নি, এই ঘৃতপ্রাবী বিন্দুসকল বিপ্রারূপী ভোমার জন্ত ই বর্ত্তমান। তুমি ঋষি ও শ্রেষ্ঠ, ভোমাকে প্রজ্ঞলিত করিতেছি, তুমি যজ্ঞের রক্ষক হও।

চতুৰ্থ ঋক্—া "তুভাং শ্চোতস্তি…আশাস্তে"

"হুভাং শ্চোতন্ত্যপ্রিগো শচীব স্তোকাসো অগ্নে মেদসো ঘুতস্ত"—এতদ্বারা উহাদিগকে মেদেরই এবং ঘুতেরই [বিন্দু] বলা হইল। "কবিশস্তো রহতা ভামুনাগা হব্যা জুষস্ব মেধির" এতদ্বারাও হব্যে প্রীতি প্রার্থনা হইল।

ঋকের অর্থ—অহে অধিগু, অহে শক্তিমান্ অগ্নি, বপাবিন্দুসকল ও ম্বত-বিন্দুসকল তোমার জন্ম ক্ষরিত হইতেছে। তুমি কবিগণ কর্ত্তক স্থত হইয়া মহৎ তেজের সহিত আগমন কর। যে মেধাবী, তুমি আমাদের হব্যে প্রীত হও।

পঞ্চম ঋক্— "ওজিষ্ঠং ··· বীহীতি"

"প্রজিষ্ঠং তে মধ্যতো মেদ উদ্ধৃতং প্র তে বয়ং দদামহে। শ্চোতন্তি তে বদো স্তোকা শ্বধিশ্বচি প্রতি তান্ দেবশো বিহি"—এতদ্বারা যেমন "সোমস্ত অগ্নে বীহি"—অগ্নি তুমি সোম ভক্ষণ কর—[ইহা বলিয়া বষট্কার উচ্চারণ হয়], সেই-রূপ ঐ মন্ত্রের পর ইহাদের (ঐ বিন্দুসকলের) উদ্দেশে বষট্-কার উচ্চারণ হয়।

ঋকের অর্থ—অহে অগ্নি, পশুর মধ্য হইতে বলিষ্ঠ মেদ উদ্ধৃত করিয়া আমরা তোমার জন্ম প্রদান করিতেছি; অহে বস্থা, বপার উপরিস্থিত বিন্দুসকল তোমার জন্ম করিত হইতেছে; দেবগণের তুট্টির জন্ম সেই প্রত্যেক বিন্দু ভক্ষণ কর। এই শেষ মন্ত্রের পর বষট্কার উচ্চারণ করিয়া আছতি দেওয়া হয়। তৎপরে বিন্দুসকলের প্রশংসা—"তদ্ যদ্—উপাচরতি"

এই যে বিন্দুসকল বপা হইতে ক্ষরিত হয়, ঐ বিন্দুসকল সকল দেবতারই প্রিয়; এই হেতু র্ষ্টিও (মেঘ হইতে জল-র্ষ্টিও) বিন্দু বিন্দু বিভক্ত হইয়া [ভূমিতে] পতিত হয়।

তৃতীয় খণ্ড বপাহোম

বপাহোম শব্দে কতিপর প্রশ্ন ও উত্তর, যথা—"তদাহঃ াবজ্ঞীতি"
এ বিষয়ে [ব্রহ্মবাদীরা] বলেন, [এ স্থলে] স্বাহাকৃতিগণের
(অন্তিম প্রযাজ দেবতাগণের) পুরোহনুবাক্যা কি হইবে ?
প্রৈষ কি হইবে ও যাজ্যাই বা কি হইবে ? [উত্তর]
[বপাবিন্দুর অনুকৃলে মৈত্রাবরুণ] যে যে [অনুবচন] পাঠ
করেন, তাহাই [স্বাহাকৃতি-যাগের] পুরোহনুবাক্যা হয়;

^{()) &}quot;जूरच मध्यथस्यम्" ()। १०। 🕏)—भूत्व २०२ शृष्ठे (तर

[প্রৈষসূক্তে] যে [পশুপ্রযাজের অন্তিম] প্রৈষ, ' তাহাই [স্বাহা-কৃতিযাগে] প্রৈষ হয় ; [আপ্রীসূক্তে] যে [অন্তিম] যাজ্যা, " তাহাই [স্বাহাকৃতির] যাজ্যা হয়।

আবার [ব্রহ্মবাদীরা] বলেন, স্বাহাক্বতির দেবতা কাহারা?
[উত্তর] বিশ্বদেবগণই [স্বাহাক্বতির দেবতা], ইহাই বলিবে।
সেই জন্মই "স্বাহাক্বতং হবিরদন্ত দেবাঃ"—দেবগণ স্বাহাকারসংস্কৃত হব্য ভক্ষণ করুন—এতদ্বারা [এই মন্ত্রাংশ দ্বারা]
যাগ করা হয় (অর্থাৎ উহাই যাজ্যারূপে পাঠ করা হয়)।

বপাহোম-প্রশংসার্থ আখ্যায়িকা—"দেবা বৈ…বপা"

দেবগণ যজ্ঞদারা, শ্রমদারা, তপস্থাদারা ও আহুতিসমূহদারা স্বর্গলোক জয় করিয়াছিলেন। বপাহোমের পরই তাঁহাদের নিকট স্বর্গলোক আবিভূতি হইল। তাঁহারা বপাহোম করিয়াই অন্য কর্ম্মদকল সম্পন্ন না করিয়াও উদ্ধ্ মুখে স্বর্গলোকে
গিয়াছিলেন। তদনন্তর মনুষ্যগণ ও ঋষিগণ যজ্ঞ জানিবার
উদ্দেশে যজ্ঞের কোন চিহ্ন দেখিব বলিয়া দেবগণের যজ্ঞভূমিতে
আসিয়াছিলেন। তাঁহারা [যজ্ঞভূমির] নিকটে বিচরণ করিতে
করিতে অঙ্গহীন (বপাহীন) পশুকে শ্য়ান (যজ্ঞভূমিতে পতিত)
অবস্থায় প্রাপ্ত হইলেন ও বুঝিলেন, এই যে বপাটুকু, তাহাই
পশু। সেই জন্ম এই যে বপাটুকু, তাহাই পশু।

দেবগণ পশুর বপামাত্র আহুতি দিয়া পশুর অন্থ অঙ্গ পরিত্যাগ করিয়াও স্বর্গলোকে গিয়াছেন, অতএব বপাই পশুর প্রধান অঙ্গ, বপাহোমেই পশুহোম সিদ্ধ হয়। স্মৃত্যাদিনে (সোমাভিষবের শেষদিনে)প্রাতঃসবনে পশুর বপা-

⁽২) ''হোতা যক্ষদশ্নিং স্বাহাজ্যন্ত'' ইত্যাদি একাদশ প্রযাজ যাগের প্রৈষ। পূর্বের দেখ।

⁽৩) "সন্যোজাতঃ" ইন্যাদি একাদশ প্রযাজের যাজা। পূর্বে ১৩৩ পৃষ্ঠ দেখ।

হোম হয় ও তৃতীয় সবনে পশুর হৃদয়াদি অগু অঙ্গের হোম হয়। বপাহোমেই বদি সমস্ত পশুর হোম সিদ্ধ হইল, তবে ঐ তৃতীয় সবনে অগ্রাগ্ত অঙ্গের হোমের প্রায়েজন কি, এই প্রায়ের মীমাংসা—"অথ বদেনং…বেদ"

অনন্তর, তৃতীয় দবনে এই পশুকে পাক করিয়া যে আহুতি দেওয়া হয়, তাহার উদ্দেশ্য এই যে, বহুল আহুতিদারাই আমাদের ইউ লাভ হউক, কেবলমাত্র পশুদারাই আমাদের ইউ লাভ হউক। যে ইহা জানে, তাহার বহুল আহুতিদারাই ইউ লাভ হয়।

বপাহোমের পর অন্ত অঙ্কের হোম স্বর্গলাভপক্ষে আবশ্রক না হইলেও আছতির বাছল্যে কোন দোষ হয় না। "অধিকং নৈব দোষায়"

চতুৰ্থ খণ্ড

বপাহোমপ্র**শং**সা

বপাহোমপ্রশংসা—"সা বা · · · জয়তি"

এই যে বপাহুতি, ইহা বস্তুতঃ অমৃতাহুতি। [সেইরূপ]
অগ্ন্যাহুতিও 'অমৃতাহুতি; দ্বতাহুতিও অমৃতাহুতি; সোমাহুতিও অমৃতাহুতি। এ সকলই অশরীর (অমরত্ব দান করে
বলিয়া শরীরনাশক) আহুতি। যে কিছু অশরীর আহুতি
আছে, তদ্বারা যজমান অমৃতত্ব (অমরত্ব বা অশরীরিত্ব) লাভ
করে।

⁽১) অগ্নিও কখন কথন আহতিষরপে ব্যবহৃত হয়, বথা—অগ্নিমন্থনে মথিত অগ্নিকে আহবনীয়ে আহতি দেওয়া হয়। পূর্ব্বে ৬২ পৃষ্ঠ দেখ।

পুনঃপ্রশংসা—"সা বা…পরিবাসয়েতি"

এই যে বপা, ইহা রেডঃম্বরপ। রেডঃ যেমন [নিষেকান্তে] লীন হয়, বপাও সেইরূপ [আহুতির পর] লীন হয়;
রেডঃ শুক্লবর্ণ; বপাও শুক্লবর্ণ; রেডঃ অণরীর; বপাও
অশরীর। এই যে রক্ত ও যে মাংদ, তাহাই শরীর; সেই
জন্মই [ঋত্বিক্ পশুর অঙ্গচ্ছেদনকর্তাকে] বলেন, যতক্ষণ
অলোহিত (রক্তশ্ন্য) না হয়, ততক্ষণ বপা ছেদন কর।

হোমের জন্ম বপাকে কর্মট অবদানে বা ভাগে বিভক্ত করিতে হইবে, তাহার বিশান—"সা•••লোকমেতি"

বপা পাঁচ অবদানে বিভক্ত হয়। যদি যজমান চতুরবত্তী হয়, ' তাহা হইলেও বপা পাঁচ অবদানে ভাগ করিবে। প্রথমে ঘৃত [জুহ,ূর] উপরে রাখিবে,[তাহার উপর] হিরণ্যখণ্ড, [তাহার উপর] বপা, [তাহার উপর] হিরণ্যখণ্ড, পরে [সকলের উপর] ঘৃতধারা দিবে।

(২) বিকল্পত (বৈচি) কাঠের পাত্র বাহাতে হোমার্থ ঘৃত রক্ষিত হন, উহার নাম প্রবা। যে পলাশনির্মিত হাতাতে হব্য গ্রহণ করিয়া অধ্বর্যু হোম করেন, তাহার নাম জুত্র। ডানি হাতে জুত্র ধরিয়া বাম হাতে জন্মথ কাঠের আর একখান হাতা ধরা থাকে, তাহার নাম উপভৃৎ। আর ঘৃতহোমের জন্ম খদিরকাঠের ছোট একখানি হাতা থাকে, তাহার নাম ক্রব। হোমের পূর্বের ক্রবারা প্রবা হইতে ঘৃত গ্রহণ করিয়া জুত্রতে রাথিয়া পরে অধ্বর্যু হোতাকে অনুবাকা। পাঠার্থ থৈর দ্বারা আহ্বান করে। পরে আবার তিনবার এক্রপ ঘৃত গ্রহণ করেন। এইরূপে চারিবারে হোমার্থ ঘৃত গ্রহণের নাম চতুরবত্ত। বে বজমানের পক্ষে এই ব্যবস্থা, সেই বজমান চতুরবত্তী। গোত্রতেদে কোন কোন বজমানের পক্ষে পাঁচবারে ঘৃত গ্রহণ বিহিত। সেই বজমান পঞ্চারতী। সমত হব্য হইতে এক একবার হোমের জন্ম কিরদংশ গ্রহণের নাম অবদান। গ্রন্থনে ঘৃত, মুর্ণওত, বৃপা, মুর্ণওত ও ঘৃত এই পাঁচটি বধাক্রমে আহতিরূপে গৃহীত হওয়ার পাঁচ অবদান হইল। হিরণ্যথতে হোম করিলেও বে কল, অভাবে ঘৃত ঘারা হোমেও সেই কল হয়।

এ বিষয়ে [ব্রহ্মবাদীরা] বলেন, যদি হিরণ্য না পাকে,
তবে কি হইবে ? [উত্তর] হইবার মৃত রাখিয়া তৎপরে
বপা অবদান করিয়া উপরে আর হইবার মৃতধারা দিবে।
মৃতই অমৃত ও হিরণ্যও অমৃত। সেই হেড় মৃতে যে ফল,
তাহা তাহাতেই লব্ধ হয়। হিরণ্যে যে ফল, তাহাও তাহাতেই
লব্ধ হয়। এইরূপে (হিরণ্যযুক্ত ও মৃতযুক্ত হইয়া) সেই
বপা পাঁচ-অবদানযুক্ত হয়।

এই পুরুষও (মনুষ্যদেহও) লোম, ত্বক্, মাংস, আছি ও
মজ্জা এই পাঁচভাগে বিভক্ত হইয়া পঞ্চ [-অবয়ব-] বিশিক্ট।
সেই পুরুষ যেরূপ (পঞ্চ-অবয়ববিশিক্ট), যজমানকেও সেইরূপ
[পাঁচ অবদানে] সংস্কৃত করিয়া [বপাহোমদারা] দেবযোমি
অমিতে আহুতি দেওয়া হয়। অমিই দেবযোনি। সেই
যজমান দেবযোনি অমি হইতে আহুতিসমূহের সহিত মিলিত
হইয়া হিরণ্যশরীর হইয়া উদ্ধ্ মুখে স্বর্গলোকে গমন করে।

পঞ্চম খণ্ড

প্রাতরসুবাক

প্রাভরম্বাক ' বিষয়ে প্রৈয় মন্ত্র — "দেবেভ্যঃ…… সধ্বর্য়ঃ"
সহে হোভা, [স্থত্যাদিনের] প্রাভঃকালে স্বাগমনকারী

^{(&}gt;) সোমবাগের শেষদিনকে স্বত্যাদিন বলে । সেই দিন সোমের অভিবৰ হয়। ঐ দিন ইন্টোদরের পূর্বে অগ্নি, উবা ও অধিবরের উদ্দেশে হোতা অধ্যর্গুত্থেষিত চইরা স্কর্-মন্ত পাঠ করেল। এই অনুষ্ঠানের নাম প্রাতরস্থবাক। পূর্বেগ্যাদরের পূর্বেগ অনুষ্ঠানের নাম প্রাতরস্থবাক। পূর্বেগ্যাদরের পূর্বেগ অনুষ্ঠানের নাম প্রাতরস্থবাক। পূর্বেগ্যাদরের পূর্বেগ অনুষ্ঠানের কারণ প্রত্বেগ্যাদরের স্থিতি অনুষ্ঠানের নাম প্রাতরস্থবাক। পূর্বেগ্যাদরের পূর্বেগ অনুষ্ঠানের নাম প্রাতরস্থবাক। পূর্বেগ অনুষ্ঠানের কারণ প্রত্বেগ্যাদরের নাম প্রত্বেগ্যাদরের প্রত্বেগ্যাদরের প্রত্বেগ্যাদরের প্রত্বেগ্যাদরের প্রত্বেগ্যাদরের প্রত্বেগ্যাদরের স্বাত্ব প্রত্বেশ্বিক স্বাত্ব ক্রিক স্বাত্বিক বিশ্ব ক্রিক স্বাত্ব প্রত্বেশ্ব করেল প্রত্বেশ্ব করেল প্রত্বেশ্ব করেল প্রত্বেগ্যাদরের স্বাত্ব করেল প্রত্বেশ্ব করেল স্বাত্ব করেল প্রত্বেশ্ব করেল প্রত্বেশ্

দেবগণের অমুকূল মন্ত্র পাঠ কর—অধ্বয়্ত্র এই [প্রৈষমন্ত্র] বলেন।

উহার ব্যাখ্যা—"এতে বাব...এবং বেদ"

এই যে অগ্নি, উষা ও অশ্বিদ্বয়, এই দেবতারাই [সেই দিন]
প্রাতঃকালে আগমন করেন। ইহাঁরা প্রত্যেকে সাত সাত
ছেন্দোযুক্ত মন্ত্রদারা আগমন করেন। বৈ ইহা জানে, ঐ
প্রাতঃকালে আগমনকারী দেবতাগণ তাহার যজ্ঞে আগমন
করেন।

প্রাতরম্বাকের দেবসম্বর্চার—প্রজাপত্রে…এবং বেদ"

পুরাকালে [কোন যজে] প্রজাপতি স্বয়ং হোতা হইয়া প্রাতরন্থাক পাঠে উন্নত হইলে দেবগণ ও অস্তরগণ, উনি আমাদের উদ্দেশে [অনুবচন পাঠ করিতেছেন], উনি আমাদের উদ্দেশে অনুবচন পাঠ করিতেছেন, এই বলিয়া যজ্ঞের সমীপে উপস্থিত হইয়াছিলেন। তিনি (প্রজাপতি) কিস্ত দেবগণের উদ্দেশেই অনুবচন পাঠ করিয়াছিলেন। তাহাতে দেবগণেরই জয় হইল; অস্তরেরা পরাভূত হইল। যে ইহা জানে, সে স্বয়ং জয় লাভ করে; তাহার দ্বেষকর্ত্তা পাপী শক্রও পরাভূত হয়।

প্রাতরম্বাক শব্দের ব্যুৎপত্তি—"প্রাতবৈ · · প্রাতরমূবাকত্বম্"

সেই প্রজাপতি প্রাতঃকালেই দেবগণের উদ্দেশে অমুবচন পঠি করিয়াছিলেন; তাহাই প্রাতরত্ববাকের প্রাতরত্ববাকত্ব।

^{া (} ২া) প্রত্যেকর পক্ষে বধাক্রমে এই সাত ছন্দের ঝক্ পঠিত হর ;—গারত্রী, অমৃষ্ট্রপূর্, বিষ্ট্রপূর্, বৃহতী, উন্দিন্ধ, রগতী ও পঙ্জি । প্রত্যেকের পক্ষে ছন্দ এক; কিন্তু হয় বহুত্র ; মন্ত্রগুলির লক্ষ্য আমলারন সৌতহত্ত্র দেখ।

প্রাতরমুবাকের কালনির্দেশ—"মহতি রাজ্যা ... ব্রন্ধণি চ"

রাত্রির ব্রথিক [অবশিষ্ট] থাকিতে (অর্থাৎ সূর্য্যোদয়ের অধিক পূর্বেই) অনুবচন পাঠ কর্ত্তব্য; তাহা হইলে সমস্ত [লোকিক] বাক্যের ও সমস্ত ব্রহ্মবাক্যের (েল্ফাক্রের) পরিগ্রহ ঘটে। যে ব্যক্তি [লোকসমাজে] উৎকৃষ্ট^{শই} <mark>সকল ঠ</mark>েতা লাভ করে, সে পূর্বের কথা কহিলে [অন্য ইতরলোকে] ইইার পরে কথা কহে। এই জন্ম রাত্রি অধিক থাকিতেই অনুবচন পাঠ কর্ত্তব্য। [নিদ্রিত লোকে জাগরণের পর] কথা কহিবার পূর্ব্বেই অমুবচন পাঠ কর্ত্তব্য। যদি [সেই সকল লোক] পূর্ব্বে কথা কহিলে, তৎপরে অনুবচন পাঠ করা হয়, তাহা হইলে এত-দ্বারা অন্য লোকের (ইতর লোকের বা নীচ লোকের) কথার পর কথা কহা হয়। [°] সেই জন্ম রাত্রি অধিক থাকিতেই অনু-বচন পাঠ কর্ত্তব্য। পাখী ডাকিবার পূর্বের অনুবচন পাঠ করিবে। এই যে পক্ষিদকল ও এই যে শকুনিদকল, ইহারা [মৃত্যুদেবতা] নিখাতির মুখস্বরূপ। সেই জন্ম পাথী ডাকি-বার পূর্বের অনুবচন পাঠ করিবে; ইহার উদ্দেশ্য এই যে, অয-জ্ঞিয় বাক্য (পক্ষ্যাদির ধ্বনি) পূর্ব্বে কথিত হওয়ার পরে যেন

⁽৩) স্ত্যাদিনের পূর্বাদিনের অগ্নীযোমীয় পশু অনুষ্ঠান বিহিত ংইয়াছে। সেই দিনের নাম উপবস্থ। ঐ দিবস শেষরাত্রিতে স্ত্যাদিনের স্বর্ষ্যা পুর্বের প্রতিরন্ধাক পাঠ বিহিত। অপর লোক জাগিবার পূর্বের ও পাথী ভাকিবার পূর্বেই যেন পাঠ সমাপ্ত হয়, এমন সময়ে পাঠ আরম্ভ করিবে।

⁽৪) বড় লোকে কণা কহিলে পরে নীচ লোকে কথা কহিবে, ইহাই সামাজিক নিরম।
প্রাতরমুবাক পাঠ বড়লোকের কথার শক্ষ । অক্ত লোকে যেন তৎপুর্বেক কথা কহিতে না পান্ন,
ইহাই তাৎপর্যা।

⁽৫) শকুনি শব্দে অশুভ-নিমিত্ত-সচক পক্ষী বুঝাইতেছে (দায়ণ)।

[প্রাতরমুবাক] পঠিত না হয়। সেই জন্ম রাত্রি অধিক থাকিতেই অমুবচন পাঠ কর্ত্তব্য।

অথবা যথনই অধ্বর্গ প্রৈষমন্ত্র বলিবেন, তখনই অমুবচন পাঠ ক্রি আড়ি উ ঠি করেন; [পরে] হোতাও [বৈদিক] বাক্যদ্ব লি ক্রিটিন পাঠ করেন। এই বাক্যই ব্রহ্ম (বেদ-স্বরূপ); সেই জন্ম বাক্যেও ব্রহ্মে যে ফল, এতদ্বারা সেই ফলই লব্ধ হয়।

ষষ্ঠ খণ্ড

প্রাতরমুবাক

প্রাভরম্বাকের প্রথম ঋক্ সম্বন্ধে আখ্যায়িকা—"প্রজাপত্তী নির এবং বেদ" প্রজাপতি স্বয়ং হোতা হইয়া প্রাতরত্বাক পাঠে উন্নত হইলে সকল দেবতাই, আমার উদ্দেশেই [উনি] প্রথমে অনুবচন আরম্ভ করিবেন, আমার উদ্দেশেই [করিবেন], এই রূপ আশা করিয়াছিলেন। সেই প্রজাপতি দেখিলেন, যদি [ইহাদের মধ্যে কোন] একজন দেবতাকে উদ্দেশ করিয় প্রথমে আরম্ভ করি, তাহা হইলে অন্য দেবতাগণ কিরূপ ক্রমাত্ব-সারে আমার লক্ক হইবেন;—ইহা ভাবিয়া (অর্থাৎ অপক্ষপাত

⁽৬) অধ্বর্গ হোতাকে প্রাতরমুবাক পাঠার্থ ও অস্ত ঋষিক্গণকে অস্ত কর্মের জন্ম অনুত করেন।

দেখাইবার জন্ম) তিনি "আপো রেবতীঃ" । এই ঋক্ দর্শন বির্বাবন । কেন না, অপ্সমূহই (জলই) সকল দেবতার স্বরূপ; রেবতীসমূহও সকল দেবতার স্বরূপ। তিনি এই ঋক্দারা প্রাতরন্থবাক আরম্ভ করিলেন; তাহাতে সেই সকল দেবতাই আমার উদ্দেশেই আরম্ভ হইয়াছে, আমার উদ্দেশেই হইয়াছে, ভাবিয়া আনন্দিত হইলেন। সেই জন্ম এই ঋকে প্রাতরন্থবাক আরম্ভ করিলে সকল দেবতাই আনন্দিত হন। যে ইহা জানে, তাহার প্রাতরন্থবাক সকল দেবতার উদ্দেশেই আরম্ভ হয়। এই ঋকের আখ্যায়িকা দ্বারা প্রশংসা—"তে দেবাঃ"

সেই দেবগণ ভয় করিয়াছিলেন, যেমন ওজস্বী (দৈহিক দামর্থ্যস্ক্র) ও বলবান্ (সৈল্যসহায়) ব্যক্তিরা [ছর্বলের ধন হরণ করে], সেইরূপ এই অম্বরেরা আমাদের এই প্রাতঃকালের যজ্ঞ (প্রাতরন্থবাক) অপহরণ করিবে। তখন ইন্দ্র তাঁহাদিগকে বলিলেন, তোমরা ভয় করিও না, আমি প্রাতঃকালেই উহাদের (অম্বরদের) প্রতি তিন কারণে সয়দ্ধ বজ্ঞ প্রহার করিব। ইহা বলিয়া সেই ["আপো রেবতীঃ" ইত্যাদি] ঋক্ পাঠ করিয়াছিলেন। ঐ ঋকের দেবতা 'অপো নপ্তা',— সেই কারণে উহা বজ্রস্বরূপ; উহার ছন্দ ত্রিন্টুপ্, সেই [দ্বিতীয়] কারণে উহা বজ্রস্বরূপ; উহা বাক্য, এই [ভৃতীয়]

⁽১) আপো রেবতী: ক্ষরথা হি বথ: ক্রত্যু চ'ভদ্রাং বিভৃথামৃতক। রারণ্ট স্থ স্থপত্যক্ত পদ্ধী:
সরস্বতী তদ গৃণতে বরোধাং । (১০।৩০।১২) ঐ মত্রে প্রাতরমুবাক জারস্থ করিতে হর।
তার পর বিভিন্ন দেবতার উদ্দিষ্ট বিহিত ছন্দের মত্র পাঠ হয়। রারো ধনানি যাসাং মন্ত্রীভি
বেষতাঃ (সায়ণ)। ধনবন্তাহেতু সকল দেবতাই রেবতী।

⁽ २) প্রজাপতি শ্বরংও বৈদিক মন্ত্রের ডাষ্ট্রা। কেন না বেদ অপৌক্লবের।

কারণে উহা বজ্রস্বরূপ। [তৎপরে ইন্দ্র] উহাদের প্রতি তাহা প্রহার করিলেন ও তদ্ধারা উহাদিগকে হত্যা করিলেন। তাহাতে দেবগণ জয়লাভ করিল ও অস্থরেরা পরাভূত হইল। যে ইহা জানে, সে স্বয়ং জয়লাভ করে ও তাহার দ্বেষকর্ত্তা পাণী শত্রু পরাভূত হয়।

দেই জন্ম ঐ ঋক তিনবার পাঠ করিবে—"তদাছঃ···প্রজাতিঃ"

এ বিষয়ে [ব্রহ্মবাদীরা] বলেন, যে এই ঋকে সকল ছন্দ জন্মাইতে পারে, সেই [উৎকৃষ্ট] হোতা হয়। ইহা তিনবার পঠিত হইলেই সকল ছন্দেৱ স্বরূপ হয়; এইরূপেই সকল ছন্দ জন্মে।

সপ্তম খণ্ড

প্রাতরমুবাক

বিশিষ্ট ফলকামনায় প্রাতরমুবাকে অন্তবিধ ঋক্সংখ্যার বিধান—"শতমন্চ্যং… অপরিমিতমেবানূচ্যম্"

আয়ুক্ষামীর জন্ম শত মন্ত্র পাঠ করিবে। পুরুষ শতায়ুঃ, শতবীর্ঘ্য, শতেন্দ্রিয়; এতদ্বারা তাহাকে আয়ুতে, বীর্ঘ্যে ও ইন্দ্রিয়ে স্থাপন করা হয়।

যজ্ঞকামীর জন্ম তিনশত ষাটি মন্ত্র পাঠ করিবে। সংবৎ-সরের দিন তিনশত ষাটি; তাহা লইয়াই সংবৎসর; সংবৎসরই প্রজাপতি, প্রজাপতিই যজ্ঞ। ইহা জানিয়া যাহার জন্ম তিন-শত যাটি মন্ত্র [হোতা] পাঠ করেন, যজ্ঞ তাঁহার নিকট প্রণত হয়। প্রজাকামীর ও পশুকামীর জন্ম সাত শত বিশ মন্ত্র পাঠ করিবে। সংবৎসরে সাত শত বিশ অহোরাত্র; তাহাদের লইয়া সংবৎসর; সংবৎসরই প্রজাপতি; আর যিনি অত্যে জাত হইলে তৎপরে এই বিশ্বরূপ (প্রজাপশ্বাদিযুক্ত অথিল বস্তু) জন্মগ্রহণ করে, এতদ্বারা (উক্ত-সংখ্যক মন্ত্র পাঠে) [যজমান] সেই অগ্রজন্মা প্রজাপতির পরই প্রজাদ্বারা ও পশুদ্বারা [সমৃদ্ধ হইয়া] জাত (উৎপন্ন) হয়। যে ইহা জানে, সে প্রজাদ্বারা ও পশুদ্বারা [সমৃদ্ধ হইয়া] জাত হয়।

অব্রাহ্মণরূপে কথিতের জন্ম, বা যে ছুরুক্ত (অপবাদগ্রস্ত)
রূপে কথিত ও মলিনরূপে স্বীকৃত হইয়া যাগ করে, তাহার
জন্ম, আট শত মন্ত্র পাঠ করিবে। গায়ত্রী অফাক্ষরা; দেবগণ
গায়ত্রীদ্বারাই মলিন পাপকে বিনাশ করিয়াছিলেন। এতদ্বারা
গায়ত্রীদ্বারাই যজমানের মলিন পাপকে বিনাশ করা হয়।
যে ইহা জানে, সে পাপকে বিনাশ করে।

স্বর্গকামীর জন্ম সহস্র মন্ত্র পাঠ করিবে। একদিনে অশ্ব যতদূর যায়, স্বর্গলোক এখান হইতে তাহার সহস্র গুণ দূরে; এতদ্বারা স্বর্গলোকপ্রাপ্তি, [সেখানে] সম্পত্তি (ঐশ্বর্যালাভ) ও [দেবগণসহ] সঙ্গতি (মিলন) ঘটে।

[সর্বকামসিদ্ধির জন্ম] অপরিমিত (শেষ রাত্রিতে সূর্যোদিরের পূর্বের যত পারা যায় তত) মন্ত্র পাঠ করিবে। প্রজাপতি অপরিমিত; এই যে প্রাতরত্বাক, তাহা প্রজাপতির উক্থ (প্রিয় স্তুতি); সেই [হোতা] যদি সর্বকামপ্রাপ্তির জন্ম অপরিমিত মন্ত্র পাঠ করে, তবে সেই [যজমানের] সর্বাক

কামনা লব্ধ হয়। যে ইহা জানে, সে সকল কামনা লাভ করে। সেই জন্ম অপরিমিত মন্ত্র পাঠ করিবে।

প্রাতরম্বাকের উদ্দিষ্ট দেবতা তিন; অগ্নি, উবা ও অধিষয়; তদমুসারে উহার তিন ভাগ। প্রত্যেক ভাগে পাঠ্য অমুবচন মন্ত্রের ছন্দের সংখ্যা বিধান— "সপ্তাগ্নেয়ানি…অভিজ্ঞিতা"

সাতটি ছন্দে অগ্নির উদ্দিষ্ট মন্ত্র পাঠ করিবে। 'কেন না, দেবলোকের সংখ্যা সাতটি। যে ইহা জানে, সে সকল দেবলাকেই সমৃদ্ধ হয়। সাতটি ছন্দে উষার উদ্দিষ্ট মন্ত্র পাঠ করিবে; কেন না গ্রাম্য পশুর সংখ্যা সাতটি। ' যে ইহা জানে, সে গ্রাম্য পশুসকল লাভ করে। সাতটি ছন্দে অশ্বিদ্রের উদ্দিষ্ট মন্ত্র পাঠ করিবে; কেন না, [লোকিক সপ্তান্তর উদ্দিষ্ট মন্ত্র পাঠ করিবে; কেন না, [লোকিক সপ্তান্তর গানরূপ] বাক্য সাত প্রকারে (সাত স্বরে) কথিত হয়; [বৈদিক সামরূপী] বাক্যও তত প্রকারেই কথিত হয়। ইহাতে সমস্ত [লোকিক] বাক্যের ও সমস্ত ব্রন্ধের (বৈদিক বাক্যের) পরিগ্রহ ঘটে।

তিন দেবতার উদ্দেশেই মন্ত্র পাঠ করিবে। এই লোক-ত্রয় (স্বর্গ, অন্তরিক্ষ ও ভূমি) ত্রির্ব্ত (তিনগাছি সূত্রে প্রস্তুত্ত রজ্জুর মত মিলিত); ইহাতে এই লোকসকলের জয় ঘটে।

^{(&}gt;) তিন দেবতার পক্ষেই সাতটি ছন্দ বধাক্রমে—গারত্রী, অনুষ্টুপ্, ত্রিষ্টুপ্, বৃহতী, উঞ্চিক্, জগতী ও পঙ্জি। (পূর্বে দেখ)

⁽২.) গ্রীম্য পশু সাতটি বৌধায়ন মতে—জ্জ, অখ, গো, মহিষী, বরাহ, হন্তী, জ্বভরী। জ্বাপন্তস্থ মতে—জ্জ, অবি (মেব), গো, অখ, গর্দ্ধন্ন, উষ্ট্র, নর।

অফ্টম খণ্ড প্রাতরমুবাক

প্রাতরম্ববাকে মন্ত্রপাঠের নিয়ম নির্দেশ—"তদাহঃ...তেনেতি"

এ বিষয়ে [ব্রহ্মবাদীরা] প্রশ্ন করেন, প্রাতরমুবাক কিরূপে পাঠ করিবে ? [উত্তর] প্রাতরমুবাক ছন্দের ক্রমানুসারে পাঠ করিবে। ' এই যে ছন্দ সকল, ইহারা প্রজাপতির অঙ্গ-স্বরূপ; এবং এই যিনি যাগ করেন, তিনিও প্রজাপতির স্বরূপ। এই জন্ম ঐরূপ পাঠ যজমানের পক্ষে হিতকর।

[কাহারও মতে] প্রাতরন্মবাক [প্রতি মন্ত্রে] পাদশঃ (প্রত্যেক চরণের পর) [বিরাম দিয়া] পাঠ করিবে। কেন না পশুগণ চতুষ্পাদ; ইহাতে পশুলাভ ঘটে।

প্রিমতের খণ্ডন আর্দ্ধ ঋক্ ক্রমেই প্রেতি চরণে বিরাম না দিয়া অর্দ্ধঋক্ পাঠান্তে বিরাম দিয়া)পাঠ করিবে। যেমন [অধ্যয়ন কালে]পাঠ করা হয়, সেইরূপেই পাঠ করিলে প্রতিষ্ঠা ঘটিবে। কেন না পুরুষ (মনুষ্য) দ্বিপ্রতিষ্ঠ (ছই পায়ে প্রতিষ্ঠিত); আর পশুগণ চতুম্পাদ। এতদ্বারা যজমানকে দ্বিপ্রতিষ্ঠ করিয়া চতুম্পাদ পশুতে স্থাপনা করা হয়। এই জন্য অর্দ্ধ ঋক্ ক্রমেই পাঠ করিবে।

এ বিষয়ে আবার [ব্রহ্মবাদীরা] প্রশ্ন করেন, এই যে [পূর্ব্বোক্ত ক্রমান্ত্র্সারে ছন্দ পাঠ] ইহা [অক্ষরসংখ্যান্ত্র্যায়ী ক্রমের] বিপরীত হইয়াও কেন বিপরীত হইল না !

⁽১) ছন্দের ক্রম পূর্বের দেখান হইয়াছে। ১৬৩ পৃষ্টে পাদটীকা (১) দেখ।

[উত্তর] উহার মধ্য হইতে ব্রহতী ছন্দ অপগত হয় নাই; তজ্জ্জ্ম সেই মতেই (উক্ত ক্রমানুসারেই) পাঠ করিবে।

প্রাতরত্বাকের মন্ত্র কর্মটিতে অক্ষর সংখ্যাত্মসারে ছন্দের ক্রম এইরূপ হওয়া উচিত; গায়ত্রী, উঞ্চিক্, অন্নষ্টুপ, বৃহতী, পঙ্ক্তি, ত্রিষ্টুপ, জগতী। তাহা হইলে গায়ত্রীতে চব্বিশ অক্ষর হয় ও পরের ছন্দগুলিতে অক্ষরসংখ্যা ক্রমশঃ চারিটি করিয়া বাড়ে। কিন্তু প্রাতরত্বাকে বিহিত ছন্দের ক্রম বিপরীত, অর্থাৎ ঠিক্ ঐরপ নহে; যথা—গায়ত্রী, অন্নষ্টুপ, ত্রিষ্টুপ, বৃহতী, উঞ্চিক্, জগতী, গঙ্কি উভয়তই বৃহতী ছল মধ্যে অর্থাৎ চতুর্থ স্থানে থাকাতে এই ক্রমবিপর্য্যায়ে দোষ হইল না, ইহাই তাৎপর্য্য। (সায়ণ)

প্রাতরত্বাকের প্রশংসা—"আহুতিভাগাএবং বেদ"

কোন কোন দেবতা [যজুর্বেদবিহিত] আহুতির ভাগী, অন্য দেবতারা [সামবেদগত] স্তোমের ভাগী অথবা [শঙ্-মন্ত্রময়] ছন্দের ভাগী; অগ্লিতে যে সকল আহুতি দেওয়া হয়, তাহাতে আহুতিভাগীরা প্রীত হন, আর [স্তোম দ্বারা] যে স্তব্য করা হয় এবং [ঋক্ দ্বারা] যে প্রশংসা করা হয়, তাহাতে স্তোমভাগীরা ও ছন্দোভাগীরা প্রীত হন। যে ইহা দ্বানে, তাহার প্রতি এই উভয়বিধ (আহুতিভাগী এবং স্তোম-ছন্দোভাগী) দেবতারা প্রীত হইয়া অভীক্তপ্রদ হন।

তেত্রিশজন দেবতা সোমপায়ী, আর তেত্রিশজন সোমপায়ী নহেন। অফ বস্থ, একাদশ রুদ্র, দ্বাদশ আদিত্য,
প্রজাপতি, বষট্কার, ইঁহারা সোমপায়ী; আর একাদশ
প্রযাজ, একাদশ অনুযাজ, একাদশ উপযাজ, ইঁহারা সোমপায়ী
নহেন, ইহারা পশুভাগী। অতএব সোমদ্বারা সোমপায়ীদিগকে
ও পশু দ্বারা অসোমপদিগকে প্রীত করা হয়। যে ইহা জানে
তাহার প্রতি উভয়বিধ দেবতা প্রীত ও অভীষ্টপ্রদ হন।

এম্বলে প্রবাজ অমুবাজ ও উপবাজ বলিতে পশুকর্মে বিহিত তত্তৎ যাগের উদ্দিষ্ট দেবতাকে বুঝাইতেছে।

প্রাতরত্বাক সমাপ্তির জন্ত শেষ ঋক্,—"অভূত্যা · · ভবস্তি"।

"অভূত্যা রুশৎপশুঃ বই অন্তিম ঋকে [প্রাতর্নুবাক পাঠ] সমাপ্ত করিবে। এ বিষয়ে [ত্রহ্মবাদীরা] প্রশ্ন করেন, এই যে অগ্নির উষার ও অশ্বিদ্বয়ের উদ্দিষ্ট ক্রতুর (প্রাতরকু-বাকের ভাগত্রয়ের) পাঠ হইল, কিরূপে একটি ঋকে [প্রাত-রকুবাক] সমাপ্ত করায় ইহাতে তিনটি ক্রতুর সমাপ্তি হয় ? [উত্তর] "অভূত্যা রুশৎপশুঃ" —উষাতে পশুগণ পরস্পারের প্রতি চাহিয়া শব্দ করে—এই [প্রথম চরণ] উষার অনুকূল। ''আগ্রিরধায়ি ঋত্বিয়ঃ''—ঋতুতে উৎপন্ন অগ্নির আধান হইল— এই [দ্বিতীয় চরণ] অগ্নির অনুকূল। ''অযোজি বাং র্ষণ্যসূরথো দত্রাবমর্ত্ত্যো মাধ্বা মম শ্রুতং হবম্"—অহে বহু-ধনশালী অশ্বিদ্বয়, তোমাদের অমর্ত্ত্য রথ যোজিত হইয়াছে, আমার মধুর আহ্বান শ্রবণ কর—এই [শেষার্দ্ধ] অশ্বিদ্ধরের অনুকূল। এইজন্য এই একমাত্র ঋকে সমাপ্ত করিলেও সেই তিন ক্রতু সমস্তই সমাপ্ত হয়।

অফ্টম অধ্যায়

প্রথম খণ্ড

অপোনপ্ত্রীয় সূক্ত

পশুষাগের পর বসতীবরী নামক জল নদী বা অন্ত জলাশয় হইতে আনিয়া রাখা হয়। পরদিন উহার সহিত একধনা নামক জল কলসে করিয়া আনিয়া উভয় জল মিশান হয়। এই জল সোমাভিষবের জন্ম অর্থাৎ সোম ছেঁচিয়া রস নিক্ষাশনের জন্ম ব্যবহৃত হয়। একধনা আনিয়া বসতীবরীর সহিত মিশাইবার সময় অপোনপ্ত্রীয় স্কু পাঠ করিতে হয়। ঐ স্কু সম্বন্ধে আথ্যায়িকা—"ঋষয়ো বৈ……কু কতে"

পুরাকালে ঋষিগণ সরস্বতীতীরে সত্তে 'উপস্থিত হইয়া-ছিলেন। তাঁহারা ইল্মপুত্র ক্ষকে, এই দাসীপুত্র কিত্ব

(>) দাদশদিনের অধিকদিনব্যাপী বহু যজমানের পক্ষে অমুষ্ঠিত বাগকে সত্র বলে। কৌবীতকিব্রাদ্ধণে উক্ত সত্ত্রসম্বন্ধে নিম্নোক্ত অধ্যায়িকা আছে—

"মাধ্যমাঃ সর্থক্যাং সত্রমাসত তদ্ধাপি কববো মধ্যে নিবসাদ। তং হেম উপোত্রদ কো বৈ দং পুত্রোহিদি ন বরং দ্বরা সহ ভক্ষরিব্যাম ইতি। স হ কুদ্ধঃ প্রস্তবন্ সর্থকীমেতেন পুতেন তুষ্টাব। তং হেরমবেরার। ত উ হেনে নিরাগা ইব মনিরে তং হাবাবুভাোচুঝ বৈ নমন্তে আন্ত মা নো হিংসীলং বৈ নঃ প্রেডিছিদি বং দ্বেরমবেরীতি। তং হ বজ্ঞপরাং চকুন্তক্ত হ কোধং বিনিম্নাঃ। স এব কববদৈয়ে মহিমা পুক্তপা চাকুবেদিতা।" (কোবীভকি বাহ্মণ ১২।৩)

মধ্যম ঋষিগণ (গৃৎসমদ, বিঝামিত্র, বামদেব, অতি, ভরষাজ, বশিষ্ঠ [আখ-গৃহ্--স্--৩৪])
সরস্বতীতীরে সত্রানুষ্ঠান করিয়াছিলেন। তাঁহাদের মধ্যে কবর আসীন ছিলেন। সেই ঋষিগণ
ভাঁহাকে তিরস্কার করিলেন, "তুমি ত দাসীর পুত্র, আমরা তোমার সহিত ভোজন করিব না"।
তিনি কুদ্ধ হইরা চলিরা গেলেন এবং ঐ স্কুল ধারা সরস্বতীকে তুই করিলেন। সেই সরস্বতী ওাধার
অনুগ্রমন,করিলেন। তথন তাঁহারা (ঋষিগণ) তাঁহাকে নির্দোষ বলিরা ব্রিলেন ও তাঁহার
পশ্চাতে গমন করিয়া বলিলেন, অহে ঋষি, তোমাকে প্রণাম; তুমি আমাদের হিংসা করিও না;

(দ্যুতাসক্ত) অব্রাহ্মণ কিরুপে আমাদের মধ্যে দীফা গ্রহণ করিল, এই বলিয়া সোম্যাগ হইতে অপসারিত করিয়াছিলেন; এবং পিপাসা ইহাকে বিনাশ করুক, সরস্বতীর জল যেন এ পান করিতে না পায়, ইহা বলিয়া তাঁহাকে [সরস্বতীর] বাহিরে জলহীন দেশে তাড়াইয়া দিয়াছিলেন। সেই কবষ বাহিরে জলহীনদেশে অপসারিত হইয়া পিপাসায় আক্রান্ত হইয়া প্রে দেবত্রা ব্রহ্মণে গাতুরেতু" ইত্যাদি অপোনপ্ত্রীয় (অপোনপ্ত্দেবত) স্ক্রণ দর্শন করিয়াছিলেন। তদ্বারা (ঐ স্কুজপে) তিনি অপ্দেবতার প্রিয় ধাম প্রাপ্ত হইয়াছিলেন; সরস্বতী নিদীও] তাঁহার চারিদিকে আসিয়া ধাবিত (প্রবাহিত) হইয়াছিলেন। সেই হেতু, সরস্বতী যেখানে ইহার চারিদিকে পরিস্বত (প্রবাহিত) হইয়াছিলেন, সেই স্থানকে এখনও পরিসারক' [এই নামে] ডাকা হয়।

সেই ঋষিগণ তথন [পরস্পর] বলিলেন, দেবগণ এই কবষকে জানিয়াছেন, [অতএব] ইহাকে আমরা নিকটে

ভূমি আমাদের মধ্যে শ্রেষ্ঠ, যেহেতু এই সরম্বতী তোমার অনুগমন করিতেছেন।" তথন তাঁহার। তাঁহাকে যজ্ঞের অধ্যক্ষ করিয়া তাঁহার ক্রোধ অপনোদন করিলেন। ইহাই কববের মহিমা এবং তিনিই সেই স্তের প্রকাশক। পুনশ্চ---

"ভদ্ধ স্ম পূরা বজ্ঞমূহো রক্ষাংসি ভীর্থেবপো গোপারন্তি। তদেকেহপোইচ্ছ জগ্মুন্তত এব তাৰ্
সর্কান্ জন্মুন্ত এব তৎ কবব: স্ক্রমপশ্রত পঞ্চদশর্চং প্র দেবতা ব্রহ্মণে গাড়ুরেডু ইতি তদৰববীতেন
বজ্ঞমূহো রক্ষাংসি তীর্থেভ্যোহপাহন্" (কোবীতকিব্রাহ্মণ ১২।১)।

পুরাকালে যজ্ঞবিল্লকারী রাক্ষসেরা তীর্থ সকলের জ্বল রক্ষা করিত। তথন কেহ কেহ জ্বল লইতে আসিলে দেই রাক্ষসেরা তাহাদের সকলকে হত্যা করিত। তথন কবব "প্র দেবতা বন্ধণে গাতুরেতু" ইত্যাদি পঞ্চদশ ঋক্যুক্ত স্কু দর্শন করিলেন ও গেই স্কু পাঠ করিলেন। তদায়া তিনি সেই ব্রুবিশ্বকারী রাক্ষসদিগকে তীর্থ হইতে অপসারিত করিলেন।

(২) দশমমঞ্চল, ৩০ প্তে। ঐ প্ডের খবি কবব ঐলুব। দেবতা আপাং অথবা অপাং নপাৎ।

আহ্বান করিব। তাহাই হউক, বলিয়া তাঁহারা তাঁহাকে সমীপে আহ্বান করিয়াছিলেন। তাঁহাকে সমীপে আহ্বান করিয়া "প্র দেবত্রা ত্রহ্মণে গাতুরেতু" ইত্যাদি অপোনপ্ত্রীয় সূক্ত প্রয়োগ করিয়াছিলেন। তদ্বারা তাঁহারা অপ্দেবতাগণের প্রিয় ধামের ও দেবগণের সামীপ্য প্রাপ্ত হইয়াছিলেন।

যে ইহা জানে ও যে ইহা জানিয়া এই অপোনপ্ত্রীয় সূক্ত প্রয়োগ করে, সে অপ্দেবতাগণের প্রিয় ধামের ও দেবগণের সামীপ্য প্রাপ্ত হয় ও পরম লোক জয় করে।

ঐ স্ক্রপাঠের নিয়ম—"তৎ সম্ভতং—ভবতি"।

ঐ সূক্ত অবিচ্ছেদে (বিনা বিরামে) পাঠ করিবে।
যে স্থানে ইহা জানিয়া এই সূক্ত অবিচ্ছেদে পাঠ করা
হয়, সেখানে পর্জ্জন্ম (মেঘ) প্রজাগণের উদ্দেশে অবিচ্ছেদে বর্ষণ করেন। যদি [প্রত্যেক চরণের পর বা অর্দ্ধ
ঋকের পর] বিরাম দিয়া পাঠ করা হয়, তাহা হইলে পর্জ্জন্ম
প্রজাদিগের উদ্দেশে [ভূমিতে বর্ষণ না করিয়া] পর্বতে বর্ষণ
করেন। সেই জন্ম অবিচ্ছেদেই পাঠ করিবে। এই সূক্তের
প্রথম মন্ত্র তিনবার অবিচ্ছেদে পাঠ করিবে। তাহা হইলে
ঐ সমস্ত সূক্তই অবিচ্ছেদে পাঠ করা হইবে।

⁽৩) পুর্বোজ প্রাতরমূবাক অর্থ ধকের পর অবসান দিয়া পাঠ করিতে হয়। এছলে সেইরূপ অধুসানের বা বিরামের নিবেধ হইল

দ্বিতীয় খণ্ড

অপোনপ্ত্ৰীয় সূক্ত

স্কুগত মন্ত্রপাঠের নিয়ম—"তা এতা · · · দশমীম্"

এই সেই (সূক্তমধ্যে প্রথম হইতে নবম পর্য্যন্ত) নয়টি ঋক্ অবিচ্ছেদে (কোন ছুই মন্ত্রের মধ্যে বিরাম না দিয়া) পাঠ করিবে। "হিনোতা নো অধ্বরং দেবযজ্ঞা" ওই মন্ত্রকে দশম করিবে।

অর্থাৎ নবম ঋক্ পাঠের পর "আবর্ততীরধ" ইত্যাদি দশম ঋক্টিকে পরিত্যাগ করিয়া তৎপরবর্তী "হিনোতা নো অধ্বরং" ইত্যাদি একাদশ ঋক্কেই দশমের স্থানে পড়িবে। পরিত্যক্ত ঋক্পাঠের সময়-বিধান "আবর্ততীঃ… একধনাস্থ"।

"আবর্ততীরধ মু দিধারা" এই [পরিত্যক্ত দশম] ঋক্ একধনা [জল] লইয়া আদিবার সময়ে [পাঠ করিবে]।

হোতা প্রাত্তরত্বাক পাঠ করিলে পর অধ্বর্যু হোম করেন ও হোতাকৈ অপোনপ্রীয় স্কুপাঠার্থ অমুক্তা করেন। হোতা ঐ স্কুক্তের প্রথম নয় ময় ও একাদশ ময় পাঠ করিলে কয়েকজন লোকে অধ্বর্যুর আদেশে নদী বা পৃষ্করিশী ইইতে কলসে করিয়া জল আনয়ন করেন। ঐ জলের নাম একধনা। যাহারা একধনা লইয়া আসে, তাহাদের নাম একধনী। একধনা লইয়া আসিবার সময়ে হোতা ঐ স্কুক্তের দশম ঋক্ ("আবর্ততীরধ" ইত্যাদি) পাঠ করেন। তৎপরে ঐ জল লইয়া নিকটে আসিলে হোতা যথন তাহা দেখিতে পান, তথন ঐ স্কুক্তের অয়েদশ ময় পাঠ করেন, যথা—"প্রতি যদাপো……প্রতিদৃশ্রমানাস্থ"

"প্রতি যদাপো অদৃশ্রমায়তীঃ" এই মন্ত্র হোতা যখন [ঐ একধনা] দেখিতে পান, তখন পাঠ করিবে।

^{()) 3. |9. |3. | ()) 3. |9. |3. | ()) 3. |9. |3. |}

তৎপরে অন্ত হুক্তের অন্তর্গত অন্তান্ত মন্ত্রপাঠের সমরনির্দেশ—"আ ধেনবঃসমান্বতীযু"

"আ ধেনবঃ পয়সা তূর্ণ্যর্থাঃ" এই মন্ত্র [ঐ জল চাছালের' নিকট] আনিবার সময় [পাঠ করিবে]। "সমন্যা যন্ত্যপ যন্ত্যন্যাঃ" এই মন্ত্র [ঐ জল হোত্চমসে] সংযুক্ত করিবার সময় পাঠ করিবে।

পূর্বাদিন পশুষাগের পর বসভীবরী নামক জল আনিয়া বেদির উপর রাখা হইরাছিল। পরদিন উরেতা নামক ঋতিক্ ' সেই বসতীবরী জল ও হোতার চমস' চাত্বালে লইরা আসেন। মৈত্রাবরুণের পরিচারক চমসাধ্বর্যু, একধনী পুরুষগণ কর্তৃক আনীত একধনা জল ও মৈত্রাবরুণের চমস আনেন। হোতার চমসে বসতীবরী ও মৈত্রাবরুণের চমসে একধনা রাখা হয়। তৎপরে অধ্বর্যু উভর্ম চমস পরম্পর সংযুক্ত করেন। সেই সময়ে হোতা ঐ মন্ত্র ("সমন্তা যক্তি" ইত্যাদি) পাঠ করেন। তৎপরে পরবর্ত্তী মন্ত্রপাঠকালে হুই জল মিশান হয়।

ঐ মন্ত্রের প্রশংসার্থ আখ্যায়িকা—"আপো বা.....এবং বেদ"

এই যে বসতীবরী যাহা [স্বত্যার] পূর্ব্বদিনে আর এই যে একধনা যাহা [সেই দিন] প্রাতঃকালে সংগৃহীত হয়, এই [উভয়বিধ] জল, আমরাই আগে যজ্ঞ নির্বাহ করিব, আমরাই [আগে করিব], এই বলিয়া [পরস্পার] স্পর্দ্ধা (বিবাদ)

^{(8) (1891) 1}

⁽ ८) विषित्र शार्ष निर्फिष्ठे द्यानवित्मवत्र नाम ठाषान ।

^{() 2 | 2010 |}

⁽৭) অগ্নিটোম্যজ্ঞে বোল জন ঋষিক্ থাকেন। হোতা, ব্ৰহ্মা, অধ্বৰ্যু ও উপলাতা এই চারি জন প্রধান। তন্তির বারজন সহকারী স্থাধিকের নাম বর্ণাক্রনে—মৈত্রাবরণ, ব্রাহ্মণাচ্ছংসী, প্রতিপ্রহাতা, প্রভোতা, অচ্ছাবাক, আগ্রীপ্র, নেষ্টা, প্রতিহ্রা, গ্রাবন্তং, পোতা, উল্লেডা, স্বেহ্মণা। এই বোল জন ঋষিক্ ব্যতীত দশ জন চমসাধ্বৰ্যু ও কতিপর পরিক্সী (পরিচার্শ) আবশ্যক হুর।

⁽৮) চমস-চামচা। ১মস বারা সোমস্রাদি এছণ করা হয়।

করিয়াছিল। ভৃগু (তন্নামক ঋষি) দেখিলেন, সেই জলেরা [পরস্পর] স্পর্দ্ধা করিতেছে; তাহা দেখিয়া তিনি "সমন্যা যস্ত্যপে যন্ত্যন্যাঃ" এই ঋক্ দ্বারা তাহাদিগের মিলন করিয়া দিলেন। তখন তাহারা [বিবাদ ত্যাগ করিয়া] মিলিত হইল। যে ইহা জানে, তাহাদের [উভয়বিধ] জল মিলিত হইয়া যজ্ঞ নির্বাহ করে।

এইজন্ম উভয় জল চমসদ্বয়ে আনিরা চমসদ্বয় সংযোগের সময় ঐ মন্ত্রপাঠের প্রযোজ্যতা। তৎপরে উভয় জল হোতার চমসে মিশান হয়। যথা—"আপো ন… তদাহ"

"আপোন দেবী উপয়ন্তি হোত্রিয়ন্" এই মন্ত্র বসতীবরী ও একধনা [উভয়] জল হোতার চমদে সেচনের সময় [পাঠ করিবে]। সেই সময়ে "অবেরপোহধ্বর্যা উ"—অহে অধ্বর্যু, [উভয়] জল পাইয়াছ কি !—এই মন্ত্রে হোতা অধ্বর্যু, প্রেল্ম করেন। [ঐ উভয়] জলই যজ্ঞস্বরূপ; [সেই হেডু] ঐ প্রশ্নে "যজ্জকে পাইয়াছ কি !" ইহাই জিজ্ঞাসা করা হয়। [অনন্তর] "উতেমনন্নমুং"—উহা ঠিকই পাইয়াছি —অধ্বর্যু এই উত্তর দেন। এই উত্তরে, "[আহে হোতা] উহাই (ঐ উভয়বিধ জলই) ভূমি দেখ," ইহাই বলা হয়।

তৎপরে হোতা একটি নিগদ মন্ত্র অধ্বয়্যুর উদ্দেশে পাঠ করিয়া আসন হইতে উত্থান করেন। দেই নিগদ মন্ত্র—"তাস্থ… এত্যুত্তিষ্ঠতি"।

"অহে অধ্বর্যু, বস্থমান্ রুদ্রবান্ আদিত্যবান্ ঋভুমান্ বিভু-মান্ বাজবান্ (অম্বযুক্ত) রুহম্পতিবান্ বিশ্বদেব্যবান্ ইন্দ্রের উদ্দেশে, ঐ [উভয়বিধ] জলে মধুমান্ (মধুর) রৃষ্টিপ্রদ তীত্র-(অবশ্যম্ভাবী)-ফলপ্রদ বহুল-অনুষ্ঠানযুক্ত সোমের অভিষব কর; যে সোম পান করিয়া ইন্দ্র ব্রত্তগণকে (শত্রুগণকে) হত্যা করিয়া-ছিলেন, তদ্বারা সেই যজমান উৎপন্ন পাপসমূহ হইতে উত্তীর্ণ হউন; "ওঁ" এই মন্ত্র দ্বারা [হোতা] [সেই উভয় জলের] প্রভ্যুত্থান করিবে।

উভরবিধ জলের অভার্থনার জন্ম এইরূপ প্রত্যুখান বিধের, বথা—"প্রত্যুখের। বৈ-----প্রত্যুখেরাঃ"।

[এই উভয়] জলের প্রত্যুত্থান কর্ত্তব্য । কোন পূজ্য ব্যক্তি আগত হইলে [লোকে তাহার সম্মানার্থ] প্রত্যুত্থান করে; এই জন্ম উহাদেরও প্রত্যুত্থান কর্ত্তব্য ।

প্রত্যুত্থানের পর উহার অহুগমন কর্ত্তব্য, যথা—"অহুপর্য্যার্ত্যাঃ····· অহুপ্রপত্তব্যম্"।

উহাদের পশ্চাতে অনুগমনও কর্ত্তর। পূজ্য ব্যক্তির পশ্চাতে অনুগমন করা হয়; সেই জন্ম উহাদের অনুগমন কর্ত্তর। [উক্ত নিগদ] পাঠ করিতে করিতেই অনুগমন কর্ত্তর। যদিও অন্ম ব্যক্তি যাগ করে (অর্থাৎ হোতা স্বয়ং যাগ করেন না, যজমানই যাগকর্ত্তা), তথাপি [এরপ করিলে] হোতা যশোলাভে সমর্থ হন; সেই জন্ম [এ মন্ত্র] পাঠ করিতে করিতেই অনুগমন কর্ত্তর।

অনুগমনকালে পাঠ্য অন্ত ঋতকর বিধান—"অন্বয়ো......বুভূষেং"

"অন্বয়ো যন্ত্যধ্বভিঃ" এই মন্ত্র পাঠ করিতে করিতে অনুগমন করিবে। এ শকে] "জাময়ো অধ্বরীয়তাম্ পৃঞ্চতীর্মধুনা পয়ং" এই [শেষাংশ] যে ব্যক্তি মধুলাভের (সোমলাভের) অযোগ্য, সেও যশোলাভ ইচ্ছা করিলে [পাঠ করিবে]।

⁽ ७) अर्थाउ५।

ঐ ঋকের অর্থ—[ঐ উভয় জল] যজ্ঞ-সম্পাদনেচ্ছুগণের ভ্রাতৃস্থানীয় ও মাতৃসদৃশ হইয়া আপনার জল মধুর (সোমরসের) সহিত মিশ্রিত করিয়া পথে গমন করে। বিশেষ ফলকামনায় অন্তান্ত ঋকের বিধান, যথা—"অস্থ্যাঃ… পশুকামঃ"।

তেজস্কামী ও ব্রহ্মবর্চ্চসকামী "অসূর্য্যা উপসূর্য্যে যাভির্বা সূর্য্যঃ সহ" এই মন্ত্র, এবং পশুকামী "অপো দেবীরুপহ্বয়ে যত্ত্র গাবঃ পিবন্তি নঃ"" এই মন্ত্র পাঠ করিবে।

পূর্ব্বোক্ত তিন মন্ত্রপাঠের ফল—"তা এতা:.....এবং বেদ"।

ঐ সকল কামনাপ্রাপ্তির জন্ম ঐ সকল মন্ত্র (ঐ তিনটি মন্ত্র) পাঠ করিতে করিতে অনুগমন করিবে। যে ইহা জানে, সে ঐ সকল কামনাই প্রাপ্ত হয়।

অন্ত হুই মন্ত্রের কালনির্দ্দেশ—"এমা……পরিদধাতি"।

"এমা অগ্মন্ রেবতীর্জীব ধন্যা" এই মন্ত্র বসতীবরী ও একধনা [বেদিতে] রাখিবার সময় পাঠ করিবে। [বেদিতে] স্থাপিত হ'ইলে পর ''আগ্মন্নাপ উশতীর্বহিরেদম্" '' এই মন্ত্র দ্বারা অনুবচন সমাপ্ত করিবে।

তৃতীয় খণ্ড

উপাংশু গ্রহ-- অন্তর্যাম গ্রহ

অপোনপ্ত্রীয় পাঠের পর অধ্বর্যু উপাংগুগ্রহ ও অন্তর্যামগ্রহ হইতে সোম রদ লইয়া হোম করেন; তথন হোতা অন্তচন্বরে মন্ত্র পড়িবেন, যথা—"শিরো বাবিশ্বজেত"।

এই যে প্রাতরনুবাক, ইহা যজ্ঞের মস্তকস্বরূপ; উপাংশু

^{(&}gt;) | 86|-6, (66) | 86|-6, (66) | 46|68|6 (66) | 46|68|6 (66)

ও অন্তর্যাম (তন্ধামক গ্রহদ্বয়) প্রাণস্বরূপ ও অপানস্বরূপ; এবং বাক্য বজ্রস্বরূপ। এইজন্য উপাংশু ও অন্তর্যাম আহুতি না হওয়া পর্য্যন্ত [হোতা] বাক্য ত্যাগ করিবে না (মৃত্রু-স্বরে মন্ত্র পাঠ করিবে)।

উপাংশু ও অন্তর্যাম নামক গ্রহ্মর ' হইতে আহবনীরে আছতি দেওরা হয়। ঐ সময়ে হোতা উচ্চে মন্ত্র পাঠ করিবেন না।

এ বিষয়ে হেতুপ্রদর্শন—"যদহতয়ো…...বিস্তজ্জত"

যদি উপাংশু ও অন্তর্যামের আহুতি না হইতেই বাক্য ত্যাগ করেন, তাহা হইলে [হোতা] বাক্যরূপ বদ্ধ দ্বারা যজমানের প্রাণ বহির্গত করেন। যদি সেই সময়ে কেহ হোতাকে বলে, ইনি বাক্যরূপ বদ্ধদ্বারা যজমানের প্রাণ বহির্গত করিয়াছেন, অতএব প্রাণ ইহাকে (যজমানকে) পরিত্যাগ করিবে;—তাহা হইলে অবশ্যই তাহা (যজমানের প্রাণহানি) ঘটে। অতএব উপাংশু ও অন্তর্যামের আহুতি না হইলে বাক্য ত্যাগ করিবে না।

উপাংশুহোম ও অন্তর্থামহোমের পর বাক্যত্যাগের বিধান — "প্রাণং ফছ
.....বেদ"।

"প্রাণং যচ্ছ স্বাহা ত্বা স্তহ্ব সূর্য্যায়"—হে শোভনহোম-সম্পাদক [উপাংশুগ্রহ], সূর্য্যের উদ্দেশে সম্যক্ভাবে তোমার

⁽১) সোমবাগের শেব দিনে সোমলতা হইতে সোমরস নিজান্ত করির। ঐরস আছতি দেওর। হর ও উহা ঋড়িকের। ও বজমান পান করেন। ইহাই সোমবাগের প্রধান অমুষ্ঠান। ইহার নাম সবন। দিবসের মধ্যে তিনবার সবন হয়—প্রাতঃসবন, মাধ্যন্দিনসবন ও তৃতীর সবন। অভিযুত সোমরসের নাম গ্রহ। বে পাত্রে সোমরস রক্ষিত হয়, তাহাকেও গ্রহ বলে। বে পাত্রে সোমরস লইয়া পান করা হয়, উহা চমস। প্রাতঃসবনে নিম্নোক্ত গ্রহের ব্যবহার আছে। উপাংত, অন্তর্গাম, ঐক্রবায়ব, নৈত্রাবরূপ, আধিন, শুক্র, মন্থী, আগ্রয়ণ, উক্ধ, ক্রব, ছাদশ ঋতুগ্রহ, ক্রক্রায় ও বৈশ্বদেব।

হোম করিতেছি, তুমি [যজমানে] প্রাণ দান কর—এই বলিয়া উপাংশুগ্রহের উদ্দেশে মন্ত্র [অনুচ্চস্বরে] পাঠ করিবে ও "প্রাণ প্রাণং মে যচ্ছ"—হে প্রাণ, আমাকে প্রাণ দাও—এই মন্ত্রে তাহার উদ্দেশে শ্বাস গ্রহণ করিবে। "অপানং যচ্ছ স্বাহা দ্বা স্থহব সূর্য্যায়"—এই বলিয়া অন্তর্যামের উদ্দেশে মন্ত্র [অনুচ্বস্বরে] পাঠ করিবে ও "অপানাপানং মে যচ্ছ" এই মন্ত্রে তাহার উদ্দেশে শ্বাস ত্যাগ করিবে। [তদনন্তর] "ব্যানায় ত্বা"—ব্যানবায়ুর জন্ম তোমাকে [স্পর্শ করিতেছি]—এই বলিয়া উপাংশু-সবন (তন্নামক) পাষাণকে স্পর্শ করিয়া বাক্য ত্যাগ করিবে (উচ্চস্বরে কথা কহিবে)। এই উপাংশুসবনই আত্মা। এতদ্বারা (ঐ পাষাণ স্পর্শ দ্বারা) হোতা আত্মাতেই (শরীরেই) প্রাণ স্থাপিত করিয়া পূর্ণায়ু লাভ করিয়া বাক্য ত্যাগ করেন। তাহাতে পূর্ণ আয়ু লাভ ঘটে। যে ইহা জানে সে পূর্ণ আয়ু প্রাপ্ত হয়।

চতুর্থ খণ্ড

বহিষ্পবমান স্তোত্ৰ

উপাংশুহোম ও অন্তর্যামহোমের পর অভিযুত সোমরস ঐক্রবারবাদি গ্রহে হোমের জ্বন্ত রাখা হয়। তৎপরে অধ্বর্য্য, প্রস্তোতা, প্রতিহর্ত্তা, উল্পাতা ও বন্ধা এই পাঁচজন ঋত্বিক্ ও তৎপরে যজমান ক্রমায়য়ে হাত ধরাধরি করিয়া চাত্মাল

⁽২) সোমভিষবের জস্ম অর্থাৎ জলসিক্ত দোম কুটিরা তাহা হইতে রস নিকাশনের জস্ম বে পাবাণ-থও বাবহার হয়, সেই পাবাণের উল্লেখ হইতেছে। উপাংগুহোমের অর্থাৎ উপাংগুগ্রহ হইতে আহ-তির নিমিত্ত সোমরস নিকাশনের জস্ম যে পাবাণখণ্ড ব্যবহৃত হয়, তাহার নাম উপাংগুস্বনপাধাণ।

অভিমুখে বহিষ্পবমান স্তোত্ত ' গানের জন্ম প্রসর্পণ (গমন) করেন ; সকলে উপবেশন করিলে হোতা তাঁহাদের অনুমন্ত্রণ করেন। হোতা ঐ সময়ে অন্সান্ত ঋত্বিকের সহিত যাইবেন কি না, তৎসম্বন্ধে বিচার—"তদাহঃ…..তথা স্থাৎ"

এ বিষয়ে [ব্রহ্মবাদীরা] প্রশ্ন করেন, [হোতাও ঐ সঙ্গে]
যাইবেন, কি যাইবেন না ? কেহ কেহ বলেন, যে [হোতাও]
যাইবেন। এই যে বহিষ্পাবমান, ইহা দেবগণের ও মনুষ্যগণের
ভক্ষ্য, সেইজন্য ইহার উদ্দেশে সকলেই যাইবেন, ইহাই
তাঁহারা বলেন। কিন্তু [ঐ ব্রহ্মবাদীদের] এই মত এই
[প্রসর্পণ] বিষয়ে আদরণীয় নহে। [কেন না] যদি হোতা
[প্রসর্পণকারী উদ্গাতার পশ্চাৎ] গমন করেন, তাহা হইলে
ঋক্কে সামের অনুগামী করা হইবে।

এই সময়ে যদি কেহ সেই হোতাকে বলে, এই হোতা
সামগানকারার (উদ্গাতার) পশ্চাদ্গামী হইয়াছে ও উদ্গাতাতেই [নিজের] যশ স্থাপন করিয়াছে ও [আপনার উচ্চতর]
পদবী হইতে ভ্রম্ট হইয়াছে, এখন এই ব্যক্তি [আপনার]
পদবী হইতে ভ্রম্ট হইবে;—তাহা হইলে অবশ্যই তাহা [স্বপদ হইতে ভ্রংশ] ঘটিবে। এই জন্ম [হোতা] সেইখানে

⁽১) "উপাধ্যে গায়তা নরং" ইত্যাদি নয়টি মন্ত্রান্থিত নবম মণ্ডলের একাদশ স্কুল সামগায়ী ঋষিক্গণ গান করেন। যাহা গান করা যায়, তাহার নাম স্তোত্র। ঐ স্কুটি যথন গীত হয়, তথন তাহার নাম বহিষ্পবমান স্তোত্র। প্রস্তোতা উচ্চাতা ও প্রতিহ্বর্তা এই তিনজন সামগায়ী ঋষিকে উহা গান করেন। গানের পূর্ব্বে সামগায়ীয়া বহিষ্পবমানের উদ্দেশে চরু ভক্ষণ করেন। হোতা উহা ভক্ষণ করেন না। সেই বহিষ্পবমান চরুকেই দেবগণের ও মনুষাগণের ভক্ষা বলা হইল চি

⁽২) ংগছার করিব। ঋক্পাঠ, উদ্পাতার করিবা সামগান। ঋক্ মন্ত্রেই গান করিবে তাহা সাম হয়। এজন্ত সাম ঋকের পশ্চাদ্গামী। যে পশ্চাদ্গামী সে নিকৃষ্ট, যে পুৰোগার্ম সে উৎকৃষ্ট।

(স্বস্থানে) উপবিষ্ট হইয়াই [অশ্য ঋত্বিক্গণের দিকে চাহিয়া] মন্ত্রপাঠ করিবে।

হোতৃপাঠ্য মন্ত্ৰ যথা—"যো দেবানাং.....এবং বেদ"

"যো দেবানামিহ সোমপীথো যজ্ঞে বহিষি বেলাম্। তন্তাপি ভক্ষয়ামিন"—এই যজ্ঞে যে বেদি ও যে বহিঃ আছে, তাহাতে দেবগণের যে সোমপীথ (সোমযাণে ভক্ষণীয় বহিষ্পবমান চরু) আছে, তাহার অংশ আমরা ভক্ষণ করিব—এই মন্ত্র পাঠ করিলে হোতার আল্লা সোমপীথ (সোমপান) হইতে বঞ্চিত হয় না। তৎপরে "মুখমিস মুখং ভূয়াসম্"—[হে বহিষ্পবমান], তুমি [যজ্ঞের] মুখ, আমিও মুখ (মুখ্য বা প্রধান) হইব—এই মন্ত্রে এই যে বহিষ্পবমান, ইহাকেই যজ্ঞের মুখস্বরূপ বলা হয়। যে ইহা জানে, সে আল্লীয় মধ্যে মুখ (প্রধান) হয় ও আ্লীয় মধ্যে শ্রেষ্ঠ হয়।

মিত্রাবরুণের উদ্দেশে সবনীয় সোমরসে পয়স্তা (দিধি) মিশাইতে হয়; তৎ-সম্বন্ধে আখ্যায়িকা—"আফুরী……নিরকুরুতাম্"

অস্থরজাতীয়া দীর্ঘজিহ্নী দেবগণের উদ্দিষ্ট প্রাতঃসবন [জিহ্বাদ্বারা] লেহন করিয়াছিল; তদ্বারা ঐ [সোমরস] আরও মত্ততাজনক হইয়াছিল। সেই দেবগণ [মাদকতা নিবারণের উপায়] জানিতে ইচ্ছা করিয়া মিত্র ও বরুণকে বলিলেন, এই প্রাতঃসবনকে নির্দোষ কর। তাঁহারা (মিত্র ও বরুণ) বলিলেন, "তাহাই করিব; তবে আমরা বরপ্রার্থনা করিতেছি।" [দেবগণ বলিলেন] "প্রার্থনা কর"। তথন তাঁহারা প্রাতঃসবনে পয়স্থাকেই বরম্বরূপে প্রার্থনা করিলেন। সেইজন্ম এই সেই পয়স্যা (দিধ) ইহাঁদের বরম্বরূপে প্রার্থিত হওয়ায় কথনও ইহা-

দিগকে ত্যাগ করে না। এই হেডু সেই প্রাতঃসবনে সেই [দীর্ঘজিহ্বী] যাহাকে মাদকতাজনক করিয়াছিল, তাহা এই পয়স্থা দারা সমৃদ্ধই হইল। কেন না মিত্র ও বরুণ সেই মাদক দ্রব্যকে সেই দধি দ্বারা নির্দোষ করিয়াছিলেন।

পঞ্চম খণ্ড সবনীয় পুরোডাশবিধান

স্বনকর্ম্মে পুরোডাশবিধান—"দেবানাং বৈ অধিয়ন্ত"

দেবগণ সবনসমূহ ধরিয়া রাখিতে পারে নাই। তাঁহারা এই [পশ্চাতুক্ত পাঁচটি] পুরোডাশকে দেখিয়াছিলেন এবং সবনসমূহকে ধরিবার জন্ম প্রত্যেক সবনে [আহুতিরূপে] ঐ পুরোডাশ সকল নির্বপণ করিয়াছিলেন। তখন সেই সবনসমূহ তাঁহাদের জন্য গ্বত হইল। সেই সবনসমূহ ধরিবার জন্য প্রত্যেক সবনে যে পুরোডাশ নির্বপণ হয়, তাহাতেই সবনসমূহ দেবগণের উদ্দেশে গ্বত হইয়া থাকে।

প্রোডাশ শব্দের ব্যুৎপত্তি—"পুরো বা…পুরোডাশত্বম্"

এই যে সকল পুরোডাশ, ইহাদিগকে দেবগণ [সোমাহু-তির] পুরোবর্ত্তী করিয়াছিলেন, ইহাই পুরোডাশের পুরোডাশন্ব।

^{(&}gt;) স্থতাদিনে তিনবার সোমাভিবে সোমাছতি ও সোমণান হয়। এই তিন অসুষ্ঠান বধাক্রমে প্রাতঃসবন, মাধ্যন্দিনসবন ও তৃতীয়সবন। সবনকর্ম্মে যে পুরোডাশের আহতি হয়, তাহার নাম সবনীয় পুরোডাশ। পাঁচ পুরোডাশের বিষয় পরে ষষ্ঠ থণ্ডে দেখ।

⁽२) পুরতো দীরমানং হবি: এই অর্থে দানার্থক দাশ ধাতু হইতে নিম্পন্ন করা হইল।

পুরোডাশদানের নির্ম-"তদাছ: নির্ব্বপেং"

এ বিষয়ে [ব্রহ্মবাদীরা] বলেন—প্রাতঃসবনে আটখানি কপালে, মাধ্যন্দিনসবনে এগারখানি কপালে ও তৃতীয়সবনে বারখানি কপালে—এইরপে প্রতিসবনে পুরোডাশ আহুতি দিবে; কেন না সবনগুলিরও ঐ রূপ; কেন না [সবনে বিহিত মন্ত্রের] ছন্দসকলও ঐরপে (ঐ সংখ্যাক্রমে) বিহিত হয়। কিন্তু [ব্রহ্মবাদীদের] ঐ মত আদরণীয় নহে। [কেন না] প্রতিসবনে যে পুরোডাশসমূহ, ইহারা সকলেই ইন্দ্রের উদ্দেশে আহুত হয়। সেইজন্ম [তিন সবনেই] পুরোডাশসমূহ এগারখানি কপালেই আহুতি দিবে।

পুরোডাশাহুতির পর তাহার অবশেষ ভক্ষণবিধি "তদাহুঃ……এবং বেদ"

এ বিষয়ে [ব্রহ্মবাদীরা] বলেন, যেটুকু দ্বতাক্ত নহে, সেই পুরোডাশই ভক্ষণ করিবে; তাহাতে সোমপানের রক্ষা ঘটিবে; কেন না ইন্দ্র দ্বতরূপ বক্ত দ্বারা 'র্ত্রকে বধ করিয়া-ছিলেন। কিন্তু এই মত আদরণীয় নহে। [কেননা] এই যে [দ্বত] উৎপূত হয়, তাহাই হব্য (আহুতি রূপে দেয়) এবং যাহা উৎপূত হয়, তাহাই সোমপীথ-(পেয় সোমরস)-স্বরূপ; সেই জন্য সেই পুরোডাশের যেখান সেখান হইতেই (দ্বতাক্ত

⁽৩) প্রাতঃসবনে গায়ত্রীচছন্দের মন্ত্র বিহিত, উহার প্রত্যেক চরণে আট অক্ষর; মাধান্দিন সবনে বিহিত ত্রিষ্টু তের প্রতিষ্ঠরণে এগার অক্ষর, ও তৃতীর সবনে বিহিত জগতীর প্রতিচরণে বার অক্ষর।

⁽৪) ইন্দ্রের উদ্দিষ্ট পুরোডাশ একাদশ কপালেই বিহিত। ইন্দ্রের ছন্দ ত্রিষ্টুপ্; উহার শতিচরণে এগার অক্ষর।

^(°) ঘুতের বন্ধুসরূপত্ব ও তত্বারা বুত্রহত্যা সহকে পূর্বে ১২ পৃঠে দেখ। হত্যারূপ ক্রুর কর্মে সংস্টে বলিয়া ঘুতাক্ত পুরোডাশগুক্তন নিষিক্ষ হইল।

বা মৃতবর্জ্জিত অংশ হইতেই) ভক্ষণ করিবে। এই যে আজ্য (মৃত), ধানা, করম্ভ, পরিবাপ, পুরোডাশ, পয়স্থা, এই সকল হব্য আছে, ইহারা সকলেই স্বধা-(অন্ন)-স্বরূপ হইয়া যজমানের উদ্দেশে ক্ষরিত হয়। যে ইহা জানে, তাহার উদ্দেশে এই সমস্ত [হব্য] হইতেই স্বধা (অন্ন) ক্ষরিত হয়।

ষষ্ঠ খণ্ড

হবিষ্পঙ্ ক্তি — য়য়য়য়পঙ্ ক্তি — নরাশং য়পপঙ্ ক্তি — য়য়য়য়পঙ্ ক্তি
ধানাদির "প্রশংসা....য়া য় এবং বেদ"

যে ব্যক্তি হবিষ্পঙ্ক্তি (পঞ্চ-হব্যযুক্ত) যজ্ঞকে জানে, সে হবিষ্পঙ্ক্তি যজ্ঞ কর্তৃক সমৃদ্ধ হয়। ধানা, করম্ভ, পরিবাশ্ধ, পুরোডাশ ও পয়স্থা (এই পাঁচটি হব্যযুক্ত) যজ্ঞই হবিষ্পঙ্ক্তি; যে ইহা জানে, সে হবিষ্পঙ্ক্তি যজ্ঞ দ্বারা সমৃদ্ধ হয়।

হবিষ্পঙ্ক্তির পর হোতা পঞ্চাক্ষরযুক্ত মন্ত্রজ্ঞপ করিবেন, তাহার প্রশংসা— "যো বৈ……এবং বেদ"।

যে ব্যক্তি অক্ষরপঙ্ক্তি (পঞ্চাক্ষর যুক্ত) যজ্ঞকে জানে,

⁽৬) (৭) (৮) নিমে দেখ। ধানা, করস্ত, পরিবাপ, পুরোডাশ ও পরস্তা এই পাঁচটি দ্রবাই আহতি দেওরা যার। পুরোডাশের সঙ্গে ধানাদি চারিটি দ্রব্যও আহতি দেওরা যায় বলিরা উহাদেরও সাধারণ নাম এম্বলে পুরোডাশ।

⁽১) যব ভাজিয়া ঘুতে পাক করিয়া ধানা এপ্তেত হয়। ঐ ভাজা যবের ছাতু ঘুতে পাক করিয়া করন্ত প্রস্তুত হয়। চাউল ভাজিয়া উহার ধই ঘুতে পাক করিয়া পরিবাপ প্রস্তুত হয়। ছুগ্ধে দ্বি মিশাইয়া প্রস্তু। প্রস্তুত হয়। চাউলের পিষ্টকের নাম পুরোডাশ। এই পঞ্ছব্য-সমবিত ব্যঞ্জের নাম হবিপশ্ত ক্রিব্যঞ্জ।

সে অক্ষরপঙ্ক্তি যজ্ঞ দারা সমৃদ্ধ হয়। স্থ, মৎ, পৎ, বক্ ও দে এই [পাঁচ-অক্ষর-যুক্ত] যজ্ঞই অক্ষরপঙ্ক্তি; যে ইহা জানে, সে অক্ষরপঙ্ক্তি যজ্ঞদারা সমৃদ্ধ হয়।

ভৎপরে নরাশংস-পঞ্জির প্রশংসা—"যো বৈ...য এবং বেদ"

যে ব্যক্তি নরাশংসপঙ্ক্তি (পঞ্চনরাশংসযুক্ত) যজ্ঞকে জানে, সে নরাশংসপঙ্ক্তি যজ্ঞ দারা সমৃদ্ধ হয়। প্রাতঃসবনে ছুইটি নারাশংস, মাধ্যন্দিনসবনে ছুইটি নারাশংস, তৃতীয় সবনে একটি নারাশংস থাকে। এইরূপ [পঞ্চ-নরাশংসযুক্ত] যজ্ঞই নরাশংসপঙ্ক্তি। যে ইহা জানে, সে নরাশংসপঙ্কি যজ্ঞ দারা সমৃদ্ধ হয়।

চমদ হইতে সোমপানের পর পুনরায় ঐ চমদ সোমরদপূর্ণ করিয়া রাখিয়া দিলে ঐ চমদ নরাশংদনামক দেবতার উদ্দিষ্ট হয়। তথন ঐ চমদকে নারাশংদ বলে। প্রাতঃদবনে ও মাধ্যন্দিনদবনে ঐ অন্তর্ভান ত্রহীর করিয়া ও ভূতীয় দবনে একবার মাত্র অনুষ্ঠিত হয়। এজন্ত যজ্ঞকে পঞ্চনরাশংদযুক্ত বলা হইল।

তৎপরে পঞ্চ সবনের প্রশংসা---"যো বৈ.....এবং বেদ"।

যে ব্যক্তি পঞ্চনবনবিশিষ্ট যজ্ঞকে জানে, সে সবনপণ্ড্ ক্তিয়জ্ঞ দারা সমৃদ্ধ হয়। উপবস্থ দিবসে পশুকর্মা, [স্থত্যাদিনে] তিন সবন ও [সবনের পরবর্তী] অনুবন্ধ্য পশুকর্মা, এই [পাঁচটির একত্র যোগে] যজ্ঞ পঞ্চনবনবিশিষ্ট। যে ইহা জানে সে সবনপণ্ড্ ক্তিয়জ্ঞ দারা সমৃদ্ধ হয়।

⁽২) হবিস্পঙ্ক্তির (পঞ্চবাদানের) পর হোতা মন্ত্রজণ করেন; সেই জপের আ্রার্ড্র ঐ পাঁচটি অকর উচ্চোরণ করিতে হয়। সম্প্রদারবিদ্গণের মতে এক একটি অকর বংকর বরূপ। স্থারা বংকর পুলিভড়, মৎ দারা প্রহৃত্তি, পৎ দারা সর্ববাদিছ, বক্ দারা সর্ববক্তৃত্ব ও দে দারা ফলদাত্ত ব্রার। সাহণোদ্ধ ত বচন—

[&]quot;এতজ্ঞোত্রপাধ্যক্ত চাদিতোহক্ষরপঞ্চক্। একৈকমক্ষরং চাত্র পরস্ত ব্রহ্মণো বপ্র। ম পুলিতং মৎ প্রস্তুত্ত পৎ সর্ক্রিয়াপি তচ্চ বক্। সর্কৃত্ত বজু ব্রহ্মের দে ফলানাং প্রদার্ভ হুৎ ॥"

স্থাদিনে প্রাতঃকালে মধ্যাহ্নে ও অপরাত্নে তিন সবন বিহিত। তথ্যকীত পুর্বাদিনে যে পশুবাগ হইরাছে ও সবনের পরে যে অন্বন্ধ্য নামক পশুবাগ হয়, ঐ তৃইকেও সবনের স্বরূপ বলিয়া গ্রহণ করিলে সোমবাগে সর্বাসমতে পাঁচটি সবন হয়। সেই হেতু যজ্ঞকে পঞ্চসবনমুক্ত বলা হইল। অনস্তর পুরোডাশ আন্ততির যাজ্যাবিধান ও তৎপ্রশংসা —"হরিবান্……এবং বেদ"।

'হরিবাঁ ইন্দ্রো ধানা অতু পূষণ্যান্ করন্তং সরস্বতীবান্ ভারতীবান্ পরিবাপ ইন্দ্রস্থাপূপঃ"—হরিবান্ (হরি-নামক-অথঘয়যুক্ত) ইন্দ্র ধানা ভক্রণ করুন; পূষণ্যান্ (পশুযুক্ত দেব) করন্ত ভক্রণ করুন; সরস্বতীবান্ ভারতীবান্ দেব পরিবাপ ভক্ষণ করুন; অপূপ (পুরোডাশ) ইন্দ্রের [প্রিয়]—এই মন্ত্র হবিম্পান্তির (পঞ্চ হব্যপ্রদানের) যাজ্যা করিবে। ভিম সকল মন্ত্রে]
খাক্ ও সামই ইন্দ্রের হরিদ্বয় (অথদয়); পশুগণই পূষা (দেহপোষক অন্নস্বরূপ), এইজন্ম করন্তই [পূষণ্যানের]
অন্ন; "সরস্বতীবান্" ও "ভারতীবান্" এন্থলে বাক্যই সরস্কৃতী এবং প্রাণই ভরতা (শরীরভরণহেতু); "পরিবাপ ইন্দ্রস্থাপূপঃ" এন্থলে অন্নই পরিবাপ ও অপূপই (পুরোডাশই) ইন্দ্রিয় সামর্থ্য)। যে ইহা জানে, সে যজমানকে ঐ সকল দেবতার সাযুজ্য, সামীপ্য ও সালোক্য প্রাপ্ত করায় ও শ্রেষ্ঠ

পুরোডাশবাগের পর তৎসহকী স্বিষ্টকৃৎ যাগের যাজ্যা—"হবিরয়ে…… বন্ধভীতি"

⁽৩) এন্থলে চারিটি হব্যের লফ্ট চারিটি মন্ত্রমাত্র বলা হইল। পরস্তাদানের লক্ত পঞ্চ মন্ত্র বলা হইল না। ঐ মন্ত্রশাংশস্থিরে আছে।

^{(°}s) শরীরের ভরণহেতু বলিয়া প্রাণকে ভরত বলা হইল। ভরতের বৃদ্ধি ভারতী। বাগ্র বেষহার ও ভারতী দেবভার উদ্দেশে পরিবাপ বেওয়া হইল।

"হবিরয়ে বীহি"—অহে অগ্নি, হব্য ভক্ষণ কর—এই মন্ত্রকে প্রত্যেক সানে (তিন সবনেই) পুরোডাশসম্বন্ধী স্বিউক্তের যাজ্যা করিবে। অবৎসার (তন্ধামক ঋষি) এই মন্ত্র দ্বারা অগ্নির প্রিয় ধামের সমীপে গিয়াছিলেন ও তিনি পরম লোক জয় করিয়াছিলেন। যে ইহা জানে এবং যে ইহা জানিয়া উক্ত পঞ্চ হব্য দ্বারা নিজের জন্ম যাগ করে ও [পরের অর্থাৎ যজমানের জন্ম] যাগ করে, সে অগ্নির প্রিয় ধামের সমীপে গমন করে ও পরমলোক প্রাপ্ত হয়।

নবম অধ্যায়

প্রথম থণ্ড

বিদেবত্য গ্ৰহ

তৎপরে প্রাতঃসবনে ঐক্সবায়বাদি অন্তান্ত গ্রহ লইয়া সোমান্ততি হয়। তন্মধ্যে ঐক্সবায়বাদি তিনটি দিদেবতা গ্রহ সম্বন্ধে আখ্যায়িকা—"দেবা বৈ উদজ্জরৎ"

পুরাকালে দেবগণ আমি প্রথমে পান করিব, আমি প্রথমে [পান করিব], এইরূপ ইচ্ছা করিয়া রাজা সোমকে কে অগ্রে

⁽১) পূর্ব্যোদরের পূর্বের উপাংগুগ্রহ হইতে ও সুণ্যোদরের পর অন্তর্ধামগ্রহ হইতে সোমাহতি হর। তৎপরে অন্তর্গ অনুষ্ঠানের পর ঐক্রবায়বাদি গ্রহ হইতে আহতি হয়। এথমে ঐক্রবায়ব, পরে শৈত্রাবন্ধণ, পরে আখিন গ্রহের হোম। এই ভিনটি গ্রহ প্রভ্যেকে দ্বই দুই দেবভার উদ্দিষ্ট বলিরা ইংদিগকে বিদেবতা গ্রহ বলে।

পান করিবে, তাহা নিরূপণে দমর্থ হন নাই। তাঁহারা প্রথম পান] সম্পাদনে প্রবৃত্ত হইয়া বলিলেন, আচ্ছা, আমরা [কোন নিদ্দিষ্ট] লক্ষ্য-অভিমুখে দৌড়িব; যে আমাদের মধ্যে জয় লাভ করিবে, সেই প্রথমে সোম পান করিবে। তাহাই হউক, বলিয়া তাঁহারা লক্ষ্যাভিমুখে দৌড়িয়াছিলেন। লক্ষ্যমুখে ধাবনে প্রবৃত্ত তাঁহাদের মধ্যে প্রথমে বায়ু, তৎপরে ইন্দ্র, তৎপরে মিত্র ও বরুণ, তৎপরে অশ্বিদ্বয়, সেই লক্ষ্যন্থলে উপস্থিত হইয়াছিলেন।

সেই ইন্দ্র যখন বুঝিলেন, বায়ুই সকলকে জয় করিলেন, তথন তিনি বায়ুর পশ্চাৎ ধাবিত হইয়া বলিলেন, আমরা উভয়েই একসঙ্গে জয় লাভ করিলাম; [অতএব আমাদের সমান ভাগ হউক]; তথন সেই বায়ু বলিলেন—না, আমিই জয় লাভ করিয়াছি। [ইন্দ্র বলিলেন] আমার তৃতীয় ভাগ হউক, তাহা হইলেই আমাদের [একসঙ্গে] জয়লাভ হইবে। সেই বায়ু বলিলেন—না, আমিই জয় লাভ করিয়াছি। [ইন্দ্র বলিলেন] আমার চতুর্থ ভাগ হউক, তাহা হইলেই আমাদের এক সঙ্গে জয়লাভ হইবে। তাহাই হউক, বলিয়া বায়ু ইন্দ্রকে চতুর্থ ভাগে স্থাপন করিলেন। সেই হেতু বায়ু তিন অংশের ও ইন্দ্র চতুর্থাংশের ভাগী হইয়াছেন।

এইরূপে ইন্দ্র ও বায়ু উভয়ে একসঙ্গে, [তৎপরে] মিত্র ও বরুণ একসঙ্গে, ও [তৎপরে] অশ্বিদ্বয় একসঙ্গে

⁽২) ঐক্রবারব গ্রহ হইতে দোমরদের অর্থ অংশ লইয়া অধ্বর্গু প্রথমে কেবল বায়ুর উদ্দেশে হোম করেন। পরে অন্থ এক্যাংশ বায়ুও ইক্র উভয়ের উদ্দেশে হোম করেন। কাজেই ইক্রের ভার এক্যকুর্থাংশ মাত্র।

জয়লাভ করিয়াছিলেন। তাঁহাদের জয়লাভের [ক্রম-] অমু-সারে এই [সোম] প্রথমে ইন্দ্র ও বায়ুর, পরে মিত্রাবরুণের, পরে অধিষয়ের ভক্নীয় হইয়াছিল।

সেই জন্ম [প্রথমে] ঐন্দ্রবায়ব গ্রহ গ্রহণ করা হয়; তাহাতে ইন্দ্রের ভাগ চতুর্থাংশ। ঋষি তাহাই দেখিতে পাইয়া "নিযুত্ব" ইন্দ্রসার্থিঃ " ওই মন্ত্র বলিয়াছিলেন।

সেই জন্মই আবার ঐ যে ইন্দ্র, তিনি যেন [বায়ুর] সারথি হইয়াই [সোমের চতুর্থাংশমাত্র] পাইয়াছিলেন। এই দৃষ্টান্ত-ক্রমেই একালেও ভরতগণ (যোদ্ধারা) গসত্বগণের (সারথি-দের) বেতন ব্যবস্থা করেন ও সারথিরাও [জয়লক ধনের] চতুর্থ ভাগই [নিজের প্রাপ্য] কহিয়া থাকেন।

দ্বিতীয় খণ্ড দ্বিদেবত্যগ্রহহোম

ছিদেবত্য-গ্রহগুলির প্রশংসা -- "তে বৈ -- ... চাখিন:"

এই যে সকল দিদেবত্য (তুই তুই দেবতার উদ্দিষ্ট) গ্রহ, ইহারা প্রাণস্বরূপ। ঐন্দ্রবায়ব গ্রহ বাক্য ও প্রাণ; মৈত্রা-বরুণ গ্রহ মন ও চকুঃ, আশ্বিন 'গ্রহ শ্রোত্র ও আত্মা।

⁽৩) "শতেনা নো অভিটিভি: নির্কাঁ ইক্রসারখি: বারো: স্বতস্য ক্রিংগতন্।" [ঃ।১৬।২].
এই যন্ত্র উক্রবারবগ্রহহোমে দিথীর যাজ্যাবরূপে ব্যবহৃত হর (নিছে দেখ)। ঐ মন্ত্রের ধৰি
বামদেব। "নিযুদ্ধান্" পদ বারুর বিশেষণ, এতদারা বারুকে ইক্রসারখি—ইক্র বাহার সারখি—
এইরুপ বলিগা বারুর উৎকর্ষ স্থাপনা হইল।

⁽ в) সামণ ভরত শব্দে যোদ্ধা ব্ৰিয়াছেন, "ভর: সংগ্রামন্তং তবন্ধি বিভারমন্তীতি ভরতা যোদ্ধার:।" কিন্তু ভরত অর্থে ভরতবংশীর বীর বুঝাইতেও পারে।

^()) व्यविदात्र हे किहे अर् वादिन अर्।

ঐক্সবারবগ্রহ হোমের যাজ্ঞাত্মবাক্যা যথা—তক্ত.....বিষমং করোতি"।

এই দেই ঐদ্রবায়বের জন্ম কেহ কেহ ছুইটি অনুষ্টুপ্কে পুরোহনুবাক্যা ও ছুইটি গায়ত্রীকে যাজ্যা করেন। এই যে ঐদ্রবায়ব গ্রহ, উহা বাক্যম্বরূপ এবং প্রাণম্বরূপ; এই জন্ম ঐ ছুই ছন্দই উহার পক্ষে যথায়থ।

কিন্তু এইমত আদরণীর নহে। যে যজ্ঞে পুরোহনুবাক্যাকে যাজ্যা অপেকা উৎকৃষ্ট (অধিকাক্ররিশিষ্ট) করা হয়, "সেখানে কর্ম্ম সমূদ্ধ হয় না; যেখানে যাজ্যাই উৎকৃষ্ট হয়, অথবা যেখানে উভয়ই সমান (সমাক্রযুক্ত) হয়, সেখানে কর্ম সমৃদ্ধ হয়। প্রাণের ও বাক্যের মধ্যে যাহার কামনার জন্ম ঐক্রপ (অনুষ্টুপের ও গায়ত্রীর বিধান) করা হয়, ঐক্রপ করিলে সে কামনা বিকল হয়। ইহাতেই (অর্থাৎ সমান করিলেই) সেই কামনা লব্ধ হয়।

পুনশ্চ] যেটি প্রথম পুরোহসুবাক্যা, ° তাহা বায়ুদৈবত, আর যেটি দ্বিতীয়, ° তাহা ইন্দ্র-বায়ু-দৈবত। যাজ্যা ছুইটির পাক্রেও সেইরূপ। ° অতএব যাহা (যে পুরোমুবাক্যা ও

⁽২) কেন না শ্ৰুতান্তরে আছে—"ৰাখা অনুসূপ্" "প্ৰাণো বা গায়ত্ৰী" [সায়ণ]

⁽৩) অসুষ্ঠুভের বাত্রিশ অক্ষর ও গারতীর চিকিশ অক্ষর। পুরোহসুবাক্যাকে বাজ্যার অপেকা অধিক অক্ষরবিশিষ্ট করা উচিত নহে, ইহাই তাৎপর্য্য।

⁽৪) "বারবা যাহি দর্শত" এই কক্ [১।২।১] প্রথম পুরোমুবাক্যা; উহার দেবতা বারু, ছন্দ গায়তী।

⁽ ৫) "ইক্সবায়ু ইনে স্বতাঃ" এই ঝক্ [১।২।৪] বিতীন পুনোসুবাক্যা ; উহার দেবতা ইক্স ও বারু, ছল গানতী।

⁽ ৬) ''ৰাগ্ৰং পিবা মধুনাং [৪।৪৬।১] প্ৰথম বাজ্যা; উহার দেবতা বহু, ছন্দ গার্কী। ''শতেনা লো অভিটিভি:''[৪।৪৬।২] বিভীয় বাজ্যা ; উহার দেবতা ইক্র ও বাহু, ছন্দ গার্কী।

যে যাজ্যা) বায়ু-দৈবত, তদ্বারা প্রাণই কল্পিত (স্বব্যাপারসমর্থ) হয়; কেন না বায়ুই প্রাণ। আর যাহা (যে পুরোহনুবাক্যাও যে যাজ্যা) ইন্দ্র-বায়ু-দৈবত, তাহাতে যে ইন্দ্র-সম্বন্ধী পদ আছে, তদ্বারা বাক্যই কল্পিত (সমর্থ) হয়; কেননা বাক্যইন্দ্রসম্বন্ধী। যে ব্যক্তি যজ্ঞে [অনুবাক্যাকে ও যাজ্যাকে] বিষম (বিষমাক্রয়ুক্ত) না করে, 'সে প্রাণে ও বাক্যে যে ফল, সেই ফলই প্রাপ্ত হয়।

তৃতীয় খণ্ড

সোমপান

ছিদেবতা সোমরস একটি পাত্রে গৃহীত হয়, কিন্তু হুই পাত্রে আছত হয় যথা— "প্রাণা বৈ-----ছম্ম্ম"।

দ্বিদেবত্য গ্রহগুলি প্রাণম্বরূপ ও তাহারা এক এক পাত্রে গৃহীত হয়, এই জন্ম প্রাণসকলের একই নাম (শ্রোত্রাদির সাধারণ নাম প্রাণ)। আর ছই ছই পাত্রে উহাদের আহুতি হয়, সেই জন্য প্রাণসকল দ্বন্দ্রপ্রে

ঐক্সবায়ব মৈত্রাবরুণ ও আখিনগ্রহের প্রত্যেকটি ছই ছই দেবতার উদ্দিষ্ট। দেবতাযুগলের উদ্দিষ্ট সোমরস প্রথমে একই পাত্রে গৃহীত হয়। পরে তাহা

⁽ १) বাজা। ও অমুবাকা। উভঃত্রই গায়ত্রী বিহিত হইল।

^{(&}gt;) এছলে বাক্য শ্রোত্র চকুঃ প্রভৃতিকেও প্রাণ বলা হটরাছে। পূর্বাণও দেব।

⁽২) চকু: কৰ্ণ প্ৰভৃতি ইক্ৰিঃ যাহাকে এখাৰে আৰু বলা হইতেছে, তাহা ক্ষোড়া ক্ষোড়া; বেষৰ ছুই চোধ ছুই কাৰ ইভালি।

ছই ভাগ করিয়া ছই পাত্রে রাধিয়া আছতি দেওয়া হয়। বে পাত্রে প্রথমে গৃহীত হইয়াছিল, অধ্বয়া সেই পাত্র হইতেই আছতি দেন। প্রতিপ্রস্থাতা দিতীয় পাত্র হইতে লইয়া আছতি দেন। গ্রহণকালে একটি পাত্রের ও হোমকালে ছইটি পাত্রের ব্যবহারের তাৎপর্য্য বুঝান হইল।

তৎপরে হোতা হতাবশিষ্ট গ্রহ হইতে সোমপান করিবেন, তিৰিবন্ধে মন্ত্র "ষেনৈব···...ভত্পহবয়তে"।

অধ্বযুঁয় যে যজুর্মন্ত্র দারা [°] [হুতাবশিষ্ট গ্রহ] হোতাকে প্রদান করেন, হোতাও সেই মন্ত্রে উহা গ্রহণ করেন।

"এষ বস্থঃ পুরুবন্থরিহ বস্থঃ পুরুবস্থর্শনির বস্থঃ পুরুবস্থ-ব্বাক্পা বাচং মে পাহি" ' এই মন্ত্রে ঐন্দ্রবায়ব [গ্রহশেষ] হোতা ভক্ষণ করেন।

[মদ্রের অবশিষ্ট ভাগ] "আমি প্রাণের সহিত বাক্যকে আহ্বান করিয়াছি; বাক্য প্রাণের সহিত আমাকে অনুজ্ঞা করুক। দেবোৎপন্ন, তনুপালক, তনুসম্বন্ধী, তপোজাত ঋষি-গণকে আমি আহ্বান করিয়াছি। দেবোৎপন্ন, তনুপালক, তনু-সম্বন্ধী, তপোজাত ঋষিগণ আমাকে অনুজ্ঞা করুন।"

এই মন্ত্রে প্রাণসকলই দেবোৎপন্ন, তনুপালক, তনুসম্বন্ধী, তপোজাত ঋষি; এতদ্বারা তাঁহাদিগকেই অনুজ্ঞা করা হয়।

⁽৩) শ্রুভান্তরে—"ব্রহ্মবাদিনো বদন্তি কল্মাৎ সন্ত্যাৎ একপাত্রা বিদেবত্যা গৃহান্তে বিপাতা হুরতে ইতি। বদেকপাত্রা গৃহতে তল্মাদেকোহস্তরতঃ প্রাণ:, বিপাত্রা হুরতে তল্মাদেকী বৌ বহিঠাঃ প্রাণাঃ:"

^(8) অধ্বর্গ এই এহণ করিয়া "মরি বস্তঃ পুরুবস্তঃ" এই মন্ত্রে হোতাকে দান করেন। হোতা ঐ মন্ত্রে উহা দক্ষিণ উরুতে রাখিয়া ছুই হত্তে এহণ করিয়া পরবর্তী মন্ত্রে পান করেন।

⁽१) এব এক্রবায়ন এব:। বহু: নিবাসহেতু:। পুরুবহু: প্রভূতনিবাসহেতু:। ইহ অস্মিন্ ক্রেকে। বাক্পা বাচ: পালয়িত।। (সারণ) এই পদগুলি এক্রবায়ন এক্রের বিশেষণ।

তৎপরে মৈত্রাবরুণ গ্রহের ছতশেষপান মন্ত্র—"এষ...উপছবয়তে"।

"এষ বস্থবিদ্বন্ধরিই বস্থবিদ্বন্ধর্ম রি বস্থবিদ্বন্ধশ্চক্ষুপ্পাশ্চক্ষ্মে পাহি" এই মন্ত্রে হোতা মৈত্রাবরুণ [-গ্রহশেষ] ভক্ষণ
করেন। [মন্ত্রের পরভাগ] "আমি মনের সহিত চক্ষুকে
আহ্বান করিয়াছি। চক্ষু মনের সহিত আমাকে আহ্বান
করুক। দেবোৎপন্ন, তন্মুপালক, তন্মুসম্বন্ধী, তপোজাত ঋষিগণকে আমি আহ্বান করিয়াছি। দেবোৎপন্ন, তন্মুপালক, তন্মুসম্বন্ধী, তপোজাত ঋষিগণ আমাকে অনুজ্ঞা করুন।" এই মন্ত্রে
প্রাণসকলই (চক্ষু ও মনই) দেবোৎপন্ন, তন্মুপালক, তন্মুসম্বন্ধী, তপোজাত ঋষি; তাহাদিগকেই এতদ্বারা আহ্বান
করা হয়।

তংপরে আশ্বিনগ্রহশেষপানমন্ত্র—এষ বস্থ… • উপবেয়তে"

"এষ বহুঃ সংযদস্থরিহ বহুঃ সংযদস্থায়ি বহুঃ সংযদস্থ শ্রোত্রপাঃ শ্রোত্রং মে পাহি" এই মন্ত্রে হোতা আখিন (অখিদ্বয়ের উদ্দিষ্ট) [-গ্রহশেষ] ভক্ষণ করেন। [মন্ত্রের শেষভাগ] "আমি আত্মার সহিত শ্রোত্রকে আহ্বান করিয়াছি। শ্রোত্র আত্মার সহিত আমাকে অনুজ্ঞা করুক। আমি দেবোৎপন্ন, তনুরক্ষক, তনুসম্বন্ধী, তপোজাত ঋষিগণকে আহ্বান করিয়াছি। দেবোৎপন্ন, তনুরক্ষক, তনুসম্বন্ধী তপোজাত ঋষিগণ আমাকে অনুজ্ঞা করুন।" এম্বলে প্রাণ-সকলই (অর্থাৎ শ্রোত্র ও আ্রা) দেবোৎপন্ন, তনুরক্ষক,

⁽৬) বিশ্বদ্বস্থ: জ্ঞানপূর্ব্বক্নিবাসহেতু:। মৈত্রাবরুণ গ্রহের বিশেষণ।

⁽ ৭) সংবদ্ধস্থ: নিয়তনিবাসছে ছু:। আবিনগ্রের বিশেষণ।

তমুসম্বন্ধী, তপোজাত ঋষি। এতদ্বারা তাঁহাদিগকেই আহ্বান করা হয়।

গ্রহ-শেষপানের নিয়ম—"পুরস্তাৎ……শৃণৃ স্তি"

[হোতা] পূর্ববৃথী হইয়া ঐন্দ্রবায়ব গ্রন্থ সাথায়া ভক্ষণ করেন; সেই জন্ম প্রাণ ও অপান সন্মুখে থাকে। [সেই-রূপ] পূর্ববৃথী হইয়া মৈত্রাবরুণ গ্রন্থ রাখিয়া ভক্ষণ করেন; সেইজন্ম চক্ষু তুইটিও সন্মুখে থাকে। আর আশ্বিন গ্রহকে সকল দিকে ঘুরাইয়া (শিরঃ প্রদক্ষিণ করিয়া) গ্রহণের পর ভক্ষণ করেন; সেইজন্য মনুষ্যগণ ও পশুগণ [শ্রোত্রবারা] সকলদিক্ হইতেই কথিত বাক্য শুনিয়া থাকে।

চতুর্থ খণ্ড

দ্বিদেবত্য গ্রহহোমমন্ত্র

ছিদেবত্যগ্রহহোমে যাজ্যাপাঠের সময় হোতা নিখাস গ্রহণ করিবেন না যথা—
"প্রাণা……অব্যবচ্ছেদায়"।

দ্বিদেবত্য গ্রহগুলি প্রাণস্বরূপ; এজন্য শ্বাস না লইয়াই দ্বিদেবত্যহোমে যাজ্যাপাঠ করিবে; তাহাতে প্রাণসকলের সম্ভতি ঘটে ও প্রাণসকলের অবিচ্ছেদ ঘটে।

যাজ্ঞার পর অন্নবষট্কারনিষেধ—"প্রাণা বৈ…অন্নবষট্ কুর্যাণে" দ্বিদেবত্যগ্রহগুলি প্রাণস্বরূপ; দ্বিদেবত্যসকলের [হোমে]

⁽ १) শাখান্তরে—"বাখা ঐক্রবারবন্চকুমৈ আবরণঃ শ্রোত্রমাখিনঃ পুরস্তাদৈক্রবারবং ভক্ষরতি ভন্মাৎ পুরস্তাদ্বাচা বদতি পুরস্তামৈ আবরণং তন্মাৎ পুরস্তাচকুষা পঞ্চতি সর্ববিতঃ পরিহার-মাখিনং তন্মাৎ সর্বতঃ শ্রোত্রেণ শূণোতি^ক।

শকুবধট্কার করিবে না। যদি দিদেবত্যসকলের [হোমে]
শকুবধট্কার করা হয়, তাহা হইলে অসমাপ্ত প্রাণসকলের
সমাপ্তি করা হয়; কেন না এই যে অকুবধট্কার, ইহাই
সমাপ্তি; সে সময়ে যদি কেহ ঐ [অকুবধট্কারী] হোতাকে
বলে, এ ব্যক্তি অসমাপ্ত প্রাণসকলের সমাপ্তি করিয়াছে, প্রাণ
ইহাকে ত্যাগ করিবে, তাহা হইলে তাহা অবশ্যই ঘটে।
সেই জন্য দিদেবত্যগণের [হোমে] অকুবধট্কার করিবে না।
ঐক্রবায়ব গ্রহহোমে আগু: সম্বন্ধে বিধান—"তদাহ: অবাগু:"

এ বিষয়ে [ব্রহ্মবাদীরা] প্রশ্ন করেন, মৈত্রাবরুণ (হোতার সহকারী) ছইবার আগৃঃ উচ্চারণ করিয়া [হোতাকে] ছই-বার [যাজ্যাপাচার্থ] প্রেষণা (অনুজ্ঞা) করেন, কিন্তু হোতা একবারমাত্র আগৃঃ উচ্চারণ করিয়া ছইবার বষট্কার করেন; এন্থলে হোতার [দ্বিতীয় যাজ্যাপাচে] কোন্ মন্ত্র আগৃঃ হয় ? '

(১) মৈত্রাবরণ প্রৈষ্মন্ত্র দারা আহ্বান করিলে হোডা যাজ্যা পাঠ করেন। "হোডা বক্ষং"
এই আগৃং দারা প্রৈষ্মন্ত্রের আরম্ভ হর ও "হোডগ্রুল"—হোডা, তুমি যাজ্যা পাঠ কর—বলিয়া শেব
হয়। ঐপ্রবায়বহামে ছই যাজ্যা। ছই যাজ্যার জক্ষ প্রেষ্মন্ত্রও ছইটি। মৈত্রাবরণ ছইবারই "হোডা
ফক্ষং" বলিয়া প্রেষ্ঠ আরম্ভ করেন। উহাই ওাহার পক্ষে আগৃং উচ্চারণ। হোডা "বে যজামহে"
এই আগৃং উচ্চারণ করিয়া বাজ্যা পাঠ করেন ও পরে "বোষট্" উচ্চারণ করিয়া বয়ট্কার দারা
শাল্যা শেষ করেন। এইস্থলে বিশেষ বিধি দারা ছই যাজ্যার পূর্ব্বে একবারমাত্র "বে যজামহে"
(আগৃং) বলা হয়, কিন্তু "বোষট্" উচ্চারণ ছই যাজ্যার পর ছইবারই হয়। দিতীয় যাজ্যার পূর্ব্বে
"যে যজামহে" বলা হয় না, তবে দিতীয় যাজ্যার আগৃং কি হইল, তাহাই জিজ্ঞান্ত। মৈত্রাবর্ত্রণাঠা
প্রৈমন্ত্রমন্ত্র "হোতা যক্ষদ্বামুম্বোগাং" ইত্যাদি ও "হোডা যক্ষদিন্ত্রবায় অহন্তা" ইত্যাদি—এই
ছই মত্রেই "হোতা যক্ষণ্ এই আগৃং দারা প্রেষ্ঠ আরম্ভ হইয়াছে। "অগ্রং পির মধ্নাম্" ইত্যাদি
মন্ত্রম হোতুপাঠ্য যাজ্যা। ঐ ছই যাজ্যা পাঠকালে হোডা দারগ্রহণ করিতে পান না, এইজক্স
কেবল আরম্ভে একবার মাত্র যে বজামহে এই আগুরুচ্চারণ বিহিত। উক্তরূপ বিধান কেবল
ঐক্রাবরণ হোমেই আছে। মৈত্রাবর্ত্রণ ও আহিনগ্রহের পক্ষে একটি থৈব, একটি নাজ্যা ও একটি
বিষট্ কার বিহিত। (আবং প্রাৎ শ্রা- স্পৃত্র হার)

[তাহার উত্তর]—দিদেবত্য গ্রহগুলি প্রাণস্বরূপ; এবং আগৃঃ ("যে যজামহে" এই বাক্য) বজ্রস্বরূপ; সেই জন্য এন্থলে হোতা যদি [ছুই যাজ্যার] মধ্যস্থলে আগৃঃ উচ্চারণ করেন, তাহা হইলে আগৃঃস্বরূপ বজুদ্বারা যজমানের প্রাণনাশ করা হয়। যদি কেহ সেম্থলে সেই হোতাকে বলে, এই ব্যক্তি আগৃঃস্বরূপ বজ্রদ্বারা যজমানের প্রাণ নই করিয়াছে, অতএব প্রাণ ইহাকে পরিত্যাগ করিবে; তাহা হইলে অবশ্যই তাহা ঘটে। সেই জন্য হোতা এম্থলে [ছুই যাজ্যার] মধ্যস্থলে আগৃঃ উচ্চারণ করিবে না।

আবার মৈত্রাবরণ যজ্ঞের মন, হোতা যজ্ঞের বাক্য; মন কর্তৃক প্রেরিত হইয়াই বাক্য কথিত হয়। অন্যমনক্ষ হইয়া যে বাক্য বলা হয়, উহা অস্ত্রোচিত; সেই বাক্য দেব-গণের প্রিয় নহে। সেই জন্য এ স্থলে মৈত্রাবরুণ যে ছুইবার আগৃঃ ("হোতা যক্ষৎ" এই বাক্য) উচ্চারণ করেন, তাহাই হোতারও [দ্বিতীয়] আগৃঃ হইয়া থাকে।

পঞ্চম খণ্ড

ঋতুগ্ৰহহোম

ঐক্রবারব, মৈত্রাবঙ্গণ, আখিন এই তিনটি দিদেবতা গ্রহ। উহাদের আছতির পর শুক্র, মন্ত্রী, আগ্রয়ণ, উক্থ এই চারিটি গ্রহ হইতে হোম হয়। তৎপরে দাদশ শত্রহ হইতে সোমাহতি হয়। তৎকালে প্রযুক্ত মন্ত্রের নাম
শত্র্যাক্ত। এন্থলে দাদশশত্রহেযাগের প্রস্তাব হইতেছে যথা—"প্রাণা বৈ
অব্যবচ্ছেদায়"।

ঋতুযাজসকল প্রাণস্বরূপ; সেইজন্য এই যে ঋতু-যাজ দ্বারা অনুষ্ঠান হয়, তাহাতে যজমানে প্রাণ সকলেরই স্থাপনা হয়।

"ঋতুনা" ইত্যাদি মন্ত্রদারা [প্রথম] ছয়টি যজন হয়।' তাহাতে যজমানে প্রাণকেই স্থাপন করা হয়। "ঋতুভিঃ" ইত্যাদি মন্ত্রদারা [তৎপরবর্তী] চারিটি যাগ হয়; তাহাতে যজমানে অপানকেই স্থাপন করা হয়। "ঋতুনা" ইত্যাদি মন্ত্রদারা

(১) চৈত্রমাস হইতে আরম্ভ করিয়া ফাস্কুন পর্যান্ত বারমাসের উদ্দেশে বারটি ঋতুগ্রহ বিহিত (ঐ বারটি ঋতুগ্রহ ব্যতীত অধিমাস বা মলমাসের উদ্দেশে আরও একটি ঋতুগ্রহ লওরা ইচ্ছাধীন।) ঋতুবাজের সমর মৈত্রাবরণ একাকী বাদশাক্ষর প্রেবমন্ত বারা অক্সান্ত ঋতিক্দিগকে বাজ্যাপাঠে আহ্বান করেন। বাজ্যাপাঠকারী ঋতিক্দিগের ও বাজ্যার উদ্দিষ্ট দেবতার নাম বধাক্রমে দেওয়া গেল—

১ম	अञ् या ज	হোতা	हे ख
২য়		শোতা	মক্লগণ
৩য়		নেষ্টা	ছষ্টা ও দেবপদ্মীগণ
:4	•	আগ্নীপ্র	অগ্নি
• 4	**	<u>রাহ্মণাচ্ছংদী</u>	ইন্দ্ৰ বন্ধা
*8	•	মৈতাৰকণ	মিতাবরূণ
1 ম	•	হোতা	त्मव अविर्णामाः
৮ম	•	পোতা	B
27	•	(नहें।	3
১•ম		অচ্ছাবাক	J
33 m	•	হো তা	অ বিষয়
ડર મ	•	হোডা	অগি গৃহপতি

প্ৰথম ঋত্ৰালে হোতৃপাঠ্য ৰাজ্যামত্ৰ "বে বজামহে ইক্ৰং হোত্ৰাৎসজু দিব আ পৃথিব্যা ঋতুনা সোমং পিবতু।" এই মত্ৰে ও পরবর্ত্তী পাঁচটি মত্ৰে "ঋতুনা সোমং পিবতু" এই বাক্য আছে। তৎপর-বর্ত্তী (৭ হইতে ১০) চারিটি মত্রে "ঋতুভিঃ সোমং পিবতু" এই বাক্য আছে ও তৎপরবর্ত্তী (১১— ১২) ছুইটি মত্রে পুনরার "ঋতুনা সোমং পিবতু" এই বাক্য আছে। [তৎপরবর্তী] শেষে যে ছুইটি যাগ হয়, তাহাতে যজমানে ব্যানকেই স্থাপন করা হয়। এই সেই প্রাণ, প্রাণ অপান ব্যান এই তিন রূপেই বর্ত্তমান। সেইজন্য "ঋতুনা" "ঋতুভিঃ" "ঋতুনা" ইত্যাদি [তিনটি পদে আরক্ষ] মন্ত্র-দারা যে যাগ হয়, ইহাতে প্রাণসকলেরই সন্ততি ঘটে ও প্রাণ সকলেরই অবিচ্ছেদ ঘটে।

পতুষাগে অমুবষট কার নিষেধ যথা—প্রাণা বৈ অমুবষট কুর্যাৎ"

ঋতুযাজসকল প্রাণস্বরূপ, ঋতুযাজে অনুব্যট্কার করিবে না।
কেন না ঋতুসকল একের পর একটি বর্ত্তমান বলিয়া সমাপ্তিরহিত। যদি ঋতু যাগে অনুব্যট্কার করা হয়, তাহা হইলে
সমাপ্তিরহিত ঋতুগণকে সমাপ্তিযুক্ত করা হয়। কেন না, এই
যে অনুব্যট্কার, ইহাই সমাপ্তি। যদি কেহ এম্বলে সেই
হোতাকে বলে, এই ব্যক্তি সমাপ্তিরহিত ঋতুগণকে সমাপ্তিযুক্ত করিয়াছে, এ ব্যক্তি ছঃযম (সাম্যাবস্থাচ্যুত বা অম্বন্থ)
হইবে, তাহা হইলে তাহা অবশ্যই ঘটে। সেই জন্য ঋতুযাজে অনুব্যট্কার করিবে না।

ষষ্ঠ থপ্ত

পুরোডাশভক্ষণ-—দ্বিদেবত্যগ্রহ

সবনীয় পুরোডাশ অমুষ্ঠানের পর ইজার আহ্বান বিহিত হইয়াছে। তৎ-পরে দ্বিদেবত্য গ্রহহোম ও তদবশেষ ভক্ষণ বিহিত হইয়াছে। এক্ষণে ঐ ইড়াহ্বান ও গ্রহভক্ষণের পৌর্বাপর্য্যবিচার'—"প্রাণা···· দধাতি"

(১) প্রকৃতিযক্তে বিষ্টকৃৎ বাধের পর বল্পমান ও ক্ষত্তিক্পণ ইড়াভক্ষণ করেন। আহতির

দিদেবত্য গ্রহগুলি প্রাণস্বরূপ ও পশুগণই ইড়া।
দিদেবত্যগুলি ভক্ষণ করিয়া ইড়ার আহ্বান করা হয়। পশুগণই ইড়া; পশুগণকেই তদ্বারা আহ্বান করা হয়, এবং
যজমানে পশুগণেরই স্থাপনা হয়।

তৎপরে অবাস্তরেড়া ও হোতৃচমদ উভয় ভক্ষণের পৌর্ব্বাপর্য্য—"তদাহু:...

য এবং বেদ"

এ বিষয়ে [ব্রহ্মবাদীরা] বলেন, পূর্ব্বে অবাস্তরেড়া ভক্ষণ করিবে, না হোতৃচমদ (তৎস্থিত সোমরদ) ভক্ষণ করিবে ? [উত্তর] প্রথমে অবাস্তরেড়াই ভক্ষণ করিবে; তৎপরে হোতৃচমদ ভক্ষণ করিবে।

যদি দিদেবত্যসকল পূর্বের ভক্ষণ করা হয়, তাহা হইলে পেয় সোমকে পূর্বেই ভক্ষণ করা হয়; সেই জন্ম পূর্বের অবাস্তরেড়া ভক্ষণ করিবে, পরে হোত্চমস ভক্ষণ করিবে। তাহা হইলে [ইড়ার] উভয়দিক্ হইতেই সোমপানদ্বারা 'ভক্ষণীয় অন্ধ গ্রহণ করা হয় ও ভক্ষণীয় অন্ধ গ্রহণ ঘটে।

পর প্রেডাশাদির বাহা অবশিষ্ট থাকে, তাহাই সকলে ভাগ করিয়া ভক্ষণ করেন। হোতা নিজের জক্ষ তুই ভাগ হাতে লইয়া মন্ত্র বারা ইড়ার আহ্বান করেন। হোতৃহত্তগৃহীত ঐ তুই ভাগের নাম অবাস্তরেড়া। ইড়ার আহ্বানের পর হোতা অবাস্তরেড়া ভক্ষণ করেন ও পরে বন্ধমান ও ধন্ধিকেরা সকলে আপন আপন ইড়াভাগ ভক্ষণ করেন। এছলে সোমবাগের বিদেবত্য এহের অবশেব, সবনীর প্রোডাশের অবশেব (ইড়া) ও চমসন্থিত সোম, এই তিন জ্বা ভক্ষণ বিহিত। ধন্ধিকেরা ঐক্রবায়ব মৈত্রাবরূপ ও আধিন, এই তিন বিদেবত্য গ্রহভক্ষণ করিলে পর ইড়ার আহ্বান হয়। তৎপরে হোতা অবাস্তরেড়া ভক্ষণ করিলে বন্ধমান ও ঝন্ধিকেরা ইড়া ভক্ষণ করেন। এই ইড়া ভক্ষণের পর অক্স কতিপর অমুঠান সম্পাদিত হইলে পর হোতা নিজের চমস (হোতৃ-চমস) হইতে সোমরস ভক্ষণ করেন; পরে তিনি অন্তের চমস হইতে ভক্ষণ করেন এবং বন্ধমান ও অন্ত ক্ষিকেরাও চমস হইতে ভক্ষণ করেন এবং বন্ধমান ও

⁽२) ইড়াভক্ষণের পূর্বেই দিদেবতাগ্রহ হইতে সোমপান হইয়াছে, এবং ইড়াভক্ষণের পরেও চম্স হইতে সোমপান হইল। অভএব ইড়ার উভর্দিক্ হইতেই সোমপান করা হইল।

দ্বিদেবত্যগুলি প্রাণম্বরূপ ও হোত্চমদ আত্মার স্বরূপ।
দ্বিদেবত্যগ্রহের [সোম-] বিন্দুসকল হোত্চমদে নিক্ষেপ করা
হয়। এতন্থারা প্রাণসকলকেই আত্মাতে নিক্ষিপ্ত করা হয়;
সে (হোতা স্বয়ং) পূর্ণায়ু হয় ও [যজমানেরও] পূর্ণায়ুক্ষতা
ঘটে। যে ইহা জানে, সে পূর্ণ আয়ু লাভ করে।

সপ্তম খণ্ড তৃষ্ণীংশংস

ভূঞীংশংসসম্বন্ধে আখ্যায়িকা' দেবা বৈ.....এবং বেদ"

পুরাকালে দেবগণ যজ্ঞে যে যে [অনুষ্ঠান] করিয়া-ছিলেন, অস্থরেরাও তাহাই করিয়াছিল। তাঁহারা (উভয়েই)

⁽১) ঋতুগ্রহ হইতে সোমাত্তির ও সোমপানের পর হোতার সম্মুখে উপবিষ্ট অধ্বর্ত পরাজ্ব ছইরা বনেন। তখন হোতা ''হু মং পদ্ বগ্ দে (১৮৫ পৃষ্ঠ দেখ) পিতা মাতরিখা চিছ্ফাপদাধাদ-क्टिट्डाक्था करतः भःत्रन् त्यात्मा वियविज्ञीया नित्नवम् दृश्म्भाजिकक्थाममानि भःगिरवांभागूर्वियायु-বিষমায়ু: ক ইনং শংসিব্যতি স ইনং শংসিঘাতি" এই মন্ত্র জপাত্তে অভিহিন্ধার (হ এই শব্দ উচ্চারণ) না করিঃ।ই "শোংসাবোম" এই বাক্যে অধ্বর্গুকে উচ্চৈ:ম্বরে আহ্বান করেন। তৎপরে "ওঁ ভুরগ্নির্জ্যোতি: জ্যোতিরগ্নি:" এই মন্ত্র মনে মনে অবিরাম জপ করেন। ইহার নাম তুকীং শংস। শংস শব্দের অর্থ প্রশংসা; শংসনশব্দে তদর্থ মন্ত্রপাঠ। শক্ত শব্দের অর্থ, বন্ধারা শংসন হয়, সেই ঋকু। "শোংসাবোন্" এই বাক্য দারা অধ্বয়ু্রিক আহ্বান হয় বলিয়া উহার নাম আহাব। আহাবের পর ও ভূরগ্নি:" ইত্যাদি ভূঞীংশংস অপ প্রাতঃসবনে বিহিত। মাধ্যন্দিন ও ভূতীয়সবনেও এরপ আহা-বান্তে তৃকীংশংস লপ বিহিত আছে। সেহলে "ওঁ ভূরগ্নি:" ইত্যাদির পরিবর্তে "ওঁ ইল্রো জ্যোতি-ভূবো ল্যোতিরিল্র:" এবং "ও" পূর্বোজ্যোতির্জ্যোতিঃ স্বঃ পূর্ব্য:" এই ছুই মন্ত্র বথাক্রমে উপাংশু (মনে মনে) লপ করা হয়। হোতা "শোংদাবোম্" এই আহাবমন্ত্রে অধ্বর্যুকে আহ্বান করিলে অধ্বর্যু "শোংসামো দেব" এই উত্তর দেন: অধ্বর্গক্ষিত এই প্রত্যুক্তিমন্ত্রের নাম প্রতিগর। প্রতিংগ্রন মাধান্দিন সবন ও তৃতীয় সবন, ঐ তিন অনুষ্ঠানেই কতিপয় শল্প পাঠ বিহিত। কোনম্বলে হোতী, কোণাও বা মৈত্রাবরণ, ত্রান্ধণাচ্চংনী অথবা অচ্ছাবাক শস্ত্র পাঠ করেন। প্রত্যেক শস্ত্রপা^{চ্ছে}র পূর্বেই আহাবোচ্চারণ বিহিত। (সাম- শ্রে)- স্থ- ৫।৯)

সমানবীর্য্য হইলেন; কেহ [অন্সের অপেক্ষা] নিরুষ্ট হইলেন না। তদনস্তর দেবগণ এই তৃষ্টীংশংস (তন্নামক মন্ত্র) দর্শন করিলেন। ইহাদিগের সেই তৃষ্টীংশংস [উচ্চস্বরে পঠিত না হওয়ায়] অস্থরেরা তাহার অনুসরণ করিতে পারে নাই। কেন না এই যে তৃষ্টীংশংস, ইহা তৃষ্টীস্তাবেই (মনে মনেই) পঠিত হয়।

দেবগণ অস্ত্ররগণের প্রতি যে যে বন্ধ প্রয়োগ করিয়াছিলেন, তাঁহাদের সেই সেই বন্ধ্রেরই অস্তরেরা প্রতীকার করিয়াছিল। তদনন্তর দেবগণ এই ভূফীংশংসরূপ বন্ধ্র দর্শন করিয়াছিলেন ও তাহাই উহাদের প্রতি প্রয়োগ করিয়াছিলেন। অস্তরেরা তাহার প্রতীকার করিতে পারে নাই। দেবগণ তাহাই উহাদিগের প্রতি প্রহার করিয়াছিলেন এবং তাহার প্রতীকার না হওয়ায় তদ্বারা উহাদিগকে বধ করিয়াছিলেন। তখন দেব-গণ জয় লাভ করিলেন এবং অস্ত্রেরা পরাভূত হইল।

যে ইহা জানে, তাহার দ্বেষকারী ও অনিষ্টকারী শক্ত পরাভূত হয়।

সেই দেবগণ, আমরা জয়ী হইয়াছি, মনে করিয়া যজ্জ বিস্তার করিয়াছিলেন। ইঁহাদের যজ্জের বিদ্ন করিব, এই বলিয়া অস্তরেরা সেই যজ্জের নিকট আসিয়াছিল। দেবগণ তাহা-দিগকে চারিদিক্ হইতে উদ্ধতভাবে সমীপস্থ হইতে দেখিয়া-ছিলেন। তাঁহারা বলিলেন, আমরা এই যজ্ঞ শীঘ্র সমাপ্ত করিব, [তাহা হইলে] অস্তরেরা আমাদের যজ্ঞ নম্ট করিতে পারিবে না। তাহাই হউক বলিয়া, তাঁহারা সেই যজ্জকে ভৃষ্ণীংশংসে শীন্ত্র সমাপ্ত করিয়াছিলেন। "ভূরগ্নিজেনাতিজেনাতিরগ্নিঃ" এই মন্ত্রে (ভূফীংশংসের এই ভাগে) আজ্য শস্ত্র ও প্রউগ শস্ত্রকে[°] সমাপ্ত করিয়াছিলেন। "ইন্দ্রো জ্যোতির্ভ বো জ্যোতি-রিন্দ্রঃ" এই মন্ত্রে নিক্ষেবল্য ও মরুত্বতীয় শস্ত্র সমাপ্ত করিয়া-ছিলেন। "সূর্য্যো জ্যোতির্জ্যোতিঃ স্বঃ সূর্য্যঃ" এই মন্ত্রে বৈশ্ব-দেব ও আগ্নিমারুত শস্ত্র সমাপ্ত করিয়াছিলেন। এইরূপে দেই [ষট্শস্ত্রাত্মক] যজ্ঞকে তৃষ্ণীংশংসে সমাপ্ত করিয়াছিলেন। সেই যজ্ঞকে এইরূপে ভূষ্ণীংশংসে সমাপ্ত করিয়া তদ্ধারা নির্ব্বিল্পে যজ্জসমাণ্ডি পাইয়াছিলেন। সেই জন্ম হোতা যথন ভূফীংশংস জপ করেন, তখনই যজ্ঞ [নির্বিল্লে] সমাপ্ত হয়। ভূফীংশংসজপ হইলে, যদি কেহ এই হোতাকে নিন্দা করে বা শাপ দেয়, তাহা হইলে হোতা তাহাকে বলিবেন—ঐ [শাপ বা নিন্দা] উহাকেই (নিন্দাকারীকে বা শাপদাতাকেই) বিনষ্ট করিবে ; কেন না আমরা অগ্য প্রাতঃকালেই এই যজ্ঞকে ভূফীংশংসে সমাপ্ত করিব ; গৃহাগত ব্যক্তিকে লোকে যেমন [আতিথ্য-] কর্ম-দ্বারা অভ্যর্থনা করে, আমরাও তেমনই এই [মন্ত্রজপ] দ্বারা এই যজ্ঞকে অভ্যর্থনা করিব। যে ব্যক্তি ইহা জানিয়া ভূফীংশংস জপের পর হোতাকে নিন্দা করে বা শাপ দেয়, সে বিনাশপ্রাপ্ত হয়। সেইজন্য ইহা জানিয়া ভূফ্ষীংশংস জপের পর [হোতাকে] নিন্দা করিবে না বা শাপ দিবে না।

⁽২) প্রাতঃসবনে পাঠ্য আজ্য শস্ত্র ও প্রউপ শস্ত্র, মাধ্যন্দিন সবনে পাঠ্য নিজেবল্য ও সরু-ছতীর শস্ত্র এবং তৃতীর সবনে পাঠ্য বৈশ্বদেব শস্ত্র ও আঘিমারত শস্ত্র। এতৎসম্বন্ধে পরে দেখ।

অফ্টম খণ্ড তুফীংশংস

তৃষ্ণীংশংসের পুনঃপ্রশংসা—"চক্ষৃংষি.....শংস্তব্যঃ"

এই যে তৃষ্ণীংশংস, ইহা সবনসকলের চক্ষুংস্বরূপ।
"স্বগ্নিজ্যোতির্জ্যোতিরগ্নিঃ" ইহা প্রাতঃসবনের চক্ষুর্ম;
"ইন্দ্রো জ্যোতির্ভুবো জ্যোতিরিন্দ্রঃ" ইহা মাধ্যন্দিনসবনের
চক্ষুর্ম; "সূর্য্যো জ্যোতির্জ্যোতিঃ স্বঃ সূর্য্যঃ" ইহা তৃতীয় সবনের
চক্ষুর্ম। যে ইহা জানে, সে চক্ষুর্মুক্ত সবনসকল দ্বারা সমৃদ্ধ
হয় এবং চক্ষুর্মুক্ত সবনসকল দ্বারা স্বর্গলোক প্রাপ্ত হয়।

এই যে তৃষ্ণীংশংস, ইহা যজের চক্মুংস্বরূপ। ব্যাহ্নতি ' এক হইয়াও এম্বলে তুইবার উক্ত হইয়াছে; সেইজন্ম চক্ষু (দর্শনেন্দ্রিয়) এক হইয়াও তুইটি (এক জোড়া)।

এই যে তৃষ্ণীংশংস, ইহা যজের মূলস্বরূপ। এই
্যজমান আশ্রয়হীন হউক, ইহা যদি [হোতা] ইচ্ছা করেন,
তবে তাহার যজে তৃষ্ণীংশংস জপ করিবেন না। তাহা
হইলে যজ্ঞও মূলহীন হইয়া পরাভূত হইবে ও পরে
যজমানকেও পরাভব করিবে।

[সেইজন্ম] সে বিষয়ে [ব্রহ্মবাদীরা] বলেন, উহা জপ করাই উচিত। কেন না হোতা যদি ভূফীংশংস জপ না করেন, তাহা হইলে ঋত্বিকের পক্ষেই অহিত হয়। সমস্ত যজ্ঞ ঋত্বিকেই প্রতিষ্ঠিত এবং যজমান যজ্ঞে প্রতিষ্ঠিত; সেইজন্ম উহা জপ করাই উচিত।

⁽১) ভৃ: ভূব: বা: এই তিনটির নাম ব্যাহ্নতি। এছলে ব্যাহ্নতি সঙ্গে থাকার "অগ্নিজে গাতিঃ" ইত্যাদি অংশকেও ব্যাহ্নতি বলা হইল। প্রতিমন্ত্রে ঐ ঐ অংশেরও ছুইবার আবৃত্তি হুইরাছে।

দশম অধ্যায়

প্রথম খণ্ড

আজ্যশস্ত্ৰ

প্রাতঃসবনে আজাশস্ত্রের শংসন হয়; ঐ আজাশস্ত্রের তিন পর্ব্ব, প্রথমে আহাবযুক্ত তৃষ্ণীংশংস, পরে নিবিৎ, তৎপরে স্ফুত। এই তিন পর্বের প্রশংসা যথা—"ব্রহ্ম বৈ ক্>প্রিঃ"

আহাবই ' ব্রহ্ম (ব্রাহ্মণ), নিবিং ' ক্ষত্র (ক্ষত্রিয়) ও সূক্ত ' বৈশ্য । [প্রথমে আহাব দারা] আহ্বান করা হয় ও তৎপরে নিবিদের স্থাপনা হয় ; এতদ্বারা ব্রহ্মেরই (ব্রাহ্মণ-জাতিরই) পশ্চাতে ক্ষত্রিয়কে নিযুক্ত করা হয় । নিবিৎপাঠের পর সূক্তের পাঠ হয় । নিবিং ক্ষত্রিয় ও সূক্ত বৈশ্য ; এতদ্বারা ক্ষত্রিয়েরই পশ্চাতে বৈশ্যকে নিযুক্ত করা হয় ।

এই যজমানকে ক্ষত্রিয়ত্ব হইতে বিযুক্ত করিব, এইরূপ যদি হোতা ইচ্ছা করেন, তবে তাহার পক্ষে নিবিদের মধ্যে সূক্ত পাঠ করিবেন। নিবিদ্ই ক্ষত্রিয় ও সূক্তই বৈশ্য। এতদ্বারা ঐ যজমানকে ক্ষত্রিয়ত্ব হইতে বিযুক্ত করা হয়।

⁽ ১) তৃকীংশংস জপের পূর্ব্বে হোতা "শোংসাবোম্" এই মন্ত্রবারা অধ্বর্যুকে আহ্বান করেন, ঐ মন্ত্রের নাম আহাব। ২০০ প্র দেখ।

⁽२) "अधिर्द्धान्यः" ইত্যाদि वामगंत्रमयुक्त मस्त्रत नाम निविद । निरत २व वक्त स्व ।

[·] ৬) "প্র বো দেবারাগ্নে" ইত্যাদি (৩। ১৩। ১-৭) সাতটি ঋক্যুক্ত স্কল আলাণত্ত্রে পঠিত হয় : এ স্থলে উহাকেই স্কল বলা হইল। নিয়ে ৮ম থও দেখ়।

এই যজমানকে বৈশ্যন্ত হইতে বিযুক্ত করিব, হোতা যদি এইরূপ ইচ্ছা করেন, তবে তাহার পক্ষে সৃক্তের মধ্যে নিবিদ্ পাঠ করিবেন। নিবিদ্ই ক্ষত্রিয় ও সৃক্তই বৈশ্য। এতদ্বারা ঐ যজমানকে বৈশ্যন্ত হইতে বিযুক্ত করা হয়।

এই যজমানের সমস্ত [অর্থাৎ ব্রাহ্মণত্ব, ক্ষত্রিয়ত্ব বা বৈশ্যত্ব] যথাক্রমে স্থরক্ষিত হউক, হোতা যদি এইরূপ ইচ্ছা করেন, তবে তাহার পক্ষে প্রথমে [আহাব দ্বারা] আহ্বান করিবেন, তৎপরে নিবিদ্ আধান করিবেন, তৎপরে সূক্ত পাঠ করিবেন; তাহা হইলে সমস্ত [জাতি] রক্ষিত হইবে। অনস্তর নিবিদের প্রশংসা—"প্রজাপতিবৈ'.....এবং বেদ"

প্রজাপতিই এই জগতের অথ্যে একাকী বর্ত্তমান ছিলেন।
তিনি ইচ্ছা করিলেন, আমি প্রজারূপে উৎপন্ন হইব ও বহু
হইব। এই ইচ্ছা করিয়া তিনি তপস্থা করিলেন। তিনি বাক্য
সংযম করিলেন। সংবৎসর পরে তিনি দ্বাদশবার [বাক্য]
উচ্চারণ করিলেন। সেই বাক্যই এই দ্বাদশপদযুক্ত নিবিদ্
হইল। এই সেই নিবিদ্কেই তিনি উচ্চারণ করিয়াছিলেন।
তাহার পরে সমস্ত ভূতের স্প্তি করিয়াছিলেন। ঋষি তাহা
দেখিয়া "স প্র্বিয়া নিবিদা কব্যতায়োরিমা প্রজা অজনয়ন্
মন্নাম্" — সেই প্রজাপতি প্রথমে আবিস্থ্ ত নিবিদ্ দ্বারা কবিত্ব

⁽ १) क्रम नामक वरि । (७) अकार

(কবি-পদ) পাইয়াছিলেন ও তৎপরে মন্থুগণের ও এই সকল প্রজা উৎপাদন করিয়াছিলেন—এই মন্ত্র উচ্চারণ করিয়াছিলেন।

সেই হেতু যদি দূক্তের পূর্বে নিবিদের আধান হয়, তাহা হইতে প্রজালাভ ঘটে। যে ইহা জানে, দে প্রজাদারা ও পশু দারা [সমৃদ্ধ হইয়া] উৎপন্ন হয়।

দ্বিতীয় খণ্ড

আজ্যশন্ত-নিবিৎ

তৎপরে আজ্ঞাশস্ত্রের অন্তর্গত নিবিদের ব্যাখ্যা। ' ঐ নিবিদের দ্বাদশ পদের এক একটি পদ ক্রমশঃ ব্যাখ্যাত হইতেছে। যথা—"অগ্নিদেবেদ্ধঃ···আয়াতয়তি"

প্রথম পদ] "অগ্নিদে বৈদ্ধঃ" এই [পদ] পাঠ করিবে। ঐ (স্বর্গে অবস্থিত আদিত্যরূপী) অগ্নি দেবগণকর্তৃক ইদ্ধ (প্রদীপ্ত); দেবগণ তাঁহাকে প্রদীপ্ত করেন। এতদ্বারা (ঐ পদের পাঠ দ্বারা) তাঁহাকেই ঐ স্বর্গ-ী লোকে প্রসারিত করা হয়।

[দ্বিতীয় পদ] "অগ্নির্মস্বিদ্ধং" এই পদ পাঠ করিবে। এই [ভূলোকস্থ] অগ্নি মনুগণ (মনুষ্যগণ) কর্তৃক ইদ্ধ ; মনুষ্যেরা উহাকে প্রদীপ্ত করেন। এতদ্বারা এই অগ্নিকেই এই [ভূ-] লোকে প্রসারিত করা হয়।

্তৃতীয় পদ] "অগ্নিঃ স্থমিৎ" এই পদ পাঠ করিবে। বায়ুই স্থমিৎ (স্থাকাশ) অগ্নি; বায়ু স্বয়ং আপনাতে ও

⁽१) মকু অর্থে বৈবৰতাদি মানবজাতির আদিপুরুষ। তাঁহাদের প্রকা অর্থাৎ সন্তান বাজগাদি মকুবা।

^{(&}gt;) बावनगवयुक्त वर्षे निविष् मास्त्रत्र व्यथत नाम भूरताक्रकः। भारत् ३० व्यथाति १ थ्यः सर्थः।

স্বয়ং এই যাহা কিছু [জগতে] আছে, সেই সমস্তকে প্রদীপ্ত করেন। এতদ্বারা বায়ুকেই অন্তরিক্ষলোকে প্রসারিত করা হয়।

[চতুর্থ পদ] "হোতা দেবরতঃ" এই পদ পাঠ করিবে। ঐ [আদিত্য] দেবগণের রত হোতা; উনিই সর্বত্র দেবগণ কর্ত্বক প্রার্থিত। এতদ্বারা তাঁহাকেই সেই [স্বর্গ-] লোকে প্রসারিত করা হয়।

[পঞ্চম পদ] "হোতা মনুর্তঃ" এই পদ পাঠ করিবে। এই [ভূলোকস্থ] অগ্নিই মনুগণের (মনুষ্যগণের) রত হোতা; ইনি সর্বাত্র মনুষ্যগণকর্ত্বক প্রার্থিত। এতদ্বারা এই অগ্নিকেই এই [ভূ-] লোকে প্রসারিত করা হয়।

[ষষ্ঠ পদ] "প্রণীর্যজ্ঞানাম্" এই পদ পাঠ করিবে। বায়ুই যজ্ঞ সকলের প্রণী (প্রণয়নকারী); যখন প্রাণ (নিশ্বাস) গ্রহণ করা হয়, তখনই যজ্ঞ ও অগ্নিহোত্র সম্পন্ন হয়। এতদ্বারা বায়ুকেই অন্তরিক্ষলোকে প্রসারিত করা হয়।

[সপ্তম পদ] "রথীরধ্বরাণাম্" এই পদ পাঠ করিবে। ঐ [আদিত্য] অধ্বরসকলের (যজ্ঞসকলের) রথী; উনি রথীর মতই এখানে (গ্রুলোকে) বিচরণ করেন। এতদ্বারা তাঁহাকেই ঐ [স্বর্গ-] লোকেই প্রসারিত করা হয়।

[অন্টম পদ] "অভূর্ত্তো হোতা" এই পদ পাঠ করিবে। অগ্নিই অভূর্ত্ত (অনতিক্রমণীয়) হোতা ; কেহই [পথমধ্যে] তির্য্যগ্রূপে অবস্থিত অগ্নিকে অতিক্রম করিতে পারে না। এতদ্বারা ইহাকে এই [ভূ-] লোকেই প্রসারিত করা হয়। [নবম পদ] "ভূর্ণিईব্যবাট্" এই পদ পাঠ করিবে। বায়্ই ভূর্ণি (তরণক্ষম বা অতিক্রমণক্ষম) ও হব্যবাট্ (হব্য-বহনকারী); বায়্ই, এই যাহা কিছু আছে, সেই সমস্তকে সহ্য অতিক্রম করেন; বায়ুই দেবগণের উদ্দেশে হব্য বহন করেন। এতদ্বারা বায়ুকেই অন্তরিক্ষলোকে প্রসারিত করা হয়।

দেশম পদ] "আ দেবো দেবান্ বক্ষৎ" এই পদ পাঠ করিবে। ঐ আদিত্য দেবই দেবগণকে [হোমার্থ] আহ্বান করেন। এতদ্বারা তাঁহাকেই ঐ [স্বর্গ-]লোকে প্রসারিত করা হয়।

[একাদশ পদ] "যক্ষদগ্নিদে বো দেবান্" এই পদ পাঠ করিবে। এই অগ্নিদেবই দেবগণের যজন করেন। এতদ্ধারা অগ্নিকেই এই [ভূ-] লোকে প্রসারিত করা হয়।

[দ্বাদশ পদ] "সো অধ্বরা করতি জাতবেদাঃ" এই পদ পাঠ করিবে। বায়ুই জাতবেদাঃ; এখানে যাহা কিছু আছে, তৎসমস্ত বায়ুই করিয়া থাকেন। এতদ্বারা বায়ুকেই অন্তরিক্ষে প্রসারিত করা হয়।

তৃতীয় খণ্ড

আজ্যশন্ত্র—সূক্ত

নিবিদের পর হক্তপাঠের প্রশংসা' যথা—"প্রবো দেবার……কর্ত বৈ" "প্রবো দেবায় অগ্নয়ে" ইত্যাদি [সাতটি] অনুষ্টুপ্

^{(&}gt;) ভূতীর মণ্ডলের অন্তর্গত ত্ররোদশ স্কু আজ্যশন্ত্রে গঠিত হয়। এ স্জেস কৰি বিশানিত্র, হল অনুষ্ঠু প, দেবতা অগ্নি। উহার মধ্যে সাতটি মন্ত্র আছে।

[পাঠ করিবে]। [প্রথম ঋকে] প্রথম ছই চরণের মধ্যে বিচ্ছেদ্র (বিরাম) দিবে; সেই জন্ম [প্রংসঙ্গমকালে] স্ত্রীলোকে উরুদ্বয় বিচ্ছিন্ন করে। [সেই প্রথম ঋকে] শেষ ছই চরণ সংযুক্ত করিবে। সেইজন্ম [স্ত্রীসঙ্গমকালে] পুরুষে উরুদ্বয় যুক্ত করে। তাহারা (উভয়ে মিলিয়া) মিথুন হয়। এই জন্ম উক্থের (আজ্যশস্তের) আরম্ভে এইরূপ মিথুন করা হয়। ইহাতে যজমানের জনন (উৎপত্তি) ঘটে। যে ইহা জানে, সে প্রজাদ্বারা ও পশুদারা [সমৃদ্ধ হইয়া] উৎপন্ন হয়।

"প্র বো দেবায়ায়য়ে" ইত্যাদি অনুষ্টুভের প্রথম ছুই
চরণ বিচ্ছিন্ন করিবে। এতদ্বারা ইহাকে উত্তরভাগে স্থুল বজ্রের
সদৃশ করা হয়। শেষ ছুই চন্দ্রণ সংযুক্ত করিবে। বজ্রের
মূলভাগ সূক্ষা; দণ্ডেরও সেইরূপ; পরশুরও সেইরূপ।
এতদ্বারা দ্বেষকারী শক্রুর বধের উদ্দেশে বজ্র প্রহার করা
হয়। যে তাহার (যজমানের) হন্তব্য, এতদ্বারা তাহার
হত্যা ঘটে।

চতুৰ্থ খণ্ড

আজ্যশস্ত্ৰ

শন্ত্রপাঠকালে থাত্তিকেরা সদোমগুপ পরিত্যাগ করিয়া আগ্নীত্তে উপস্থিত হন ও তত্ত্রতা অগ্নি ধিঞ্জে স্থাপন করেন ; তৎসম্বন্ধে আথ্যায়িকা ও আগ্নীধ্রনামের ব্যুৎপত্তি যথা—"দেবাস্থরা বৈ · · তদপন্বতে"

⁽২) বক্স বলিতে এ ছলে থড়গাকার জন্ত ব্থাইতেছে। (সামণ)। উহার মৃষ্টিদেশ সঙ্গ, পরে মোটা। দণ্ড অর্থে গদা। পরণ্ড অর্থে কুঠার। উহাদেরণ্ড মৃষ্টিদেশ স্কা।

পুরাকালে দেবগণ ও অহ্বরগণ এই লোকসমূহে মুদ্ধ
করিয়াছিলেন। সেই দেবগণ সদোনামক মণ্ডপে 'আগ্রয়
লইয়াছিলেন। অহ্বরেরা তাঁহাদিগকে সেই সদোনামক মণ্ডপ
হইতে পরাজয় করিয়াছিল। তখন তাঁহারা আগ্রীঙ্রে উপস্থিত
হইলেন। সেখান হইতে তাঁহারা পরাজিত হয়েন নাই।
সেইজয় [উপবসথ দিনে যজমানেরা] আগ্রীঙেই উপস্থিত
থাকেন, সদোমগুপে থাকেন না। [দেবগণ] আগ্রীঙেই
[আপনাদিগকে] ধত রাথিয়াছিলেন (সেখান হইতে চলিয়া
ফান নাই); যেহেতু আগ্রীঙেই [আপনাদিগকে] ধত রাথিয়াছিলেন, সেইহেতু আগ্রীঙির আগ্রীঙাত্ব।

অন্তরের। সেই দেবগণের সদংস্থিত অগ্নিসকল নির্বাপিত করিয়া দিয়াছিল। সেই দেবগণ আগ্নীপ্ত হইতেই সদংস্থ অগ্নিসকল আহরণ করিয়া স্থাপন করিয়াছিলেন এবং সেই অগ্নিছারা অন্তরগণকে ও রাক্ষসগণকে বধ করিয়াছেন। সেইরূপ এখনও যজমানেরা আগ্নীপ্ত হইতেই সদংস্থ অগ্নি আহ-রণ করেন। তদ্বারা অন্তরগণের ও রাক্ষসগণের নিধন হয়।

⁽১) প্রাচীনবংশের পূর্কে যে যজ্ঞশালা বা সগুপ, তাহার নাম সদঃ। ঐ মণ্ডপের দক্ষিণপ্রাংশ মার্ক্সালীর ও উত্তরপ্রান্তে আগ্নীপ্রীয় অগ্নিকুও অবস্থিত থাকে। উত্তর অগ্নির মধ্যে সাতজ্ঞ বিদিন্ত সাতটি ধিক্ষা (অগ্নিকুও) থাকে। ঐ সাতটি ধিক্ষা দক্ষিণ ছইতে উত্তরে বধাক্রমে মৈত্রাবক্ষণ, হোতা, বাক্ষণাচহংসী, পোতা, নেষ্টা, অচহাবাক ও আগ্নীপ্র এই সাতজ্ঞ বর্ষেণা থছিকের জন্ম নির্দিষ্ট। স্বনত্ররে শন্ত্র পাঠের সময় ঐ ক্ষড়িকেরা আগ্নীপ্র হইতে আহ্নির্দ্ধ করিয়া ব ধিক্যে উপস্থিত হন।

⁽ १) আগ্নীশু—তন্ত্ৰানক অগ্নিকুও; এই আগ্নীশু অগ্নির দক্ষিণে বিকাপ্তলি অবস্থিত।

^{্(}৩) শাখান্তনে—"দেবা বৈ ৰজং পরাজরত্ত ভদাগ্রীধাৎ পুনরবাজরত্নেতবৈ ৰজ্ঞাপরাজিত ক্যাগ্রীশ্রং বদাগ্রীশ্রাক্ষিকান্ বিচরতি বদেব ক্জ্ঞাপরাজিতং তত এবৈনং পুনতকুতে"।

खर्भाव कालान्य नारमत्र गुर्भिक यथा—"एक देव......कालाक्य"

তাঁহারা (দেকাণ) প্রাত্তংকালে (প্রাত্তংসবনে) আজ্ঞ্য-সমূহদারা (তন্নামক শস্ত্রদারা) চতুর্দিকে জয় লাভ করিয়া আসিয়াছিলেন। যে হেতু আজ্ঞাদারা চতুর্দিকে জয় লাভ করিয়া আসিয়াছিলেন, তাহাই আজ্ঞাসমূহের আজ্ঞাত্ব।

"আ সামস্তাৎ জয়ন্তি এভিঃ" এই অর্থে আজ্যনাম সিদ্ধ হইল (সায়ণ)। ভৎপরে প্রাভঃসবনে ইক্সাগ্রির উদ্দিষ্ট অফ্রাবাকপাঠ্য শস্ত্রবিধান, বথা— "ভাসাং……ভবতি"

জয়লাভ করিয়া [সদঃশ্ব ধিষ্ণ্যের অভিমুখে] আগমনকারী হোতাদিগের মধ্যে অচ্ছাবাকের শরীর হীন (নিরুক্ট অর্ধাৎ সদঃপ্রবেশে অসমর্থ) হইয়াছিল; তখন ইন্দ্র ও অগ্নি তাঁহার (অচ্ছাবাকের) শরীরে অধিষ্ঠান করিয়াছিলেন। কেন না ইন্দ্র এবং অগ্নিই দেবগণের মধ্যে সর্বাপেকা ওজন্বী, বলবান, সহিষ্ণু, সাধু ও পারগ। সেইজন্ম অচ্ছাবাক প্রাতঃসবনে ঐক্রায় শক্র পাঠ করেন; কেন না, ইন্দ্র ও অগ্নি তাঁহার শরীরে অধিষ্ঠান করিয়াছিলেন।

সেইজন্যই [অচ্ছাবাকব্যতীত] অপর হোত্তকগণ পূর্বের সদঃপ্রবেশ করেন, অচ্ছাবাক পশ্চাৎ প্রবেশ করেন। বে ব্যক্তি হীন (অশক্ত), সে [সমর্থ ব্যক্তির] পশ্চাতে যাইতেই ইচ্ছা করে।

⁽৪) এ স্থলে হোতা বলিতে শত্রপাঠার্থ সদঃপ্রবেশকারী সাতজন ঋত্ক্কেই বৃঝাইতেছে।

শংখনাস্ঠারী হোতা সাতজন; তর্মধ্য প্রধানের নাম হোতা; নৈত্রাবরণ (প্রশান্তা), এাজগাচহংসী

ভ অচ্ছাবাক এই তিন জন হোত্রক; আর পোতা, নেষ্টা, আগ্রীপ্র (আগ্রীৎ), এই তিন জন হোত্রা
ক্ষ্ণেসী। ঐ সাত জনের জন্ত সদঃশালাতে সাতটি ধিফা নির্দিষ্ট থাকে। তন্মধ্যে অচ্ছাবাক

সকলের পশ্চাতে সদঃপ্রবেশ করিরা ঐক্রাগ্র শক্ত গাঠ করেন।

সেইজন্য যে বহ্ন্ চ (ঝথেদাধ্যায়ী) ব্রাহ্মণ বীর্য্যবান্ (বেদশান্ত্রে কুশল) হইবে, সেই সেই যজমানের পক্ষে অচ্ছাবাকীয়
শস্ত্র পাঠ করিবে। তাহাতেই তাহার শরীর অহীন
(সমর্থ) হইবে।

পঞ্চম খণ্ড

আজ্যশস্ত্ৰ

বহিষ্পাবমানন্তোত্র গীত হইলে পর হোতৃগণ আক্ষ্যশস্ত্র পাঠ করেন এবং আক্সন্তোত্তের পর প্রউগ শস্ত্র' পঠিত হয়। যথা—"দেবরণো বৈ…এবং বেদ"

এই যে যজ্ঞ, ইহা দেবগণের রথস্বরূপ। আর এই যে আজ্য ও প্রউগ (তন্ধামক শস্ত্রদ্বয়), তাহা [রথের] অভ্যন্তর রশ্মি-(অশ্বব্দ্ধন-রজ্জু)-স্বরূপ। সেইহেতু এই যে পবমানের পর আজ্যশস্ত্রের পাঠ হয় ও আজ্যস্তোত্রের পর প্রউগশস্ত্রের পাঠ হয়, তদ্ধারা দেবগণের রথের অভ্যন্তরর্থা সম্পাদিত হয়; তাহাতে সেই রথের (অর্থাৎ যজ্ঞের) চালনায় কোন
বিশ্ব ঘটে না। ঐ কর্ম করিলে মনুষ্যের রথেরও অভ্যন্তরর্থা
সম্পাদিত হয় ও [যজ্ঞমানের রথেরও] কোন বিশ্ব ঘটে না। যে
ইহা জানে, তাহার দেবর্থ ও মনুষ্যর্থ উভয়েরই বিশ্ব ঘটে না।

বহিষ্পবমান স্তোত্র ও আজ্যশন্ত্র এতছভয়ের দেবতা পৃথক্ ও ছন্দও পৃথক্। তথাপি ঐ স্তোত্তের পর ঐ শস্ত্র পাঠ কিরুপে বিহিত হইল, তৎসম্বন্ধে বিচার ষ্থা—"তদাতঃ……ভবস্তি"

⁽ ১) সামগায়ীরা স্থোত্র গান করিলে পর হোতা শস্ত্র পাঠ করেন। প্রত্যেক শস্ত্রপাঠের পূর্ব্বে একবার স্থোত্র গীত হয়। হরিপাবমান স্থোত্র গীত হইলে আজ্যশস্ত্র এবং আজ্যস্তাত্র (৬।১৬)১০) গীত হইলে প্রউপ শস্ত্র পঠিত হয়।

এ বিষয়ে [ব্রহ্মবাদীরা] প্রশ্ন করেন,—স্ভোত্র যেরূপ,
শস্ত্রও তদমুসারী [হওয়া উচিত]; কিন্তু সামগায়ীরা
প্রমানদৈবত স্তোত্রে স্তব করেন, আর হোতা অমিদৈবত
আজ্য শস্ত্র পাঠ করেন; তাহা হইলে হোতৃকর্তৃক প্রমানদৈবত স্তোত্রের অনুসরণ কিরূপে সিদ্ধ হয় ? [উত্তর]
যিনি অমি, তিনিই প্রমান। ঋষিও এ বিষয়ে বলিয়াছেন, অমিই ঋষি প্রমান। অতএব অমিদৈবত মন্ত্র দ্বারা
হোতা [শস্ত্রপাঠ] আরম্ভ করিলে প্রমানদৈবত স্তোত্রের
অনুসরণই সিদ্ধ হয়।

[আবার] এ বিষয়ে [ব্রহ্মবাদীরা] প্রশ্ন করেন,—স্তোত্র যেরূপ, শস্ত্র তদমুসারী [হওয়া উচিত]; কিন্তু সামগায়ীরা গায়ত্রী দ্বারা স্তব করেন, আর হোতা অমুফুপ্ দ্বারা আজ্যপাঠ করেন। তাহা হইলে তৎকর্তৃক গায়ত্রীর অমুসরণ কিরূপে সিদ্ধ হয় ?

[উত্তর] [অসুফু প্ দারাই গায়ত্রী] সম্পাদিত হয়, এই [উত্তর] বলিবে। কেন না [আজ্যশস্ত্রে] এই সাতটি অসুফু প্; উহার প্রথমটি তিনবার ও শেষটি তিনবার পাঠ করিলে,
উহা এগারটি হয়। [তদ্যতীত] বিরাট্ ছন্দের যাজ্যাটি
দাদশস্থানীয়; কেন না একটি অক্ষরে বা ছুইটি অক্ষরে
ছন্দের ব্যত্যয় হয় না। এইরূপে উহারা (এ বারটি

⁽২) "অন্য ক্ষি: প্ৰমান: পাঞ্জক্ত: পুরোছিত:। ত্যীমহে মহাগরন্ ।" (৯:৬৬।২০) এই মন্ত্রের ক্ষি বৈধানস।

⁽৩) অনুষ্ঠুভের অক্ষর বত্রিশটি, বিরাটের তেত্রিশটি। একটি অক্ষরের আধিকা ধর্ত্তবা

অনুষ্ঠুপ্) যোলটি গায়ত্রীর সমান হয়। এইরূপেই অনুষ্ঠুভ্ দারা [শস্ত্রপাঠ] আরম্ভ করিলেও হোতৃকর্তৃক গায়ত্রীর অনু-সরণ সিদ্ধ হয়।

ভৎপরে ঐক্তান্মগ্রহহোমের বাঝ্যাবিধান--"অগ্ন ইক্রশ্চ -- বন্ধতি"

"অগ্ন ইন্দ্রন্দ দাশুষো তুরোণে"—এই অগ্নি ও ইন্দ্র উদ্ভয় দেবতার উদ্দিষ্ট মন্ত্রকে যাজ্যা করিবে।

ঐক্রায়গ্রহে প্রথমে ইক্রের পরে অগ্নির নাম আছে, কিন্ত ঐ গাল্যামজের দেবভামধ্যে পূর্বে অগ্নির পরে, ইক্রের নাম দেখা বাইতেছে। এই আপত্তির খণ্ডন—"ন বৈ…এব"

[অস্ত্রনিগের সহিত যুদ্ধে] [পূর্বেব] ইন্দ্র ও [পরে] আগ্নি যাইয়া জয় লাভ করেন নাই, [পূর্বেব] অগ্নি ও [পরে] ইন্দ্র যাইয়া জয় লাভ করিয়াছিলেন; সেইজন্ম এই যে অগ্নি ও ইন্দ্রের উদ্দিষ্ট মন্ত্রকে যাজ্যা করা হয়, ইহাতে বিজয়-লাভই ঘটে।

যাজার অক্ষরসংখ্যাপ্রশংশা—"সা বিরাট্ ৽ ৽ ভূণান্তি"

দেই বিরাটের তেত্রিশটি অক্ষর। দেবগণও তেত্রিশ জন; অফ বস্থ, একাদশ রুদ্র, দ্বাদশ আদির্ত্য, প্রজাপতি এবং ব্যট্-কার। এতদ্বারা প্রাতঃসবনে বিহিত] প্রথম শস্ত্রে (অর্থাৎ আজ্যশস্ত্রে) দেবতাদিগকে অক্ররের ভাগী করা হয়। তদ্বারা

ৰহে। এইজভ বিরাট্কেও অস্টুপ্ বলিরা গ্রহণ করা নাইতে পারে। ভারা ক্ইলে-আজালন্ত্র সম্পন্তে বারটি অস্টুপ্ হর।

⁽৪) অমুষ্ট্পের প্রতিমন্ত্রে চারি চরণ; গায়ত্রীর তিন চরণ। অতএব বার্টি অমুষ্ট্প্ বোলটি গায়ত্রীর স্থান। কাজেইঃ অমুষ্ট্প্ ছব্লের আজ্যপত্র গায়ত্রীক্তব্লের প্রধান ভাতের অনুসারী হইল।

⁽ e) 412418

দেবতারা [তেত্রিশ জনে] এক এক অক্ষর অসুসরণ করিয়া [সকলেই] উত্তমরূপে [সোমরস] পান করেন। তাহাতে [অক্ষররূপী] দেবপাত্র দারাই [সোমপান করিয়া] দেবতা-গণ তথ্য হন। "

শন্ত্রের ও যাজ্যার দেবতা পৃথক্, দে বিষয়ে আপত্তিখণ্ডন "তদাছ:…যাজ্যা" এ বিষয়ে [ত্রহ্মবাদীরা] প্রশ্ন করেন,—যেরূপ শস্ত্র, যাজ্যা তদমুসারী হওয়া উচিত; কিন্তু হোতা অগ্নিদৈবত শস্ত্র পাঠ করেন; তবে কেন অগি ও ইন্দ্র দেবতার উদ্দিষ্ট মন্ত্রকে যাজ্যা করা হয় ? [উত্তর] যাহার দেবতা অগ্নি ও ইন্দ্র, তাহার দেবতা ইন্দ্র ও অগ্নি [এরূপ বলাও চলে]; আর এই যে শস্ত্র, ইহা গ্রহের সহিত ও ভূফীংশংসের সহিত [একযোগে] ইব্রু ও অগ্নি ইহাদেরই উদ্দিষ্ট। কেন না "ইন্দ্রানী আগতং স্বতং গীর্ভিনভো বরেণ্যমৃ। অস্ত পাতং ধিয়েষিতা" '—অহে ইন্দ্র, অহে অগ্নি, তোমরা স্তুতি দারা অভিযুত এবং আকাশের মত বরেণ্য এই সোমের নিকট আগমন কর এবং আপন ধীশক্তি-প্রেরিত হইয়া ইহা পান কর—এই মন্ত্রে অধ্বর্যু ঐন্ত্রাগ্ন গ্রহ এহণ করেন; অপিচ, "ভূরমিজে ্যাতিজে ্যাতিরমিরিন্দ্রো জ্যোতি-ভূবো জ্যোতিরিন্দ্র: দূর্য্যো জ্যোতির্জ্যোতিঃ স্বঃ দূর্য্যঃ" এই মস্ত্রে হোতা ভূষ্ণীংশংস পাঠ করেন। এই হেতু শস্ত্রও যেরূপ, যাজ্যাও তদমুসারী (অর্থাৎ অভিন্ন দেবতার উদ্দিষ্ট)।

এক এক ক্ষমর এক এক দেবভার ভারন অর্থাৎ পারেবরাপ।

^{(1) 413213}

ষষ্ঠ খণ্ড

আজাশস্ত্ৰ

হোতৃজ্বপের বিধান' –"হোতৃজ্বপং…এবতং"

হোতৃজপ জপ করা হয়। এতদ্বারা রেতঃসেক হয়। উপাংশু (নীরবে) জপ করা হয়; কেন না রেতঃসেকও উপাংশু সম্পাদিত হয়। আহাবের পূর্ব্বেই জপ করা হয়; কেন না আহাবের পর যাহা কিছু [অনুষ্ঠিত হয়], তাহা শব্রেরই [অন্তর্গত]।

আহাবপাঠের নিয়ম যথা—"পরাঞ্চং ... সিঞ্চন্তি"

পরাদ্ম্থ (হোতার প্রতি বিমুখ) ও চতুম্পদের মত (তুই হাত ও তুই পায়ে ভর দিয়া) উপবিষ্ট অধ্বর্যুর উদ্দেশে [হোতা] আহাব পাঠ করিবেন। সেই হেতু চতুম্পদেরাও (পশুরাও) পরাদ্ম্থ হইয়া রেতঃদেক করে। [আহাব- পাঠের পর অধ্বর্যু] তুই পায়ে সম্মুখ হইয়া দাঁড়ান; সেইজন্য দ্বিপদেরা (মনুষ্যেরা) সম্মুখ হইয়া রেতঃদেক করে।

আহাবের পূর্ব্বে হোতা বে মন্ত্র জপ করেন, ঐ মন্ত্রের ছয় ভাগ। আজ্যশন্ত্রে যজমানের নৃতন জন্ম দম্পাদিত হয়। হোতৃজপ মন্ত্রটির তাৎপর্য্য ও জন্মদানক্রিয়ার অমুকূল, ইহা দেখান হইতেছে, যথা—"পিতা মাতরিখা……তদাহ"

"পিতা মাতরিশ্বা"—মাতরিশ্বা (বায়ু) পিতা—এই স্বংশে প্রাণই পিতা এবং প্রাণই মাতরিশ্বা (বায়ু) এবং প্রাণই রেতঃ;

^{(&}gt;) ৭।৩।১২।১, ত্রোভ্জপের বিষয় পূর্বেব বলা হইয়াছে। শত্রপাঠের পূর্বেব হোতা নাহাব বায়া অধ্বযুদ্ধে আহ্বান করেন। তৎপূর্বেব হোভ্জপ বিহিত। ঐ জপের আরভে ফ মৎ প্র বক্দে এই পঞ্জির পঠিত হয়। পূর্বেব ২০০ পৃঠ দেখ।

এতদ্বারা রেতঃদেক হয়। [তৎপরে] "অচ্ছিদ্রা পদাধাৎ" —[সেই বায়ুস্বরূপ পিতা] অচ্ছিদ্র পদ (অর্থাৎ রেতঃ) আধান করিয়াছিলেন—এস্থলে অচ্ছিদ্র অর্থে রেতঃ; এতদ্বারা [যজমান] এই রেতঃ হইতে অচ্ছিদ্র হইয়া উৎপন্ন হন। "অচ্ছিদ্রোকৃথা কবয়ঃ শংসন্"—কবিগণ ছিদ্রহীন উক্থ (শস্ত্র) শংসন (পাঠ) করেন—এ স্থলে যাঁহারা অনুচান (বেদজ্ঞ), তাঁহারাই কবি; ভাঁহারাই এই অচ্ছিদ্র রেভঃ উৎপাদন করেন, ইহাই ঐ বাক্যে বলা হইল। "সোমো বিশ্ববিদ্ধীথা নিনেষদ্ বৃহস্পতিরুক্থা মদানি শংসিষৎ"—বিশ্ববিৎ (সর্ববিজ্ঞ) সোম নীথসকল (অনুষ্ঠেয় কর্ম্মসকল) সম্পাদন করিতে ইজ্ছা করিয়াছিলেন, রহস্পতি উক্থান্দ (তুপ্তিজনক উক্ণ) পাঠে ইচ্ছা করিয়াছিলেন—এ স্থলে রহস্পতিই ব্রহ্ম (ব্রাহ্মণ), সোমই কত্র (ক্রত্তিয়), এবং স্তোত্ত ও শস্ত্রই নীথ ও উক্থামদ। এতদ্বারা দৈব ব্রহ্ম দ্বারা ও দৈব ফ্রিয় দ্বারা প্রেরিত হইয়াই উক্থসকল (শস্ত্রসকল) পঠিত হয়। কেন না, এই যজে যাহা কিছু অনুষ্ঠেয়, ইহারাই (সোম এবং রহস্পতি) তাহা প্রেরণ করিতে সমর্থ। সেই জন্ম যাহা ইহাঁদেরকর্ত্তক প্রেরিত না হইয়া অনুষ্ঠিত হয়, তাহা অক্রিয়া হয় : এবং এই ব্যক্তি অক্রিয়া করিয়াছে, এই বলিয়া লোকে निमा करता य हेश जारन, स्म कर्लगृहे करत, स्म অকর্ত্তব্য করে না। "বাগায়ুবিশায়ুর্বিশ্বমায়ুঃ"—বাক্য হউক ও আয়ু হউক, ও বিশ্বায়ু (পূর্ণায়ু) হইয়া বিশ্ব (পূর্ণ) আয়ু [লাভ করুক]—এই অংশ [পরে] পাঠ করিবে। এ স্থলে প্রাণই আয়ুঃস্বরূপ, প্রাণই রেতঃস্বরূপ এবং বাক্য যোনি-

শ্বরূপ। এতদ্বারা যোনির অভিমুখে রেতঃদেক করা হয়।
"ক ইদং শংসিষ্যতি দ ইদং শংসিষ্যতি"—ক (প্রজাপতি)
করিতে ইচ্ছা করিতে ইচ্ছা করিবেন, তিনিই এই শস্ত্র পাঠ
করিতে ইচ্ছা করিবেন—এই [শেষাংশ] পাঠ করিবে।
এ স্থলে ক-শব্দে প্রজাপতি। এজাপতিই উৎপাদন করিবেন
(যজমানের পুনর্জন্ম দিবেন), ইহাই এই মন্ত্রে বলা হইল।

সপ্তম খণ্ড আজ্যশস্ত

প্রাতঃসবনে আজ্যশন্ত্র পাঠে যজমানের পুনর্জন্ম লাভ হয়। ঐ অমুষ্ঠানের বিভিন্ন অক্স জন্মদান ক্রিরার অমুরূপ। প্রথম অমুষ্ঠান হোতৃজ্ঞপ রেতঃসেকের অমুরূপ; পরবর্ত্তী অমুষ্ঠান তৃষ্ঠীংশংসে রেতঃ মাতৃগর্ভে বিরুত হইয়া জ্রনের আরুতি গ্রহণ করে; তৎপরে নিবিৎ পাঠে শিশু ভূমিষ্ঠ হয়। সেই তৃষ্ঠীংশংস সম্বন্ধে পুনরায় আলোচনা যথা—"আহ্রয়… স্থবিদিতম্"

[আহাবদারা অধ্বর্গকে] আহ্বানের পর তৃষ্ণীংশংস পাঠ
করিবে; এতদ্বারা [হোতৃজপকালে] সিক্ত রেতঃ বিকৃত
হয় (পিগুকৃতি লাভ করে)। রেতঃসেক পূর্বেব ঘটে,
ও তাহার বিকার পরেই ঘটিয়া থাকে। তৃষ্ণীংশংস উপাংশুভাবে পাঠ করিবে। কেন না, রেতঃসেক উপাংশুভাবেই ঘটে।
ভূষ্ণীংশংস অমুদ্রভাবে (হোতৃজপের অপেকা ঈষৎ উচ্চ অথচ
ক্ষপান্ট ভাবে) জপ করিবে। কেন না রেতঃ সেইরপেই বিকার

⁽⁻२-) अवागिष्ठित्र नाताच्य क ; क्या-"क्टेम प्रयोग हिवा विर्वता

লাভ করে। ভূষ্ণীংশংস ছয় ভাগে 'পাঠ করিবে; পুরুষও ষড়ঙ্গ অর্থাৎ ছয়ভাগে বিভক্ত'। এতদ্বারা আত্মাকে (রেতঃ হঠিতে উৎপন্ন ভ্রূণরূপী যজমানকে) ছয়ভাগে বিভক্ত অর্থাৎ ষড়ঙ্গ করিয়া বিকৃত করা হয়।

ভূফীংশংস পাঠের পর পুরোরুক্ পাঠ করা হয়। তদ্ধারা বিকৃত রেতঃ [শিশুরপে] জন্ম লাভ করে। রেতঃ পূর্বে বিকৃত হয়, পরে [শিশুর] জন্ম ঘটে। পুরোরুক্ উচ্চে পাঠ করা হয়। কেন না (জননীর প্রসববেদনাহেতু) উচ্চধ্বনি সহকারেই [শিশুর] জন্ম ঘটে।

দাদশাংশবিশিষ্ট পুরোরুক্ পাঠ করিবে। দ্বাদশ মাসেই সংবৎসর, সংবৎসরই প্রজাপতি; তিনিই এই সকলের জন্মদাতা। যিনি এ সকলের জন্মদাতা, তিনিই এতদ্বারা (পুরোরুক্
পাঠে) এই যজমানকে প্রজাসহিত ও পশুসহিত [সমৃদ্ধ করিয়া] উৎপন্ন করেন। ইহাতে ঐ জন্মলাভই ঘটে। যে ইহা জানে, সে প্রজাসহিত ও পশুসহিত [সমৃদ্ধ হইয়া] জন্ম লাভ করে।

জাতবেদার (তশ্বামক দেবতার) উদ্দিষ্ট পুরোরুক্ পাঠ করা হয়। জাতবেদা ঐ পুরোরুকের নিম্ন অঙ্গ ।

⁽১) তুকাংশংসের ছরভাগ বথাক্রনে—১ ভ্রমির্ল্যোডি:। ২ জ্যোতিরমি:। ও ইক্রো-জ্যোতির্পুর:। ৪ জ্যোতিরিক্র:। ৫ ক্রোজ্যোতি:। ৬ জ্যোতিঃ বঃ ক্রাঃ।

⁽२) পूक्षरवन्न वस्त्रक वथा-आखा (मशाय), मखक, घूटे रख, घूटे शव ।

⁽৩) "প্র বে। দেবার" ইত্যাদি পুকের পুকে পঠিত হর বলিয়া "অগ্নিদেবেছঃ" ইত্যাদি পুক ব্যাখ্যাত নিবিদের নাম পুরোক্তন। পুরতো রোচতে দীপাতে ইতি পুরোক্তন,—ভরামক নিবিদ্দমন্ত্র।

⁽ a) নিবিদের শেষভাগে "লো অধ্যয়া করতি কাতবেদাঃ" এই অংশ থাকার কাতবেদাঃ উহার শেষভাও উহার নিয় অক্সমুস্থ হবল।

এ বিষয়ে [ব্রহ্মবাদীরা] বলেন, তৃতীয় সবনই জাত-বেদার আয়তন-(আশ্রয়)-স্বরূপ, ' তবে প্রাতঃসবনে কেন জাতবেদার উদ্দিফ পুরোরুকের পাঠ হয় ? [উত্তর] প্রাণই জাতবেদাঃ ; সেই প্রাণই সকল জাত (উৎপন্ন) পদার্থের বেত্তা (জ্ঞাতা)। সেই প্রাণ যে সকল জাত পদার্থকে জানে, তাহারাই বর্ত্তমান আছে ; যাহাদিগকে জানে না, তাহারা কোথায় আছে ? যে যজমান আজ্যশন্ত্রে আপনার ঐ সংস্কারের (পুনর্জন্মলাভের) বিষয় জানে, সেই ঠিক জানে।

অফ্টম খণ্ড

আজ্যশস্ত্র

আজাশন্ত্রে পাঠ্য ক্রেন্ডর অন্তর্গত ঋক্সমূহের ব্যাখ্যা—"প্র বো.....সমন্তং সংস্কৃতত"

"প্র বো দেবায়াগ্রয়ে" 'এই মন্ত্র পাঠ করিবে। এই মঙ্কে ' "প্র" শব্দে প্রাণ বুঝাইতেছে। এই ভূতসকল (জীবসকল) প্রাণের পশ্চাতেই গমন করে, প্রাণকেই বর্দ্ধিত করে ও প্রাণ-কেই সংস্কৃত করে।

"দীদিবাংসমপূর্ব্যম্" এই মন্ত্র পাঠ করিবে। এস্থলে মনই দীপ্তিযুক্ত ("দীদিবান্"); অহ্য কোন [ইন্দ্রিয়] মনের পূর্ব্বে অবস্থিত নহে ("অপূর্ব্ব্য")। এতদ্বারা মনকেই বদ্ধিত করা হয় ও মনকেই সংস্কৃত করা হয়।

- (e) তৃত্তীর সথনে আগ্রিসংক্ষত শস্ত্র পঠিত হর। ঐ শক্তেরই দেবতা জাতবেদাঃ।
- (>) 9|39|3 (2) 9|39|4

"স নঃ শর্মাণি বীতয়ে" এই মন্ত্র পাঠ করিবে। এশ্বলে বাক্যই শর্ম (স্থেষরূপ)। সেই জন্ম যে ব্যক্তি (যে শিষ্য) [আপন গুরুর বাক্য] নিজবাক্য দ্বারা অনুমোদন করে, তাহার উদ্দেশে লোকে বলিয়া থাকে, ইহার শর্ম (স্থুখ) হউক, এই ব্যক্তি [বাক্য] সংযম করিয়াছে। এতদ্বারা বাক্যকেই বর্দ্ধিত করা হয় ও বাক্যকেই সংস্কৃত করা হয়।

"উত নো ব্রহ্মন্নবিয়ং" এই মন্ত্র' পাঠ করিবে। এম্বলে শ্রোত্রই ব্রহ্ম; শ্রোত্রদারাই ব্রহ্ম (বেদবাক্য) শুনা যায়; শ্রোত্রেই ব্রহ্ম প্রতিষ্ঠিত। এতদ্দারা শ্রোত্রকেই বর্দ্ধিত করা হয় ও শ্রোত্রকেই সংস্কৃত করা হয়।

" স যন্তা বিপ্র এষাম্" এই মন্ত্র পাঠ করিবে। এ ফলে অপানই যন্তা (নিয়মনকর্তা); অপানদারাই নিয়মিত হইয়া প্রাণ (শাসবায়ু) দূরে যায়; এতদ্বারা অপানকেই বর্দ্ধিত করা হয় ও অপানকেই সংস্কৃত করা হয়।

"ঋতা বা যস্ত রোদসী" এই মন্ত্র পাঠ করিবে। এ স্থলে
চক্ষ্ই ঋত; সেই জন্ম উভয় ব্যক্তির মধ্যে বিবাদ হইলে
যে বলে, আমি যত্ন করিয়া চোখে দেখিয়াছি, তাহার বাক্যেই
লোকে শ্রন্ধা করিয়া থাকে। এতদ্বারা চক্ষুকেই বর্দ্ধিত করা
হয় ও চক্ষুকেই সংস্কৃত করা হয়।

"নূ নো রাম্ব সহস্রবত্তোকবৎ পুষ্টিমৎ বস্থ"। এই অন্তিম মন্ত্র দ্বারা [আজ্যশন্ত্র পাঠ] সমাপ্ত করিবে। এম্বলে আত্মাই সমস্ত (প্রাণমনবাক্যাদির সমষ্টিম্বরূপ) এবং সহস্রবান্ (সহস্রসংখ্যক-ধনবিশিষ্ট) ও তোকবান্ (অপত্যযুক্ত)

واصداد (و) عامداد (و) مامداد (و) عامداد (و)

ও পুষ্টিমান্ (সমৃদ্ধিযুক্ত)। এতদ্বারা সমস্ত আত্মাকেই বর্দ্ধিত করা হয় ও সমস্ত আত্মাকেই সংস্কৃত করা হয়।

যে ইহা জানে, সে ইহা জানিয়া ছন্দোময় দেবতাময় ব্রহ্মনম্ম অমৃত্যায় হইয়া একযোগে দকল দেবতাকেই প্রাপ্ত হয়। যেরূপে ছন্দোময় দেবতাময় ব্রহ্মময় অমৃত্যায় হইয়া একযোগে দকল দেবতাকেই পাওয়া যায়, যে তাহা জানে, সে ঠিক্ই জানে।

এই পর্যান্ত [যাহা বলা হইল, তাহা] আত্মবিষয়ক 🞉 পরে [যাহা বলা হইতেছে, তাহা] দেবতাবিষয়ক।

নবম খণ্ড

আজ্যশস্ত্ৰ

তৃঞ্চীংশংস, নিবিৎ ও স্কু আজ্ঞাশন্ধের এই পর্বতন্তের প্রশংসা হইতেছে। তৃষ্টীংশংসের প্রশংসা যথা—"রট্ পদং ····অপোডি"

ষট্পদবিশিষ্ট ভৃষ্ণীংশংস পাঠ করা হয়। ঋতু ছয়টি; এতদ্বারা ঋতুসকলকেই [ভোগপ্রদানে] সমর্থ করা হয় ও ঋতুসকলকেই প্রাপ্ত হওয়া যায়।

 ⁽৮) প্রোইম্বাক্যা বারা হব্য প্রহণ ও বাজ্যাবারা দেবতাকে হব্যপ্রদান হর। বর্ণা
ক্রমান্ত্রের্নাক্রা ভাবতে প্রবৃত্তি বাজ্যরা।

নিবিদের প্রশংসা—"ছাদশপদং....জপ্যেতি"

দ্বাদশপদবিশিষ্ট পুরোরুক্ পাঠ করা হয়। মাস বারটি; এতদ্বারা মাসসকলকেই [ভোগপ্রদানে] সমর্থ করা হয় ও মাসসকলকেই প্রাপ্ত হওয়া যায়।

আজ্যশন্ত্রের স্ক্রান্তর্গত ঋক্সকলের প্রশংসা—"প্র বো.....ভব্তি ভব্তি"

"প্র বো দেবায় অগ্নয়ে" এই মন্ত্র পাঠ করা হয়। এ স্থলে "প্র" শব্দে অন্তরিক্ষ বৃঝাইতেছে। এই ভূতসকল অন্তরিক্ষ-মধ্যেই প্রয়াণ করে। এতদ্বারা অন্তরিক্ষকেই [ভোগ-প্রদানে] সমর্থ করা হয় ও অন্তরিক্ষকেই প্রাপ্ত হওয়া যায়।

"দীদিবাংসমপূর্ব্যম্" এই মন্ত্র পাঠ করা হয়। যিনি
[সূর্য্য] তাপ দেন, তিনিই দীপ্তিমান, তাঁহার [উদয়ের]
পূর্ব্বে কিছুই [সচেতন] থাকে না; এতদ্ধারা তাঁহাকেই
(ভোগপ্রদানে) সমর্থ করা হয় ও তাঁহাকেই প্রাপ্ত
ন হওয়া যায়

"স নঃ শর্মাণি বীতয়ে" এই মন্ত্র পাঠ করা হয়। এ স্থলে অগ্নিই শর্ম (স্থেজনক) ভক্ষণীয় অন্ধ দান করেন। এতদ্বারা অগ্নিকেই [ভোগপ্রদানে] সমর্থ করা হয় ও অগ্নিকেই প্রাপ্ত হওয়া যায়।

"উত নো ত্রহ্মনবিষঃ" এই মন্ত্র পাঠ করা হয়। এ ছলে চন্দ্রমাই ত্রহ্ম। এতদ্বারা চন্দ্রমাকেই [ভোগপ্রদানে] সমর্থ করা হয় ও চন্দ্রমাকেই প্রাপ্ত হওরা যায়।

''দ যন্তা বিপ্র এষাম্" এই মন্ত্র পাঠ করা হয়। এ স্থলে বায়ুই যন্তা (নিয়মনকর্তা); বায়ু দারাই নিয়মিত হইয়া এই অন্তরিক্ষ দূরে যায় না। এতদ্বারা বায়ুকেই [ভোগপ্রদানে]
সমর্থ করা হয় ও বায়ুকেই প্রাপ্ত হওয়া যায়।

"ঋতা বা যক্ত রোদদী" এই মন্ত্র পাঠ করা হয়। এম্বলে ছাবাপৃথিবীই রোদঃশ্বরূপ। দ্যাবাপৃথিবীকেই এতদ্বারা [ভোগপ্রদানে] সমর্থ করা হয় ও দ্যাবাপৃথিবীকেই প্রাপ্ত হওয়া যায়।

"নৃ নো রাম্ব সহস্রবৎ তোকবৎ পুষ্টিমৎ বস্থু" এই অন্তিম
মন্ত্রে-[আজ্যশস্ত্রপাঠ] সমাপ্ত করা হয়। সমস্ত সংবৎসরই
সহস্রবান্ (সহস্রসংখ্যক-ধনদাতা), তোকবান্ (পুত্রদাতা),
পুষ্টিমান্ (পুষ্টিদাতা); এতদ্বারা সমস্ত সংবৎসরকেই
[ভোগপ্রদানে] সমর্থ করা হয় ও সমস্ত সংবৎসরকেই প্রাপ্ত
হওয়া যায়।

যাজ্যাদ্বারা যাগ করা হয়। যাজ্যাই রষ্টিও বিদ্যুৎ; বিদ্যুৎই এই রুষ্টি ও ভক্ষণীয় অম প্রদান করে। এতদ্বারা বিদ্যুৎকেই [ভোগপ্রদানে] সমর্থ করা হয় ও বিদ্যুৎকেই প্রাপ্ত হওয়া যায়।

ইহা জানিয়া সেই যজমান এই [ঋতু হইতে বিদ্যুৎ পর্যান্ত] সর্ব্ব দেবতাময় হইয়া থাকে।

তৃতীৰ পঞ্চিকা

একাদশ অধ্যায়

প্রথম খণ্ড

প্রউগশস্ত্র

প্রাতঃসবনে স্বাজ্যশন্ধ ও প্রউগশন্ধ উভয়ের পাঠ বিহিত। স্বাজ্যশন্ত্রের বিবরণ পূর্ব্বে দেওয়া হইয়াছে। এখন প্রউগশন্ত্রের বিবরণ দেওয়া হইতেছে যথা—"গ্রহোক্থং·····সন্মা"

এই যে প্রতিগ, ইহা [ঐন্তর্বায়বাদি] গ্রহগণের উক্থ'
(ঐ সকল গ্রহের উদ্দিষ্ট দেবতার প্রশংসাপর)। প্রাতঃসবনে নয়টি গ্রহ' গৃহীত হয় ও হবিপ্পবসানে নয়টি মন্তর্বারা
স্তব করা হয়। এই স্তোম (হবিপ্পবসান স্তোত্ত্র) দ্বারা স্তব
হইলে [অধ্বর্য] দশম গ্রহ (আখিন গ্রহ) গ্রহণ করেন।
[অপিচ] হিক্কার [হবিপ্পবসানান্তর্গত মন্ত্রসকলের] দশম।
তাহা হইলেই ইহা (গ্রহসংখ্যা) এবং উহা (স্তোত্তের অন্তর্গতি মন্ত্রসংখ্যা) সমান হয়। "

^{(&}gt;) যে সকল ঋক্ মন্ত্রে দেবতার প্রশংসা হয়, তাহার নাম শস্ত্র। উক্থ ও শস্ত্র একার্থক। শানগায়ীরা যাহা গান করেন, তাহা স্তোক্র বা স্তোম।

⁽२) উপাংশু অন্তর্গাম ও ৰতুগ্রহ এই কর্মটি ছাড়িয়া অক্ত দশটি গ্রহের নাম ধারাগ্রহ।

⁽৩) হবিষ্প্ৰমান স্তোত্তে "উপালৈ গাৱত।" ইত্যাদি নমট মন্ত্ৰ গীত হয়। পূৰ্বে দেখ।

এইরপে হিন্ধার সমেত হবিষ্ণাবমান স্তোত্তে দশটি মন্ত্র হইল। প্রাতঃসবনে দশটি ধারাগ্রহ হইতে হোম বিহিত। প্রউগশস্ত্র ঐ সকল ধারাগ্রহের উদ্দিষ্ট দেবতার প্রশংসামাত্র। এইরপে হবিষ্ণাবমান স্তোত্ত্র ও প্রউগশস্ত্র উভরেরই প্রাতঃসবনে বিহিত গ্রহগণের সহিত সম্বন্ধ প্রদর্শিত হইল।

তৎপরে প্রউগশস্ত্রাস্তর্গত মন্ত্রের বিধান⁸ যথা—"বায়ব্যং·····এবং বেদ"

বায়ুদৈবত [তিনটি ঋক্] পাঠ করিবে। তদ্ধারা বায়ু-দৈবত গ্রহ উক্থবান্ (শস্ত্রযুক্ত অর্থাৎ শস্ত্রদারা প্রশংসিত) হয়।

ইন্দ্র ও বায়ু-দেবতার উদ্দিষ্ট [তিনটি মন্ত্র]' পাঠ করিবে। তদ্মারা ঐন্দ্রবায়ব গ্রহ উক্থবান্ হয়।

মিত্র ও বরুণ দেবতার উদ্দিষ্ট [তিনটি মন্ত্র] পাঠ করিবে। তদ্ধারা মৈত্রাবরুণ গ্রহ উক্থবান্ হয়।

অশ্বিদ্বয়ের উদ্দিষ্ট [তিনটি মন্ত্র] পাঠ করিবে। তদ্ধারা আশ্বিন গ্রহ উক্থবান্ হয়। "

ইন্দ্রদৈবত [তিনটি মন্ত্র]³³ পাঠ করিবে। তদ্বারা শুক্র ও মন্থী গ্রহন্বয় উক্থবান্ হয়।

তিনজন সামগারী স্তোত্র গান করেন। তন্মধ্যে একজন হিন্ধার (ত্রত শব্দ উচ্চারণ) করেন। ঐ হিন্ধারকে দশম মন্ত্র বলিয়া ধরিলে স্তোত্রের মন্ত্রসংখ্যা ও প্রাতঃসবনে গ্রহসংখ্যা সমান হর।

⁽৪) প্রথম মণ্ডলের অন্তর্গত মধ্চেছকা। ঋষির দৃষ্ট দিতীয় ও তৃতীয় স্কু প্রউগণত্ত্বে পাঠ করা হয়।

⁽ e) ১।২।১-৩ এই তিন মন্ত্রের দেবতা বায়ু।

⁽৩) প্রাতঃসবনে বায়ু দেবতার উদ্দিষ্ট স্বতন্ত্র গ্রহ নাই, তবে ঐশ্রবারব গ্রহেব প্রথমাংশ ক্ষেবল বায়ুর উদ্দেশে ও দ্বিতীর অংশ ইশ্র বায়ু উভরের উদ্দেশে আছত হয়। পূর্বে দেব। এছলে ইশ্রেবারব গ্রহের প্রথমাংশকেই বায়ুদৈবত গ্রহ বলা হইল।

^{(4) 3|2|8-6 (} F) 3|2|9-3 (a) 3|9|5-0

⁽ ১০) ইতঃপূৰ্বেই আধিনগ্ৰহকে দশমগ্ৰহ বলা হইরাছে। বস্তুতঃ গ্ৰহণকালে উহা দশমস্থানী^র, কিন্তু হোমকালে তৃতীসন্থানীয়। (১১) ১।৩।৪-৬

বিশ্বদেবগণের উদ্দিষ্ট [তিনটি মন্ত্র]^{: ব}পাঠ করিবে। তদ্দারা আগ্রয়ণ গ্রহ উক্থবান্ হয়।

সরস্বতীদৈবত [তিনটি মন্ত্র]' পাঠ করিবে। [কিন্তু] সরস্বতীর উদ্দিষ্ট কোন গ্রহ নাই। বাক্যই সরস্বতী; যে সকল গ্রহ বাক্যদারা (মন্ত্রদারা) গৃহীত হয়, তাহারা সকলেই এতদারা উক্থবান্ হয়। যে ইহা জানে, তাহার সকল গ্রহই উক্থযুক্ত (প্রশংসিত) হয়।

দ্বিতীয় খণ্ড প্রউগ শস্ত্র

প্রউগশন্তের প্রশংসা—"অন্নাত্তং বৈ.....শংসন্তি"

এই যে প্রউগ, ইহা দারা ভোজনযোগ্য অন্ধ রক্ষিত হয়।
প্রউগে যেমন নানা দেবতার প্রশংসা হয়, সেইরূপ নানা উক্থও (অর্থাৎ মন্ত্রও) প্রউগে ব্যবহৃত হয়। যৈ ইহা জানে,
তাহার গৃহে নানাবিধ ভোজনযোগ্য অন্ধ রক্ষিত হয়।

এই যে প্রুটগ নামক উক্থ, ইহা যজমানেরই আত্মবিষয়ক (শরীরোৎকর্ষসাধক), সেইজন্ম তৎকর্ত্ত্ব অত্যন্ত আদরণীয় ইহাই [ব্রহ্মবাদীরা] বলেন। হোতা এই প্রেটগশস্ত্র হ দ্বারা সেই যজমানকেই সংস্কৃত করেন।

^{(22) 21019-2 (20) 210120-22}

⁽ ১) প্রউপের উদ্দিষ্ট দেষতার নাম ও তদস্তর্গত মন্ত্র পূর্ববথতে দেখ।

⁽২) আঞ্জাশত্রে যঞ্জমানের পুনর্জন্মলাক হয়। পূর্বে দেখ। প্রউগশত্রে ভাছার সংকার হয়

বায়ুর উদ্দিষ্ট [তিন মন্ত্র] পাঠ করা হয়। এইজন্ম বলা হয়, বায়ুই প্রাণ, প্রাণই রেতঃ, জায়মান পুরুষের [দেহগঠনে] প্রথমে রেতঃই সম্ভূত হয়। এই হেতু বায়ুর উদ্দিষ্ট যে মন্ত্র পাঠ করা হয়, তদ্ধারা যজমানের প্রাণেরই সংস্কার হয়।

ইন্দ্র ও বায়ুর উদ্দিষ্ট [তিন মন্ত্র] পাঠ করা হয়। যেখানে প্রাণ, সেইখানেই অপান। এই যে ইন্দ্র ও বায়ুর উদ্দিষ্ট মন্ত্র পাঠ করা হয়, তদ্ধারা তাহার প্রাণের ও অপানেরই সংস্কার হয়।

মিত্র ও বরুণের উদ্দিষ্ট [তিন মন্ত্র] পাঠ করা হয়। সেইজন্ম বলা হয়, [জায়মান] পুরুষের প্রথমে চক্ষু উৎপন্ন হয়। এই যে মিত্রাবরুণের উদ্দিষ্ট মন্ত্র পাঠ হয়, এতদ্বারা তাহার চক্ষুরই সংস্কার হয়।

অশ্বিদ্বয়ের উদ্দিষ্ট [তিন মন্ত্র] পাঠ করা হয়। সেইজন্য নবজাত শিশুকে লক্ষ্য করিয়া লোকে বলে, ঐ [শিশু] আমার কথা শুনিতে চাহিতেছে, আমাকেই ভাবিতেছে। এই যে অশ্বিদ্বয়ের উদ্দিষ্ট মন্ত্র পাঠ হয়, তদ্বারা তাহার শ্রোত্রেরই সংক্ষার হয়।

ইন্দ্রের উদ্দিষ্ট [তিন মন্ত্র] পাঠ করা হয়। সেই জন্য নবজাত শিশুকে লক্ষ্য করিয়া লোকে বলে, ঐ শিশু গ্রীবা তুলিতেছে, আবার মাথা তুলিতেছে। এই যে ইন্দ্রের উদ্দিষ্ট মন্ত্র পাঠ হয়, এতদ্বারা তাহার বীর্য্যের (দৈহিক সামর্থ্যের) সংস্কার হয়।

বিশ্বদেবগণের উদ্দিষ্ট [তিন মন্ত্র] পাঠ করা হয়। সেই-জন্ম নবজাত শিশু পশুর মত (চারি হাতপায়ে) বিচরণ করে। তাহার অঙ্গসকলও বিশ্বদেবগণের সম্বন্ধী। এই যে বিশ্বদেব-গণের উদ্দিষ্ট মন্ত্র পাঠ হয়, এতদ্বারা তাহার অঙ্গসকলের সংস্কার হয়।

সরস্বতীর উদ্দিষ্ট [তিন মন্ত্র] পাঠ করা হয়। সেইজন্য নবজাত শিশুতে শেষে (চলিতে শিথিবার পরে) বাক্য (কথা কহিবার শক্তি) প্রবেশ করে। বাক্যই সরস্বতী। এই যে সরস্বতীর উদ্দিষ্ট মন্ত্র পাঠ হয়, এতদ্বারা তাহার বাক্যেরই সংস্কার হয়।

যে ইহা জানে, সেই হোতা, এবং যে যজমান ইহা জানে, যাহার পক্ষে এই শস্ত্র পাঠ করা হয়, সেই যজমান, পূর্বে জাত হইয়াও এই সকল দেবতা হইতে, সকল উক্থ (শস্ত্র) হইতে, সকল ছন্দ হইতে, সকল প্রউগ হইতে, সকল সবন হইতে [পুনরায়] জন্মলাভ করে।

তৃতীয় খণ্ড প্রউগ শন্ত

প্রউগশস্ত্রের পুনঃপ্রশংসা—"প্রাণানাং বৈ.....দধাতি"

এই যে প্রউগ, ইহা প্রাণসকলেরই উক্থ (প্রশংসাসূচক)।
[এই শস্ত্রে] সাতজন দেবতার প্রশংসা হয়; মন্তকে প্রাণও
সাতটি; এতদ্বারা মন্তকে প্রাণসকলেরই স্থাপনা হয়।

তৎপরে প্রাক্তগশস্ত্রের সামর্থ্যপ্রদর্শন—"কিং স.....য এবং বেদ"

যিনি এই যজমানের হোতা হইবেন, তিনি ভাহার কি

ইফ বা কি অনিষ্ট করিতে সমর্থ ? [উত্তর] সেই হোতা যজমানের উদ্দেশে ইহজদ্মে যাহা ইচ্ছা করেন, তাহাই করিতে পারেন।

যাহার উদ্দেশে তিনি ইচ্ছা করিবেন, ইহাকে প্রাণ হইতে বিযুক্ত করিব, তাহার উদ্দেশে বায়ুদৈবত [ঋক্ তিনটি] লুজ-ভাবে পাঠ করিবেন। তাহার মধ্যে একটি ঋক্ বা একটি চরণ পাঠ করিবেন না; তাহা হইলেই সেই মন্ত্রপাঠ লুজ হইবে; এবং তদ্ধারা যজমানকে প্রাণ হইতে বিযুক্ত করা হইবে।

যাহার উদ্দেশে তিনি ইচ্ছা করিবেন, ইহাকে প্রাণ ও অপান হইতে বিযুক্ত করিব, তাহার উদ্দেশে ইন্দ্র ও বায়ু এতত্ত্ভয়ের উদ্দিক্ত [ঋক্ তিনটি] লুৰুভাবে পাঠ করিবেন। তাহার মধ্যে একটি ঋক্ বা একটি চরণ পাঠ করিবেন না; তাহা হইলেই সেই মন্ত্রপাঠ লুক্ক হইবে; এবং তদ্বারা যজমানকে প্রাণ ও অপান হইতে বিযুক্ত করা হইবে।

যাহার উদ্দেশে তিনি ইচ্ছা করিবেন, ইহাকে চকু হইতে বিযুক্ত করিব, তাহার উদ্দেশে মিত্রাবরুণের উদ্দিউ [ঋক্ তিনটি] লুক্কভাবে পাঠ করিবেন। তাহার মধ্যে একটি ঋক্ বা একটি চরণ পাঠ করিবেন না; তাহা হইলেই এই মন্ত্রপাঠ লুক্ক হইবে; এবং যজমানকে চকু হইতে বিযুক্ত করা হইবে।

যাহার উদ্দেশে তিনি ইচ্ছা করিবেন, ইহাকে স্তোত্র হইতে বিযুক্ত করিব, তাহার উদ্দেশে অশ্বিদ্বয়ের উদ্দিষ্ট [ঋক্ তিনটি] লুক্কভাবে পাঠ করিবেন। তাহার মধ্যে একটি ঋক্ বা একটি চরণ পাঠ করিবেন না; তাহা হইলেই ঐ মন্ত্রপাঠ লুক্ক হইবে; এবং যজমানকে স্তোত্র হইতে বিযুক্ত করা হইবে।

যাহার উদ্দেশে তিনি ইচ্ছা করিবেন, ইহাকে বীর্য্য হইতে বিযুক্ত করিব, তাহার উদ্দেশে ইন্দ্রের উদ্দিষ্ট [ঋক্ তিনটি] লুধ্ধ-ভাবে পাঠ করিবেন। তাহার মধ্যে একটি ঋক্ বা একটি চরণ পাঠ করিবেন না; তাহা হইলেই ঐ ঋক্ তিনটি লুধ্ধ হইবে; এবং যজমানকে বীর্য্য হইতে বিযুক্ত করা হইবে।

যাহার উদ্দেশে তিনি ইচ্ছা করিবেন, ইহাকে অঙ্গসমূহ হইতে বিযুক্ত করিব, তাহার উদ্দেশে বিশ্বদেবগণের উদ্দিউ [ঋক্ তিনটি] লুক্কভাবে পাঠ করিবেন। তাহার মধ্যে একটি ঋক্ বা একটি চরণ পাঠ করিবেন না; তাহা হইলেই ঐ মন্ত্রপাঠ লুক্ক হইবে; এবং যজমানকে অঙ্গসমূহ হইতে বিযুক্ত করা হইবে।

যাহার উদ্দেশে তিনি ইচ্ছা করিবেন, ইহাকে বাক্য হইতে বিশ্বক্ত করিব, তাহার উদ্দেশে সরস্বতার উদ্দিষ্ট [ঋক্ তিনটি] লুক্কভাবে পাঠ করিবেন। তাহার মধ্যে একটি ঋক্ বা একটি চরণ পাঠ করিবেন না; তাহা হইলে ঐ ঋক্ তিনটি লুক্ক হইবে এবং যজমানকে বাক্য হইতে বিযুক্ত করা হইবে।

আর যাহার উদ্দেশে তিনি ইচ্ছা করিবেন, ইহাকে সকল অঙ্গদ্বারা ও সমস্ত আত্মা (শরীর) দ্বারা সমৃদ্ধ করিব, তাহার উদ্দেশে সমস্ত শস্ত্রটি যথাক্রমে কোন অংশ পরিত্যাগ না করিয়া পাঠ করিবেন। তাহা হইলে যজমানকে সকল অঙ্গ দ্বারা ও সমস্ত আত্মা দ্বারা সমৃদ্ধ করা হইবে।

যে ইহা জানে, সে সকল অঙ্গ দারা ও সমস্ত আত্মা দারা সমৃদ্ধ হয়।

চতুর্থ থণ্ড প্রউগ শস্ত্র

প্রউগশস্ত্রের উদ্দিষ্ট দেবতা ও তৎপূর্ব্বে গীত আব্দ্যস্তোতের উদ্দিষ্ট দেবতা এক নহেন। এ বিষয়ে আপত্তিখণ্ডন—"তদাছঃ……অমুশস্তো ভবতি"

এ বিষয়ে [ব্রহ্মবাদীরা] বলেন, স্তোত্র যেরূপ, শস্ত্রও তদসুসারী হওয়া উচিত; কিন্তু সামগায়ীরা অগ্নির উদ্দিষ্ট মন্ত্র-দ্বারা স্তব করেন, আর হোতা বায়ুর উদ্দিষ্ট মন্ত্রদ্বারা শস্ত্র পাঠ করেন, তাহা হইলে ঐ অগ্নির উদ্দিষ্ট মন্ত্রে কিরুপে শস্ত্রের অনুসরণ সিদ্ধ হয় ?

ভিতর] প্রিউগ শস্ত্রের অন্তর্গত একুশটি মন্ত্রে] এই যে সকল দেবতা উদ্দিউ হইয়াছেন, ইহারা অগ্নিরই তনুস্বরূপ। সেই অগ্নি যে প্রবল হইয়া দহন করেন, তাহা তাঁহার বায়ব্য (বায়ুর সহযোগে উৎপন্ধ) রূপ; সেইজন্য বায়ুর উদ্দিউ মন্ত্রে অগ্নির উদ্দিউ স্তোত্তের অনুসরণ হয়। আবার অগ্নি ছইভাগ করিয়া (ছইটি শিখায় বিভক্ত হইয়া) দহন করেন এবং ইন্দ্র ও বায়ু ইহারাও ছইজন; ইহাই সেই অগ্নির ঐদ্রবায়ব রূপ; সেইজন্য ঐদ্রবায়ব মন্ত্রে অগ্নির উদ্দিউ স্তোত্তের অনুসরণ হয়। আর যে অগ্নি কখন ছন্ট হইয়া উচ্চে উঠেন, কখন ছন্ট হইয়া নীচে নামেন, তাহাই তাঁহার মৈত্রাবরূণ রূপ; সেইজন্য মৈত্রাবরূণ মন্ত্রে অগ্নির উদ্দিশ্ট স্তোত্তের অনুসরণ হয়। সেইজন্য মৈত্রাবরূণ মন্ত্রে অগ্নির উদ্দিশ্ট স্তোত্তের অনুসরণ হয়। সেইজন্য মৈত্রাবরূণ মন্ত্রে অগ্নির উদ্দিশ্ট স্তোত্তের অনুসরণ হয়। সেই অগ্নির স্পর্শ উষ্ণ, ইহাই তাঁহার

⁽১) 'অগ্ন আরাহি' ইত্যাদি মত্র সামগারীরা আলোডোত্রেমঞ্চপে গান করেন। ঐ মন্ত্রের দেষতা আগ্নি। হোতা "বারবারাহি" ইত্যাদি মত্রে প্রউপশত্র পাঠ আরম্ভ করেন। ঐ মন্ত্রের দেষতা বায়ু!

বারুণ রূপ; আর সেই উষ্ণস্পর্শ অগ্নিকে লোকে মিত্রের (বন্ধুর) মত উপাসনা করে, এই তাঁহার মৈত্র রূপ; দেইজন্য মৈত্রাবরুণ মন্ত্রে অগ্নির উদ্দিষ্ট স্তোত্রের অনুসরণ হয়। আবার অগ্নিকে যে তুই বাহু দ্বারা ও তুই অরণি দ্বারা মন্থন করা হয়, এবং অশ্বীও হুইজন, এই তাঁহার আশ্বিন রূপ; সেইজন্য আশ্বিন-মন্ত্রে অগ্নির উদ্দিষ্ট স্তোত্তের অনুসরণ হয়। আবার অগ্নি যে উচ্চ ধ্বনিতে ব ব ব শব্দ করিয়া দহন করেন, যাহাতে ভূত সকল ভয় পায়, এই তাঁহার ঐন্দ্র রূপ ; সেইজন্য ঐন্দ্র মন্ত্রে অগ্রির উদ্দিষ্ট স্তোত্তের অনুসরণ হয়। আবার অগ্নি এক হই-য়াও বহুধ। বিচরণ করেন, এই তাঁহার বৈশ্বদেব রূপ; সেই-জন্ম বৈশ্বদেব মন্ত্রে অগ্নির উদ্দিষ্ট স্তে|ত্রের অনুসরণ হয়। আর অগ্নি যে স্ফুর্ত্তির সহিত যেন বাক্য উচ্চারণ করিয়া দহন করেন, এই তাঁহার সারস্বত রূপ; সেইজন্য সারস্বত মন্ত্রে অগ্নির উদ্দিষ্ট স্তোত্তের অনুসরণ হয়। এইরূপে বায়ুদৈবত মন্ত্রে আরব্ধ এই প্রউগশস্ত্রের তিন তিনটি ঋকে ঐসকল দেবতা দারাই স্তোত্রগত [অগ্নির উদ্দিষ্ট] মন্ত্র অনুস্ত হয়।

তংপরে প্রউগশন্ত্রের যাজ্ঞা বিধান—"বিশ্বেভি:.....প্রীণাতি"

"বিশ্বেভিঃ সোম্যং মধ্বগ্ন ইন্দ্রেণ বায়ুনা পিবা মিত্রস্থা ধামভিঃ" —অহে অগ্নি, বিশ্বদেবগণের সহিত এবং ইন্দ্রের ও বায়ুর সহিত মিত্রের বাসস্থানে থাকিয়া সোমের মধু পান কর— এই বিশ্বদেবদৈবত মস্ত্রে বৈশ্বদেব-শস্ত্র-পাঠান্তে যজন করিবে। ইহাতে সকল দেবতাকেই আপন ভাগানুসারে প্রীত করা হয়।

^{(3) 3|38|3 . |}

পঞ্চম খণ্ড

প্রউগশস্ত্র---বষট্কার

প্রতিগশস্ত্রের যাজ্যাপাঠের পর তদস্তর্গত বষট্কার ও অসুবষট্কার সম্বন্ধে বিচার—"দেবপাত্রং·····অসুবষট্করোতি"

এই যে বষট্কার, ইহা দেবগণের পাত্র স্বরূপ; বষট্কারে দেবপাত্র দারাই দেবতাগণকে তৃপ্ত করা হয়। [তৎপরে] অমুবষট্কার করা হয়। 'সে এইরূপ। যেমন লোকে অশ্বকে বা গরুকে প্রথমে অভিমুখ করিয়া পরে তাহাদিগকে [ঘাসজলাদি দ্বারা] তৃপ্ত করে, সেইরূপ এই যে অমুবষট্কার করা হয়, তাহাতে দেবতাগণকেও অভিমুখ করিয়া তদ্বারা তৃপ্ত করা হয়।

উত্তরবেদিস্থিত অগ্নিতেই হোম হয় ও অনুবষ্ট্কার হয়, ধিষ্ণাস্থিত অগ্নিতে হয় না, তাহাতে সেই অগ্নির কিরূপে তৃত্তি হইবে, এতৎসম্বন্ধে বিচার—"ইমানেব... প্রীণাতি"

[ব্রহ্মবাদীরা] এই প্রশ্ন করেন, ধিষ্ণান্থিত এই অগ্নিসকলেরই উপাসনা কর্ত্তব্য, তবে কেন পূর্ব্ব (উত্তর্বেদিন্থিত) অগ্নিতেই হোম হয়, আর পূর্ব্ব অগ্নিতেই অনুব্যট্কার হয় ? [উত্তর] "সোমস্থ অগ্নে বীহি"—অহে অগ্নি, সোম ভক্ষণ কর—এই মন্ত্রে যে অনুব্যট্কার হয়, তাহাতেই ধিষ্ণান্থ অগ্নিসকলকেও প্রীত করা হয়।

দিদেবতাগ্রহয়েমে অনুব্রট্কার হয় না, কাজেই অনুষ্ঠান অসমাও থাকে; অথচ তপন ঋত্বিকেরা কিরুপে সোমপান করেন ? ∰পিচ দর্শপূর্ণমাসাদি ^{যাগে}

^{(&}gt;) "मामञ्चाला वीहि" এই मरत्र असूववर्कात इस।

স্বিষ্টকং দারা তৎপূর্ব্বে দত্ত আহুতির সংস্কার হয়, কিন্তু এন্থলে সোমাছতির পর স্বিষ্ট-কং কেন হয় না ? এই উভয় প্রশ্লের উত্তর যথা --"অসংস্থিতান্…ব্যট্ করোতি"

যে [দিদেবত্য] সোমের আহুতির পর অনুব্যট্কার হয় না, সেই অসমাপ্ত সোম কিরূপে ভক্ষণ করিবে ? অপিচ সোমের স্বিফর্কুৎ ভাগই বা কি হইবে ? [ব্রহ্মবাদীরা] এই প্রশ্ন করেন। [উত্তর] "সোমস্থ অগ্নে বীহি" এই মন্ত্র দ্বারা [প্রউগশন্ত্রের যাজ্যায়] যে অনুব্যট্কার হয়, তাহাতেই সোমাহুতি সমাপ্ত ও উহার ভক্ষণ [সিদ্ধ] হয়। অপিচ, সেই অনুব্যট্কারই সোমের স্বিফর্কুৎ-ভাগ; এই জন্মই ব্যট্কার উচ্চারণ হয়।

ষষ্ঠ খণ্ড বষট্কার

বষট্কার সম্বন্ধে পুনরায় বিচার—"বজ্রো বা কুর্বান্তি"

এই যে বষট্কার, ইহা বজ্রস্বরূপ। যাহাকে দ্বেষ করা যায়, তাহাকে চিন্তা করিয়া বষ্টকার করিলে তাহারই প্রতি সেই বজ্রের নিক্ষেপ ঘটে।

"ষট্" এই [অন্তালগ] দারা বষট্কার হয়। ঋতু ছয়টি; এতদ্বারা ঋতুসকলকেই সমর্থ করা হয়, ঋতুসকলকেই প্রতিষ্ঠিত করা হয়। ঋতুসকল প্রতিষ্ঠিত হইলে এই যাহা কিছু আছে, তাহা সমস্তই তাহার পশ্চাৎ প্রতিষ্ঠিত হয়।

⁽১) বৰট্কারের ছুইভাগ—"বৌ" আর "ৰট্" -

যে ইহা জানে, সেও প্রতিষ্ঠিত হয়। এ বিষয়ে বিদের পুত্র হিরণ্যদং (তদ্মামক ঋষি) বলিয়াছেন,—এই বষট্কার দারা এই ছয়টি প্রতিষ্ঠিত করা হয়; ছ্যুলোক অন্তরিক্ষে, অন্তরিক্ষ পৃথিবীতে, পৃথিবী অপ্সমূহে, অপ্সমূহ সত্যে, সত্য ত্রক্ষো (বেদে), ত্রক্ষা তপস্থায় প্রতিষ্ঠিত হয়; তখন প্রতিষ্ঠান্তরমপ এই সকলই প্রতিষ্ঠিত হয় এবং এই যাহা কিছু আছে, তাহা সমস্তই তাহার পশ্চাৎ প্রতিষ্ঠিত হয়; যে ইহা জানে, সেও প্রতিষ্ঠিত হয়।

"বোষট্" এই বলিয়া বষট্কার হয়। উনিই (ঐ আদিত্যই) 'বো', আর ঋতুসমূহ 'ষট্' (ছয়); এতদ্বারা তাঁহা-কেই (আদিত্যকেই) ঋতুসমূহে নিহিত করা হয় ও ঋতুসমূহে নিহিত করা হয় ও ঋতুসমূহেই প্রতিষ্ঠিত করা হয়। এই হোতা দেবগণের উদ্দেশে যেরূপ প্রতিষ্ঠা সম্পাদন] করেন, দেবগণও তাঁহার উদ্দেশে সেইরূপ করেন।

সপ্তম খণ্ড বষ্টুকার

वश्कृकादत्रव व्यवाखत्रस्थन यथा-"जात्रा देव.....य अवः त्वन"

বষট্কার ত্রিবিধ—বজ্ঞ, ধামচ্ছৎ, ও রিক্ত। সেই হোতা উচ্চস্বরে ও বলের সহিত যে বষট্কার করেন, তাহার নাম বজ্ঞ। যে সেই হোতার হস্তব্য হয়, তাহার হত্যার জন্য দেষকারী শক্রর উদ্দেশে ঐ বজ্ঞ নিক্ষিপ্ত হয়; সেইজন্য শক্র যুক্ত যজ্ঞসানকর্তৃক সেই বষট্কার প্রযোজ্য। আবার যাহা সমান স্বরে উচ্চারিত, [যাজ্যামন্ত্র হইতে] অবিচ্ছিন্ন, ও যাহার [যাজ্যা] ঋক্ পরিত্যক্ত হয় নাই, সেই বষট্কার ধামচ্ছৎ।' প্রজাগণ ও পশুগণ সেই বষট্কারের নিকটে উপস্থিত থাকে; সেইজন্য প্রজাকামী ও পশুকামী যজনানকর্তৃক সেই বষট্কার প্রযোজ্য।

আর যদ্ধারা বোষট্ [মৃত্তুস্বরে উচ্চারণহেতু] সমৃদ্ধিহীন হয়, তাহার নাম রিক্ত। উহা আপনাকে (হোতাকে) রিক্ত (সমৃদ্ধিহীন) করে, যজমানকে রিক্ত করে; বষট্কর্তাও পাপযুক্ত হয়; যে যজমানের উদ্দেশে ঐ বষট্কার হয়, সেও পাপযুক্ত হয়। সেইজন্য ঐ বষট্কারের ইচ্ছাও করিবে না।

যিনি সেই যজমানের হোতা হইবেন, তিনি যজমানের কি ইস্ট বা কি অনিস্ট সম্পাদনে সমর্থ ? এ বিষয়ে বলা হয়, সেই হোতা ইহলোকেই যজমানের প্রতি যাহা ইচ্ছা করিবেন, তাহাই করিতে পারিবেন। যাহার উদ্দেশে হোতা ইচ্ছা করিবেন, যজ্ঞ না করিলে যেমন হয়, এই যজমান যজ্ঞ করিয়াও সেইরূপ হউক, তাহা হইলে তাহার উদ্দেশে যেরূপে ঋক্পাঠ (যাজ্যাপাঠ) করিবেন, সেইরূপেই ব্যট্কার করিবেন। ইহাতেই তাহাকে সেই ব্যক্তির (অক্বত্যজ্ঞ ব্যক্তির) সদৃশ করা হইবে। যাহার উদ্দেশে হোতা ইচ্ছা করিবেন, এই যজমান পাপযুক্ত হউক, তাহার উদ্দেশ্যে ঋক্ (যাজ্যা) উচ্চস্বরে পাঠ করিয়া নীচ স্বরে ব্যট্কার করিবেন। ইহাতেই তাহাকে পাপযুক্ত করা হইবে।

⁽১) ধাম বজ্ঞস্থানং তত্ত্ব বথা রক্ষাংসি ন প্রবিশক্তি তথা ছাদরতি স ধামজহুৎ (সারণ) অর্থাৎ বজ্ঞস্থানের রক্ষাকারক।

⁽२) भूदर्भ तन्य।

যাহার উদ্দেশে হোতা ইচ্ছা করিবেন, এই যজমান শ্রেয়োযুক্ত হউক, তাহার উদ্দেশে নীচম্বরে ঋক্ পাঠ করিয়া উচ্চম্বরে বষট্কার করিবেন। ইহাতেই তাহাকে শ্রীযুক্ত করা হইবে।

ঋকের সহিত অবিচ্ছেদে বষট্কার কর্ত্তর। তাহাতে যজমানের [শ্রেয়োলাভে] অবিচ্ছেদ ঘটে। যে ইহা জানে, সে প্রজাদারা ও পশুদারা সংযুক্ত হয়।

অফ্টম খণ্ড বষট্যকার

বষ্টুকারকালে অভাভ ক্রিয়া যথা—"যথৈ দেবতারৈ…এবং বেদ"

যে দেবতার উদ্দেশে [অধ্বর্যু] হব্য গ্রহণ করেন,
[হোতা] বষট্কারকালে সেই দেবতার ধ্যান করিবেন।
তাহাতে সেই দেবতাকে সাক্ষাৎ করিয়াই প্রীত করা হয়
এবং প্রত্যক্ষেই দেবতার যজন হয়।

বষট্কার বজ্রস্বরূপ; তাহা প্রহারের পর অশান্ত হইয়া
দীপ্তি পায়। সকলে তাহার শান্তির উপায় জানে না,
ও [শান্তির পর] প্রতিষ্ঠা (অবস্থিতি) কোথায়, তাহাও
জানে না। সেই জন্মই ইহলোকে মৃত্যুর এত বাহুল্য। "বাক্"
ইত্যাদি' মন্ত্রই তাহার শান্তির ও তাহার প্রতিষ্ঠার উপায়।
সেইজন্ম যথন যথন বষট্কার করিবে, তখনই "বাক্" ইত্যাদি
মন্ত্রে অনুমন্ত্রণ করিবে। এইরূপে শান্ত হইলে সেই
বষট্কার এই যজমানকে হিংসা করিবে না।

⁽ ১) ''বাগোজঃ সহ প্রকো মন্নি প্রাণাপানে।' এই মন্ত্র ববট্কার প্রশমনের উপায়। পরে দেখ।

অথবা, "অহে বষট্কার, আমাকে বিনষ্ট করিও না, আমিও তোমাকে বিনষ্ট করিব না; রহৎ যজ্ঞদ্বারা তোমার মনের আহ্বান করিতেছি, ব্যানদ্বারা তোমার শরীরের আহ্বান করিতেছি; তুমি প্রতিষ্ঠাস্থরূপ; তুমি প্রতিষ্ঠা লাভ কর ও আমাকে প্রতিষ্ঠা লাভ করাও"—ইত্যর্থক মন্ত্রদারা বষট্কারের অনুমন্ত্রণ করিবে।

কিন্তু এই অনুমন্ত্রণ বিষয়ে বলা হয়, এই মন্ত্র দীর্ঘ ও [এইজন্ম শান্তিকর্মে] অক্ষম; অতএব "ওজঃ দহ ওজঃ" এই মন্ত্রদারা অনুমন্ত্রণ করিবে; [কেন না] "ওজঃ" ও "দহ" এই ছুইটি বষট্কারের প্রিয়তম তনুস্বরূপ; এতদ্বারা বষট্কারকে তাহার প্রিয় ধাম দ্বারা দমৃদ্ধ করা হয় এবং যে ইহা জানে, দে প্রিয় ধাম দ্বারা দমৃদ্ধ হয়।

বাক্যই প্রাণ ও অপান; বষট্কারও তাহাই। যথনই বষট্কার হয়, তথনই ইহারা [হোতার শরীর হইতে] উৎক্রমণ করে। এই জন্য তাহাদিগকে "বাগোজঃ সহ ওজা ময়ি প্রাণাপানো"—বাক্য সহিত ও ওজঃ সহিত বর্ত্তমান অহে বষট্কার, আমার ওজোলাভ হউক এবং প্রাণাপান লাভ হউক—এই মন্ত্র দ্বারা অনুমন্ত্রণ করিবে। এতদ্বারা হোতা পূর্ণায়ু হইয়া পূর্ণায়ুক্ষতার জন্য আত্মাতেই বাক্য এবং প্রাণ ও অপান প্রতিষ্ঠিত করেন। যে ইহা জানে, সে পূর্ণ আয়ু প্রাপ্ত হয়।

নব্য খণ্ড

প্রৈষাদি-প্রশংস।

বৈপ্রব প্রভৃতির ব্যুৎপত্তি ও প্রশংসা যথা—"যজ্ঞো বৈ…প্রেষ্যতি"

যজ্ঞ দেবগণের নিকট হইতে চলিয়া গিয়াছিলেন। তাঁহারা প্রৈষ্বারা 'সেই যজ্ঞকে প্রৈষ (আহ্বান) করিতে ইচ্ছা করিয়াছিলেন, তাহাই প্রৈষের প্রৈষ্ত্ব। দেবগণ পুরোরুক্সমূহ দ্বারা পেই যজ্ঞকে রুচিসম্পন্ধ করিয়াছিলেন; পুরোরুক্ দ্বারা যজ্ঞের রুচি সম্পাদন করিয়াছিলেন, উহাই পুরোরুকের পুরোরুক্ত্ব। সেই যজ্ঞকে বেদিতে অসুবেদন (অসুকূলভাবে লাভ) করিয়াছিলেন; বেদিতে যে অসুবেদন করিয়াছিলেন, তাহাই বেদির বেদিত্ব। সেই যজ্ঞ [বেদিতে] লব্ধ হইলে পর উহাকে গ্রহ দ্বারা (উপাংশু প্রভৃতি দ্বারা) গ্রহণ করিয়াছিলেন; লব্ধ হইলে পর গ্রহ দ্বারা যে গ্রহণ করিয়াছিলেন, উহাই গ্রহ সকলের গ্রহত্ব। তাহাকে লাভ করিয়া নিবিৎসমূহের দ্বারা [দেবতার উদ্দেশে] নিবেদন করিয়াছিলেন; লাভের পর নিবিৎসমূহ দ্বারা নিবেদন করিয়াছিলেন, ইহাই নিবিৎসমূহের নিবিৎত্ব।

নুষ্ট দ্রব্য পাইতে ইচ্ছা করিয়া, কেহ বা অধিক পাইতে ইচ্ছা করে, কেহ বা অল্প পাইতে ইচ্ছা করে। উভয়ের মধ্যে যে অধিক পাইতে ইচ্ছা করে, সেই ব্যক্তি উভয়ের মধ্যে ভাল

⁽১) "হোডা বক্ষদগ্নিং সমিধা" ইত্যাদি প্রৈবমন্ত্র।

⁽২) "ৰাযুরবোগাঃ" ইত্যাদি সাতটি পুরোকক্ প্রউশ্বেশন্তের অন্তর্গত সাতটি ঋক্রয়ের প্^{রের} গঠিত হয়।

ইচ্ছা করে। সেইরূপ যে ব্যক্তি এই প্রৈষমন্ত্রসকলকে দীর্ঘ বলিয়া জানে, সেই ব্যক্তি তাহা ভাল জানে; কেননা এই যে প্রৈষমন্ত্রসকল, এতদ্বারাই নফ যজ্ঞের অন্বেষণ হয়। সেই জন্য [মৈত্রাবরুণ] মাথা নোয়াইয়া দাঁড়াইয়া প্রৈষমন্ত্রপাঠ করিবেন।

দশ্ম খণ্ড

নিবিৎ-স্থাপনা

স্বনত্ত্যে নিবিৎসমূহের স্থাননিরূপণ যথা— "গর্ভা বৈ......এবং বেদ"
এই যে নিবিৎসমূহ, ইহারা উক্থ-(শস্ত্র)-সকলের গর্ভস্বরূপ। সেইহেতু প্রাতঃসবনে ঐ নিবিৎসমূহকে উক্থসমূহের পূর্বের স্থাপন করা হয়। এইজন্মই গর্ভ (জ্রন)
[শরীরমধ্যে] পুরোভাগেই স্থাপিত হয় ও প্রিসবকালেও]
পুরোভাগেই বর্ত্ত্যান থাকে।

মাধ্যন্দিনসবনে নিবিৎসমূহ মধ্যস্থলে স্থাপিত হয়। সেই জন্ম গর্ভ মধ্যস্থলে (উদরমধ্যে) স্থাপিত হয়।

তৃতীয় সবনে নিবিৎসমূহ শেষে স্থাপিত হয়। সেইজন্ম গর্ভ ঐ [উদরমধ্য] হইতে অধোম্থ হইয়া জাত হয়। ইহাতে যজমানের পুনর্জন্ম ঘটে।

যে ইহা জানে, সে প্রজাদারা ও পশুদারা জন্মলাভ করে।

^{(&}gt;) "अशिर्परक्षः" हेजापि मजनका। शृर्स पथ ।

এই যে নিবিৎসমূহ, ইহারা উক্থসকলের অলঙ্কারস্বরূপ। বিদেইজন্ম প্রাতঃসবনে উহাদিগকে পূর্বের স্থাপন করা হয়, কেন না বয়নের পূর্বেই বস্ত্রকে অলঙ্কত করা হয়। মাধ্যন্দিন সবনে উহাদিগকে মধ্যে স্থাপন করা হয়, কেন না বস্ত্রেরও মধ্যস্থলে অলঙ্কার দেওয়া হয়। আর তৃতীয় সবনে তাহাদিগকে শেষে স্থাপন করা হয়; কেননা বস্ত্রেরও শেষভাগে অলঙ্কার দেওয়া হয়। যে ইহা জানে, তাহার যজ্ঞের সমস্ত ভাগই অলঙ্কার ঘারা শোভা পায়।

একাদশ খণ্ড নিবিৎপ্রশংসা

নিবিৎসম্বন্ধে বিবিধ উক্তি—"দৌর্য্যা · · · · প্রায়শ্চিত্তি:"

এই যে নিবিৎসমূহ, ইহারা সূর্য্যসম্বন্ধী দেবতাম্বরূপ। প্রাতঃসবনে শস্ত্রসকলের প্রথমে, মাধ্যন্দিনসবনে মধ্যে ও তৃতীয় সবনে অন্তে নিবিদের স্থাপনা হয়। এতদ্বারা নিবিৎ-সমূহ আদিত্যের আচরণই অনুসরণ করে।

দেবগণ পুরাকালে পাদশঃ (ক্রমশঃ) যজ্ঞের সম্ভার করিয়াছিলেন; সেইজন্য নিবিৎসমূহও পাদশঃ (এক এক পাদ করিয়া) পঠিত হয়।

দেবগণ তখন যেন্দ্রানে যজ্জের সম্ভার করিয়াছিলেন, সেই

⁽২) ভিন্ন বর্ণের তম্ভ বিশ্বাস করিয়া বল্লের অলকীর সাধিত হয়। এছলে স্বনকে ব্যেদ সৃহিত উপসিত করিয়া নিবিংকে তাহার অলকার বলা হইল।

স্থান হইতে অশ্ব উৎপন্ন হইয়াছিল। সেইজন্য [ব্রহ্মবাদীরা] বলেন, নিবিৎসমূহের পাঠককে (অর্থাৎ হোতাকে) অশ্ব দান করিবে। তাহাতে প্রার্থনাযোগ্য বস্তুরই দান করা হয়।

[দ্বাদশপদযুক্ত] নিবিদের কোন পদকেই পরিত্যাগ করিবে না। যদি নিবিদের কোন পদ পরিত্যাগ করা হয়, তাহা হইলে যজ্ঞে ছিদ্র করা হয়। যজ্ঞে ছিদ্র হইলে উহা শ্বালিত হয় ও যজমান পাপযুক্ত হয়। এই হেতু নিবিদের কোন পদ পরিত্যাগ করিবে না।

নিবিদের কোন ছই পদের বিপর্যাস করিবে না। যদি নিবিদের কোন ছই পদের বিপর্যাস করা হয়, তাহা হইলে যজ্ঞে ভ্রান্তি জন্মান হয়, যজমানও ক্ষুব্ধ (ভ্রান্ত) হয়। এই হেছু নিবিদের কোন ছই পদের বিপর্যাস করিবে না।

নিবিদের কোন ছই পদ [একত্র] যুক্ত করিবে না।

যদি নিবিদের ছই পদ যুক্ত করা হয়, তাহা হইলে যজের

'আয়ুর সংহার করা হয়, যজমানও বিনফ হয়। এই হেডু

নিবিদের কোন ছই পদ যুক্ত করিবে না। কিন্তু "প্রেদং ব্রহ্ম"
ও "প্রেদং ক্ষত্রম্" এই ছই পদ ব্রহ্ম ও ক্ষত্রের মিলনোদেশে

যুক্ত করিবে; তাহা হইলে ব্রাহ্মণ ও ক্ষত্রিয় [পরস্পর]

সম্মিলিত হইবে।

তিন-ঋক্ষুক্ত ও চারি-ঋক্-যুক্ত সূক্ত অতিক্রম করিয়া অন্য সূক্তে নিবিৎ স্থাপন করিবে না। নিবিদের এক একটি পদ সূক্তগত প্রত্যেক ঋকের অমুক্ল। সেইজন্য তিন-ঋক্-যুক্ত ও চারি-ঋক্ষুক্ত সূক্ত অতিক্রম করিয়া অন্য সূক্তে নিবিৎ স্থাপন করিবে না। তদপেক্ষা অধিক-ঋক্যুক্ত সূক্তে নিবিৎ স্থাপন করিলে নিবিৎ দ্বারা স্তোত্রকে অতিক্রম করা হয়।
কিন্তু তৃতীয় সবনে একটি ঋকের পাঠ অবশিষ্ট থাকিতে নিবিদের স্থাপন করিবে। যদি চুইটি ঋক্ অবশিষ্ট থাকিতে নিবিৎ
স্থাপন করা হয়, তাহা হইলে সন্তানোৎপত্তির ব্যাঘাত করা
হয় এবং গর্ভ হইতে সন্তানকে বিযুক্ত করা হয়। এই হেতু
তৃতীয় সবনে একটি ঋকের পাঠ অবশিষ্ট থাকিতে নিবিৎ
স্থাপন করিবে।

নিবিৎ ছাড়িয়া (অর্থাৎ সৃক্তমধ্যে যথাস্থানে না বসাইয়া)
সৃক্ত পাঠ করিবে না। নিবিৎ ছাড়িয়া যে সৃক্ত [ভ্রমক্রমে]
পাঠ করা হয়, সেই সৃক্ত পুনরায় [নিবিৎ বসাইয়া] পাঠ
করিবে না; কেন না ঐ সৃক্ত [নিবিদের] বসতি স্থান নই্ট করিয়াছে। [সেম্বলে] সেই দেবতারই উদ্দিই্ট ও সেই-ছন্দোবিশিইট
অন্য সৃক্ত আনিয়া তাহার মধ্যেই নিবিদের স্থাপনা করিবে। কিস্তু
সেই [নৃতন] সৃক্ত পাঠের পূর্বের্ব "মা প্র গাম পথে। বয়ম্"—'
আমরা যেন পথ হইতে ভ্রন্ট হইয়া না যাই—এই মন্ত্র পাঠ
করিবে। যজ্ঞে যে ভ্রম করে, সে পথ হইতে ভ্রন্ট হয়। "মা
যজ্ঞাদিন্দ্র সোমিনঃ"—হে ইন্দ্র, সোমযুক্ত যজ্ঞ হইতেও যেন
ভ্রন্ট] না হই—এই [দ্বিতীয় চরণ] পাঠে যজ্ঞ হইতে ভ্রন্ট হয়
না। "মান্তঃ স্থুর্নো অরাতয়ঃ"—আমাদের মধ্যে যেন অরাতি
না গাকে—এই [তৃতীয় চরণ] পাঠে যাহারা অরাতি হইতে

⁽১) বিশ্বতিক্রমে বা এমক্রমে নিবিৎ না বসাইয়া স্কুল পাঠ করিলে, পুনরায় ঐ হজের পাঠ নিবিদ্ধ হইল। তাহার খুলে আর একটি স্কুলের যথাখানে নিবিৎ বসাইয়া পাঠ বিহিত; কিন্ত ^{তং}-পূর্ব্বে প্রায়শ্চিত্তবন্ধণে দশম মণ্ডলের ৫৭ স্কুটি পাঠ করিবে। "মা প্র গাম পথো বরং মা যক্তাদিল সোমিবঃ। মা**ন্ত**্রে অরাভরঃ।" (১-।৫৭)১) ঐইটি ঐ স্কুলের প্রথম মন্ত্র।

ইচ্ছা করে,তাহাদিগকে বিনষ্ট করা হয়। তিৎপরে পাঠ্য দ্বিতীয় ঋক্] "যো যজ্ঞস্থ প্রসাধনস্তম্ভদে বেষাততঃ। তমাহুতং নশী-মহি"—আমাদের যে সন্তান দেবগণমধ্যে প্রসারিত তস্তুর মত [আমাদের পরে] যজ্ঞের সাধন করিবে, দেবগণের আহ্বানকারী সেই সন্তান যেন নফ নাহয়—এম্বলে প্রজাই (সন্তানই) তন্তঃ; এতদ্বারা যজ্ঞমানের সন্তানকেই সন্তত (বিচ্ছেদরহিত) করা হয়। তৎপরবর্তী তৃতীয় ঋকের প্রথমার্দ্ধ] "মনো দ্বাহুবামহে নারাশংসেন সোমেন"—নারাশংস সোম দ্বারা আমাদের মনকে আহ্বান করিতেছি—ইহার তাৎপর্য্য এই যে, যজ্ঞ মন দ্বারাই বিস্তারিত হয় ও মন দ্বারাই অনুষ্ঠিত হয়। এই সুক্তের পাঠই [উক্ত বিশ্বতিদোষের] প্রায়শ্চিতস্বরূপ।

দ্বাদশ অধ্যায়

প্রথম খণ্ড

আহাব-প্রতিগর

সবনজ্ঞরে বিহিত আহাব ও প্রতিগরমন্ত্রের বিধান বথা—"দেববিশঃ... এবং বেদ"

ব্রহ্মবাদীরা বলেন, দেববৈশ্যগণের কল্পনা করিতে ইইবে। [তজ্জ্বয়] ছন্দে ছন্দের স্থাপনা করিতে ইইবে।

^(।) চৰসন্থিত সোৰের বাব নারাশ্যে, পূর্বে ১৮৫ পৃষ্ঠ দেখ।

⁽ ১) শন্ত্রপাঠের পূর্ব্বে হোড়পাঠ্য আহাব ও অধ্বর্গুপাঠ্য প্রতিগর একত্র করিরা বে কর্মট জক

প্রাতঃসবনে [হোতা] "শোংসাবোম্" এই ত্রাক্ষর
মন্ত্র দ্বারা [অধ্বয়ুর্ কে] আহাব করিবেন। অধ্বয়ুর্ "শংসামোদৈবোম্" এই পঞ্চাক্ষর মন্ত্রে প্রতিগর (প্রভ্যুত্তর)
করিবেন। এইরূপে উহা অফীক্ষর হইবে। গায়ত্রীও অফীক্ষরা। এতদ্বারা প্রাতঃসবনে [শস্ত্রপাঠের] পূর্বে গায়ত্রীরই
কল্পনা হইবে। শস্ত্রপাঠের পর [হোতা] "উক্থং বাচি" "
এই চতুরক্ষর মন্ত্র পাঠ করিবেন। [অধ্যয়ুর্ব] "ওঁ উক্থশাঃ" '
এই চতুরক্ষর মন্ত্র পাঠ করিবেন। এইরূপে উহা অফীক্ষর
হইবে। গায়ত্রীও অফীক্ষরা। এতদ্বারা প্রাতঃসবনে [শস্ত্রপাঠের পূর্বের্ব ও পরে] উভয়তই গায়ত্রীর কল্পনা হইবে।

মাধ্যন্দিনসবনে হোতা "অধ্বর্য্যো শোংসাবোম্" এই ষড়ক্ষর
মন্ত্রে আহাব করিবেন; অধ্বয়ুর্য "শংসামোদৈবোম্" এই পঞ্চাক্ষর
মন্ত্রে প্রতিগর করিবেন। এইরূপে উহা একাদশাক্ষর হইবে।

ছইবে, শব্রপাঠের পরেও হোতা ও অধ্বর্য উভরে ততগুলি অক্ষরের মত্র পাঠ করিবেন। এইরপে ছন্দের ছাপনা হইবে। প্রাতঃসবনে শব্রপাঠের পূর্কে গায়ত্রী পরেও গায়ত্রী, মাধ্যন্দিন সবনে পূর্কে ত্রিষ্টু পরেও ত্রিষ্টু প্রেও ত্রিষ্টু প্রেও ত্রিষ্টু সবনে পূর্কে জগতী পরেও জগতী স্থাপিত হইবে। এতক্ষারা ব্রহ্মবাদীর মতে দেববৈশ্রের করনা হব।

⁽২) প্রাতঃসবনের আহাব মন্ত্র—উহার অর্থ—হে অধ্বর্গ্যে শেংসাবঃ শংসনং কুর্বঃ। ওমিত্যমুক্তার্থমূ। ত্রা অনুক্তা দেরা। (সারণ)—হে অধ্বর্গু, শল্পাঠ করিব; তুমি অনুক্তা দাও।

⁽৩) প্রাতঃসবনের প্রতিপর মত্র। অর্থ-ছে হোতত্বং শংস, তত্রামোদৈব হর্ব এবাস্মাকন্; অতোস্ক্রা দ্বা (সারণ) —অহে হোতা, শত্র পাঠ কর; উহাতে আমাদের আমোদই হইবে; অসুক্রা দিলাম।

⁽ s) উক্থং ৰাচি--- মদীরারাং বাচি উক্থং শল্পং সম্পন্নৰ্ (সারণ)---জামাদের বাক্যে পল্লগাঠ সম্পন্ন হইল।

⁽ e) ওঁ উক্পৰ্ণা:—ওমিত্যঙ্গীকারে, উক্থৰাত্তং শত্ত্ৰশাস্থা কৰসি (সান্নণ)—ভোষার উক্থ-পাঠ সম্পন্ন হইরাছে।

ত্রিষ্টুপ একাদশাক্ষরা। এতদ্বারা মাধ্যন্দিন-সবনে [শস্ত্র পাঠের] পূর্বের ত্রিষ্টুভের কল্পনা হইবে। শস্ত্রপাঠের পর হোতা "উক্থং বাচীন্দ্রায়" এই সপ্তাক্রর মন্ত্র পাঠ করিবেন, ও অধ্বযুর্য "ওঁ উক্থশাঃ" এই চতুরক্ষর মন্ত্র পাঠ করিবেন। এইরূপে উহা একাদশাক্ষর হইবে। ত্রিষ্টুপ একাদশাক্রা। এতদ্বারা মাধ্যন্দিনসবনে [শস্ত্রপাঠের পূর্বেও পরে] উভয়তঃ ত্রিষ্টুভের কল্পনা হইবে।

তৃতীয় সবনে হোতা "অধ্বর্ধ্যা শোশোংসাবোম্" এই সপ্তাক্ষর মন্ত্রে আহাব করিবেন ও অধ্বর্ধ্য "শংসামোদৈবোম্" এই পঞ্চাক্ষর মন্ত্রে প্রতিগর করিবেন। এইরূপে উহা দ্বাদশাক্ষর হইবে। জগতী দ্বাদশাক্ষরা। এতদ্বারা তৃতীয় সবনে [শস্ত্রপাঠের] পূর্ব্বে জগতীর কল্পনা হইবে। শস্ত্রপাঠের পর হোতা "উক্থং বাচি ইন্দ্রায় দেবেভ্যঃ" এই একাদশাক্ষর মন্ত্র পাঠ করিবেন ও অধ্বর্ধ্য "ওঁ" এই একাক্ষর মন্ত্র পাঠ করিবেন। এইরূপে উহা দ্বাদশাক্ষর হইবে। জগতী দ্বাদশাক্ষর। এতদ্বারা তৃতীয় সবনে [শস্ত্রপাঠের পূর্ব্বে ও পরে] উভয়তঃ জগতীর কল্পনা হইবে।

এই সমস্ত দর্শন করিয়া ঋষি এই মন্ত্র বলিয়া-ছিলেন,—''যদ্ গায়ত্রে অধি গায়ত্রমাহিতং ত্রৈষ্ট্রভাদা ত্রৈষ্ট্রভং নিরতক্ষত। যদা জগঙ্জগত্যাহিতং পদং য ইতদ্বিদ্ধস্তে

⁽ ७) ইন্দ্রের জন্ত মদীর বাক্যে শন্ত্রপাঠ সম্পন্ন হইল।

⁽ १) "লোলোংসাবোৰ্"—লোংসাবোৰ্। প্ৰথম অক্ষরের দিছ ছান্দস।

⁽৮) ইজের ও অক্ত দেবতাগণের উদেশে মদীর বাক্যে শল্পাঠ নিশার হইল।

⁽ ১) এই মন্ত্রের কৃষি উচ্প্যের পুত্র বীর্বভমা: ।

অমৃতত্বমানশুঃ" — প্রাতঃসবনে শংসনের পূর্বের পঠিত] গায়ত্রীর পরে [শংসনের পরে পঠিত] যে গায়ত্রীর স্থাপনা হয়, তদ্রপ [মাধ্যন্দিনসবনে] ত্রিফুভের পরে যে ত্রিফুপ্ স্থাপিত হয় এবং [তৃতীয় সবনে] জগতীর পর জগতী স্থাপিত হয়, যে অমুষ্ঠাতারা এই স্থাপনা জানেন, তাঁহারা অমৃতত্ব প্রাপ্ত হন।

এতদ্বারাই এক ছন্দে অন্য ছন্দের স্থাপনা হইয়া থাকে এবং যে ইহা জানে, সে দেববৈশ্যেরই কল্পনা করে।

দ্বিতীয় খণ্ড

স্বনত্রয়ে ছন্দোবিভাগ

অমুষ্ঠুপ্, গায়ত্রী, ত্রিষ্টুপ্ ও জগতীচ্চন্দের সবনত্রে বিভাগ সম্বন্ধে আখ্যা-বিকা—"প্রকাপতিবৈ '····বজতে"

প্রজাপতি পুরাকালে যজ্ঞকে ও ছন্দ সকলকে দেবগণের অংশে বিভাগ করিয়া দিয়াছিলেন। তিনি প্রাতঃসবনে গায়ত্রীকে অগ্নির ও বস্থগণের ভাগে দিয়াছিলেন, মাধ্যন্দিনে ত্রিষ্টু ভ্কে ইন্দ্রের ও রুদ্রগণের ভাগে দিয়াছিলেন এবং তৃতীয়-সবনে জগতীকে বিশ্বদেবগণের ও আদিত্যগণের ভাগে দিয়াছিলেন। অনন্তর তাঁহার আপনার যে অসুষ্টু প্ছন্দ বর্ত্তমান ছিল, তাহাকে অচ্ছাবাকোক্ত মন্ত্রের উদ্দেশে [যজ্জের] প্রান্তিল, তাহাকে অচ্ছাবাকোক্ত মন্ত্রের উদ্দেশে [যজ্রের] প্রান্ত দেশে অপসারিত করিয়াছিলেন। তথন সেই অসুষ্টু প্প্রজাপতিকে বলিলেন, তুমি দেবগণের মধ্যে পাপিষ্ঠ;

^{(&}gt;.) >1>481401

আমি তোমার আপনার ছন্দ, [তথাপি] আমাকে তুমি অছাবাকপাঠ্য মন্ত্রের উদ্দেশে [যজ্ঞের] প্রান্তদেশে অপনারিত করিয়াছ। সেই প্রজাপতি এই সমস্ত (অনুষ্টুভের তিরস্কার) জানিলেন; তিনি আপনার জন্ম সোমযাগের আয়োজন করিলেন ও সেই সোমযাগের অগ্রমুথে (আরম্ভে) অনুষ্টুভ্কে স্থাপন করিলেন। 'সেই হেতু অনুষ্টুপ্ সকল সবনের অগ্রমুথে স্থাপিত হইয়া প্রযুক্ত হয়। যে ইহা জানে, সে সকলের অগ্রম্থিত ও মুখ্য হইয়া শ্রেষ্ঠতা প্রাপ্ত হয়। সেই প্রজাপতি আপন সোমযাগে এইরূপ [অনুষ্টুভের মুখ্যম্ব] কল্পনা করিয়াছিলেন; সেইজন্য যে কোন স্থলে যজ্ঞ [যজ্ঞারম্ভে অনুষ্টুভের প্রয়োগ দ্বারা] যজমানের বশীভূত হয়, সেখানে যজ্ঞও সমর্থ হয়। যেখানে যজমান ইহা জানিয়া বশীভূত (অনুষ্টুভের প্রয়োগে সাবধান) হইয়া যাগ করে, সেই জনতামধ্যে সেই যজ্ঞও সমর্থ হয়।

তৃতীয় খণ্ড অমুষ্টুভ্-প্রশংসা

অন্ত্রষ্টুপ্ মন্ত্রে শস্ত্রপাঠ করিয়া অগ্নি মৃত্যু হইতে রক্ষা পাইয়াছিলেন, তৎসম্বন্ধে আধ্যায়িকা—"অগ্নিবৈএবং বেদ"

পুরাকালে অগ্নি দেবগণের হোতা হইয়াছিলেন। বহি-প্রবমান স্তোত্ত্র গীত হইলে পর মৃত্যু তাঁহার নিকট

 ⁽১) "প্র বো দেবার জায়ে" ইত্যাদি অনুষ্ঠুভ্ মন্তবারা প্রাতঃসবনে আজাশত্রের আরভ
হয় (পুর্বের দেব)। ইহাই প্রজাপতির ঘকীর ছক্ অনুষ্ঠুভের মাহাদ্য।

উপস্থিত হইয়াছিল। তিনি (অগ্নি) [আত্মরকার্থ] অনু-উ্ভ্ৰারা আজ্যশস্ত্র আরম্ভ করিয়াছিলেন ও তদ্ধারা মৃত্যুকে 🗠 তিক্রম করিয়াছিলেন ; আজ্যশস্ত্র পঠিত হইলে মৃত্যু তাঁহার নিকট [পুনরায়] উপস্থিত হইয়াছিল। তখন তিনি প্রউগশস্ত্র` আরম্ভ করিয়াছিলেন ও তদ্ধারা মৃত্যুকে অতিক্রম করিয়া-ছিলেন। তৎপরে মাধ্যন্দিন প্রমানস্তোত্র [°] গীত হইলে পর মৃত্যু তাঁহার নিকট উপস্থিত হইয়াছিল। তথন তিনি অনু-**ক্টুভ্ দারা মরুত্ব**তীয় শস্ত্র আরম্ভ করিয়াছিলেন ও তদ্ধা<mark>রা</mark> মৃত্যুকে অতিক্রম করিয়াছিলেন। তৎপরে মাধ্যন্দিনসবনে [মরুত্বতীয় শস্ত্রপাঠের পর নিক্ষেবল্য শস্ত্রে] রহতীচ্ছন্দ পঠিত হওয়ায় তাঁহার নিকট মৃত্যু উপস্থিত হইতে পারে নাই; কেন না রহতীসকল প্রাণম্বরূপ; সেই হেতু সে প্রাণসকলের বিয়োগ করিতে পারে নাই। সেইজন্ম মাধ্যন্দিনস্বনে রুহতীসকলের মধ্যে স্তোত্রিয় ঋক্ত্রয় দ্বারা[†] [নিচ্চেবল্য শস্ত্র] ষ্মারম্ভ করা হয়। রহতীসকল প্রাণস্বরূপ। এতদ্বারা প্রাণের উদ্দেশেই শস্ত্রের আরম্ভ হয়।

তদনম্ভর তৃতীয় প্রমানস্তোত্র' গীত হইলে পর মৃত্যু

- (>) "थ र्वा प्रवात व्यवस्त" এই व्ययुष्टे च् बाता।
- (২) "বারবারাছি" ইত্যাদি একুশটি মন্ত্র প্রউগ শল্প। পুর্বেব দেখ।
- (৩) মাধ্যন্দিন সবনে মক্লমতীর শত্রপাঠের পূর্ব্বে "উচ্চা তে জাতসন্ধসং" ইত্যাদি (সাধ্যবদ-সংস্থিতা ২।২২-২৪) সাম্বারা মাধ্যন্দিন প্রমান স্তোত্ত গাঁত হয়।
- (a) মাধ্যন্দিন সূরনে মরুত্বতীয় শব্র ও তৎপরে নিকেবল্য শার পঠিত হয়। নিকেবল্য শারে আনেকগুলি বৃহতী চন্দের মর আছে। তর্মধ্যে তিনটি মন্ত্র নিকেবল্য শার পাঠের পূর্বের ভৌত্ত-অরূপে সামগারী উল্পাভৃকর্ত্বক গীত হয়। ঐ ঝক্তরের নাম ভৌত্তির।
 - (৫) প্রাতঃসবনে আজাশলের পূর্বে বহিস্পবসানস্তাত্ত, মাধ্যন্দিন সবলে মরুস্বতীর ছলের

উপস্থিত হইয়াছিল। তখন তিনি অসুষ্টু ভ্ দ্বারা বৈশ্বদেব শস্ত্র আরম্ভ করিয়াছিলেন ও তদ্বারা মৃত্যুকে অতিক্রম করিয়াছিলেন। তৎপরে যজ্ঞাযজ্ঞীয় স্তোত্র গীত হইলে মৃত্যু [পুনরায়] তাঁহার নিকট উপস্থিত হইয়াছিল। তখন তিনি বৈশ্বানরীয় সূক্ত দ্বারা আগ্রিমারুত শস্ত্র আরম্ভ করিয়াছিলেন ও তদ্বারা মৃত্যুকে অতিক্রম করিয়াছিলেন। বৈশ্বানরীয় সূক্ত বক্তবরপ গ এবং যজ্ঞাযজ্ঞীয় স্তোত্র প্রতিষ্ঠা-(সমাপ্তি)-স্বরূপ। অগ্রি বজ্ঞ দ্বারা প্রতিষ্ঠা হইতে মৃত্যুকে নিরাক্ত করিয়াছিলেন। তখন তিনি সকল পাপ হইতে ও সকল পাশ হইতে ও সকল স্থাণু (কাষ্ঠনির্শ্বিত অস্ত্র) হইতে মৃক্ত হইয়া স্বস্তি দ্বারা মৃত্যু হইতে মুক্তিলাভ করিয়াছিলেন।

যে ইহা জানে, সেই হোতাও স্বস্তি দ্বারা পূর্ণায়ু হইয়া পূর্ণায়ু লাভের জন্ম মৃক্ত হন ও পূর্ণ আয়ু লাভ করেন।

চতুর্থ খণ্ড মরুত্বতীয়শন্ত

মঙ্গণতীরশস্ত্রের অন্তর্গত প্রতিপং ও অম্বচর, ইহাদের প্রত্যেকে তিনটি বাক্। তৎপরে হুইটি প্রগাথ—ইন্দ্রনিহবপ্রগাথ ও ব্রহ্মণস্পতিপ্রগাথ। তৎসম্বন্ধে আখ্যাদ্নিকা
—"ইক্রো বৈ……এবং বেদ"।

- () "তৎসবিভূত্ব'ণীমহে" ইত্যাদি অনুষ্ঠুতে বৈদদেবশন্ত্রের স্কুলাঠ আরম্ভ হর।
- (१) তৃতীয় সৰনে আগ্নিমাক্লত শব্দ্ৰের পূর্ব্বে "ফ্লা ফ্লা বেরা আগ্নরে" ইত্যাদি নামে ক্লা-া ফোত্র গীত হর। (সামসংহিতা ২।৫৩-৫৪)
- (৮) "বৈখানরার পুরুবাজনে" ইত্যাদি বৈখানরীয় সৃষ্ট আগ্নিমান্দভশল্পে পঠিত হয়।

পূর্বের মাধ্যক্ষিন প্রমানত্তোত্র ও ভৃতীয় সবনে বৈখদেব শক্তের পূর্বের আর্ডির প্রমান ত্তোত্ত গীত হয়।

পুরাকালে ইন্দ্র বৃত্তকে বধ করিয়া, আমি উহাকে বধ করিতে পারি নাই, এই মনে করিয়া দূরদেশে চলিয়া গিয়া-ছিলেন ও পরে তাহা হইতে দূরতর দেশে গিয়াছিলেন। অমু-ফুপ্ই সেই দূর হইতেও দূরতর দেশ এবং বাক্যই অমুফুপ্। সেই ইন্দ্র বাক্যে প্রবেশ করিয়া শয়ন করিয়াছিলেন। ভূত-সকল [বিভিন্ন দলে] বিভক্ত হইয়া ইন্দ্রকে অম্বেষণ করিয়াছিল। পিতৃগণ [যাগের] পূর্ব্বদিনে তাঁহাকে দেখিতে পাইয়াছিলেন ও দেবগণ পরদিনে দেখিতে পাইয়াছিলেন। সেই জন্ম পূর্ব্ব দিনে (অমাবাস্থায়) পিতৃগণের উদ্দেশে অমুষ্ঠান হয় ও পরদিনে (প্রতিপদে) দেবগণের যাগ হয়।

তখন সেই দেবগণ বলিলেন, আমরা [সোমের] অভিষব করিব, তাহা হইলেই ইন্দ্র অতি শীঘ্র আমাদের নিকট আসিবেন। তাহাই হউক, এই বলিয়া তাঁহারা অভিষব করিয়াছিলেন। তাঁহারা "আ আ রথং যথোতয়ে" ইত্যাদি মন্ত্র দ্বারাইয়াছিলেন। "ইদং বসো হুতমন্ধ" ইত্যাদি মন্ত্রের [অভিষবার্থক] "হুত" শব্দ দ্বারাইন্দ্র তাঁহাদের নিকট আবিভূত হইয়াছিলেন। "ইন্দ্র নেদীয় এদিহি" ইত্যাদি মন্ত্র দ্বারাইন্দ্রেকে [যাগভূমির] মধ্যে উপস্থিত করিয়াছিলেন।

যে ইহা জানে, তাহার যজে ইন্দ্র আগমন করেন; সে সেই যজ্ঞ দারা যাগ করে ও ইন্দ্র-সমন্বিত যজ্ঞদারা সমৃদ্ধ হয়।

⁽ ১) ৮। ৫৭। ১ এই মন্ত্রটি প্রতিপৎ ঋক্তারের প্রথম ।

⁽২) ৮।২।১ এই মন্ত্রটি অসুচর ঋক্তরের প্রথম।

⁽৩) ৮।৫০।৫-৬ এই মন্ত্ৰন্ন ইক্ৰনিহৰপ্ৰগাৰ।

পঞ্চম খণ্ড

মরুত্তীয় শস্ত্র—ইন্দ্রনিহব প্রগাথ

ইক্সনিহবপ্রগাথ সম্বন্ধে আখ্যায়িক!—"ইক্সং বৈ.....স্বাপিভিরিতি"।

ইন্দ্র র্ত্তকে বধ করিলে সকল দেবতা, ইনি র্ত্তকে বধ করিতে পারেন নাই, মনে করিয়া ইন্দ্রকে ত্যাগ করিয়াছিলেন। কেবল স্বয়ুপ্তিকালেও বর্ত্তমান মরুদ্দাণ তাঁহাকে ত্যাগ করেন নাই। প্রাণসকলই স্বয়ুপ্তিকালে বর্ত্তমান মরুদ্দাণের স্বরূপ; প্রাণসকলই সেই ইন্দ্রকে তথন ত্যাগ করে নাই। সেই জন্য "আস্বাপে স্বাপিভিঃ" এই চরণে স্বাপি-শব্দযুক্ত প্রগাথ মন্ত্র বপরিত্যক্ত হইয়া [মরুত্বতীয় শস্ত্রে] পঠিত হয়।

অপিচ [মরুত্বতীয় শস্ত্রে] এই প্রগাথপাঠের পর যদি ইন্দ্রসম্বন্ধী ছন্দের পাঠ হয়, তাহাও মরুত্বতীয় [বলিয়া গণ্য] হয়; কেন না "আস্বাপে স্বাপিভিঃ" এই চরণে স্বাপিশব্দযুক্ত প্রগাথমন্ত্র অপরিত্যক্ত হইয়াই পঠিত হয়।

ষষ্ঠ খণ্ড

মরুত্বতীয় শস্ত্র—ব্রহ্মণস্পতিপ্রগাথ

ইন্দ্রনিহ্ব-প্রগাথপাঠের পর ব্রাহ্মণস্পতির বা বৃহস্পতির উদ্দিষ্ট প্রগাথ মন্ত্রদ্বর পঠিত হয়। তৎসম্বন্ধে বিধান যথা—"ব্রাহ্মণস্পত্যং করতে"

⁽১) ৮।৫৩।৫ ইন্দ্রনিহৰ প্রগাপে ঐ চরণ আছে।

^{(&}gt;) প্রগাণমত্রে ১ইটি মাত্র বক্; কিন্তু ভাহার মধ্যে কোন কোন চরণ একাধিক বার পাঠ করিয়া ছইটি ঋকুকে ভিনটি মন্তের মত করিয়া লঙ্কা হয়। যথা—প্রক্ষণশতির উদ্দিষ্ট প্রগাণ-

ব্রহ্মণস্পতির উদ্দিষ্ট প্রগাথ পাঠ করা যায়। দেবগণ বৃহস্পতিকে পুরোহিত পাইয়া স্বর্গ লোক জ্বয় করিয়াছিলেন এবং ইহলোকেও বিজয় লাভ করিয়াছিলেন। সেইরূপ এত-দ্বারা যজমানও বৃহস্পতিকে পুরোহিত পাইয়া স্বর্গলোক জ্বয় করে ও ইহলোকেও বিজয় লাভ করে।

প্রগাথশংসনের পূর্ব্ধে স্তোত্রপাঠ হয় না কেন, তৎসম্বন্ধে প্রশ্ন—"তৌ বৈ •• ইভি"

পূর্বের বিভাত্তপাঠ না হইলেও এই ছুই প্রগাথ পুনঃ পুনঃ [চরণ] গ্রহণপূর্বেক পঠিত হয়। এ বিষয়ে [ব্রহ্ম-বাদীরা] প্রশ্ন করেন, স্তোত্ত পাঠ না হইলে কোন মন্ত্র পুনঃ পুনঃ [চরণ] গ্রহণপূর্বেক পাঠ করা কর্ত্তব্য নহে, তবে কেন স্তোত্তপাঠ না হইলেও প্রগাথ ছুইটি পুনঃপুনঃ [চরণ] গ্রহণ-পূর্বেক পাঠ করা হয় ?

এই প্রশ্নের উত্তর দিবার পূর্ব্বে দিবীর প্রশ্ন—"পবমানোক্থন্...ভবতীতি"
এই যে মরুত্বতীর, ইহাই [মাধ্যন্দিন-] পবমানসম্বন্ধী শস্ত্র; ঐ [মাধ্যন্দিন পবমান] স্তোত্রে ছয়টি গায়ত্রী দ্বারা স্তোত্র

ৰজে "প্ৰ নুনং বন্ধণ শতিং" ইত্যাদি ছুইটি ঋক্ আছে। প্ৰথম ঋকের প্ৰথম ও খিতীর চরণে আট আকর, ভূতীর চরণে বার আকর, চতুর্ধ চরণে আট আকর। দ্বিতীর ঝকের প্রথম চরণে বার আকর, দ্বিতীর চরণে আট, ভূতীর চরণে বার ও চতুর্থে আট আকর। প্রথম ঝকের চারি চরণ পাঠে সর্বসমেত ছত্রিশ অকর হয়। প্রথম ঋকের শেষ চরণ ছুইবার ও দ্বিতীর ঝকের প্রথম ও দ্বিতীর চরণ একবার গাঠ করিলে ছত্রিশ অকর সম্পাদিত হয়। ইহাই দ্বিতীর মন্ত্র বলিয়া গণ্য হইবে। তংপরে দ্বিতীর ঝকের দ্বিতীর চরণ ছুইবার ও ভূতীর ও চতুর্থ চরণ একবার গাঠ করিলে আবার ছত্রিশ অকরে ভূতীর বন্ধ হইবে। এইরণে চরণের সহিত্ত চরণ গাঁধিরা ছুইটি ধক্কে তিন বন্ধের সমান করা বার বলিয়া উহার নাম প্রগাধ।

⁽২) একই থকের কোন এক চরণ একাধিক বার পাঠ করিয়া তাহাকে ছুইটি মত্ত্রে পরিণত কলার নাম পুন: পুন: চরণ এহণ। এগাণমন্ত্র পাঠে ঐক্লপ বিহিত হুইল।

পাঠ হয়, পরে ছয়টি বৃহতী দারা এবং ছয়টি ত্রিই প্ দারা স্তোত্র পাঠ হয়। এইরপে সেই মাধ্যন্দিন প্রমান তিন-ছন্দোবিশিষ্ট ও পঞ্চদশ-স্তোমবিশিষ্ট হয়। এ বিষয়ে [ব্রহ্মবাদীরা] প্রশ্ন করেন, এই তিন-ছন্দোযুক্ত ও পঞ্চদশ-স্তোমবিশিষ্ট প্রমানের অসুসরণ [হোতৃকর্ত্বক মরুত্বতীয় শস্ত্রপাঠে] কিরপে সিদ্ধ হয়?

এই দিতীয় প্রশ্নের উত্তর—"যে এব·····অমুশস্তা ভবস্তি"

[মরুত্বতীয় শস্ত্রের অন্তর্গত] প্রতিপদের উত্তর ভাগে যে চুইটি গায়ত্রী ও অনুচরের যে [তিনটি] গায়ত্রী আছে, সেই [পাঁচটি] গায়ত্রী দ্বারাই [প্রমানস্তোত্ত্রের ছ্য়টি] গায়ত্রীর অনুসরণ সিদ্ধ হয়, এবং ঐ শস্ত্রের অন্তর্গত প্রগাথদ্বয় দ্বারা [স্তোত্রের অন্তর্গত] বৃহতীর অনুসরণ সিদ্ধ হয়।

তৎপরে প্রথম প্রশ্নের উত্তর যথা—"তাম্ব.. ... অবৈতি"

সামগায়ীরা ঐ সকল বৃহতী মধ্যে রৌরব নামক ও যোধা-জয় নামক সামদ্বয় দ্বারা পুনঃ পুনঃ [চরণ] গ্রহণ দ্বারা স্তব করেন; সেই জন্ম পূর্বের স্তোত্রগান না হইলেও ঐ তুই প্রগাথ পুনঃ পুনঃ [চরণ] গ্রহণ দ্বারা পঠিত হয়। তাহাতেই শস্ত্র দ্বারা স্তোত্রের অনুসরণ হয়।

তৎপরে দিতীয় প্রশ্লোক্ত প্রমানস্কোত্রের অন্তর্গত ত্রিষ্টু ত্পুলির অন্ত্রসরণ সম্বন্ধে উত্তর যথা—"যে এব…ভবস্তি"

⁽৩) মাধান্দিন সবনে মাধান্দিন প্ৰমান তোত্ৰ গানের পর মক্ষতীর শল্পাঠ বিহিত। তোত্রও বেল্পণ, শল্পও তদপুৰারী হওরা উচিত, এই বিধান আছে (পূর্বে দেখ)। এছলে সেই বিধানের সামঞ্জ্ঞ কিল্পণ হইবে, ঐ প্রশ্নের তাহাই তাৎপর্য। মাধান্দিন প্রমান তোত্রে "উচ্চা তে লাত্র্" ইত্যাদি হলটি গাল্লী "পুনান: সোম" ইত্যাদি হলটি বৃহতী ও "প্র ডু ক্লব" ইত্যাদি তিন্ট তিই পুউদ্গাভূগণ কর্ত্ব দীত হল।

^(।) সমাসংছিতা ২।২৫-২৬।

[মরুত্বতীয় শস্ত্রের অন্তর্গত সূক্তমধ্যে] যে ছুইটি ত্রিষ্টুপ্ ধাষ্যা মন্ত্ররূপে ও 'যে ত্রিষ্টুপ্ নিবিদ্ধানরূপে ' পঠিত হয়, তদ্ধারা ঐ [পবমান স্তোত্রের] ত্রিষ্টুভ্ সকলের অনুসরণ সিদ্ধ হয়।

উহা জানার প্রশংসা-"এবমু....এবং বেদ"

এইরপে যে ইহা জানে, তাহার ঐ মাধ্যন্দিন প্রবান স্তোত্ত ত্রি-ছন্দোবিশিষ্ট ও পঞ্চদশ-স্তোম-যুক্ত হইয়া [শস্ত্র কর্তৃক] অমুস্ত হয়।

সপ্তম খণ্ড

মরুত্তীয় শস্ত্র---ধায়ামন্ত্র

মরুত্বতীর শস্ত্রের মধ্যে যে করেকটি মন্ত্র অন্ত স্কুত হইতে আনিরা প্রক্ষেপ করিতে হর, তাহার নাম ধাযা। এই সকল মন্ত্রের প্রশংসা "ধাযা।···সংসতি"

ধায়াসকল পাঠ করা হয়। প্রজাপতি যে যে লোক কামনা করিয়াছিলেন, ধায়া দারা সেই সকল লোকই ধ্য়ন (পান) করিয়াছিলেন'। সেইরূপ এই যে সকল ধায়া আছে, যে যজমান তাহা জানে, সে যে যে লোক কামনা করে, সেই সকল লোকই সে ধ্য়ন করে।

⁽ e) কোন স্স্তের মধ্যে অস্ত স্তক্ত ৰক্ প্রক্ষেপ করিলে ঐ প্রক্ষিপ্ত ঋক্কে ধাব্যা ধলে। সামিধেনী মন্ত্রের ধাব্যা সক্ষে পূর্বের দেখ। ৭পৃষ্ঠ পাদটীকা।

^(•) যে হজের মধ্যে নিবিদের ছাপন হর, তাহার নাম নিবিদ্ধান হজ। পৃংধি দেখ।

^{(&}gt;) মরুস্থতীর শরে ছুইটি ধাষ্যা প্রক্ষিপ্ত হয়, বথা—"অগ্নিনে তা ভগ ইব'' "ছং সোম ক্লুড়িং"।

⁽२) ধরতি পিবতি আভি: এই ব্যুৎপত্তি ক্রমে ধাবা। শব্দবিপার হইল। (সারণ)

দেবগণ যেখানে যেখানে যজ্জের ছিদ্র জানিতে পারিয়া-ছিলেন, তাহা ধায্যা দারা অপিধান (আচ্ছাদন) করিয়াছিলেন, ইহাই ধায্যার ধায্যাত্ব।" এইরূপ যে ধায্যা আছে, যে তাহা জানে, তাহার যজ্ঞ অচ্ছিদ্র হইয়া সম্পাদিত হয়। এই যে ধায্যা, এতদ্বারা আমরা যজ্ঞের [ছিদ্র] সীবন করিয়াছি, যেমন সূচীদ্বারা বস্ত্রের [ছিদ্র] সীবন করা যায়। এইরূপ যে ধায্যা আছে, যে তাহা জানে, তাহার যজ্ঞের ছিদ্র এতদ্বারা সন্ধিত (অবরুদ্ধ) হয়।

এই যে ধায্যাসকল, ইহারা উপসৎসমূহেরই শস্ত্র (প্রশংসা-পর)। "অগ্নিনে তা" ইত্যাদি অগ্নিদৈবত ধায়্যা প্রথম উপসদের শস্ত্র; "ত্বং সোম ক্রতুভিঃ" এই সোমদৈবত ধায়্যা দ্বিতীয় উপসদের শস্ত্র; আর "পিবন্ত্যপঃ" এই বিফুদৈবত ধায়্যা তৃতীয় উপসদের শস্ত্র । যে ইহা জানে ও যে ইহা জানিয়া ধায়া প্রাঠ করে, সে, সোম যাগ করিয়া যে যে লোক জয় করা হয়, এক একটি উপসৎ দ্বারাও সেই সেই লোক জয় করে।

ভৃতীয় ধাষ্যা সম্বন্ধে কেহ কেহ অন্ত মন্ত্ৰ বিধান করেন, তৎসম্বন্ধে বিচার যথা—"ভদ্ধ… শংসেৎ"।

⁽৩) এছলে দখাতি আভি: এই ব্যুৎপত্তি ক্রমে ধায়া। শব্দ নিম্পন্ন হইল।

^(8) সন্দৰ্যাতি আভি: এই ব্যুৎপত্তি ক্ৰমে ধায়া নিষ্পন্ন হইল।

^{(4) 913-181}

^{(&}amp;) SICALC (&)

^{(9) 316815 [}

⁽৮) পূৰ্বেকাক্ত উপসৎ তিনটির দেবতা যথাক্রমে অগ্নি, সোম ও বিঞ্; এই হেডু এই বাব্যা তিনটিও সেই সেই উপসদেরই শন্তবরূপ। পূর্বেক দেখ।

এ বিষয়ে (ভৃতীয় ধায্যা বিষয়ে) কেহ কেহ বলেন ''তান্ বো মহঃ" এই মন্ত্র পাঠ করিবে। এই মন্ত্রই পাঠ করেন, ইহা আমরা ঠিক জানি, ইহাই তাঁহারা বলেন। কিন্তু এই মত আদরণীয় নহে। যদি এই মন্ত্র পাঠ করা যায়, তাহা হইলে পর্জ্জন্য বর্ষণনিবারণে সমর্থ হইতে পারেন। সেই হেতু "পিবন্ত্যপঃ" এই [রৃষ্টির অনুকূল] মন্ত্রই [তৃতীয় ধায্যারূপে] পাঠ করিবে। কেননা [এই মন্ত্রে] " ["পিবন্তি"] এই পদ রৃষ্টিপ্রদ ; "মরুতঃ" এই পদ মরুৎসম্বন্ধী; ''অত্যং ন মিহে বিনয়ন্তি'' এই চরণ [বিনয়ার্থক] বিনীতশব্দযুক্ত; আর বিনীতবাচক হইলেই বিক্রান্তবাচক হয় (অর্থাৎ বিনীত অর্থে বিক্রান্ত); আর যাহা বিক্রান্তবাচক তাহা বিষ্ণুসম্বন্ধী[?]। আর "বাজিনং" এই পদে ইন্দ্রই বাজী (বাজযুক্ত অর্থাৎ অন্নযুক্ত)। এইরূপে এই মন্ত্রে চারিটি পদ [যথাক্রমে] রৃষ্টিপ্রদ, মরুৎসম্বন্ধী, বিষ্ণুসম্বন্ধী ও इन्प्रमश्वनी।

এই দেই [তৃতীয় ধাষ্যা] মন্ত্র তৃতীয় দবনযোগ্য'

⁽ २) २।७८।>> ।

⁽১০) সায়ণ ভরত অর্থে ক্ষত্তিক্ করিয়াছেন। ভরং যজ্ঞং তম্বস্তীতি ভরতা ঋতিজঃ। কিন্ত ভরত অর্থে ভরতবংশীয় যজমানও বৃঝাইতে পারে।

⁽ ১১) ''পিবস্তাপো মরুতঃ কুদানবঃ" (১৷৬৪৷৬) ইত্যাদি মন্ত্রে পশ্চাত্তক প্রশুলি আছে, এই জন্ম ঐ মন্ত্রীয় ধাষ্যাক্সপে প্রযোজা।

এই মন্ত্রের দেবতা মরুদগ্ণ, ছন্দ জগভী।

⁽ ১২) "ইদং বিষ্ণুর্বিচক্রমে" ইত্যাদি মস্ত্রবলে বিষ্ণুর সহিত বিক্রমণের **সম্বন্ধ** ।

⁽ ১৩) তৃতীয় সবনের ছন্দ জগতী।

হইয়াও মাধ্যন্দিন সবনে পঠিত হয়। সেই হেছু ভরতগণের পশু সায়ংকালে গোর্চে থাকিলেও মধ্যদিনে (মধ্যাহ্নে) [উত্তাপ নিবারণার্থ] গোশালাতে আইসে। এই মন্ত্রের ছন্দ জগতী; পশুগণও জগতীর সম্বন্ধী; আর যজমানের আত্মা মধ্যদিন-স্বরূপ; এতদ্বারা যজমানে পশুর স্থাপনা হয়।

অন্টম খণ্ড

মরুত্বতীয় শস্ত্র

তদনস্তর মক্ত্বতীয় প্রগাথের বিধান—"মক্ত্বতীয়ং... অবক্রদ্ধা"

মরুত্বতীয় প্রগার্থ পাঠ করিবে। পশুগণই মরুৎ ও পশুগণই প্রগার্থ; এতদ্বারা পশুগণের রক্ষা ঘটে।

তৎপরে নিবিদ্ধানীয় স্থক্তের বিধান—"জনিষ্ঠা · · · জয়তি"

"জনিষ্ঠা উগ্রঃ সহসে তুরায়" ইত্যাদি সূক্ত পাঠ করিবে। এই সূক্ত যজমানের জন্মবাচক; এতদ্বারা যজমানকে যজ্ঞ হইতে দেবযোনির (দেবস্থানের) উদ্দেশে উৎপাদন করা হয়। এতদ্বারা যজমান [শক্রকে] সংযুক্ত করিয়া ও বিযুক্ত করিয়া জয় লাভ করে; এই জন্ম এই সূক্ত সম্পূর্ণ জয়ের হেতু হয়।

এই সূক্তের ঋষি গৌরিবীতি; শক্তির পুত্র গৌরিবীতি স্বর্গ

⁽১) "প্ৰাৰ ইক্ৰায় বৃহত্তে" (৮০০) এই সম সক্ষতীয় প্ৰপাণ সক্ষণে সক্ষতীয় শক্তে পঠিত হয়।

¹ cc-clotic (5)

লোকের অতি নিকটে গিয়াছিলেন। তিনি এই সৃক্ত দর্শন করেন ও তদ্বারা স্বর্গলোক জয় করেন। সেইরূপ যজমানও এই সৃক্তদারা স্বর্গলোক জয় করে।

তৎপরে নিবিৎ সম্বন্ধে বিধান—"তন্তাৰ্দ্ধা: · · · স্বৰ্গকামণ্য'

ঐ সূক্তের অদ্ধাংশ পাঠ করিয়া অদ্ধাংশ অবশিষ্ট থাকিতে তাহার মধ্যে নিবিদের স্থাপনা হয়।

এই যে নিবিৎ, ইহা স্বর্গলোকে আরোহণের উপায়।
এই যে নিবিৎ, ইহা স্বর্গলোক আক্রমণে সোপানস্বরূপ।
সেই জন্ম যেন আক্রমণ করিতে করিতে (অর্থাৎ সোপানে
উঠিবার পরিশ্রম হেতু শ্বাস ত্যাগ করিতে করিতে) ঐ নিবিৎ
পাঠ করিবে। যে ব্যক্তি এই স্বর্গকামী যজমানের প্রিয়, সে
এতদ্বারা যজমানকে [আপনার বলিয়া] গ্রহণ করে।

অনন্তর যে হোতা অভিচারার্থ ইচ্ছা করিবেন যে, আমি ক্ষত্র দ্বারা বৈশ্যকে বধ করিব, তিনি নিবিদ্ দ্বারা সূক্তকে তিন ভাগ করিয়া (অর্থাৎ সূক্তের আদি মধ্য অন্ত তিন স্থলে নিবিদ্ বসাইয়া) পাঠ করিবেন। নিবিদ্ই ক্ষত্রিয় আর সূক্ত বৈশ্য। ইহাতে (এইরূপে সূক্তকে বিচ্ছিন্ন করাতে) ক্ষত্রিয় দ্বারাই বৈশ্যের হত্যা হয়। যিনি ইচ্ছা করিবেন যে আমি বৈশ্যদ্বারা ক্ষত্রিয়কে বধ করিব, তিনি সূক্তদ্বারা নিবিদ্কে তিন ভাগ করিয়া পাঠ করিবেন। নিবিদ্ই ক্ষত্রিয় আর সূক্ত বৈশ্য। ইহাতে বৈশ্যদ্বারা ক্ষত্রিয়ের হত্যা হয়। আর যিনি ইচ্ছা করিবেন যে, আমি এই যজমানকে প্রজা হইতে উভয়দিকে (অর্থাৎ পিতৃ-

⁽৩) ঐ সুন্তের অন্তর্গত এগারটি মন্ত্রের ছরটি পাঠ করিয়া পরে "ইন্দ্রো মরুতান" ইত্যাদি নিবিৎ পাঠ করিবে। অবশিষ্ট মন্ত্র পাঁচটি পরে পাঠা।

পিতামহাদি হইতে ও পুত্রপৌত্রাদি হইতে) বিচ্ছিন্ন করিব, তাহা হইলে নিবিদের উভয়দিকেই (আদিতে ও অস্তে) আহাব পাঠ করিবেন। তাহাতে ইঁহাকে প্রজা হইতে উভয়দিকে বিচ্ছিন্ন করা হইবে।

অভিচারের জন্ম এইরূপ [বিধান], কিন্তু স্বর্গকামীর পক্ষে অন্যরূপ (অর্থাৎ পূর্ব্বোক্ত রূপ) [বিধান] ै।

স্কের শেষ ঝকের প্রশংসা যথা—"বন্ধঃ স্থপর্ণা……ভদাহ"

"বয়ঃ স্থপর্ণা উপসেত্রিক্রম্ প্রিয়মেধা ঋষয়ো নাধমানাঃ"
—মেধাবী ঋষিগণ স্থপর্ণ পক্ষীর মত ইন্দ্রের নিকট যাচ্ঞার্থ
উপস্থিত হইয়াছিলেন—এই অন্তিম ঋক্ দ্বারা ' [সৃক্তপাঠ]
সমাপ্ত করিবে। [ঐ মন্ত্রের তৃতীয় চরণে] "অপ ধ্বাস্তমূর্ণুহি"—[হে ইন্দ্র], ধ্বান্ত (অন্ধকার) অপসারণ কর—এই
মন্ত্রাংশপাঠকালে হোতা [আপনাকে] যে তমোদ্বারা আরত
মনে করিবেন, তাহা মনে মনে ধ্যান করিবেন, তাহা হইলে
সেই তমঃ তাঁহা হইতে লোপ পাইবে। "পূর্দ্ধি চক্ষুং"—
চক্ষুর পূরণ কর—এই অংশ পাঠ করিয়া পুনঃ পুনঃ চক্ষু মার্ক্তনা
করিবেন। যে ইহা জানে, সে জরা পর্যন্ত চক্ষুমান্ হয়।
[চতুর্থ চরণ] "মুমুগ্ধ্যুমামিধ্য়েব বন্ধান্"—নিধাদ্বারা (পাশ
দ্বারা) বন্ধ আমাদিগকে মোচন কর—এন্থলে নিধা অর্থে পাশ;
তদ্বারা বন্ধ আমাদিগকে পাশ হইতে মোচন কর, ইহাই
এম্বলে বলা হইল।

^(8) वर्षकामीत्र शत्क शृत्कत्र मत्या निविषांधान वित्यत्र । छाष्ट्रा शृत्करे वला इरेमाटह ।

^{(()) - | 10|)) |}

নবম থণ্ড

মরুত্বতীয় শস্ত্র

আখায়িকা দারা মরুদ্ধতীয় শস্ত্রান্তে পাঠ্য যাজ্যামন্ত্রের বিধান—"ইন্দ্রো বৈ
·····করোভি"।

পুরাকালে ইন্দ্র বৃত্তকে বধ করিতে ইচ্ছা করিয়া সকল দেবতাকে বলিয়াছিলেন, তোমরা আমার নিকট উপস্থিত থাক ও আমাকে অনুজ্ঞা কর। তাহাই করিব বলিয়া বৃত্ত-বধের ইচ্ছায় দেবতারা দৌড়িয়া আদিয়াছিলেন। সেই বৃত্ত বৃথিতে পারিল, আমাকেই বধ করিতে ইচ্ছা করিয়া ইহারা দৌড়িতেছে; আচ্ছা, আমি ইহাদিগকে ভয় দেখাই; সেই বলিয়া বৃত্ত তাঁহাদের অভিমুখে শ্বাস ত্যাগ করিয়াছিল। তাহার শ্বাসে বিচলিত হইয়া সকল দেবতা দৌড়িয়া পলাইয়া-ছিলেন। তথন মক্ষতেরা ইন্দ্রকে পরিত্যাগ করেন নাই; প্রত্যুত, হে ভগবন্, ইহাকে প্রহার কর, বধ কর, বীরত্ব দেখাও, এইরূপ বাক্য বলিয়া ইহাঁর নিকট উপস্থিত ছিলেন।

ঋষি এই ঘটনা দেখিয়া "র্ত্রস্থ ত্বা শ্বস্থাদীষ্মানা বিশ্বে দেবা অজহুর্যে সথায়ঃ। মরুদ্ভিরিন্দ্র সথাং তে অস্তু অথেমা বিশ্বাঃ পৃতনা জয়াদি"— হৈ ইন্দ্র, তোমার সথা বিশ্বদেবগণ রত্তের শ্বাদে কম্পিত হইয়া তোমাকে ত্যাগ করিয়াছেন; এখন মরুদ্যাণের সহিত তোমার সথ্য হউক; তাহা হইলে

^{(&}gt;) ৮।৯৬।৭ ঐ মন্ত্রের ঋণি মারুত অগবা তিরুচীঃ।

[রত্তের] এই সকল সেনা তুমি জয় করিতে পারিবে—এই মন্ত্র ততুদ্দেশে বলিয়াছিলেন।

ইন্দ্র বৃথিলেন, এই মরুতেরাই আমার সচিব, ইহারাই আমার অপেক্ষা করিয়াছে, আচ্ছা, ইহাদিগকেই এই [মরুত্ব-তীয়] শস্ত্রের ভাগ দিব। এই বলিয়া তাঁহাদিগকে এই শস্ত্রের ভাগ দিয়াছিলেন। সেই অবধি এই মরুতেরা ইহাতে [ভাগী] আছেন; তৎপূর্বের [কেবল] নিষ্কেবল্য শস্ত্রে উভয়ের (ইন্দ্রের ও মরুদ্যাণের) স্থান ছিল। [সেই অবধি] [অধ্বর্যুত্র] মরুত্বতীয় [মরুদ্যাণের সম্বন্ধী] গ্রহ গ্রহণ করেন, আর [হোতা] মরুত্বতীয় প্রগাথ পাঠ করেন, মরুত্বতীয় সূক্ত পাঠ করেন এবং মরুত্বতীয় নিবিৎ স্থাপন করেন। এই সকলই মরুদ্যাণের ভাগ।

মরুত্বতীয় শস্ত্র পাঠের পর মরুত্বতীয় যাজ্যা পাঠ হয়।
তদ্ধারা দেবতাগণকে আপনার ভাগানুসারেই প্রীত করা হয়।
"যে ত্বাহিহত্যে মঘবন্ধবর্দ্ধন্ যে শান্ধরে হরিবো যে গবিষ্ঠো।
যে ত্বা নূনমনুমদন্তি বিপ্রাঃ পিবেন্দ্র সোমং সগণো মরুদ্রিঃ"'—
আহে মঘবা, আহি-হত্যায় (রুত্রহত্যায়) যে মরুতেরা তোমাকে
বর্দ্ধন করিয়াছিল, শন্ধরবধে যাহারা তোমাকে বর্দ্ধন করিয়াছিল,
আহে হরিবান্, [বল-কর্তৃক অপহতে] গাভীগণের অন্বেষণে
যাহারা তোমাকে বর্দ্ধন করিয়াছিল, যে বিপ্রগণ (বিপ্ররুদ্ধী
মরুদ্ধাণ) তোমাকে সর্ব্বদা [স্তব্দারা] হর্ষিত করে, তুমি সেই
মরুদ্ধাণ সহিত সোম পান কর—এই যাজ্যা মন্ত্র দ্বারা, যেখানে
যেখানে ইন্দ্র এই মরুদ্ধাণের সহিত বিজয় লাভ করিয়াছিলেন,

⁽৩) ৩।৫৭।৪ এই মন্ত্রটি মক্ত্তীর পদ্রান্তে পাঠ্য বাজা।

ও যেখানে যেখানে বীর্য্য দেখাইয়াছিলেন, তাহা সম্যক্রপে জানাইয়া ইন্দ্রের সহিত এই মরুদ্রগাকে সোমপানভাগী করাহয়।

দশম খণ্ড

निरक्षवला भञ्ज

निष्कवना-भक्ष विषया व्याथाप्रिका—"हेट्या देव......क्रेकरेखव"

পুরাকালে ইন্দ্র বৃত্তকে বধ করিয়া ও সকল বিষয়ে জয় লাভ করিয়া প্রজাপতিকে বলিয়াছিলেন, তুমি [এখন] যাহা আছ, আমিও তাহাই হইব, আমিও মহান্ হইব। সেই প্রজাপতি [তাঁহাকে] বলিলেন, তাহা হইলে "কোহহম্"— আমি কে হইব ! ইন্দ্র বলিলেন, তুমি যাহা বলিলে, তাহাই হইবে। সেই অবধি প্রজাপতির নাম "ক" হইল। প্রজাপতির নাম ক। এবং ইন্দ্র যে মহান্ হইয়াছিলেন, তাহাই মহেন্দ্রের মহেন্দ্রের

তিনি মহান্ হইয়া দেবতাদিগকে বলিলেন, তোমরা আমার জন্ম পূজার নির্দেশ কর। যে বড় হয়, যে শ্রেষ্ঠতা লাভ করে, সে মহান্ হয়, সে এখনও ঐরপ ইচ্ছা করে। দেবগণ ভাঁহাকে বলিলেন, তোমার যাহা [নির্দেষ্ট] হইবে, তাহা ভূমি নিজেই বল। তিনি বলিলেন, ঐ মাহেন্দ্র গ্রহ, আর সবন-

^{(&}gt;) প্রজাণতির নাম ক। পূর্বেদেখ। স্রুতাস্তরে—ক ইদং কন্মা অদাদিত্যার প্রজাপতি বৈ কঃ প্রজাপতর এব তদদাতি।

⁽२) हेट्सात्र मरहसारचत्र कोत्रण स्कृष्णाखात्त यथा— "हेट्सा वृद्धमञ्जू छः व्यया कस्कृतन् महोन् वा खन्नमकृत् त्या बृद्धमवसीर हेणि जन्नारहसाक मरहसामन्य ।

মধ্যে মাধ্যন্দিন সবন, শস্ত্রমধ্যে নিক্ষেবল্য, ছন্দোমধ্যে বিউ পুন, সামের মধ্যে পৃষ্ঠ। তথন দেবগণ তাঁহার জন্ম সেই সকলই উপহার নির্দ্দিষ্ট করিয়াছিলেন। যে ইহা জানে, তাহার জন্মও উপহার নির্দ্দিষ্ট হয়।

সেই ইন্দ্রকে দেবগণ বলিলেন, তুমি সকলই [নিজের জন্ম] বলিলে, আমাদেরও কিন্তু ইহাতে [ভাগ] রহুক। তিনি বলিলেন, না, তোমাদের [ভাগ] কিরূপে থাকিবে ! দেবগণ তাঁহাকে [আবার] বলিলেন, অহে মঘবা, আমাদেরও [ভাগ] রহুক। তখন ইন্দ্র তাঁহাদের প্রতি দৃষ্টিক্ষেপ করিলেন।

একাদশ খণ্ড নিকেবল্য শল্জ

শাখারিকারে নিক্ষেবশ্য শস্ত্রের যাজ্যাবিধান যথা—"তে দেবা…জত্রাকুর্মন্"
সেই দেবগণ বলিলেন, ঐ যে ইন্দ্রের প্রেয়সী বাবাতা'
পত্নী, তাঁহার নাম প্রাসহা, তাঁহার নিকটেই আমাদের ইচ্ছা
জানাই। তাহাই হউক, এই বলিয়া তাঁহারা তাঁহার নিকট
ইচ্ছা জানাইলেন। তিনি ইহাঁদিগকে বলিলেন, [কল্য] প্রাতঃকালে তোমাদিগকে প্রত্যুক্তর দিব। কেননা, স্ত্রী পতির নিকট

⁽৩) মাধ্যন্দিন স্বনে প্রমান ভোত্ত গানের পর রধন্দরাদি যে চারিট ভোত্তগীত হয়, উহারাই পৃঠভোত্তাত্ত।

⁽ ১) রাজাদিগের তিন শ্রেণীর পদ্মী থাকিও। উত্তযজাতীয়া পদ্মীয় নাম দহিখী, স্থানজাতী-বার নাম বারাতা, স্থাযজাতীয়ার নাম পরিহৃতি।

জানিতে ইচ্ছা করে এবং রাত্রিকালেই পতির নিকট জানিতে ইচ্ছা করে। দেবগণ [পরদিন] প্রাতঃকালে তাঁহার নিকট গিয়াছিলেন। তিনি প্রত্যুত্তরে এই মন্ত্র বলিলেন;—

"যদাবান পুরুতমং পুরাষাড়া র্ত্তহেন্দ্রো নামান্যপ্রাঃ। আচেতি প্রাসহস্পতিস্তবিদ্বান্ যদীমুশাসি কর্ত্তবে করতৎ" বিশ্বাটি (পুরাতন পুরুষমধ্যে সহিষ্ণু) র্ত্তঘাতী ইন্দ্র পুরুতম (প্রভূত) বস্তু পাইয়াছিলেন ও নামে [চারিদিক্] পূর্ণ করিয়াছিলেন; সেই প্রাসহস্পতি (প্রবলগণের পতি) ও তুবিশ্বান্ (বহুধনবান্) ইন্দ্র দেবগণের অভীষ্ট জানিয়াছিলেন; আমরা যাহা করিতে চাহি, তাহা ইন্দ্র করিয়াছেন। এই মন্ত্রে ইন্দ্রই প্রাসহস্পতি ও তুবিশ্বান্; [শেষ চরণে] যাহা আমরা করিতে চাহি, তাহাই তিনি করিবেন, ইহাই বাবাতা দেবগণকে বলিয়াছিলেন।

সেই দেবগণ বলিলেন, আমাদের [হিতকারিণী] এই প্রাসহা এই শস্ত্রে কিছুই পান নাই; এখন ইহাতে ইহার [ভাগ] রহুক। তাহাই হউক বলিয়া তাঁহারা এই [নিক্ষেবল্য] শস্ত্রে সেই বাবাতারও ভাগ বিধান করিয়াছিলেন। সেই জন্ম "যদ্বা-বান পুরুতমং পুরাষাট্" ইত্যাদি মস্ত্র এই শস্ত্রে পঠিত হয়।

এই যে প্রাসহা নামে ইন্দ্রের প্রেয়দী বাবাতা পত্নী, ইনিই সেনা, এবং ক-নামক প্রজাপতি ইহার (ইন্দ্রপত্নীর) শশুর ।

⁽ ২) ১•।৭৪।৬ এই মন্ত্রটি নিক্ষেবল্য শস্ত্রে ধান্যামন্ত্ররূপে প্রক্রিপ্ত হইয়া থাকে।

⁽ ৩) শাৰাস্তরে "ইন্দ্রানী বৈ দেনায়া দেবতা"।

^{🕻 🕫)} প্রজাপতি ইক্সের জন্মদাতা, যথা শ্রুতান্তরে "প্রজাপতিরিক্সমসজতামুজাবরং দেবানান্ 🗗

যে [যুদ্ধার্থী] ব্যক্তি ইচ্ছা করে, আমার সেনা জয়লাভ করুক, সে ঐ সেনার অর্দ্ধভাগ অতিক্রম করিয়া [ভূমিতে] দাঁড়াইয়া একগাছি তৃণ উভয়দিকে (গোঁড়ায় ও আগায়) ছিঁড়িয়া অহা (শক্রপক্ষীয়) সেনার অভিমুখে "প্রাসহে কস্থা পশ্যতি"—অয়ি প্রাসহে, [তোমার শশুর] ক (প্রজাপতি) তোমাকে দেখিতেছেন—এই মন্ত্রে নিক্ষেপ করিবেন। পুত্রবধূ যেমন শশুরকে লজ্জা করিয়া নিলীন (লুকায়িত) হয়, সেইরূপ যেমন শশুরকে লজ্জা করিয়া নিলীন (লুকায়িত) হয়, সেইরূপ থেমন ইহা জানিয়া একগাছি তৃণকে উভয়দিকে ছিঁড়য়া "প্রাসহে কস্থা পশ্যতি" এই মন্ত্রে অহ্য সেনার অভিমুখে নিক্ষেপ করা হয়, সেম্বলে সেই সেনাও ভঙ্গ দিয়া নিলীন হয়।

ইন্দ্র [তথন] সেই দেবগণকে বলিয়াছিলেন, তোমাদেরও এই শস্ত্রে ভাগ হউক। সেই দেবগণ বলিলেন, তেত্রিশ-অক্ষর-যুক্ত যে বিরাট্, তাহাই নিক্ষেবল্যের যাজ্যা হউক।

দেবতা তেত্রিশ জন,—অফ বস্থ, একাদশ রুদ্র, দ্বাদশআদিত্য, প্রজাপতি ও বষট্কার। এতদ্বারা দেবতাগণকে
অক্ষরের ভাগী করা হয়। দেবতারা (তেত্রিশ জনে) এক
একটি অক্ষর অনুসারে [সোম]পান করেন। দেবপাত্রদ্বারাই এতদ্বারা দেবতাদের ভৃপ্তি হয়।

হোতা যে যজমানের সম্বন্ধে ইচ্ছা করিবেন, এ ব্যক্তি আশ্রয়হীন হউক, তাহার পক্ষে বিরাট্ ছাড়িয়া গায়ত্রী বা ত্রিষ্টুপ্ বা অন্য ছন্দে যাজ্যামন্ত্র করিবেন ও [পরে] বষট্কার করিবেন। এতদ্বারা তাহাকে আশ্রয়হীন করা হইবে। যাহার সম্বন্ধে ইচ্ছা করিবেন, এ ব্যক্তি আশ্রয়যুক্ত হউক,

⁽ e) "পিবা সোমমিক্র" ইত্যাদি বিরাট্ ছন্দের মন্ত্র নিক্ষেবল্যশন্তের যাজ্যা। নিমে দেও।

তাহার পক্ষে "পিবা সোমমিন্দ্র মন্দতু ত্বা" ইত্যাদি বিরাট্ দ্বারা যাজ্যামন্ত্র করিবেন। এতদ্বারা তাহাকে আশ্রয়-বুক্ত করা হইবে।

দ্বাদশ থণ্ড

নিকেবল্য শস্ত্র

নিক্ষেবল্য শস্ত্রের সহিত তৎপূর্ব্বে গীত সামের সম্বন্ধ বিচার—"ঝক্ চ ্থবং বেদ"

অত্যে ঋক্ ও সাম এতছভয় [পৃথক্] ছিল। [সাম এই নামমধ্যে] "সা" এই নামে ঋক্ ছিল আর "শ্বম" এই নামে সাম ছিল। সেই ঋক্ সামের নিকট গিয়া বলিল, আমরা প্রজোৎপত্তির জন্ম মিথুন (সংযুক্ত) হইব। তাহাতে সাম বলিল, না, আমার মহিমা তোমার অপেক্ষা অধিক। তখন সেই ঋক্ ছুইটি হইয়া [আবার] তাহাকে বলিল। তখন সেই ঋক্ তিনটি হইয়া [আবার] তাহাকে বলিল। তখন সেই ঋক্ তিনটি হইয়া [আবার] তাহাকে বলিল। তখন সেই তিনটির সহিত সাম সংযুক্ত হইল। যেহেছু তিনটি ঋকের সহিত সাম সংযুক্ত হইল। যেহেছু তিনটি (তিন-ঋক্সহিত সাম সংযুক্ত হইয়াছিল, সেই হেছু তিনটি (তিন-ঋক্স্কু) মন্ত্র দ্বারা ভিল্যাতারা] স্তব করেন, তিনটি দ্বারা উল্গাতার কার্য্য করেন, এবং একটি সাম তিনটি ঋকের সহিত তুল্য

⁽w) 1123121

^{(&}gt;) এ হলে নিদেবল্য শক্ত্রে গের রথস্তর সামের উল্লেখ হইতেছে। ত্রইটি ঋকৃকে তিন্টিতে প্রিক্ত করিয়া এই সাম গঠিত হয়। (সামসংহিতা ২।৩১)

হয়। সেই জন্ম এক পুরুষের বহু পদ্ধী হইয়া থাকে, কিন্তু এক জ্রীর বহু পতি এক সঙ্গে হয় না। যে হেছু সা এবং অম উভয়ে সংযুক্ত হইয়াছিল, ভাহাতেই সাম হইয়াছিল। ইহাই সামের সামত্ব। যে ইহা জানে, সে "সামন্" (সর্বত্র সমান বা সমদৃষ্টি) হয়। যে বড় হয়, যে শ্রেষ্ঠতা লাভ করে, সেই সামন্ হয়; নভুবা "অসামন্য" (অসমদৃষ্টি বা পক্ষপাতী) বলিয়া নিশ্বিত হয়।

সেই [শত্রের] পাঁচটি অঙ্গ ও [সামের] পাঁচটি অঙ্গ পৃথক্ ভাবে কল্লিত হয়; যথা [১] [শস্ত্রাঙ্গ] আহাব ও [সামাঙ্গ] হিন্ধার; [২] [সামাঙ্গ] প্রস্তাব ও [শস্ত্রাঙ্গ] প্রথম ঋক্; [৩] [সামাঙ্গ] উদ্গীথ ও [শস্ত্রাঙ্গ] মধ্যম ঋক্; [৪] [সামাঙ্গ] প্রতিহার ও [শস্ত্রাঙ্গ] অন্তিম ঋক্; [৫] সামাঙ্গ] নিধন ও [শস্ত্রাঙ্গ] বষট্কার ।

এই [শস্ত্রাঙ্গ] পাঁচটি ও [সামাঙ্গ] পাঁচটি পৃথক্ পৃথক্ ভাবে যে কল্লিত হয়, সেই জন্ম যজ্ঞকে পাঙ্ক্ত (পঞ্চ-সংখ্যান্বিত) বলে ও পশুগণকেও পাঙ্ক্ত (মন্তক ও চারি পা, এই পঞ্চাঙ্গযুক্ত) বলে ।

যে হেতু এই [পাঁচ] শস্ত্র ও [পাঁচ] সাম একযোগে দশিনী (দশাক্ষরযুক্ত) বিরাটের সমান হয়, সেই জন্ম যজ্ঞকে দশিনী বিরাটে প্রতিষ্ঠিত বলা হয়।

⁽২) নিকেবল্য শত্রে আহাবান্তে তিনটি ধকে যাজ্যা গঠিত হয়। বাজ্যান্তে ববট্কার হয়। ঋক্ ক্ষের নাম তোক্তিত ক্র্যান। শত্রের এই পাচটি অল । তদক্ষারে শক্র সহকারে গের সামেরও পাঁচটি অল । এথমাল হিছার অর্থাৎ 'হিন্" এই শক্ষ উচ্চারণ। ছিতীর অল প্রতাব, এই অংশ প্রতাতা পান করেন। তৃতীয় অল উল্লীথ উল্লাতা পান করেন। চতুর্থ অল প্রতিহার, ইহা প্রতিহর্ত্তা পান করেন। পঞ্চন অল নিধন; ইহা তিন জনে মিনিরা পান করেন।

[নিক্ষেবল্য শদ্রের আরম্ভে পাঠ্য] স্তোত্রিয় ঋক্ তিনটি আত্মার (আপনার) স্বরূপ; অনুরূপ নামক তৎপরবর্তী ঋক্ তিনটি প্রজাস্বরূপ; [শস্ত্রে প্রক্ষিপ্ত] ধায্যামন্ত্র পত্নীস্বরূপ; প্রগাথ পশুস্বরূপ; আর সূক্ত গৃহস্বরূপ।

যে ইহা জানে, সে ইহলোকে ও পরলোকে প্রজা সহিত ও পশু সহিত গৃহমধ্যে বাস করে।

ত্রয়োদশ খণ্ড নিকেবলা শস্ত্র

নিক্ষেবল্য শঙ্কের বিভিন্ন ভাগের বিধান যথা—"স্তোত্তিয়"।

স্থোত্রিয় [ঋক্ত্রয়] পাঠ করিবে।' স্থোত্রিয়ই আত্মা।
মধ্যম (উচ্চও নহে, নীচও নহে এইরূপ) স্বরে পাঠ করিবে;
তদ্ধারা আত্মারই সংস্কার হয়।

[পরে] অনুরূপ [তয়ামক তিনটি ঋক্] পাঠ করিবে। প্রজাই (পুত্রই) [আত্মার] অনুরূপ। সেই অনুরূপ [ঋক্ত্রয়] উচ্চ স্বরে পাঠ করিবে; তাহাতে প্রজাকে আত্মা অপেক্ষাও উৎকৃষ্ট করা হয়।

তৎপরে ধায্যা পাঠ করিবে। বায্যাই পত্নী। সেই

⁽১) "অভিছা শ্র নোমুসঃ" ইত্যাদি ছুইটি মন্ত্র নিকেবল্যের প্রগাণ। উহাকেই তিন ভাগ করিয়া তিনটি খকের শরুপ করা হয়। উহার নাম স্তোত্রির।

⁽২) "অভিদা পূর্ব পীতর ইক্রন্তোমেভিরারব:" ইত্যাদি ছই মন্ত্রের (৮)৩)৭-৮) প্রগাণ ত্রোত্রিরের পর পাঠ্য, উহাও ত্রোত্রিরের অনুরূপ; কেন না উভরই প্রগাণই "অভিদ!" পদে আরক। এই লক্ত উহাদের নাম অনুরূপ।

⁽७) वदावान भूकलमः भूतावाह ३-।१८।७ अहे मञ्ज निरम्बरलात थाया। भूर्त्वर तथ।

ধায্যা নীচ স্বরে পাঠ করিবে। যেন্থলে ইহা জানিয়া নীচ স্বরে ধায্যা পাঠ করা হয়, সেই গৃহে পত্নী অপ্রতিবাদিনী (অমুকূলবাদিনী) হইয়া থাকে।

প্রগাথ পাঠ করিবে। তই। [অনুদান্তাদি চতুর্বিধ] স্বরযুক্ত বাক্যে পাঠ করিবে। পশুগণই স্বর, পশুগণই প্রগাথ; ইহাতে পশুগণের রক্ষা ঘটে।

"ইন্দ্রন্থ সু বীর্ঘ্যাণি প্রবোচম্" ইত্যাদি " [নিবিদ্ধানীয়]
দূক্ত পাঠ করিবে। হিরণ্যস্ত্রপৃদ্ষ্ট এই নিচ্চেবল্য দূক্ত
ইন্দ্রের প্রিয়। এই দূক্ত দ্বারা অঙ্গিরার পুত্র হিরণ্যস্ত্রপৃধ
ইন্দ্রের প্রিয় ধামের নিকট গিয়াছিলেন ও পরম লোক
জয় করিয়াছিলেন। যে ইহা জানে, সে ইন্দ্রের প্রিয় ধামের
নিকট যায় ও পরম লোক জয় করে। গৃহই প্রতিষ্ঠাস্বরূপ;
দূক্তও তাদৃশ। প্রতিষ্ঠিততম (সর্বাদোষবর্জ্জিত) স্বরে উহা
পাঠ করিবে। সেইজন্য যদিও পশুগণকে দূরদেশেই পাওয়া
যায়, তথাপি তাহাদিগকে গৃহে আনিতেই লোকে ইচ্ছা করে।
কেননা, গৃহই পশুগণের প্রতিষ্ঠা (অবস্থানভূমি)।

⁽ в) "পিষা প্রবস্ত রসিনঃ" ইত্যাদি প্রগার্থ মন্ত্র।

⁽ e) নিক্ষেবল্য শত্রে নিবিদ্ধানীর স্কু প্রথম মন্তব্যের দানিংশক্তম স্কুল। ৄউহার মধ্যে ১৫টি থকু আছে। ইহার ধৰি হিরণান্ত গুলালিরস।

ত্রোদশ অধ্যায়

প্রথম থণ্ড

সোমাহরণ-আখ্যায়িকা

ছতীর সবন বিধানের পূর্ব্দে গান্ধত্তী কণ্ড্ক সোমাছরণ উপাখ্যান বথা— "সোনো বৈ.....আহরং"।

পুরাকালে রাজা সোম ঐ [স্বর্গ] লোকে ছিলেন। দেবগণ ও ঋষিগণ ভাঁহার বিষয়ে চিন্তা করিলেন, এই রাজা সোম কিরপে ওখান হইতে আদিবেন। ভাঁহারা বলিলেন, অহে ছন্দদকল, তোমরা এই রাজা সোমকে আমাদের নিকট আহরণ কর। তাহাই করিব বলিয়া সেই ছন্দেরা স্থপর্ণ (পক্ষী) হইয়া উপরে উত্থিত হইল। তাহারা যে স্থপর্ণ হইয়া উপরে উঠিয়াছিল, দেই জন্ম আখ্যানবিদেরা এই আখ্যানকে সৌপর্ণ আখ্যান বলিয়া থাকেন।

ছন্দেরা সেই রাজা সোমকে আনিবার জন্য চলিয়াছিল।
সেকালে ছন্দেরা চারি চারি অক্ষরযুক্ত ছিল। তিন্মধ্যে]
চতুরক্ষরা জগতী প্রথমে উর্দ্ধে উঠিলেন। তিনি উঠিয়া অর্দ্ধ পথ
গিয়া প্রান্ত হইলেন। তথন তিনি তিন অক্ষর পরিত্যাগ করিয়া
একাক্ষরা হইয়া দীকাকে ও তপস্থাকে আহরণ করিয়া
পুনরায় নামিয়া আদিলেন। সেই হেতু, যাহার পশু আছে,
সেই ব্যক্তিই দীকা লাভ করিয়াছে ও তপস্থা লাভ করিয়াছে।

কেননা পশুগণ জগতী-সম্বন্ধী এবং জগতীই তাহাদিগকে আনিয়াছিলেন।

অনন্তর ত্রিন্টুপ্উপরে উঠিলেন। তিনিও উঠিয়া অর্দ্ধ পথ গিয়া প্রান্ত হইলেন। তথন তিনি এক অক্ষর পরিত্যাগ করিয়া ত্রাক্ষরা হইয়া দক্ষিণা আহরণ করিয়া পুনরায় নীচে নামিলেন। ত্রিন্টুভ্ দ্বারা দক্ষিণা আনীত হইয়াছিল, সেই-জন্ম [ঋত্বিকেরাও] মাধ্যন্দিন সবনে ত্রিন্টুভের স্থানেই [যজমানদত্ত] দক্ষিণা আনয়ন করেন।

দ্বিতীয় খণ্ড সোমাহরণ আখ্যায়িকা

গায়ত্রীর উপাথ্যান—"তে দেবা……ইষুরভবং"

সেই দেবগণ গায়ত্রীকে বলিলেন, তুমি আমাদের নিকট ঐ সোমকে আনয়ন কর। গায়ত্রী বলিলেন, তাহাই করিব, তবে তোমরা আমাকে সকল স্বস্তায়ন দারা অনুমন্ত্রিত কর। [দেবগণ,] তাহাই হউক, ইহা বলিলে তিনি উর্দ্ধে উঠিলেন। দেবগণ তাঁহাকে "প্র" শব্দ ও "আ" শব্দ [এই তুই মন্ত্রে] সকল স্বস্তায়ন দারা অনুমন্ত্রণ করিলেন। এই যে "প্র" শব্দ ও "আ" শব্দ, ইহাই সকল স্বস্তায়ন। সেইজন্ম যে ব্যক্তি প্রিয় হয়, তাহাকে "প্র" এবং "আ" এই মন্ত্রে অনুমন্ত্রণ

^{(&}gt;) শ্রুতাপ্তরে — সা পশুভিশ্চ দীক্ষা চ আগচ্ছৎ তমাৎ লগতী ছন্দসাং পশব্যতমা তন্মাছ্কুদ্রম তমাৎ পশুমস্তং দীক্ষোপনমতি।

করিবে; তাহা হইলে সে স্বস্তিতেই গমন করিবে ও স্বস্তিতেই আগমন করিবে।

সেই গায়ত্রী উঠিয়া সোমরক্ষকগণকে ভয় দেখাইয়া পদন্বয় দ্বারা ও মুখ দ্বারা রাজা সোমকে দৃঢ়ভাবে গ্রহণ করি-লেন এবং অন্য দুই ছন্দ (জগতী ও ত্রিষ্টুপ্) যে কয়টি অক্ষর ত্যাগ করিয়া আসিয়াছিলেন, তাহাদিগকেও দৃঢ়ভাবে গ্রহণ করিলেন।

[তখন] রুশান্ত্র নামক সোমরক্ষক' গায়ত্রীর পশ্চাৎ
[বাণ] মোচন করিয়া তাঁহার বামপদের নথ ছিঁ ড়িয়া দিলেন।
সেই নথ শল্যক (শজারু) হইল। সেইজন্ম সেই শল্যক
নথের মত [তীক্ষরোমযুক্ত]। সেথানে যে মেদের অবণ হইয়াছিল, তাহাই [ছাগাদি যজ্জিয় পশুর] বশা হইল ও সেই
জন্মই তাহা হব্যস্বরূপ হইল। [রুশান্ত্রনিক্ষিপ্ত বাণের]
যে অনীক' ছিল, তাহা নিদ'ংশী (দংশনাসমর্থ দর্প) হইল;
তাহার বেগ হইতে স্বজ (দ্বিশিরা দর্প) হইল; [সেই বাণের]
যে পত্র ছিল, তাহা মন্থাবল' হইল; যে সায়ু ছিল, তাহা
গভূপদ' হইল; যে তেজন' ছিল, তাহা অন্ধ দর্প হইল। এইরূপে সেই [বাণ] সেই সেই [জন্ধ] হইল।

^()) সোমরক্ষক গৰার্ববিগণের মধ্যে কুশামু সপ্তম (সারণ)।

⁽২) অনীক-বাণের লোহনির্দ্মিত শল্যভাগ।

⁽ ৩) বুক্ষশাখায় অধোমধে লম্বনশীল জীববিদেব।

⁽ ৪) সর্পাকৃতি জীববিশেষ (সায়ণ)।

⁽ a) বাণের কাঠভাগ।

তৃতীয় খণ্ড সবনোৎপত্তি

গায়ত্রীর উপাধ্যানে সবনোৎপত্তি যথা—"সা যদ্ ·····এবং বেদ"

সেই গায়ত্রী দক্ষিণ পদ দারা [সোমের] যতটুকু গ্রহণ করিয়াছিলেন, তাহাই প্রাতঃসবন হইল। গায়ত্রী তাহাকে নিজের আশ্রয় করিলেন। সেই জন্ম প্রাতঃসবনকেই সকল সবনের মধ্যে সমৃদ্ধতম মনে করা হয়। যে ইহা জানে, সে [সবনের] অগ্রন্থিত ও মুখ্য হইয়া শ্রেষ্ঠতা লাভ করে।

গায়ত্রী বামপদ দারা যতচুকু গ্রহণ করিয়াছিলেন, তাহাই
মাধ্যন্দিন দবন হইল। তাহা [গায়ত্রীর বাম পদ হইতে]
শ্বলিত হইয়াছিল। শ্বলিত হইয়া তাহা পূর্ববর্ত্তী [প্রাতঃ-]
দবনের অনুগমন করিতে পারে নাই। দেই দেবগণ বিচারপূর্ববিক দেই [মাধ্যন্দিন] দবনে ছন্দের মধ্যে ত্রিফুভ্কে ও
দেবতার মধ্যে ইন্দ্রকে শ্বাপিত করিয়াছিলেন। তথন উহা
পূর্ববর্ত্তী দবনের দহিত দমানবীর্য্য হইল। যে ইহা জানে,
দে দমানবীর্য্য ও দমানজাতি ঐ উভয় দবন দ্বারা দমৃদ্ধ হয়।

আর গায়ত্রী মুখদারা যতটুকু গ্রহণ করিয়াছিলেন, তাহাই ছতীয় দবন হইল। নীচে নামিবার দময় গায়ত্রী তাহার রদ পান করিয়াছিলেন। এইরূপে শীতরদ হইয়া উহা পূর্ববর্ত্তী দবনদ্বয়ের অনুগমন করিতে পারে নাই। তখন দেই দেবগণ বিচারপূর্বক পশুমধ্যে [তাহার প্রতীকারের উপায়] দেখিতে পাইলেন। দেইছেতু এই যে ক্ষীর দেবন করা হয় ও আজ্য-

দারা ও পশুদারা' (পশুর হৃদয়াদি অঙ্গদারা) হোম করা হয়, ইহাতেই সেই তৃতীয় সবন পূর্ববর্তী সবনদ্বয়ের সমানবীয়্য হইয়া থাকে। যে ইহা জানে, সে সমানবীয়্য ও সমানজাতি সকল সবন দ্বারাই সমৃদ্ধ হয়।

চতুর্থ খণ্ড

ছন্দোগণের অক্ষরলাভ

প্রথম থণ্ডে বলা হইয়াছে, দকল ছলেরই আগে চারি চারি জক্ষর ছিল, তন্মধ্যে ত্রিষ্ট্রপূ একটি অক্ষর ও জগতী তিনটি অক্ষর সোম আনিতে গিয়া প্রাস্ত হইয়া হারাইয়া ফেলিয়াছিলেন। অথচ এখন দেখা যায়, গায়ত্রীর আট অক্ষর, ত্রিষ্ট্রভের এগার অক্ষর, জগতীর বার অক্ষর। এই বিরোধের পরিহারার্থ গায়ত্রীর উপাধানের অবশিষ্ট ভাগ যথা—"তে বৈ……অভবৎ"

সেই অপর ছুইটি ছন্দ (ত্রিষ্টুপ্ ও জগতী) গায়ত্রীর
নিকট আসিয়া বলিলেন, তুমি [যে চারিটি অক্ষর সোমাহরণকালে] পাইয়াছ, তাহা আমাদের; সেই অক্ষরকয়টি আমাদের নিকট ফিরিয়া আহ্রক। গায়ত্রী বলিলেন, না, আমরা
যে যাহা পাইয়াছি, তাহার তাহাই থাকুক। তথন তাঁহারা
দেবগণের নিকট প্রশ্ন উপস্থিত করিলেন। সেই দেবগণও
বলিলেন, তোমাদের যে যাহা পাইয়াছ, তাহার তাহাই
খাকুক। সেই হেতু এ কালেও কেহ কিছু পাইলে বলা হয়,

⁽১) ক্ষীর এবং আদ্যা উভরই পশু হইতে উৎপন্ন হয়। তৃতীর সবলে ঐ সকলের ও পধকের ব্যবহার হন্দয়াতে তৃতীয় সবলের সোম গায়ত্তী কর্তৃক পীতরস হইন্নাও তেজােহীন চউত্তে পারিল মা।

যে যাহা পাইয়াছে, তাহা তাহার। তখন গায়ত্রীর আট অক্ষর, ত্রিষ্টুভের তিন অক্ষর ও জগতীর একঅক্ষর হইল।'

সেই অফাক্ষরা গায়ত্রী প্রাতঃসবন নির্বাহ করিয়াছিলেন।
কিন্তু ত্রাক্ষরা ত্রিফুপ্ মাধ্যন্দিন সবন নির্বাহ করিতে পারেন
নাই। গায়ত্রী তাঁহাকে বলিলেন, আমি আসিতেছি, এখানে
(মাধ্যন্দিন সবনে) আমারও স্থান হউক। ত্রিফুপ্ বলিলেন,
তাহাই হইবে, তবে তুমি সেই [তিন-অক্ষর-বিশিষ্ট] আমাকে
[তোমার] আট অক্ষর দ্বারা যুক্ত কর। গায়ত্রী তাহাই
হউক বলিয়া তাঁহাকে [আট অক্ষরে] যুক্ত করিলেন।
তখন মাধ্যন্দিন সবনে মরুত্বতীয় শস্ত্রের যে তুই উত্তরবর্তী
প্রতিপৎ আর যে অনুচর আছে, তাহা গায়ত্রীকে দেওয়া
হইল। ত্রিফুপ্ত একাদশাক্ষরা হইয়া মাধ্যন্দিন সবন
নির্বাহ করিলেন।

জগতী একাক্ষরা হইয়া তৃতীয় সবন নির্বাহ করিতে পারিলেন না। গায়ত্রী তাঁহাকে বলিলেন, আমি আসিতেছি, ইহাতে (তৃতীয় সবনে) আমার স্থান হউক। জগতী বলি-লেন, তাহাই হউক, তবে সেই [একাক্ষরবিশিষ্ট] আমাকে একাদশ অক্ষর দ্বারা যুক্ত কর। গায়ত্রী তাহাই হউক বলিয়া

⁽ ১) গায়ত্রীর চারি অক্ষর আগেই ছিল ; ত্রিষ্টুভের একটি ও জগতীর তিনটি কুড়াইরা পাইরা ডাহার আট অক্ষর হইল।

⁽২) মরুজতীর শস্ত্রের আরক্তে "আ তা রখং যথোতরে" ইত্যাদি তিনটি ঋক্ প্রতিপৎ, তর্মধ্যে উদ্ভরবর্ত্তী, অর্থাৎ প্রথমটির পরবর্তী মন্ত্রমর গায়ত্তী ছলের। আর "ইদং বদো ক্রতমন্ধ" ইত্যাদি তিনটি ঋক্ মরুজতীয় শস্ত্রের অফুচর; ঐ তিনটির গায়ত্তী ছলে। এইরূপে মাধ্যন্দিন স্বনে মরুজতীয় শস্ত্রে গায়ত্তীর ভারত একাদশাক্ষরা হইলেন।
১২ অধ্যায় ৪ থপ্ত দেখ।

ভাঁহাকে ভদ্দার। যুক্ত করিলেন। তৃতীয় সবনে বৈশ্বদেব শস্ত্রের যে তুই উত্তরবর্তী প্রতিপৎ আর যে অসুচর আছে, তাহা গায়ত্রীকে দেওয়া হইল। জগতীও দ্বাদশাক্ষরা হইয়া তৃতীয় সবন নির্ব্বাহ করিলেন।

সেই অবধি গায়ত্রী অফীক্ষরা, ত্রিফুপ্ একাদশাক্ষরা ও জগতী দাদশাক্ষরা হইয়াছেন। যে ইহা জানে, সে সমান-বীর্য্য ও সমানজাতি সকল ছন্দ দারা সমৃদ্ধ হয়।

গায়ত্রী যে এক হইয়া ত্রিবিধ হইয়াছিলেন, সেইজন্ম বলা হয়, ইনি যে এক হইয়া ত্রিবিধ হইয়াছিলেন, যে এই কথা জানে, তাহাকে [ধনাদি] দান কর্ত্তব্য।

পঞ্চম খণ্ড তৃতীয় সবন

তৃতীয় সবনে আদিভ্যগ্রহের বিধান—"তে দেবা.. ...সংস্থাপয়ানীভি"

সেই দেবগণ আদিত্যগণকে বলিয়াছিলেন, তোমাদের সহিত আমরা এই [তৃতীয়] সবন নির্বাহ করিব। [তাঁহারা বলিলেন] তাহাই হউক। সেইহেতু আদিত্য গ্রহে তৃতীয় সবনের আরম্ভ হয়, ও তাহাতে [সকল গ্রহের] পূর্বের আদিত্য গ্রহ বিহিত হয়।

"আদিত্যাদো অদিতির্মাদয়স্তাম্"—আদিত্যগণ ও অদিতি

⁽ ৩) বৈখদেব শক্তের প্রতিপৎ ও অনুচর সম্বন্ধে পরে দেখ।

^{(&}gt;) 914318 1

[এই গ্রহে] হাউ হউন—এই মদ্-শব্দ-যুক্ত রূপসমৃদ্ধ মন্ত্র [আদিত্যগ্রহের] যাজ্যা হয়; কেননা হুতীয় সবনের রূপও হর্ষজনক। [আদিত্য গ্রহহোমে] অমুব্যট্কার করিবে না বা গ্রহভক্ষণ করিবে না। কেননা এই যে অমুব্যট্কার, ইহা সমাপ্তিস্বরূপ ও [গ্রহ-] ভক্ষণও সমাপ্তিস্বরূপ, আর আদিত্য-গণ প্রাণস্বরূপ; ওরূপ করিলে প্রাণেরই হয় ত সমাপ্তি হইতে পারে।

পরে সাবিত্রগ্রহের ও বৈশ্বদেবশস্ত্রের প্রতিপদের বিধান যথা—"ত্ত আদিত্যাঃ……তৃতীয় সবনে চ"

সেই আদিত্যগণ সবিতাকে বলিয়াছিলেন, তোমার সহিত্ত আমরা এই সবন নির্বাহ করিব। [তিনি বলিলেন] তাহাই হউক; সেই হেতু বৈশ্বদেব শস্ত্রের প্রতিপদের দেবতা সবিতাও তাহার পূর্বেই সাবিত্র গ্রহ বিহিত। "দমুনা দেবঃ সবিতাবরেণ্যঃ" এই মদ্-শন্ধ-যুক্ত রূপসমৃদ্ধ মস্ত্রে সাবিত্র গ্রহের যাজ্যা হয়। কেননা তৃতীয় সবনের রূপও হর্ষজনক। এখানেও অনুব্যট্কার করিবে না ও [গ্রহ-] ভক্ষণ করিবে না। কেননা, এই যে অনুব্যট্কার, ইহা সমাপ্তিশ্বরূপ ও [গ্রহ-] ভক্ষণও

⁽ २) হ্রার্থক মদ্ ধাতু হইতে প্রথম চরণের মাদয়স্তাং পদ নিম্পন্ন।

⁽ ৩) "তৎ সৰিতুৰ্গীমহে" ইত্যাদি সৰিত্দৈৰত ঋক্ বৈশ্বদেৰশন্ত্ৰের শুতিপথ। "দৰুনা দেৰ-সৰিতা" এই মন্ত্ৰ সাৰিত্ৰগ্ৰহের যাজা। এই মন্ত্ৰ ছুইটি শাকল-সংহিতার নাই।

⁽ ৪) এই মন্ত্রটি সাবিত্রগ্রহের বাজ্যা, ইহাও শাকল-সংহিতার নাই। আবলারন উহা দিরাছেন বথা ''দমুনা দেবঃ সবিতা বরেণ্যো দধজন্বাদক্ষ পিডুভা আয়ুনি। পিবাৎ সোমমমদরেন্মিটরঃ পরিজ্যাচিত্রমতে অক্ত ধর্মণি।" (আবঃ জৌ: সুঃ ৭)১৮।২)

উহার তৃতীয়চরণে হর্ষার্থক মদ ধাতু নিশার ''অমদন্" এই পদ আছে, এই হেতু উহা রূপসমূচ।

সমাপ্তিম্বরূপ। আর সবিতা প্রাণম্বরূপ; ওরূপ করিলে হয় ত প্রাণেরই সমাপ্তি হইতে পারে।

এই যে সবিতা, ইনি প্রাতঃসবন ও তৃতীয়সবন এই উভয় সবনকেই বিশেষরূপে [আহুতগ্রহদারা] পান করেন। সেই-জন্ম [বৈশ্বদেব শস্ত্রে] সবিতার উদ্দিষ্ট নিবিদের যে পিবতি-শব্দ-যুক্ত পদ পূর্বের থাকে আর মদ্-শব্দ-যুক্ত পদ পরে থাকে,' তাহাতে প্রাতঃসবন ও তৃতীয় সবন উভয়ত্র এই সবিতাকে ভাগ দেওয়া হয়।

তৎপরে বৈশ্বদেবশস্ত্রে বিহিত বস্তুদৈবত শ্বকের ও ছাবাপৃথিবীদৈবত শুক্তের বিধান যথা—"বহুবঃ……প্রতিষ্ঠাপয়তি"

বস্থদৈবত ঋক্ প্রাতঃসবনে অনেকগুলি আর তৃতীয়সবনে একটি মাত্র পঠিত হয়। দৈইজন্য পুরুষেরও [শরীরের] উদ্ধি-ভাগে অবস্থিত প্রাণ অনেকগুলি আর অধোভাগে অবস্থিত প্রাণ [অল্প]।

ছাবাপৃথিবী-দৈবত সূক্ত' পাঠ করা হয়। ছোঃ এবং পৃথিবী ইহাঁরাই প্রতিষ্ঠা-(আগ্রয়)-স্বরূপ; ইনি (পৃথিবী) ইহকালে প্রতিষ্ঠা, উনি (ছো)ঃ) পরকালে প্রতিষ্ঠা। সেই জন্ম এই যে ছাবাপৃথিবী-দৈবত সূক্ত পঠিত হয়, এতদ্ধারা যজমানকে প্রতিষ্ঠিত করা হয়।

⁽ ৫) "সবিতা দেবঃ সোমস্ত পিবভূ" এই পিবতি-শব্দ-বৃক্ত মন্ত্ৰ নিবিদের আদিতে থাকে; "সবিতা দেব ইহ অবদিহ সোমস্ত মৎ সং" এই মদ-শব্দ-বৃক্ত মন্ত্ৰ নিবিদের অক্তে থাকে।

⁽ ৬) "একরা চ দশভিক্ত বভূতে" এই বহুদৈৰত মত্র বৈধ্যেৰ শল্পের অন্তর্গত।

^{·(} १) अथम मखरनत ১৫» रूक এই मख्बत्र निविधानीत रूक ; छेहात मरशानिविध वमाहेरछ हम।

ষষ্ঠ খণ্ড

বৈশ্বদেবশন্ত—আর্ভবসূক্ত

ঋভূদৈবত (আর্ভব) স্থক্তের বিধান—"আর্ভবং…পিত্র ইতি"

ঋভুদৈবত দূক্ত পাঠ করা হয়।' ঋভুগণ' তপস্থা **দারা দেব-**গণ মধ্যে সোমপানে অধিকার অর্জন করিয়াছিলেন। দেবতারা প্রাতঃসবনে শস্ত্রে ঋভুদের জন্ম অংশ কল্পনা করিয়াছিলেন I কিন্তু অগ্নি বস্থদিগের সাহায্যে প্রাতঃস্বন হইতে তাঁহাদিগকে নিরাক্বত করিয়াছিলেন। তখন মাধ্যন্দিন সবনে **শস্ত্রে তাঁহাদের** অংশকল্পনা হইল। ইন্দ্র রুদ্রগণের সাহায্যে মাধ্যন্দিন স্বন হইতে তাঁহাদিগকে নিরাক্ত করিলেন। তখন তৃতীয়সবনে শস্ত্রে তাঁহাদের অংশকল্পনা হইল। এথানে পান করিতে পাইবে না, এখানেও না, এই বলিয়া বিশ্বদেবগণ তাঁহাদিগকে ি সেখান হইতেও] নিরাক্বত করিলেন। [তখন] প্রজাপতি সবিতাকে বলিলেন, এই ঋভুগণ তোমার অন্তেবাদী (শিষ্য): তুমি ইহাদের সহিত একত্র [সোম] পান কর। সেই সবিতা বলিলেন, তাহাই হইবে, তবে তুমিও তাহাদের উভয়দিকে থাকিয়া পান কর। তথন প্রজাপতি তাঁহাদের উভয় দিকে থাকিয়া পান করিলেন।

[সেইজন্ম] ''স্থরূপ রুৎকুমূত্যে"' এবং "অয়ং বেন-শ্চোদয়ৎ পৃশ্বিগর্ভাঃ" এই ছুই মন্ত্র, যাহা কোন বিশেষ দেবতার

⁽ ১) প্রথম মণ্ডল ১১১ হক্ত কছুদৈবত। উহা বৈশদেব শস্ত্র মধ্যে পাঠা।

⁽ २) ঋভু---দেৰজপ্ৰাপ্ত মনুষ্যবিশেষ (সায়ণ)।

ا دامه دا ۰ د (۱ ه) ادا ۱۱ (۱ ه)

উদ্দিন্ট নহে, [অতএব] যাহার প্রজাপতিই দেবতা, যাজ্যা-স্বরূপে আর্ভবসূক্তের উভয় দিকে পঠিত হয়। এতদ্বারা প্রজাপতি ঋভুগণের উভয়দিকে থাকিয়াই [সোম] পান করেন। সেই জন্মই দেখা যায়, শ্রেষ্ঠী (বড় লোক) যে ব্যক্তিকে ভাল বাসেন, তাহাকে অন্য লোকের নিকটেও আদৃত করান। "

কিন্তু দেবগণ সেই ঋভুদের হইতে দূরে থাকিয়া মনুষ্য-গন্ধের জন্ম তাহাদিগকে গ্নণা করিতেন। সেই জন্ম "যেভ্যো মাতা" এবং "এবা পিত্রে" এই ছুই ধায্যা [ঋভুগণের ও বিশ্বদেবগণের উদ্দিষ্ট সূক্তের] মধ্যস্থলে স্থাপিত হয়।

সপ্তম খণ্ড

বৈশ্বদেব শস্ত্র

তৎপরে বৈশ্বদেব স্ক্রপাঠ; তৎসম্বন্ধে বিচার যথা—"বৈশ্বদেবং……প্রীণাতি"
বৈশ্বদেব সূক্ত' পাঠ করা হয়। প্রজা যেরূপ, বৈশ্বদেব
শস্ত্রপ্ত সেইরূপ; তন্মধ্যে জনসমূহ যেরূপ, সূক্তসকল সেই
রূপ; অরণ্যসকল যেরূপ, ধায়াসকল সেইরূপ। সেই

⁽৫) এই ধাষ্যামন্ত্র ষ্থাক্রমে আর্ভবস্থক্তের পূর্বের ও পরে পঠিত হয়।

⁽৬) প্রস্কাপতি ঋতুগণকে ভাল বাসিতেন; তিনি সবিতার নিকট তাহাদিগকে আাদৃত করিয়াছিলেন।

⁽१) "যেন্ডো মাতা মধুমং" (১০।৬০।৩) এবং "এবা পিত্রে বিশবেষায়" (৪।৫০।৬) এই শ্বন্তীট মন্ত্র আন্তর্ভবস্তুত হইতে বৈখনের স্কুকে পৃথক্ করিবার জন্ম "আয়ং বেনশ্চোদয়ৎ পৃথিগর্ভাই" এই মন্ত্রের পূর্বের বদান হয়।

^{(&}gt;) প্রথম মণ্ডল ৮> স্ক্তা র দেবতা বিশ্বদেবগণ।

ধায্যার উভয়দিকে পর্য্যাহাব' করা হয়। সেইহেতু এ বিষয়ে বলা হইয়াছে, যে যাহা অরণ্য (জলহীন), তাহাও মৃগ ও পক্ষী দারা আকার্ণ হওয়ায় [প্রকৃত পক্ষে] অরণ্য (জীবহীন) নহে।

আবার পুরুষ যেরূপ, বৈশ্বদেব শস্ত্র সেইরূপ। পুরুষের
মধ্যে অঙ্গদকল যেরূপ, [শস্ত্রমধ্যে] দূক্তদকল সেইরূপ।
[অঙ্গমধ্যে] পর্ব্বদকল (অঙ্গদন্ধিদকল) যেরূপ, [দূক্তমধ্যে]
ধায্যাদকলও দেইরূপ। দেই ধায্যার উভয়দিকে পর্য্যাহাবকার
হয়। দেইহেতু পুরুষের পর্ব্বদকল শিথিল হইয়াও দৃঢ়ভাবে
ধৃত থাকে। ধায্যাও [আহাবরূপী] ব্রহ্মকর্ত্ত্বত ধৃত থাকে।

এই যে ধায়াসকল ও যাজ্যাসকল, ইহারাই যজ্ঞের মূল। সেইজন্ম যদি [উপদিউ মন্ত্র ব্যতীত] অন্ম অন্ম মন্ত্রকে ধায়া। ও যাজ্যা করা হয়, তাহা হইলে যজ্ঞকে উন্মূলিত করা হয়; সেইজন্ম তাহা (ধায়া। ও যাজ্যা মন্ত্র) [প্রকৃতিযজ্ঞে ও বিকৃতিযজ্ঞে উভয়ত্র] একরূপই হইবে।

এই যে বৈশ্বদেব নামক শস্ত্র, তাহা পঞ্চজনের সম্বন্ধী। ইহা পঞ্চবিধ জনেরই উক্থ (তুর্ন্তিহেতু); দেবগণের, মনুষ্যগণের, গন্ধর্ব ও অপ্সরোগণের, দর্পগণের এবং পিতৃগণের, এই পঞ্চবিধ জনেরই ইহা উক্থ। এই পঞ্চবিধ জনেই এই [শস্ত্রপাঠক] হোতাকে জানে। যে ইহা জানে,

⁽২) "শোংসাবোম্" এই মন্ত্র আহাব বা পর্যাহাব। ধায়্যামন্ত্রেরও পূর্বেও পরে আহাক উচ্চারিত হয়। কোন দেশমধ্যে বেমন জনপদের পার্ষে অরণ্য থাকে ও অরণ্য মধ্যে জীবজন্ত ধাকে, সেইক্সপ বৈশ্বদেবশন্ত্রে স্তক্তের পার্ষে ধায়া ও ধায়া মধ্যে আহাব থাকে। বৈশ্বদেব শন্ত্রের সহিত জনপদের তুলনা হইল।

⁽৩) ব্ৰহ্ম বা আহাব ইডি শ্ৰুডি: (সায়ণ)।

এই পঞ্চবিধ জনসমূহের তুষ্ট্যর্থ হোমকুশল ব্যক্তিরা তাহার নিকট আগমন করে।

যে বৈশ্বদেব শস্ত্র পাঠ করে, সেই হোতা সকল দেবতারই
[প্রীতি-উৎপাদক]। সেই জন্ম শস্ত্রপাঠকালে হোতা সকল
দিক্কেই ধ্যান করিবেন। এতদ্বারা সকল দিকেই রসের
স্থাপন করা হয়। কিন্তু যে দিকে তাঁহার শত্রু থাকে, সে
দিকের ধ্যান করিবেন না; তাহা হইলে তাহার পশ্চাতে গিয়া
তাহার বীর্য্য হরণ করা হইবে।

"অনিতির্দেটার দিতিরন্তরিক্ষম্" এই অন্তিম ঋকে শস্ত্রপাঠ
সমাপ্ত করিবে; কেননা এই [ভূমিই] অদিতি, ইনিই গোঃ, ইনিই
অন্তরিক্ষ। "অদিতির্মাতা স পিতা স পুত্রঃ" এই [দ্বিতীয়
চরণের] অর্থ এই যে ইনিই মাতা, ইনিই পিতা, ইনিই পুত্র।
"বিশ্বে দেবা অদিতিঃ পঞ্চজনাঃ" এই [ভৃতীয় চরণের] অর্থ
বিশ্বদেবগণ ইহারই, ও পঞ্চজনও ইহাতেই অবস্থিত।
"অদিতির্জাতমদিতির্জনিত্বম্" এই [চতুর্থ চরণে] ইনিই ভূত ও
ভবিষ্যৎ [প্রাণিসমূহ]।

ি এই অন্তিম ঋক্ পাঠকালে] ছুইবার' প্রতি চরণের পর বিরাম দিয়া পাঠ করিবে। পশুগণ চতুষ্পদ, ইহাতে পশুগণের রক্ষা ঘটে। একবার অর্দ্ধঋকের পর বিরাম দিয়া পাঠ

^{1 - (| 4 | (8)}

⁽ ৫) অন্তিম ঋক্টি তিনবার পাঠ করিতে হর। তর্মধ্যে প্রথম দুইবার প্রতি চরণের পর বিরাম ও তৃতীরবার আর্ক ঋকের পর বিরাম বিহিত। মস্তের চারিটি চরণ পৃথক্ করিয়া ^{পাঠ} করার উহা চতুষ্পদ পণ্ডর সহিত সম্পর্কিত হউল। তৃতীর বারে দুই ভাগে পঠিত হওরায় ^{উহা} জিপদ নমুন্যের সহিত সম্পর্কিতুক হইল।

করিবে। তাহাতে প্রতিষ্ঠা ঘটে; কেননা মনুষ্য দ্বিপ্রতিষ্ঠ (চুই পায়ের উপর প্রতিষ্ঠিত)। আবার পশুরা চতুষ্পদ; এইহেডু এতদ্বারা দ্বিপ্রতিষ্ঠ (দ্বিপদস্থিত) যজমানকে চতুষ্পদ পশু-সমূহেই প্রতিষ্ঠিত করা হয়।

দর্বনাই পঞ্জনীয় ঋক্ষারা " সমাপ্ত করিবে। পাঠকালে ভূমি স্পর্শ করিয়া সমাপ্ত করিবে। তাহা হইলে যে ভূমিতে যজ্ঞের সম্ভার হয়, তাহাতেই এই যজ্ঞাকে যজ্ঞান্তে স্থাপিত করা হয়। "বিশ্বে দেবাঃ শৃণুতেমং হবং মে" এই বিশ্বদেব-গণের উদ্দিষ্ট মন্ত্রকে বৈশ্বদেব শস্ত্র পাঠের পর যাজ্যা করিবে। এতদ্বারা দেবতাগণকে আপন ভাগ দ্বারাই প্রীত করা হয়।

অফ্টম থণ্ড

তৃতীর দবন—স্বতবাগ ও সৌমাবাগ

তৃতীয় সবনে সোমের উদ্দেশে চরুহোম ও তাহার পূর্ব্বে ও পরে অগ্নি ও বিষ্ণুর উদ্দেশে বথাক্রমে শ্বত হোম হয়; তদ্বিষয়ে যাজ্যাদি বিধান বথা—"আগ্নেমী ···হরন্তি"

প্রথর্ম স্বতহোমের যাজ্যামন্ত্র অগ্নিদৈবত; সোমের উদ্দিষ্ট [চরু হোমের] যাজ্যামন্ত্র সোমদৈবত; [তৎপরবর্তী] স্বত গোমের যাজ্যামন্ত্র বিষ্ণুদৈবত। ''ত্বং সোম পিতৃভিঃ

⁽ ७) "विष्य (द्यवा अमिछि: शक्षकना:" এই চরণ থাকার ঐ অকের নাম शक्कनीत अक्।

⁽१) ७:६२। २० हेहा देवपरमय भरतात्र यांका।।

^{(&}gt;) "মৃতাহৰদো মৃতপৃঠো অগ্নিং" এই মন্ত্ৰ অগ্নির উদ্দিষ্ট মৃতহোমের বাজ্যা। "দং সোম পিতৃতিং" এই মন্ত্ৰ সোমের উদ্দিষ্ট চকহোমের বাজ্যা; "উক্ল বিকো বিক্রময়" এই মন্ত্র বিক্রম উদ্দিষ্ট মৃতহোমের যাজ্যা। প্রথম ও তৃদীর মন্ত্র আধ্বনায়ন দিরাছেন। (৫।১৯)

সংবিদানঃ" বৈ পিতৃশব্দযুক্ত মন্ত্রকে সোমের উদ্দিষ্ট যাগে যাজ্যা করিবে।

ঋত্বিকেরা যে সোমের অভিষব করেন, উহাতে সোমকে বধ করা হয়। এই যে সোমের উদ্দিষ্ট চরু, ইহাকে সেই [মৃত] সোমের অনুস্তরণী গাভী-স্বরূপ করা হয়। সেই অনুস্তরণী পিতৃগণের যোগ্য। এই হেতু পিতৃ-শব্দ-যুক্ত মন্ত্রকে সোমের উদ্দিষ্ট যাজ্যা করা হয়।

[ঋদ্বিকেরা] সোমের যে অভিষব করেন, তাহাতে সোমকে বধ করা হয়। সেইজন্ম ইহাকে [দ্বত দারা ও চরুদ্বারা] বৰ্দ্ধিত করা হয়। উপসংসকলদ্বারা তাঁহাকে পুনরায় প্রীত করা হয়। এই যে অগ্নি সোম ও বিষ্ণু দেবতা, ইহারাই উপসদের স্বরূপ।

হোতা সোমের উদিউ চরু [অধ্বয়ুর্ব নিকট হইতে]
গ্রহণ করিয়া ছন্দোগগণের (উদ্গাতৃগণের) [গ্রহণের] পূর্ব্বে [চরুমধ্যস্থ ন্বতে আপনার দেহচ্ছায়া প্রতি] দৃষ্টি নিক্ষেপ করিবে।
এ বিষয়ে কেহ কেহ [দৃষ্টিক্ষেপের পূর্ব্বেই] ছন্দোগগণকে
চরু দান করেন। কিন্তু সেরূপ করিবে না। [হবিঃশেষ
ভক্ষণকালে] বষট্কর্ত্তা (হোতা) সকলের প্রথমে সকল ভক্ষ্য
ভক্ষণ করেন, এইরূপ বলা হয়। সেইহেতু সেইরূপে

^(5) AISAI20 [

⁽৩) মৃতব্যক্তিকে দহন করিবার সময় এক বৃদ্ধা গাভী হত্যা করিয়া উহার অবরব মৃতের অবয়বে রাখিয়া একত্র দহন করিতে হয়, এইরপ বিদি আছে। মৃতের অনুমরণার্থ হিংসিত হয় বলিয়া ঐ গাভীর নাম অনুস্তরণী। উহা পিতৃলোকের বোগ্য। (সারণ)

^(8) উপসৎ मिथ ।

বষট্কর্ত্তাই পূর্ব্বে দৃষ্টিক্ষেপ করিবেন, ও [পরে] ছন্দোগ-দিগকে [ভক্ষণার্থ] প্রদান করিবেন।

নবম খণ্ড

আগ্নিমারুত শস্ত্র—প্রজাপতির উপাখ্যান

আগ্নিমাকত শস্ত্রের উপক্রমে প্রকাপতির উপাখ্যান যথা—"প্রজাপতি বৈ…দেবাঃ"

পুরাকালে প্রজাপতি আপন কন্যার উদ্দেশে ধ্যান করিয়াছিলেন। কেহ কেহ বলেন, তিনি (সেই কন্যা) দ্যোঃ
দেবতা, কেহ বলেন তিনি উষা। প্রজাপতি ঋশ্যরূপ ধরিয়া
রোহিতরূপিণী সেই কন্যার সহিত সঙ্গত হইয়াছিলেন। দেবগণ তাঁহাকে দেখিয়া বলিলেন, প্রজাপতি, যাহা কেহ করে নাই,
তাহা করিতেছেন। এই বলিয়া, যে তাঁহাকে আর্ত্তি (শান্তি)
দিতে পারিবে, এমন ব্যক্তির তাঁহারা অন্বেষণ করিতে লাগিলেন। কিন্তু আপনাদের মধ্যে তেমন ব্যক্তি কাহাকেও দেখিলেন না। তখন তাঁহাদের যে যোরতম (অত্যুগ্র) শরীর
ছিল, তাহা তাঁহারা একত্র মিলিত করিলেন। সেই সকল শরীর
মিলিত হইয়া এই দেবের উৎপত্তি হইল; তাঁহার নাম ভূতবান্। যে ব্যক্তি তাঁহার এই নাম জানে, সে ভূতিলাভ করে।

^{(&}gt;) ঋষ্ঠো মৃগবিশেষ:। তথাচাভিধানকার আহ গোকণ্পৃষতৈ ৭খা রোহিতাশ্চমরে। মৃগা ইতি। (সারণ)

⁽২) মূলে আছে "রোহিতং ভূতাম্"। সারণ অর্থ করিয়াছেন, ঋতুমতী। রোহিতং লোহিতং ভূতা প্রাপ্তা ঋতুমতী জাতেতার্থ:।

⁽ ७) অকৃতং বৈ অকর্দ্তব্যমেব নিষিদ্ধাচরশং করোতি। (সারণ)

দেবগণ সেই ভূতবান্কে বলিলেন, এই প্রজাপতি, যাহা কেছ করে নাই, তাহা করিয়াছেন, ইহাঁকে [বাণ দারা] বিদ্ধ কর। তিনি বলিলেন, তাহাই হউক, তবে আমি তোমা-দের নিকট বর চাহিতেছি। [তাঁহারা বলিলেন] বর প্রার্থনা কর। তিনি পশুগণের আধিপত্য বর চাহিলেন। সেই হেতু তাঁহার নাম পশুমান্। যে তাঁহার এই নাম জানে, সেপশুযুক্ত হয়। তথন তিনি প্রজাপতিকে লক্ষ্য করিয়া [বাণ দারা] তাঁহাকে বিদ্ধ করিলেন। বিদ্ধ হইয়া তিনি উদ্ধে উৎপতিত হইলেন। তাঁহাকে (আকাশন্ত মুগরুপী প্রজাপতিকে) লোকে মুগর্ণ বলিয়া থাকে। আর ঐ যিনি [মুগকে বিদ্ধ করিয়া-ছিলেন], তিনিই [আকাশে] ঐ মুগব্যাধ; আর যিনি রোহিত-রূপিনী, তিনি [আকাশে] রোহিণী; আর যাহা ত্রিকাণ্ডযুক্ত বাণ, তাহাও [আকাশে] ত্রিকাণ্ড বাণ হইয়া আছে।

প্রজাপতির [রোহিতরূপিণী তুহিতায়] দিক্ত এই রেতঃ ব [ক্রোতোরূপে] ধাবিত হইয়াছিল। তাহা এক সরোবর হইল। দেই দেবগণ বলিলেন, প্রজাপতির এই রেতঃ যেন দোষযুক্ত (অম্পৃশ্য) না হয়। প্রজাপতির এই রেতঃ "মা তুষৎ"—দোষ যুক্ত না হয়—এই যে তাঁহারা বলিয়াছিলেন, তাহাতেই দেই রেতঃ "মাত্র্য" [নামে প্রসিদ্ধ] হইল। ইহাই মাত্র্যের মাত্র্যন্ত। এই যে মানুষ, ইহারই নাম মাতুষ। মানুষকেই এই পরোক্ষ

⁽৪) রোহিণা ও আর্দ্রার মধ্যে অবন্ধিত মৃগণীর্গ নক্ষত্র। (সারণ)

⁽ ८) नुकक नक्ता।

⁽ ७) এ ছলে সারণ বর্ধ করিতেছেন—রোহিৎ রক্তবর্ণা মুগী।

⁽ ৭) বাণের ডিনভাগ ; অনীক, শল্য, ডেজন। মৃগশিরার নিকটে বাণাকৃতি ভারা^{ত্রর} সুবাইতেছে।

(অপ্রচলিত) নামে ডাকা হয়। দেবগণ পরোক্ষ নামই ভাল বাসেন।

দশ্য থগু

আগ্রিমারুত শস্ত্র

প্রজ্ঞাপতির রেড: হইতে অক্সান্ত বস্তুর উৎপত্তি যথা—"তদগ্নিনা…পশবস্তে চ" িদেবগণ প্রজাপতির ী সেই রেতঃ অগ্নি দ্বারা বেষ্টিত করিয়াছিলেন; মরুতেরা তাহা কম্পিত করিয়াছিলেন; কিন্তু অগ্নি তাহা [দ্রবত্বহেতু] কঠিন করিতে পারেন নাই। পুনরায় তাহা বৈশ্বানরনামক অগ্নি দ্বারা বেষ্টিত করা হইয়া-ছিল। মরুতেরা তাহা কম্পিত করিয়াছিলেন। অগ্নি বৈশ্বানর তাহা কঠিন করিয়াছিলেন। সেই রেতোমধ্যে যে অংশ প্রথমে উদ্দীপ্ত হইয়াছিল, তাহাই ঐ আদিত্য হইল। দ্বিতীয় যে অংশ ছিল, তাহা ভৃগু হইল। বৰুণ সেই ভৃগুকে গ্ৰহণ করিলেন। সেইজন্ম তিনি বারুণি ভৃগু। যে তৃতীয় অংশ দীপ্তি পাইয়াছিল, তাহা আদিত্যগণ হইল। অবশিষ্ট সমস্ত [দগ্ধ হইয়া] অঙ্গার হইয়াছিল। তাহা হইতে অঙ্গিরোগণ হইলেন। পুনরায় যে অংশ অশান্ত হইয়া উঠিল, जाहा इट्रेट द्रहम्मि**७ इट्रे**टिन । य পরিক্ষাণ থাকিল, তাহা হইতে কৃষ্ণবর্ণ পশুসকল হইল। যে লোহিত

^{(&}gt;) পরিক্ষাণানি কৃষ্ণবর্ণানি কাষ্ঠানি। (সারণ) অবস্থ অঙ্গার নিবাইলে যে কৃষ্ণবর্ণ করল। অবশিষ্ট থাকে।

মৃত্তিকা থাকিল, তাহা হইতে রোহিত (রক্তবর্ণ) পশুগণ হইল। যে ভস্ম থাকিল, উহা পরুষ-শরীর হইয়া গৌর, গবয়, ঋশ্য, উষ্ট্র, গর্দভ এবং এই যে সকল অরুণ বর্ণ পশু, তাহাই হইয়া ছড়াইয়া পড়িল।

এই আথ্যায়িকান্তর আগিমারুত শঙ্কের প্রস্তাব যথা—"তান্বা এযঃ….. নমস্যতি"

সেই দেব (ভূতবান্) তাহাদিগকে (প্রজাপতি-রেতোজাত পশুগণকে) লক্ষ্য করিয়া বলিয়াছিলেন, এ সমস্তই আমার; এই [যজ্ঞ-] ভূমিতে স্থিত হীন দ্রব্য, সমস্তই আমার। তথন, এই যে রুদ্রদৈবত ঋক্ পঠিত হয়, এতদ্বারা সেই ভূতবান্কে [সেই সকল বস্তুতে] নিঃস্পৃহ করা হইয়াছিল। "আ তে পিতম রুতাং স্থন্ধমেতু মা নঃ সূর্য্যস্ত সংদূশো যুযোথাঃ। ত্বং নো বীরো অর্বতি ক্ষমেথাঃ প্রজায়েমহি রুদ্রিয় প্রজাভিঃ"— অহে মরুদ্যাণের পিতা [রুদ্র], তোমার স্থুখ উৎপন্ন হউক ; আমাদিগকে সূর্য্যের দৃষ্টি হইতে বিযুক্ত করিও না; অহে বীর, তুমি আমাদের [প্রজাদি] সম্পত্তিতে সহিষ্ণু হও ; অহে রুদ্রিয়, আমরা যেন প্রজাদারা প্রজাম্বরূপে উৎপন্ন হই—এই [আগ্নিমারুত শস্ত্রে পাঠ্য রুদ্রদৈবত] ঋকু পাঠ করিবে। [তৃতীয় চরণে "ত্বং নঃ"—স্থলে] "অভি নঃ" [এই পাঠান্তর] পাঠ করিবে না। তাহা হইলে ("অভি নঃ" এই পাঠ ব্যবহার না করিলে) সেই দেব (রুদ্র) প্রজাগণের অভিমুখে দৃষ্টিপ্রদ

^{(2) 210013 !}

⁽৩) শাখান্তরে "জ: নো বীরঃ" স্থলে "অভি নো বীরঃ" এই পাঠ আছে। সেই ^{পাঠ} এস্থলে নিষিদ্ধ হইল।

হন না। । [চতুর্থ চরণে "রুদ্রিয়" স্থলে] "রুদ্র" [এই পাঠান্তর] বলিবে না; ঐ ["রুদ্র"] নাম পরিহার করাই উচিত। [বরং] ঐ ঋকের স্থলে "শং নঃ করতি" এই অন্য মন্ত্র পাঠ করিবে। কেননা উহাতে যে [মঙ্গলার্থক] "শং" শব্দে আরম্ভ হইয়াছে, তাহাতে সকলেরই শান্তি (মঙ্গল) ঘটে। [ঐ মন্ত্রের] "নৃভ্যো নারিভ্যো গবে" এই চরণের নৃ শব্দে পুরুষ, নারী শব্দে স্ত্রী বুঝায়; উহাদের সকলেরই [ঐ মন্ত্রে] শান্তি ঘটে।

ঐ ঋক্ রুদ্রের উদ্দিষ্ট হইলেও যথন উহাতে রুদ্রের নাম
বিশেষভাবে কথিত হয় নাই, তখন উহা শান্তিজনক; তাহাতে
হোতা পূর্ণায়ু হয়, ও পূর্ণায়ু লাভ ঘটে। যে ইহা জানে, সে
পূর্ণ আয়ু প্রাপ্ত হয়। সেই ঋকের ছন্দ গায়ত্রী। গায়ত্রীই
বক্ষ। ইহাতে ব্রক্ষদারাই সেই [রুদ্র] দেবতাকে প্রণাম
করা হয়।

⁽৪) রন্দ্র উগ্রন্থভাব দেবতা। তাঁহার নামগ্রহণও বিপজ্জনক। যে মন্ত্রে তাঁহার নাম আছে, দেখানে "রুদ্র" না বলিয়া "রুদ্রিয়" বলাই ভাল। "অভি নো বীরো অবতি ক্ষমেখাঃ" এ স্থলে "অভি" শব্দ উদ্দেশবাচী। ঐ চরণের অর্ধ—আমাদের ছেলেপিলের উদ্দেশে সহিষ্ণু হও, তাহাদের পানে ভানিইও না। কি জানি যদি "অভি" এই শব্দ উচ্চারণেই তাহাদের উদ্দেশে তাঁহার দৃষ্টি আকৃষ্ট হয়, এই আশক্ষায় বলা হইল "অভি" না বলিয়া "জং" বলিবে। তাহা হইলে মস্ত্রের অর্থ বজার ধাকিবে, স্থচ রুদ্রের দৃষ্টি আকৃষ্ট হইবে না।

^{(0) 3(89)61}

ि ३३म अख

একাদশ খণ্ড আগ্নিমারুত শস্ত্র

আগ্নিমাকত শস্ত্রের প্রথম ঋক্—"বৈশ্বানরীয়েণ…বিবক্তা"

বৈশ্বানর-দৈবত সূক্তে' আগ্নিমারুত শস্ত্র আরম্ভ করা হয়।
কেননা বৈশ্বানরই সেই [প্রজাপতি কর্তৃক] দিক্ত রেতঃ
কঠিন করিয়াছিলেন। সেই জন্ম বৈশ্বানরীয় সূক্ত দারা
আগ্নিমারুত শস্ত্র আরম্ভ করিবে। [ঐ সূক্তের] প্রথম
ঋক্ শ্বাস রুদ্ধ করিয়া পাঠ করিবে। যে [এইরূপে]
আগ্নিমারুত শস্ত্র পাঠ করে, সে অগ্নিদিগকে ও অশান্ত
আফিঃসমূহকে প্রসন্ধ করিয়া চলে। সে প্রাণ (বায়ু)
দ্বারা অগ্নিকে শান্ত রাখে। অধ্যয়নকালে যদি কোন
অক্ষরচ্যুতির আশঙ্কা থাকে, তবে কোন সংশোধনকারীর
[উপস্থিতি] ইচ্ছা করিবে; তাহা হইলে তাঁহাকেই সেতুস্বরূপ
করিয়া [অপরাধ হইতে] উত্তীর্ণ হইতে পারিবে। সেইজন্য
আগ্নিমারুত শস্ত্রপাঠে। প্রথমেই] সংশোধনক্ষম বক্তা দ্বির
করিবে; [প্রমাদের পার] সংশোধন করিবে না।

তংপরে মারুতস্থক্তের বিধান—"মারুতং…শংসতি"

মরুৎ-দৈবত সূক্ত[া] পাঠ করা হয়। মরু**তেরাই** সেই [প্রজাপতি কর্ত্বক] সিক্ত রেতঃ কম্পিত করিয়া কঠিন করিয়া-ছিলেন। সেইজন্ম মরুৎ-দৈবত সূক্ত পাঠ করা হয়।

^{(&#}x27;>) "বৈধানরার পৃথ পাজদে" ইত্যাদি বৈধানরীয় স্তক্তে আগ্রিমাকতের আরম্ভ। তৃতীয় মন্তলের তৃতীয় স্কু বৈধানরীয় স্কু।

⁽২) "এলক্ষ্যা প্রভাবনঃ" ইত্যাদি স্ভাঃ প্রথম মণ্ডল ৮৭ স্ভাঃ

তংপরে প্রগাথদ্যের বিধান—"যজ্ঞা যজ্ঞা……এবং বেদ''

"যজ্ঞা যজ্ঞা বো অগ্নয়ে" এবং "দেবো বো দ্রবিণাদাং" এই ছই [যথাক্রমে] যোনি ও অনুরূপ প্রিগাথ ছইটি] শস্ত্রের মধ্যস্থলে পাঠ করিবে। এই যোনি ও অনুরূপ মন্ত্র শস্ত্রের মধ্যস্থলে পাঠ করা হয়; সেইহেডু ক্রিলাকের] যোনিও [শরীরের] মধ্যস্থলে অবস্থিত। যেহেডু ছুইটি সূক্ত (আগ্রিমারুত সূক্ত ও মারুত সূক্ত) পাঠের পর [এই যোনির] পাঠ হয়, সেই হেডু প্রতিষ্ঠান্বয়ের (শরীরের প্রতিষ্ঠান্বরূপ পদন্বয়ের) উপরেই জননেন্দ্রিয় স্থাপিত হয়। ইহাতে প্রজোৎপত্তি ঘটে। যে ইহা জানে, সে প্রজা ও পশু দ্বারা উৎপন্ন হয়।

ঘাদশ থণ্ড

আগ্নিমারুত শস্ত্র

তৎপরে আগ্নিমারুত শস্ত্রের অন্তর্গত জাতবেদশু হক্তের ও আপোহিঞ্জীর ঋক্তায়ের বিধান—"জাতবেদশু…অবসীয়ানিতি"

জাতবেদার উদ্দিষ্ট সূক্ত পাঠ করিবে। প্রজাপতি প্রজা-সকল স্থান্ত করিয়াছিলেন। তাহারা স্থান্ট হইয়া প্রজাপতিকে

^{(5) 6|84|3-2 | (8) 1|30|33-32 |}

⁽ c) ঐ হুইটি প্রগাধ। প্রত্যেক প্রগাধে ছুইটি কক্ আছে, উহাকে তিনটি ককে পরিণড করিয়া উল্পাতা পান করেন বলিয়া উহাকে ভোত্তিয়ও কলা হয়। প্রথম ভোত্তিয়টি আদিতে থাকায় উহার নাম "বোনি"। বিভীয়টিও তদমূরপ হওরায় উহার নাম "অমুরপ" শন্তের আদিতে গাঠনা করিয়া পুর্বোদ্ধত ক্ষেদ্য পাঠান্তে শন্ত মধ্যে এই প্রগাধ পাঠের বিধি।

⁽ ১) "প্রতব্যসীং নবাসীং" ইত্যাদি প্রথম মণ্ডলের ১৪৩ স্ক্র।

পশ্চাৎ করিয়া চলিয়া গিয়াছিল, আর ফিরে নাই। প্রজাপতি তাহাদিগকে অগ্নি দারা বেষ্টন করিয়াছিলেন। তখন তাহারা অগ্নির নিকট ফিরিয়াছিল। সেইহেতু অগ্নাপি লোকে [শীতার্ত্ত হইলে] অগ্নির নিকট ফিরিয়া থাকে। প্রজাপতি বলিলেন, এই "জাত" (স্থ ট্ট) প্রজাগণ অগ্নির সাহায্যে "বিত্ত" (লব্ধ) হইয়াছে। তিনি যে বলিয়াছেন, এই জাত প্রজাগণ [অগ্নির] সাহায্যে বিত্ত হইয়াছে, ইহাতেই ঐ সূক্ত "জাতবেদার" (অগ্নির) সম্বন্ধযুক্ত হইল; ইহাই জাতবেদার জাতবেদস্ত। দীপ্যমান প্রজাগণ অগ্নি কর্ত্তক বেষ্টিত ও অবরুদ্ধ হইয়া শোক করিতে করিতে সেই থানেই অবস্থিত হইল। প্রজাপতি তাহাদিগকে জল দ্বারা অভিযিক্ত করিলেন। সেই জন্ম জাতবেদার উদ্দিষ্ট সুক্তের পরে আপোহিষ্ঠীয়^{ং ঝ}ক্ত্রয় পাঠ করা হয়। সেই জন্ম শান্তিপ্রার্থী হোতা ঐ ঋকত্রয় পাঠ করিবেন। সেই প্রজাগণকে জল দারা অভিষিক্ত করিয়া প্রজাপতি তাহা-দিগকে আপনার বলিয়া মনে করিলেন। তৎপরে তিনি বুধ্য অহি দ্বারা (তম্বামক দেবতা দ্বারা)° পরোক্ষভাবে (গোপনে) সেই প্রজাসমূহে তেজ আধান করিয়াছিলেন। এই যে গার্হপত্য অগ্নি, ইনিই "অহিবু ধ্যঃ"। এতদ্বারা গার্হপত্য অগ্নির সাহায্যেই সেই প্রজাগণে পরোক্ষভাবে তেজ আধান করা হইল। সেইজন্ম বলা হইয়াছে যে, হোমরহিত ব্যক্তি অপেক্ষা হোমকারী ব্যক্তি অতিশয় শ্রেষ্ঠ।

⁽২) "আপো হি ঠা মরো ভূববা ন উর্জে দধাতন। মহেরণার চক্ষদে।" ইত্যাদি ক্ষক্রর। ১-১৯১-৩।

⁽৩) আহির্ধ্যঃ অগ্নিবিশেষের নাম। (সারণ) শঙ্কান্তর্গত ''উত নোহাছর্ধ্যঃ'' (৬।৫০।১৪) এই মন্ত্র পাঠের প্রশংসার্থ এই আধ্যায়িকা।

ত্রয়োদশ খণ্ড আগ্রিমাকত শঙ্ক

আগ্নিমারুত শস্ত্রের অস্তর্গত অস্তান্ত মন্ত্রের বিধান—"দেবানাং পত্নীঃ… শংস্তব্যম্"

গৃহপতি অগ্নির পশ্চাৎ "দেবানাং পত্নীঃ" ইত্যাদি [ঋক্ষয়] পাঠ করা হয়।' সেইজন্ম পত্নী [যজ্ঞশালাতে] গার্হপত্য অগ্নির পশ্চাতে বদেন[ং]।

এ বিষয়ে [ব্রহ্মবাদীরা] কেহ কেহ বলেন, [দেবপত্নীদের]
পূর্ব্বে রাকার উদ্দিষ্ট ঋক্ পাঠ করিবে; "[দেবগণের] ভগিনীর
উদ্দেশেই সোমপানের প্রথমাংশ বিধেয়। কিন্তু এ মত
আদরণীয় নহে। পূর্ব্বে দেবপত্নীগণের উদ্দিষ্ট ঋক্ পাঠ
কর্ত্ব্য। এই যে গার্হপত্য অগ্রি, ইনিই পত্নীগণে রেতঃ
আধান করেন। এতদ্বারা গার্হপত্য অগ্রির সাহায্যেই পত্নীতে
প্রত্যক্ষভাবে রেতঃ আধান করা হয়। তাহাতে প্রজোৎপত্তি
ঘটে। যে ইহা জানে সে প্রজাদ্বারা ও পশু দ্বারা উৎপন্ন
হয়। আর সেইজন্মই সহোদরা ভগিনীকে পরোদরজাতা পত্নীর
অনুজীবিনী হইয়া জীবিত থাকিতে হয়।"

⁽ ১) ৫।৪৬।৭-৮। পূর্ব্বাস্ত "উত নো অহিব্র্ধ্যঃ" ইত্যাদি ঋক্ গৃহপতি অগ্নির উদ্দিষ্ট, ঐ ক্ষু পাঠের পুর দেবপত্নীগণের উদ্দিষ্ট মন্ত্র পাঠ কবিবে, ইহাই তাৎপর্য্য।

⁽২) যজ্ঞশালাতে গার্হপত্য অগ্নির নিকটে যজমানের পত্নীর আসন নির্দিষ্ট থাকে।

⁽৩) রাকা সম্পূর্ণচক্রমণ্ডলযুক্তা পৌর্ণমাসী বা তদভিমানিনী দেবতা। ইনি দেবগণের ভগিনী।

^{&#}x27;s) দেবভগিনীকে প্রথমে সোম না দিয়া দেবপত্নীদিগকেই দেওয়া হইল। জনসমাজেও ভগিনীর অপেকা পত্নীর আদর অধিক।

তিৎপরে] রাকার উদ্দিষ্ট ঋক্ পাঠ করিবে। পুরুষের শিশ্মের উপরে যে সেবনী (সেলাই চিহ্ন) আছে, রাকাই তাহা দীবন করিয়াছেন। যে ইহা জানে, তাহার পুরুষ পুত্র জন্মে। পাবীরবীর উদ্দিষ্ট ঋক্ পাঠ করিবে। বান্দেবী সরস্বতীই পাবীরবী; এতদ্বারা বান্দেবতাতেই বাক্যের (মন্ত্রের) স্থাপনা হয়।

এ বিষয়ে কেহ কেহ প্রশ্ন করেন, আগে যমদৈবত ঋক্ পাঠ করিবে, না পিতৃদৈবত ঋক্ পাঠ করিবে ? [উত্তর] পূর্বের্ব "ইমং যম প্রস্তরমা হি দীদ" এই যমদৈবত ঋক্ই পাঠ করিবে'। রাজারই পূর্বের পানে অধিকার'; সেইজন্ম যমদৈবত ঋক্ই পূর্বের পাঠ করিবে।

"মাতলী কবৈয়র্যমো অঙ্গিরোভিঃ'—কাব্যগণের এই ঋক্ পূর্ব্বোক্ত ঋকের পশ্চাৎ পাঠ করিবে। কাব্যগণ' দেবগণের অপেক্ষা নিকৃষ্ট, পিতৃগণের অপেক্ষা উৎকৃষ্ট; সেইজন্ম [পূর্ব্বোক্ত , যমদৈবত মন্ত্রের] পশ্চাৎ কাব্যগণের ঋক্ পাঠ করিবে।

"উদীরতামবর উৎ পরাসঃ উন্মধ্যমাঃ পিতরঃ সোম্যাসঃ""
—নিকৃষ্ট উৎকৃষ্ট মধ্যম ত্রিবিধ পিতৃগণই সোমযোগ্য, তাঁহারা
উৎকর্ম লাভ করুন—ইত্যাদি পিতৃদৈবত ঋক্ত্রয় পাঠ করিবে;

⁽ ८) "त्राकामहः सूरुवाः" रेजापि वक्षत्र २।७२।८-८।

⁽ ৬) ৬।৪৯।৭ পাৰস্ত শোধস্ত হেতুছাৎ পাৰীরবী বাপ্দেৰী (সারণ)

^{1 8186106 (1)}

⁽৮) যম: পিতৃণাং রাজা ইভি শ্রুতিঃ--সারণ।

^{1 018}C1 (4)

^{(&}gt;) কাব্যা দেবানাং স্তোতারঃ কেচিদধমজাতিবিশেষাঃ---সান্নণ।

^{(&}gt;>) > - (> e(> c)

ঐ [প্রথম] মন্ত্র পাঠে [পিতৃগণের মধ্যে] বাঁহারা অধম, বাঁহারা উত্তম ও বাঁহারা মধ্যম, তাঁহাদের কাহাকেও পরিত্যাগ না করিয়া প্রীত করা হয়।

"আহং পিতৃন্ স্থবিদত্রাঁ অবিৎসি" ওই দ্বিতীয় [পিতৃদৈবত] ঋক্ পাঠ করিবে। উহার "বহিষদো যে স্বধয়া স্থতস্থ"
এই চরণে যে "বহিষদঃ" পদ আছে, তাহাতে, বহি (কুশ) পিতৃগণের প্রিয় ধাম, ইহাই বুঝাইতেছে। এতদ্বারা তাঁহাদিগকে
তাঁহাদের প্রিয়ধাম দ্বারাই সমৃদ্ধ করা হয়। যে ইহা জানে,
সে প্রিয় ধাম দ্বারা সমৃদ্ধ হয়।

"ইদং পিতৃভ্যো নমো অস্ত্বগ্ন" এই নমস্বারযুক্ত ঋক্কে [ঐ তিনটি পিতৃদৈবত ঋকের] শেষে পাঠ করিবে। এইজন্ম [শ্রাদ্ধাদির] অস্তেই পিতৃগণকে নমস্বার করা হয়।

এ বিষয়ে [ব্রহ্মবাদীরা] প্রশ্ন করেন, পিতৃদৈবত এই তিনটি ঋক্ [প্রতি মন্ত্রের পূর্বেব] আহাব করিয়া পাঠ করিবে ? [উত্তর] প্রতি মন্ত্রের পূর্বেব] আহাব করিয়াই পাঠ করিবে। কেননা, পিতৃযজ্ঞের অসমাপ্ত অংশ সমাপ্ত করা উচিত; যে হোতা প্রতি মন্ত্রের পূর্বেব] আহাব করিয়া [পিতৃদৈবত ঋক্] পাঠ করেন, তিনি অসমাপ্ত পিতৃযজ্ঞকে সমাপ্ত করেন। সেই জন্ম আহাব করিয়াই পাঠ করা উচিত।

^{(25) 20156101}

^{(&}gt;0) 2.12els 1

চতুৰ্দশ খণ্ড

আগ্নিমারুত শস্ত্র

তদনন্তর আগ্নিমারুতে অক্তান্ত ঋকের বিধান যথা—"স্বাহৃদ্ধিলায়ং......
 প্রতিষ্ঠাপয়তি''

"স্বাক্ষিলায়ং মধুমাঁ। উতায়ম্" ইত্যাদি মন্ত্র ইন্দ্রের;
ঐ ইন্দ্রদৈবত অনুপানীয় মন্ত্র [চারিটি] পাঠ করা হয়।
ইন্দ্র তৃতীয় সবনের পরে এই মন্ত্র কয়টির দ্বারা
[প্রশংসিত হইয়া] সোম পান করিয়াছিলেন; ইহাই অনুপানীয়
মন্ত্রগুলির অনুপানীয়ত্ব। হোতা যথন এই সকল মন্ত্র পাঠ
করেন, তথন দেবতাগণ মন্ত (হুন্ট) হন; সেইজন্ম এই মন্ত্র
পাঠকালে [অধ্বর্যু] মদ্-শব্দ-যুক্ত মন্ত্রে প্রতিগর করিবেন। ই

"যয়োরোজসা ক্ষভিতা রজাংসি" এই বিষ্ণু-বরুণ-দৈবত ঋক্ পাঠ করা হয়। বিষ্ণুই যজ্ঞের বৈকল্য রক্ষা করেন, আর বরুণ যজ্ঞের সাকল্য রক্ষা করেন; এতদ্বারা ততুভয়েরই শান্তি ঘটে।

"বিষ্ণোর্মু কং বীর্য্যাণি প্রবোচম্" এই বিষ্ণুদৈবত ঋক্ পাঠ করা হয়। যেমন স্থমতি-সম্পাদিত কর্দ্ম [ফলপ্রদ], বিষ্ণুও যজ্ঞের পক্ষে সেইরূপ; অপিচ [কৃষক] যেরূপ

^{(3) 418913-8 1}

⁽ २) এছলে "মদামো দৈব" এই মন্ত্রে অধ্বর্যু হোতার আহাবের প্রভাগেরে প্রতিগর করেন।

⁽৩) শাকলসংহিতার নাই। আখলারন উদ্ধৃত করিবাছেন। (আখ- শ্রে)- স্ব- । ২০)

^{(8) 3|368|3 |}

মন্দভাবে কর্ষিত স্থুমিকে [পরে] উত্তম রূপে কর্ষিত করে, এবং [অন্য লোকে] তুর্ম তিকৃত কর্মকে পরে স্থমতি-সম্পাদিত কর্মো পরিণত করিয়া থাকে, সেইরূপ হোতা যথন ঐ মন্ত্র পাঠ করেন, তখন [বিষ্ণু] যজ্ঞে অপকৃষ্টভাবে যে স্তব গীত হইয়াছে, তাহাকে উৎকৃষ্ট স্তবে ও অপকৃষ্টভাবে যে শস্ত্র পঠিত হইয়াছে, তাহাকে উৎকৃষ্ট শস্ত্রে পরিণত করিয়া থাকেন।

"তন্তুং তশ্বন্রজদো ভানুমন্বিহি" '—অহে প্রজাপতি, তুমি তম্ব (পুত্রাদি সন্ততি) সন্তত (বিস্তারিত) করিয়া জগতের ভাতুকে (জগৎপ্রকাশক সূর্য্যকে) অনুসরণ কর—এম্বলে প্রজাই (পুত্রাদিই) তম্ভ; এতদ্বারা যজমানের প্রজাকেই সম্ভত (বিস্তৃত) করা হয়। "জ্যোতিম্বতঃ পথো রক্ষ ধিয়া কৃতান্"—বৃদ্ধিপূর্বক সম্পাদিত জ্যোতিম য় [স্বর্গের] পথ রক্ষা কর—এই [দ্বিতীয় চরণে] দেবয়ানই জ্যোতিয়ান্ পথ; এতদ্বারা যজমানের উদ্দেশে সেই পথেরই বিস্তার করা হয়। "অসুন্ত্ৰণং বয়ত জোগুবামপো মনুৰ্ভব জনয়া দৈব্যং জনম্"— আমাদের অনুষ্ঠানশীল পুত্রাদির কর্ম্ম অনতিরেকে নির্ববাহ কর, দেবপূজক জনের উৎপাদন কর ও মনুস্বরূপ হও—এই [তৃতীয় ও চতুর্থ] চরণপাঠে যজমানকে মন্থর প্রজা দারা (মমুষ্যরূপী সন্তান দারা) সন্তত (বিস্তৃত) করা হয়। তাহাতে প্রজোৎপত্তি ঘটে। যে ইহা জানে, সে প্রজান্বারা ও পশুদারা [সমৃদ্ধ হইয়া] উৎপন্ন হয়।

^{(4) 3-14-016 1}

"এবা ন ইন্দ্রো মঘবা বিরপ্শি" এই অন্তিম ঋকে [আয়িমারত শস্ত্র] সমাপ্ত করিবে। এই মন্ত্রে এই ভূমিই ইন্দ্রে এবং মঘবা (ধনবান্) এবং বিরপ্শী (সর্বাদা উভ্তমশীল)। "করৎসত্যা চর্ষণীধূদনর্বা"—এই [দ্বিতীয় চরণেও] এই ভূমিই চর্ষণীধূৎ (মসুষ্যগণের পালক), অনর্বা (অশ্বরহিত) এবং সত্যম্বরূপ। "ছং রাজা জনুষাং ধেছস্মে"—এই [তৃতীয় চরণেও] এই ভূমিই "জনুষাং রাজা" (জাত পদার্থের রাজা)। "অধি শ্রেবাে মাহিনং যজ্জরিত্রে"—এই [চতুর্থ চরণেও] এই ভূমিই "মাহিন" (মহত্ব) "যজ্জগ্রব" (যজ্ঞস্বরূপ ও কীর্ত্তি-ম্বরূপ) এবং যজ্ঞমানই "জরিতা" (স্তোতা)। এতদ্বারা যজ্মানের জন্মই আশিষ প্রার্থনা হয়।

ভূমি স্পর্শ করিয়া এই মস্ত্রে [শস্ত্রপাঠ] সমাপ্ত করিবে। এতদ্বারা যে ভূমিতে যজ্ঞের সম্ভার হয়, দেখানেই এই যজ্ঞকে অবশেষে প্রতিষ্ঠিত করা হয়।

অনম্ভর আগ্নিমাকত শল্পের বাজ্যা বিধান যথা "আগ্নে মক্সন্তি:···শ্রীণর্নতি" "আগ্নে মক্রন্তিঃ শুভয়ন্তি ঋঁকভিঃ" দ এই অগ্নি-মক্রন্দ্-দৈবত

^{(+) 813912 · 1}

⁽१) "নখবা ধন্রান্। বিরপ্নী সর্বাল উদ্যক্তঃ। চইণীশলো মনুবাবাটা তান্ ধারাতি পোবাতি চইণীশৃং ইক্রঃ। অনর্বা অবং পরিত্যক্তা বাগভূমাবুপবিষ্টবালশ্বহিতঃ। অনুবাং রাজা জাতানাং রাজা। করিত্রে ভোত্রে বজ্ঞমানার। মাহিনং মহন্তব্। ক্রব কীর্ত্তিঃ।" এই বে ইক্র, যিনি মন্বা ও সর্বাল উদ্যুগনীল ও যিনি মনুবাগণের পোবক, যিনি অব ভাড়িরা বক্তভূমিতে উপহিত হন, তিনি আমাদের কর্ম সম্পাদন করন; অহে ইক্র, তুমি জাতপদার্থের রাজা হইরা ধ্রমানে কীর্ত্তিও মহন্ধ আধান কর। মন্ত্রটি ইক্রের উদিষ্ট। এই বক্টি পাঠ করিলা ভূমিশার্শ করিতে হয়। ভূমিই উক্ত বংকর উদিষ্ট দেবতা ইক্রের বর্মণ; সেই হেডু বে সকল বিশেবণ ইক্রের, ভাহা ভূমিশক্তেও প্রবোজ্য।

^{. (} v) e| 0 . | .

মন্ত্রকে আগ্রিমারুত শস্ত্র পাঠের পর যাজ্যা করিবে। এতদ্বারা দেবতাগণকে আপনারই ভাগ দ্বারা প্রীত করা হয়।

চতুৰ্দশ অধ্যায়

প্রথম খণ্ড

অগ্নিফৌম

অগ্নিষ্টোম সকল সোমযজ্ঞের প্রকৃতি; তৎসম্বন্ধে উপাথ্যান যথা—"দেবা বৈ···অপিয়ন্তি"

পুরাকালে দেবগণ অস্থরদিগকে জয় করিবার জন্ম তাহাদের
সহিত যুদ্ধের উপক্রম করিয়াছিলেন; অয়ি তাঁহাদের অমুগমনে ইচ্ছা করেন নাই। দেবগণ তাঁহাকে বলিলেন, তুমি
আইস, তুমিও আমাদের মধ্যেই একজন। তিনি বলিলেন,
আমার স্তব না করিলে আমি তোমাদের অমুগমন করিব না,
শীত্র আমার স্তব কর। তাহাই হউক, এই বলিয়া দেবগণ
উত্থিত হইয়া তাঁহার নিকটে গিয়া তাঁহার স্তব করিলেন।
অয়িও স্তবের পর তাঁহাদের অমুগমন করিলেন।

সেই অগ্নি শ্রেণিত্রয়মুক্ত ও অনীকত্রয়মুক্ত হইয়া বিজয়ের জন্ম অহারগণের নিকট যুদ্ধে উপস্থিত হইয়াছিলেন। ভিনি ছল্দোগণকেই তিন শ্রেণিতে পরিণত করিয়াছিলেন বলিয়া

⁽১) সৰমত্ৰয়ে ব্যবহৃত গায়ত্ৰী, ক্ৰিষ্ট্ৰ' ও জগতী এট ভিন ছব্দের এখাবে উল্লেখ ইইতেছে। জনীক = সেনাগতি। (সামণ)।

শ্রেণিত্রয়যুক্ত এবং সবনসমূহকে অনীকে পরিণত করিয়াছিলেন বলিয়া অনীকত্রয়যুক্ত হইয়াছিলেন। তখন তিনি
অহ্বরদিগকে সম্পূর্ণরূপে পরাভূত করিয়াছিলেন। তখন হইতে
দেবগণ জয়ী হইলেন ও অহ্বরেরা পরাভূত হইল। যে ইহা
জানে, সে জয়ী হয় ও তাহার দেবকারী পাপী শক্র পরাভূত হয়।

এই যে অগ্নিষ্টোম, ইনিই সেই গায়ত্রী। কেননা, গায়-ত্রীর চব্বিশ অক্ষর, আর অগ্নিষ্টোমেরও স্তোত্র ও শস্ত্র চব্বিশটি

এ স্থলে [ব্রহ্মবাদীরা] বলিয়া থাকেন, অম্নময়
[অমিকৌম] স্থষ্ঠ রূপে অনুষ্ঠিত হইলে [যজমানকে]
স্থাতে (স্বর্গে) স্থাপন করেন ;—এই বাক্যের লক্ষ্য গায়ত্রী।
কেননা গায়ত্রী ক্ষমায় (পৃথিবীতে) ক্রীড়া করেন না ; তিনি
উদ্ধাগামিনী হইয়া যজমানকে লইয়া স্বর্গে গমন করেন। অমিটোমও ঐ বাক্যের লক্ষ্য, কেননা অমিকৌমও পৃথিবীতে
ক্রীড়া করেন না ; তিনিও উদ্ধ্ গামী হইয়া যজমানকে লইয়া
স্বর্গে গমন করেন।

এই যে অগ্নিফৌম, তিনিই সংবৎসর। কেননা সংবৎসরে অর্দ্ধমাস চব্বিশটি, আর অগ্নিফৌমেও স্তোত্র ও শস্ত্র চব্বিশটি।

⁽ ২) প্রাতঃসবন, মাধ্যন্দিন সবন ও তৃতীর সবন, এই তিন সবন।

⁽৩) অগ্নিষ্টোমে তোত্ত সংখ্যা বারটি যথা—বহিম্পৰমান, মাধ্যন্দিন প্রমান, আর্ভবপ্রমান এই তিন প্রমান তোত্ত, চারিটি আজাতোত্তাত্ত ওচারিটি পৃষ্ঠতোত্ত ও একটি যজাবজ্ঞীর তোত্ত। শক্ষমংখ্যাও বারটি বথা—আজ্য, প্রউগ, নিকেবল্য, মরম্বতীর, বৈষদেব, আগ্নি-মার্লত, হোতৃপাঠ্য এই ছর্মটি ও তব্যতীত হোত্তরকপাঠ্য তদপুরুপ আর ছন্নটি। সর্বাসাকল্যে তোত্ত ও শত্তের সংখ্যা চিবাশ!

স্রোতস্বতীসকল যেমন সমুদ্রে প্রবেশ করে, সেইরূপ সকল যজ্জজতুই প্রথিটোমে প্রবেশ করে।

দ্বিতীয় খণ্ড

অগ্নিফৌম

অগ্নিষ্টোমের পুনরাম্ব প্রশংসা যথা—"দীক্ষণীয়েষ্টিঃ···অপ্যেতি"

[অগ্নিফোমের আরম্ভে] দীক্ষণীয়েষ্টি অনুষ্ঠিত হয়; তদনুসারী যে সকল ইষ্টি, তাহারা সকলেই অগ্নিফোমে প্রবেশ করে।

[দীক্ষণীয়েষ্টিতে] ইড়ার উপাহ্বান হয়³; পাক্যজ্ঞসকল⁸ ইড়াসদৃশ। যে সকল পাক্যজ্ঞ ইড়ার অনুসারী, তাহারাও সকলে অগ্নিটোমে প্রবেশ করে।

সায়ংকালে ও প্রাতঃকালে অগ্নিহোত্র হোম করা হয়; [দীক্ষিত ব্যক্তি] সায়ংকালে ও প্রাতঃকালে ত্রত প্রদান করেন³। অগ্নিহোত্র হোম স্বাহা উচ্চারণ সহকারে হয়; ত্রত

^(8) উক্থা, বোড়শী, অভিরাত্ত, অহীন সত্র প্রভৃতি সকল সোমবাগই অগ্নিষ্টোমের বিক্বতি।

⁽ **১) অগ্নিষ্টোমে অমুক্তিত অক্তাক্ত ইষ্টিও দীক্ষণীয়েষ্টির বিকৃতি** মাত্র।

⁽२) हेज़ंत्र बाव्ताम मदस्य भूर्स्य एस ।

⁽৩) আখলায়ন মতে হত, প্রহত ও আহত এই তিনটি পাক্ষজন আন্ত প্রকারের মতে হত, প্রহত, আহত, শূলগব, বলিহরণ, প্রতাবরোহণ, অষ্টকাহোম এই সাতটি পাক্ষজন মতান্তরে শ্রবণাকর্ম, সর্পবলি, আবযুজী, আগ্রয়ণ, প্রতাবরোহণ, পিওপিতৃষক্ত ও অব্যক্তনা এই কর্মটি পাক্ষক্তন। পাক্ষক্তে গৃহস্থ আপনার আর্থি অগ্নিতে হোম করেন।

⁽ ৪) অগ্নিহোত্র প্রত্যহ প্রাত্তে ও সন্ধ্যার অমুঠের হোম। অগ্নিষ্টোমাদি বজে দীব্দিত ব্যামানের

প্রদানও সেইরূপ স্বাহা উচ্চারণ সহ হইয়া থাকে। এই স্বাহাকারেরই অনুসরণ করিয়া অগ্নিহোত্রও অগ্নিটোমে প্রবেশ করে'।

[অগ্নিষ্টোমান্তর্গত] প্রায়ণীয় ইষ্টিতে পোনেরটি সামি-ধেনী মন্ত্র বিহিত; দর্শ ও পূর্ণমাদেও [সামিধেনী মন্ত্র] পোনেরটি। এই হেতু দর্শ-পূর্ণমাদও প্রায়ণীয়ের অনুসারী হওয়ায় অগ্নিষ্টোমেই প্রবেশ করে।

[অগ্রিফৌমে] রাজা সোমকে ক্রয় করা হয়। রাজা সোম ঔষধস্বরূপ; যাহার চিকিৎসা করা হয়, ওষধিদারাই তাহার চিকিৎসা হয়। যে সকল ভেষজ (ঔষধ) এইরূপে ক্রীয়মাণ রাজা সোমের অনুযায়ী, তাহারাও সকলে অগ্নি-ক্রোমে প্রবেশ করে।

[অগ্নিফৌমগত] আতিথ্য কর্ম্মে অগ্নির মন্থন হয়। চাতুর্মাস্থেও অগ্নির মন্থন হয়। আতিথ্যের অনুসারী হওয়ার চাতুর্মাস্থ সকলও অগ্নিফৌমে প্রবেশ করে।

প্রবর্গ্য যজ্ঞে ভূমা দারা [হোম] সম্পাদিত হয়। দাক্ষায়ণ যজ্ঞেও ভূমা দারা [হোম সম্পাদিত] হয়। প্রবর্গ্যের অনুযায়ী হওয়ায় দাক্ষায়ণ যজ্ঞ অগ্নিফোমে প্রবেশ করে"।

নিয়মপূর্বক প্রান্তে ও সন্ধ্যার ছব্ধ পানের নাম ব্রডপ্রদান (পূর্ব্বে দেখ)। অশ্বিষ্টোমে বীক্ষিতকে তিনদিন এই ব্রত প্রদান করিতে হর। প্রান্তে ও সন্ধ্যার বৎস কর্তৃক ছব্ধপানের পর পাতী দোহন করিয়া সেই ছব্ধ ব্যবসান পান করেন।

[্]ব ৭) অগ্নিহোত্র হোষের মন্ত্র "অগ্নির্জ্যোতির্জ্যোতিরশ্বি: বাহা"; প্রতদানের বস্ত্র বাহা পাত্র তে নোহবন্ধ ডেভ্যো নয়তেক্য: বাহা"। উভয়ত্র বাহাকার পাকার অগ্নিহোত্রও অগ্নিটোনের অনুষ্ঠত।

^(🌶) রাক্ষারণ বাল বর্ণপূর্ণসালের বিকৃতি। প্রোভাগ ববি ও মুখ ইছার হয়।

উপবস্থ দিনে পশুকর্ম বিহিত হয়'। যে সকল পশুবন্ধ তাহার অনুসারী, তাহারাও অগ্নিফোমে প্রবেশ করে।

ইড়াদধ নামক যজ্ঞক্রতু,—তাহাতে দধিদারা [হোম] অনুষ্ঠিত হয়; দধিদর্শ্মেও দধি দারা [হোম] অনুষ্ঠিত হয়। দধিদর্শের অনুসারী হওয়ায় ইড়াদধও অগ্নিফৌমে প্রবেশ করে।

তৃতীয় খণ্ড অগ্রিফৌম

অগ্নিষ্টোমের পূর্ব্ববর্তী যজ্ঞসমূহের অগ্নিষ্টোমপ্রবেশ দেখান হইল। এখন পরবর্ত্তী যজ্ঞসকলেরও অগ্নিষ্টোমের অন্তর্বার্তিতা প্রদর্শিত হইতেছে যথা—"ইডি স্থু···এবং বেদ"

এ পর্যান্ত [অগ্নিফোমের] পূর্ববর্তী [যজ্জবিষয়ক];
অনন্তর [অগ্নিফোমের] পরবর্তী [যজ্জ বিষয়ে বলা হইবে]।
উক্থ্যের পোনেরটি স্তোত্ত ও পোনেরটি শস্ত্র। অতএব উহা
[শস্ত্র ও স্তোত্ত একত্র যোগে ত্রিশটি হওয়ায়] মাদস্বরূপ;
মাদ হইতেই দংবৎদর সম্পাদিত হয়; সংবৎদরই অগ্নি
বৈশ্বানর এবং অগ্নিই অগ্নিফোম। সংবৎদরের অনুসরণ
করিয়া উক্থ্য অগ্নিফোমে প্রবেশ করে। তৎপ্রবিফ উক্থ্যের
অনুসরণ করিয়া বাজপেয়ও উক্থ্যস্বরূপ হয় ও অগ্নিফোমে
প্রবেশ করে।

⁽ १) সোমাভিষবের পূর্ব্ব দিন উপবদধ। পূর্ব্বে দেখ। সেই দিন অগ্নীবোমীয় পশুকর্ত্ব বিহিত।

⁽৮) ইড়াদধ বজ্ঞও দর্শপূর্ণমাসের বিকৃতি। দধিবর্দ্ধ অগ্নিষ্টোমের অন্তর্গত। মাধ্যন্দিন শবনে মুক্তবার শস্ত্র পাঠের পর দধি হইতে প্রস্তুত হব্য আহতির পর ঋত্বিকরা উহা ভক্ষণ করেন।

^{(&}gt;) উক্ধা, বোড়শী প্রভৃতি ক্রতু অগ্নিষ্টোমেরই বিকৃতি।

[অতিরাত্র যতে] রাত্রির পর্যায় বার্লট '; ভাহারা সকলেই পঞ্চনশ [ভোমবিশিষ্ট]; [ভন্মধ্যে] ছুই ছুই [পর্যায়] এক যোগে [ভোমসংখ্যা] ত্রিশটি হয় । [অথবা] যোড়শি-সাম একুশটি; আর সন্ধি (তমামক ভোত্র) ত্রিরার্ছ তিন (অর্ধাৎ নয়টি); এইরূপেও উহা [একুশ ও নয় একযোগে] ত্রিশটি হয় । এইরূপে অতিরাত্র মাসের স্বরূপ; কেননা মাসে রাত্রি ত্রিশটি। মাস হইতে সংবৎসর সম্পাদিত হয় । সংবৎসরই অয়ি বৈশ্বানর; অয়িই অয়িটোম । এইরূপে সংবৎসরের অনুসরণ করিয়া অতিরাত্র অয়িটোমে প্রবেশ করে।

তৎপ্রবিষ্ট অতিরাত্তের অনুসরণ করিয়া অপ্তোর্যাম অতিরাত্তসক্রপ হয় এবং অগ্নিষ্টোমে প্রবেশ করে।

এইরপে যে সকল যজ্ঞজু [অগ্নিফোমের] পূর্ববর্তী ও ঘাহারা পরবর্তী, তাহারা সকলেই অগ্নিফোমে প্রবেশ করে।

[উদ্গাত্গণ কর্ত্ক] সম্যক্রপে স্তত হইয়া অগ্নিফোমের ভোত্রান্তর্গত মন্ত্রসংখ্যা একশ নক্ষইটি হয় । তন্মধ্যে যে

⁽২) অভিরাত্রযাগে সন্ধ্যার পর বোড়ণী এই ইইতে হোমের পর বহিকের। চমস ইইতে সোষপান করেন। এই ক্রিরা রাত্রিকালে ছাদশ বার অসুষ্ঠিত ইয়। এক একবার অসুষ্ঠানে এক এক পর্যার।

^(·) বোড়শস্তোত্তে ৰক শুলিকে একুশটি সামে পরিণত করিরা উল্পাতারা গান করেন।

^(8) यञ्ज मरशा वशा---

⁻ প্রাত:সবনে—

বহিষ্পবদান স্তোত্তে

हातिहै जामाखात्व 8 x 3

মাধ্যন্দিন সবনে---

ৰাধ্যন্দিৰ প্ৰমান স্তোত্তে

নক্ষইটি, তাহাতে দশটি জিরং (জিরার্ত্ত তিন অর্থাৎ নম্ন মন্ত্রাত্মক) স্তোম হয়। আর যে নক্ষইটি, তাহাতে একটি জিরং স্তোম হয়। আর [অবশিষ্ট] যে দশটি, তাহাতে একটি জোজগত মন্ত্র অতিরিক্ত থাকে; [উহাকে ছাড়িলে অবশিষ্ট নয় মস্ত্রে] একটি জিরং অবশিষ্ট থাকে। ঐ জিরং স্তোম একবিংশতিতম হইয়া [অন্তগুলির] উপরে স্থাপিত হইয়া [আদিত্যের মত] প্রকাশ পায়। অথবা উহা স্তোম-সকলের মধ্যে বিয়ুব-য়রপ; কেননা দশটি জিরং উহার পূর্ববর্ত্তী ও দশটি পরবর্ত্তী; এবং এইটি মধ্যে থাকিয়া এক-বিংশতিতম হইয়া উভয় দিকেই [অন্ত বিশটি স্তোমের] উপরে স্থাপিত হইয়া প্রকাশ পায়। আর যে স্তোজগত মন্ত্রটি অতিরিক্ত হইয়াছে, তাহা ঐ [একবিংশস্থানীয়] স্তোমের

একযোগে	>>•
যজ্ঞাযজ্ঞীয় স্তোত্তে	
আৰ্ভবপৰমান স্তোত্তে	59
তৃতীয় সৰনে—	
চারিটি পৃষ্ঠন্ডোত্তে	8 X 31=6V

(e) 喧闹响 >>-=>+>=>×>+>=>×>+>+>+>+>+>

নর মত্রে একটি ত্রিবৃৎ ন্যোম। একুপটি ত্রিবৃৎ ন্যোম ও অতিরিক্ত একটি মন্ত্র একবোগে ১৯০।
উক্ত ১৯০ মত্রের ৯০টিতে দলটি ত্রিবৃৎ হয়। আর ৯০টিতে আর দলটি ত্রিবৃৎ। বাকি দলটি
মত্রে আর একটি ত্রিবৃৎ হইরা একটি মন্ত্র অবলিষ্ট থাকে। এই শেবোক্ত একবিংশ ত্রিবৃৎ আদিত্যবরুণ ও অতিরিক্ত মন্ত্রটি বজমানবরূপ। "বাদশ মাসাঃ পকর্ত্তবং ত্রের ইমে লোকা অসাবাদিত্য
একবিংশঃ" এই শ্রুতানুসারে আদিত্য একবিংশতি-সংখ্যাপুরক; এইহেতু একবিংশ ত্রিবৃৎও
আদিত্যবরূপ। ঐ আদিত্যবরূপ ত্রিবৃৎকে বিক্তবরূপও মনে করা বাইতে পারে।

(৩) প্রামন্ত্র একুশদিনে সম্পাদিত হয়। উহার পূর্বের দশ দিন, পরে দশ দিন, বধ্যে এক দিন; ঐ মধ্যবর্তী দিনকে বিবৃত্ব দিন বলে। এই মধ্যবর্তী বিবৃত্তিনের সহিত একবিংশ আবৃৎ জোমের সামুখ্য।

উপর স্থাপিত হয়; উহা যজমানস্বরূপ। অপিচ উহা দেব-গণের ক্ষত্রস্বরূপ ও শত্রুদমন সৈত্যস্বরূপ।

যে ইহা জানে, সে দেবগণের ক্ষত্র ও শত্রুদমন সৈন্য লাভ করে ও তাহার সাযুজ্য সারূপ্য ও সালোক্য লাভ করে।

চতুর্থ থণ্ড অগ্রিফৌম

অগ্নিষ্টোমসম্বন্ধে আখ্যায়িকা যথা—"দেবা বা----এবং বেদ"

দেবগণ পুরাকালে অস্থরদিগের সহিত [যুদ্ধে] জয়লাভ করিয়া উর্দ্ধে গিয়া স্বর্গলোক পাইয়াছিলেন। [তন্মধ্যে] অয়ি হ্যলোক স্পর্শ করিয়া উর্দ্ধে উত্থিত হইয়াছিলেন। তিনি স্বর্গলোকের ছার আয়ত করিলেন। অয়ই স্বর্গলোকের অধিপতি। বস্থগণ প্রথমে তাঁহার নিকট আদিয়াছিলেন। তাঁহারা ইহাঁকে বলিলেন, [তোমাকে] অতিক্রম করিয়া আমাদিগকে [স্বর্গে] যাইতে দাও, আমাদের জন্ম পথ কর। অয়ি বলিলেন, স্তব না করিলে আমি [ছার] ছাড়িব না; শীঘ্র আমার স্তব কর। তাহাই করিব, এই বলিয়া তাঁহারা অমিকে ত্রিয়্বৎ স্থোম ছারা স্তব করিয়াছিলেন। স্তত হইয়া অয়ি তাঁহাদিগকে [স্বর্গে] যাইতে দিয়াছিলেন; তাঁহারাও যথাস্থানে গমন করিয়াছিলেন।

[তার পর] রুদ্রগণ অগ্নির নিকট আসিলেন ও তাঁহাকে বলিলেন. [তোমাকে] অতিক্রম করিয়া আমাদিগকে স্বর্গে

ষাইতে দাও, আমাদিগের জন্ম পথ কর। তিনি বলিলেন, স্তব না করিলে আমি [দার] ছাড়িব না, শীঘ্র আমার স্তব কর। তাহাই করিব বলিয়া তাঁহারা অগ্নিকে পঞ্চদশ স্তোমদ্বারা স্তব করিলেন। স্তত হইয়া অগ্নি তাঁহাদিগকে যাইতে দিলেন। তাঁহারাও যথাস্থানে গমন করিলেন।

তিখন] আদিত্যগণ অগ্নির নিকট আসিলেন। তাঁহারা ইহাঁকে বলিলেন, [তোমাকে] অতিক্রম করিয়া আমাদিগকে [স্বর্গে] যাইতে দাও, আমাদের জন্ম পথ কর। তিনি বলিলেন, স্তব না করিলে আমি [দার] ছাড়িব না, শীঅ আমার স্তব কর। তাহাই করিব বলিয়া তাঁহারা অগ্নিকে সপ্তদশ স্তোমদারা স্তব করিয়াছিলেন। স্তত হইয়া তিনি তাঁহাদিগকে যাইতে দিলেন। তাঁহারাও যথাস্থানে গমন করিলেন।

[তখন] বিশ্বদেবগণ অগ্নির নিকট আসিলেন। তাঁহারা
ইংকাকে বলিলেন, [তোমাকে] অভিক্রম করিয়া আমাদিগকে
[স্বর্গে] যাইতে দাও, আমাদের জন্ম পথ কর। তিনি বলি-লেন, স্তব না করিলে আমি [দ্বার] ছাড়িব না, শীদ্র
আমার স্তব কর। তাহাই করিব বলিয়া তাঁহারা একবিংশ
স্তোম দ্বারা অগ্নির স্তব করিলেন। স্তত হইয়া অগ্নি তাঁহাদিগকে যাইতে দিলেন, তাঁহারাও যথাস্থানে গমন করিলেন।

[এইরপে] দেবগণ এক একটি [ত্রিরং, পঞ্চদশ, সপ্তদশ, একবিংশ] স্তোম দারা অগ্নির স্তব করিয়াছিলেন এবং স্তত হইয়া অগ্নি তাঁহাদিগকে যাইতে দিয়াছিলেন। তাঁহারাও যথাস্থানে গমন করিয়াছিলেন। এই হেতু যে ব্যক্তি যাগ করে, সেএই সকল (এ চারিটি) স্তোম দারা অগ্নির স্তর করিয়া পাকে।

ৰে ৰ্যক্তি শ্মিটোনকে ঐরপ বলিয়া জানে, তাহাকে [ऋर्ग] যাইতে দেওয়া হয়। বে ইহা জানে, ভাহাকেও বর্গলোকের অভিমুখে যাইতে দেওয়া হয়।

পঞ্চম খণ্ড

অগ্রিষ্টোম

অগ্নিষ্টোম ও জ্যোতিষ্টোম এই নামের ব্যুৎপত্তি ষণা—"স বা এষ · · তেনেডি" এই ষে অগ্নিষ্টোম, ইনিই সেই অগ্নি। [দেবগণ স্তোম षाता] তাঁহার স্তব করিয়াছিলেন, সেই জন্ম উহা অগ্নিস্তোম। সেই অগ্নিস্তোমকেই পরোক্ষ নামে অগ্নিষ্টোম বলিয়া ডাকা হয়: কেননা দেবগণ পরোক্ষ নাম ভাল বাসেন।

দেবচতুষ্টয় (বস্থগণ, ক্লদ্রেগণ, আদিত্যগণ ও বিশ্বদেবগণ) যে চারিটি স্তোম দারা অগ্রির স্তব করিয়াছিলেন, সেই হেডু উহা চতুন্তোম। সেই চতুন্তোমকে পরোক্ষ নামে চতুন্টোম বলিয়া জাকা হয়: কেন্সা দেবগণ পরোক্ষ নাম ভাল বাসেন।

আবার অগ্নি উর্দ্ধে গিয়া জ্যোতিঃস্বরূপ হইলে [দেবগণ] যে তাঁহার ভব করিয়াছিলেন, সেইজগ্য উহা জ্যোভিন্তোম। সেই জ্যোভিজেমকে পরোক্ষ নামে জ্যোভিটোম বলিয়া खाको इहा :- (कममा (क्वबन श्रादाक मात्र खान वारमम ।

े तबहरू एयमनः वनस्य, त्यहेत्रश्र धरे त्य वळाक्रयु (मिरी-्रकेमः)--न्हेशतः वापिः नाहे ७ **पछ नाहे** ; क्वनना धहे (य অগ্নিফৌদ, ইহার দ্বেমন প্রায়ণ (আদি), তেমনই উদয়ন (অন্ত) ।

শ্বিষ্টোমকে লক্ষ্য করিয়া এই যজ্ঞগাথাটি গীত হয়;—
"যদস্য পূর্ব্বমপরং তদস্য যদ্বস্থাপরং তদস্য পূর্ব্বম্। অহেরিব
সর্পণং শাকলস্থান বিজানন্তি যতরৎ পরস্তাৎ"—যেমন ইহার
আরম্ভ, তেমনি ইহার শেষ; আবার যেমন ইহার শেষ,
তেমনই ইহার আরম্ভ। শাকল নামক সর্পের মত ইহার গতি;
ইহার কোন্ কর্ম্ম পরবর্তী, [কোন্ কর্মাই বা পূর্ব্ববর্তী],
তাহা বুঝা যায় না। [ঐ গাথার তাৎপর্য্য যে]
অগ্রিকৌমের প্রায়ণ (আরম্ভ) যেমন, উদয়নও (শেষওা)
সেইরূপ।

এ বিষয়ে [ব্রহ্মবাদীরা] প্রশ্ন করেন, [প্রাতঃসবনের
আদিতে প্রযোজ্য] ত্রিব্বৎ স্তোম ষখন প্রায়ণ (আরম্ভ), আর
[তৃতীয় সবনের অস্তে প্রযোজ্য] একবিংশ সোম যথন উদয়ন
(শেষ), তথন উহারা (আদি ও অস্ত) কিরূপে সমান হইল ?
[উত্তর] সেটি একবিংশ স্তোম, তাহা ত্রির্তের মৃতই।
[ত্রিব্রৎ ও একবিংশ উভয় স্তোমের অস্তর্গত] অকু-

^{(&}gt;) রখচক্রের বেখানে আদি সেইখানেই অন্ত ; সেইরূপ প্রারণীর কর্ম ও উদরনীয় কর্ম এক্ষবিধ বালিয়া অগ্নিষ্টোমেরও আদি অন্ত সমান ন

⁽২) "নাকলনামা অহিঃ স্প্ৰিলেবং। সভ সালিকালে মুখন প্ৰছত দংশনং কুৰা বনধা-কারো ভ্ৰম্ভ ভত্ৰ কিং মুখং কিংবা প্ৰছমিতি ন আনতে" (সানন)। ঐ সংগ্ৰি বেছন কোনাম মুখ কোখান পুছে বুবা বার না, সেইরূপ প্রারগীর ও উদরবীর কর্ম: একজ্ঞপ ক্রেনা ক্রিটোসেরও আদ্যন্ত পুথক করিবা বুবা বার না।

ত্রয় ত্র্যুচধর্মযুক্ত, সেই জন্মই [উহারা সমান]; এই উত্তর দিবে।

ষষ্ঠ খণ্ড অগ্নিফৌম

অন্নিষ্টোম সম্বন্ধে অফ্যান্ত কথা—"যো বা এযএবং বেদ"

ঐ যিনি (অর্থাৎ যে আদিত্য) তাপ দেন, তিনিই অগ্নি-ভৌম। ঐ [আদিত্য] দিনের সহিত বর্ত্তমান; অগ্নিফৌমও এক দিনেই সমাপ্ত হয়; ' এই জন্ম উহাও দিনের সহিত বর্ত্তমান।

যেমন প্রাতঃসবনে, তেমনই মাধ্যন্দিনে, তেমনই তৃতীয় সবনে, কোনরপ ত্বরা না করিয়া সবনকর্ম অনুষ্ঠান করিবে। এইরূপ করিলেই যজমান অপমৃত্যুরহিত হয়। প্রথম ছুই সবনে ত্বরা না করিয়া কর্মের অনুষ্ঠান হইতে পারে; সেই নিমিত্ত প্রকাদিয়ত্তী গ্রামসমূহ বহুজনপূর্ণ হইয়া থাকে। আর তৃতীয় সবনে [কালসংক্ষেপ হেডু] ত্বরা করিয়া কর্মানুষ্ঠান হয়; সেই নিমিত্ত পশ্চিমে দীর্ঘ অরণ্য হইয়া থাকে। যজমানও

⁽৩) প্রাতঃসবনের আরত্তে ত্রিবৃৎ স্তোমের আশ্রয় "উপাল্ম গারত। নরঃ" ইত্যাদি স্কল্ ঋক্তরর মুক্ত। (পূর্বেদেশ) ভূতীয় সবনের শেবে একবিংশ স্তোমের আশ্রয় 'বিজ্ঞা বজা বো আয়রে" এই স্তেক্তর ছাই প্রগাণেও তিনটি করিরা ঋক্ আছে। অভএব উত্তর স্তোমই ত্র্যাদর্শন মুক্তা। তিনটি ঋক্ একবোগে ত্র্যাচ হয়।

^{(&}gt;) अधिरहोत्मन्न मननजन्न এकतिरनरे अञ्बेख स्म ।

ঐরপ করিলে অপয়ভূাযুক্ত হয়েন। সেই নিমিন্ত যেমন প্রাতঃ-সবনে, তেমনই মাধ্যন্দিনে, তেমনই তৃতীয় সবনে ত্বরা না করিয়া কর্ম অনুষ্ঠান করিবে। তাহা হইলে যজমান অপয়ভূা-রহিত হইবে।

সেই হোতা ঐ আদিত্যের অমুকরণ করিয়া শস্ত্রজার। পর্য্যাবর্ত্তন করিবেন। ঐ আদিত্য যথন প্রাতঃকালে উদিত্ত হন, তথন মন্দ্র (অল্প) তাপ দেন; সেই জন্ম মন্দ্র (অনুষ্চ) স্বরে প্রাতঃসবনে শস্ত্র পাঠ করিবে। আদিত্য যথন উপরে উঠেন, তথন থরতর তাপ দেন; সেই জন্ম মাধ্যন্দিনে উচ্চতর স্বরে শস্ত্র পাঠ করিবে। যথন আদিত্য আরও উপরে উঠেন, তথন থরতমভাবে তাপ দেন; সেই জন্ম তৃতীয় সবনে উচ্চতম স্বরে শস্ত্র পাঠ করিবে। বাক্য যদি হোতার বশ হয়, তবে ঐরপেই [উচ্চতমস্বরেই] শস্ত্র পাঠ করিবে। বাক্যই শস্ত্র। যাহাতে উত্তরোত্তর [উচ্চ] বাক্যজারা [শস্ত্র-পাঠ] সমাপ্তির জন্ম উৎসাহ জন্মে, সেইরূপ বাক্যে [শস্ত্রপাঠ] আরম্ভ করিবে। তাহা হইলেই উহা সর্ব্বাপেক্ষা স্থপঠিত হইবে।

এই যে [আদিত্য], ইনি কখনই অন্তমিত হন না, উদিতও হন না। তাঁহাকে যখন অন্তমিত মনে করা যায়, তখন তিনি সেই দেশে দিবসের অন্ত (সমাপ্তি) করিয়া তৎপরে আপনাকে বিপর্যান্ত করেন, [অর্থাৎ] সেই পূর্ব্ব দেশে রাত্রি করেন ও পর দেশে দিবস করেন। আবার যখন তাঁহাকে প্রাতঃকালে উদিত মনে করা যায়, তখন তিনি রাত্রিরই সেখানে অন্ত (সমাপ্তি) করিয়া পরে আপনাকে বিপর্যান্ত

करतन, (वर्षाष) পূर्व तिर्ण निवन करतन ও পরদেশে अखि करतन। '

এই সেই আদিত্য কখনই অন্তমিত হন না। যে ইহা জানে, সেও কখন অন্তমিত হয় না, পরস্ত তাঁহার (আদিত্যের) সাযুক্ত্য, সারূপ্য ও সালোক্য লাভ করে।

পঞ্চদশ অধ্যায়

প্রথম থণ্ড ইপ্তিসমূহ

দেবগণ কর্তৃক বন্ধলান্ত সম্বন্ধে আখারিকা বথা—"যজ্ঞা বৈ... ছলোভিশ্ন"

একদা যক্ত ভক্ষ্য অম সমেত দেবগণের নিকট হইতে
চলিয়া গিয়াছিলেন। দেবগণ বলিলেন, যক্ত ভক্ষ্য অম সমেত
আমাদের নিকট হইতে চলিয়া গিয়াছেন, এই যজ্ঞের অনুসরণ
করিয়া আমরা অমেরও অম্বেষণ করিব। তাঁহারা বলিলেন,
করিয়া আমরা অমেরও অম্বেষণ করিব। তাঁহারা বলিলেন,
করিপে অম্বেষণ করিব? প্রাক্ষণিধারা ও ছন্দোধারা
[অম্বেষণ] করিব। এই বলিয়া তাঁহারা [ফ্রমানরূপী]

⁽১) পূর্ব্য প্রকৃতপক্ষে অন্ত বান না। একছানে রাত্রি হইলে অন্তত্তে তথন দিন হয়, ইহাই ভাঙপর্ব্য। মূলে 'বর্তাং' ও 'পরভাং' আছে; সামণ অর্থ করিয়াছেন —অবভাং অতীতে দেশে রাজিনের ক্রতে পরভাং আগামিনি সেশে অহঃ ক্রতে। রাজ্যসংখ্য এই বৈজ্ঞানিক তথ বিশেষ আদর্শীয়।

প্রাহ্মণকে ছন্দোবারা দীক্ষিত করিয়াছিলেন ও তাঁহার [দীক্ষথীয়েষ্টি] যজকে সমাপ্তি পর্যান্ত বিস্তৃত করিয়াছিলেন;
অপিচ [দেব-] পত্নীগণেরও সংযাজ করিয়াছিলেন। সেই
হেতু এখনও দীক্ষণীয়া ইন্টিতে যজকে সমাপ্তি পর্যান্ত বিস্তৃত
করা হয় ও [দেব-] পত্নীগণেরও সংযাজ করা হয়। [দেবগণকৃত] সেই কর্মের অনুসরণ করিয়া [মনুষ্যেরাও]
তদ্দেপ করিয়া থাকে।

তার পর তাঁহারা প্রায়ণীয় কর্মের বিস্তার করিয়াছিলেন; প্রায়ণীয় কর্ম দারা তাঁহারা যজ্ঞকে অত্যন্ত নিকটে আনিয়া অনুষ্ঠান করিয়াছিলেন। তাঁহারা অত্যন্ত ত্বরা করিয়া কর্মসকল সম্পাদন করিয়াছিলেন, ও সেই প্রায়ণীয় কর্মকে শংযুকর্ম দারা সমাপ্ত করিয়াছিলেন। সেইহেছু অদ্যাপি প্রায়ণীয় শংযু কর্মেই সমাপ্ত করা হয়। [দেবগণকৃত] কর্মের অনুস্বরণ করিয়া [মনুষ্যেরাও] তদ্ধপ করিয়া থাকে।

তিৎপরে বিভার আতিথ্য কর্মের বিস্তার করিয়াছিলেন;
আতিথ্য দারা তাঁহারা যজ্ঞকে অত্যন্ত নিকটে আনিয়া ভারা
অমুষ্ঠান করিয়াছিলেন। তাঁহারা অত্যন্ত দ্বরা করিয়া কর্মাসকল সম্পাদন করিয়াছিলেন, ও ইড়াকর্মে [আতিথ্যকে]
সমাপ্ত করিয়াছিলেন। বদইহেতু অ্যাপি আতিথ্য কর্মা
ইড়া দারা সমাপ্ত করা হয়। [দেবগণ কৃত] কর্ম্মের অমুসরণ
করিয়া [মনুষ্যেরাও] তদ্ধেপ করিয়া থাকে।

⁽ ९) আন্নদীরেটিতে পদ্মীসংবাজ পর্যন্ত না বাইরা শংযুবাক অনুঠানেই উচা শেষ করা হয়। শুর্বে ৪০ পুঠ দেখ।

⁽७) बाष्टिशक्त रेहांड रहा। ४१ शृंक लगे।

्रिम प्र

[তৎপরে] তাঁহার৷ উপসৎ-সমূহের বিস্তার করিয়া-ছিলেন: উপদৎসকল দ্বারা সেই যজ্ঞকে নিকটে আনিয়া অনুষ্ঠান করিয়াছিলেন। তাঁহারা অত্যন্ত ত্বরা করিয়া কর্মসকল সম্পাদন করিয়াছিলেন। ভাঁহারা তিনটি সামিধেনী পাঠ করিয়া তিন দেবতার যাগ করিয়াছিলেন ; সেইহেতু অ্যাপি উপসৎসমূহে তিনটি সামি-ধেনী পাঠ করিয়া তিন দেবতার যাগ করা হয়। [দেবগণ-কুত বিশের অনুসরণ করিয়া মিনুষ্যেরাও বিজ্ঞাপ করিয়া থাকে।

[তৎপরে] তাঁহারা উপবসর্থ কর্ম্ম বিস্তার করিয়াছিলেন। উপবস্থ্য দিনে তাঁহারা পশুকর্ম পাইয়াছিলেন; তাহা পাইয়া তাঁহারা যজ্ঞকে সমাপ্তি পর্য্যন্ত বিস্তৃত করিয়াছিলেন, অপিচ [দেব-] পদ্মীগণেরও সংযাজ করিয়াছিলেন। সেইহেতু অভাপি উপবসথে যজ্ঞকে সমাপ্তি পর্য্যন্ত বিস্তৃত করা হয় ও [দেব-] পদ্মীগণেরও সংযাজ করা হয়।

সেইহেতু ঐ পূর্ববরতী কর্ম সকলে হোতা ক্রমশঃ নীচতর স্বরে অন্মবচন পাঠ করিবেন।

এইরূপে উত্তরোত্তর সারবান্ কর্ম্মের অনুষ্ঠান দারা দেবগণ সেই যজ্ঞকে পাইয়াছিলেন: সেইজন্ম উপবসথে যত ডিচ্চ স্বরে] ইচ্ছা করিবে, তেমনি [স্বরে] অনুবচন পাঠ করিবে। তাহা হইলে সেই সোমযাগ প্রাপ্ত হওয়া যায়।

সেই যজ্ঞকে পাইয়া দেবগণ বলিলেন, [অহে যজ্ঞ], তুমি

^(ঃ) উপসদের উদিষ্ট দেবতাত্রর অগ্নি সোম ও বিঞু : পূর্বে ৯০ পৃষ্ঠ দেখ।

⁽ e) উপৰস্থ দিৰসে অস্থৃষ্ঠিত অগ্নি ও সোমের উলিষ্ট গণ্ডকর্ম।

আমাদের ভক্ষণীয় অন্ধের জন্য অবস্থান কর। যক্ত বলিলেন, না, কেন আমি তোমাদের জন্য অবস্থান করিব? এই বলিয়া যক্ত দেবগণের প্রতি দৃষ্টিক্ষেপ করিলেন। দেবগণ তাঁহাকে বলি-লেন, ব্রাহ্মণদ্বারা ও ছন্দোদ্বারা সংযুক্ত হইরা তুমি ভক্ষণীয় অন্ধের জন্য অবস্থিতি কর। [যজ্ঞ বলিলেন] তাহাই হইবে। সেইহেতু অভাপি যজ্ঞ ব্রাহ্মণদ্বারা ও ছন্দোদ্বারা সংযুক্ত হইয়া দেবগণের নিকট হব্য বহন করিয়া থাকেন।

দ্বিতীয় খণ্ড যজ্ঞে বৰ্জ্জনীয় ঋত্বিক

যজে বর্জনীর ঋষিকের উল্লেখ যথা—"ত্রীণি হ বৈ স্ক্রাপনেবেতি"
যজে ত্রিবিধ [দোষ] ঘটিতে পারে, যথা জক্ষ
(ভক্ষিতাবশিষ্ট), গীর্ণ (উদরগত) ও বাস্ত (উদরনির্গত)।
[যজমান] হয় ত আমাকে কিছু [ধন] দিবে অথবা আমাকে
[ঋষিক্ পদে] বরণ করিবে, এইরূপে যে কামনা করে, তাহার
দারা ঋষিকের কর্ম করাইলে যে [দোষ] ঘটে, তাহাই জক্ষ।
জগ্ম (উচ্ছিষ্ট) দ্রব্যের মত তাহা যজে নিরুষ্ট [দোষ]; তাহা
যজমানকে রক্ষা করিতে পারে না। এই [ত্রাক্ষণ] আমার
ক্ষতি না করুক অথবা আমার যজে বিদ্ম না করুক, এইরূপ ভয়
করিয়া কাহারও দারা ঋষিকের কর্ম করাইলে যে [দোষ] ঘটে,
তাহাই গীর্ণ। গীর্ণ (উদরগত) দ্রব্যের মত উহা যজে নিরুষ্ট
[দোষ]; তাহা যজমানকে রক্ষা করিতে পারে না। [পাতিত্য

তৎপ্রে] নিন্দিত লোক দারা ঋষিকের কর্ম করাইলে যে [দোষ]

টে, তাহাই বাস্ত । মনুষ্যেরা যেমন বাস্ত (উদগীর্ণ) দ্রব্যকে
স্থণা করে, দেবগণ সেইরূপ সেই দোষকে দ্বণা করেন। সেই
জন্ম বাস্ত দ্রব্যের মত উহা নিকৃষ্ট [দোষ]; উহা যজমানকে
রক্ষা করিতে পারে না'। যজমান এই ত্রিবিধ ব্যক্তির [ঋষিক্
কর্মে] অপেক্ষা করিবে না।

যদি না বুঝিয়া এই তিনের মধ্যে এককেও [ঋত্বিক্ পদে]
নিযুক্ত করা যায়, তাহা হইলে বামদেবদৃষ্ট স্তোত্রে তাহার
প্রায়শ্চিত্ত হয়'। এই বামদেবদৃষ্ট স্তোত্রই যজমানলোক
(স্থলোক), অমৃতলোক ও স্বর্গলোকের স্বরূপ। সেই বামদেব্যু সামের [অন্তর্গত তৃতীয় মন্ত্রে] তিনটি অক্ষরের ন্যুনতা
আছে। ঐ স্তোত্র আরম্ভ করিয়া আত্মবাচক "পুরুষ" এই
শব্দটিকে তিনভাগ করিয়া [ঐ মন্ত্রের তিন চরণের অস্তে]
প্রক্রেপ করিবে। [এইরূপে প্রায়শ্চিত্ত করিলে] সেই যজক্র
মান এই যজমানলোকে, এই অমৃতলোকে, এই স্বর্গলোকে,
এই লোকসকলে আত্মাকে স্থাপিত করিতে পায় এবং সমস্ত

^{(&}gt;) তাৎপর্য এই বে, বে ব্যক্তি ধনলোতে আপনা হইতে কবিক্ হইতে চাহে, অথবা বে ব্যক্তিকে অভিকের কার্যা না দিলে সে যজমানের অনিষ্ট করিবে এই ভর থাকে, অথবা যে ব্যক্তি পাতিভাদি দোবে সমাজে নিন্দিত, সেরূপ ব্রাহ্মণকে কভিক্ করিবে না।

⁽২) "ক্যানন্চিত্ৰ আভূবং" (৪।৩১।১-৭) ইত্যাদি তিনটি ঋক্ হইতে উৎপন্ন সাস প্ৰায়ন্চিত্তাৰ্থ গীত হয়। ঐ মন্ত্ৰের ঋবি ৰামদেৰ (সামসংহিতা ২।৩২-৩৪)।

⁽৩) বামদেবান্তোত্ত্রে তিনটি অনুষ্ঠুপ্ ছন্দের ঝক্ আছে। কিন্তু "অজীবুণ: সধীনামবিতা জরিত্বাং। শতং ভবাস্যতিভি:।" এই তৃতীর ঝকের প্রত্যেক চরণে আটটির পরিবর্ত্তে
সাতটি অক্ষর ধাকার মোটের উপর উহাতে তিনটি অক্ষর কম হইল। ঐ সংখ্যাপ্রণের লগু
"পু—ক—
ব" এই তিন অক্ষর তিন চরণে প্রক্ষেপ করিরা গান করা হর। বথা "অজীবুণ:
সধীনাং পু, অধিতা জরিত্বাং ক, শতং ভবাস্যতিভি: বং"।

দোষযুক্ত যজ্ঞকে অতিক্রম করে। [এমন কি] ঋষিকেরা যদি সমৃদ্ধ (সর্ববদোষরহিত) হয়েন, তাহা হইলেও [ঐ তিন অক্ষর স্তোত্তমধ্যে বসাইরা] জপ করিবে, এরপও বলা হয়।

দেবিকান্ত ডি

দেবিকানায়ী স্ত্রীদেবীগণের উদ্দেশ্তে আছতি বিধান যথা—"ছন্দাংসি-----দেবিকানাম্"

ছন্দোগণ দেবগণের উদ্দেশে হব্য বহন করিয়া প্রান্ত হইয়া যজ্ঞের পশ্চাদ্ভাগে অবস্থান করেন। অথ অথবা অথতর' যেমন [ভার] বহন করিয়া [প্রান্ত হইয়া] অবস্থান করে, ইহাও সেইরূপ। মিত্র ও বরুণের উদ্দিশ্ট পশুপুরোডাশ দানের পর সেই ছন্দোগণের উদ্দেশে দেবিকা (তন্নামক) হব্যের আছতি দিবে।

ধাতাকে দাদশ কপালে সংস্কৃত পুরোডাশ দিবে; যিনি ধাতা, তিনিই বষট্কার। অনুমতিকে চরু দিবে; যিনি অনুমতি, তিনিই গায়ত্রী। রাকাকে চরু দিবে; যিনি রাকা, তিনিই ত্রিষ্টুপ্। সিনীবালীকে চরু দিবে; যিনি সিনীবালী,

⁽३) शर्पकाचनाव्यर्थान ब्राजः व्यवकतः (मात्रन)।

⁽২) সোমবাগের অবসাবে অমুবন্ধ্য মামক গণ্ডবন্ধ অমুঠান হয়। ভৎকালে বিভাবক্রণকে প্রেডাল দেওবা হয়।

তিনিই জগতী। কুছুকে চরু দিবে; যিনি কুছু, তিনিই অসুফুপ্।

এই যে গায়ত্রা, ত্রিফুপ্, জগতী, অসুফুপ্, ইহারাই সকল ছন্দের স্বরূপ। অন্য সকলে ইহাদের অসুবর্ত্তী। যজে ইহাদেরই প্রচুর প্রয়োগ হয়। যে ইহা জানে, সে এই সকল ছন্দোদারা যাগ করিলে তাহার সকল ছন্দোদারাই যাগ করা হয়। [সোমযাগ] অমযুক্ত ও স্থসম্পাদিত হইলে [যজমানকে] স্থাতে (অমৃতে) স্থাপিত করে, এই যে বলা হয়, ছন্দোগণই [সেই বাক্যের লক্ষ্য]। ছন্দেরাই যজমানকে স্থাতে স্থাপিত করে। যে ইহা জানে, সে ধ্যানের স্বতীত লোক জয় করে।

এ বিষয়ে কেহ কেহ বলেন, সকল [অনুমত্যাদি] স্ত্রী-দেবতাগণের পূর্কেই [পুরুষ-দেবতা] ধাতাকে আজ্য দারা যজন
করিবে। তাহা হইলে এই [ক্রা-দেবতাগণকে] মিথুন (পুরুষযুক্ত) করা হইবে। এ বিষয়ে অস্তে আবার বলেন, যদি
একই দিনে একই ঋক্মন্ত্রদম (যাজ্যা ও পুরোমুবাক্যা) দারা
[ধাতার ও পরবর্তী দেবতাদিগের] যজন করা যায়, তাহা
হইলে যজ্ঞে আলস্থ করা হয়। তিক্ত প্রথম উক্তির সমর্থনে
কলা হয়] যদিও এন্থলে (সমাজে) [এক পুরুষের] বহু
পদ্মী থাকে, তথাপি সেই এক পতিই তাহাদের সকলকেই

⁽७) भूटर्स (मथ।

⁽ a) ধাতার উদ্দেশে অসুবাক্যা মন্ত্র—ধাতা দলাতু দাওবে প্রাচীং জীবাতুমক্ষিতাব। বৃদ্ধ দেবস্য ধীমহি স্বর্ষিতং বাজিনীবতঃ ॥ (অধর্কসং ৭।১৭।২)

বাস্ত্যামন্ত্র-পাতা প্রজানামূত্রার ঈশে থাতেলং বিবং পুৰদং স্বস্তান। থাতা কৃষ্টারনিবিবাতি-চট্টে থাক্র ইন্ধবাং স্বতবজ্ঞ্ভোতা । (আব - প্রো - স্ব - ৩)১৪)১৬)

মিথুন (পুরুষযুক্ত) করিয়া থাকে; এইজন্ম স্ত্রী-দেবতার পূর্ব্বেই যে ধাতার যজন হয়, তাহাতে তাঁহাদের সকলকেই মিথুন করা হয়।

[অনুমত্যাদি] দেবিকাদিগের কথা এই পর্যান্ত।

চতুৰ্থ খণ্ড

দেবীগণের কথা

দেবিকাগণের হ্ব্যবিধানানস্তর দেবীগণের উদ্দেশে হ্ব্যপ্রদানের বিধান শ্বা—"অধ দেবীনাং...আস্থ:"

অনন্তর দেবীগণের কথা। সূর্য্যের উদ্দেশে এক কপালে সংস্কৃত পুরোডাশ দিবে; যিনি সূর্য্য, তিনি ধাতা, তিনিই আবার বষট্কার। দ্যোঃ দেবতাকে চরু দিবে; যিনি দ্যোঃ, তিনি অনুমতি, তিনিই আবার গায়ত্রী। উষাকে চরু দিবে; বিনি উষা, তিনি রাকা, তিনিই আবার ত্রিষ্টুপ্। গো-দেবতাকে (গাভীকে) চরু দিবে; যিনি গো, তিনি সিনীবালী, তিনিই আবার জগতী। পৃথিবীকে চরু দিবে; যিনি পৃথিবী, তিনি ক্রু, তিনিই আবার অনুষ্টুপ্। এই গায়ত্রী, ত্রিষ্টুপ্, জগতী, ও অনুষ্টুপ্, ইঁহারাই সকল ছদ্দের স্বরূপ। অন্ত ছদ্দেরা ইহাদেরই অনুবর্ত্তী; কেননা যজে ইহাদেরই প্রচুর প্রয়োগ হয়। যে ইহা জানে, সে এই কয়েকটি ছদ্দে যাগ করিলে তাহার সকল ছদ্দেই যাগ করা হয়। সোম্যাগ বিষ্টুপ্ ও স্বসম্পাদিত ইইলে [যজমানকে] স্থধাতে স্থাপিত

করে, এই যে বলা হয়, সেই বাক্যের লক্ষ্য ছন্দোগণ; ছন্দেরাই সেই যজমানকে স্থগতে স্থাপিত করে। যে ইহা ক্লানে, সে ধ্যানের অতীত লোক জয় করে।

ध विषया कह कह कर वालन, धरे नकल प्रवीत शूर्विह সূর্যাকে আজ্য দারা যজন করিবে। তাহাতে এই সকল দেবীকে মিথুন (পুরুষযুক্ত) করা হইবে। আবার অভ্যে বলেন, একই দিনে, একই মন্ত্ৰয় ৰাবা যদি বাগ করা যায়, তাহা हरेल यस्क जानच कता रत्र। [के क्षथरमास्कित नमर्थरन ৰক্তব্য] যদিও এন্থলে (সমাজে) [এক পুরুষের] বহু পদ্মী থাকে, তথাপি সেই [একমাত্র] পতিই তাহাদের সকলকে মিপুন (পুরুষযুক্ত) করে; সেইজন্ম ইহাদের পূর্বে যে সূর্য্যকে ষদ্ধন করা হয়, তাহাতেই তাঁহাদের সকলকে মিপুন করা হয়।

এই যে দেবীসকল, ভাঁহারাই ঐ [পূর্ব্বোক্ত] দেবিকা-গণের স্বরূপ; এবং ঐ যে দেবিকা সকল, তাঁহারাও এই দেবী-গণের স্বরূপ। সেইজন্য এই উভয় (দেবিকা ও দেবী) দেব-তার [সাহায্যে] যে কামনা লাভ করা যায়, তাহা [উভয়ের মধ্যে] অফাতরের [সাহায্যেই] লব্ধ হইয়া থাকে। [তবে] যে ব্যক্তি প্রজোৎপাদন কামনা করে, সে উভরের উদ্দেশেই হব্য দ্বান করিবে। কিন্তু যে [খনের] অত্থেষণ করে, তাহার পক্ষে সেরপ করিবে না। যদি [ধনের] অস্থেষণকারীর পক্ষে উভয়ের উদ্দেশে হব্য দেওয়া হয়, তাহা হইলে দেবগণ তাহার ধনে অসম্ভুক্ত হইতে পারেন, কেননা সেই ৰ্যক্তি কেবল আপনার সার্থ ই চিন্তা করিয়াছে।

শোপালের পুত্র শুচিবৃক্ষ (তল্লামক ঋত্বিক্) অভিপ্রতা-

নীর পুত্র বৃদ্ধহানের (তন্তামক যজমানের) পক্ষে সেই উভরের (দেবীগবের ও দেবিকাগবের) উদ্দেশে যজে হব্য দান করিয়াছিলেন। তাঁহার পুত্র রথগৃৎসকে [জলে] অবগাহন করিতে দেখিয়া শুচিরক্ষ বলিয়াছিলেন, আমি এই রাজন্মের (ক্ষত্রিয়ের) পক্ষ হইয়া এইরূপে দেবিকাগণ ও দেবীগণ উভয়কে যজ্জে সমাক্রপে তৃপ্ত করিয়াছিলাম, তজ্জ্মাই [আছু] ইহার এই [পুত্র] রথগৃৎস এইরূপে অবগাহন করিতেছে। [জিনি ভদ্বাতীত] আরও চৌষট্টজন সর্ব্বদা-ক্বচধারী লোক দেখিয়াছিলেন। তাহারাও সেই রাজন্মের পুত্র ও পৌত্র।

পঞ্চম থও

छक्था जन्जू

ক্যোতিষ্টোৰ বজ্ঞের সাতটি সংস্থা—অন্নিষ্টোম, অতানিষ্টোম, উক্থা, বোড়নী, বাজপের, অতিরাত্ত, অপ্টোর্যাম। তল্মধ্যে অন্নিষ্টোমে হোতার কর্ত্তব্য ব্র্ণিড ও ব্যাখ্যাত হইল। তংপরে উক্থা, বোড়নী ও অতিরাত্তের বিষয়ও বর্ণিত হটকে। একণে উক্থোর সম্বন্ধে বর্ণনা হইতেছে যথা—"অন্নিষ্টোমং বৈ—অধেন"

দেবগণ অগ্নিফোনের ও অহারগণ উক্থসমূহের আঞার
লইয়াছিলেন। তাঁহারা [উভয়ে] সমানবীর্যাই হইলেন।
দেবগণ অহারদিগকে হঠাইতে পারেন নাই। ঋষিদের মধ্যে
ভরদাজ তাঁহাদিগকে দেখিয়া বলিলেন, এই অহারগণ উক্থসমূহের আঞায় করিয়াছে, ইহাদের (দেবগণের) মধ্যে কেহই
ভাহাদিগকে দেখিতে পাইতেছে না। এই বলিয়া তিনি

"এহ্য যু ত্রবাণি তে২গ্ন ইম্খেতরা গিরং"—' অছে অগ্নি, তৃমি আইস, তোমার শোভন কার্য্য আমি কহিব, তদ্ভিম অভ্য বাক্য এইরপে [কহিব]—এই মন্ত্রে অগ্নিকে উচ্চে আহ্বান করিয়াছিলেন। এ মন্ত্রে "ইতরা গিরং"—অভ্য বাক্য—অহ্বর-গণের বাক্য।

সেই অগ্নি তাঁহার সমীপে উপস্থিত হইয়া বলিলেন, এই বৃদ্ধ দীর্ঘ পলিত [ঋষি] আমাকে কি বলিতে চাহেন ?

ভরষাজই কুশ দীর্ঘ ও পলিত ছিলেন। তিনি বলিলেন, এই অস্তরেরা উক্থসমূহের আশ্রেয় লইয়াছে; তাহাদিগকে তোমাদের কেহই দেখিতে পাইতেছ না। তখন অগ্নি অশ্ব হইয়া সেই অস্তরদিগের অভিমুখে দৌড়িয়াছিলেন। অগ্নি যে অশ্ব হইয়া তাহাদের অভিমুখে দৌড়িয়াছিলেন, সেইহেতু ঐ [প্র্বোক্ত] মন্ত্র সাক্ষশ্ব নামক সামে পরিণত হইল। ইহাই সাক্ষশ্বের সাক্ষশ্ব ।

সেই জন্ম বলা হয়, সাকমশ্ব দারা উক্থসকলের প্রণয়ন করিবে। যাহা সাকমশ্ব হইতে ভিন্ন নামে প্রণীত হয়, সেই সকল উক্থ যেন অপ্রণীতই থাকে।

প্রমংহিষ্ঠীয় সাম দারাও প্রণয়ন করিবে, ইহাও বলা হয়।
কেননা দেবগণ প্রমংহিষ্ঠীয় সাম দারাও অস্তরদিগকে উক্থসমূহ
ইইতে নিরাক্বত করিয়াছিলেন।

^(2) el 3el 3e 1

⁽২) "এছা ব্ ৰবাণি তে" ইত্যাণি কক্ হইতে উৎপদ্ন সামের নাম সাক্ষম সাম। (সামসং ২।৫৫) 'আরং অখাকারে। তুলা তৈরস্থারৈ: সাক্ষং বুদ্ধং কুদ্ধা ক্রিত্থান্ তক্ষালয় সাক্ষং সাক্ষ্যমিতি নাম সম্পন্নম' (সাক্ষা)।

[ু]ক)ক্ষামান্তিটার গারত" (৮।১০৬৮) ইত্যাদি মন্ত্র হইতে উৎপর সামের দান একংবিত্তীর সাম। (সামসং বাবহণ।)

সেই জন্ম বলা হয়, প্রমংহিষ্ঠীয় বারা অথবা সাক্ষশ্ব বারা [উক্থসমূহ] প্রণয়ন করিবে।

ষষ্ঠ খণ্ড

উক্থ্য ক্ৰতু

উক্থ্য ক্রন্তু অগ্নিষ্টোমেরই বিক্বতি। অগ্নিষ্টোমের সকল অন্থর্চানই "ইহাতে বিহিত। করেক স্থলে অর বিভেদ আছে মাত্র। অগ্নিষ্টোমে সবনত্ররে শস্ত্র-সংখ্যা বারটি; উক্থ্যে সবনত্ররে শস্ত্রসংখ্যা পোনেরটি। এই যজ্ঞে অগ্নিষ্টোমে বিহিত শস্ত্রসমৃদর বথাবিধি পাঠ করিরা তৃতীর সবনে তিনটি অতিরিক্ত শক্তের পাঠ করিতে হয়। মৈত্রাবরুণ, ব্রাহ্মণাচহংসী ও মচ্ছাবাক বথাক্রমে এই তিন শস্ত্র পাঠ করেন। উক্ত শস্ত্রত্ররে স্ক্রেবিধান বথা—"তে বা অস্থ্রা… ব এবং বেদ"।

সেই অহ্বের। মৈত্রাবরুণের উক্থ (শস্ত্র) আশ্রয় করিয়াছিল। সেই ইন্দ্র [অন্ত দেবগণকে] বলিলেন, [তোমাদের
মধ্যে] কে আমার সহিত আসিয়া এই অহ্বরদিগকে এন্থান
হইতে নিরাক্বত করিবে ? বরুণ বলিলেন, আমি করিব। সেইজন্ত মৈত্রাবরুণ (তন্নামক ঋত্বিক্) ইন্দ্র-বরুণ-দৈবত সূক্ত তৃতীয়
সবনে পাঠ করেন। তদ্ধারা ইন্দ্র ও বরুণ অহ্বরদিগকে
সেখান হইতে নিরাক্বত করিয়া থাকেন।

সেথান হইতে নিরাকৃত হইয়া অস্থরেরা ব্রাহ্মণাচ্ছংসীর উক্থ আশ্রেয় করিয়াছিল। সেই ইন্দ্র বলিলেন, কে আমার সহিত আসিয়া ইহাদিগকে এখান হইতে নিরাকৃত করিবে ?

^{(&}gt;) "रेखनक्षा बुनमधानांव" रेखांकि मधान मधानव पर प्रका अनुकार देखा ७ नक्षा ।

শ্বহস্পতি বলিলেন, আমি করিব। সেইজন্ম ব্রাহ্মণাচ্ছংসী তৃতীয় गत्त हैख-त्रहम्भिजि-रेतवे गुक्त भार्ध करत्रन। जेषात्रा हैख ७ ব্রহম্পতি ভাহাদিগকে সেখান হইতে নিরাক্বত করিয়া থাকেন।

দেখান হইতে নিরাক্বত হইয়া অহ্নরেরা অচ্ছাবাকের শস্ত্র আঞ্রয় করিয়াছিল। সেই ইন্দ্র বলিলেন, কে আমার সহিত **আসিয়া ইহাদিগকে এখান হইতে নিরাক্বত করিবে ? বিষ্ণু বলি-**লেন, আমি করিব। সেইজন্ম অচ্ছাবাক তৃতীয় সবনে ইন্দ্র-বিষ্ণু-দৈবত সূক্ত পাঠ করেন[°]। তদ্বারা ইন্দ্র ও বিষ্ণু তাহাদিগকে দেখান হইতে নিরাকৃত করিয়া থাকেন।

[এইরূপে উক্ত শস্ত্রতায়] ইন্দের সহিত দদ্ধ (যুক্ত) হইয়া ঐ [বরুণ, বুহস্পতি ও বিষ্ণু] দেবতারা প্রশংসিত হয়েন। ছম্মই মিথুনস্বরূপ; সেইজন্য ছম্ম হইতে মিথুন উৎপন্ন হয় ও যিজমানের বিজেশপতি ঘটে। যে ইহা জানে, সে প্রকা দারা ও পশু দারা [বর্দ্ধিত হইয়া] উৎপন্ন হয়।

পোতার এবং নেফার পক্ষে চারিটি ঋত্যাজ মন্ত্র ও ছয়টি িযাজা] ঋক বিহিত। ' এইরূপে উহা দশসংখ্যাযুক্ত ছইরা বিরাটের স্বরূপ হর। এতদ্বারা যজ্ঞকে দশিনী (দশাক্ষরা) বিরাটেই প্রতিষ্ঠিত করা হয়।

⁽२) "छनथराजा न नता तकमानाः" रेजानि ननन मकावत क राज बना "कारा म रेक्टर-नकतः" रेजापि मनव मधलाब ६७ एक । त्वका वधाक्राम ब्रह्माि ७ रेखा ।

^{(•) &}quot;मं: बार कर्यमा मिना हित्नामि" हैलानि वर्ड मक्तनत •> एक । व्यवधा हैसा ७ विकू ।

⁽০) গোভাকে (তল্লামক কমিকুকে) বিতীয় ও অটা কতুবাক মা ও সেটাকে জ্বীর ও নুষয় ৰজুমান বন্ধ পাঠ করিতে হয় (১৯৭ পৃষ্ঠ ুপান্টাকা দেব)। ভবিন্ন উক্থানজুতে উক্ত প্রজাবের প্রত্যেক পল্লে তাঁহাদিগকে একটি করিবা বাজানির পাঠ করিছে, হয়। চারিটি বসুবাল 🖷 स्त्रहित्रामा अस्रतास्य वन रहेत् । वित्रास्त्रत्व अस्त्र मर्था। वस ।

চতুৰ পঞ্চিকা

ষোড়শ অধ্যায়

প্রথম থণ্ড

বোড়শী ক্রতু

জ্যোতিষ্টোমন্ডেদ উক্থা ক্রতুর বিষয় বলা হইল, এক্ষণে বোড়শী ক্রতুর বিষয় বলা হইবে। ভদ্বিবয়ে বিশেষবিধি বোড়শী শক্তের পাঠ যথা—"দেবা বৈ------এবং বেদ"।

দেবগণ পুরাকালে প্রথম দিনে [সোমপ্রয়োগ দারা]
ইন্দ্রের জন্ম বক্ত প্রস্তুত করিয়াছিলেন, দিতীয় দিনে সেই
বজ্জকে অভিষক্ত করিয়াছিলেন, তৃতীয় দিনে [ইন্দ্রকে]
বক্ত প্রদান করিয়াছিলেন; চতুর্থ দিনে ইন্দ্র তাহা [শক্তপ্রতি] নিক্ষেপ করিয়াছিলেন। সেইজন্ম চতুর্থ দিবসে
বোড়শী শক্ত পাঠ করা হয়। এই যে বোড়শী শক্ত, ইহা
বক্তস্বরূপ। চতুর্থ দিবসে যে যোড়শীর পাঠ হয়, ইহাতে
ক্ষেকারী শক্তর প্রতি বক্ত নিক্ষেপ করা হয়। যে ব্যক্তি [এই
বজ্জমানের] হন্তব্য, ইহাতে তাহার হত্যা ঘটে। বোড়শী বক্ত

^{(&}gt;) "জ্ঞসাৰি সোন ইক্স তে" (১৮৯। >) ইত্যাধি নত্ৰ বোড়ণী দত্তে পঠিত হয়। ছয়ধিন নাণী হইলে চতুৰ্ব দিবসে সোনপ্ৰয়োগে বোড়ণী শত্ত পঠিতবা।

স্বরূপ, আর উক্থ সকল পশুস্বরূপ; সেইজন্য উক্থসকলের উপরে স্থাপন করিয়া যোড়শী পঠিত হয়।

উক্থসকলের উপরে স্থাপন করিয়া বোড়শী পাঠ করা হয়, তাহাতে বক্সস্থরপ বোড়শী দারা পশুগণকে নিয়মিত করা হয়। সেই হেড়ু পশুগণও বক্সস্থরপ বোড়শী দারাই নিয়মিত হইয়া মনুষ্যগণের নিকট উপন্থিত হয়। সেই হেড়ু অস্ব মনুষ্য গরু বা হস্তী নিয়মিত হইলে আপনা হইতে বাক্যদারা আহ্বান মাত্রেই নিকটে আসিয়া উপন্থিত হয়। বক্সরূপ বোড়শী দেখিলেই তাহারা বোড়শী দারা নিয়মিত হয়, কেননা বাক্যই বক্স ও বাক্যই বোড়শী।

এ বিষয়ে ব্রহ্মবাদীরা প্রশ্ন করেন, ষোড়শীর যোড়শিত্ব কি?
[উত্তর] ইহা স্তোত্রসমূহের মধ্যে ষোড়শ, শস্ত্রসমূহের মধ্যে
ষোড়শ, ষোল অকরে (অসুফুভের পূর্বার্চ্চে) ইহার আরম্ভ হয়,
ষোল অকরের (অসুফুভের উত্তরার্চ্চপাঠের)পর প্রণব উচ্চারিত
হয়, ইহাতে ষোড়শপদযুক্ত নিবিং স্থাপিত হয়, ইহাই ষোড়শীর ষোড়শিত্ব। বাড়শী অসুফুপ, ছন্দ প্রাপ্ত হইলেও উহাতে
ছুইটি অকর অতিরিক্ত থাকে। বাগ্দেবতার ছুইটি স্তন;

⁽২) উক্ধাক্তত্তে অগ্নিষ্টোমবিহিত যাদণ শল্পের অভিরিক্ত তিনটি শল্প ভৃতীয় সবনে পঠিত হয় (পূর্বেল দেখ); বোড়শীতে সেই তিনটির পরে বোড়শী শল্প পঠি করা হয়।

⁽৩) অন্নিটোৰে বানটি শত্ৰ, উক্ৰো শোনেরট, বোড়শীতে আরও একটি শত্ৰ বিহিত; এইটি বোড়শ শত্ৰ। এই বাবে বোড়শ এহ হইতে সোমাহতি হয় এবং তংকালে ঐ বোড়শ শত্ৰ পঠিও ও বোড়শ ভোত্ৰ গীত হয়। বোলটি এই, বোলটি ভোত্ৰ, বোলটি শত্ৰ আছে বলিয়া উহায় নাম বোড়শী (বোড়শমুক্ত) ক্ৰড়। বোড়শ শত্ৰের অন্তৰ্গত "কিং চাক্ত সদে অন্নিতঃ" ইড়াদি নিবিদেনও বোলটি গদ।

^{(ঃ) &}quot;অনাৰি নোৰ ইক্ল ডে" (১৮৯١১-৬) ইড্যাদি ছয়ট অপুষ্টুপু ছলের বন্ধ লইনা

সত্য ও অনৃত ঐ হুইটি স্তন। যে তাহা জানে, সত্য তাহাকে রক্ষা করে ও অনৃত তাহাকে হিংসা করে না।

দ্বিতীয় খণ্ড -যোডশী শস্ত্র

বোড়শী শন্ত্রে বিহিত সাম যথা—"গৌরিবীতং……স্কবতে"

তেজস্কামী ও ব্রহ্মবর্চ্চসকামী [যজমান] গৌরিবীর্ত্ত মন্ত্রকে 'যোড়শী সাম করিবে। গৌরিবীত মন্ত্রই তেজ ও ব্রহ্মবর্চ্চস। যে ইহা জানিয়া গৌরিবীত মন্ত্রকে যোড়শী সাম করে, সে তেজস্বী ও ব্রহ্মবর্চ্চসসম্পন্ন হয়।

কেহ কেহ বলেন, নানদ মন্ত্রকেই যোড়শী সাম করিবে। একদা ইন্দ্র রুত্রের প্রতি বক্ত উন্নত করিয়া প্রহার করিয়াছিলেন। আহত হইয়া রুত্র উচ্চ নাদ (শব্দ) করিয়া-ছিল। সেই উচ্চ নাদ হইতে নানদ সাম হইয়াছিল। ইহাই নানদের নানদত্ব। এই যে নানদ সাম, ইহা শক্রহীন ও

বোড়নী শস্ত্রের আরম্ভ। অনুষ্টু ভের অক্ষর সংখ্যাও বোলর ছই গুণ। কাজেই অনুষ্টু ভের সহিত এই বাগের বিশেব সম্বন্ধ। বোড়নী শস্ত্রে বিহত ও অবিহৃত ছইরূপ পাঠ আছে। অবিহৃত পাঠে এ মন্ত্র। বিহৃত পাঠের মন্ত্র আখলারন দিরাছেন (৬০০০); তাহার এথম মন্ত্রের এথমার্ক্কে বোল অক্ষর, কিন্তু বিতীয়ার্ক্কে আঠার অক্ষর। যথা—"ইন্দ্র জুবস্ব প্রবহারাহি শূর হরী ইছ। পিনা স্বতন্ত্র মন্তির্ক মান্ত্রকান-কার্ক্ম দায় ।" বিতীয় চরণের অতিরিক্ত অক্ষর্বর বাগ্দেবতার স্তনের সহিত উপনিক্ত হটল।

⁽১) গৌরিবীত কবি দৃষ্ট "ব্যক্তি প্র গোপতিং গিরা" (৮।৬৯।৪) মত্র হইতে উৎপন্ন সামের শাম গৌরিবীত সাম। বোড়শী বাবে উহাই বোড়শী স্তোত্তমধ্যে গীত হয়।

⁽२) "প্রত্যাদ্দৈ পিপীবতে" (সাম-দং বাঙাতাবাস-৪) ইত্যাদি মন্ত্রে নানদ সাম উৎপন্ন।

শক্রণাতী। যে ইহা জানিয়া নানদকে বোড়শী সাম করে, সে শক্রহীন ও শক্রঘাতী হয়।

যদি নানদকে সাম করা হয়, তাহা হইলে ষোড়শী শস্ত্র অবিহত ভাবে পাঠ করিবে; কেননা [উদ্গাতারাও] অবিহত
করিয়াই ষোড়শী স্তোত্র [গান] করেন। আর যদি গৌরিবীতকে
সাম করা হয়, তাহা হইলে ষোড়শী শস্ত্র বিহৃতভাবে পাঠ
করিবে; কেননা [উদ্গাতারাও] বিহৃত করিয়াই ঐ স্তোত্র
গান] করেন।

তৃতীয় খণ্ড যোডশী শস্ত্র

সামগানকালে 'বিশ্বতি'-সম্পাদন যথা—"অথাতঃ...এবং বেদ"

অনস্তর ঐ [গৌরিবীত-দাম-গান-] কালে "আ ত্বা বহস্ত হরয়ঃ" 'ইত্যাদি [তিনটি] গায়ত্রী ও "উপো যু শৃণুহী গির্ঞ্ন" ইত্যাদি [তিনটি] পঙ্কি পরস্পর মিশাইবে। পুরুষ

⁽৩) যে সকল ঋক্ মন্ত্রে সাম উৎপন্ন হয়, তয়৻গ্য একের চরণ আছোর চরণের সহিত যোগ করিয়া গান করিলে উহাকে বিহৃত করা হয়। ঐরপ না করিলে অবিহৃত ভাবে গান হয়। বিজ্ঞে পরথণ্ডে দেখা

^{())))) () ()) | ()) | ()) | ()) | ()) | ()) | ()) | ()) | () | () | () | () | () | () | () | () | () | () | () | () | () | () | () | () | () | () | () | () | () | () | () | () | () | () | () | () | () | () | () | () | () | () | () | () | () | () | () | () | () | () | () | () | () | () | () | () | () | () | () | () | () | () | () | () | () | () | () | () | () | () | () | () | () | () | () | () | () | () | () | () | () | () | () | () | () | () | () | () | () | () | () | () | () | () | () | () | () | () | () | () | () | () | () | () | () | () | () | () | () | () | () | () | () | () | () | () | () | () | () | () | () | () | () | () | () | () | () | () | () | () | () | () | () | () | () | () | () | () | () | () | () | () | () | () | () | () | () | () | () | () | () | () | () | () | () | () | () | () | () | () | () | () | () | () | () | () | () | () | () | () | () | () | () | () | () | () | () | () | () | () | () | () | () | () | () | () | () | () | () | () | () | () | () | () | () | () | () | () | () | () | () | () | () | () | () | () | () | () | () | () | () | () | () | () | () | () | () | () | () | () | () | () | () | () | () | () | () | () | () | () | () | () | () | () | () | () | () | () | () | () | () | () | () | () | () | () | () | () | () | () | () | () | () | () | () | () | () | () | () | () | () | () | () | () | () | () | () | () | () | () | () | () | () | () | () | () | () | () | () | () | () | () | () | () | () | () | () | () | () | () | () | () | () | () | () | () | () | () | () | () | () | () | () | () | () | () | () | () | () | () | () | () | () | () | () | () | () | () | () | () | () | () | () | () | () | () | () | () | () | () | () | () | () | () | () | () |}

⁽৩) এক ছন্দের এক চরণের সহিত অস্ত ছন্দের এক চরণ মিশাইরা, অর্থাৎ একের পর অস্তাব্দের বাদাইরা, গানের নাম বিহরণ বা বিহুতি-সম্পাদন। গারত্রী ছন্দের তিন চরণ, পঙ্জির পাঁচ চরণ। গারত্রীর প্রথম চরণের পর পঙ্জির প্রথম চরণ, গারত্রীর দিতীরের পর পংজির ছিতীর, গারত্রীর তৃতীরের পর পঙ্জির তৃতীরে, ও তৎপরে পঙ্কির অবসিপ্ত ছুই চরণ বসাইরা গান করিলে বিহুতি সম্পাদন হয়। গোরিবীত সাম গানকালে এইরূপে তিনটি গারত্রীর সহিত তিনটি পঙ্কি ব্যাক্রমে মিশাইরা গান করিতে হয়। নানদ সাম গানকালে এইরূপে এক ছন্দের সহিত জ্ঞা ছন্দের চরণ মিশাই বিহিত নহে; উহা অবিহৃত রাধিরাই গান করিতে হয়।

(মনুষ্য) গায়ত্রী-সম্বন্ধী ও পশুগণ পঙ্জি-সম্বন্ধী। এতদ্বারা পুরুষকে পশুগণের সহিত মিলিত করা হয় ও পশুগণে প্রতি-ষ্ঠিত করা হয়। আর যে গায়ত্রী ও পঙ্জি, উহারা [একযোগে] ছুইটি অনুষ্টুভের সমান। ° এরপ করিলে যজমান বাক্যের, অনুষ্টুভের ও বজ্রের স্বরূপ হুইতে বিযুক্ত হয় না।

"যদিন্দ্র পৃতনাজ্যে" ইত্যাদি [তিনটি] উষ্ণিক্ ও "অয়ং
তে অস্ত হর্যাতে" ইত্যাদি [তিনটি] রহতী মিশাইবে। পুরুষ
উষ্ণিক্-সম্বন্ধী ও পশুগণ রহতী-সম্বন্ধী। এতদ্বারা পুরুষকে
পশুগণের সহিত মিলিত করা হয় ও পশুগণেই প্রতিষ্ঠিত করা
হয়। ঐ যে উষ্ণিক্ ও রহতী, উহারা [একযোগে] হুইটি
অমুফী ভের সমান। ' ঐরপ করিলে যজমান বাক্যের,
অমুফী ভের ও বজ্রের স্বরূপ হইতে বিযুক্ত হয় না।

"আ ধ্র্ব দৈয়" ইত্যাদি দ্বিপদা ঋক্ ও "ব্রহ্মন্ বীর ব্রহ্মন্
কুতিং জুয়াণঃ" এই ত্রিফ ভু মিশাইবে। পুরুষ দ্বিপাদ এবং
বীর্ঘাই ত্রিফ পু । এতদ্বারা পুরুষকে বীর্ঘ্যের সহিত মিলিত
করা হয় ও বীর্ঘ্যে প্রতিষ্ঠিত করা হয়। সেইজন্ম সকল পশুর
মধ্যে পুরুষই সর্ব্বাপেক্ষা বীর্ঘ্যবান্ হইয়া বীর্যে প্রতিষ্ঠিত
থাকে। এ যে বিংশতি-অক্ষরযুক্ত দ্বিপাদ মন্ত্র, এবং যে ত্রিফ পু,

⁽৪) গারতীর তিন, পঙ্জির পাঁচ ও অস্টুভের চারি চরণ; অতএব গারতী পঙ্জি মিঞ্জি ইব্যা ফুট অস্টুভের সমান হয়।

^{(4) 413414(4) 918813-01}

⁽ १) উঞ্চিকের আটাইশ ও বৃহতীর ছত্রিশ অক্ষর একবোগে চৌব**িট অক্ষর; অসূষ্ট**ুভের চারি চরণে বক্রিশ।

^() Josis ! () Jishs !

উহারা [একযোগে] ছুইটি অসুষ্ট ভের সমান'। ঐ রূপ করিলে যজমান বাক্যের, অসুষ্ট ভের ও বজ্রের স্বরূপ হইতে বিযুক্ত হয় না।

"এষ ব্রহ্মা" ইত্যাদি [তিনটি] দ্বিপদা " ও "প্র তে
মহে বিদথে শংসিষং হরী" ইত্যাদি [তিনটি] জগতী মিশাইবে।
পুরুষ দ্বিপাদ ও পশুগণ জগতী-সম্বন্ধী। এতদ্বারা পুরুষকে
পশুগণের সহিত মিলিত করা হয় ও পশুগণেই প্রতিষ্ঠিত করা
হয়। সেইজন্ম পুরুষ পশুগণে প্রতিষ্ঠিত হইয়া [হুগ্নাদি]
ভক্ষণ করিতে পায় ও তাহাদিগকে বশে রাখিয়া থাকে। ঐ
যে ষোড়শাক্ষরা দ্বিপদা এবং ঐ জগতী, উহারা [একযোগে]
হুইটি অনুষ্টুভের সমানহয়।" ঐরপ করিলে যজমান বাক্যের,
অনুষ্টুভের ও বজ্রের স্বরূপ হইতে বিযুক্ত হয় না।

"ত্রিকক্রন্তের্ মহিষো যবাশিরম্" ইত্যাদি " [তিনটি] এবং "প্রোরথম্" " ইত্যাদি [তিনটি] অতিচ্ছন্দ্র মন্ত্র পাঠ করা হয়। " ছন্দোগণের যে রস (সারভাগ) অতিশয় ক্ষরিত ইইয়াছিল, তাহা অতিচ্ছন্দ মন্ত্রগুলির

⁽ ১০) দ্বিপদার বিশ ও ত্রিষ্টুভের চুয়ারিশ একবোগে চৌষটি।

⁽১১) শাকল সংহিতার নাই। আমলারন দিরাছেন (৬।২।৬) যথা—"এব ব্রহ্মা য ঋছির। ইক্রো নাম শ্রুতোগৃণে । বিশ্রুতরো যথাপথ। ইন্স ছদ্যন্তি রাতরঃ । ছামিছে বসম্পতে। যদ্ভি সিরো ন সংযত ॥"

^() 2) 3 0 | 3 6 | 3 6)

⁽ ১৩) দ্বিপদার বোল ও জগতীর আটচরিশ একবোপে চৌবটি।

^{(&}gt;8) 3/3/15-01 (>6) 3-120012-01

⁽১৬) উক্ত মন্ত্রগুলির প্রত্যেকটিতে সাত চরণ বিদ্যান। চরণ সংখ্যা বাহল্য হেতু উহাসের নাম অতিচ্ছেন্দ মন্ত্র।

অভিমুখে ক্ষরিত হইয়াছিল; ইহাই অতিচ্ছন্দোগণের অতিচ্ছন্দস্ত। ঐ যে যোড়শী শস্ত্র, উহা সকল ছন্দ হইতেই
নির্মিত; সেই জন্ম অতিচ্ছন্দ মস্ত্র পাঠ করিলে যজমানকে
সকল ছন্দ দারাই নির্মাণ করা হয়। যে উহা জানে, সে সকল
ছন্দে নির্মিত ষোড়শী শস্ত্র দারা সমৃদ্ধ হয়।

চতুর্থ খণ্ড যোড়শী শঙ্ক

বোড়শী শস্ত্র সম্বন্ধে অক্সান্ত ব্যবস্থা যথা—"মহানামীনাং…এবং বেদ"

মহানাল্লী ঋকের উপসর্গগুলি [অতিচ্ছন্দ মন্ত্রে] যোগ করা হয়। পপ্রথমা মহানাল্লী ঋক্ এই [ভূ-] লোক; দ্বিতীয়া মহানাল্লী অন্তরিক্ষলোক; তৃতীয়া মহানাল্লী ঐ [স্বর্গ] লোক। এই যে ষোড়নী, ইহা সকল লোক দ্বারা নির্দ্মিত।

ছনটি অভিচ্ছেল মন্ত্রের মধ্যে "ত্রিকজ্বকের্" ইত্যাদি প্রথম মত্রে চৌব টি অকর থাকার উহা ছুই
অনুষ্টুভের তুল্য, উহাতে উপদর্গবোগের প্রয়োজন নাই। কিন্তু অবশিষ্ট পাঁচটি অভিচ্ছল মত্রে
অকরসংখ্যা অল্প; কাজেই, উহার প্রত্যেকে এক এক উপদর্গ বোগ করিয়া অক্ষরসংখ্যা পূরণ করিয়া
গইনা পাঠ করা আবশুক। এইরূপে অল্প মত্রে উপস্প্ত বা প্রক্ষিত্ত হর বলিয়া মহানামীর অন্তর্গত্ত
উক্ত পদগুলির নাম উপদর্শ।

^()) ঐতরের আরণ্যক মধ্যে চতুর্ধ আরণ্যকে "বিদা মঘবন্ বিদা গাতুমমু শংসিবোদিশঃ" ইত্যাদি নয়ট বক্ উদ্ভ হইয়াছে, উহাদের নাম মহানায়ী বক্ । তয়ধ্যে দ্বিতীর বকে "প্রচেতন" এবং "প্রচেতর," তৃতীর বাকে "আয়াহি পিব মধব," বঠ বাকে "ক্রতুশ্বন্দ বাত বৃহৎ," আইম বাকে "ফ্রম আধেহি নো বসো" এই পাচটি শদ আছে । এই পাচটির নাম উপসর্গ। (আয়৽ শ্রো॰ সৃ৽ ৬।২।৯) পাঁচটি উপসর্গে সমুদরে ব্রিশটি অকর থাকার উহা একটি অমুই,তের তুল্য। অবিহৃত বোড়দী শস্ত্রে অতিচ্ছন্দ মন্ত্র পাঠের পর এই উপসর্গ করটি একত্র করিয়া একটি অমুই,প্রস্পে পাঠকরিতে হয়। বিহৃত বোড়দীতে অতিচ্ছন্দ মন্ত্রগুলিতে উপসর্গগুলি যোগ করিয়া পাঠ করিতে হয়।

মহানাল্লী ঋকের উপসর্গগুলি [অতিচ্ছন্দে] যোগ করিলে উহাকে সকল লোক দারাই নির্মিত করা হয়। যে ইহা জানে, সে সর্বলোক দারা নির্মিত যোড়শী দারা সমৃদ্ধ হয়।

উক্তরূপে উপসর্গযোগ দারা অভিচ্ছন্দ মন্ত্রগুলিকে ক্লব্রিম অন্তর্ভুভে পরিণত করিয়া ভাহা পাঠের পর কভিপর অক্লব্রিম অন্তর্ভুপ, পাঠের বিধান যথা— "প্র প্রান্তাংশংসভি"

"প্রপ্র বন্ত্রিফ্র্ভমিষম্" ইত্যাদি, "অর্চ্চত প্রার্চত" ইত্যাদি এবং "যো ব্যতীর ফাণয়ৎ" ইত্যাদি ⁸ [তিন তিনটি] অক্কৃত্রিম অসুফ্রপ্ পাঠ করা হয়। [মার্গানভিজ্ঞ পথিক] যেমন এথানে ওথানে অপথে বিচরণ করিয়া শেষে [প্রকৃত] পথ জানিতে পারে, [কৃত্রিম অমুফ্রপ্ পাঠের পর] এই যে অকৃত্রিম অমুফ্রপ্ পাঠ করা হয়, ইহাও সেইরূপ।

বিজ্ঞত ও অবিজ্ঞত উভয়বিধ শক্ত পাঠের ফল যথা—"স যো……বেদ"

যে যজমান [আপনাকে] সম্পন্ন ও প্রাপ্ত শ্রী বলিয়া মনে করে, সে [বিহুতি-সম্পাদন দ্বারা] ছন্দোগণের ক্লেশ ঘটিয়া বিপৎ হইতে পারে এই আশঙ্কায় অবিহৃত ষোড়শী শস্ত্র পাঠ করাইবে। আর যে [আপনার] অমঙ্কল নাশের ইচ্ছা করে, সে বিহুত ষোড়শী পাঠ করাইবে; কেননা ঐ ব্যক্তি অমঙ্গলের সহিত মিলিত রহিয়াছে; ঐরপ করিলে উহাতে বিভ্যমান মালিত্য (অমঙ্গল) নাশ করা হইবে। যে ইহা জানে, সে অমঙ্গল নাশ করে।

শস্ত্র-সমাপ্তি মন্ত্র বথা—"উত্তৎ.....গমরতি"

"উত্তদ্ ভ্ৰশ্নস্থ বিষ্টপম্" ' এই অন্তিম ঋকে [যোড়শী পাঠ]

⁽ s) | 1 sc-ociesia (s) | 1 -c-alesia (o) | 10-ciesia (s)

সমাপ্ত করিবে। স্বর্গলোকই অধ্যের (আদিত্যের) বিউপ (নিবাস); এতদ্বারা যজমানকে স্বর্গলোক প্রাপ্ত করা হয়। শত্তপাঠান্তে যাজ্যাবিধান—"অগাঃ পূর্ব্বেষাং…এবং বেদ"

"অপাঃ পূর্বেষাং হরিবঃ স্থতানামৃ" ' এই মন্ত্রকে [ষোড়শী শন্ত্রের] যাজ্যা করিবে। এই যে ষোড়শী, ইহা দকল দবন হইতে নিশ্মিত; "অপাঃ পূর্কেষাং হরিবঃ স্থতানাম্" —অহে হরিবান্ (ইন্দ্র), তুমি পূর্কো হুত সোম পান করিয়াছ— এই মন্ত্রকে যে যাজ্যা করা হয়, উহার তাৎপর্য্য যে [পূর্ববর্তী] প্রাতঃস্বনই [ইন্দ্রকর্তৃক] পীত হইয়াছে। প্রাতঃস্বন্, হইতেই ঐ যোড়শীকে নির্মাণ করা হয়। "অথো ইদং সবনং কেবলং তে"—অপিচ এই সবনও কেবল তোমারই —এই [দ্বিতীয় চরণে] মাধ্যন্দিনকেই কেবল [ইন্দ্রের] সবন বলা হইতেছে। এতদ্বারা মাধ্যন্দিন সবন হইতেই ষোড়শীকে নির্মাণ করা হয়। "মমদ্ধি সোমং মধুমন্তমিন্দ্র"—অহে ইন্দ্র, মধুর সোম পান করিয়া মন্ত হও—এই [ভৃতীয় চরণে] তৃতীয় সবনই মদ্-শব্দযুক্ত । এতদ্বারা তৃতীয় সবন হইতেই ষোড়শীকে নির্মাণ করা হয়। "সত্রা রুষঞ্জঠর আরুষস্ব"— অহে বর্ষণসমর্থ [ইন্দ্র], সত্ররূপ উদরে [সোমরস] বর্ষণ কর-এই [চতুর্থ চরণ] ব্যণ্-পদযুক্ত। বোড়শীর রূপপ্ত র্ষণ্-যুক্ত (বর্ষণহেতু বা তৃপ্তিহেতু); এবং এই যে ষোড়শী, উহা সকল সবন হইতেই নিৰ্শ্বিত। "অপাঃ পূৰ্ব্বেষাং হরিবঃ স্থতানাং" এই মন্ত্রকে যে যাজ্যা করা হয়, এতদ্বারা সকল

^{(.) 3-12-1301}

⁽ १) তৃতীয় সবনের নিবিদে হর্ববাচক মদ্ ধাতুবিশিষ্ট পদ আছে।

সবন হইতেই ষোড়শীকে নির্মাণ করা হয়। যে ইহা জানে, সে সকল সবন হইতেই নির্মিত যোড়শী দারা সমৃদ্ধ হয়।

প্রি যাজ্যা মন্ত্রের] একাদশ-অক্ষরযুক্ত প্রত্যেক চরণে মহানামী ঋকের [অন্তর্গত] পঞ্চাক্ষরযুক্ত উপদর্গ যোগ করিবে। এই যে যোড়শী, উহা দকল ছন্দ হইতে নির্মিত। মহানামী ঋকের [অন্তর্গত] পঞ্চাক্ষর উপদর্গকে যে যাজ্যা মন্ত্রের একাদশাক্ষরযুক্ত প্রত্যেক চরণে যোগ করা হয়, এতদ্বারা যোড়-শীকে দকল ছন্দ হইতেই নির্মিত করা হয়। যে ইহা জানে, দে দকল ছন্দ হইতেই নির্মিত যোড়শী দ্বারা দম্দ্ধ হয়।

পঞ্ম খণ্ড

অতিরাত্র

বোড়শী ক্রতুর বিবরণ সমাপ্ত হইল। অতঃপর অতিরাত্র যথা—"অহবৈ'...
অপিশর্করত্বম্।

একদা দেবগণ দিবসকে আশ্রয় করিয়াছিলেন ও অস্থরেরা ব্লাত্তি আশ্রয় করিয়াছিল। তাঁহারা [উভয়ে] সমানবীর্য্য হইয়াছিলেন ও কেহ কাহাকেওপরাভূত করিতে পারেন নাই।

⁽৮) উদ্ধিখিত নয়টি মহানায়ী শংকের সহিত আর নয়টি মন্ত্রের উক্ত আরণাকে উল্লেখ আছে।
ফলপ্রণার্থ উহার পাঠ আবশ্যক; এইজক্স উহাদের নাম প্রীণ মন্ত্র। ঐ নয়টি প্রীণ মন্ত্রের প্রথমটিতে
"এবাহি এব," বিতীয়টিতে "এবাহি ইক্সম্," বঠে "এবা হি শক্রং" এবং "বশী হি শক্রং" এই চারিটি
পঞ্চাক্ষর যুক্ত অংশ আছে; উহাদিগকেই এছলে উপদর্গ বলা হইল। বোড়শী শক্রের বাজাামন্ত্রের
প্রত্যেক চরণে একাদশ অক্ষর। প্রত্যেক চরণের আদিতে পঞ্চাক্ষর উপদর্গ বদাইলে অক্ষরসংখ্যা
বোলটি হয়। চারি চরণের আদিতে চারিটি উপদর্গ যথাক্রমে বদাইলে যাজ্যামন্ত্রের অক্ষরসংখ্যা
চৌব্রি হয় ও বাজ্যা মন্ত্রটি ছইটি অক্টে ভের সমান হয়।

ইন্দ্র বলিলেন, কে আমার সহিত [একযোগে] এই অম্বরদিগকে এই রাত্রি হইতে অপসারিত করিবে ? কিন্তু তিনি দেবগণের মধ্যে কাহাকেও দেখিতে পাইলেন না। রাত্রির অন্ধকারকে তাঁহারা মৃত্যুর মত ভয় করিয়াছিলেন। সেই নিমিত্ত এখনও লোকে রাত্রিকালে [গৃহ হইতে] কিঞ্চিৎ বাহিরে আসিয়াই ভয় পায়; [কেননা] রাত্রি অন্ধকার এবং মৃত্যুরই মত।

কেবল ছন্দেরা ইন্দ্রের অনুগমন করিয়াছিল। সেই জন্ম ইন্দ্র এবং ছন্দোগণ [অতিরাত্র ক্রভুতে] রাত্রির কর্ম নির্বাহ করেন। [উহাতে] নিবিৎ বা পুরোরুক্ বা ধায়া বা অন্ম দেবতার উদ্দিউ শস্ত্র পঠিত হয় না। কেবল ইন্দ্রই ছন্দো-গণের সহিত রাত্রির কর্ম নির্বাহ করেন। [রাত্রিতে অনুষ্ঠিত] পর্যায়সকল দারাই তাঁহারা [যাগভূমি] পরিক্রমণ করিয়া অন্মরদিগকে নিরাক্বত করিয়াছিলেন। পর্যায়সমূহ দারা পর্যায় (পারক্রমণ) করিয়া উহাদিগকে নিরাক্বত করিয়াছিলেন, উহাই পর্যায়সকলের পর্যায়ত্ব।' প্রথম পর্যায় দারা পূর্বেরাত্র ইত্তে, মধ্যম পর্যায় দ্বারা মধ্যরাত্র হইতে ও শেষ পর্যায় দ্বারা শেষরাত্র হইতে উহাদিগকে নিরাক্বত করিয়াছিলেন।

⁽১) অভিরাত্ত বজে রাত্তিকালে তিন পর্যার অফ্টিত হয়। প্রত্যেক পর্যারে চারি বার দোমপূর্ণ চমন অফিক্ গণকে ঘূরিরা আনে। এক একবার ঘূরিরা আনিবার সময় এক এক শক্ত্র ও এক এক বালা পঠিত হয়। বাল্যান্তে সোমাহতি হয়। প্রথম পর্যারে প্রথমে হোভার, পরে মেত্রা-বরণের, পরে রাক্ষণাচহংসীর ও তৎপরে অচ্ছাবাকের চমন ঘূরিরা আনে। ঐরপ আর মুইটি পর্যায় অফুটিত হয়। চমন ঘূরিরা আনে। বিরক্তমণ করে বলিয়া উহার নান পর্যায়।

⁽২) রাত্রিকে ত্রিশ দণ্ড ধ্রির। তিন ভাগ করিলে প্রড্যেক ভাগ দশদণ্ডব্যাপী হয়। তিন ভাগে তিন প্রায় অনুষ্ঠিত হয়।

ছন্দেরা বলিয়াছিল, [অহে ইন্দ্র] আমরাই শর্বরী (রাত্রি) হইতে [অহ্নরদিগকে নিরাকৃত করিবার জন্ম] তোমার অমুগমন করিয়াছি। এই জন্মই ঐ ছন্দগুলিকে অপিশর্বর নাম দেওয়া হইয়াছে। ইন্দ্র রাত্রির অন্ধকারকে মৃত্যুর মত ভয় করিয়াছিলেন; ঐ ছন্দেরাই তাঁহাকে সেই ভয় হইতে উত্তীর্ণ করিয়াছিলেন। ইহাই অপিশর্বরের [তন্নামক ছন্দের] অপিশর্বরন্থ।

ষষ্ঠ খণ্ড অতিরাত্র

অতিরাত্রে পর্য্যায়সমূহে শস্ত্রযাজ্যাদি বিধান যথা—"পাস্ত, মা......অবরুদ্ধে"

"পান্ত মা বো অন্ধসঃ" ওই অন্ধঃ-শনযুক্ত অনুষ্ঠুভে রাত্রির শস্ত্র আরম্ভ করিবে। রাত্রি অনুষ্ঠুভের সম্বন্ধযুক্ত, সেইজন্ম উহা রাত্রির স্বরূপ।

অন্ধঃ-শব্দযুক্ত, [পানার্থক-] পীতশব্দযুক্ত, এবং [হর্ষার্থক-] মদৃশব্দযুক্ত [চারিটি] অভিরূপ ত্রিষ্টুপ্কে [প্রথম পর্য্যায়ের চারিটি চমদের] যাজ্যা করা হয়। কেননা যাহা যজ্ঞে অভি-রূপ, তাহাই সমৃদ্ধ।

⁽১) ৮।৯০।১, প্রথম পর্যারের হোড্চমস-পরিক্রমণে বে শর পঠিত হয়, এইটি তাহার প্রথম মন্ত্র।

⁽২) গায়ত্রী ত্রিষ্ট্রপ্রগতী ও অনুষ্ট্রপ্ এই চারিটি ছন্দের প্রথম তিনটি দিবসকুতা স্বনত্তরে প্রযুক্ত হয়। অবশিষ্ট অনুষ্ট্রপ্রাত্তিকালেই প্রযোজ্য।

⁽ **৬**) চারিটি বাজাসমের প্রত্যেকটিতেই উক্ত অর্থক্ররবাচক শব্দ আছে ।

যথন প্রথম পর্য্যায়ে স্তোত্রগান হয়, তখন [গেয় মস্ত্রের] প্রথম চরণ পুনরায় গৃহীত হয় (অর্থাৎ তুইবার উচ্চারিত হয়)। এর প্রকাপ করিলে অহ্ররদের যে অশ্ব ও গরু আছে, তাহা তাহাদের নিকট হইতে [কাড়িয়া] লওয়া হয় ।

যথন মধ্যম পর্য্যায়ে স্তোত্রগান হয়, তখন মধ্যম পদ পুনরায় গৃহীত হয়। ঐরপ করিলে অহ্বরদের যে শকট ও রথ আছে, তাহা তাহাদের নিকট হইতে [কাড়িয়া] লওয়া হয়।

যথন অন্তিম পর্য্যায়ে স্তোত্রগান হয়, তথন অন্তিম চরণ পুনরায় গৃহীত হয়। ঐরূপ করিলে অস্তরদের শরীরে যে বস্ত্র, হিরণ্য ও মণি আছে, তাহা [কাড়িয়া] লওয়া হয়। যে ইহা জানে, সে শক্রর ধন গ্রহণ করে ও শক্রকে সকল লোক হইতে নিরাকৃত করে।

তেহ কেহ প্রশ্ন করেন, দিবসের কর্ম প্রমানযুক্ত, রাত্রির কর্ম প্রমানযুক্ত নহে, তবে কিরূপে [দিন ও রাত্রির কর্ম] উভয়েই প্রমানযুক্ত হয় এবং কিরূপেই বা তাহারা সমানভাগযুক্ত হয় ?' [উত্তর] যেহেতু [অতিরাত্রে] 'হিন্দায় মদ্বনে স্থতম্" 'হিদং বসো স্থতমন্ধঃ" এবং 'হৈদং হস্বোজসা স্থতম্" ইত্যাদি মন্ত্রে স্তোত্রগান হয় ও শস্ত্রপাঠ হয়,তাহাতেই

⁽ ৪) স্তোত্রগানের মত শস্ত্রপাঠেও প্রথম চরণ ছইবার পঠিত হয়।

⁽৫) দিবদে অমুঠের দোমবাগে সংনত্তরে বহিপ্পবমান, মাধ্যন্দিনপ্রমান ও আর্ভবশ্বনান গীত হর। রাত্তিতে অমুঠিত অতিরাত্ত সোমবাগে প্রমান তোত্তের ব্যবহা নাই, তবে কিরুপে রাত্তিতে প্রমান না থাকিলেও প্রমানের ফল পাওয়া যার, এই প্রশ্ন।

^(#) MISSO (4) MISSO (#) MISSO 1

রাত্রিকর্ম প্রমানযুক্ত হইয়া থাকে; তাহাতেই [দিনকর্ম ও রাত্রিকর্ম] উভয়েই প্রমানযুক্ত হয় ও সমানভাগবিশিষ্ট হইয়া থাকে।

[আবার] কেহ কেহ প্রশ্ন করেন, দিনে পোনেরটি স্তোত্ত্র, কিন্তু রাত্রিতে পোনেরটি স্তোত্ত্র নাই। তাহা হইলে উভয়ে কিরপে পঞ্চদশ-স্তোত্ত্রযুক্ত হয় ও সমানভাগবিশিষ্ট হয় ? ' [উত্তর] [অতিরাত্রে] বারটি স্তোত্র আছে, তাহাদের নাম অপিশর্কর;' এতন্ব্যতীত তিন দেবতার উদ্দিষ্ট রথন্তর নামক ' সিদ্ধিস্তোত্র নারাও স্তব করা হয়''; এইরপে রাত্রি কর্মাও পঞ্চদশ-স্তোত্ত্রযুক্ত হয়; তদ্বারা উভয়েই পঞ্চদশ-স্তোত্ত্রযুক্ত হয় ও সমানভাগবিশিষ্ট হইয়া থাকে।

স্তোত্রসংখ্যা পরিমিত (সীমাবদ্ধ), কিস্তু তদনন্তর পঠিত শস্ত্রসংখ্যার কোন পরিমাণ নাই। ^২ যাহা অতীত, তাহা পরি-মিত ; যাহা ভবিষ্যৎ, তাহা অপরিমিত লাভের আশা করে। স্তোত্র (অর্থাৎ তদন্তর্গত মন্ত্রসংখ্যা) অতিক্রম করিয়া [বহুতর] মন্ত্র [হোতা শস্ত্রমধ্যে] পাঠ করেন। প্রজা এবং পশুও

^{(&}gt;) অগ্নিষ্টোমে বার ও উক্ধ্যে তদভিবিক্ত তিন, এক্ষোগে দিনকর্প্মে পোনের স্তোত্ত

⁽১০) প্রতি পর্যারে চারিবার দোমাছতি, শব্রপাঠ ও ন্তোত্রগান হর। অভএব তিন পর্যারে বার্ম্ট ন্তোত্র।

⁽১১) রাজিশেবে স্বাোনরের পূর্বে সন্ধিন্তোত্ত হয়। দিবারাত্ত্রের সন্ধিন্তলে গীত হয় বলিরা উহার নাম সন্ধিন্তোত্ত। ঐ তোত্তে হরটি মত্র (সামসংহিতা ২০৯৯—১০৪)। ছুইটি অগ্নির, ছুইটি উবার ও ছুইটি অগ্নিন্তরের উদ্দিষ্ট। রথস্তর সাম বে নিয়মে গীত হয়, এই পুঠবোত্তেও সেই নির্মে গীত হইরা থাকে।

⁽১২) ভোত্রগত ভোষ কবল চারিপ্রকার,—ত্রিবৃৎ, পঞ্চদশ, সপ্তদশ, ও একবিংশ। তদতিরিক্ত ভোষ নাই। কিন্ত ভোত্রাভে বে শত্র পাঠ হয়, তাহাতে মন্ত্রসংখ্যার কোন সীমা বিশ্বিষ্ট নাই। ভোত্রে যত মন্ত, শত্রে পঠিত মন্ত্র তাহা অপেকা অধিক হইতে পারে।

আপনাকে অতিক্রম করে। ' দেইজন্ম এই যে স্তোত্ত অতিক্রম করিয়া শস্ত্র পঠিত হয়, এতদ্বারা যাহা (প্রজা ও পশু) আপ-নাকে অতিক্রম করে, তাহাই লব্ধ হইয়া থাকে।

मखनग जशांत्र

প্রথম খণ্ড অভিরাত্র

অভিরাত্তে রাত্রিপর্য্যায়ের পর আধিনশস্ত্র পঠিত হয়, তৎসম্বদ্ধে আধ্যায়িকা
ও বিধান—"প্রজাপতি বি……এবং বেদ"

একদা প্রজাপতি সাবিত্রী ' সূর্য্যা নাম্মী ছহিতাকে রাজা সোমের উদ্দেশে সম্প্রদানার্থ উত্যত হইয়াছিলেন। দেবগণ তাঁহাকে পাইবার জন্ম বর হইয়া আসিয়াছিলেন। প্রজা-পতি এই [ঋক্-] সহস্রকে সেই কন্মার বহুতু করিয়াছিলেন। ঐ মন্ত্রসহস্রকে আধিন শস্ত্র বলা হয়। যাহাতে ঋক্সংখ্যা সহস্রের ন্যুন, তাহা আধিন শস্ত্র নহে। সেইহেতু সেই সহস্র মন্ত্র, অথবা তাহারও অধিক, পাঠ করিবে।

⁽ ১০) অর্থাৎ এক মনের বছ পুত্র ও বছ পশু থাকিতে পারে।

⁽১) সাবিত্রী সবিতার কলা। সবিতার কলা হইলেও প্রস্তাপতি গ্রেছবলতঃ ওাহাকে আপন ছহিতা মনে করিতে টু (সারণ)।

⁽২) বছন খনে বিশ্বাহ। বিবাহে মালল্যার্থ বরের সন্মুখে বে হরিল্লাগুড়ানি মল্লন্তব্য ছাশিভ হর, তাহার দাম বহড়ু।

ন্বত ভক্ষণ করিয়া [আশ্বিন শস্ত্র] পাঠ করিবে। গাড়ী অথবা রথ [চাকাতে] তৈলাক্ত করিয়া যেমন চালান হয়, হোতাও সেইরূপ ন্বতাক্ত হইয়া [শস্ত্রপাঠ] আরম্ভ করিবেন। উৎপতনোমুখ শকুনির (পক্ষীর) মত [অবস্থিত হইয়া] আহাব পাঠ করিবে।

এই [আখিন শস্ত্র] আমার হউক, ইহা আমার হউক, এই বিলয়া দেবগণ [পরস্পর বিবাদ করিয়া] কেহই তাহা লাভ করিতে পারেন নাই। তখন তাহা পাইবার জন্ম দন্ধি করিয়া দেবগণ বলিলেন, আমরা ভমাজিধাবন করিব; বৈ আমাদের মধ্যে জয় লাভ করিবে, এই শস্ত্র তাহারই হইবে। এই বলিয়া তাঁহারা গৃহপতি অমি হইতে আদিত্য পর্যান্ত [ধাবনের] সীমা স্থির করিলেন। সেইজন্ম "অমির্হোতা গৃহপতিঃ স রাজা" এই অমিদৈবত মন্ত্র আখিন শস্ত্রের প্রতিপৎ (আরন্তের মন্ত্র) হইয়া থাকে।

এ বিষয়ে কেহ কেহ বলেন, "অগ্রিং মন্সে পিতরমগ্রিমা-পিম্" এই মস্ত্রে আশ্বিন শস্ত্র আরম্ভ করিবে। [তাহা হইলে] "দিবি শুক্রং যজতং সূর্য্যস্তু" এই [চতুর্থ] চরণ পাঠেই প্রথম

⁽৩) "ধণা পক্ষী পদ্ধাং ভূমিং দৃঢ়মবট্টতা উৎপতিব্যন্ উর্দ্ধন্থোৎপতনং কর্ত্ত্রিচ্ছন্ পক্ষান্তর-মন্তিলক্ষ্য ধ্বনিং করোভি, এবমনৌ হোতা তদাকারং ঘটনং কুর্বন্ আহাবং পঠেৎ" (সারণ)। লাখিন শল্কের পূর্বে আহাবেব সময় হোতা ঐক্সপে উপবিষ্ট হইবেন।

^(8) পণ রাখিরা দৌড়ানর নাম আঞ্জিধাবন।

⁽ e) গার্হপত্য অগ্নির নিকট হইতে আরম্ভ করিরা আদিত্যের নিকট পর্যান্ত দৌড়ান হইবে, এই ছির হইল।

^{(6) 4136130 1 (4) 3.1101}

ঋক্ ছারাই ধাবনের সীমা পাওয়া যায়। কিন্তু এই মত আদরণীয় মহে। কেননা, সে স্থলে যদি কেহ আসিয়া হোতাকে শাপ দেয়, এই হোতা অগ্নির নাম করিয়া আরম্ভ করিয়াছে, ঐ ব্যক্তি অগ্নিকেই পাইবে (অগ্নিতে দগ্ধ হইবে), তাহা হইলে অবশ্য তাহাই ঘটে। সেইজন্য "অগ্নির্হোতা গৃহপতিং স রাজা" এই মন্ত্রেই আরম্ভ করিবে। এই মন্ত্র গৃহপতি-শব্দযুক্ত ও প্রজনার্থক-শব্দযুক্ত ও শান্তিগুণ-সম্পন্ন। ইহাতে হোতা পূর্ণায়ু হয় এবং পূর্ণ আয়ু ঘটে। যে ইহা জানে, সে পূর্ণ আয়ু লাভ করে।

দ্বিতীয় খণ্ড

অতিরাত্র

আনিন শস্ত্র সম্বন্ধে আখ্যায়িকার অবশিষ্ট ভাগ—"তাসাং বৈ.....এবং বেদ"
আজিধাবনে প্রবৃত্ত হইলে সেই দেবতাদের মধ্যে অগ্নি
অগ্রণী হইয়া প্রথমে চলিলেন। অশ্বিদ্ধয় তাঁহার পশ্চাতে
চলিয়া তাঁহাকে বলিলেন, তুমি সরিয়া যাও, আমরা এই শস্ত্র জয় করিয়া লইব। অগ্নি বলিলেন, তাহাই হইবে, তবে আমারও এই শস্ত্রে ভাগ রহুক। তাহাই হউক বলিয়া

⁽ ৭) ধাবনের শেষদীমা আদিত্য বা স্থা। চতুর্বচরণে স্থোর দাম থাকার ঐ প্রথম সক্রেই আজিধাবন সমাপ্ত হইতে পুরির। কেননা ধাবনেরও শেব সীমা স্থা।

⁽ ৮) "विश्वा त्वर खनियां अंजिर्द्याः" এই विजीत्रहत्वरंग जननार्थ अनियां नक बारह ।

শবিষয় অগ্নিকেও ইহাতে ভাগ দিয়াছিলেন। এই জন্ম শাবিন শস্ত্রে অগ্নির উদ্দিষ্ট কাণ্ড পঠিত হয় '।

অধিবয় উষার পশ্চাতে চলিয়া তাঁহাকে বলিলেন, তুমি সরিয়া যাও, আমরা এই শস্ত্র জয় করিয়া লইব। উষা বলি-লেন, তাহাই হইবে, তবে আমারও ইহাতে ভাগ রহক। তাহাই হউক বলিয়া অধিবয় উষাকেও ইহাতে ভাগ দিয়া-ছিলেন। সেইজন্ম আধিন শস্ত্রে উষার উদ্দিষ্ট কাণ্ড পঠিত হয়।

তাঁহারা ইন্দ্রের পশ্চাতে চলিয়া তাঁহাকে বলিলেন, অহে
মঘবা, আমরা ইহা জয় করিয়া লইব। তুমি সরিয়া যাও,
একথা ইন্দ্রকে বলিতে তাঁহারা সাহস করেন নাই। ইন্দ্র
বলিলেন, তাহাই হইবে, তবে আমারও ইহাতে ভাগ রহুক।
ভাহাই হউক বলিয়া তাঁহারা ইন্দ্রকেও ইহাতে ভাগ দিলেন।
সেই জয় আখিন শস্ত্রে ইন্দ্রের উদ্দিষ্ট কাও পঠিত হয়।

অতঃপর অখিদর সেই আজিতে জয় লাভ করিলেন ও সেই
শব্রে ব্যাপ্ত হইলেন। যেহেতু অখিদয় ইহাতে জয় লাভ
করিয়াছিলেন, ও ইহাতে ব্যাপ্ত হইয়াছিলেন, সেই হেতু
ইহাকে আখিন শব্র বলা হয়। যে ইহা জানে, সে যাহা
যাহা কামনা করে, তাহাই প্রাপ্ত হয়।

এ বিষয়ে [ব্রহ্মবাদীরা] প্রশ্ন করেন, যথন অগ্নির উদ্দিষ্ট, ঊষার উদ্দিষ্ট, ইন্দের উদ্দিষ্ট মন্ত্র সকল পাঠ করা হয়,

⁽১) আখিনশল্পের আন্তর্গত বহু মন্ত্রের মধ্যে বেগুলি অগ্নির উদ্দিষ্ট, তাহাই আগ্নের-কাও। আখিনশল্প মুখ্যতঃ অধিবরের উদ্দিষ্ট হইলেও অস্ত দেবতাদের উদ্দিষ্ট মন্ত্র কিব্রুণে স্থান গাইল, ভারাই বেখান হইডেছে।

তথন ইহার নাম আখিন কিরূপে হইল ? [উত্তর] অখিদ্বয়ই বস্তুতঃ ইহা জয় করিয়াছিলেন, অখিদ্বয়ই ইহাতে ব্যাপ্ত হইয়াছিলেন, সেই হেতু ইহাকে আখিন বলা হয়। যে ইহা জানে, সে যাহা যাহা কামনা করে, তাহাই প্রাপ্ত হয়।

তৃতীয় খণ্ড অভিয়াত্র—আশ্বিন শস্ত্র

আখিন শস্ত্র সম্বন্ধে অন্তান্য কথা—"অশ্বতরী রথেন· · · যজমানার চ"

অগ্নি অর্থতরীযুক্ত রথে আজিধাবন করিয়াছিলেন; সেই অশ্বতরীদিগকে বেগে চালনা করিতে গিয়া অগ্নি তাহাদের যোনিদেশ দগ্ধ করিয়া ফেলিয়া দিট্টি দুন, সেই জন্ম অশ্বতরীরা সন্তানোৎপাদন করিতে পারে না।

উষা অরুণবর্ণ গোসকল দারা 'মাজিধাবন করিয়াছিলেন। সেই জন্ম উষা আগত হইলে উষার রূপ অরুণপ্রভাযুক্ত হয়।

ইন্দ্র অশ্বযুক্ত রথে আজিধাবন করিয়াছিলেন। সেই রথে উচ্চ শব্দ হইয়াছিল। সেই জন্ম ক্ষত্রিয়ের রূপও সেই-রূপ; ইন্দ্রেরও সেইরূপ [শব্দ]।

অধিষয় গর্দভযুক্ত রথে চলিয়া জয় লাভ করিয়াছিলেন ও ব্যাপ্ত হইয়াছিলেন। অধিষয় জয় লাভ করিয়াছিলেন ও ব্যাপ্ত হইয়াছিলেন; সেই হেডু (আজিধাবনে অতি পরিশ্রম হেডু)

⁽১) ক্ষত্রিয়ের রথের আগে আগে ভৃত্তোরা শব্দ করিতে করিতে যায়। ইল্রের সহিত শব্দরিশিবের যুদ্ধকালেও মহাশব্দ হইয়াছিল। (সারণ)।

গর্দ্ধভ বেগহীন ও ছ্ক্ষহীন ও সকল বাহনের মধ্যে অপ্লবেগ হইয়াছে। কিন্তু অখিদ্বয় তাহার রেতোবীর্য্য হরণ করেন নাই, সেই জন্ম সেই বাজী (গতিশীল) গর্দ্ধভ দিরেতোবিশিষ্ট (গর্দ্ধভ ও অশ্বতর উভয়ের উৎপাদনে সমর্থ)।

এ বিষয়ে [ব্রহ্মবাদীরা] বলেন, অগ্নির, উষার, অশ্বিদ্বয়ের উদ্দেশে যেমন [সাত ছন্দের মন্ত্র পাঠ] হয়, সেইরূপ সূর্য্যের উদ্দেশেও সাত ছন্দ পাঠ করিবে; কেননা দেবলোক সাতটি; উহাতে সকল দেবলোকেই সমৃদ্ধিলাভ ঘটে। কিন্তু এই মত আদরণীয় নহে। তিনটি মাত্র [ছন্দ] পাঠ করিবে। কেননা লোক তিনটি ও বিবিধ; এরূপ করিলে এই [তিন] লোকেরই জয় ঘটে।

এ বিষয়ে কেহ কেহ বলেন, "উত্ত্যং জাতবেদসং" এই মন্ত্রে সূর্যদৈবত কাণ্ড গরিস্ক করিবে। কিন্তু এই মত আদরশীয় নহে। [আজিধাবনে] লোকে শেষ সীমার নিকট পর্যান্ত
শিয়াও স্থালিত হইতে পারে; উহাতেও সেইরূপ ঘটে।
"সূর্য্যো নো দিবস্পাতু" এই মন্ত্রে সূর্য্যের উদ্দিষ্ট কাণ্ড
আরম্ভ করিবে; [আজিধাবনে] চলিয়া শেষ সীমায় [নির্বিদ্রে]
যেমন পোঁছান যায়, ইহাতেও সেইরূপ হয়। [তৎপরে]
"উত্ত্যং জাতবেদসম্" ইত্যাদি দিতীর সূক্ত পাঠ করিবে।
তৎপরে "চিত্রং দেবানামুদগাদনীকম্" এই ত্রিষ্টুপ্ ছন্দের

^(3) yle'-17 l

⁽৩.) দশমসভালের ১০৮ বৃদ্ধি পাঠ বিহিত। এ ক্যান্তব্য এটি ধার্থস ময়। এই ক্যান্তব্য দশ্য পায়নী।

⁽३) > मधन । यह एएकत्रव इन नांत्रको । (६) > मधन >> स्वा

সূত্তে ঐ আদিত্যকেই দেবগণের চিত্র (রূপ) বলা হইতেছে, এবং তিনিই উদিত হইজেছেন; অতএব [তৎপরে] এই সূত্রু পাঠ করিবে। [তৎপরে] "নমো মিত্রস্ত বরুণস্ত চক্ষসে" ইত্যাদি জগতী ছন্দের সূত্রু পাঠ করিবে; উহাতে আশীর্বাচক যে পদ আছে, তদ্বারা হোতা নিজের জন্ম ও যজমানের জন্ম আশিষ্ প্রার্থনা করেন।

চতুৰ্থ খণ্ড

অতিরাত্র—আখিন শস্ত্র

"ইন্দ্র ক্রতুং ন আভর" — হৈ ইন্দ্র, আমাদের ক্রতু আনয়ন কর— ইত্যাদি ইন্দ্রদৈবত প্রগাথ পাঠ করা হয়। [এই মন্ত্রের দিতীয়ার্দ্ধ] "শিক্ষা গো অস্মিন্ পুরুহুত যামনি জীবা জ্যোতির-শীমহি"—অহে পুরুহুত (ইন্দ্র), আমাদিগকে এই [অতিরাশ্ধ]

^(।) ১০ মগুল ৩৭ স্কু।

^{(2) 1051501}

নিয়মে শিক্ষা দাও, যেন আমরা জীবিত থাকিয়া জ্যোতিঃ প্রাপ্ত হই—এন্থলে জ্যোতিঃ শব্দে ঐ [সূর্য্য] অতএব [এই মস্ত্র ইন্দের উদ্দিন্ট হইলেও] ইহাতে সূর্য্যকে অতিক্রম করা হইল না। যেহেতু উক্ত মন্ত্র প্রগাথরূপে পঠিত হইলে বহতীর তুল্য হয়, অতএব উহ্নী পাঠে বহতীকেও অতিক্রম করা হয় না'।

তিৎপরে অন্য প্রগাথ] "অভি ত্বা শূর নোকুমঃ" ইত্যাদি রথন্তর সামের উৎপাদক মন্ত্র [প্রগাথ রূপে] পাঠ করিবে। অতিরাক্ত্র উদ্গাতারা] রথন্তর-সামসাধ্য সন্ধিন্তোত্রে আখিন শন্তের জন্ম ন্তব করেন। এই যে রথন্তরের উৎপাদক মন্ত্র প্রিত হয়, ইহাতে রথন্তরের সমান স্থান প্রাপ্তি ঘটে। [ঐ খাকের তৃতীয় চরণে] "ঈশানমস্য জগতঃ স্বদূ শম্" এন্থলে "স্বদূ শম্" পদে ঐ সূর্য্যকে বুঝাইতেছে, অতএব এই মন্ত্র পাঠে সূর্য্যকেও অতিক্রম করা হয় না। যেহেতু এই প্রগাথ বহুতী-তুল্য হয়, অতএব ইহাতে রহতীরও অতিক্রম হয় না।

তিৎপরে] "বহুবঃ সূরচক্ষদঃ" ইত্যাদি মিত্রাবরুণোদ্দিষ্ট প্রগাথ পাঠ করা হয়। দিনই মিত্রস্বরূপ ও রাত্রি বরুণস্বরূপ;

^{ে (}২) এই প্রপাণে তুইটি মন্ত্র আছে; তুইটিকে গাঁথিয়া তিনটি বৃহতীতে পরিণত করা হয়।
প্রথম মন্ত্রটির চারিচরণে ছাত্রিশ অক্ষর আছে; উহা স্বভাবতঃ বৃহতী। বিতীয় ঋক্ বৃহতী নহে,
কিন্তু উহার প্রথমার্দ্ধে ও বিতীয়ার্দ্ধে বিশটী করিয়া অক্ষর আছে। প্রথম স্ক্ষের শেব চবণের
আটে অক্ষর তুইবার পাঠ করিলে ধালে অক্ষর হয়। এই বোল অক্ষরের সহিত বিতীয় ঋকের
প্রথমার্দ্ধ বোগে ছাত্রিশ ও বিতীয়ার্দ্ধ বোগে ছাত্রিশ, এইরূপে তুইটী বৃহতী গাঁথা হয়।

⁽७) १।७२।२२।

^(8) স্বৰ্গলোকে দৃশ্যমানম্।

^{(.) 916612 . 1}

যে অতিরাত্র অনুষ্ঠান করে, সে দিন ও রাত্রি উভয়ের উদ্দেশেই ক্রতু আরম্ভ করে। এই যে মিত্রাবরুণের উদ্দিষ্ট প্রগাথ পাঠ করা হয়, ইহাতে যজমানকে অহোরাত্রেই প্রতি-ষ্ঠিত করা হয়। [এ মস্ত্রে] "সূরচক্ষসে" এই পদ থাকায় সূর্য্যকে অতিক্রম করা হয় না এবং এই প্রগাথ রহতীতুল্য হওয়ায় রহতীরও অতিক্রম হয় না।

তিৎপরে] "মহী জোঃ পৃথিবী চ নঃ" তথা "তে হি ভাব্যাপৃথিবী বিশ্বশংভুব" ' এই ছই দ্যাবাপৃথিবীর উদ্দিষ্ট মন্ত্র পাঠ করা হয়। ভাবাপৃথিবী প্রতিষ্ঠাস্বরূপ; ইনি (পৃথিবী) ইহলোকে ও উনি (জোঃ) ঐ লোকে প্রতিষ্ঠা। এই যে ভাবাপৃথিবী-দৈবত মন্ত্রদ্বয় পাঠ করা হয়, ইহাতে যজনানকে প্রতিষ্ঠাতেই (আশ্রয়েই) প্রতিষ্ঠিত করা হয়। [দ্বিতীয় ঋকে] "দেবো দেবী ধর্মাণা সূর্য্যঃ শুচিঃ" এই [সূর্য্য-শন্দযুক্ত] চরণ আছে, সেইজন্য সূর্য্যকে অতিক্রম করা হইল না। আর প্রথম ঋক্) গায়ত্রী আর [দ্বিতীয় ঋক্] জগতী ; ভাহারা উভয়ে ছুইটি রহতীর সমান; অতএব রহতীরও অতিক্রম হইল না।

[তৎপরে] "বিশ্বস্থা দেবী মৃচযস্থা জন্মনো ন যা রোষাজি ন গ্রাভং"—সকল গতিশীল প্রাণীর জন্মের দেবী (স্বামিনী) যে [নিশ্বতি নাম্মী] দেবতা আছেন, তিনি আমাদের উপর

⁽७) अवसात्रका

^{(9) 3|34-|3 |}

⁽৮) গান্নতীর ২৪ ও জগতীর ৪৮ উভরে মিলিয়া ৭২ অক্ষর; বৃহতীর ৩৬ অক্ষর, অতএব গান্নতী ও জগতী একবোগে ছই বৃহতীর সমান।

र्यन त्रिय में। करत्रन या जामानिगरक खंदग ना करत्रन धेर बिभानयुक्त क्षक् भार्ठ कता इस । এই यে जाबिन शञ्ज, देशांक চিতাকার্চযুক্ত স্থানের (শাশানের) মত [ভয়জনক] বলা হয়। হোতা যথনই [শস্ত্রপাঠ] সমাপ্ত করিবেন, তখনই তাঁহার অভিমুখে [বন্ধনার্থ] পাশ মোচন করিব, এই উদ্দেশে পাশহন্তা নিশ্বতি তৎসমীপে উপস্থিত থাকেন। সেইজয় (নিশ্ব তির পাশ হইতে ত্রাণার্থ) ব্রহস্পতি "ন যা রোষাতি ন আঙ্ তিনি যেন রোষ না করেন, তিনি যেন গ্রহণ (বন্ধন) मा করেন—ঐ দ্বিপাদযুক্ত ঋক্ দেখিয়াছিলেন। এইরূপে **দেই মন্ত্র** দ্বারা রহস্পতি পাশহস্তা নিঋতির অধোমুখে লম্বমান পাশ নিরাক্বত করিয়াছিলেন। হোতা এই যে দ্বিপাদ মন্ত্রটি পাঠ করেন, এতদারাও তিনি পাশহস্তা নিশ্বতির অধােমুখে লম্মান পাণ নিরাকৃত করিয়া থাকেন। এইরূপে স্বস্তিতেই হোতা [পাশ হইতে] উন্মুক্ত হন ও পূর্ণায়ু হইয়া পূর্ণায়ু नां करतन। य देश जात्न, तम পूर्व चायु नांच करत। धे মন্ত্রের "মুচয়স্য জন্মনঃ" এস্থলে সূর্য্যই গমন কয়েন বলিয়া [গতিবাচক মুচয় শব্দের] লক্ষ্য ; এইজন্ম এই মস্ত্র পাঠে সূর্য্যকে অতিক্রম করা হয় না। আর এই মত্রে ছুই চরণ ধাকায় ইহা পুরুষসদৃশ-ছদ্দোযুক্ত[>] ; এইরূপে উহা সকল ছন্দকেই ব্যাপ্ত করে; এইজন্ম রুহতীরও অতিক্রম হর না।

⁽a) এই বাদ্ধণোক্ত বকু সংক্তি। মধ্যে সাই।

^{(&}gt;) त्कनना श्रुक्तरत्रक इरे हत्र ।

পৃঞ্চম খণ্ড অভিরাত্র—আখিন শস্ত্র

আখিন শক্ষের সমাপ্তি—"ব্রাহ্মণস্পত্যা · · · · ইত্যেতাভ্যাম্"

ব্রহ্মণস্পতি-দৈবত মন্ত্রে ' আশ্বিন শস্ত্র সমাপ্ত করা হয়। র্হস্পতিই ব্রহ্ম, এতদ্বারা যজমানকে শস্ত্রান্তে ব্রহ্মেই প্রতি-ষ্ঠিত করা হয়। প্রজাকামী ও পশুকামী "এবা পিত্রে বিশ্বদেবায় রুষ্ণে" বৈ মন্ত্রে সমাপ্ত করিবে। কেননা "রুহ-। স্পতে স্থপ্রজা বীরবন্তঃ" এই [তৃতীয় চরণ] পাঠে প্রজাদারা স্থসন্তানযুক্ত ও বীরযুক্ত হইবে। [তদ্যতীত চতুর্থ চরণ] "বয়ং স্থাম পতয়ো রয়ীণাম্" থাকাতে যে স্থলে ইহা জানিয়া ঐ মন্ত্রে সমাপ্ত করা হয়, সেখানে যজমান প্রজাবান পশুমান্ রয়িমান্ (ধনবান্) ও বারবান্ হইয়া থাকে। তেজস্কামী ও 'ব্রহ্মবর্চ্চসকামী—''রহস্পতে অতি যদর্যেনা অর্হাৎ"[°] এই মন্ত্রে সমাপ্ত করিবে; তাহাতে অন্তকে অতিক্রম করিয়া ব্রহ্মবর্চ্চস্ লাভ করিবে। [ঐ মস্ত্রের দ্বিতীয় চরণে] যে "ছ্যুমৎ" আছে, উহা পাঠে ব্ৰহ্মবৰ্চসই "হ্যুমৎ" (দীপ্তযুক্ত) হইয়া বিশেষরূপে প্রকাশ পায়; কেননা ব্রহ্মবর্চ্চসই বিশেষরূপে প্রকাশ পাইয়া থাকে। [তৃতীয় চরণের] "যদীদয়চ্ছবদ ঋত প্রজাত" এম্বলেও ব্রহ্মবর্চ্চনই "দীদয়ৎ" (দীপ্তিযুক্ত)। [চতুর্ধ চরণের] ''ভদ স্মাস্থ দ্রবিশং ধেহি চিত্রম্" এস্থলেও ব্রহ্মবর্চ্চস-

⁽ ২) "বৃহস্পতে ক্তি বদ্ধাঃ" ইত্যাকি মর।

⁽४) शब्द-१७ । (७) शर्यारहा

কেই চিত্র (বিচিত্র) বলা হইল। যে স্থলে ইহা জানিয়া এই মন্ত্রে সমাপ্ত করা হয়, সেম্থলে যজমান ব্রহ্মবর্চসমুক্ত ও ব্রহ্ম-যশোযুক্ত হইয়া থাকে। সেইজন্ম ইহা জানিয়া ঐ মন্ত্রেই সমাপ্ত করিবে।

ঐ মন্ত্র ব্রহ্মণস্পতি-দৈবত, সেইজন্য উহাতে সূর্য্যকে অতিক্রম করা হয় না। আর যেহেতু ঐ [শস্ত্রসমাপ্তিতে পঠিত] ক্রিফুপ্ তিনবার পাঠ করা হয়, তাহাতে উহা [বহু-অক্ষরযুক্ত হওয়ায়] সকল ছন্দকেই ব্যাপ্ত করে; কাজেই বৃহতীকেও অতিক্রম করা হয় না।

একটি গায়ত্রী মন্ত্রের ও একটি ত্রিষ্টুপ্ মন্ত্রের [যাজ্যা] দ্বারা বষট্কার করিবে; কেননা গায়ত্রীই ত্রহ্ম আর ত্রিষ্টুপ্ বীর্যা। এতদ্বারা ত্রহ্মের (ত্রাহ্মণধর্মের) সহিত বীর্যাকে মিলিত করা হয়। যে স্থলে ইহা জানিয়া "অখিনা বায়ুনা মুবং স্থদক্ষ" এবং "উভা পিবতমখিনা" এই ত্রিষ্টুপ্ দ্বারা ও গায়ত্রী দ্বারা বষট্কার হয়, সেম্বলে যজমান ত্রহ্মবর্জসম্প্রাধ্যাযুক্ত ও বীর্যাবান্ হয়।

[অথবা] একটি গায়ত্রী ও একটি বিরাট্ মন্ত্রদারা বষট্কার করিবে। কেননা গায়ত্রীই ব্রহ্ম ও বিরাট্ অম। এতদ্বারা অমকে ব্রহ্মের সহিত মিলিত করা হয়। যেন্থলে ইহা জানিয়া গায়ত্রী দ্বারা ও বিরাট্ দ্বারা বষট্কার হয়, সে

⁽ ৪) "ত্তিঃ প্রথমাং ত্রিক্ত্রনান্" এই বিধিমতে শব্রদমান্তির মন্ত্র তিনবার পঠনার।

⁽ e) ''উন্তা পিৰতমখিনা" এই গায়ত্ৰী (১।৪৬।১৫) আখিন শল্পের প্রথম যান্সা।

⁽৬) "অধিনা বায়্না যুবন্" এই ত্রিষ্টুপ্ (৩/৪৮/৬) আধিনশল্লের বিতীয় যাজা। যাজাানমেই ববট্কার হয়।

শ্বলে যজমান জ্রানাবর্চন মৃত্ত ও জ্রান্মশোযুক্ত হয় ও জ্রান্মণের ভক্ষণযোগ্য অন্ধ ভোজন করিতে পায়। সেইজন্ম ইহা জ্ঞানিয়া 'প্র বামস্কাংসি মদ্যান্মস্কুঃ'' এই [বিরাট্] ও 'উভা পিবত-মশ্বিনা' [এই গায়ত্রা] এতত্ত্ত্য দ্বারা বষট্কার করিবে।

ৰত থণ্ড

গৰাময়ন সত্ৰ-চতুৰ্বিবংশাহ

জ্যোতিটোনের চারিটি সংস্থা স্পন্নিটোন, উক্থা, বোড়শী ও অতিরাত্তের বিষয় বির্ত হইল। প্রন সংবংসরব্যাপী প্রাময়ন সত্রের বিষয় বলা হইবে। সংবৎসরে ৩৬০ দিন; প্রক্রেক দিনে উক্ত চারিটি সংস্থার মধ্যে কোন এক সংস্থায়মী সোম-প্রয়োগ বিহিত হয়। সত্রের প্রথম দিনে অতিরাত্র বিহিত। প্রদিনের নাম চতুর্বিংশ। সে দিন সোমপ্রয়োগে চতুর্বিংশ নামক স্তোম গীত হয়, সেইজস্ত ঐ দিনের অমুষ্ঠানের নাম চতুর্বিংশ। পূর্বদিনের বিহিত অতিরাত্র উপক্রমণিকানার, চতুর্বিংশ লইয়াই সত্রের প্রকৃত আরম্ভ, এইজস্ত এই অমুষ্ঠানের অপর নাম অারস্তরীয়। তাওাব্রাহ্মণ মতে ইহার নাম প্রায়ণীয়।

অমুঠান প্ৰথম দিনে বিহিত অভিনাত বিতীয় দিনে চড়ুৰ্বিংশ (আন্ন**ত**ীৰ)

ভৎপরে পাঁচ মাস ব্যাণিরা ২৫ টি বড়হ—প্রতিমাসে পাঁচ বড়হ —৫ টি অভিপ্রব বড়হ • ১ টি পুঠা বস্কুছ এইরুপে পাঁচমাসে

^{(1) 9144121}

^{(&}gt;) বিষুব দিবস সংবৎসরকে তুই সমান ভাগে বিভক্ত করে; তৎপূর্বে ১৮০ দিন ও তৎপরে ১৮০ দিন। পূর্ববর্তী ১৮০ দিনে বে প্রথাসুসারে সোমপ্ররোগ হর, পরবর্তী ১৮০ দিনে ভাহার বিপরীতক্রমে সোমপ্ররোগ বিহিত। অর্থাৎ সংবৎসরের শেষার্ক্ক যেন প্রথমার্কের আকুক্কপ্রপাত প্রতিবিশ্বস্করণ। বথা :—

চ'হুৰ্বিংশ সম্বন্ধে বিধান যথা—"চতুৰ্বিংশমেতং....এব সাাৎ"

চতুর্বিংশ দিবদে আরম্ভণীয়ের অনুষ্ঠান করিবে। এতদারা সংবৎসরের (সংবৎসরব্যাপী গবাময়ন সত্তার) আরম্ভ
হয় ও এতদ্বারা [উদ্গাত্গীত] স্তোমসকলের ও [হোত্পঠিত] ছন্দসকলেরও আরম্ভ হয়। এতদ্বারা [তত্তমস্ত্রোনিউ] দেবতাগণের [হোমণ্ড] আরম্ভ হয়। এই দিনে
আরম্ভ না হয়, সে ছন্দও অনারম্ভ থাকে ও সেই

```
ৰি ভিনট অভিগ্নৰ বড়হ ও একটি পৃষ্ঠা বড়হ একৰোগে ৪ বড়হ
 ৰুখনে অভিজিৎ
एर्नेस्स किन जिन खत्रंगाम
७९পরে মুধ্যবর্জী বিধুব দিবস ( এই দিন ৩১٠ দিনের অন্তর্গত নছে )
পুনরায় ভিন দিন স্বর্গাম
তৎপরে বিশ্বজিৎ ( অভিজ্ঞিতের অমুরূপ )
ভৎপরে ১ পুটা বড়হ ও ৩ অভিপ্রব বড়চ একবোণে ৪ বড়হ
কংপরে চারিমাস বাণিয়া ২০ বড়হ, প্রতিমাসে ১ পৃষ্ঠা বড়হ ও চারি অভিপ্লব বড়হ
                                                                              ١٤٠
     এইরূপে চারিমাসে
ভৎপরে ৩ অভিপ্লব দড়হ
        গোষ্টোম
         আয়ুষ্টোম
         দশরাত্র
ভংপরে মহাব্রত (চতুর্বিংশের অকুরূপ)
শেষ দিনে অভিরাত্র
```

উপর্গণিরি তিন দিনে সোমপ্রটোগ বিহিত হইলে তাহায় নাম আহ ; প্রথম দিনে জ্যোতিটোন, বিশিষ্টার দিনে গোটোন, তৃতীর দিনে আয়ুটোন। জ্যোতি:, গো, আয়ু:, গো, আয়ু:, জোতি:, এই ফ্রমে ছয় দিনে বিহিত সোমপ্রয়োগের নাম বড়হ। যে বড়হে পৃষ্ঠ্য স্থোত্র মাধ্যন্দিন সবনে দীত হয়, তাহার নাম পৃষ্ঠ্য বড়হ : তভ্তির বড়হের নাম অভিমাব বড়হ। চারিটি অভিমাব ও একটি পৃষ্ঠ্য বড়হে সমুদ্রে ত্রিশ দিন অর্থাৎ একমাস অতীত হয়। [আদিতীনাময়ন নামক সত্রে পৃষ্ঠ্য বড়হে নাই, উহাতে প্রতিমাসে পাঁচটি অভিমাব বড়হ বিহিত]

(২) অভিরাত থারা প্রামরনসভের উপক্রম ধরিয়া তৎপর দিনে সভের আরম্ভ হয় ৷ এইলভ

দেবতাও অনারৰ থাকেন। ইহাই আরম্ভণীয়ের আরম্ভণীয়ত্ব।
[এই দিন] চতুর্বিংশ স্তোম বিহিত হয়; ইহাই চতুর্বিংশের
চতুর্বিংশত্ব। [সংবৎসর মধ্যে] অর্দ্ধমাস চবিবশটি; এইরূপে
অর্দ্ধমাস ক্রমেই সংবৎসরের আরম্ভ হয়।

[এই দিন] উক্থা [তন্ধামক জ্যোতিষ্টোম-সংখ্যা ক্রুত্ব] প্রযুক্ত হয়; উক্থ-সকল পশুস্বরূপ; এতদ্বারা প্র লাভ ঘটে। তাহাতে পোনেরটি স্তোত্র ও পোনের বিহিত; তাহা [একযোগে] এক-মাস-স্বরূপ; ইহান মাসক্রমেই সংবৎসর [সত্রের] আরম্ভ হয়। াহাতে কিন শত ষাটি স্তোত্রিয় ঋক্ আছে। সংবৎসরের দিনও ততগুলি; এতদ্বারা দিনক্রমেই সংবৎসর [সত্রের] আরম্ভ হয়।

কেহ কেহ বলেন, এই দিনে অগ্নিষ্টোম প্রযুক্ত হইবে।
কেননা অগ্নিষ্টোমই সংবৎসর, অগ্নিষ্টোম ভিন্ন অন্য [ক্রন্তু]
এই দিনকে ধারণ করিতে পারে না এবং ইহাকে বিবিক্ত (সকল
স্মৃষ্ঠান পৃথক্ভাবে সম্পাদিত) করিতে পারে না। যদি অগ্নি-

এই দিনের অমুঠানের নাম আরম্ভণীয়। উদ্গাতারা তিনটি ঋক্কে পুন: পুন: আবৃত্তি ধারা চিকিণটি ঋকে পরিণত করিয়া তিন পর্যায়ে গান করেন। এইরূপে সম্পাদিত স্তোমের নাম চতুর্বিংশ স্তোম। প্রথম পর্যায়ে প্রথম ঋক্ তিনবার, দ্বিতীয় ঋক্ চারিবার ও তৃতীয় ঋক্ একবার আবৃত্ত হয়। দ্বিতীয় পর্যাদে প্রথম ঋক্ একবার, দ্বিতীয়টি তিনবার ও তৃতীয়টি চারিবার আবৃত্ত হয়। তৃতীয় পর্যায়ে প্রথমটি চারিবার, দ্বিতীয়টি একবার, তৃতীয়টি তিনবার আবৃত্ত হয়। এইরূপে চক্মিশটি মত্রে নিম্পার স্তোম এইদিন গীত হয় বলিয়া এই দিনের সোমপ্রয়োগেরও নাম চতুর্বিংশ। আরম্ভন্দীয় ও চতুর্বিংশ নামের হেতু বাহ্মণে প্রদর্শির হইতেছে।

⁽৩) চতুর্বিংশশল্রে বিহিত আরম্ভণীর বাগে উক্থা নামক জ্যোতিষ্টোমের প্রসংস্থা বিহিত।
[মতান্তরে জ্বায়িষ্টোম বিহিত, পরে দেখ] উক্থা ক্রতুতে পোনেরটি শল্প ও পোনের জ্যোত্তের
বিধান আছে। প্রত্যেক স্থোত্তে চনিবশটি মন্ত্র থাকার মোটের উপর ৩৬০ টি মন্ত্র উক্থাক্রতুতে
বীত হর।

ক্টোমেরই প্রয়োগ করা যায়, [তদন্তর্গত] তিন প্রবান স্তোত্র প্রত্যেকে] আটচল্লিশ-[স্তোত্রিয়-ঋক্]-যুক্ত, আর [অবশিষ্ট] অন্য [নয়টি] স্তোত্র [প্রত্যেকে] চবিরশ-[স্তোত্রিয়]-যুক্ত হওয়ায় উহারা [একযোগে] তিনশত-যাটি-স্তোত্রিয় যুক্ত হয়। সংবৎসরের দিনও ততগুলি। এতদ্বারা দিনক্রমেই সংবৎসর [সত্রের] আরম্ভ ঘটে।

[উভয় বিকল্প মধ্যে] উক্থ্য যজ্ঞ পশু দারা সমৃদ্ধ হয়; [তদকুসারী] সত্রও পশুদার। সমৃদ্ধ হয়। [পরন্ত উক্থা ক্রেকুতে] সালল স্তোত্রই চভুর্কিশা সোমযুক্ত, অতএন [উক্থ্য ক্রেকুর অনুষ্ঠান হইলো] এই দিন প্রত্যক্ষতঃ চতুর্কিংশ হয়। সেইজন্য উক্থাই বিহিত হইবে।

मलंग थ ७

গৰাময়ন

গ্রাময়নের অন্তর্গত পৃষ্ঠ্য বড়হে পৃষ্ঠ স্থোত্ত গীত হয়। পৃষ্ঠস্থোত্তে বিহিত বুহুদ্রথস্থর সামদ্ব্যের প্রশংসা যথা—"বৃহদ্রগন্তরে……অনবদৃষ্ঠে ভবতঃ"

- (৪) অগ্নিষ্টোমে বার শরু ও বার স্থোত্র। তল্পাে প্রমান স্থোত্র তিনটি—বহিপ্পর্মান, মাধান্দিন প্রদান ও আর্তির প্রকান। অন্ত স্থোত্র নংটি। প্রমান স্থোত্র তিনটির প্রকোজ স্থোত্র অস্টাচলারিংশ স্থোন গীত হয়, অর্থাং তিনটি অক্ মন্ত্রকে পুনঃ পুনঃ আবৃত্তি হায়৷ গ্রিগ প্রায়ে বােল ও তিন প্রায়ে আটচরিশ মন্ত্রে পরিণত করা হয়। এইরাণে তিন প্রমান স্থোতি স্থোত্রির সংখ্যা ৩×৪৮=>৪৪। অবশিষ্ট নয়টি স্থোত্রের প্রত্যেক স্থোত্রিয়মংখ্যা ২৪, সাক্রো ৯×২৪=২১৬, সমুদরে মন্ত্রমংখ্যা—১৪৪+২১৬=৩৬০।
- িং) উক্থা ক্রন্থ অনুগতি পোনের স্থোত্তের প্রত্যেক স্থোত্তই চতুর্বিংশ স্থোম যুক্ত, আর অলিছোনের নথটি স্থোত্ত চতুর্বিংশস্থোমক, অন্ধাতিনটি (প্রমান ভিনটি) অষ্টাচছারিংশস্থোমক। অন্তর্ম চতুর্বিংশাহে গলিংছাস মূপেক: উক্থা প্রয়োগ্ঠ যুক্ত হয়।

রহৎ ও রথন্তর' এই ছুইটি সাম বিহিত হয়। এই যে রহৎ ও রথন্তর, ইহারা যজ্ঞের পারপ্রাপ্তির জন্ম নৌকাস্বরূপ;' উহাদের দ্বারাই সংবৎসর সত্র উত্তীর্ণ হওয়া যায়।

এই বৃহৎ ও রথন্তর পাদস্বরূপ, এবং চতুর্বিংশ দিবস (অর্থাৎ তদিনে সম্পাদ্য আরম্ভণীয় যজ্ঞ) মন্তক্ষরী ইহাতে পাদদ্বয় দ্বারাই মস্তকের শ্রী সাধিত হয়।

এই বৃহৎ ও রথন্তর [পানীর] পাক্ষরপারি । [চতুর্বিংশ] দিবস সন্তক্ষরপা ইহাতে পান্ধ্য

সেই ছই সাম একেবারে পরিত্যাগ করিবে ন। । কৈহ সেই ছইটিকৈই একেবারে পরিত্যাগ করে, তাহা হইলে যেমন বন্ধনছিম নোকা এ তীর ও তীর ভাসিয়া বেড়ায়, ইহাতেও সেইরূপ ঘটে। যে সত্রানুষ্ঠায়ীরা এই ছই সামকেই বিত্যাগ করে, তাহারাও এ তীর ও তীর ভাসিয়া বেড়ায়।

তন্মধ্যে যদি রথন্তরকে পরিত্যাগ করা যায়, তাহা হইলে ্থতের [গান] দ্বারাই ছুইটি অপরিত্যক্ত থাকে, আর যদি রহৎকে পরিত্যাগ করা হয়, তাহা হইলে রথন্তরের [গান] দ্বারাই ছুইটি অপরিত্যক্ত থাকে । যাহা রথন্তর, তাহাই বৈরূপ; যাহা রহৎ, তাহাই বৈরাজ; যাহা রথন্তর,

⁽ ১) "ছামিত্রি হবানছে" (৬।৪৬।১) এই ঋক্ হইতে উৎপন্ন সামের নাম বৃহৎ। "অভি ছা শ্র নোকুমঃ" (৭।৬৩।২২) এই অক হইতে উৎপন্ন সামের নাম রথক্তর।

⁽২) বজ্ঞকে সমুদ্রের সহিত উপমিত করা হঠল। যথা শ্রুতান্তরে "সমুক্ত বা এতে প্রবস্তে বে সংবংসরমূপষন্তি"। সংসংসরসক্র সমুদ্রবন্ধণ।

⁽৩) অর্থাৎ উভয়ের মধ্যে একের অসুষ্ঠানে উভরের ফল পাওয়া বার।

তাহাই শাকর; যাহা রহৎ, তাহাই রৈবত ; অতএব ঐ ছুই সাম (রথন্তর ও রহৎ) পরিত্যাগ করিবে না।

তংপরে চতুর্বিংশাহ অনুষ্ঠানের প্রশংসা যথা—"যে বৈ----পারমস্ত তে"

যাহারা ইহা জানিয়া ঐ চতুর্বিংশাহ অনুষ্ঠান করে, তাহারা দিনক্রমে, অর্দ্ধ্যাসক্রমে, মাসক্রমে সংবৎসর সত্র প্রাপ্ত হয় এবং সকল প্রেমসকল ও ছন্দঃসকল প্রাপ্ত হয় এবং সকল দেবতাকে প্রাপ্ত হইয়া তপস্থা অনুষ্ঠান পূর্ববিক সোমপীথভন্দণ ছারা (সোমপান ছারা) সংবৎসর ব্যাপিয়া সোমের অভি-ষব করিতে সমর্থ হয়।

যাহারা [সংবৎসর সত্তের উত্তরপকেও] এই [চতুর্বিং-শাহ] হইতে [আরম্ভ করিয়া পূর্ববিপক্ষের ক্রমানুসারে] উদ্ধান্থ অনুষ্ঠান করে, তাহারা গুরু ভারই [আপনার উপর] স্থাপন করে; দেই গুরুভার [ভারবাহককে] বিনাশ করে। পক্ষান্তরে যে [পূর্ববিক্ষে] ক্রমানুষ্ঠিত কর্ম দারা উঠিয়া সত্রকে পাইয়া পরে (উত্তরপক্ষে) [বিপরীতক্রমে অনুষ্ঠিত কর্মদারা] নামিয়া আদে, সেই ব্যক্তি স্বন্তিতে সংবৎসর সত্রের পার লাভ করে।

⁽৪) পৃঠ্য বড়ছের ছয় দিনে পৃঠন্তোত্ত গীত হয়। ছয় দিনের পৃঠন্তোত্ত—ছয়ট সাম বথাক্রমে রণস্তর, বৈরূপ, বৃহৎ, বৈরাজ, শাকর, বৈরত। "য়মিদ্ধি হবামহে" (৬.৪৬।১) ৸ক্ ছইতে রথস্তর, "বদ্দাব ইক্রা তে শত্দ্" (৮।৭০।৫) হইতে বৈরূপ, "অভি য়া শ্র নোমুমঃ" (৭)৩০।২২) হইতে বৃহৎ, "পিবা সোমমিক্রা মন্দতু আ" (৭)২০)১) হইতে বৈরাজ, "প্রোষ্ঠাম প্রোয়থম্" (১০)১৩০) চইতে লাকর, এবং "রেবতীন' সধমাদে" (১)৩০।১৩) ছইতে বৈরাজ, করিবেত বিরাজর কলপ্রান্তি ঘটিতে পারে। অতএব ঐ ছই প্রধান সাম অপরিত্যাজ্য। ছইটিকে মুগণ্ণৎ পরিভাগে করিবে না। ছয়ের মধ্যে একটিকে প্রেগি করিবে।

 ⁽⁴⁾ সংবংসর সত্তের তুই পক্ষ,—বিসুবদিনের পূর্বের ছয়য়াস পূর্বেপক, বিসুবদিনের গরে ৬য়য়ায়

অফ্টম খণ্ড গ্ৰাময়ন

চতুর্নিংশাহে পঠিত নিক্ষেবল্যশস্ত্রসম্বন্ধে বিশেষ বিধি—"যহৈ চক্রনিংশং——"
এবং বেদ"

চতুর্বিংশ দিবদ যেরপে, মহাত্রত দিবসও সেইরপ। এই
চতুর্বিংশে হোতা রহদিব দারা যে রেতঃ সেক করেন করেন রেতঃ মহাত্রতীয় দিবসে সংবৎসরমধ্যে সন্তান জন্মা। দিবে রেতঃ সংবৎসরমধ্যেই সন্তানরূপে জন্মে। সেই দ্যুদ্দিবদারা নিক্ষেবল্য [উভয় দিবসে] সমান হয়। বিজ্ঞানিয়া চতুর্বিংশ অনুষ্ঠান করে, সে প্রথমার্দ্ধে [আরোহক্রমে] ক্যানুষ্ঠানদারা সত্রকে পাইয়া পরার্দ্ধেও [অবরোহক্রমে] সত্রকে পাইয়া থাকে। যে ইহা জানে, সে স্বস্থিতেই সংবৎস-

্ষা পান্ধরের আদিতে ও অস্থে গুট অতিরাজের বিধান যথা—"যো বৈ জিকা সক্ষ

- (১) গ্রাময়নের পূর্ক্রেজ ও উত্তরপক প্রশার বিপ্রীত। স্বারে আদিতে ও আছে অতিরাত্ত। আলা অতিরাত্তর প্র দিন স্বেমন চ্ছুবিংশ, অস্তা অতিরাত্তের পূর্ব দিন সেইরূপ মহাব্রত।
- (२) "তদিদাস ভ্বনেষু জো¢ম" ইত্যাদি স্কের (১০ মণ্ডল ১২০ স্কা) নাম বৃহদ্দিব স্কা উক্ত স্কাচতুর্বিংশ ও মহাব্রত উভয় দি∴সে নিকেবলাং লামধ্যে পঠিত হয়।
- (৩) মহাত্রত অমুষ্ঠান ঐতবের আরণ্যকে সবিস্তার বর্ণিত হইয়াছে। মহাত্রত অমুষ্ঠান চতুর্বিংশ অমুষ্ঠানের সদৃশ নছে। সত্রমধ্যে উধাদের অবস্থান অমুরূপ, এইমাত্র। উভরতে নিকেবল্য শস্ত্র পৃতি । ইয় এবং বৃহন্দিব স্কু ঐ শক্তমধ্যে পাঠ ক্যার উভর অমুষ্ঠানে কতকটা সাদৃশ্য সাচে মাত্র।

উত্তব পক্ষে। পূর্বেপক্ষের অনুসানগুলি পর পর সমাধা করিয়া বিদৃব দিনে উঠিতে হয়; তৎপরে উত্তর পক্ষে বিপরীত ক্রমে সেই দেই অনুঠান সমাধা করিয়া বিষুব দিন হইতে ক্রমশঃ নামিতে হয়। যে বাক্তি উত্তবপক্ষেও পুর্বেপক্ষের ক্রম অনুসরণ করে, সে গুরুতারে গীড়িত ও বিনষ্ট হয়।

যে সংবৎসরের এ পার এবং ও পার জানে, সেই স্বস্তিতে সংবৎসরের পার গমন করে। প্রায়ণীয় (আরম্ভে অনুষ্ঠেয়) অতিরাত্র ইহার এ পার; উদয়নীয় (অন্তে অনুষ্ঠেয়) অতিরাত্র উহার ও পার। যে ইহা জানে, সে স্বস্তিতেই সংবৎসরের পার গমন করে। যে সংবৎসরের অবরোধন (প্রাপ্তির উপায়) এবং উদ্রোধন (ত্যাগের উপায়) জানে, সেও স্বস্তিতে সংবৎসরের পার গমন করে। প্রায়ণীয় অতিরাত্র ইহার অবরোধন ও উদয়নীয় অতিরাত্র ইহার উদ্রোধন। যে ইহা জানে, সে স্বস্তিতে সংবৎসরের পার গমন করে।

যে সংবৎসরের প্রাণ এবং উদান জানে, সেই স্বস্তিতে
সংবৎসরের পার গমন করে। প্রায়ণীয় অতিরাত্র উহার প্রাণ
ও উদয়নীয় অতিরাত্র উহার উদান। এই ইহা জানে, সে
স্বস্তিতেই সংবৎসরের পার গমন করে।

অফাদশ অধ্যায়

প্রথম খণ্ড গ্রাময়ন—ত্যুহ ও বড়্ছ

জাত ও ষড়হের সম্বন্ধ নথা—"জ্যোতির্বো:.....নং পঞ্চম:" জ্যোতিন্টোম, গোন্টোম এবং আয়ুটোম, এই তিন দিব-

⁽৪) প্রথম অতিরাত্তে সংবৎসরকে অবরুদ্ধ করা হয়, উহাকে জাটকান যায়; থিউটা শুলি-কাল বারা উহাকে ছাড়িলা দেওয়া হয়।

সের অনুষ্ঠান করা হয়। এই [স্থ-] লোক জ্যোতিঃ, অন্ত-রিক্ষ গো, এবং ঐ [স্বর্গ] লোক স্বায়ুঃ।'

পরবর্ত্তী ত্রাহও এইরপ। [অতএব ষড়হের ক্রুম] জ্যোতিঃ, গো, আয়ৣঃ, এই তিন দিন ও গো, আয়ৣঃ, ও জ্যোতিঃ এই তিন দিন।

এই [ভূ-] লোক জ্যোতিঃস্বরূপ, ঐ [স্বর্গ-] ক্রাক্তর জ্যোতিঃস্বরূপ। এই তুই জ্যোতিঃ [ষড়হের] উভয় ক্রান্তে থাকিয়া [পরস্পারকে] নিরীকণ করে।

সেই জন্ম উভয় প্রান্তে জ্যোতিঃ দারা ষড়হের স্ফুট্রন করিবে। এই যে উভয় প্রান্তে স্থিত জ্যোতিঃ দারা ষড়হের অনুষ্ঠান হয়, ইহাতে এই [ভূ-] লোকে এবং ঐ [স্বর্গ-] লোকে, উভয় লোকেই প্রতিষ্ঠিত হইয়া অনুষ্ঠান করা হয়।

এই যে অভিপ্লব ষড়হ, তাহা [উভয়লোকমধ্যে] পরি-বর্ত্তনকারী (ঘূর্ণমান) দেবচক্রম্বরূপ। তাহার ছই প্রান্তে যে ছুইটি অগ্নিফৌম, তাহা নেমিম্বরূপ; আর মধ্যে যে চারিটি উক্থ্য, তাহা নাভিদ্রূপ। যে ইহা জানে, সে যেখানে ইচ্ছা করে, সেইখানে পরিবর্ত্তমান [দেবচক্র] দ্বারা গমন করে এবং স্বস্তিতেই সংবৎসরের পার গমন করে।

এই যে প্রথম ষড়হ যে তাহা জানে, এই যে দ্বিতীয় ষড়হ যে তাহা জানে, এই যে তৃতীয় ষড়হ যে তাহা জানে, এই

⁽ ১) তিন দিন সোমপ্রয়োগে তাহ হর; ছুই তাই একবোগে বড়ই হয়। বড়হের প্রথম ও শেব দিনে অগ্নিষ্টোমপ্রযুক্ত হয় ও সধ্যের চারিদিনে উক্থা প্রযুক্ত হয়। প্রথম ও শেব দিনের প্রযুক্ত অগ্নিষ্টোমের নাম জ্যোতিষ্টোম। মধাস্থ চারিটি উক্থোর মধো তুই দিন গোষ্টোম ও তুই দিন আয়ুষ্টোম। বাহাতে আরক্ষ, ভাহাতেই শেব ছওরাতে বড়ই চক্রের সদৃশ। পরে দেব।

যে চতুর্থ ষড়হ যে তাহা জানে, এই যে পঞ্চম ষড়হ যে তাহা জানে, সেও স্বস্তিতে সংবৎসরের পার গমন করে।

দ্বিতীয় খণ্ড

ষড়হ

বড়ং-প্রশংসা যথা---"প্রথমং ষড়হং......বোভাভাম্"

প্রথম ষড়হ অনুষ্ঠিত হয়। তাহাতে ছয়টি দিন আছে; ঋতুও ছয়টি; এতদ্বারা ঋতুক্রমে সংবৎসর প্রাপ্ত হইয়া ঋতু-ক্রমে সংবৎসরে প্রতিষ্ঠিত হইয়া অনুষ্ঠান করা হয়।

দ্বিতীয় ষড়হ অনুষ্ঠিত হয়। তাহাতে [পূর্ব্বের ষড়হ সহিত]
বার দিন হয়। মাস বারটি; এতদ্বারা মাসক্রমে সংবৎসর
পাওয়া যায় এবং মাসক্রমে সংবৎসরে প্রতিষ্ঠিত হট্যা
অনুষ্ঠান করা হয়।

তৃতীয় ষড়হ অনুষ্ঠিত হয়। তাহাতে আঠার দিন হয়; তাহা ছুই ভাগ করিলে নয়টি ও আর নয়টি হয়। প্রাণ নয়টি, এবং স্বর্গলোকও নয়টি। এতদ্বারা প্রাণসকল ও স্বর্গলোকসকল পাওয়া যায় এবং প্রাণসকলে ও স্বর্গলোকসকলে প্রতিষ্ঠিত হইয়া অনুষ্ঠান করা হয়।

চতুর্থ ষড়হ অনুষ্ঠিত হয়। তাহাতে চব্বিশ দিন হয়। অর্দ্ধমাস চব্বিশটি; এতদ্ধারা অর্দ্ধমাসক্রমেই সংবৎসর পাওয়া

⁽২) মাদের মধ্যে পাঁচটী বড়হ অফুষ্ঠিত হয়: এই পাঁচটী বড়হ পায় পায় প্রতিমাদে স্ক্রমধ্যে অফুটান করা হয়।

যায় এবং অর্দ্ধমাসক্রমে সংবৎসরে প্রতিষ্ঠিত থাকিয়া অনুষ্ঠান করা হয়।

পঞ্চম ষড়হ অনুষ্ঠিত হয়। তাহাতে ত্রিশ দিন হয়। বিরাটের ত্রিশ অক্ষর ; বিরাট, ভক্ষ্য অন্ন। এতদারা ক্রান্সে মাদে বিরাটেরই সম্পাদন দ্বারা অনুষ্ঠান করা হয়।

যাহারা ভক্ষণীয় অন্ধ কামনা করে, তাহারাই িশ্চর ক্রিব্রু অনুষ্ঠান করে। সেই হেতু এই যে মাসে মতা বিরাটের সম্পাদন দারা অনুষ্ঠান করা হয়, তাহাতে মাসে নামে ভক্ষণীয় অন্ধ রক্ষা করিয়া এই লোক ও ঐ লোক তিতা লোকের উদ্দেশে অনুষ্ঠান করা হয়।

তৃতীয় **থণ্ড** সংবৎসর সত্র

্রীবেৎসরদাধ্য সোম্যাগের মধ্যে গ্রাময়ন সত্র প্রক্ততি, আদিত্যানাময়ন ও ধ্যক্তিরসাময়ন তাহার বিক্তি, তৎসম্বন্ধে বিচার যথা—"গ্রাময়নেন•••যশ্চ পৃঠ্যে"

গোগণের অয়ন অনুষ্ঠিত হয়; গো-সকলই আদিত্য-স্বরূপ; এতদ্বারা আদিত্যগণের অয়নেরই অনুষ্ঠান হয়।

পুরাকালে গোসকল শফ (খুর) ও শৃঙ্গ পাইবার জন্য সত্তের অনুষ্ঠান করিয়াছিল। দশমমাসে তাহাদের শফ ও শৃঙ্গ জন্মিয়াছিল। তাহারা বলিয়াছিল, যে কামনায় আমরা সত্তে] দীক্ষা গ্রহণ করিয়াছিলাম, তাহা পাইয়াছি; এখন এই সত্র হইতে উঠিয়া যাই। এই বলিয়া যাহারা উঠিয়া গিয়াছিল, তাহারাই শৃঙ্গধারী। পক্ষান্তরে যাহারা সংবৎসর সমাপ্ত করিব বলিয়া স্থির ছিল, অশ্রন্ধাহেতু তাহাদের শৃঙ্গ উঠে নাই। তাহারা শৃঙ্গহীন কিন্তু বলবান্ হইয়াছিল। সেই জন্মই তাহারা সকল ঋতু ব্যাপিয়া সত্র সমাপনান্তে [সত্র হইতে] উথিত হয়। বল কামনা করিয়া সেই গোগণ সকল লোকের প্রিয় হইয়াছিল ও সকলের নিকট স্থন্দর হইয়াছিল। যে ইহা জানে, সে সকলের প্রিয় হয় ও সকলের নিকট শ্রুন্র হয়।

ফর্গলোকে আদিত্যগণ ও অঙ্গিরোগণ আমর। পূর্ব্বে গমন করিব, আমরা পূর্ব্বে গমন করিব, বলিয়া পরস্পার স্পর্দ্ধা করিয়া-ছিলেন। সেই আদিত্যগণই পূর্বেব স্বর্গলোকে গিয়াছিলেন; অঙ্গিরোগণ বিলম্বে ঘাটি বর্ষ পরে গিয়াছিলেন।

আদিত্যগণের অয়নে প্রায়ণীয় দিনে অতিরাত্র ও চতুর্বিংশ দিনে উক্থ্য [গোগণের অয়নের মত]; কিন্তু অন্যান্য দিন কেবল অভিপ্লব ষড়ছে ব্যাপ্ত হয়।

অঙ্গিরোগণের অয়নে প্রায়ণীয় অতিরাত্র ও চতুর্বিংশ উকথ্য [গোগণের অয়নের মত] ; কিন্তু অন্যান্য দিন কেবল পৃষ্ঠ্য ষড়হে ব্যাপ্ত হয়।

স্রুতি (রাজপথ) যেমন সহজে গমনের উপায়, অভিপ্লব ষড়হ তেমনই [সহজে] স্বর্গলোকে গমনের উপায়। মহাপথ যেমন চারিদিকে চলিবার উপায়, পৃষ্ঠ্য ষড়হ তেমনই স্বর্গলোকে গমনের উপায়। এই যে উভয়বিধ ষড়হ অমুষ্ঠিত হয়,

^{(&}gt;) প্রায়ণীয় ও চতুর্বিংশ তিন সত্তেই একরূপ। গ্রাময়নে প্রতিমাসে চারিট অভিগ্র ও একটি পৃষ্ঠা বড়ছ; কিন্তু আদিত্যানাময়নে প্রতিমাসে পাঁচটিই অভিগ্রব বড়ছ, এই বি^{শেব।} অকিন্সাময়নে প্রতিমাসে পাঁচটিই পৃষ্ঠা বড়ছ।

তাহাতে ছুই [পায়ে] চলার মত কোন অনিষ্ট ঘটে না। অভিপ্লব ষড়হে এবং পৃষ্ঠ্য ষড়হে যে ফল, তাহাতে সেই উভয় ফলের প্রাপ্তি ঘটে।

চতুর্থ খণ্ড গবাময়ন—-বিধুব দিন

সংবৎসরব্যাপী সত্তের মধ্যবন্তী প্রধান দিনের নাম বিষুব দিন্দ : শেই দিন একবিংশ স্তোম গীত হয় বলিয়া উহার অপর নাম একবিংশাহ : শেক দিনের প্রশংসা ম্থা—"একবিংশম্.....এবং বেদ"

সংবৎসরের মধ্যবর্ত্তী বিষুবনামক একবিংশাহ সক্ষ্ঠান করা হয়। এই একবিংশদারা দেবগণ আদিত্যকে স্বর্গ-লোকের অভিমুখে তুলিয়া ধরিয়াছিলেন।

সেই দিন একবিংশস্থানীয়। সেই দিনে মন্ত্রসকল দিবাভাগে কীর্ত্তিত হয়। ঐ দিনের পূর্বের দশ দিন আছে ও পরে
দশ দিন আছে'; মধ্যবর্ত্তী ঐ দিন একবিংশ-স্থানীয় ও উভয়দিকে
বিরাটের মধ্যে প্রতিষ্ঠিত। যেহেতু উহা উভয়দিকে বিরাটের
মধ্যে প্রতিষ্ঠিত, সেইজন্য এই [একবিংশাহ অথবা তদসুরূপ

⁽১) বিষ্ব দিনের পূর্বের জি: িন বরসাম, একদিন অভিজিৎ ও ছয় দিন পৃষ্ঠাবড়হ, এই দশ দিনের কথা বলা হইতেছে। ঐকংগ বিষ্বৃদ্ধিনের পরে তিন দিন বরসাম, একদিন বিশ্বজিৎ ও ছয় দিন পৃষ্ঠা বড়হ, এই দশ গিনের কথা হইতেছে। পূর্বের দশ ও পরে দশ দিনের মধ্যে বিষ্বৃহাহ একবিংশহানীয়। আদিত্যও শ্রুতিমতে একবিংশহানীয় বথা—''ঘাদশ মাসাং পঞ্চর্বাহ বের ইমে লোকা অসাবাদিত্য একবিংশঃ ইতি। অতএব আদিত্য ও বিষ্বু পরশার অমুদ্ধপ। বিরাট ছল্ম দশাক্ষয়া, এই হেতু বিব্বৃদ্ধিক ছুই বিরোটের মধ্যে প্রতিষ্ঠিত।

আদিত্য] এই লোকসকলের মধ্যে বিচরণ করিয়াও ব্যথিত হয়েন না।

দেই আদিত্য স্বৰ্গলোক হইতে পড়িয়া যাইবেন, দেবগণ এই ভয় করিয়াছিলেন ও তিনটি অধোবর্তী স্বর্গলোক দারা তাঁহাকে [স্বস্থানে] ধরিয়া রাখিয়াছিলেন। [পূর্ব্ববর্ত্তী স্বর-সাম দিবসত্রয়ে গীত] স্তোম তিনটি সেই তিন স্বর্গলোকের স্বাৰূপ। আবার সেই আদিত্য **উৰ্দ্ধুথে [** স্বৰ্গলোক ছাড়িয়া] চলিয়া যাইবেন, দেবগণ এই ভয় করিয়াছিলেন। **তাঁহা**রা আর তিনটি উৰ্দ্ধস্থিত স্বৰ্গলোক দ্বারা তাঁহাকে [স্বস্থানে] ধরিয়া রাথিয়াছিলেন। পিরবর্তী স্বরসামদিবসত্রয়ে গীত] স্তোম তিনটি এই তিন স্বর্গলোকের স্বরূপ। তাহা হইলে [বিষুবদিনের] পূর্ববর্ত্তী তিন দিন সপ্তদশ-[স্তোম]-যুক্ত হয়, ও পরবর্ত্তী তিন দিনও সপ্তদশ-[স্তোম]-যুক্ত হয়। তাহাদের মধ্যগত একবিংশাহ উভয়দিকে স্বরদামদিবদ দারা ধ্বত থাকে। বেহেতু উনি (বিষুবস্থানীয় আদিত্য) উভয়দিকে স্বরসামদিবস দারা ধত থাকেন, এইজন্ম তিনি এই লোকসকলের অভ্যন্তরে বিচরণ করিয়াও ব্যথিত হয়েন না।

সেই আদিত্য স্বর্গলোক ইইতে নিম্নে পতিত হইবেন, দেবগণ, এই ভয় করিয়াছিলেন এবং তাহাকে অধোবর্ত্তী পরম স্বর্গলোক দারা ধরিয়া রাথিয়াছিলেন। [অয়ব্রিংশ] স্তোম পরম স্বর্গলোকস্বরূপ। স্বাবার আদিত্য উর্দ্ধে উঠিয়া যাইবেন, দেবগণ এই ভয় করিয়াছিলেন এবং তাঁহাকে উর্দ্ধিতি পরম স্বর্গলোক দারা ধরিয়া রাথিয়াছিলেন। [অয়ব্রিংশ] স্তোমই পরমন্বর্গলোকস্বরূপ। এইরূপ হইলে [বিধুবাহের]

পূর্বে তিনটি সপ্তদশ-মন্ত্রাত্মক স্তোম ও পরে তিনটি সপ্তদশমন্ত্রাত্মক স্তোম থাকে। [এই ছয়টি সপ্তদশমন্ত্রনির্মিত স্তোমের
মধ্যে] ছই ছইটি একত্র করিয়া তিনটি চতুন্ত্রিংশ-মন্ত্রনির্মিত
স্তোম হয়। স্তোমসমূহের মধ্যে চতুন্ত্রিংশ স্তোমই উত্তর্ম।
এতদ্বারা সেই স্তোমের উপর স্থাপিত হইয়া [বিশ্বস্থানীয়া
আদিত্য] তাপ দেন; ততুপরি স্থাপিত হইয়াই তিনি
তাপ দেন।

এই সেই আদিত্য এই ভূত ও ভবিষ্যৎ সকল [ব্রু] হইতে উৎকৃষ্ট এবং এই জগতে যাহা কিছু আছে, ভাই কির লালে সে যাহা লের অপেকা দীপ্তিমান্ ও উৎকৃষ্ট। যে ইহা জালে, সে যাহা হইতে উৎকৃষ্ট হয়। শোভা পাইতে চাহে, তাহা হইতে উৎকৃষ্ট হয়।

পঞ্চ খণ্ড

গবাময়ন

গবাময়ন সত্তের অক্তান্ত বিধান—"স্বরসায়ঃ.....দধাতি"

স্বরদাম-নামক দিবদের অনুষ্ঠান করা হয়। [আদিত্যের অধঃস্থ ও উর্দ্ধস্থ] এই লোকসকলই স্বরদাম। স্বরদাম অনুষ্ঠান দারা এই লোকসকলকেই প্রীত করা হয়; ইহাই স্বরদামসকলের স্বরদামস্থ । এই যে স্বরদামের অনুষ্ঠান হয়, ইহাতে যজমানকে এই লোকসকলেই ভোগবান্ করা হয়।

^{(&}gt;) এতেবানহাং স্বরোপেতসামবং প্রীতিহেতুরাৎ স্বরদামতি নাম সম্পন্নন্—স্বরদূক্ত সামের মত প্রীতিহেতু বলিয়া ঐ অনুষ্ঠানের নাম স্বরদাম (সারণ)।

দেবগণ সেই সপ্তদশ-মন্ত্রনির্মিত স্তোম (অথবা স্বরসাম দিবস) বিশীর্ণ হইয়া যাইবে এই ভয় করিয়াছিলেন, কেননা এই [ছয় দিনে গীত স্তোমগুলি] পরস্পর সমান এবং উহারা গোপনে রক্ষিত নহে। উহারা (অযত্মরক্ষিত হওয়ায়] যাহাতে বিশীর্ণ না হয়, সেই হেতু উহাদিগকে নিম্নে সকল স্তোম দ্বারা ও উদ্ধে সকল পৃষ্ঠ স্তোত্র দ্বারা ঢাকিয়া রাথা হয়। ব্যাকিয়া এইরূপে তাহারা সপ্তদশস্তোমযুক্ত বিশ্বজিৎ পরে থাকে। এইরূপে তাহারা সপ্তদশস্তোমযুক্ত স্বরসামসমূহকে ধরিয়া রাথিবার জন্ম ও ভংশনিবারণের জন্ম উভয়দিক ইইতে ঢাকিয়া রাথে।

দেবগণ, সেই আদিত্য স্বর্গলোক হইতে নিম্নে পড়িয়া যাই-বেন, এই ভয় করিয়াছিলেন; এইজন্য তাঁহারা তাঁহাকে পাঁচটি রশ্মি (রজ্জু) দারা বাঁধিয়া রাখিয়াছিলেন। [বিষুবদিনে বিহিত] দিবাকীর্ত্তা সাম (দিবাভাগে গেয় পাঁচটি সাম) সেই রশ্মিস্বরূপ। তন্মধ্যে মহাদিবাকীর্ত্তাসাম হইতে পৃষ্ঠস্তোত্ত, বিকর্ণ হইতে ব্রহ্মসাম, ভাস হইতে অগ্নিটোম সাম আর বৃহৎ ও রথস্তর

⁽২) আদিতা যন্ত্ৰ কৰি হইতে অন্ত হইরা নীচে পড়িয়া যাইবেন অথবা উপরে উঠিয়া খাইবেন, এই ভ্রে দেবতারা আদিতোর নীচে তিন বর্গ ও উপরে তিন বর্গ স্থাপিত করিয়া তাঁহাকে বন্ধানে ধরিয়া রাধিয়াছিলেন। তদকুদারে বির্বাধ্য অনুষ্ঠানকেও পুর্কে তিন ব্রমান ও পরে তিন ব্রমান ছারা ব্রানে ধরিয়া রাধা হর। পুর্কেগতে ইহা বলা হইরাছে। কিন্তু দেই ব্রমানগুলিকেও অর্ক্ষিত অবস্থার রাধা উচিত নহে; তাহাদিগকেও ছুই দিক্ হইতে ঠেকা দিয়া বা ঢাকা দিয়া রাধা আবশুক। এইজন্ত পুর্কে অভিজিৎ ও পরে বিশ্বজিৎ অনুষ্ঠান দারা ব্রমানগুলিকে দৃঢ় রাধিতে হয়। অভিজিৎ দিনের অনুষ্ঠানে তির্ৎ, শকদশ, মহাদশ, একবিংশ, ত্রিনব, ত্রয়ত্রংশ এই সমুদ্র স্থেমই গীত হয়। আর বিশ্বজিৎ দিনের অনুষ্ঠানে রথস্তর বৃহৎ বৈরূপ, বৈরাজ শাকর, রৈবত এই সমুদ্র পৃঠতেংর গীত হইরা থাকে। সেইজক্ত বলা হইল, একদিকে স্তোম, অন্তর্দিকে পৃঠদারা বরণানসমূহ রক্ষিত হয়।

কেন্দ্ৰা এ

এই ছুইটি হইতে প্রমানস্তোত্রদ্বয় নিষ্পন্ন করা হয়। এই-রূপে আদিত্যকে পাঁচটি রশ্মি দ্বারা বাঁধিলে তাঁহাকে ধরিয়া রাথা হয় ও তাঁহার পতনসম্ভাবনা থাকে না।

[বিষুবদিনে] আদিত্য উদিত হইলে প্রাতরমুবাক পাঠ করিবে। কেননা এ দিনের সকল মন্ত্রই দিবাভাগে কার্ত্রনীয় ।

সবনীয় পশু স্থানে সূর্যেরে উদ্দিট বর্ণান্তর্যতিপ্রিত শেও বর্ণের পশুর [বিষুবাহে] আল্ডুন করিতে হয়, অতএব জানুন পশুরই আলম্ভন করিবে ; কেননা এ দিন সূর্যেরেই উদ্দিষ্ট।

একুশটি সামিধেনী মন্ত্র পাঠ করিনে। বিষুব ীদিন প্রত্যক্ষতঃ একবিংশ-স্থানীয়।

[নিক্ষেবল্য শস্ত্রপাঠের সময়] একানটি এথনা ব্যয়ানী মন্ত্র পাঠের পর মধ্যে নিবিৎ বসাইবে'। তৎপরে ততগুলি

(७) মন্ত্রসংখ্যা যথা ---

ভারের জ্বাচ

ভাকুলপ জ্বাচ

শ্যবাবান" ইত্যাদি ধাষ্য

হুহৎ ও রথস্তর সামের বোনিদ্দ
শ্যাথ হুইতে উৎপল্ল মন্ত্র

⁽৩) "বিজাড়্বছৎ পিবতু সোমাং মধু" (১০)১৭০)১) এই ঋক্ হইতে মহাদিবাকী র্ধানা তংপার; উহাতে পৃষ্ঠ থাতে হইবে। "পৃক্ষ স্কো অন্ধত নুসহং" (৩৮০১) এই ঋক্ হই বেকণি ও ভাস এই ছই সাম উৎপার। বিকর্ণ সাম রাহ্মণাচ্ছংসীকে লক্ষ্য করিয়া গীত হর বলিরা উহার নাম ব্রহ্ম সাম। ভাসদারা অগ্রিষ্টোমের সমাপ্তি হয় বলিয়া উহা অগ্রিষ্টোম সাম। বৃহ্ধ ও রথস্তারের উৎপত্তি পুরের বলা হইয়াছে। মাধান্দিন ও আভিব প্রমানে উহা গেয়।

⁽৪) প্রকৃতিযজ্ঞে সোম্যাগমাত্রেই প্রাতরমূবাক ফ্র্যোদয়ের পূর্বে পাঠা। পুর্বে দেখ।
কিন্তু বিষুদ্ধাই প্রাতরমূবাক বিশেষ বিধিদারা দিবাভাগে কীওনীয়।

⁽ ৫) প্রকৃতিষজ্ঞে পোনেরটি সামিধেনী পাঠ বিহিত। বিষুবাহের একবিংশক হেতু এ দিন শেই পোনেরটিতে ধাষ্যা মন্দ্র ছয়টি প্রক্ষেপ করিয়া সমুদ্রে একুশটি সামিধেনী পাঠ করিবে।

মন্ত্র পাঠ করিবে। কেননা পুরুষ শতায়ু, শতবীর্য্য, শতেন্দ্রিয়। এতদ্বারা যজমানকে আয়ুতে, বীর্য্যে ও ইন্দ্রিয়ে স্থাপিত করা হয়।

ষষ্ঠ খণ্ড

গ্ৰাম্যুন

বিষুবাহে পঠিতব্য অভাভ মন্ত্র যথা—"দুরোহণং.....যজ্মানেভ্যশ্চ"

[স্বর্গে] আরোহণের জন্ম দূরোহণ মন্ত্র পাঠ করা হয়। প্রবর্গ লোকই দূরোহণ (ছুক্ষরারোহণ)। যে ইহা জানে, সে তদ্ধারা স্বর্গলোকই আরোহণ করে।

ইহা দূরোহণ কেন ? [উত্তর] ঐ যিনি (যে আদিত্য)
তাপ দেন, তিনিই দূরোহ (অর্থাৎ তাঁহার স্থানে আরোহণ
ছঃসাধ্য)। অথবা যদি কেহ সেইখানে যায়, সে দূরোহণ
স্থানেই আরোহণ করে। সেইজন্য এই মন্ত্র পাঠ করা হয়।

"নৃণামুজানৃতমন্" ইত্যাদি মজ	9
"যন্তিগাশৃঙ্গং" ইতা/দি সংক্রের	>>
"অভিতান্" ইত্যাদি স্জের	>4
একযোগে	8

এতদ্মধ্যে প্রথম ঋক্টি তিনবার পঠিতবা; অতএব মন্ত্রসংখ্যা ৪৩। এই ৪৩ মন্ত্রের পর
"ইক্রন্ত মুবীধ্যাণি" ইত্যাদি স্তের পোনেরটি ঋকের মধ্যে হর ৮ কিংবা ৯ মন্ত্র পাঠ করিয়া নিবিৎ
ক্যাইবে। ৮টি পাঠ করিলে মন্ত্রসংখ্যা ৫১ হয়, ৯টি পাঠ করিলে মন্ত্রসংখ্যা ৫২ হয়। তৎপরে
নিবিৎ। এই নিবিৎ ইক্রের উদ্দিষ্ট। তৎপরে অবশিষ্ট মন্ত্র পাঠ করিয়া শতসংখ্যা পূর্ণ হয়।

^{(&}gt;) বিষুবাহে কোতা আহাবাজে দুরোহণ মন্ত্র পাঠ করেন। "হংসঃ শুচিবং" (৪।৪০।৫) এই মন্ত্র পঠিতব্য : ইহার পাঠের নিয়ম আখলায়ন দিয়াছেন (আখ এখ) স্থঃ ৮।২)

হংসবতী ঋক্ (হংসশব্দযুক্ত মন্ত্র) পাঠ করা হয়'। "হংসঃ
শুচিষৎ" এম্বলে ঐ [আদিত্যই] হংস ও শুচিষৎ"। "বম্থরন্তরিক্ষসৎ" এম্বলে তিনিই বম্ব ও অন্তরিক্ষসৎ। " "হোতা
বেদিষৎ" এম্বলে তিনিই হোতা ও বেদিষৎ। "অতিথি
ছুরোণসৎ" এম্বলে তিনিই অতিথি ও ছুরোণসৎ'। "নুষুৎ"
এম্বলে তিনিই নৃষৎ "। "বরসৎ" এম্বলে তিনিই ব্যাহং।
কেননা তিনি যেখানে থাকিয়া তাপ দেন, তাহাই সদ্ম-(গৃহ)
সকলের মধ্যে বর (প্রেষ্ঠ)। "ঋতসৎ" এম্বলে ইনিই স্ত্যাহ্।
"ব্যামসৎ" এম্বলে তিনিই ব্যোমসৎ ; কেননা ইনি মেখানে
থাকিয়া তাপ দেন, তাহাই সদ্মসমূহের মধ্যে ব্যোম্
হীন আকাশ)। "অজ্ঞা" এম্বলে ইনিই অজ্ঞা; কেননা ইনি মেখানে
কালে অপ্ (জল) সমূহ হইতে উদিত হন ও সায়ংকালে অপ্সমূহেই প্রবেশ করেন। "গোজা" এম্বলে ইনিই গোজ।
"ঋতজ্ঞা" এম্বলে ইনিই সত্যজাত। "অদ্রজ্ঞা" এম্বলে ইনিই
অদ্রিজাত। "ঋতম্" এম্বলে ইনিই সত্য। ঐ আদিত্য এই

⁽२) উक्ष मृत्राह्य मञ्जू इश्मनम्यूङ ।

⁽৩) হস্তি সর্বাদা গচছতীতি হংসঃ। শুচৌ শুদ্ধে ছ্যালোকে সীদতি তিষ্ঠতীতি শুচিষৎ (সারণ)।

⁽ ৪) বদতি দর্বদেতি বস্থঃ। অন্তরিকে দীদতীতি অন্তরিক্ষদৎ (দায়ণ)।

^(॰) ন বিদ্যতে ভিণিবিঃশ্বনিয়মো যাত্রার্থে যস্ত দোহয়মতিথিঃ। ছরোণেরু তত্তদ্গৃহেরু শীদতি যাচিতুং প্রচরতীতি ছরোণসং। (সারণ)।

⁽ ७) नृष् मञ्रासम् ऋषिकारभग मीम ठीकि नृषः (माग्रग)।

^{(&}lt;sup>9</sup>) বরে শ্রেষ্ঠে মণ্ডলে সীদতীতি বরসং (সারণ)।

⁽৮) ঋতং সতাবদনং বেদবাকাং তত্র সীদতীতি ঋতসং।

⁽ ৯) অন্ত্যো জায়তে ইতি অন্ত:।

^{(&}gt;•) গোভ্যো জারতে ইতি গোলা।

সকলই। বেদমধ্যে এই মন্ত্র তাঁহার প্রত্যক্ষতম রূপ। সেই জন্ম যে কোন কর্মে দূরোহণ পাঠ করিতে হয়, সেখানে হংস-বতী ঋক্ই পাঠ করিবে।

[পক্ষান্তরে] স্বর্গকামী তার্ক্স^{*} সূক্তে দূরোহণ মন্ত্র করিবে*।* গায়ত্রী যথন স্থপর্ণ হইয়া সোম আহরণ করেন, তখন তার্ক্য (গরুড়) অগ্রণী হইয়া তাহাকে পথ দেখাইয়াছিলেন। যেমন লোকে ক্ষেত্রজ্ঞ (মার্গাভিজ্ঞ) ব্যক্তিকে পথের অগ্রণী (পথ-প্রদর্শক) করিয়া থাকে, ইহাও (তার্ক্যসূক্ত পাঠও) সেই রূপ। এই যিনি (যে বায়ু) প্রমান, তিনিই তাক্ষ্য। ইনিই স্বর্গ লোকের অভিমূথে আরোহণ করান। [প্রথম ঋকে] ত্যমূ যু বাজিনং দেবজৃতম্"এস্থলে দেই তাক্ৰ্যই বাজী (অন্নবান্) ও দেবজ,ত (দেবগণ মধ্যে বেগশালী)। ''সহাবানং তরুতারং রথানাম্" এ স্থলে তিনি সহাবান্ (পরাজয়কারী) এবং তরুতার (উল্লজ্ঞনকর্ত্তা), কেননা ইনিই সত্য এই লোকসকল লজ্ঞানে সমর্থ। "অরিন্টনেমিং পৃতনাজমাশুম্" এস্থলে ইনিই অরিন্ট-নেমি (অহিংদারক্ষক) ও পৃতনাজিৎ (শত্রু দেনার জয়কারী) ও আশু (বেগবান্)। "স্বস্তয়ে" এই পদে স্বস্তির (মঙ্গলের) প্রার্থনা হয়। "তাক্ষ্যমিহা হুবেম"এতদ্বারা তাক্ষ্যকেই আহ্বান করা হয়। [দ্বিতীয় ঋকে] ''ইন্দ্রস্থেব রাতিমাজো হুবানাঃ স্বস্তয়ে"এই অংশ পাঠেও স্বস্তির প্রার্থনা হয়। "নাবমিবা রুহেম" এই অংশপাঠে এই দূরোহণ স্বর্গই সম্যক্রূপে আরোহণ করা হয়; এবং ইহাতে স্বর্গলোকেরই প্রাপ্তি, ভোগ ও

১১ . "ভঃমৃত্বাজিনং দেবজ তুম্" ইত্যাদি ভাক্তি সূক্ত । ১০ মঞ্জ ১৭৮ হ'জ ।

সঙ্গতি ঘটে। "উবর্বী ন পৃথী বহুলে গভীরে মা বামেতো মা পরেতো রিষাম" এই [উত্তরার্দ্ধ] পাঠ দ্বারা হোতা আদিবার সময় ও ফিরিয়া যাইবার সময় এই পৃথিবী লোক ও দ্যুলোক উভয়কেই অনুমন্ত্রণ করেন। [তৃতীয় ঋকের পূর্ববার্দ্ধ] "সদ্যশ্চিদ্যঃ শবসা পঞ্চ রুস্তীঃ সূর্য্য ইব জ্যোতিষাপত্তবান" এতৎপাঠে সূর্য্যকে প্রত্যক্ষ করিয়া অভিবাদন করা হয়। [উত্তরার্দ্ধ] "সহস্রসাঃ শতসা অস্থ্য রংহিন স্মা বরতে বৃত্তির ন শর্য্যান্" এই অংশ পাঠে নিজের জন্ম ও যজমানগণ্যের জন্ম আশিষ প্রার্থনা হয়।

সপ্তম থণ্ড

গ্ৰাময়ন

বুরোহণ মন্ত্র সম্বন্ধে অস্তান্ত কথা—"আহুয় দ্রোহণ · · · · · অবক্দৈয়"

হোতা] আহাবের পর দুরোহণ ["ত্যমূষ্ বাজিনম্" এই মৃক্ত] পাঠ করিবে। স্বর্গলোকই দূরোহণ এবং বাক্যই আহাব। বাক্যই আবার ব্রহ্ম। হোতা যখন আহাব পাঠ করেন, তখন ব্রহ্মস্বরূপ আহাবদারা স্বর্গলোকে আরোহণ করেন। হোতাই আরোহক্রমে প্রথমে প্রতিচরণে অবসান দিয়া পাঠ করিবেন, তাহাতে এই [ভূ-] লোক-প্রাপ্তি হয়। অনস্তর [দ্বিতীয়বার পাঠে] অর্দ্ধ ঋকের পর অবসান দিয়া পাঠ করিবেন; তাহাতে অন্তরিক্ষ-প্রাপ্তি হয়। পরে [ভৃতীয় নার পাঠের সময়] তিনচরণের পর অবসান দিয়া পাঠ করিবেন; ইহাতে ঐ [স্বর্গ-] লোক-প্রাপ্তি হয়। অনস্তর [চতুর্থবার পাঠের সময়] বিনা অবসানে পাঠ করিবে; তাহাতে ঐ যিনি (আদিত্য) তাপ দেন, তাঁহাতেই প্রতিষ্ঠা হয়।

অবরোহক্রমেও ঐ মন্ত্র পাঠ করা হয়; যেমন [রুকারুড় ব্যক্তি] নামিবার সময় শাখা ধরিয়া নামে, সেইরপ। প্রথমে তিন চরণের পর অবসান দিবে, তাহাতে ঐ [স্বর্গ] লোকে প্রতিষ্ঠা হইবে। অর্দ্ধ ঋকের পর অবসান দিলে অন্তরিক্ষে এবং প্রতি চরণে অবসান দিনে এই লোকে প্রতিষ্ঠা হয়। এইরূপে যজমানেরাও স্বর্গলোক প্রাপ্ত হইয়া আবার এই লোকে [নামিয়া আসিয়া] প্রতিষ্ঠিত হয়।

পক্ষান্তরে যাহারা একটিমাত্র লোক কামনা করে অর্থাৎ স্বর্গ মাত্র কামনা করে, তাহারা [কেবল] আরোহক্রমেই পাঠ করিবে। তাহাতে স্বর্গলোকই জয় করিবে। কিস্তু তাহারা এই লোকে অধিক দিন বাস করিতে পাইবে না।

ত্রিউপু ছন্দের ও জগতী ছন্দের সূক্ত মিথুন (জোড়া) করিয়া পাঠ করিবে। পশুগণই মিথুন থাকে ও পশুগণই ছন্দঃস্বরূপ; ইহাতে পশুগণের রক্ষা ঘটে।

⁽১) এই দুরোহণ মন্ত্র ছুই প্রকারে পাঠ করিতে হয়; আরোহক্রমে অথবা অবরোহ-ক্রমে। আরোহক্রমে প্রত্যেক মন্ত্র চারিবার পাঠ করিতে হয়। এছলে আরোহক্রমে পাঠের নিয়ম বলা হইল।

⁽২) অবরোহ ক্রমে পাঠের নিয়ন আরোহ ক্রমের বিপরীত। আরোহ ক্রমে পাঠের ফল ভূলোক হইতে ক্রমে স্বর্গে আরোহণ; অবরোহ ক্রমে পাঠের ফল স্বর্গ হইতে ভূমিতে অবরোহণ। বাহারা ছুই ফল কামনা করে, তাহারা তুই প্রকারেই পাঠ করিবে।

অফ্টম খণ্ড গ্ৰাম্যন

विষুবাহের প্রশংসা—"যথা বৈ পুরুষ:য এবং বেদ"

পুরুষ (মন্থা) যেমন, বিষুবাহও তেমনই। পুরুষের [দেহের] যেমন দক্ষিণার্দ্ধ, বিষুবের সেইরূপ [ষণ্মাসব্যাপী] পূর্বার্দ্ধ; পুরুষের যেমন বামার্দ্ধ, বিষুবের তেমনই [ষণ্মাসব্যাপী] উত্তরার্দ্ধ; এবং সেই জন্মই [বিষুবের পরবর্ত্তী ভাগের] নাম উত্তর। [দেহের] বাম ও দক্ষিণ ভাগের মধ্যে মস্তকের মত বিযুব অবস্থিত। পুরুষের দেহ (বাম ও দক্ষিণ) উভয়ার্দ্ধের সন্ধিযুক্ত, সেইজন্ম মস্তকের মধ্যে সীবনরেখা (নরকপালের ছুই পার্শ্বের অস্থির সংযোগচিক্ষ) দেখা যায়।

এ বিষয়ে [ব্রহ্মবাদীরা] বলেন, বিষুবদিনেই (বিষুব
, সংক্রোন্তির দিনেই) এই [বিষুবাহে অনুষ্ঠেয়] শস্ত্র পাঠ
করিবে। উক্থসকলের মধ্যে ইহাই বিষুবস্বরূপ। এই
শস্ত্রকেই বিযুব বলে। যজমানেরাও ইহাতে বিষুবান্ হয় ও
শ্রেষ্ঠতা প্রাপ্ত হয়।

কিন্তু এমত আদরণীয় নহে। সংবৎসরদত্রেই এই শস্ত্র পাঠ করিবে।' তাহা করিলে সংবৎসর ব্যাপিয়া রেতোধারণ করিয়া অনুষ্ঠান করা হইবে। যে রেতঃ সংবৎসর অপেক্ষা অল্প কালে [সন্তানরূপে] জন্মায়, যাহা পঞ্চমাসমাত্র বা ছয়মাস

^{(&}gt;) বিবৃব সংগতির দিনে না পর্লিয়া সংবৎসর সজের।

মাত্র [গর্ভে] থাকে, তাহা [গর্ভ-] স্রাবমাত্র। সেই রেতোদারা [সন্তান-জন্মরূপ ফল] পাওয়া যায় না। পক্ষান্তরে যাহা দশ মাস থাকিমা জন্মায়, যাহা সংবৎসর ধরিয়া থাকে, তাহাতেই:ফল পাওয়া যায়, সেই জন্ম সংবৎসর ব্যাপিয়াই ঐ [বিষুবাহে বিহিত] শস্ত্র পাঠ করিবে। সংবৎসরেই সেই অনুষ্ঠান হইয়া থাকে। এই যজমান সংবৎসর দ্বারাই পাপ নাশ করে এবং বিযুব দ্বারাও পাপ নাশ করে। [সংবৎসরের] অঙ্গস্বরূপ মাসসমূহ দ্বারা ও মন্তক্ষরূপ বিষুব্দারা পাপ নাশ করে। যে ইহা জানে, সে সংবৎসর দ্বারা পাপ নাশ করে।

মহাত্রত দিনে সবনীয় পশুর স্থানে বিশ্বকর্মার উদ্দিষ্ট উভয় পার্শ্বে উভয় বর্ণযুক্ত বৃষভ আলম্ভনযোগ্য; অতএব [ঐ দিনে] উহারই আলম্ভন করিবে।

ইন্দ্র রত্রকে হত্যা করিয়া বিশ্বকর্মা হইয়াছিলেন। প্রজা-পতি প্রজা স্থি করিয়া বিশ্বকর্মা হইয়াছিলেন। সেই বিশ্ব-কর্মা সংবৎসরস্বরূপ। এতদ্বারা সংবৎসরব্যাপী ইন্দ্র ও সংবৎসররূপী প্রজাপতি এই [উভয়বিধ] বিশ্বকর্মাকেই প্রাপ্ত হওয়া যায়। যে ইহা জানে, সে সত্রাবসানে সংবৎসররূপী ইন্দ্র ও সংবৎসররূপী প্রজাপতি, এই [উভয়] বিশ্বকর্মাতেই প্রতিষ্ঠিত হয়।

ঊনবিংশ অধ্যায়

প্রথম খণ্ড

বাদশাহ

গ্ৰাময়ন সত্ৰ বৰ্ণিত হইল। এখন দাদশদিনসাধ্য দাদশাভ বৰ্ণিত হইৰে' যথা—"প্ৰজাপতিঃ.....এবং বেদ"

প্রজাপতি ইচ্ছা করিয়াছিলেন, আমি বহু হইয়া জন্মিব। এই মনে করিয়া তিনি তপস্থা করিয়াছিলেন। তিনি তপস্থা করিয়া আপনারই অঙ্গ মধ্যে ও প্রাণমধ্যে দ্বাদশাহকে দেখিয়া-ছিলেন। আপনার অঙ্গ হইতে ও প্রাণ হইতে তিনি তাহাকে দ্বাদশরপ করিয়া নির্মাণ করিয়াছিলেন। এইরূপে দ্বাদশাহকে আহরণ করিয়া তদ্বারা যজন করিয়াছিলেন। তথন তিনি প্রজাপতি হইলেন ও আপনি প্রজাদ্বারা ও পশুদ্বারা বিহু হইয়া জন্মলেন। যে ইহা জানে, সে আপনি প্রজাদ্বারা ও পশু বারা বহু হইয়া জন্মে।

প্রজাপতি ইচ্ছা করিয়াছিলেন, আমি কিরূপে গায়ত্রী দ্বারা দাদশাহকে সকল দিকে ব্যাপ্ত করিয়া সকল সমৃদ্ধি পাইব। এই

⁽১) খাদশাহ দিবিগ; ভরত থাদশাহ ও ব্যুচ্ খাদশাহ। ভরত খাদশাহে এথম দিনে মতিরাত্র, বিতীয় দিনে অগ্নিষ্টোম, পরে আট দিনে উক্থা, একাদশ দিনে অগ্নিষ্টোম ও খাদশ দিনে মতিরাত্র বিহিত হয়। এই নতে দেই খাদশাহ এশংসিত হইল। পরওতে ব্যুচ্ খাদশাহ বর্ণিত ছইবে। ইহাতে এথম দিন ও শেষ দিন অতিরাত্র। দশম দিন পরিত্যাগ করিয়া বিতীয় হইতে একাদশ পর্যন্ত অবশিষ্ট নম্দিনে তিনটি তাহ সম্ভিত হয়। জ্যোভিষ্টোম, গোষ্টোম ও আয়ুটোম শইয়া প্রত্যেক তাহ।

মনে করিয়া তিনি গায়ত্রীর তেজ দারা দাদশাহের প্রথম ভাগ, ছন্দদারা মধ্যভাগ, ও অফরদারা শেষভাগ ব্যাপ্ত করিয়াছিলেন; এবং এইরূপে গায়ত্রীদারা দাদশাহের সকল ভাগ ব্যাপ্ত করিয়া সকল সমৃদ্ধি পাইয়াছিলেন। যে ইহা জানে, সে সকল সমৃদ্ধি প্রাপ্ত হয়।

যে যেই পক্ষযুক্তা চক্ষুশ্বতী জ্যোতিশ্বতী দীপ্তিমতী গায়ত্রীকে জানে, পক্ষযুক্তা চক্ষুশ্বতী জ্যোতিশ্বতী দীপ্তিমতী গায়ত্রী দারা সে ফর্গলোক প্রাপ্ত হয়। এই গায়ত্রীই পক্ষযুক্তা চক্ষুশ্বতী জ্যোতিশ্বতী ও দীপ্তিমতী। এই যে দাদশাহ, ইহার [আছস্ভে] যে ছই অতিরাত্র বিহিত, তাহাই ছই পক্ষ-স্বরূপ; ইহার [দ্বিতীয় ও একাদশ দিবসে] যে ছই অগ্নিফৌম, তাহাই ছই চক্ষুংশ্বরূপ; ইহার মধ্যে (মধ্যবর্ত্তী আট দিনে) যে উক্থ্য বিহিত, তাহাই উহার আত্মা (শরীর)। যে ইহা জানে, সে পক্ষযুক্তা, চক্ষুশ্বতী, জ্যোতিশ্বতী, দীপ্তিমতী গায়ত্রী-দ্বারা স্বর্গলোক প্রাপ্ত হয়।

দ্বিতীয় খণ্ড

দ্বাদশাহ

ভৎপরে বৃঢ় দাদশাহ বিধান—''অয়শ্চ···• য এবং বেদ''

এই যে দ্বাদশাহ, ইহাতে [আগন্তের] তুই অতিরাত্র ও দশমাহ পরিত্যাগ করিয়া তিনটি ত্র্যাহ থাকে।

ৰাদশ দিন দীক্ষিত হইতে হয়, তাহাতে যজ্ঞ [অমুষ্ঠানের]

বোগ্য হয়। দ্বাদশ রাত্রি উপসৎ অনুষ্ঠান করা হয়; তদ্বারা শরীর কম্পিত হয়। দ্বাদশ দিন সোমের অভিষব হয়। যে ইহা জানে, সেই শরীর কম্পিত করিয়া শুদ্ধ ও পবিত্র হইয়া দেবতাগণকে পাইয়া থাকে।

এই যে দ্বাদশাহ, ইহা [এইরপে] ছত্রিশ দিনাত্মক। ব্রহতীরও ছত্রিশ অক্ষর। এই যে দ্বাদশাহ, ইহা ব্রহতীরই স্থান। দেবগণ ব্রহতী দ্বারাই এই লোকসকল পাইয়াছিলেন। দশ অক্ষর দ্বারা তাঁহারা এই [ভূ] লোক, দশটি দ্বারা অন্তরিক্ষ, দশটি দ্বারা জুলোক এবং চারিটি দ্বারা চারি দিক্ পাইয়াছিলেন এবং তুইটি দ্বারা এই লোকে প্রতিষ্ঠিত হইয়াছিলেন। যেই জানে, সেও প্রতিষ্ঠিত হয়।

এ বিষয়ে [ব্রহ্মবাদীরা] বলেন, যখন অন্থান্য ছন্দ'
[বৃহতীর অপেকা] অধিক-অক্রর-মুক্ত ও বৃহৎ, তখন এই
ছন্দকে বৃহতী বলে কেন ? [উত্তর] এই ছন্দ দারাই
দেবগণ এই লোকসকল পাইয়াছিলেন; লাহারা দশ
অক্রর দারা এই [ভূ] লোক, দশটি দ্বারা অন্তরিক্র, দশটি
দ্বারা ছল্যোক, চারিটি দ্বারা চারিদিক্ পাইয়াছিলেন এবং ছুইটি
দারা এই লোকে প্রতিষ্ঠিত হইয়াছিলেন, এই জন্মই এই
ছন্দকে বৃহতী বলা হয়। যে ইহা জানে, সে যাহা যাহা
কামনা করে, তাহাই প্রাপ্ত হয়।

⁽১) প্রকৃতি যজ্ঞে তিন উপসং; পূর্বেধে দেখ। এ স্থলে প্রত্যেক উপসদের চারিদিন আযুত্তি দারা বারদিন উপসদেত বিধি হইল। উপসদে কেবল দ্রন্ধ পান করিয়া থাকিতে হয়; ভাহাতে শরীর কুশ ও কম্পিত হয়। শরীধের কার্শ্যহেতু পাপক্ষয় ঘটে।

⁽२) वांत्र पिन पीका, बांत्र पिन উপসৎ ও वांत्र जिन मार्गाष्ट्रिय, একবোগে ৩৬ पिन इस ।

⁽৩) পঙ্ক্তি, ত্রিষ্টুপু ও জগতীর অক্ষর সংখ্যা বৃহতীর অপেক্ষা অধিক।

তৃতীয় খণ্ড আদশাহ

খাদশতে যজন-যাজনবিষয়ে অধিকারিনির্দেশ যথা—"প্রজাপতিযজ্ঞো..... ই এবং বেদ'

এই যে দ্বাদশাহ, ইহা প্রজাপতির যজ্ঞ; প্রজাপতিই পুরাকালে [সকলের] অত্যে এই দ্বাদশাহ দ্বারা যাগ করিয়াছিলেন। তিনি ঋতুগণকে ও মাদগণকে বলিয়াছিলেন, তোমরা [ঋত্বিক্] হইয়া দ্বাদশাহ দ্বারা আমার যাগ করাও। তাঁহারা প্রজাপতিকে দীনিত করিয়া ও [দীকান্তে যাগদমাপ্তি পর্যন্ত দেবযজন-ভূমি হইতে] উহার বাহিরে গমন নিষেধ করিয়া বলিয়াছিলেন, আমাদিগকে শীঘ্র দান কর, পরে তোমাকে যাজন করিব। তথন প্রজাপতি তাঁহাদিগকে অন্ন ও রদ দিয়াছিলেন। সেই রদ শুসকলে ও নাদদকলে নিহিত হইয়াছিল। দান করিলে পর তাঁহারা প্রজাপতিকে যাজন করিলেন, কেননা দানকারী পুরুষই যাজনযোগ্য। তাঁহারা [দানের] প্রতিগ্রহ করিয়া তাঁহাকে যাজন করিয়াছিলেন; সেই জন্ম প্রতিগ্রহ করিয়া তাঁহাকে যাজন করিয়াছিলেন; সেই জন্ম প্রতিগ্রহকর্ত্বই যাজন কর্ত্ব্যা ইহা জানিয়া যজন করে ও যাজন করে, তাহারা উভয়েই সমৃদ্ধি লাভ করে।

ঐ সেই ঋতুগণ ও মাদগণ দাদশাহে প্রতিগ্রহ করিয়া আপনাদিগকে [পাপভারে] গুরু বলিয়া মনে করিলেন। তাঁহারা প্রজাপতিকে বলিলেন, তুমি আমাদিগকে দ্বাদশাহ দ্বারা যাগ করাও। প্রজাপতি বলিলেন, তাহাই হইবে, তোমরা দীক্ষিত হও। তথন [তাঁহাদের মধ্যে] পূর্ব্বপক্ষগণ (শুক্লপক্ষগণ)

পূর্বেব দীক্ষিত হইলেন ও তাঁহারা পাপ নাশ করিলেন; সেইজন্য তাঁহারা যেন দিনের মত [উজ্জ্বল]; কেন না যাহারা নউপাপ, তাহারাও দিনের মত [উজ্জ্বল]। অন্য অপরপক্ষগণ (কৃষ্ণ-পক্ষগণ) পশ্চাৎ দীক্ষিত হইলেন; তাঁহারা সম্যক্ভাবে পাপনাশ করিতে পারেন নাই, সেইজন্য তাঁহারা যেন অন্ধকারের মত; কেন না যাহারা অনউপাপ, তাহারাও অন্ধকারের মত। এই-জন্য যে ইহা জানে, সে দীক্ষমাণদের পূর্ব্বে ও পূর্ব্বপক্ষে (শুরূপক্ষে) দীক্ষিত হইতে চেন্টা করিবে। যে ইহা জানে, সে পাপ নাশ করে।

এই সেই প্রজাপতিরূপী সংবৎসর ঋতুগণে ও মাসগণে প্রতিষ্ঠিত হইয়াছিলেন; এবং এই সেই ঋতুগণ ও মাসগণ প্রজাপতিরূপী সংবৎসরে প্রতিষ্ঠিত হইয়াছিলেন। এইরূপে তাঁহারা পরস্পরে প্রতিষ্ঠিত হইয়াছিলেন। যে যজমান এইরূপে ছাদশাহ দ্বারা যজন করে, সে ঋত্বিকেই প্রতিষ্ঠিত হয়। সেই ক্রফা [ব্রহ্মবাদীরা] বলেন, যে দ্বাদশাহ দ্বারা পাপী পুরুষের বাজন করিবে না, তাহাতে সেই পাপ আমাতে (যাজকে) প্রতিষ্ঠিত হইতে পারে।

এই যে দ্বাদশাহ, ইহা জ্যেষ্ঠের যজ্ঞ। যিনি এতদ্বারা [সকলের] অগ্রে যাগ করিয়াছিলেন, তিনি দেবগণের মধ্যে জ্যেষ্ঠ। এই যে দ্বাদশাহ, ইহা শ্রেষ্ঠের যজ্ঞ, যিনি এতদ্বারা অগ্রে যাগ করিয়াছিলেন, তিনি দেবগণের মধ্যে শ্রেষ্ঠ।

জ্যেষ্ঠ এবং শ্রেষ্ঠ এই যাগ করিবে; তাহাতে বৎসর কল্যাণপ্রদ হইবে। দ্বাদশাহ দ্বারা পাণী পুরুষের যাজন করিবে না; তাহাতে ষাজকেই পাপ প্রতিষ্ঠিত হইতে পারে। দেবগণ ইন্দ্রের জ্যেষ্ঠত্ব ও শ্রেষ্ঠত্ব স্বীকার করেন নাই।
ইন্দ্র রহস্পতিকে বলিলেন, তুমি আমাকে দ্বাদশাহ দ্বারা যাজন
কর। রহস্পতি তাঁহাকে যাজন করিলেন। তখন দেবগণ
তাঁহার জ্যেষ্ঠত্ব ও শ্রেষ্ঠত্ব স্বীকার করিলেন। যে ইহা জানে,
তাহার স্বজনেরা (জ্ঞাতিরা) তাহার জ্যেষ্ঠত্ব ও শ্রেষ্ঠত্ব স্বীকার
করে এবং সেই স্বজনেরা তাহার শ্রেষ্ঠতা মানিয়া থাকে।

[দ্বাদশাহের অন্তর্গত] প্রথম ত্রাহ উর্নমুখ, মধ্যম ত্রাহ তির্যান্তর্থ ও অন্তিম ত্রাহ অধােমুখ। প্রথম ত্রাহ যে উর্নমুখ, সেইজন্ম অরি ইর্নমুখ, সেইজন্ম এই বায়ু তির্যান্তর্মুখে প্রবাহিত হয়, অপ্সমূহও তির্যান্তর্মুখে প্রবাহিত হয়, তাঁহার দিক্ও তির্যাগ্র্গত। অন্তিম ত্রাহ যে অধােমুখ, সেইজন্ম ঐ [আদিত্য] অধােমুখে তাপ দেন, ঐ [পর্জন্ম] অধােমুখে বর্ষণ করেন, নক্ষত্রগণ অধােমুখ, ইহার দিক্ও অধােগত। এইরপে লােক-সকল সম্যক্ হয় ও এই ত্রাহসকলও সম্যক্ হয়। যে ইহা জানে, এই লােকসকল সম্যক্ হয়া তাহার ঐ উৎপাদন করিয়া দীপ্রি পায়।

⁽১) প্রথমত্রাহে প্রাতঃসবনে গায়ত্রী, মাধ্যন্দিনে ত্রিষ্টুপ্, তৃতীয়দবনে জগতী বিছিত। এইরপে ছন্দের অপর সংখ্যা ক্রমণঃ বৃদ্ধি পাওয়াতে প্রথমত্রাহকে উদ্ধুম্প বসা হইল। দিতীরত্রাহে প্রাতঃসবনে জগতী, মাধ্যন্দিনে গায়ত্রী, তৃতীয়ে ত্রিষ্টুপ্, এছলে অক্ররসংখ্যার ক্রমোয়তি বা
ক্রমাবনতি নাই, এ জন্ম ইহা তিগ্রুম্প। অস্তিমত্রাহে প্রাতঃসবনে ত্রিষ্টুপ্, মাধ্যন্দিনে জগতী,
তৃতীয়ে গায়ত্রী হওয়ায় উহা অধ্যেম্ধ।

চতুৰ্থ খণ্ড দ্বাদশাহ

বাদশাহ সম্বন্ধে অস্তান্ত কথা—''দীকা বৈ···· অন্তরিকান্তমিঃ"

দাক্ষা দেবগণের নিকট হইতে চলিয়া গিয়াছিল। দেবগণ তাহাকে বসন্ত (চৈত্র ও বৈশাখ) ছই মাদের সহিত যুক্ত করিতে গিয়াছিলেন; কিন্তু তাহাকে বসন্ত ছই মাদের সহিত যুক্ত করিতে পারেন নাই। তৎপরে [ক্রমশঃ] গ্রীষ্ম ছই মাদের সহিত, বর্ষা ছই মাদের সহিত, শরৎ ছই মাদের সহিত, হেমন্ত ছই মাদের সহিত যুক্ত করিতে গিয়াছিলেন; কিন্তু হেমন্ত ছই মাদের সহিতও যুক্ত করিতে পারেন নাই। পরে তাহাকে শিশির ছই মাদের সহিত যুক্ত করিতে গিয়াছিলেন এবং তাহাকে শিশির ছই মাদের সহিত যুক্ত করিয়াছিলেন। যে শইহা জানে, সে যাহা পাইতে চাহে, তাহা পাইয়া থাকে; কিন্তু তাহার শক্ত তাহাকে পায় না।

সেই জন্ম যে ব্যক্তি [দ্বাদশাহ] সত্রে দীক্ষিত হইতে চাহিবে, তাহাকে শিশির মাসদ্বয় আগত হইলে দীক্ষিত করিবে; তাহাতে দীক্ষা আপনা হইতে আগত হইলে দীক্ষিত করা হয়। সে প্রত্যক্ষ দীক্ষা গ্রহণ করে। সেইজন্ম এই শিশির মাসদ্বয় আগত হইলে যে সকল পশু গ্রাম্য ও যাহারা আরণ্য, তাহারা সকলেই [ত্ণাভাবে] কৃশত্ব ও পরুষত্ব প্রাপ্ত হয়; এবং দীক্ষারই রূপ পাইয়া চরিয়া বেড়ায়।

⁽ ১) দীক্ষিত ব্যক্তিও উপবাদাদিতে কুল ও পরুব হয় ; দেইজ্ঞু দীক্ষার ক্লপ কুল ও পরুব।

সে ব্যক্তি দীক্ষার পূর্ব্বে প্রজাপতির উদ্দিষ্ট পশুর আলম্ভন করিবে। তাহাতে সপ্তদশ সামিধেনী পাঠ করিবে। কেন না প্রজাপতি সপ্তদশ [-অবয়বযুক্ত]; ইহাতে প্রজাপতির প্রাপ্তি ঘটে।

তাহাতে (সেই পশুকর্মে) জমদগ্রিদৃষ্ট আপ্রীমন্ত্র বিহিত হয়। এ বিষয়ে ব্রহ্মবাদীরা প্রশ্ন করেন, যখন অন্থান্য পশু-কর্মে [যজমানের গোত্রপ্রবর্ত্তক] ঋষি অনুসারে আপ্রীমন্ত্র বিহিত হয়, তবে কেন এ স্থলে দকলের পক্রেই জমদগ্রির উদ্দিন্ট আপ্রী বিহিত হয় ? [উত্তর] জমদগ্রির উদ্দিন্ট মন্ত্রদকল দকল মন্ত্রের স্বরূপ ও দর্ব্বদমৃদ্ধিযুক্ত। এই [প্রজাপতির উদ্দিন্ট] পশুও দকল পশুর স্বরূপ ও দর্ববদমৃদ্ধিযুক্ত; দেই-জন্ম এই যে জমদগ্রির উদ্দিন্ট আপ্রী বিহিত হয়, ইহাতে দর্বব-স্বরূপতা ও দর্ববদমৃদ্ধি ঘটে।

িউন্ত পশুকর্মো বায়ুর উদ্দিষ্ট পশুপুরোডাশ বিহিত।

এ বিষয়ে প্রশ্ন হয়, যে যখন পশু অন্য দেবতার (অর্থাৎ প্রজাপতির) উদ্দিষ্ট, তখন [তদঙ্গ] পশুপুরোডাশ কেন বায়ুর
উদ্দিষ্ট করা হয় ? [উত্তর] প্রজাপতি যজ্ঞস্বরূপ; যজ্ঞের
অসারতারূপ আলম্ম পরিহারের জন্ম [ঐরূপ করা হয়], এই
উত্তর দিবে। বায়ুর উদ্দিষ্ট হইলেও উহা প্রজাপতি হইতে
অপগত হয় না; কেননা বায়ুই প্রজাপতি। এ বিষয়ে ঋষি
বলিয়াছেন, প্রমান (বায়ু) প্রজাপতিস্বরূপ।

⁽২) পশুকর্পে যজমানের গোত্রাসুদারে বিভিন্ন ঋষি দৃষ্ট অংশ্রীস্কু ব্যবস্ত সন্ন; পুর্বের দেশ। জমদ্মির দৃষ্ট আঞ্চাপুকু "সমিদ্ধো অন্য মনুষো ছুরোণে" ইত্যাদি ১০ মণ্ডলের ১১০ স্কু।

^{(ে) &}quot;ব্টারমগ্রকাং গোপান্" ইত।। বি খকের চতুর্ব চয়বে প্রমানকে প্রজাপতি বল। ইইরাছে।

দ্বাদশাহ যদি সত্ররূপে অনুষ্ঠিত হয়⁴, তাহা হইলে [ঋদ্বি-কেরা] সকলেই অগ্নিসমূহ একত্র স্থাপন করিয়া দীক্তিত হইবে, সকলেই অভিষব করিবে, বসন্তকালে উদবসান (সমাপ্তিকালীন ইপ্তি যাগ) করিবে।⁴ বসন্তই রস; এতদ্বারা অন্নরূপ রসকে লক্ষ্য করিয়া [দ্বাদশাহের] উদবসান করা হয়।

পঞ্ম খণ্ড

দাদশাহ

ভংপরে বুড়েহাদশাহের বুড়েছ সম্বন্ধে —"ছন্দাণ্সি বৈ.....বৃহ্ছিত"

ছন্দোগণ পরস্পারের আশ্রয়স্থান পাইবার জন্য চিন্তা করিয়াছিলেন। গায়ত্রী ত্রিষ্টুভের ও জগতীর স্থান চিন্তা করিয়াছিলেন। এইরূপে ত্রিষ্টুপ্ গায়ত্রীর ও জগতীর স্থান, জগতী ত্রিষ্টুভের ও গায়ত্রীর স্থান চিন্তা করিয়াছিলেন। তখন প্রকাপতিও এই ব্যুড়ছন্দ দ্বাদশাহকে দেখিলেন, তাহাকে আহরণ করিলেন এবং তদ্ধারা যাগ করিলেন। এইরূপে তিনি

⁽ ৪) ধাদশাহ যেমল ভরত ও বুাঢ়ভেদে দিবিধ, তেমনই আবার অহীন ও সত্রভেদে দিবিধ।

⁽৫) দ্বাদশাহে যাহার। যজ্মান, তাহারাই স্কৃতিক্ (পুর্বের আখ্যায়িকা দেখ); স্কৃতিকেরা সকলেই যজ্মান স্কুপে শিক্ষাগ্রহণ ও অক্ত কার্যা ব্রেন।

⁽ ১) স্বনত্রে গায়ত্রী ত্রিসূপ্ ও জগতী এই তিন ছলের বিধান; এই তিন ছলেরই কথা ইইডেচে।

⁽২) নিজের স্থান প্রাতঃস্বন ত্যাগ করিয়া অপর ছুই ছন্দের স্থান অস্তা ছুই স্বন পাইছে। ইচ্ছা করিয়াছিলেন।

⁽৩) বৰস্থানবিপরীতত্বন উঢ়ানি রানান্তরে এফিগুনি চন্দাংসি যক্মিন্ দাদশাহে সোহরং ব্যুচ্চহন্দাং (সায়ণ)—যেবানে শস্থান ছাড়িয়া অস্তুক্ত ছল এক্ষিপ্ত হয়—সেই দাদশাহ ব্যুচ্ছন্দ।

ছন্দোগণকে তাহাদের সকল কামনা পাওয়াইয়াছিলেন। যে ইহা জানে, সে সকল কামনা প্রাপ্ত হয়।

অসারতাপ্রযুক্ত আলম্ভ পরিহারের জন্ত ছন্দ সকল সম্থান হইতে অন্তত্ত্ব স্থাপিত করা হয়। ছন্দ সকলকে অন্তম্থানে স্থাপিত করা হয়; সে এইরপ—লোকে যেমন অশ্বধারা অথবা বলীবর্দ্দ ধারা [গাড়ীতে চড়িয়া দূরদেশে যাইবার সময়] তাহা-দিগকে পুনঃ পুনঃ মোচন করিয়া তদপেকা অপ্রান্ত নৃতন নৃতন অব অথবা বলীবর্দ্দ ধারা চলে, সেইরপ এই যে ছন্দ সকলের স্থান পরিবর্ত্তন করা হয়, এতদ্বারা এক ছন্দকে সোচন করিয়া তদপেকা অপ্রান্ত নৃতন নৃতন ছন্দ ধারা স্বর্গলোকে যাওয়া যায়।

বৃহৎ ও রথম্বর সামদ্রয়ের প্রশংসা ও তৎপ্রসঙ্গে অন্তান্ত কথা—"ইমৌ বৈ.....ভূমিং"

এই হুইলোক (ভূলোক ও হ্যুলোক) [পুরাকালে] একত্র (একসঙ্গে) ছিল। [একদা] তাহাদের বিরোধ ঘটিয়াছিল। তথন [হ্যুলোকস্থ পর্জ্জন্ম] বর্ষণ করিতেন না ও [আদিত্য] তাপ দিতেন না। তাহাতে পঞ্চজনেরা একতাহীন হইল। দেবগণ তথন সেই লোকষয়কে একত্র স্থানিলেন। তাঁহারা একত্র মিলিত হইয়া দেববিবাহে আবদ্ধ হইল। তদবিধ ইনি (স্ত্রীরূপা ভূমি) উ হাকে (পুরুষরূগী) স্বর্গকে রথন্তর সামদারা প্রীত করেন ও উনি ই হাকে রহৎ সামদারা প্রীত করেন। [অপিচ] নৌধস সামদারা ইনি উ হাকে প্রীত করেন;

⁽ ह) (मनमञ्जामि भक्षिय आणी (भूत्र्य (मस)।

^{(•) &}quot;ইমমিল ক্ডং পিব" (১৮৪।৪) এই ঝক্ হইতে উৎপন্ন সাম নোধস।

শৈতসাম দারা উনি ইঁহাকে প্রীত করেন; ধ্মদারা ইনি উঁহাকে ও রৃষ্টিদারা উনি ইঁহাকে প্রীত করেন। দেবযজন স্থান ইনি উঁহাতে স্থাপিত করিয়াছিলেন; পশুগণকে
উনি ইঁহাতে স্থাপিত করিয়াছিলেন। চন্দ্রমণ্ডলে কৃষ্ণবর্ণ যাহা
আছে, তাহাই দেবযজন ভূমি, তাহাই ইনি উঁহাতে স্থাপিত
করিয়াছিলেন। সেইজন্ম ক্রমশঃ পূর্ণতার উন্মুখ পক্ষে যাহারা
যাগ করে, তাহারা চন্দ্রমণ্ডলই প্রাপ্ত হয়।

উনি ইহাতে "উষ" গণকে [স্থাপন করিয়াছিলেন], এরপও বলা হয়'। সেই যে কবষের পুত্র তুর বলিয়াছেন, অহে জনমেজয়, কোন্ উষ পোষ (পুষ্টিহেতু অর্থাৎ পশু)? সেই হেতু এখনও লোকে গব্যসম্বন্ধে (গো-পশু হইতে উৎপন্ধ ক্ষীরাদিসম্বন্ধে) বিচার উপস্থিত হইলে প্রশ্ন করে, সেখানে উষ আছে কি? [অতএব] উষই পোষ (পশু)। ঐ [ম্বর্গ] লোক এই [ভূ] লোকে পর্য্যাবর্ত্তন করিয়াছিল; সেইজন্য ভূলোক ও ত্যুলোকের ঐরপ মিলন হেতু] ভাবাপৃথিবী একত্র

⁽৬) "কামিদাহো নরঃ" (৮।৯৯।১) এই ঝক্ হইতে উৎপন্ন দাম খ্রৈত।

⁽ ৭) দেববজন ভূমি অর্থে বজ্ঞভূমি। স্বর্গের যজ্ঞভূমি চন্দ্রমণ্ডলে কলকরণে বর্তমান।

⁽৮) অর্থাৎ শুকুপক্ষে যথন চক্রমগুল ক্রমণঃ পূর্ণ হয় ও কুফ্চিক্স দেখা যায়।

⁽ ৯) কর্মীরা দক্ষিণনাণে চদ্রুমগুলে গমন করেন, ইহা উপনিষ্ণাদিতে প্রসিদ্ধ।

⁽১০) উপরে বলা ইইয়াছে, ভূমি স্থান্ট দেব্যজন স্থাপন করেন ও স্থাল্ পৃথিতে পশুগণ্কে স্থাপন করেন। এই পশুশন স্থালে "উব" শব্দও ব্যবহৃত হয়; 'পশ্ন্ অসৌ অস্তান্" ইহার পরিবর্ত্তে "উবান্ অসৌ অস্তান্" এইরূপ নাকঃ এ দেবা যায়। এই অপ্রচলিত "উব" শব্দও যে পশুবাচক, ইহাই এস্থলে ব্যান হইতেছে। সায়ণ বলেন, কালঃ√ক বশ ধাতু হইতে উব শব্দ নিপাল হইডে পারে। কাল্যিকুকু বলিয়া পশুই উব। পশ্নাং চমরাদীনাং কমনীয়জং প্রসিদ্ধ্য। (সায়ণ)।

সমৃদ্ধ হইয়াছিলেন। অন্তরিক্ষ হইতে ছ্যুলোক ভিন্ন নহে, ভূমিও অন্তরিক্ষ হইতে ভিন্ন নহে।"

गर्छ थ छ

বাদশাহ

দ্বাদশাহের অন্তর্গত পৃষ্ঠায়ড়হে পৃষ্ঠ স্তোত্তের উপযুক্ত দামসমূহের বিধান যথা—
"বৃহচ্চ বৈ-----দীঞ্চতে"।

[সকল সামের] অত্যে রহৎ এবং রথন্তর ইহারা বর্ত্তমান ছিলেন। তাঁহারা বাক্ষরপ ও মনঃস্বরূপ ছিলেন। রথন্তরই বাক্ ও রহৎ মন। সেই [পুরুষরূপী] রহৎ পূর্কে স্ট্রে করিতে ইচ্ছুক হইয়া [দ্রীষরূপ] রথন্তরকে ক্ষুদ্র মনেকরিয়াছিলেন। তথন রথন্তর গর্ভ ধারণ করিলেন এবং বৈরূপ সামকে [পুত্ররূপে] স্প্রি করিলেন। তথন রথন্তর ও বৈরূপ, তাঁহারা তুইজন হইয়া রহৎকে ক্ষুদ্র [দ্রীষরূপ] মনেকরিয়াছিলেন। তথন রহৎ গর্ভ ধারণ করিলেন ও বৈরাজকে স্প্রি করিলেন। রহৎ ও বৈরাজ ইহারা তুইজন হইয়া রথন্তর ও বৈরূপকে ক্ষুদ্র মনে করিলেন; তথন রথন্তর গর্ভ ধারণ করিলেন ও শাক্রেরেক স্পুর্তি করিলেন। রথন্তর ও বৈরূপ ও শাকর ইহারা তিন জন হইয়া রহৎকে ও বৈরাজকে ক্ষুদ্র মনেকরিলেন। তথন রহৎ গর্ভ ধারণ করিলেন ও বৈরৃতকে স্পুর্তি করিলেন। তথন রহৎ গর্ভ ধারণ করিলেন ও বৈরৃতকে স্প্রি করিলেন। তথন রহৎ গর্ভ ধারণ করিলেন ও বৈরৃতকে স্প্রি করিলেন। তথন রহৎ গর্ভ ধারণ করিলেন ও বৈরৃতকে স্প্রি করিলেন। এই তিনজন (রথন্তর বৈরূপ শাক্রর) এবং

⁽ ২) সাণে একপে অর্থ করিয়াছেন। ত্বালোক ও তুলোক পরপের মিলিত ছইয়াছিল। অন্তরিকও ভত্ন এই এম ২০০০ অভিন্ন বলিয়া উহাদের অন্তর্গত ও উহাদের সহিত মিলিত।

অন্য তিনজন (রহৎ বৈরাজ রৈবত), ইহারা ছয়টি পৃষ্ঠে পরিণত হইয়াছিলেন।

দেই সময়ে তিনটিমাত্র ছন্দ (গায়ত্রী, ত্রিন্টু প্ ও জগতী)

ঐ ছয়টি পৃষ্ঠস্তোত্র নিষ্পাদনে সমর্থ হয় নাই। সেই গায়ত্রী
গর্ভ ধারণ করিলেন ও তিনি অনুষ্টু প্কে স্থাষ্টি করিলেন;
ত্রিন্টু প্ গর্ভ ধারণ করিলেন, তিনি পংক্তিতে স্থাষ্টি করিলেন;
জগতী গর্ভ ধারণ করিলেন, তিনি অতিচ্ছন্দকে স্থাষ্টি করিলেন।
এই রূপে সেই তিন এবং এই অন্য তিন [একযোগে] ছয়টি ছন্দ
ইন্টানেন। তাঁহারা তথন ছয়টি পৃষ্ঠস্তোত্র নিষ্পাদনে সমর্থ হই-লেন; যজ্ঞও স্প্রয়োজনে সমর্থ হইল। যে স্থলে যজমান ছন্দসকলের ও পৃষ্ঠসকলের এই রূপ কল্পনাপ্রকার জানিয়া দীক্ষিত
হয়, সেই জনসমূহমধ্যে সেই যজমান সমর্থ হয়।

বিংশ অখ্যায়

প্রথম খণ্ড

দাদশাহ---নবরাত্র

দাদশাহের প্রথম ও শেষদিন অতিরাত্র অনুষ্ঠিত হয়। সেই ছুই দিন ও দশম দিন ত্যাগ করিয়া অবশিপ্ত নয় দিনের নাম নবরাত্র। এই নবরাত্রের অনু-

⁽১) পৃষ্ঠান্ত্রের প্রথম তৃতীয় ও পঞ্চম দিনে রথস্তর বৈরূপ ও শাকর দারা এবং দিতীয় চতুর্য ও ষষ্ঠ দিনে বৃহৎ বৈরাজ নৈবত দারা যথাক্রমে পৃষ্ঠতোত নিম্পাদিত হয়।

⁽২) প্ৰথম বিতীয় ও তৃতীয় দিনে গায়ত্ৰী, ত্ৰিষ্টুপ্, জগতী হইতে পৃষ্ঠস্তোত্ৰ নিষ্পাদিত হয়;
িপুৰ্গ পঞ্চ ৰঙ দিনে অনুষ্টুপ্ পংক্তি ও অভিছেম পৃষ্ঠনিষ্পাদক হয়।

ষ্ঠান এক এক দিন ক্রমে ক্রমশ: বর্ণিত হইতেছে। নবরাত্রের প্রথম দিনের অনুষ্ঠান যথা—অন্নির্বে স্পেন্দ এবং বেদ"

অগ্নি দেবতা, ত্রির্থ স্তোম, রথন্তর সাম, গায়ত্রী ছন্দ [নবরাত্রের] প্রথমাহ নির্ব্বাহ করে। যে ইহা জানে, সে এতদ্বারা যথোচিত দেবতা, স্তোম, সাম ও ছন্দ বিধান করিয়া সমৃদ্ধ হয়।

প্রথম দিনের [মন্ত্রগুলির] লক্ষণ "আ" এবং "প্র" ; এতদ্বাতীত প্রথম দিনের অন্থান্ত লক্ষণ—যে সকল মন্ত্র যোজনার্থক শব্দ-বিশিষ্ট, "রথ"-শব্দ-বিশিষ্ট, "আশু"-শব্দ-বিশিষ্ট, পানার্থক-শব্দবিশিষ্ট, যে মন্ত্রের প্রথম চরণেই দেবতার নির্দেশ আছে, যাহাতে এই [ভূ] লোকের উল্লেখ আছে, যাহা রথন্তরসামসম্বন্ধী, যাহা গায়ত্রীচ্ছন্দ, যাহাতে ভবিষ্যৎ ক্রিয়ার প্রয়োগ রহিয়াছে।

[উদাহরণ যথা] "উপ প্রয়ন্তো অধ্বরম্" ইত্যাদি দূক্ত প্রথমাহে আজ্যশন্ত হয় । কেননা [প্রথম চরণে] "প্র" শব্দ থাকায় প্রথমদিনে প্রথমাহ অনুষ্ঠানের ইহাই অনুকূল। "বায়বা যাহি দর্শত" এই দূক্তকে প্রউগ শস্ত্র করিবে। কেননা উহার প্রথম চরণে "আ" শব্দ থাকায় প্রথমাহে প্রথ-মাহ অনুষ্ঠানে উহা অনুকূল। "আ ত্বা রথং যথোতয়ে" " "ইদং বসো স্থতমন্ধঃ" এই তুইটিকে মক্ত্রতীয় শস্তের প্রতি-

⁽১) অর্থাৎ প্রথমদিনে বিহিত মন্ত্রমধ্যে ঐ ছুই শব্দ থাকা আবশ্যক; সেইরূপ গরবর্তী লক্ষণ-ও থাকিবে।

⁽২) ১।৭৪।১। প্রকৃতিবজ্ঞের আজাশন্ত তো বো দেবার অগ্নরে" ইত্যাদি (পুর্বেন নেব)।

^{(9 ; 31215 (8)} MIGHIS

⁽ ৫) ৮।২।১ ইহার বিতীর চরণে "পিবা স্পূর্ণন্" এইখনে পানার্থক শব্দ আছে।

পৎ ও অনুচর করিবে ; কেননা "রথ"-শব্দযুক্ত ও পানার্থক-শব্দযুক্ত মন্ত্র থাকায়, উহা প্রথমদিনে প্রথমাহের অনুকৃল। ''ইন্দ্র নেদীয় এদিহি'' ইত্যাদি মস্ত্রে ইন্দ্রনিহব প্রগাথ করিবে ; কেননা উহার প্রথম চরণেই দেবতার নির্দেশ থাকায় উহা প্রথমদিনে প্রথমাহের অনুকূল। "প্রৈতু ত্রন্ধাস্পতিঃ" ¹ ইত্যাদি মন্ত্রে ব্রাহ্মণস্পত্য প্রগাথ হইবে ; কেননা ''প্র'' শব্দ থাকায় উহা প্রথমদিনে প্রথমাহের অমুকূল। ''অগ্নির্নেতা'' । এবং ''স্থং সোম ক্রতুভিঃ" ' এবং ''পিশ্বন্ত্যপঃ" '' এই [তিন মস্ত্র] ধায্যা হইবে ; কেননা প্রথম চরণেই দেবতার নির্দেশ থাকায় উহারা প্রথমদিনে প্রথমাহের অনুকূল। "প্র ব ইন্দ্রায় রহতে" " ইত্যাদি মন্ত্রে মরুত্বতীয় প্রগাথ হইবে; কেননা ''প্র'' শব্দ যুক্ত মন্ত্র থাকায় উহা প্রথমদিনে প্রথমাহের অনু-কূল। "আ যান্বিন্দো বদ উপ নঃ" ইত্যাদি দূক্তে ''আ'' শব্দ থাকায় উহা প্রথমদিনে**' প্রথমাহের অনু**কূল। ''অভি ত্বা শূর নোকুমঃ" ^{১৯} ও ''অভি ত্বা পূর্ব্বপীতয়ে" ^{১৯} ইত্যাদি মত্ত্রে রথন্তর পৃষ্ঠ হইবে; কননা রথন্তরসম্বন্ধী প্রথমদিনে উহা প্রথমাহের অনুকূল। "যদ্বাবান পুরুতমং পুরাষাট্" ইহাই ধায্যা হইবে; ইহার "আর্ত্রহেন্দ্রো নামান্য-

^(4) Aleole (4) 218 · 10 (A) 015 · 18 (9) 218 / 1

⁽ ১০) ১।৬৪।৬ 'পিরস্তাপো মকতঃ হুদানবঃ" এই প্রথম চরণে মরুৎ দেবতার নির্দেশ আছে।

^(22) SELDOIL (65) SICEIS (26) OICHIA (26)

⁽১৫) "অভি ড। শূর" ইত্যাদি প্রগাণ রথস্তরের যোনি ও 'অভি ডা পূর্বন'' ইত্যাদি প্রগাধ তাহার অফুচর।

^{(34) 3-19815}

প্রাঃ" এই [দ্বিতীয় চরণে] "আ" শব্দ থাকায় উহা প্রথমদিনে প্রথমাহের অনুকূল। "পিবা স্থতস্ত রিসনঃ " ইহা [কোন এক] সামের [আধারস্বরূপ] প্রগাথ হইবে; কেননা পানার্থক শব্দযুক্ত হওয়ায় উহা প্রথমদিনে প্রথমাহের অনুকূল। "ত্যমূষু বাজিনং দেবজূতম্" " এই তার্ক্র্যসূক্ত [নিবিদ্ধান] স্ক্তের পূর্বেব পাঠ করিবে; কেননা তার্ক্র্যসূক্ত স্বস্তিহেতু; উহাতে স্বস্তিলাভ ঘটে। যে ইহা জানে, সে এতদ্ধারা স্বস্তায়ন করে ও স্বস্তিতেই সংবৎসরের পারগামী হয়।

দ্বিতীয় খণ্ড

দ্বাদশাহ-নবরাত্র

প্রথমাহের অন্ধ্রানে গ্রন্থক অন্নান্ত মন্ত্র—"আ ন ইন্দ্রো দ্রাদা ন আসাৎ" ' এই সৃক্ত পাঠ করিবে; "আ ন ইন্দ্রো দ্রাদা ন আসাৎ" ' এই সৃক্ত পাঠ করিবে; কেননা "আ" শব্দ থাকায়, উহা প্রথমদিনে প্রথমাহের অনুক্ল। নিক্ষেবল্য ও সক্ত্রতীয় শব্দ্রের নিবিদ্ধান স্কুদ্রুয়েকে সম্পাত বলে। পুরাকালে বামদেব এই লোকসকল দেখিয়াছিলেন ও সম্পাতদারা তাহাতে সম্পতিত হইয়াছিলেন

^{(14) 41017 (45) 2.1014 (65)}

⁽১) ৪।২-।১ এইটি উলিখিত তাক স্তুক্তের পরে পঠনীয় নিবিদ্ধানীয় স্তক্ত।

⁽২) সম্পতিং প্রাগুৰ্ন্তি আভাং যজমানা ইতি সম্পাতে। মঞ্জতীয় শান্তের নিবিদ্ধান স্ভ "আ যাজিন্দো বসং" গতাদি স্কু; নিগেবলোর নিবিদ্ধান স্কু "আ ন ইন্দ্রং" ইক্যাদি প্রু। সম্পাতনাম সম্পুক্ত পরে দেখু ৬ পঞ্চিকা, ২৯ অধ্যায়, ২য় খণ্ড।

(তাহা পাইয়াছিলেন)। যেহেতু তিনি সম্পাতদারা সম্পতিত হইয়াছিলেন, তাহাই সম্পাতের সম্পাতম। সেই হেতু প্রথমাহে যে সম্পাতসূক্ত পাঠ করা হয়, ইহাতে স্বর্গলোকের প্রাপ্তি, সম্পত্তি ও সঙ্গতি ঘটে।

"তৎসবিতুর্গীমহে" এবং "অস্তা নো দেব সবিতঃ" ' ইত্যাদি [ত্র্যচ-] দয় বৈশ্বদেব শস্ত্রের প্রতিপৎ ও অনুচর হইবে ; কেননা রথন্তরসম্বর্দ্ধী প্রথমদিনে উহারা প্রথমাহের অসুকূল। "বুঞ্জতে মন উত যুঞ্জতে ধিয়ঃ" । ইত্যাদি স্বিতৃ-দৈবত সূক্ত যোজনার্থকশব্দযুক্ত, এই জন্ম উহা প্রথমদিনে প্রথমাহের অনুকূল। "প্র তাবা যক্তৈঃ পৃথিবী ঋতার্ধা" ^{*} ইত্যাদি ভাবাপৃথিবীদৈৰত দূকেে "প্ৰ"শব্দ থাকায় উহা প্ৰথম-দিনে প্রথমাহের অন্তুক্ল। [বৈশ্বদেব শস্ত্রে] ''ইহেহ বো মনসা বন্ধুতা নরং" । ইত্যাদি ঋতুদৈবত সূক্ত পাঠ করিবে। যদিও ''আ'' শব্দ ও ''প্র'' শব্দ প্রথমাহের লক্ষণ, তথাপি সকল সৃক্তই যদি ''প্র''-শব্দ-বিশিষ্ট হয়, তাহা হইলে যজমানেরা এই লোক হইতে প্রেত হইতে পারে (মরিয়া যাইতে পারে); এই ভয়ে "ইহেহ বা মনসা বন্ধুতা নরঃ" এই ঋভুদৈবত সূক্ত যে প্রথমাহে পঠিত হয়, উহাতে "ইহ ইহ" পদে এই লোককেই বুঝায়; অতএব এতদ্বারা যজমানদিগকে এই লোকেই [বর্ত্তমান রাখিয়া] আনন্দ লাভ করায়।

⁽a) (a) (a) (b) (a) (b) (a) (b) (a) (b) (a)

^(ং) থঙৰাঃ ইরাতে "প্র"শক নাই। ভাহাতে কতি নাই; কেন, ভাহা পদর্শিক ----

"দেবান্ হুবে রহচ্ছবদঃ স্বস্তয়ে" ইত্যাদি সূক্ত বৈশ্বদেবশক্রে পঠিত হয়। ইহার প্রথমচরণে দেবতার নির্দেশ
থাকায় ইহা প্রথমাহের অক্সুল। যাহারা সংবৎসরসত্রের
বা দ্বাদশাহের অনুষ্ঠান করে, তাহারা দীর্ঘ পথ যাইতে উল্যোগ
করে; সেইজন্ম "দেবান্ হুবে রহচ্ছবদঃ স্বস্তয়ে" এই বৈশ্বদেব
সূক্ত যে প্রথমাহে পঠিত হয়, ইহাতে স্বস্তিলাভই ঘটে। যে
ইহা জানে ও যাহার পক্ষে হোতা ইহা জানিয়া "দেবান্
হুবে রহচ্ছবদঃ স্বস্তয়ে" এই সূক্ত বৈশ্বদেবশক্তে প্রথমাহে
পাঠ করেন, সে এতদ্বারা স্বস্তিলাভ করে ও স্বস্তিতেই সংবৎসরের পারগানী হয়।

"বৈশানরায় পৃথু পাজদে বিপঃ" ইত্যাদি মন্ত্র আগ্নিমারত-শব্রের প্রতিপৎ হইবে। উহার প্রথমচরণে দেবতার নির্দেশ থাকায় উহা প্রথমদিনে প্রথমাহের অনুকূল। "প্রজক্ষঃ প্রত-বদো বিরপ্শিনঃ" " এই মরুদ্-দৈবত মূক্ত পাঠ করা হয়। উহার প্রথমচরণে "প্র" শব্দ থাকায় উহা প্রথমদিনে প্রথমাহের অনুকূল। "জাতবেদদে স্থনবাম দোনম্" " এই জাতবেদার উদ্দিন্ট ঋক্ [জাতবেদস্য] মূক্তের পূর্বের পাঠ করিবে। জাত-বেদার উদ্দিন্ট মন্ত্রসকল স্বস্তায়নস্বরূণ, উহাতে স্বস্থিলাভ ঘটে। যে ইহা জানে, দে এতদ্বারা স্বস্থিলাভ করে ও স্বস্তিতে সংবৎ-দরের প্রগামী হয়। "প্রতব্যুদীং নব্যুদীং ধাতিমগ্রয়ে" " ইত্যাদি জাতবেদার উদ্দিন্ট [নিবিদ্ধান] সূক্ত পাঠ করিবে। "প্র" শক্ষ থাকায় ইহা প্রথমদিনে প্রথমাহের অনুকূল।

^{(*) 3.16}at: 1 (2) alols 1 (2.) 1 Cleals (2) 1 cleat (25) 1 (25)

প্রথমাহে বিহিত] আগ্নিমারুত শাস্ত্র [প্রকৃতি যজ্ঞ] অগ্নিফোমে বিহিত আগ্নিমারুতের সমান (সমান মন্ত্রসংখ্যা-বিশিষ্ট)। যজ্ঞে যে [অঙ্গ] সমান করা হয়, তাহার অনুসরণে প্রজা (পুত্রাদি) স্থথে জীবিত থাকে, সেইজন্য আগ্নিমারুত শাস্ত্রকে [উভয়স্থলে] সমান করা হয়।

তৃতীয় খণ্ড

দাদশাহ—নবরাত্র

প্রথমাহের অনুষ্ঠান বণিত হইল। এথন দ্বিতীয়াত বর্ণিত হইবে, যথা— "ইন্দ্রো বৈ·····অচ্যুতঃ"

ইন্দ্র দেবতা, পঞ্চদশ স্তোম, রহৎ দাম, ত্রিষ্টুপ্ ছন্দ, ইহারা দ্বিতীয়াহের নির্ব্বাহক। যে ইহা জানে, দে এতদ্বারা যথোচিত দেবতা, স্তোম, দাম ও ছন্দ প্রয়োগ করিয়া সমৃদ্ধ হয়।

যাহাতে "আ" শব্দ ও "প্র" শব্দ নাই, যাহা স্থানার্থকশব্দযুক্ত এবং যে দকল মন্ত্র উদ্ধশব্দযুক্ত, প্রতি-শব্দ-মুক্ত,
অন্তঃ-শব্দ-মুক্ত, রুষণ্-শব্দ-যুক্ত, রুধন্-শব্দ-যুক্ত এবং যাহাদের
মধ্যমপদে দেবতা নির্দিষ্ট আছে, যাহাতে অন্তরিক্ষের উল্লেখ
আছে, যাহা রুহৎ-দাম-দম্বন্ধী, যাহার ত্রিষ্টুপ্ ছন্দ, যাহাতে
বর্ত্তমান ক্রিয়ার প্রয়োগ আছে, তাহাই দ্বিতীয়াহের লক্ষণ।

"অগ্নিং দূতং রণীমহে" ইত্যাদি দূক্ত দ্বিতীয়াহের আজ্য-

^{(&}gt;) 212512 [

শস্ত্র হইবে। কেননা বর্ত্তমান ক্রিয়ার প্রয়োগ থাকায় উহা দ্বিতীয়দিনে দ্বিতীয়াহের অনুকূল। ' "বায়ো যে তে সহস্রিণঃ" । ইত্যাদি সূক্ত প্রউগ শস্ত্র হইবে। [এই সূত্রের চতুর্থ মন্ত্রের দ্বিতীয় চরণ] "স্থতঃ সোম ঋতাব্বধা" বুধন্-শব্দযুক্ত হওয়ায় উহা দ্বিতীয়াহের অনুকূল। "বিশ্বানরস্থ বস্পতিম্" এবং "ইন্দ্র ইৎ সোমপা একঃ" ' ইত্যাদি [ত্র্যুচ-] দ্বয় মরুত্বতীয় শস্ত্রের প্রতিপৎ ও অনুচর। [প্রথমটির দ্বিতীয় ঋকের প্রথম চরণ] রুধন্-শব্দযুক্ত ও [দ্বিতীয়ের প্রথম মন্ত্রের তৃতীয় চরণ] অন্তঃ-শব্দযুক্ত হওয়ায় উহারা দ্বিতীয়দিনে দ্বিতীয়াহের অনুকূল। **"ইন্দ্র নেদীয় এদিহি"** " এই প্রগাথ প্রথম দ্বিতীয় উভয় দিনেই বিহিত। "উত্তিষ্ঠ ব্রহ্মণস্পতে" এই ব্রহ্মণস্পতি দৈবত প্রগাথ উদ্ধ-বাচক-শব্দবুক্ত হওয়ায় উহা দিতীয়দিনে দিতীয়াহের অনু-কুল। "অগ্নির্বো"। "জং সোম ক্রতুভিঃ"। "পিছন্ত্যপঃ" এই কয়টি ধায়াও উভয় দিনে বিহিত। "ব্লহদিন্দ্রায় গায়তা" " এই মরুত্তীয় প্রগাথ, ইহার [তৃতীয় চরণ] "বেন জ্যোতিরজনয়নুতার্ধঃ" র্ধন্শক্যুক্ত হওয়ায় ইহা দ্বিতীয়দিনে দ্বিতীয়াহের অনুকুল। "ইন্দ্র সোম সোমপতে

⁽২) এই হজের মূলে "কুর্কংং" শব্দ আছে ; সায়ণ উহার অর্থ বর্ত্তমানকালের ক্রিয়ামার করিয়াতেন। ধাতুমাত্রই ক্রিয়াবাচক এবং "বুণীমহে" ঐটি বর্ত্তমান কালের ক্রিয়া, ইহাতেই "কুর্কংং" গর্প প্রকাশ হইতেছে (সায়ণ)।

^{1 (16810 (0)}

⁽ ह) मा - हा अवर माराहा (१) मारणाद ।

⁽५) २१०-१२ । ইहारङ ''इंखिन्ने" এই मक् छेक्क वाठक ।

^{(4) 215.18; (} A) 216215 (A) 18101 (Co) 616.215 (B)

পিবেমন্" ইত্যাদি " সূক্তে, [দ্বিতীয় ঋকের চতুর্থ চরণ]
"সজোষা রুদ্রৈস্থাদা রুষশ্য রুষণ্শব্যুক্ত হওয়ায় ইহা দ্বিতীয়
দিনে দ্বিতীয়াহের অনুকূল। "থামিদ্ধি হবামহে" ওবং "ত্বং
ছেহি চেরবে" ওই ছুইটিতে রুহৎসামনিষ্পান্ধ পৃষ্ঠস্তোত্র হয়;
রুহৎসামসম্বদ্ধী হওয়ায় ইহারা দ্বিতীয়দিনে দ্বিতীয়াহের অনুকূল।
"যদ্বাবান" ওই ধায়াও উভয় দিনে বিহিত। "উভয়ং শৃণবচ্চ
নঃ" ওই প্রগাথটি [রুহৎ] সামের সহিত প্রযোজ্য।
এন্থলে "উভয়" অর্থে যাহা অন্ত কর্ত্বর এবং যাহা কল্য কর্ত্বর
ছিল, [এতছভয়] বুঝাইতেছে। রুহৎ-সাম-সম্বদ্ধী হওয়ায়
ইহা দ্বিতীয়দিনে দ্বিতীয়াহের অনুকূল। "ত্যমূর্ বাজিনং দেবজূতম্" এই তাক্ষরস্কু উভয় দিনেই বিহিত।

চতুর্থ খণ্ড

দাদশাহ---নবরাত্র

দিতীয়াহের অন্তান্ত মন্ত মথা—"যা ত উতিঃ……অফো রূপম্"

"যা ত উতিরবমা যা পরমা" ইত্যাদি সূক্তে [তৃতীয় ঋকের চতুর্থ চরণ] "জহি রফ্যানি কুণুহী পরাচঃ" রুষণ্শব্দযুক্ত হওয়ায় ইহা দ্বিতীয়দিনে দ্বিতীয়াহের অন্তুক্ল।

⁽ ১১) ৩।৩২।১। (১২) ৬।৪৬।১। এই প্রগংগ বৃহৎ সামের আধারভূত জোতির। (১০) ৮।৬১।৭। এই প্রগাথ বৃহৎ সামের অমুচর। (১৪) ১•।৭৪(৬। (১৫) ৮।৬১।১। (১) ৬।২৫।১।

''বিশ্বো দেবস্য নেতুঃ" ব এবং ''তৎ সবিতুর্বরেণ্যম্" ব এই [ত্র্যুচ] বৈশ্বদেব শস্ত্রের প্রতিপৎ এবং ''আ বিশ্বদেবং সৎপতিম্'' এই [ত্যুচ] উহার অনুচর। বৃহৎ-সামদম্বন্ধী হওয়ায় ইহারা দ্বিতীয়দিনে দ্বিতীয়াহে অনুকূল। ''উত্নয্য দেব সবিতা হিরণ্যয়া" এই সবিত্দৈবত সূক্ত উৰ্দ্ধবাচক শব্দযুক্ত হওয়ায় ইহা দ্বিতীয় দিনে দ্বিতীয়াহের অনুকূল। "তে হিদ্যাবাপৃথিবী বিশ্বসংভুবো"^{*} এই দ্যাবাপৃথিবীদৈবত সূক্তে [প্রথম ঋকের তৃতীয় চরণ] ''স্থজন্মনী ধিষণে অন্তরীয়তে" অন্তঃশব্দযুক্ত হওয়ায় ইহা দ্বিতীয় দিনে দ্বিতীয়াহের অনুকূল। "তক্ষ্ণং জ্রুতং বিদ্যনাপদঃ **'** ইত্যাদি ঋভুদৈবত সূক্তে [প্রথম ঋকের দ্বিতীয় চরণ] ''তক্ষন্-হরী ইন্দ্রবাহা রুষণ,ুসূ" রুষণ্-শব্দযুক্ত হওয়ায় উহা দ্বিতীয়াহের অনুকূল। "যজ্ঞস্থ বো রথ্যং বিশ্পতিং বিশাম্'' ইত্যাদি বিশ্ব-দেবদৈবতসূক্তে [প্রথম ঋকের চতুর্থ চরণ] "রুষ্কেতুর্যজ্ঞে। দ্যামশায়ত" রুষণ্-শব্দযুক্ত হওয়ায় ইহা দ্বিতীয় দিনে দ্বিতীয়াহের অনুকৃল। এই দূক্ত শার্ষ্যাত (তন্নামক-ঋষিদৃষ্ট)। অঙ্গিরো-গণ স্বর্গলোকের উদ্দেশে সত্রানুষ্ঠান করিয়াছিলেন। তাঁহারা [পৃষ্ঠ্য ষড়হ অনুষ্ঠান করিতে গিয়া] যেখানে যেখানে দ্বিতী-য়াহ অনুষ্ঠানে আদিয়াছিলেন, দেইখানে [শস্ত্রবাহুল্য দেখিয়া কোন্ শস্ত্র পাঠ করিতে হইবে স্থির না পাইয়া] মোহপ্রাপ্ত হইয়াছিলেন। শার্য্যাত নামক মানব (মনু-সন্তান) তাঁহাদিগকে দ্বিতীয়াহে ঐ ["যজ্ঞদ্য বো রথ্যম্" ইত্যাদি] দূক্ত পাঠ

^{(2) \$(\$*)\$ (\$) \$ (\$) \$ (\$) \$ (}

করাইয়াছিলেন। তথন তাঁহারা যজ্ঞাকে ও স্বর্গলোককে প্রকৃষ্ট ভাবে জানিতে পারিয়াছিলেন। সেই জন্ম দ্বিতীয়াহে এই সূক্ত যে পাঠ করা হয়, ইহাতে যজ্ঞের প্রকৃষ্ট জ্ঞান ঘটে ও স্বর্গলোকের অবগতি ঘটে। "পৃক্ষস্য রুষ্ণো অরুষস্য নৃ সহঃ" ইত্যাদি [অৃচ] আগ্রিমারুত শস্ত্রের প্রতিপৎ"। রুষণ-শব্দে রুক্ত হওয়ায় উহা দিতীয়াদিনে দিতীয়াহের অনুকৃল। "রুষ্ণে শর্জায় স্থায়া বেগসে" ইত্যাদি মরুদ্দৈবতসূক্ত রুষণ্ শব্দযুক্ত হওয়ায় ইহা দিতীয়াদিনে দিতীয়াহের অনুকৃল। "জাতবেদসে স্থানা সোমন্" " এই জাতবেদার উদ্দিষ্ট স্কু রুধন্-শব্দ ক্ত হওয়ায় ইহা দিতীয়াহের অনুকৃল।

^{(26) 1 (146 (66) 1 (144) (66) 1 (14) 1}

পঞ্চম পঞ্চিকা

একবিংশ অখ্যায়

প্রথম খণ্ড

দ্বাদশাহ-নবরাত্র

নবরাত্রের সন্তর্গত তৃতীয়শাহের নিরূপণ যথা—"বিশ্বে বৈ দেবা……স্কচ্যতঃ" বিশ্বদেব দেবতাগণ, সপ্তদশ স্তোম, বৈরূপ সাম ও জগতী ছন্দ তৃতীয়াহ নির্বাহ করেন। যে ইহা জানে, সে যথোচিত দেবতা, স্তোম, সাম ও ছন্দ দ্বারা সমৃদ্ধ হয়।

যে মন্ত্রের সমাপ্তি সমান, তাহাই তৃতীয়াহের লক্ষণ।
আর যাহা অশ্বশব্দুক, অন্তশব্দুক, যাহা পুনর্বার আরভ
হয়, যাহা [কোন অক্ষর বা চরণ] পুনঃ পুনঃ পঠিত হওয়ায়
নর্ত্রন-লক্ষণযুক্ত, যাহা রমণার্থক-শব্দুক্ত, যাহা পর্য্যাস-শব্দুক্ত,
যাহা ত্রিশব্দুক্ত, অন্তশব্দুক্ত, যাহার শেষ চরণে দেবতার নাম
আছে ও যাহাতে স্বর্গলোকের উল্লেখ আছে, যাহা বৈরূপ
সামের ও জগতী ছন্দের সম্বন্ধযুক্ত, যাহাতে অতীত ক্রিয়ার
প্রয়োগ আছে, এই সকল মন্ত্রই তৃতীয়াহের লক্ষণ।

যুক্া হি দেবহুত মাঁ অখাঁ অগ্নে রহীরিব" ইত্যাদি সূক্ত

তৃতীয়াহের আজ্যশস্ত্র হয়। দেবগণ তৃতীয়াহ দ্বারা স্বর্গলোকে গিয়াছিলেন; অস্থরগণ ও রাক্ষদগণ তাঁহাদের পশ্চাতে গিয়া নিবারণ করিয়াছিল। তোমরা বিরূপ (কদাকার) হও, তোমরা বিরূপ হও, এই বলিয়া দেবগণ নিজ রূপেই [স্বর্গে] গিয়াছিলেন। তোমরা বিরূপ হও, তোমরা বিরূপ হও, দেবগণ [অস্ত্রুরদিগকে] ইহাই বলিয়া যে নিজ রূপে [স্বর্গে] গিয়াছিলেন, তাহাতেই বৈরূপ সাম হইয়াছিল। ইহাই বৈরূপের বৈরূপত্ব। যে ইহা জানে, সে পাপ দ্বারা বিরূপ হইলেও পাপকে বিনাশ করিতে পারে। অস্থরেরা তখনও দেবগণের অনুগমন করিয়াছিল ও তাঁহাদের সঙ্গে চলিয়াছিল। দেবগণ অশ্ব হইয়া তাহাদিগকে পদাঘাত করিয়াছিলেন। তাঁহারা অশ্ব হইয়া পদাঘাত করিয়া-ছিলেন, ইহাতেই অশ্বগণের অশ্বত্ব। যে ইহা জানে, সে যাহা যাহা কামনা করে, তাহাই প্রাপ্ত হয়। সেইজন্মই অশ্ব সকল পশুর অপেক্ষা বেগবান্ও সেই জন্মই অশ্ব পশ্চাতে পায়ের দারা লোককে তাড়না করে। যে ইহা জানে, সে পাপ বিনাশ করে। সেইহেতু ঐ অশ্বযুক্ত মন্ত্র তৃতীয়াহের লক্ষণ হওয়ায় তৃতীয়াহের আজ্যশস্ত্র হইয়া থাকে।

"বায়বায়াহি বীতয়ে" বৈং "বায়ো যাহি শিবা দিবঃ" [এই ছই মত্রে উৎপন্ন ত্যুচ], "ইন্দ্রশ্চ বায়বেষাম্ স্থতানাম্" [ইত্যাদি ছই ঋকে উৎপন্ন ত্যুচ], "আ মিত্রে বরুণে বয়ম্" "অশ্বিনাবেহ গচ্ছতম্" "আ যাহ্যদ্রিভিঃ স্থতম্" "সজু-বিশ্বেভিদেবিভিঃ" "উত নঃ প্রিয়া প্রিয়াস্ব" [ইত্যাদি

⁽⁵⁾ elected (0) histolect (8) elected (0) elected (4) elected

পাঁচটি ত্র্যুচ], এই সকল উঞ্চিক্ ছন্দের মন্ত্র প্রউগ শস্ত্র হইবে। কেননা ইহাদের সমাপ্তি সমান হওয়ায় ইহারা তৃতীয়াহের অনুকূল।"

"তং তমিদ্রাধনে মহে" "ইত্যাদি [ত্রুচ] এবং "ত্রয় ইন্দ্রস্থ সোমাঃ" "ইত্যাদি [ত্রুচ] [যথাক্রমে] মরুত্বতীয় শস্ত্রের প্রতিপৎ ও অনুচর; নৃত্যবাচক শব্দ থাকায় ও ত্রি-শব্দ থাকায় ইহার তৃতীয়াহের অনুকূল।

"ইন্দ্র নেদীয় এদিহি" ' এই প্রগাথ সকলদিনে বিহিত। "প্র নৃনং ব্রহ্মণস্পতিঃ" ' ইহা ব্রাহ্মণস্পত্য প্রগাথ হইবে। [পুনঃপঠন হেতু] নৃত্যলক্ষণযুক্ত হওয়াতে ইহারা তৃতীয়াহের অনুকূল।

"অগ্নির্নেতা" "হং সোম ক্রতুভিঃ" "পিষন্ত্যপঃ" এই তিনটি ধায়্যা সকলদিনেই বিহিত।

"নকিঃ স্থলাদো রথং পর্যাদ ন রীরমং" ' ইহা তৃতীয়াহে মরুত্বতীয় প্রগাথ হইবে। পর্যাদ শব্দ থাকায় ইহা তৃতীয়াহের অনুকূল। "ত্র্যায়া মনুষো দেবতাতা" ' ইত্যাদি দূক্ত ত্রি-শব্দযুক্ত হওয়ায় তৃতীয় দিনে তৃতীয়াহের অনুকূল।

"যদ্ তাব ইন্দ্র তে শতম্" ' ও ''যদিন্দ্র যাবতস্ত্বম্' ''

⁽১০) ঐ সকল মন্ত্রের অনেকের শেষচরণে সমান যথা—"আ মিত্রে বরুণে" ইত্যাদি পুরুত্তের তিন মন্তের শেষচরণ "নিবহিঃদী" ইত্যাদি।

^{(&}gt;>) पाक्ष्यः देशत त्यवहत्रत्य "कृष्टीनाः नृङ्ः" এই नृङ्यातीहक यक खाद्यः ।

⁽ ১২) দায়। ইহার আরক্তে ত্রিশন্দ আছে।

^{(30) + 10|01 (38) 3|80,0}

¹ ACISOLA (AC) 181.614 (6C) 1 CIEZID (9C) 1 .CIZOLA (9C)

এই ছুই [প্রগাথ] বৈরূপ পৃষ্ঠ হইবে, কেননা উহারা রথন্তর-সম্বন্ধী তৃতীয়দিনে তৃতীয়াহের অনুকূল।'

"যদাবান" এই ধায়া সকল দিনেই প্রযোজ্য। "অভি দ্বা শূর নোকুমঃ" ' এই রথন্তর সামের যোনিকে উক্ত ধায়ামন্ত্রের পরে পাঠ করিবে। কেননা এই তৃতীয়াহ রথন্তরেরই স্থান। 'ইন্দ্র ত্রিধাতু শরণম্" ' এই [বৈরূপ] সামের প্রগাথটি ত্রি-শব্দ-যুক্ত হওয়ায় তৃতীয় দিনে তৃতীয়াহের অনুকূল। "ত্যমূরু বাজিনম্ দেবজূতম্" এই তাক্ষ্য সূক্ত সকলদিনেই বিহিত।'

দ্বিতীয় খণ্ড

দ্বাদশাহ-নবরাত্র

্তায়াহে বিহিত অন্তান্ত মন্ত্ৰ যথা—"যো জাত এব……যন্তি"।

"যো জাত এব প্রথমো মনস্বান্" 'এই [নিবিদ্ধানীয়]
সূক্তের মন্ত্রসকলের সমাপ্তি সমান হওয়ায় উহা তৃতীয়
দিনে তৃতীয়াহের অনুকূল। এই সূক্ত প্রপ্রতি মন্ত্রের শেষ
চরণে] সজন-শব্দ-মুক্ত, উহা এই জন্ম ইন্ত্রের ইন্ত্রিয়-স্বরূপ।
ইহা পঠিত হইলে ইন্ত্র ইন্ত্রিয় লাভ করেন। ছন্দোগেরা

⁽১৯) ঐ ছুই প্রগাথের মধ্যে প্রথমটি বৈরূপ সামের স্তোতিয় ও দ্বিভীয়টি তাহার অনুরূপ। এই বৈরূপ সামে তৃতীয়াকের নিকেবলাশস্তের পৃষ্ঠস্তোত্ত নিশান্ত হয়।

⁽ २.) 2018161 (2) 105121 (2) 688181 (20) 20174171

⁽ ১) ২।১২।১ এই হড়ের প্রতিন্তের শেষে "নুমস্ত মহা স জনাস ইন্তঃ" এই চরণ আছে।

(সামবেদীরা) এ বিষয়ে বলেন যে [পৃষ্ঠ্য ষড়হের] তৃতীয়াহে বহন্ চগণ (ঋথেদীরা) এই ইন্দ্রের ইন্দ্রিয় স্বরূপ [সজন-শব্দ- যুক্ত সুক্ত] পাঠ করিয়া থাকেন। এই সৃক্তের ঋষি গৃৎসমদ; গৃৎসমদ এতদ্বারা ইন্দ্রের প্রিয়ধামের সমীপে গিয়াছিলেন ও পরম লোক জয় করিয়াছিলেন। যে ইহা জানে, সে ইন্দ্রের প্রিয়ধামের নিকটে যায় ও পরম লোক জয় করে।

"তৎ সবিতুর্পীমহে" ও "অচা নো দেব সবিতঃ" ও এই ছুই [জ্যুচ] বৈশ্বদেব শস্ত্রের প্রতিপৎ ও অন্মুচর হয়, কেননা উহারা রথস্তর-সম্বন্ধী তৃতীয়দিনে তৃতীয়াহের অনুকূল।

"তদ্দেবস্থা সবিতুর্বীর্য্যং মহৎ" ইত্যাদি [মহৎ-শব্দ-যুক্ত] সবিতৃদৈবত সূক্ত তৃতীয় দিনে তৃতীয়াহের অনুকূল; কেননা যাহা মহৎ, তাহাই [সকলের] অন্ত এবং তৃতীয়াহও [প্রথম ত্যাহের] অন্ত স্থিত।

"ন্বতেন ভাবাপৃথিবী অভীরতে" এই ভাবাপৃথিবী-দৈবত মন্ত্রের [দ্বিতীয় চরণে] "ন্বতশ্রিয়া ন্বতপূচা ন্বতার্ধা" এম্বলে [ন্বতশব্দ] পুনঃ পুনঃ আরত্ত হওয়ায় উহা নৃত্য-লক্ষণ-যুক্ত হওয়াতে উহা তৃতীয় দিনে তৃতীয়াহের অনুকূল।

"অনশো জাতো অনভীশুরুক্থ্যঃ" ইত্যাদি ঋভুদৈবত সূক্তে [দ্বিতীয় মন্ত্রের শেষ চরণে] "রথব্রিচক্রঃ" এই ত্রি-শব্দ যুক্ত শব্দ থাকায় উহা তৃতীয় দিনে তৃতীয়াহের অনুকূল।

"পরাবতো যে দিধিষন্ত আপ্যম্" এই বিশ্বদেবদৈবত

^{(&}lt;) e1> ...) (o) e14518 1

^{(8) 81201) (} e) 414-181 (A) 81001) 1 (J) 7-1801) 1

সূক্তের "পরাবত" (দূরদেশ) শব্দ অন্তবাচক, তৃতীয়াহও প্রথম ত্রাহের] অন্তে স্থিত, এই হেতু উহা তৃতীয় দিনে তৃতীয়াহের অসুকৃল। এই সূক্তের ঋষি গয়; এতদ্বারা প্রতের পুত্র গয় বিশ্বদেবগণের প্রিয় ধামের সমীপে গিয়াছিলেন ও পরম লোক জয় করিয়াছিলেন। যে ইহা জানে, সে বিশ্বদেবগণের প্রিয় ধামের সমীপে যায় ও পরম লোক জয় করে।

"বৈশ্বানরায় ধিষণায়তার্ধে" এই সূক্ত আগ্নিমারুত শস্ত্রের প্রতিপৎ; উহার "ধিষণা" (অন্তঃকরণ) শব্দ অন্তবাচী; তৃতীয়াহও অন্তে স্থিত; অতএব উহা তৃতীয় দিনে তৃতীয়াহের অনুকৃল।

ধারাবরা মরুতো ধ্যেগ্বাজসং" । এই মরুৎ-দৈবত সূক্তের মন্ত্রসমূহ বহুশঃ পঠনীয়। যাহা বহু, তাহাই অন্ত; তৃতীয়াহও অন্তে স্থিত, অতএব উহা তৃতীয়দিনে তৃতীয়াহের অনুকূল।

"জাতবেদদে স্থনবাম সোমম্" এই জাতবেদোদৈবত
মন্ত্র সকল দিনে বিহিত। "স্থমগ্নে প্রথমো অঙ্গিরা ঋষিঃ" "
এই জাতবেদোদৈবত সূক্ত [উহার সকল মন্ত্রের আরস্তে
"স্থমগ্নে" পদ থাকায়] তৃতীয় দিনে তৃতীয়াহের অন্তর্কুল।
ইহাতে "স্থা স্থা" শব্দ [পরবর্তী ত্রাহকে সম্মুখে রাখিয়া বলায়
প্রথম ত্রাহের সহিত] পরবর্তী ত্রাহের অবিচ্ছেদ ঘটে। যাহারা
ইহা জানিয়া যাগানুষ্ঠান করে, তাহারা পরস্পর অবিচ্ছিন্ন ও
সম্বদ্ধ ত্রাহ দ্বারাই যাগানুষ্ঠান করে।

তৃতীয় খণ্ড

ঘাদশাহ---নবরাত্র

ষাদশাহের মধ্যবর্ত্তী নবরাত্রে তিনটি গ্রাহ। তাহার প্রথম গ্রাহের বিবরণ সমাপ্ত হইল। ঐ গ্রাহ পৃষ্ঠা ষড়হের পূর্ব্বভাগ। উহার উত্তর ভাগ নবরাত্রের মধ্যম গ্রাহের বিষয় এখন বলা হইবে। এই মধ্যম গ্রাহের প্রথম দিন নবরাত্রের চতুর্থ দিন। সেই দিনের অনুষ্ঠানাদি যথা—"আপান্তে বৈ……পরিগৃহীতো"

তৃতীয় দিনে স্তোমদকল' ও ছন্দদকল' সমাপ্ত হয়।
তাহার পর যাহা কেবল অবশিষ্ট থাকে, তাহা বাক্। এই
অক্ষর তিন-অক্ষর-যুক্ত। "বাক্" এই এক অক্ষর; সেই অক্ষর
তিন-অক্ষর-বিশিষ্ট হইয়া উত্তর ত্র্যহের স্বরূপ হয়। [তন্মধ্যে]
একটির স্বরূপ বাক্, একটির গৌঃ, একটির গ্লোঃ। " সেই
জন্ম বাক্ [দেবতাই] চতুর্থাহ নির্ব্বাহ করেন।

यिन ठें प्रश्रीत क्रांड्य कता हरा, जोश हरेतन जिल्लाता

- (>) প্রথম ত্রাহের নির্মাহক তিন স্তোম :—ত্রিবুৎ, পঞ্চনশ ও সপ্তদশ।
- (২) প্রথম ত্রাহের নির্কাহক তিন ছন্দ ;—গায়তা, তিপ্টুপ্ত জগতী।
- (৩) প্রথম ত্যুহের দেবতা যথাক্রমে অগ্নি, ইক্র, বিখদেবগণ। মধ্যম ত্যুহের দেবতা বাক্, গৌঃ, নোঃ।
- (৪) চতুর্গাহে প্রাতরক্ষাকের প্রথম কক্ পাঠের সময় প্রথম ও দিতীয় চরণে নাড় ব করা বার। কোন বরবর্ণের বিশেষরূপ উচ্চারণের নাম নাঙ্ধ। যথা, প্রাতরক্ষাকের প্রথম মন্ত্র "আপো বেনতীঃ ক্ষয়ণ" ইত্যাদি। প্রথম চরণে "আপো" পদের শেষ ওকার উদান্ত করে তিনমাত্রাকৃত্ত করিয়া তিন বার উচ্চারণ করিবে। প্রত্যেক বার উদান্ত উচ্চারণের পর কয়েকবার অনুলাত করে অর্জমাত্রায় উচ্চারণ করিবে। প্রথম উলাত্তের পর পাঁচ অকুলান্ত, দিতীয় উলাত্তর পর পাঁচ অকুলান্ত এক ভূতীয় উলাত্তর পর হিন অকুলান্ত উচ্চারণ বিহিত। ত্রিমাত্রাযুক্ত দীর্ঘ "ত" এবং অর্জমাত্রাযুক্ত প্রথম তরণে নাড্র ইন্ত "ত" টক্স বারা প্রকাশ করিবে প্রথম চরণে নাড্র ইন্তারণ এইরূপে ইইবে "ত" এবং

["বাক্"] এই অকরকেই লক্য করিয়া উন্নয় করা হয়, ইহাকেই বর্দ্ধিত করা হয়। এতদ্বারা চতুর্থাহের উৎকর্ষ ঘটে।

নূষে অন্নম্বরূপ; কেননা কৃষকেরা যথন [মেঘের] সম্মুখে হর্ষে গান করিতে করিতে বিচরণ করে, তথনই ভক্য অন্ন উৎ-পন্ন হয়। সেই হেতু চতুর্থাহে যে নূষে করা হয়, ইহাতে অন্নই উৎপাদিত হয়। ইহাতে ভক্য অন্নের উৎপত্তি ঘটে। সেই হেতু চতুর্থাহ উৎপাদনকারক।

কেহ কেহ বলেন, চারি অক্ষরের পর ন্যুম্ম করিবে; তাহাতে পশুগণের রক্ষা ঘটিবে। কেহ বলেন, তিন অক্ষরের পর ন্যুম্ম করিবে; কেননা এই লোকসকল তিনটি; তাহাতে এই লোকসকলের জয় ঘটিবে। কেহ বলেন, এক অক্ষরের পর ন্যুম্ম্য করিবে। লাঙ্গলায়ন মৌলাল্য নামক ব্রহ্মা বলিয়াছেন, এই যে বাক্, ইনি একাক্ষরা, সেইজন্য যে একাক্ষরের পর ন্যুম্ম করে, সেই সম্যক্ রূপে ন্যুম্ম উচ্চারণ করিয়া থাকে। [কিন্তু এরপ না করিয়া] ছই অক্ষরের পরই ন্যুম্ম করিবে; তাহাতে প্রতিষ্ঠা ঘটিবে। কেননা মনুষ্য ছুই পোয়ে] প্রতিষ্ঠিত, আর পশুগণ চতুপ্পদ; এতদ্বারা দ্বিপ্রতিষ্ঠ যজমানকে চতুপ্পদ পশুতে প্রতিষ্ঠিত করা হয়। সেইজন্য ছুই অক্ষরের পরই ন্যুম্ম বিধেয়।

ও ও ও ও ও ও ও ও ও ও ও ও ও ও ও ও ও ।

এইরপ তৃতীয় চরণের "রায়ে" পদের ওকানেও নৃতি, ব কর্তবা।

"নিতরাং অতাস্তবিষমপ্রকারেণ উত্থানমূচ্চারণং নৃতি, খঃ" (সায়ণ)

(৫) লাঙ্গলায়ন লাঙ্গল ঋষির পৌত্র; মৌশাল্য মুশ্যন ঋষির পুত্র। (সায়ণ)

প্রাতরন্থবাকে [প্রথম ও দ্বিতীয় চরণের] মুখে (আরস্থে আর্থাৎ দ্বিতীয় অক্ষরে) নৃষ্ম করিবে; কেননা লোকে মুখেই অন্ন ভক্ষণ করে; যজমানকে এতদ্বারা ভক্ষা অন্নের মুখে (সমীপে) স্থাপিত করা হয়। আজ্যশস্ত্রে মধ্যে (তৃতীয় চরণে) নৃষ্ম করিবে। লোকে [শরীরের] মধ্যভাগে অন্ন ধারণ করে; এতদ্বারা যজমানকে ভক্ষা অন্নের মধ্যে স্থাপিত করা হয়। মাধ্যন্দিন সবনে মুখে (আরস্থে) নৃত্ত্থ করা হয়। লোকে মুখেই অন্ন ভক্ষণ করে; এতদ্বারা যজমানকে ভক্ষ্য অন্নের সমীপে স্থাপিত করা হয়। এইরূপে উভ্য় সবনেই (প্রাতঃসবনে ও মাধ্যন্দিনে) নৃত্থে করা হয়; ইহাতে উভ্য় সবন দ্বারা ভক্ষ্য অন্নের প্রাপ্তি ঘটে।

চতুৰ্থ খণ্ড

নবরাত্র—চতুর্থাহ

চতুর্থাহের বিধান যথা—"বাগ ্বৈ----- অচ্যুতা"।

বাগ্দেবতা, একবিংশ স্তোম, বৈরাজ সাম, অনুষ্টুপ্ ছন্দ চতুর্থাহের নির্বাহক। যে ইহা জানে, সে যথোচিত দেবতা, স্তোম, সাম ও ছন্দ দারা সমৃদ্ধ হয়।

যাহা "আ"-শব্দ-যুক্ত এবং "প্র"-শব্দ-যুক্ত,তাহাই চতুর্থাহের লক্ষণ, কেননা [প্রথম ত্রাহপক্ষে] প্রথমাহ যেরূপ, [মধ্যম ত্রহপকে] চতুর্থাহও সেইরূপ। যাহাতে উক্ত শব্দ, রথ
শব্দ, 'আশু' শব্দ, পানার্থক শব্দ আছে, যাহার প্রথম চরণে
দেবতার নাম আছে, যাহাতে এই ভূলোকের উল্লেখ আছে,
যাহাতে জননার্থক শব্দ, আহ্বানার্থক শব্দ, 'শুক্র' শব্দ ও বাক্যপ্রতিপাদক শব্দ আছে, যাহা বিমদ ঋষির দৃষ্ট, যাহা বিশেষ ক্লেশে
(নুম্মে দ্বারা) উচ্চারিত, যাহার নানা ছন্দ, যাহাতে [অফরসংখ্যা] কোথাও অধিক, কোথাও অল্ল, যাহা বৈরাজ সামের ও
অমুফ্রিপ্ ছন্দের সম্বন্ধযুক্ত, যাহাতে ভবিষ্যৎ ক্রিয়ার প্রয়োগ
আছে, এইরূপে যে যে লক্ষণ প্রথমাহের মনুকৃল, সে সকলই
চতুর্থাহেরও অনুক্ল।

"আহগ্রিং ন স্বর্ক্তিভিং" ইত্যাদি সূক্তে চতুর্থাহের আজ্যশাস্ত্র হইবে। এই সক্ত বিমদ ঋনির দৃষ্ট, বিশেষ ক্লেশে
(ন্যুখ দারা) উচ্চারিত ও সবিশোষ ক্লিষ্ট [বিমদ] ঋষির সম্পাকযুক্ত : অতএব ইহা চতুর্থ দিনে চতুর্থাহের অনুকূল। উহাতে
আটটি ঋক্ আছে ও উহার ছন্দ পঙ্ক্তি ; যজ্ঞও পংক্তিযুক্ত ;
পশুগণও পঙ্ক্তির সম্বন্ধযুক্ত ; অতএব ইহাতে পশুগণের
রক্ষা বটে।

ঐ ঋক্সমূহ দশটি জগতীর সমান'। এই [মধ্যম] ত্রাহের প্রাক্তঃ সবনের ছন্দ জগতী, এইজন্ম উহা চতুর্থাহের অনুক্ল। আবার উহারা পোনেরটি অনুফুডের সমান। এই চতুর্থাহের ছন্দ অনুফুপ্, অত এব উহা চতুর্থাহের অনুক্ল।

^{()) 2-15212 1}

⁽২) ঐ স্তেজ্য আটটি সকের প্রথম ও শেষ স্বক্ তিনবার করিয়া প্রটে থকের সংখ্যা নান্ট ব্যা সামটি প্রক্তির অক্ষর সংখ্যা দেটি জগতীর প্রায় সমান।

আবার উহারা বিশটি গায়ত্রীর সমান; আর এই চতুর্থাহ
[মধ্যম ত্রাহের] প্রায়ণীয় (প্রথম দিন); [প্রায়ণীয় গায়ত্রীর
দক্ষমত্বল হওয়ায়] ইহা চতুর্থাহের অমুকূল। ঐ সূক্ত
[ইতঃপূর্বের] [কোন উদ্গাতা কর্ত্ক] স্তোত্তরূপে গীত বা
[কোন হোতা কর্ত্ক] শস্ত্ররূপে পঠিত না হওয়ায় উহার
দারবত্তা লুপ্ত হয় নাই, উহা সাক্ষাৎ যজ্ঞ স্বরূপ। সেইহেতু ঐ
দূলে যে চতুর্থাহের আজ্যশস্ত্র নিম্পন্ন হয়, তাহাতে যজ্ঞ দারাই
যক্ষকে বিস্তৃত করা হয় এবং বাগ্ দেবতাকেই এতদ্বারা
পাওয়া যায়; যজ্ঞেরও স্বিচ্ছেদ ঘটে। ইহা জানিয়া যাহার।
[ঐ সূল্তে] যাগানুষ্ঠান করে, তাহারা পরস্পার স্ববিচ্ছিন্ন
ও সম্বদ্ধ ত্রাহদ্বারাই যাগানুষ্ঠান করিয়া গাকে।

"বায়ে শুক্রো অয়ামি তে" "বিহি হোতা মবীতা" '
'বায়ো শতং হরীণাম্" 'ইন্দ্রশ্চ বায়বেষাং সোমানাম্" '
"মা চিকিতানস্থকতু ' "মা নো বিশ্বাভিক্ষতিভিঃ" "ভামু
নো অপ্রহণম্" "মপত্যং রজিনং রিপুম্" "মিষিতমে নদীতমে" " এই সকল অমুকুপ্ প্রাউগ শস্ত্র হইবে। কেননা
"মা" শব্দ "প্র" শব্দ ও "শুক্র" শব্দ থাকায় ইহারা চতুর্গদিনে
চতুর্গাহের সমুকুল।

"তং দ্বা যজেভিরামহে" ইহা মরুদ্রতীয় শদ্রের প্রতিপৎ হইবে। ইহাতে [দীর্ঘকালে ফলপ্রদ যাদ্রার বাচক] "ঈ মহে" পদ থাকায় ও এই চতুর্থাহও দীর্ঘ যজ্ঞ হওয়ায় উহা

⁽a) plane (b) plane (c) plane (c); seed to the contract (b) are (c) a

^{(:} s) MANID . I

চতুর্থাহের অনুকূল। "ইদং বাসা স্থতসন্ধঃ" '' ''ইন্দ্র নেদীয় এদিহি" '' ''প্রৈতু ব্রহ্মণস্পতিঃ" '' 'অগ্নিনেতা" '' 'জং সোম করুজিঃ" '' 'পিশ্বস্তাপঃ" '' 'প্র ব ইন্দ্রায় রহতে" '' এই সকল মন্ত্রও প্রথমাহে শব্ররূপে কল্লিত হওয়ায় উহারা চতুর্থ দিনে চতুর্থাহেরও অনুকূল। ''প্রুণ্ধী হবসিন্দ্র মা রিষণাঃ" '' এই সুক্তে আহ্বানার্থক শব্দ থাকায় উহা চতুর্থদিনে চতুর্থাহের অনুকূল। ''সরুজা ইন্দ্র রমভো রণায়" '' এই সুক্তের ''উগ্রং সহোদামিহ তং হুবেম" এই [শেষ চরণে] আহ্বানার্থক পদ থাকায় উহা চতুর্থদিনে চতুর্থাহের অনুকূল। এই সুক্তের বিন্দুপ্ ছন্দ্র, ইহার প্রতি চরণ [অক্ষরসংখ্যায়] সমান হওয়ায় ইহা [মাধ্যন্দিন] সবনকে ধারণ করে; ইহার প্রয়োগে [যজ্মান] গৃহ হইতে ভ্রন্ট হয় না।

ইমং নু সায়িনং হুবে" ইত্যাদি [ত্রুচ উল্লিখিত মন্ত্র ওলির] পরে প্রযোজ্য ; আহ্বানার্থক শব্দ থাকায় উহা চতুর্থ দিনে চতুর্থাহের অনুকূল। এই সূক্তের ঋক্সমূহের গায়ত্রী তন্দ ; গায়ত্রী মন্ত্রই এই [মধ্যম] ত্রাহের মাধ্যন্দিন [সবন] নির্ব্বাহ করে। যাহার মধ্যে নিবিদের স্থাপনা হয়, সেই ছন্দের মন্ত্রই সবনের নির্বাহক ; সেইজন্ম ঐ গায়ত্রীসমূহের সধ্যে নিবিৎ স্থাপন করিবে।

''পিবা সোমযিক্ত মন্দতু স্বা["] ''শ্ৰুষী হবং বিপিপানস্তাদ্ৰেঃ''

^{(2}P) 2[08]01 (2%) Pinulo I (≤ 4) ≤ 1212 I (≤ 5) of all 2 I (≥ 9) Pinulo I (≤ 6) Pinulo I (≤ 9) Pinul

⁽ २२) जानवा 🕽 : (२७) नारराज्ञा

ৈ এই তুই [ত্যুচ] হইতে পৃষ্ঠস্তোত্তের বৈরাজ সাম হয়। বৃহৎ সামের সম্বন্ধযুক্ত চতুর্থদিনে উহা চতুর্থাহের অনুকূল। '

"যদাবান"
এই ধাষ্যা মন্ত্র সকলদিনেই বিহিত।
"স্বামিদ্ধি হবামহে"
এই বৃহৎ সামের যোনিস্বরূপ
[প্রগাথকে] ঐ ধাষ্যার পরে প্রয়োগ করিবে, কেননা এই
চতুর্থাহ স্থানগুণে বৃহৎ সামের সম্বন্ধযুক্ত।

"স্বমিন্দ্র প্রতৃত্তিষু" ই এই মন্ত্র [বৈরাজ] সামের প্রগাথ হইবে। উহার "অশস্তিহা জনিতা" এই [তৃতীয় চরণে] জন্মার্থক পদ থাকায় উহা চতুর্থদিনে চতুর্থাহের অনুকৃল।

"তামু যু বাজিনং দেবজুতম্" ৺ এই তার্কাসূক্ত সকল দিনেই বিহিত।

পঞ্চন খণ্ড

নধরাত্র---চতুর্থাঞ

চ্ছুৰ্ণতের অঞ্জ মধ্রবিধান যগা—"কুছ ক্রছঃ.....অঞ্জে রূপম্"

"কুহ প্রত ইন্দ্রঃ কম্মিন্নগ্য" এই বিমদঋনিদৃষ্ট বিশেন ক্রেশে উচ্চারিত এবং বিশেষ ক্রেশপ্রাপ্ত [বিমদ] ঋনির সূক্ত

⁽২৪) গাংখার (২৫) বৈরাজ দাম রুহুই সামের পুরে (পুরের দেখা)।

(২৬) ১০।৭৪;১ ; (২৭) ডারঙা>।

(২৮) সুগার শাগাতেদে ভিন্ন ভিন্ন ভিন্ন ভিন্ন দামের বাংসা। । পুরের দেখা)।

(২৮ জান্মার ; (৩০) ১০:১০৮।১।

(১ ১০:২২:১০৮

চতুর্থদিনে চতুর্থাহের অনুক্ল। "বুশাস্তা তে রমভস্তা স্বরাজঃ" এই সূজের "উরুং গভীরং জনুবাভূত্রম্" এই চরণে জননার্থক শব্দ থাকায় ইহা চতুর্থদিনে চতুর্থাহের অনুকূল। ইহার ছন্দ বিষ্টুপ্; ঐ ছন্দের সকল চরণে সমান অন্দর হওরায় উহা সবনকে ধরিয়া রাখে; এতদ্বারা যজমানও স্বসূহ হইতে জ্রুট হয় না। "ত্যমু বং সত্রাসাহম্" ইহাই শেষে প্রবোজ্য হিলা । "ত্যমু বং সত্রাসাহম্" ইহাই শেষে প্রবোজ্য [অ্যচ]; ইহার "বিশ্বাস্থ গীশ্ব গিত্তম্" এই চরণে দীর্ঘতাবাচক [আয়ত]শব্দ থাকায় ইহা দীর্ঘ (প্রয়োগবহুল) চতুর্থাহের যোগ্য। ইহার মন্ত্রগুলি গায়ব্রী। গায়ব্রী মন্ত্রই এই [মধ্যম] ত্রাহের মাধ্যন্দিন সবন নির্ব্বাহ করে। আর যাহাতে নিবিৎ স্থাপিত হয়, সেই ছন্দই সবননির্ব্বাহক; এই হেতু ঐ গায়ব্রী মধ্যেই নিবিৎ স্থাপন করিবে।

"বিশো দেবস্থা নেতৃঃ" "তৎসবিতুর্বরেণ্যন্" "আ বিশ্বদেবং সৎপতিন্" এই সকল মন্ত্র বৈশ্বদেব শন্ত্রের প্রতিপৎ ও অনুচর হইবে। রহৎ ছন্দের সম্বন্ধযুক্ত চতুর্থদিনে ইহার চতুর্থাহের অনুক্ল। "আ দেবো যাতু সবিতা প্ররত্নঃ" ইত্যাদি সবিতৃ-দৈবত সূক্ত "আ" শব্দ থাকায় চতুর্থদিনে চতুর্থাহের অনুক্ল। "প্র ভাবা যহৈছঃ পৃথিবী নমোভিঃ" ইত্যাদি ভাবাপৃথিবীদৈবত সূক্ত "প্র" শব্দ থাকায় চতুর্থদিনে চতুর্থাহের অনুক্ল। "প্র" শক্ত থাকায় চতুর্থদিনে চতুর্থাহের অনুক্ল। "প্র" শক্ত থাকায় চতুর্থদিনে চতুর্থাহের অনুক্ল। "প্র" শক্ত গ্রাচমিষ্যে" "ইত্যাদি ঋতুদৈবত সূক্তে "প্রশক্ষ ও "বাচমিষ্যে" (বাক্শক্ষুক্ত) থাকায় ইহা চতুর্থ দিনে

⁽ c) | clash (c) | clash (

চতুর্থাহের অনুকূল। "প্র শুক্রৈতু দেবী মনীযা" এই বৈশ্বদেব সূক্তে "প্র" শব্দ ও "শুক্র" শব্দ থাকায় ইহা চতুর্থ-দিনে চতুর্থাহের অনুকূল। ঐ সূক্তের ঋক্সমূহ নানা ছন্দের; কাহারও ছুই চরণ, অন্যের চারি চরণ; এই জন্য ইহারা চতুর্থাহের অনুকূল।

"বৈশানরস্থ স্থমতো স্থাম" এই সূক্ত আগ্নিমারত শদ্রের প্রতিপৎ হইবে। ইহার [তৃতীয় চরণে] "ইতো জাতঃ" এই জননার্থক শব্দ থাকায় ইহা চতুর্থদিনে চতুর্থাহের অনুকূল। "ক ঈং ব্যক্তা নরঃ সনীড়া" এই মরুদ্দৈরত স্কের প্রথম মন্ত্রের তৃতীয় চরণ] "নকিহোঁয়াং জনুংঘি বেদ" এন্থলে জননার্থক শব্দ থাকায় ইহা চতুর্থদিনে চতুর্থাহের অনুকূল। ইহার মন্ত্রগুলি নানা ছন্দের, কাহারও তুই চরণ, কাহারও চারি

"জাতবেদদে স্থনবাম সোমম্" এই জাতবেদোদৈবত মন্ত্র্ সকল দিনেই বিহিত। "অগ্নিং নরো দীধিতিভিররণ্যোঃ" এই জাতবেদোদৈবত স্ক্তের [দ্বিতীয় চরণে] "হস্তচুর্তো জনয়ন্ত" এম্বলে জননার্থক শব্দ থাকায় ইহা চতুর্থদিনে চতুর্থা হের অমুক্ল। ইহার মন্ত্রগুলির নানা ছন্দ; কতকগুলি বিরাট্, অন্যে ত্রিউপুর্। সেই জন্ম ইহারা চতুর্থাহের অমুক্ল।

দ্বাবিংশ অধ্যায়

----0---

প্রথম খণ্ড

নবরাত্র-পঞ্চমাত

অন্সর ন্বরাত্ত্রের অন্তর্গত পঞ্চমাত্তের বিধান—"গোর্বৈ—দ্বাতি"

গো দেবতা, ত্রিণব স্তোম, শাকর সাম, পঙ্কি ছন্দ, ইহারা পঞ্চমাহের নির্বাহক। যে ইহা জানে, সে যথোচিত দেবতা, স্তোম, সাম ও ছন্দ্রারা সমৃদ্ধ হয়। যাহাতে "আ" নাই, "প্র" নাই, স্থানার্থক শব্দ আছে, তাহাই পঞ্চমাহের লক্ষণ। [প্রথম ত্রাহে] বিতীয়াহ যেরূপ, [মধ্যম ত্রাহে] পঞ্চমাহও সেইরূপ। যাহাতে "উদ্ধ" শব্দ, "প্রতি" শব্দ, "মধ্যম ত্রাহে] করণোহও সেইরূপ। যাহাতে "উদ্ধ" শব্দ, "প্রাহার মধ্যম চরণো দেবতার নাম আছে, যাহাতে অন্তরিক্ষের উল্লেখ আছে যাহাতে "তুগ্ধ" "উধ" "ধেমু" "পৃশ্ধি" "মং" এই সকল শব্দ আছে, যাহা পশুর মত অধিক চরণযুক্ত ও ছোট-বড়,—কেননা পশুরাও কেহ ছোট,কেহ বড়,—যাহার জগতী ছন্দ—পশুরাও বৃহতীর

⁽০) ত্রিণৰ স্থোমের নিম্পাদনবিধি যথা—এক জ্বাচ তিন পর্যারে পাঠ করিবে। প্রথম পর্যাক্ত প্রথম কর্ তিনবার, দিতীয়টি পাঁচবার, তৃতীয়টি একবার পাঠা। দিতীয় পর্যারে প্রথমটি একবার, দিতীয়টি তিনবার, তৃতীয়টি পাঁচবার পাঠা। তৃতীয় পর্যারে প্রথমটি পাঁচ, দিতীয়টি এক প্রত্তী বটি তিনবার পাঠা। এইরপে উৎপন্ন ২৭টি মন্ত্রে ত্রিণৰ স্তোম পঠিত হয়।

সম্বন্ধযুক্ত,—যাহার পঙ্কি ছন্দ—পশুরাও পঙ্কির সম্বন্ধযুক্ত,—যাহা বাম—পশুরাও বাম অর্থাৎ স্থন্দর—যাহা হবিঃ-শব্দযুক্ত—পশুরাও হবিঃম্বরূপ,—যাহা বপুঃশব্দযুক্ত—পশু-দেরও বপু আছে,—যাহা শাকর সামের ও পঙ্কিছন্দের সম্বন্ধযুক্ত, যাহাতে বর্ত্তমান ক্রিয়ার প্রয়োগ আছে এবং [তদ্ব্যতীত] যাহা দ্বিতীয়াহের লক্ষণযুক্ত, সে সকলই পঞ্চনাহের অনুকূল।

''ইমমূ যু বো অতিথিমূদরু ধম্'' ইত্যাদি [নয়টি মন্ত্র] পঞ্চমাহের আজ্য শত্র হইবে। ইহাদের ছন্দ জগতী, ইহার [তৃতীয় মন্ত্রে চারিটির] অধিক চরণ থাকায় ইহা পশুর লক্ষণ-যুক্ত; অতএব ইহার পঞ্চমদিনে পঞ্চমাহের অনুকূল।

"আ নো যজ্ঞং দিবিস্পৃশম্" "আ নো বায়ে। মহেতনে" '
"রথেন পৃথুপাজদা" ' "বহবঃ দূরচক্রদঃ" ' 'ইমা উ বাং দিবিফ্রাঃ" ' 'পিবা হৃতস্থ রিদিনো" ' 'দেবং দেবং বো বদে দেবং
দেবং" ' "রহতুগায়িষে বচঃ" ' এই রহতীচ্ছন্দের মন্ত্রগুলি
প্রভিগশস্ত্র হইবে। কেননা ইহারা পঞ্চমদিনে পঞ্চমাহের
অনুকূল।

"যৎ পাঞ্চল্যয়া বিশা" এই ত্র্যুচ সরুত্বতীয় শদ্রের প্রতিপৎ হইবে। ''পাঞ্চল্যয়া" এই [পঙ্ক্তি বা পঞ্চশব্দ-যুক্ত] পদ থাকায় উহা পঞ্চমদিনে পঞ্চমাহের অনুকূল। "ইন্দ্র ইৎ সোমপা একঃ" ' ইন্দ্র নেদীয় এদিহি" '' ''উ

^{(+) +15615 = 1 (0) +15519 (8) +18915 (1 (0) 818916 1 (0) +19915 • 1}

⁽ ١) ا داوه ۱ (١٠٠) ا ها ۱ (١٠٠) ا داه ۱ (١٠٠) ا داه ۱ ا (١٠)

^{(25} AISI8 1 . 2.2) AIG 26 1

ত্তিষ্ঠ ব্রহ্মণস্পতে" " "অগ্নির্কেতা" " "রং সোম ক্রতুভিঃ" '' ''পিম্বন্ত্যপঃ" '' ''র্হদিন্দ্রায় গায়ত'' '' এই মন্ত্রগুলি দ্বিতীয়াহের শস্ত্রে প্রযুক্ত হওয়ায় উহারা পঞ্চমাহেরও অনুকূল। ''অবিতাদি স্থয়তো রক্তবর্হিষঃ" ' এই দূক্ত [প্রথমমন্ত্রের ৰিতীয়চরণে] মদ্-শব্দ-যুক্ত, উহার ছন্দ পঙ্ক্তি ও চরণ পাঁচটি ; অতএব ইহা পঞ্চাদিনে পঞ্চাহের অনুকূল। "ইখা হি দোম ইনাদে"^{ং°} এই সূক্তও ঐ রূপ মদ্-শব্দ- গুক্ত ও উহার ছন্দ পঙ্ক্তি ও চরণ পাঁচটি; অতএব উহা পঞ্মদিনে পঞ্-মাহের অনুকূল। "ইন্দ্র পিব তুভাং স্লতো মদায়" ' এই স্ক্ত মদ্-শব্দ যুক্ত ও ত্রিফুপ্ছন্দ; উহার সকল চরণ সমান হওয়ায় উহা স্বনকে ধারণ করে; এতদ্বারা যজ্মান गृह हहेर ज जरु हम न। "मक्ष्याँ हेल मीमृतः" र हेलानि ত্যুচে ''খা" শব্দ ও ''প্র'' শব্দ না থাকায় ইহা [মরুত্বতীয় শস্ত্রের] অত্তে প্রযোজ্য, কেননা ইহাও পঞ্চমদিনে পঞ্চমাহের অনুকূল। ইহার মন্ত্রগুলি গায়ত্রী ; গায়ত্রী মন্ত্রই এই ত্রাহের মাধ্যন্দিন দবন নির্বাহ করে; আর যাহাতে নিবিৎ স্থাপিত হয়, সেই ছন্দই সবনের নির্বাহক; অতএব এই গায়ত্রী-মধ্যেই নিবিৎ স্থাপন করিবে।

^{(58) 218 - 15 1 (50) 218 - 15 1 (52) 218 - 15 1 (52) 418 - 15 1 (52) 418 - 15 1 (52) 418 - 15 1 (52) 418 - 15 1 (52) 418 - 15 1 (52) 418 - 15 1 (52) 418 - 15 1 (53) 518 -}

দিতীয় খণ্ড

নবরাত্র--পঞ্চমাত

প্রক্ষাত্রে অক্সাক্স বিধান – "মহানাশ্রীষ্ · · · অচ্যত:"

মহানাশ্বী মন্ত্র দারা শাকর সামে স্তোত্র হইবে।
পঞ্চম দিন রথন্তরের সম্বন্ধতুক্ত হওয়ায় উহা পঞ্চমাহের
অনুকৃল। ইন্দ্র পুরাকালে মহান্ হইবার ইচ্ছায় এই ["বিদঃ
মঘবন্" ইত্যাদি] মন্ত্রে আপনাকে নিশ্মাণ করিয়াছিলেন,
এই জন্ম উহাদের নাম মহানাশ্বী। আবার এই লোকসকলও
মহানাশ্বীস্বরূপ, এই লোকসকল মহান্, তজ্জন্ম ঐ মন্ত্রগুলির
নাম মহানাশ্বী।

প্রজাপতি এই লোকসকল সৃষ্টি করিয়া তৎপরে আর মাহা কিছু আছে সে দকল [সৃষ্টি করিতে] শক্ত হইয়াছিলেন। প্রজাপতি যে এই লোকসকল সৃষ্টি করিয়া তৎপরে আর যাহা কিছু আছে সে দকলের [সৃষ্টি করিতে] শক্ত হইয়া-ছিলেন, তাহাই শক্রী হইয়াছিল; ইহাই শক্রীদকলের শক্রীয়।

প্রজাপতি এই [মহানাম্মা] ঋক্সমূহকে দাঁমার উর্দ্ধেরাখিয়া স্পষ্টি করিয়াছিলেন। দাঁমার উর্দ্ধে রাখিয়া স্পষ্টি করিয়াছিলেন, তাহাতেই উহারা "দিমা" হইয়াছিল। উহাই দিমাদকলের দিমাম্ব।

⁽১) "বিল মথবন্" ইত্যাদি নম্বটি সহানামী অংকের বিষণ পুরের দেখা। শাক্ষর সাম রথ ছব ছউটে উৎপার, ইহাও পুরের আঝায়িকাছয়ে বলা হইয়াছে।

⁽২) সীমার উদ্দর্শ অর্থাৎ ক্ষপ্রেদসংখিতার সীমা ভাডার্যা বান্ধণের আর্ণ্যক মধ্যে (সাধ্য^{া ।} মহানামী ঝক্ নগটিব ঐত্বেধ আব্যাকে জান জাতে । মহানামী মন্ত্রের অপ্ত নাম দিয়া।

"স্বাদোরিখা বিষ্বতঃ" "উপ নো হরিভিঃ স্থতম্" "ইন্দ্রং বিশ্বা অবীর্ধন্" ইহাই [পূর্ব্বোক্ত স্তোত্রিয় ত্যুচের] অনু-রূপ হইবে। রুষণ্ শব্দ, পৃশ্ধি শব্দ, মদ্ শব্দ, রুধন্ শব্দ থাকায় উহারা পঞ্চাদিনে পঞ্চাহের অনুকূল।

"যন্বাবান" ै এই ধায়া সকল দিনেই বিহিত।

"অভি ত্বা শূর নোনুসঃ" এই রথন্তরের বোনিসন্তকে ধাষ্যার পরে পাঠ করিবে। কেননা এই পঞ্চমাহ স্থানগুণে রথন্তরের সম্বন্ধযুক্ত।

"মো যু ত্বা বাবতশ্চন" ইত্যাদি মন্ত্রে [শাকর] সামের প্রগাথ হইবে। ইহার মধ্যে একটি [দ্বিপদ মন্ত্র] অধিক থাকায় ইহা পশুর লক্ষণযুক্ত ও পঞ্মদিনে পঞ্মাহের অমুক্ল।

"ত্যে ষ্ বাজিনং দেবজুতম্" এই তার্ক্যসূক্ত সকল দিনেই বিহিত ।

তৃতীয় খণ্ড

নবরাত্র—পঞ্চমাই

অন্তান্ত মন্ত্র ধথা— "প্রেদং বন্ধ · · · · রূপন্"

"প্রেদং ব্রহ্ম র্ত্ত্র্যোষাবিথ" ওই সূক্তের মন্ত্রের পাঁচ চরণ ও পঙ্ক্তি ছন্দ; উহা পঞ্চাদিনে পঞ্চমাহের অনুকূল।

ا ١٤١٤ (١) ا ١١٥٤١ (١) ا ١١٥٥١ (١) ا ١٥١٥١١ (١) ١ ١٥١١١١ (٥)

⁽ A) diasip 1 (a) relaining 1

^{(5) 6/09121}

"ইন্দ্রো মদায় বার্বধে" । এই সূক্তও মদ্শব্দযুক্ত ও পঞ্চরণ, উহার পংক্তিছন্দ; এই জন্ম উহাও পঞ্চমদিনে পঞ্চমাহের অনুকূল।

"সত্রা মদাসস্তব বিশ্বজন্তাঃ" এই সূক্ত মদ্-শব্দ-যুক্ত ও ত্রিষ্টুপ্; উহার চরণগুলি সমান হওয়ায় উহা সবনকে ধারণ করিতে পারে; এতদ্বারা যজসানও গৃহ হইতে ভ্রক্ট হয় না। "তমিন্দ্রং বাজয়ামিসি" এই ত্রাচ শব্রের পরে প্রযোজ্য। "স র্ষা র্ষভো ভূবৎ" এই [র্ষভশব্দযুক্ত] চরণ থাকায় ঐ মন্ত্র পশুর লক্ষণযুক্ত এবং পঞ্চমদিনে পঞ্চমাহের অনুকূল। ইহার মন্ত্রগুলি গায়ত্রী। গায়ত্রীমন্ত্র এই ত্রাহের মাধ্যন্দিন সবন নির্বাহ করে। যাহাতে নিবিৎ স্থাপিত হয়, সেই ছন্দই সবনের নির্বাহক। এই জন্য এই গায়ত্রীমধ্যে নিবিৎ স্থাপন করিবে।

"তৎ সবিভূর নীমহে" "অন্তা নো দেব সবিতঃ" বৈই ছুইটি বৈশ্বদেব শন্ত্রের প্রতিপথ ও সমুচর। রথন্তরের সম্বন্ধযুক্ত পঞ্চমদিনে ইহারা পঞ্চমাহের অনুকূল। 'ভিতুমা দেবঃ সবিতা দমূনা" এই সবিভূদৈবত মন্ত্রে [চতুর্থ চরণ] 'আ দাশুমে স্থবতি ভূরি বামম্", এস্থলে "বাম" শব্দ থাকায় উহা পশুলক্ষণযুক্ত; এই জন্য উহা পঞ্চমদিনে পঞ্চমাহের অনুকূল। "মহা দ্যাবাপৃথিবী ইহ জ্যেষ্ঠে" ইত্যাদি দ্যাবা-পৃথিবী ইহ জ্যেষ্ঠে" ইত্যাদি দ্যাবা-পৃথিবী ইহ জ্যেষ্ঠে" এই অংশ [উফা

^{(\$ - 2002)2 | 1 (10 - 200)2 | (11) 6]20]4 | 1 (4) 6242[2 | (5) 642]8 |}

অর্থাৎ ব্রষ শব্দ থাকায়] পশুলক্ষণযুক্ত, এই জন্য উহা পঞ্চনদিনে পঞ্চনাহের অনুকূল। "ঋভুবিভা বাজ ইন্দ্রো নো অচ্ছ" এই ঋভুদৈবত দৃক্তে "বাজ" (অন্ন) শব্দ থাকায় উহা পশুল কণবুক্ত, কেননা পশুগণ বাজস্বরূপ (অন্নস্বরূপ), এই জন্য
উহা পঞ্চমদিনে পঞ্চমাহের অনুকূল। "স্তব্যে জনং স্ত্রতং
নব্যসাভিঃ" " এই বৈশদেব দৃক্তে একচরণ অধিক থাকায় উহা
পশুলক্ষণযুক্ত, উহা পঞ্চমদিনে পঞ্চমাহের অনুকূল।

"হবিষ্পান্তমজরং স্বর্বিদি" " এই সূক্ত আগ্নিমারুতশব্রের প্রতিপৎ হইবে। হবিঃ শব্দ থাকায় উহা পঞ্চাদিনে পঞ্চাহের অনুক্ল। "বপুর্নু তচ্চিকিতুষে চিদস্ত" " এই সরুদ্দৈবত সূক্তে "বপুঃ" শব্দ থাকায় উহা পঞ্চাদিনে পঞ্চাহের অনুক্ল। "জাতবেদদে স্থনবাম সোমম্" " এই জাতবেদোদৈবত মন্ত্র সকল দিনেই বিহিত। "অগ্নির্হোতা গৃহপতিঃ স রাজা" ইত্যাদি জাতবেদোদৈবত [অ্যুচ] মন্ত্রে অধিক চরণ থাকায় উহা পশুর লক্ষণযুক্ত; এই জন্ম উহা পঞ্চমদিনে পঞ্চমাহের অনুক্ল।

^{(%) |} CIBBID (50) | CIRBID (60) | CIBBID (60) | CIBBID (60) | CIBBID (60) | COLID (6

চতুর্থ খণ্ড

নবরাত্র--্ষষ্ঠাহ

অনন্তর ষষ্ঠাহ---"দেবক্ষেত্রং বৈ.....যভি"

এই যে ষষ্ঠাহ, ইহা দেবক্ষেত্র (দেবগণের বাসস্থান)।
যাহারা ষষ্ঠাহের অনুষ্ঠান করে, তাহারা দেবক্ষেত্রেই আগমন
করে। দেবগণ একে অন্যের গৃহে বাস করেন না; এক ঋতুও
অভ্য ঋতুর গৃহে বাস করে না, ইহাই [ব্রহ্মবাদারা] বলেন।
সেই জন্ত [এই ষষ্ঠাহে] ঋত্বিকেরা অপরকে না দিয়। আপন
আপন ঋতুযাজের যাজ্যা পাঠ করিবে। তাহা হইলে ঋতু
সকলকে যথাযথ আপন প্রয়োজনে সমর্থ করা হইবে, জনসমূহও যথাযথ স্থানে থাকিতে পাইবে। '

এ বিষয়ে [ব্রহ্মবাদীরা] বলেন, যে ঋতুযাজের প্রৈদমন্ত্রে প্রেষণ করিবে না; ঋতুপ্রৈষদারা বনট্কারও করিবে না। কেননা ঋতুপ্রেষদকল বাক্স্বরূপ, যঠাহে বাক্ সমাপ্ত হইয়া থাকে। যদি ঋতুপ্রেমদারা প্রেদণ করা যায়, এবং ঋতু-প্রেমদারা বনট্কার করা যায়, তাহ। হইলে শ্রান্ত, যজ্ঞ-ভারক্রান্ত, রোদনশীল বাক্কে স্নাপ্ত করিয়া বিন্দ্র করা

⁽১) প্রকৃতিসংক্ত শ্বতুষাল প্রচারের সময় মেন্তাবকণ প্রৈদমন্ত্রে হোডাদিগকে আপোন করিলে উছোরা যাজ্যাদ্বারা বনট্কার করেন। এদরপুঁতে সংমান প্রেষিত ১৯য় প্রাপন আপন বাহনা হোডাকে দান করেন। এছলে বিধি হইতেছে যে, হোডাকে না দিয়া আপন যাজ্যার আপুনি পাঠ করিবে।

⁽२) নৈতাবকণ পাঠা হোত্তাভূতির সংবাধন "হোডা যক্ষদিশ্রম্" ইডাদি প্রেশমর।
পুরেব দেব।

হইবে। [উত্তর] যদি ঐ [প্রেষ] মন্ত্রে প্রেষণ করা না হয় এবং যদি ঐ মন্ত্রে বষট্কার করা না হয়, তাহা হইলে ঋত্বিকেরা অবিনন্ধ যজ্ঞ হইতে ভ্রম্ট হইবেন এবং তাঁহাদিগকে যজ্ঞ হইতে, প্রাণ হইতে, প্রজাপতি হইতে ও পশুগণ হইতে বক্রভাবে যাইতে (ভ্রম্ট হইতে) হইবে। [উভয়পক্ষে সিদ্ধান্ত] সেই জন্ম [মেত্রাবরুণ] ঋক্শিরক্ষ প্রৈষমন্ত্র পাঠের পর [হোতাকে] প্রেষণ করিবেন, ও [হোতা] বষট্কার করিবেন। তাহা করিলে প্রান্ত যজ্ঞভারক্রান্ত রোদনশীল বাক্কে সমাপ্ত করিয়া নন্ট করা হইবে না, অবিনন্ট যজ্ঞ হইতে ভ্রম্ট হইবে না, এবং কাহাকেও যজ্ঞ হইতে, প্রাণ হইতে, প্রজাপতি হইতে, পশুগণ হইতে বক্রভাবে চলিয়া যাইতে হইবে না।

প্রথা হাও

নবরাত্র---যন্তাহ

শগম ও হিতার সবনের পক্ষে বিশেষ বিদি—"পাকচ্ছেপীঃ মঞ্জি"
প্রথম ছাই সবনে প্রস্থিত যাজ্যার পূর্বের পরুচ্ছেপ-ঋষি-দৃষ্ট
ঋক্ বসাইবে। 'পরুচ্ছেপ-দৃষ্ট ঋকের ছন্দের নাম রোহিত।
এতদ্বারা ইন্দ্র সপ্ত স্বর্গলোক আরোহণ করিয়াছিলেন। যে
ইহা জানে, সে সপ্ত স্বর্গলোক আরোহণ করে।

(>) "ব্ৰহ্মিক্স স্থপাণাস ইন্দৰং" ইত্যাদি ও "পিবা সোমসিক্সস্থবানমজিভিং" ইত্যাদি মন্ত্ৰ পক্ষচেছপ ঋষির দৃষ্ট। এই মন্ত্ৰ একটি পাঠ করিবার পার, এক এক প্রস্থিত যাল্লা প্রিবে, ইংটি বিহিত্ত হইল। এ বিষয়ে [ব্রহ্মবাদীরা] প্রশ্ন করেন, পাঁচ চরণের ছন্দ পঞ্চমাহের ও ছয় চরণের ছন্দ ষষ্ঠাহের লক্ষণ হওয়া উচিত, তবে কেন ষষ্ঠাহে সাত চরণের ছন্দ [পারুচ্ছেপ মন্ত্র] পাঠ করা হয় ? [উত্তর] [ঐ ছন্দের প্রথম] ছয়চরণ দ্বারা ষষ্ঠাহ সমাপ্ত হয় বটে, কিন্তু তাহাতে [পরবর্ত্তী] যে সপ্তমাহ, তাহাকে [প্রথম ছয় দিন] হইতে বিচ্ছিন্ন করা হয় । এই সপ্তম চরণ দ্বারা সেই সপ্তমাহকে লক্ষ্য করিয়া অনুষ্ঠান করিলে, বাক্য বিচ্ছিন্ন হইতে পায় না ও [ষষ্ঠ ও সপ্তম দিনের] অবিচ্ছেদ ঘটে । যাহারা ইহা জানিয়া ঐরপ অনু-ষ্ঠান করে, তাহারা সকল ত্রাহকে অবিচ্ছিন্ন রাথিয়া যাগের অনুষ্ঠান করে।

मर्छ ग छ

নবরাত্র—ষষ্ঠাঞ

পারুচ্ছেপ মন্ত্র সম্বন্ধে আথ্যায়িকা যথা—"দেবাস্থরা……এবং বেদ"

দেবগণ ও অস্ত্ররগণ এই লোকসকলে যুদ্ধ করিয়াছিলেন।
সেই দেবগণ ষষ্ঠাহ দারা অস্ত্রদিগকে এই লোকসকল হইতে
অপস্ত করিয়াছিলেন। সেই অস্ত্রগণের হস্তের অভ্যন্তরে
[রক্ষিত] যে ধন ছিল, তাহা লইয়া তাহারা সমুদ্রে নিক্ষেপ
করিয়াছিল। দেবগণ এই [পারুচ্ছেপ] ছন্দের অনুষ্ঠান
দারা তাহাদের অনুসরণ করিয়া সেই হস্তাভ্যন্তরে রক্ষিত
ধন গ্রহণ করিয়াছিলেন। ঐ ছন্দের মধ্যে [ছয় চরণের পর]

পুনরায় আর যে একটি [সপ্তম] চরণ ছাছে, তাহাই [সমুদ্র হইতে ধনের] আকর্ষণে আঙ্কুশস্বরূপ হইয়াছিল! যে ইহা জানে, সে শক্রর ধন গ্রহণ করিতে পারে ও শক্রকে সকল লোক হইতে নিঃসারিত করিতে পারে।

সপ্তম খণ্ড নবরাত্র—শন্তাহ

ষষ্ঠাতের বিধান গণা—"ভোটব দেবতা-----অচ্যুতঃ"

ভোঃ দেবতা, ত্রয়স্ত্রিংশ স্তোম, রৈবত দাম, অতিচ্ছন্দ ছন্দ ষষ্ঠাহ নির্বাহ করেন। যে ইহা জানে, সে এতদ্বারা যথোচিত দেবতা, সোম, দাম ও ছন্দ দ্বারা সমৃদ্ধ হয়।

যে দকল মত্রের দমাপ্তি দমান, তাহারা ষষ্ঠাহের অনুকূল।
[প্রথম ব্রাহে] যেমন তৃতীয়াহ, [মধ্যম ব্রাহে] তেমনি
ষষ্ঠাহ। বাহাতে অশ্ব শব্দ, অন্ত শব্দ, আছে, যাহার
পুনরায় আর্তি হয়, যাহা নৃত্যালফণযুক্ত, যাহা রমণার্থক
শব্দযুক্ত, যাহা পর্য্যাদ-(অধিকচরণ)-যুক্ত, যাহা ব্রি-শব্দ-যুক্ত,
যাহার শেষচরণে দেবতার উল্লেখ আছে, যাহাতে ঐ [স্বর্গ]
লোকের উল্লেখ আছে; [তদ্বাতীত] যাহার ঋষি পরুচ্ছেপ,
যাহার দাত চরণ, যাহা নরাশংদ-মন্ত্রের দম্বর্ধুক্ত, যাহার
শ্বি নাভানেদিষ্ঠ, যাহা রৈবত দামের ও অতিচ্ছন্দ মন্তের
দম্বর্ধুক্ত, যাহাতে অতীত ক্রিয়ার প্রয়োগ আছে, এবং যে যে
লক্ষণ তৃতীয়াহেরও অনুকূল, দেই দমস্ত ষষ্ঠদিনে ষষ্ঠাহেরও
অনুকূল।

"অয়ং জায়ত মনুষো ধরীমণি" ইত্যাদি মস্ত্রে ষষ্ঠাহের আজ্যশস্ত্র হইবে। ইহার ঋষি পরুচ্ছেপ, ছন্দ অভিচ্ছন্দ, ও চরণ সাতটি, অতএব ইহা ষষ্ঠাহের অনুকূল।

"ন্তীর্ণং বহিরুপ নো যাহি বীতয়ে" ' "আ বাং রথো নিয়ুত্বান্ বক্ষদবদে" "স্থুমায়াতমদ্রিভিঃ" " "য়ুবাং স্তোমেভিদে বয়ন্তো অশ্বিনা" "অবর্মহ ইন্দ্র" "য়য়য়িন্দ্র" "অস্ত্র
শ্রেষিট্" " ওয়ুণো অয়ে শৃণুহি স্বমীড়িতঃ" "য়ে দেবাসে।
দিব্যেকাদশস্থ" " ইয়মদদাদ্রভসম্পচ্যুতম্" " এই মন্ত্রতালি প্রতিগশস্ত্র হইবে। ঋষি পরুচ্ছেপ, ছন্দ অতিছন্দে ও
দাত চরণ হওয়ায় ইহারা ষষ্ঠদিনে ষষ্ঠাহের অমুকুল।

"দ পূর্ব্যা মহানাম্" ' এই জ্যুচ মরুত্বতীয় শস্ত্রের প্রতিপৎ হইবে। ইহাতে মহৎ শব্দ [প্রথম] চরণের অন্তে আছে, মন্ঠাহও [মধ্যম জ্রাহের] অন্তে অবস্থিত; অতএব উহা মন্ঠদিনে মন্ঠাহের অনুক্ল।

"ত্রয় ইন্দ্রস্থা সোমা" "ইন্দ্র নেদীয় এদিহি" "প্র নৃনং ব্রহ্মণস্পতিঃ" "অগ্নির্নেতা" "স্বং সোম ক্রতুভিঃ" "পিষ-ন্ত্যপঃ" "নিকঃ স্থদাসো রথম্" " ইহারা তৃতীয়াহের শস্ত্র-মধ্যে পঠিত হয়, অতএব উহারাও মষ্ঠদিনে মষ্ঠাহের অনুকৃল। "যং স্বং রথমিন্দ্রং মেধসাতয়ে" " এই সূক্তের ঋষি পরুচ্ছেপ, ছন্দ অতিচ্ছন্দ, সাত চরণ, অতএব উহা মষ্ঠদিনে মষ্ঠাহের

¹ clebcic (65) 1 clebib (65) 1 bibble (65) 1 bicelc (65) 1 bibble (65) 1 clebib (65) 1 cle

অমুকূল। "দ যো রুষা রুষ্ণোভিঃ সমোকা" ' এই সূত্তের সমাপ্তি [মন্ত্রগুলির চতুর্থ চরণ] সমান হওয়ায় ইহা ষষ্ঠদিনে ষষ্ঠাহের অনুকৃল। "ইজ্র মরুত্ব ইহ পাহি সোমম্" " এই সূক্তের [তৃতীয় মন্ত্রের তৃতীয় চরণ] "তেভিঃ সাকম্ পিবতু রুত্রথাদঃ"; এম্বলে রুত্রথাদ (রুত্রকে ভন্নণ, অতএব বুত্রের প্রাণান্ত) এই অন্তবাচী 'থাদ' শব্দ আছে; ষষ্ঠাহও [ত্রাহের] অন্তে স্থিত, অতএব উহা ষষ্ঠদিনে ষষ্ঠাহের অনুকূল। এই দৃক্তের ছন্দ ত্রিষ্টৃপ্, উহার সকল চরণ সমান হওয়ায় উহা সবনকে ধরিয়া থাকে; যজমানও এতদ্বারা গৃহ হইতে ভ্রম্ট হয় না। "অয়ং হ যেন বা ইদম্"' এই মন্ত্র শন্ত্রের শেষে প্রযোজ্য। ইহার দিতীয় চরণে "স্বর্যরুত্বতা জিতম্" এ স্থলে অন্তবাচক "জিত" (জয় বা যুদ্ধাবসান) শব্দ আছে, অতএব উহা ষষ্ঠদিনে ষষ্ঠাহের অনুকূল। এই মন্ত্রগুলি গায়ত্রী, গায়ত্রী মন্ত্রই এই ত্রাহের মাধ্যন্দিন দবন নির্বাহ করে। অতএব ঐ গায়ত্রীতেই নিবিৎ স্থাপন করিবে।

"রেবতীর্ন সধমাদে" "রেবাঁ ইদ্রেবতঃ স্তোতা" ইত্যাদি রৈবত-সামের পৃষ্ঠস্তোত্র হইবে। বৃহতীর সম্বন্ধযুক্ত ষষ্ঠদিনে উহারা ষষ্ঠাহের অমুকূল। "ঘদ্বাবান" " এই ধায়া সকল দিনেই বিহিত। "দ্বামিদ্ধি হবামহে" ' এই বৃহৎ সামের যোনিরূপ প্রগাথকে ধায়ার পরে বসাইবে, কেননা এই ষষ্ঠাহ স্থানগুণে বৃহৎ সামের সম্বন্ধযুক্ত। "ইন্দ্রমিদ্দেবতাতয়ে" '

^{(52) 212 • • 12 | (54) 01881 × 1 (50) 0101 1 (58) 210 • 122 1 (58) 012120}

এই সামপ্রগার্থ [সকল চরণে ইন্দ্র শব্দ থাকায়] নৃত্যামু-কারী, অতএব উহা ষষ্ঠদিনে ষষ্ঠাহের অনুকূল। "ত্যমূরু বাজিনং দেবজূতম্" এই তার্ফ্যসূক্ত সকলদিনেই বিহিত।

অফীম গণ্ড

নবরাত্র—ষষ্ঠাহ

অভ'ভ মন্ত্ৰজ যাহ্ব… বৈধদেবম্'

"এন্দ্র যাহ্যুপ নং পরাবতঃ" এই দৃত্তের ঋষি সরুচ্ছেপ, ছন্দ অতিছন্দ, ও দাতটি চরণ থাকায় উহা ষষ্ঠদিনে ষষ্ঠাহের অনুকূল। "প্র বা ষম্ম সহতো মহানি" এই দৃত্তের [চতুর্থ চরণে] সমাপ্তি সমান হওয়ায় উহা ষষ্ঠদিনে ষষ্ঠাহের অনুকূল। "অস্থ্রেকো রয়িপতে রয়াণাম্" এই দৃত্তের [পঞ্চম মস্ত্রের ছিতীয় চরণ] "রথমাতিষ্ঠ ভুবিনৃম্ণ ভামিম্" ইহাতে স্থিতিবাচক [তিষ্ঠ পদ] অন্তবাচক, এই ষষ্ঠাহও [মধ্যম ত্রাহের] অন্তে স্থিত; অতএব উহা ষষ্ঠদিনে ষষ্ঠাহের অনুকূল। ইহার ছন্দ ত্রিক্টুপ্, সকল চরণ সমান হওয়ায় উহা সবনকে ধরিয়া থাকে; যজমানও এতদ্বারা গৃহ হইতে ভ্রক্ট হয় না।

"উপ নো হরিভিঃ স্থতম্" ওই ত্যুচ [নিক্ষেবল্য শস্ত্রের] শেষে বসিবে। ইহার [তিন মন্ত্রে] সমাপ্তি সমান হওয়ায়

^{(58) 20120012 .}

ইহা ষষ্ঠদিনে ষষ্ঠাহের অনুকূল। ইহার মন্ত্রগুলি গায়ত্রী, গায়ত্রীমন্ত্রই এই ত্রাহের মাধ্যন্দিন সবন নির্ব্বাহ করে। যাহাতে নিবিৎ স্থাপিত হয়, সেই ছন্দই সবন নির্ব্বাহ করে। এইজন্ম ঐ গায়ত্রীমধ্যেই নিবিৎ স্থাপন করিবে।

''অভি ত্যং দেবং সবিতারমোণ্যোঃ'' এই মন্ত্র বৈশ্বদেব শক্ত্রের প্রতিপৎ হইবে। ইহার ছন্দ অতিচ্ছন্দ হওয়ায় ইহা ষষ্ঠদিনে ষষ্ঠাহের অনুকুল। "তৎ সবিতুর্বরেণ্যম্" এই [হুইটি মন্ত্র প্রতিপদের শেষাংশ] এবং ''দোনো আগাৎ'' এই ত্র্যুচ উহার অনুচর হইবে। কেননা ইহাতে অন্তবাচক গমনার্থক পদ আছে। এই ষষ্ঠাহও [ত্রাহের] অন্তে স্থিত। এইজন্য উহা ষষ্ঠদিনে ষষ্ঠাহের অনুকূল। ''উদুষ্য দেবঃ সবিতা সবায়" 'এই সবিতৃদৈবত সূক্তে ''শশ্বত্তমং তদপা বহ্নিস্থাৎ" এই [দ্বিতীয় চরণে] স্থিতিবাচক পদ অন্তবাচী, ষষ্ঠাহও ত্র্যাহের অন্তে স্থিত। এইজন্ম উহা ষষ্ঠ দিনে ষষ্ঠাহের অনুকূল। 'কতরা পূর্ববা কতরাহপরায়োঃ'' এই ভাবাপৃথিবাদৈবত সুক্তের [মস্ত্রের বহু চরণ] সমান হওয়ায় উহা ষষ্ঠ দিনে ষষ্ঠাহের অনুকূল। "কিমু শ্রেষ্ঠঃ কিং যবিষ্ঠোন আজগন্" এবং ''উপ নো বাজা অধ্বরমূভুকা" ' এই ছুই ঋভুদৈবত সূক্ত নরাশংস-লক্ষণযুক্ত ও ত্রিশব্দযুক্ত হওয়ায় ষষ্ঠদিনে ষষ্ঠাহের অনুকূল। "ইদমিখা রোদ্রং গ্র্তবচা" " এবং "যে যজেন দক্ষিণয়া সমক্তাঃ" এই তুই বিশ্বদৈবতসূক্ত [পাঠ করিবে]।

⁽ ৫) বাজসনেয়-সংহিতা ৪।৫ '

¹ cleals (• c) | (1695|c (a) 1618411 (a) 1 c 4012 (b) | (c - c1240) (a)

নবম খণ্ড

নবরাত্র—ষষ্ঠাহ

উক্ত বিশ্বদেবদৈবত স্কল্পয়ের ঋষি নাভানেদিষ্ঠ, তৎসম্বন্ধে আগ্যায়িকাদি— "নাভানেদিষ্ঠং……এবং বেদ"

[উক্ত] নাভানেদিষ্ঠসূক্ত [ছুইটি] পাঠ করিবে।

মানব (মনুপুত্র) নাভানেদিষ্ঠ যথন ব্রহ্মচর্য্যে বাস্করিতেছিলেন, তখন তাঁহার ভ্রাতারা তাঁহাকে [পিতৃধনের] ভাগ দেন নাই। তিনি আসিয়া বলিলেন, আমাকে তোমরা কি ভাগ দিয়াছ? তাঁহারা নিষ্ঠাব (ধন্মনির্ণয়সমর্থ) ও অবব-দিতা (ভাগনির্ণয়সমর্থ) সেই মনুকে [ভাগনির্দেশের জন্ম] দেখাইয়া দিলেন। সেইজন্ম আজিও পুত্রেরা পিতাকেই নিষ্ঠাব (ধর্মনির্ণয়সমর্থ) ও অববদিতা (ভাগনির্ণয়সমর্থ) বলিয়া থাকে।

তথন দেই নাভানেদিষ্ঠ পিতার নিকট আসিয়া বলিলেন, পিতা, তোমার নিকট আমার ভাগ রহিয়াছে। পিতা তাঁহাকে বলিলেন, পুত্র, উহাদের কথায় আদর করিও না'; ঐ অঙ্গিরোগণ স্বর্গলোকের জন্ম সত্রান্মুষ্ঠান করিয়াছেন, তাঁহারা ষষ্ঠাহে উপস্থিত হইয়া পুনঃ পুনঃ [মন্ত্রবাহুল্য হেডু] মুগ্ধ (সত্রসমাধানে অশক্ত) হইতেছেন; তুমি ষষ্ঠাহে তাঁহাদের নিকট ঐ তুই সূক্ত' পাঠ করাও। তাহা হইলে তাঁহাদের

^{(&}gt;) অর্থাৎ উহার। আমার নিকট ভোষার ভাগ রাথে নাই।

⁽২) উলিখিত "ইদমিখা রৌজং গুর্বতো" এবং "যে বজেন দক্ষিণায়া সমক্ষাং" ইঙাদি ২০ বজে। উপরে দেব।

সত্রসমাধানের পর যে সহস্র সংখ্যক [ধন] থাকিবে, তাহা তাঁহারা স্বর্গে যাইবার সময় তোমাকে দিবেন।

তাহাই করিব, এই বলিয়া নাভানেদির্চ "প্রতিগৃত্বীত মানবং স্থানেধদঃ"—অহে শোভনমেধাযুক্ত [অঙ্গিরোগণ], মনুপুত্রকে আপনারা গ্রহণ করুন—এই বলিতে বলিতে অঙ্গিরোগণের সমীপস্থ হইয়াছিলেন। তাঁহারা বলিলেন, তুমি কি কামনা করিয়া এরূপ বলিতেছ? [নাভানেদিষ্ঠ বলিলেন] আমি আপনাদিগকে ষষ্ঠ দিনের অনুষ্ঠান বিশেষ করিয়া জানাইব; সত্রসমাধানের পর আপনাদের যে সহস্রসংখ্যক [ধন] থাকিবে, তাহা আপনারা স্বর্গে যাইবার সময় আমাকে দিবেন। তাঁহারা বলিলেন] তাহাই হইবে। তথন নাভানেদিষ্ঠ তাঁহারি বলিলেন] তাহাই হইবে। তথন নাভানেদিষ্ঠ তাঁহালিগকে ঐ স্কুজ্বয় পাঠ করাইলেন। তাঁহারা তথন যজ্ঞ এবং স্বর্গলোক প্রকৃষ্টভাবে জানিতে পারিলেন।

সেই হেতু ষষ্ঠ দিনে যে এই ছুই সূক্ত পাঠ করা হয়, ইহাতে যজ্ঞকে প্রকৃষ্টরূপে জানা যায় ও স্বর্গলোক পাওয়া যায়।

অঙ্গিরোগণ স্বর্গে যাইবার সময় বলিলেন, অহে ব্রাহ্মণ, এই সহস্র [ধন] 'তোমার থাকিল। সেই ধন গ্রহণ করিবার সময় একজন কৃষ্ণবস্ত্রপরিধায়ী পুরুষ [যজ্জভূমির] 'উত্তর্গিকে উত্থিত হইয়া তাঁহাকে বলিলেন, বাস্ততে (যজ্ঞ

⁽৩) এখানে সহস্ৰ ধন অৰ্থে সহস্ৰ গাভী। যথা ছানাস্তৱে "তে স্বৰ্গং লোকং যস্তো য এষাং পশ্য আসংস্থান্ অন্ধা অদত্য।"

⁽ a) শ্রুতান্তরে এই কৃষ্ণবস্ত্র পুক্র পশুপতি রুদ্র। ''তং পশুভিশ্চরন্তং যজ্ঞবাক্তৌ রুদ্র আগচন্তং।"

ভূমিতে) পরিত্যক্ত এই [ধন] আমার। তিনি বলিলেন, অঙ্গিরোগণ ইহা আমাকে দিয়াছেন। [সেই পুরুষ] তাঁহাকে বলিলেন, তবে আমাদের [প্রাপ্য নির্ণয়ে] তোমার পিতাকেই প্রশ্ন করা যাউক। তখন তিনি পিতার নিকট গোলেন। পিতা তাঁহাকে বলিলেন, অহে পুত্র, সেই অঙ্গিরোগণ তোমাকে কি দিলেন? তিনি বলিলেন, তাঁহারা আমাকে ইহাই দিয়াছেন, কিন্তু এক কৃষ্ণবন্ত্রপরিধায়ী পুরুষ [যজ্ঞভূমির] উত্তর হইতে উঠিয়া আমাকে বলিল, ইহা আমার, বাস্ততে পরিত্যক্ত ধন আমারই ইত্যাদি। তখন পিতা তাঁহাকে বলিলেন, পুত্র, উহা তাঁহারই বটে, তবে তিনি সেই [ধন] তোমাকেই দিবেন। তখন তিনি আবার সেই পুরুষের নিকট গিয়া তাঁহাকে বলিলেন, হে ভগবন্, ইহা তোমারই বটে, আমার পিতা ইহাই বলিলেন। তখন সেই পুরুষ বলিলেন, তুমি যখন সত্য বলিয়াছ, তখন ঐ ধন আমি তোমাকে দিলাম।

সেই জন্ম যে ইহা জানে, সে সত্য বলিবে।

এই যে নাভানেদিষ্ঠদৃষ্ট মন্ত্র, ইহারা সহস্র ধনের লাভ জনক। যে ইহা জানে, দে সহস্র [ধন] প্রাপ্ত হয় ও দষ্ঠাহ দ্বারা স্বর্গলোক প্রকৃষ্টভাবে জানিতে পারে।

> দশম খণ্ড নবরাত্র—যন্তাহ

অক্তান্ত মন্ত্র যথা—"ভান্সেভানি.....যস্তি"

নাভানেদিষ্ঠ, বালখিল্য, র্যাকপি, এর্য়ামরুৎ, এই কয়টি মন্ত্রজাতের নাম সহচর মন্ত্র; এই মন্ত্রগুলি একদঙ্গে পাঠ করিবে। ইহার মধ্যে একটিকে পরিত্যাগ করিলে যজমানের [মঙ্গল] পরিত্যাগ করা হইবে। নাভানেদিষ্ঠ পরিত্যাগে যজমানের রেতঃ পরিত্যক্ত হয়, বালখিল্য পরিত্যাগে প্রাণ পরিত্যক্ত হয়, র্যাকপি পরিত্যাগে আত্মা পরিত্যক্ত হয় এবং এবয়ামক্ত সূক্ত পরিত্যাগে দৈব ও মাকুষ প্রতিষ্ঠা হইতে ভ্রুফ্ট করা হয়। নাভানেদিষ্ঠ দ্বারা রেতঃসেক হয়; বালখিল্য দ্বারা ঐ রেতঃ বিকৃত (গর্ভাকার) হয়। কর্ফাবানের পুত্র স্থকীর্ত্তি কর্ত্তক দৃষ্ট সূক্তে ' 'উরো যথা ত শক্ষন্ মদেম' এই চরণ পাকায় যোনির বিরৃতি সম্পাদিত হয়; সেই জন্ম গর্ভ (জ্রণ) [আকারে] রহৎ হইয়াও ক্ষুদ্র যোনিকে ক্রেশ দেয় না; কেননা সেই যোনি ব্রহ্মা কর্ত্তক (স্থকার্তি-দৃষ্ট মন্ত্র কর্ত্তক) নিক্ষিত। আর এবয়ামক্ত সূক্ত দ্বারা [উহা] সর্বত্র গমনক্ষম হয়। এই জগতে যাহা কিছু আছে, তাহা তদ্বারাই গমনক্ষম হয়। এই জগতে যাহা কিছু আছে, তাহা

"গহন্চ কৃষ্ণমহর জ্বন্ধ" এই সূক্ত আগ্নিমারুত শস্ত্রের প্রতিপৎ হইবে। ইহাতে "অহন্চ অহন্চ" পুনঃ পুনঃ আর্দ্র হওয়ায় ইহা নৃত্যলক্ষণযুক্ত এবং ষষ্ঠ দিনে ষষ্ঠাহের অনুক্ল। "মধ্বো বো নাম মারুতং যজ্ঞাঃ" " এই মরুদ্দৈবত সূক্তে [মরুদ্বিয়ক] বহু কথা আছে; আর যাহা বহু, তাহা

⁽১) নাভানেদিঠ স্কল্বর উপরে উদ্ধৃত হইরাছে। বালণিল্য মন্ত্র "অভি প্র বং স্থরাধসম্" ইত্যাদি।(৮।৪৯-৫৯) বুবাকপি ২ন্ত "বি হি মোতারসক্ষত" ইত্যাদি।(১০।৮৬) এবরামরুৎ কর্তৃক দৃষ্ট স্কুত্র বো মহে মত্যো যন্ত্র বিশ্বরে ইত্যাদি।(৭।৮৭)

⁽২) ''অপ প্রাচ ইন্দ্র'' ইত্যাদি (১ ন১ চাচ) স্থকীটি দৃষ্ট পজ বৃধাকণি প্রজের পূর্বের পঠনীয়। (৬) ৬,২।১। (৪) ৭।৫৭।১।

অন্তবাচক ; ষষ্ঠাহও ত্র্যহের অন্তে অবস্থিত, অতএব উহা ষষ্ঠ দিনে ষষ্ঠাহের লক্ষণযুক্ত।

"জাতবেদদে স্থনবাম সোমম্" এই জাতবেদাদৈবত মন্ত্র সকল দিনেই বিহিত। "স প্রত্নথা সহসা জায়মানঃ" ওই জাতবেদাদৈবত সূক্তের সমাপ্তি (চতুর্থ চরণ) সকল মন্ত্রে সমান হওয়ায় ইহা ষষ্ঠদিনে ষষ্ঠাহের অনুকূল। [রজ্জু-রূপী] যজ্জের অন্তভাগ খুলিয়া যাইবে এই ভয়ে ঐ সূক্তে [প্রতিমন্ত্রে চতুর্থ চরণে] "ধারয়ন্" "ধারয়ন্" এই পদ পুনঃ পুনঃ পাঠ করা হয়; বেমন [রজ্জুকে] অন্তভাগে পুনঃ পুনঃ প্রান্থ বাবিয়া থাকে, অথবা [চর্ম্মকার চর্মের সঙ্কোচ নিবারণার্থ] উহাকে আটকাইয়া রাথিবার জন্ম ছই প্রান্তে ময়্থ (শঙ্কু) প্রোথিত করে, উহাও সেইরূপ। এই যে "ধারয়ন্" "ধারয়ন্" প্নঃ পুনঃ পঠিত হয়, উহা [যজ্ঞকে] অবিচ্ছিন্ন রাথিবার নিমিত্ত। যাহারা ইহা জানিয়া যাগানুষ্ঠান করে. তাহারা অবিচ্ছিন্ন ত্রাহ দ্বারাই যজ্জের অনুষ্ঠান করিয়া থাকে।

ত্রয়োবিংশ অধ্যায়

প্রথম খণ্ড

নবরাত্র—সপ্তমাহ

দ্যাদশাহের অন্তর্গত ও নবরাত্তের অন্তর্গত তিনটি ত্রাংহর প্রথম চ্ই ত্রাহ সমাপ্র ছটল। এই চুই ত্রাহে পৃষ্ঠা ষড়হ। ভৃতীয় ত্রাহের তিন দিনের নাম ছলোম।

^{(0) 3100131 (0) 2100131}

এখন দেই তৃতীয় ত্রাহ বর্ণিত হইবে। তাহার প্রথম দিন অর্থাৎ নবরাত্ত্রের সপ্তমাহ বর্ণিত হইতেছে যথা—"যদ্বা এতি……অচ্যুতঃ"

যাহাতে "আ" শব্দ ও "প্র" শব্দ আছে, তাহাই সপ্তমাহের লক্ষণ। [প্রথম ত্রাহে] যেমন প্রথমাহ, [তৃতীয় ত্রাহে] সপ্তমাহও সেইরূপ। যাহাতে "উক্ত" শব্দ, "র্থ" শব্দ, "আশু" শব্দ এবং পানার্থক শব্দ আছে, যাহার প্রথম চরণে দেবতার উল্লেখ আছে, যাহাতে এই লোকের অভ্যুদয় আছে, যাহাতে জন্মার্থক শব্দ আছে, যাহাতে দেবতার উল্লেখ নাই, যাহাতে ভবিষ্যৎক্রিয়ার প্রয়োগ আছে এবং যাহা প্রথমাহের লক্ষণ, সে সকলই সপ্তমাহেরও লক্ষণ।

"সমুদ্রাদ্র্মির্মা উদারাৎ" এই সূক্তে সপ্তমাহের আজ্যশস্ত্র হইবে। ইহাতে দেবতার উল্লেখ না থাকায় ইহা
সপ্তমদিনে সপ্তমাহের অমুক্ল। সমুদ্র বাক্যস্তরূপ; বাক্যের
ফয় নাই। সমুদ্রেরও কয় নাই। সেইজন্ত এতদ্বারা যে
সপ্তমাহের আজ্যশস্ত্র নিষ্পন্ন হয়, তাহাতে যজ্ঞ দ্বারা যজ্ঞকে
বিস্তৃত করা হয় ও তদ্বারা বাক্যকেই পাওয়া যায় ও যজ্ঞের
অবিচ্ছেদ ঘটে। যাহারা ইহা জানিয়া যাগানুষ্ঠান করে,
তাহারা অবিচ্ছিন্ন ত্রাহ দ্বারাই যাগানুষ্ঠান করে। ষ্ঠাহেই
স্তোমসকল সমাপ্ত হইয়াছে ও ছন্দ সকল সমাপ্ত হইয়াছে।
[দর্শপূর্ণমাস যজ্ঞে] যেমন [পুরোডাশ হব্যের] অবদানসকলের
উপর [তাহাদের উষ্ণতাসাধনের জন্ম] য়তসেক করিলে
উহাদের সামর্থ্য ফিরিয়া আদে, এ স্থলেও সেইরূপ ঐ সুক্তে

আজ্যশস্ত্র করিলে [ষষ্ঠাহে সমাপ্ত] স্তোমসকল ও ছন্দ-সকলকে পুনর্বার সমর্থ করা হয়। ' ঐ সুক্তের ছন্দ ত্রিষ্টুপ্, এই ত্রাহের প্রাতঃসবনের ছন্দও ত্রিষ্টুপ্।'

"আ বায়ো ভূষ শুচিপা উপ নঃ" 'প্র যাভির্বাসি দাশাং সমচ্ছ" 'আ নো নিযুদ্ধিঃ শতিনীভিরপ্ররম্" "প্র সোতা জীরো অপ্ররেষস্থাৎ" ' "যে বায়ব ইন্দ্রমাদনাসঃ" ' 'যা বাং শতং নিযুতো যাঃ সহস্রম্" "প্র যদাং মিত্রাবরুণা স্পূর্দ্ধন্" ' "আ গোমতা নাসত্যা রথেন" " আ নো দেব শবসা যাহি শুদ্মিন্" ' প্র বো যজ্ঞের দেবয়ত্তো অর্চ্চন্" ' 'প্র কোদসা ধায়সা সম্র এমা" ' এই মন্ত্রগুলিতে প্রউগশন্ত হইবে। ''আ'' শব্দ ও 'প্র"শব্দ থাকায় উহারা সপ্তম্দিনে সপ্তমাহের অনুকূল। উহাদের ছন্দও ত্রিক্টুপ্; এই [তৃতীয়] ত্রাহের প্রাতঃসবনের ছন্দও ত্রিক্টুপ্; এই [তৃতীয়] ত্রাহের প্রাতঃসবনের ছন্দও ত্রিক্টুপ্। ''আ সা রথং যথোতয়ে" ' ''ইদং বসো স্থতমন্ধঃ" ' ''ইন্দ্র নেদীয় এদিহি" ' ''প্রৈতু ব্রহ্মণস্পতিঃ" '

⁽২) আছতির জন্ম পুরোডাশাদি হবাকে কভিপর গণ্ডে বিহক্ত কবিলে ঐ সকল গণ্ডকে অবদান বলে। অবদানের উপর ফুডকেপ করিয়া উক্তানাধনের নাম প্রভাগোর: ত্রিবং, প্রকদশ, সপ্তদশ, একবিংশ, ত্রিপর ও জ্যুস্থিংশ এই কয়টি জোমের এবং গায়নী, ত্রিস্থ্, জণ্ডী, জন্তু, প্, গংজি ও অতিছেশা এই কয়টি ছলের ম্পাজনে প্রথম ছয়দিনে পৃঠারড়েছেই প্রয়োগ হয়য়াছে। জুতীয় আছে জার নৃত্ন স্থোম বা নৃত্ন ছলের ব্যবহার নাই। ঐ সকল স্থোমের ও ছলের কভিপ্রকেই পুন্রায় ব্যবহারযোগ্য করিয়া লওয়া হয় মাত্র, যেনন প্রভাবণার দারা হবোর অবদানকে পুনরায় হবন্যোগ্য করা যায় সেইরপ।

⁽৩) প্রথম আছের প্রতিংসবনে গায়ত্রী, ষিতীয় আহের প্রতিংসবনে জগতীও তৃতীয় আহের গোতংসবনে তিষ্ট প্তন্দ বিহিত। পূর্বের বেগ।

''অগ্নির্নেতা'' '' ''বং দোম ক্রতুভিঃ'' '' ''পিষন্ত্যপঃ'' ' "প্র ব ইন্দ্রায় রহতে" ' এই সকল মন্ত্রে প্রথমাহের শস্ত্র কল্পিত হয় বলিয়া ইহারা সপ্তম দিনে সপ্তমাহেরও অনুকূল। "কয়া শুভা সবয়সঃ সনীড়াঃ 👸 এই সূক্তে "ন জায়মানো ন শতেন জাতঃ" এই [নবম ঋকের তৃতীয় চরণে] জননার্থক শব্দ থাকায় উহা সপ্তম দিনে সপ্তমাহের অনুকূল। এই সূক্তের নাম কয়াশুভীয়^{্ব}, এই কয়াশুভীয় সূক্ত একতাসাধক ও অবিচ্ছেদসম্পাদক; এতদ্বারা ইন্দ্র অগস্ত্য ও মরুদ্রাণ পরস্পর একতা লাভ করিয়াছিলেন। সেইজ্যু একতাপ্রাপ্তির জন্য কয়াশুভীয় সূক্ত পাঠ করা হয়। আবার এই সূক্ত সায়ুঃপ্রদ; সেই জন্ম যে ব্যক্তি যজমানের প্রিয়, তাহার আয়ুর্বন্ধির জন্ম এই দূক্ত প্রয়োগ করিবে। আবার ইহার ছন্দ ত্রিফ্রপ্; ত্রিফ্রডের চরণগুলি সমান হওয়ায় ইহা দ্বনকে ধরিয়া রাখে। যজ্মানও এতদ্বারা স্বগৃহ ্তে ভ্রম্ট হয় না। "ত্যং স্থ মেষং মহয়া স্বর্বিদম্" ' এই দূক্তে ''অত্যং ন বাজং হবনস্যদং রথম্" এই [তৃতীয় চরণে] রথ শব্দ থাকায় উহা দপ্তমদিনে দপ্তমাহের অনুকূল। ইহার ছন্দ জগতী; জগতী ছन्मरे এই ত্যাহের মাধ্যন্দিন সবন নির্বাহ করে। যাহাতে নিবিৎ স্থাপিত হয়, সেই ছন্দই সবন নির্ব্বাহ করে: সেই জন্ম ঐ জগতীর মধ্যে নিবিৎ স্থাপন করিবে। উক্ত

⁽২৪) এই সূক্তে কয়াশুভ শব্দ থাকায় উহার নাম করাশুভীয়।

⁽ २)) (२))

ত্রিষ্ট্রপ্ছন্দের ও জগতীছন্দের সৃক্তগুলি মিথুনরূপে পঠিত হয়। পশুগণ মিথুনস্বরূপ; ছন্দোমসকলও^{১৬} [পশুলাভহেতু বলিয়া] পশুস্বরূপ। এতদ্বারা পশুলাভ ঘটে।

"ষামিদ্ধি হ্বামহে" ও "ফং ছেহি চেরবং" দ এই ছুই
[স্তোত্রিয় ও অনুরূপ প্রগাথ দারা] দপ্তমাহে রহৎ-দামদাধ্য
পৃষ্ঠস্তোত্র নিষ্পন্ন হয়। ষষ্ঠাহের যে পৃষ্ঠস্তোত্র, এই দপ্তমাহেরও
তাহাই। কেননা যাহা রথন্তর, তাহাই বৈরূপ; যাহা
রহৎ, তাহাই বৈরাজ; যাহা রথন্তর, তাহা শাক্র ; যাহা
রহৎ, তাহাই রৈবত। অতএব এই [দপ্তমাহে] যে রহৎদামে পৃষ্ঠস্তোত্র নিষ্পন্ন হয়, ইহাতে [দপ্তমাহের] রহৎ
দারাই [ষষ্ঠাহের] রহৎকে (অর্থাৎ রহতের দহিত অভিন্ন
রৈবতকে) তুলিয়া রক্ষা করা হয় ; ইহাতে স্তোমদকল পরম্পের
হইতে ছিন্ন হয় না। [দপ্তমাহে] রথন্তরকে পৃষ্ঠস্তোত্র
করিলে উহা [ষষ্ঠাহের অনুষ্ঠান হইতে] ছিন্ন হইয়া যায়।
এই জন্য [দপ্তমাহে] রহৎ হইতেই পৃষ্ঠস্তোত্র নিষ্পন্ন করিবে।

"যদ্বাবান" এই ধায্যা সকল দিনেই বিহিত। "অভি ত্বা শূর নোতুমঃ" এই রথন্তরের যোনিমন্ত্রকে ঐ ধায্যার পরে প্রয়োগ করিবে; কেননা এই সপ্তমাহ স্থানগুণে রথন্তরের

⁽২৬) চতুর্বিংশ, চতুশ্চয়ারিংশ ও অষ্টাচন্থারিংশ এই তিন স্তোমের সাধারণ নাম ছন্দোন ঐ তিন স্তোমেশ ব্যবহার হেতু তৃতীয় ভাতের দিনজয়ের নামও ছন্দোম।

⁽২৭) গতাতে রৈপত হউতেও স্থমাতে রুঙ্ধ হইতে পৃঠ্নতাক নিশ্পন্ন হয়। রৈবতের স্থিত রুংতের অভিন্নতা হেতু উভয় দিনে সমতা পটিল। স্থানাহে রুখ্যুর অনুষ্ঠান করিলে সেই সমতান্ত হয়।

সম্বন্ধযুক্ত। ' "পিবা স্থতস্থ রসিনঃ" এই সামপ্রগাথে পানার্থক শব্দ থাকায় উহা দপ্তমাহের অনুকূল।

"ত্যমূ যু বাজিনং দেবজূতম্" এই তাৰ্ক্য দূক্ত দকল দিনেই বিহিত।

দ্বিতীয় খণ্ড

নবরাত্র-সপ্তমাহ

সপ্তমাহের অত্যাত্ত মন্ত্র—"ইন্দ্রতা তু……তাহঃ"

"ইন্দ্রস্থা সু বার্য্যাণি প্রবোচম্" এই সূত্তে প্র শব্দ থাকার উহা সপ্তমদিনে সপ্তমাহের অনুকূল। ইহা ত্রিক্ট্প্, ত্রিক্টুভের চরণসকল সমান হওয়ায় উহা সবনকৈ ধরিয়া রাখে; এতদ্বারা যজমান নিজ গৃহ হইতে ভ্রক্ট হয় না। "অভি ত্যং নেমং পুরুহুতম্বিয়য়্ম" এই সূত্তে যে "অভি" শব্দ আছে উহা "প্র" শব্দের সমানার্থক; অতএব উহা সপ্তমদিনে সপ্তমাহের অনুকূল। উহার ছন্দ জগতী। জগতী ছন্দই এই ত্রেহের মাধ্যন্দিন সবন নির্ব্বাহ করে। যাহাতে নিবিৎ স্থাপিত হয়, সেই ছন্দই সবনের নির্ব্বাহক। অতএব ঐ জগতীর মধ্যেই নিবিৎ স্থাপনা করিবে।

⁽২৯) যুগা ও অযুগা দিনভেদে সামের বিভেদ হয়। অযুগা দিনে রথস্তর প্রযোজ্য। সপ্তমাহ অযুগা দিন হওগায় এ িন রথস্তরেরই স্থান। তবে বিশেষ কারণে উহাতে বৃহৎ সামের প্রয়োগ এস্থানে বিহিত হইয়াছে:

^{(2) &}gt;105121 (5) >1631:1

ত্রিফুপ্ ও জগতী ছন্দের মন্ত্রসকল মিথুন হইয়া পঠিত হয়। পশুগণ মিথুন,আর ছন্দোম সকলও পশুস্বরূপ; এতদ্বারা পশুলাভ ঘটে।

"তৎ সবিতু রু´ণীমহে" ও "অহা নো দেব সবিতঃ" ' এই তুইটি বৈশ্বদেবশস্ত্রের প্রতিপৎ ও অনুচর হইবে। সপ্তমাহ [স্থানগুণে] রথন্তরের সম্বন্ধযুক্ত হওয়ায় উহারা সপ্তমদিনে সপ্তমাহের অনুকুল। "অভি ত্বা দেব সবিতঃ" ' এই সবিতৃ-দৈবত সূক্তে যে "অভি" শব্দ আছে, উহা "প্র" শব্দের সমান, এইজন্য উহা সপ্তমদিনে সপ্তমাহের অনুকৃল। "প্রেতাং যজ্ঞস্ম শংভুবা" ঁ এই ভাবাপৃথিবী-দৈবত মন্ত্ৰে "প্ৰ" শব্দ থাকায় উহা **সপ্তমদিনে সপ্তমাহে**র অনুকূল। "অয়ং দেবায় জন্মনে" ' এই ঋভুদৈবত দূক্তে জননার্থক শব্দ থাকায় উহা দপ্তমদিনে সপ্তমাহের অনুকূল। "আ যাহি বনসা সহ" ইত্যাদি দিপদ ঋক্ পাঠ করিবে। পুরুষের ছুই পদ; পশুগণ চতুষ্পদ; ছন্দোমসকল পশুলাভহেতু পশুস্বরূপ। এই হেতু এই যে দ্বিপদ মন্ত্র পাঠ করা হয়, তাহাতে হুই পদে প্রতিষ্ঠিত যজমানকে চতুপ্পদ পশুতে প্রতিষ্ঠিত করা হয়। "এভিরয়ে তুবো গিরঃ" ইত্যাদি বিশ্বদেবদৈবত মন্ত্র সপ্তমদিনে সপ্তমাহের অনুকূল। এই সকল সূক্তের গায়ত্রী ছন্দ, এই ত্র্যাহের তৃতীয় সবনের ছন্দও গায়ত্রী।

'বৈশ্বানরো অজীজনৎ'' ইহা আগ্নিমারুতশস্ত্রের প্রতিপৎ হইবে। জননার্থক শব্দ থাকায় উহা সপ্তমদিনে সপ্তমাহের অনুকূল। 'প্র যদ্বস্ত্রিক্টুভমিষম্'' ' এই মরুদ্দৈবত সূক্তে 'প্র'' শব্দ থাকায় উহা সপ্তমদিনে সপ্তমাহের অনুকূল।

"জাতবেদদে স্থনবাম সোমম্" " এই জাতবেদোদৈবত সূক্ত সকল দিনে বিহিত। "দূতং বো বিশ্ববেদসম্" " এই জাতবেদোদৈবত সূক্তে দেবতার উল্লেখ নাই; এই হেতু উহা সপ্তমদিনে সপ্তমাহের অন্তক্ল। ইহার ছন্দ গায়ত্রী; এই ত্রাহের তৃতীয় সবনের ছন্দও গায়ত্রী।

তৃতীয় খণ্ড

নবরাত্র—অফ্টমাহ

অনস্থর মন্তমাহ—"যবৈ নেতি…… অচ্যুতঃ"

হাহাতে "আ" শব্দ ও "প্র" শব্দ নাই, যাহাতে স্থিত্যর্থক শব্দ আছে, তাহাই অফসাহের লক্ষণ। প্রথম ত্রাহে বিষম্ম দিকীয়াহ, ত্তীয় ত্রাহে বিজ্ঞাহও সেইরূপ। যাহাতে "উদ্ধ" শব্দ, "প্রতি" শব্দ, "অন্তঃ" শব্দ, "র্ষণ্" শব্দ, "র্ধন্" শব্দ ও "গদ্" শব্দ আছে, যাহার মধ্যম চরণে দেবতার উল্লেখ আছে, যাহাতে অন্তরিক্ষের অন্ত্যুদয়, যাহাতে "অগ্লি" শব্দ ছইবার আছে, যাহাতে "মহৎ" শব্দ আছে, ছই দেবতার আহ্বান আছে, "পুনঃ" শব্দ আছে, যাহাতে বর্ত্তমান ক্রিয়ার

প্রয়োগ আছে, এবং যাহা দ্বিতীয়াহের লক্ষণ, এ সকলই অফ-মাহেরও লক্ষণ।

"অগ্নিং বো দেবসগ্নিভিঃ সজোষা" ইত্যাদি মন্ত্র অইমাহের আজ্যশস্ত্র হইবে। ইহার [প্রথম চরণে] অগ্নি শব্দ প্রইবার থাকায় উহা অইমদিনে অইমাহের অনুক্ল। ইহার ছন্দ ত্রিইপু; এই ত্রাহের প্রাতঃসবনের ছন্দও ত্রিইপু। "কুবিদঙ্গ নমসা যে রধাসঃ" গীবো অন্ত্রা রিয়র্ধঃ স্থমেধাঃ "উচ্ছনু যুসঃ স্থানিনা অরিপ্রা" "উশন্তা দূতা ন দভায় গোপাঃ" " "বাবত্তর-স্তরোহ্যাবদোজঃ" "প্রতি বাং সূর উদিতে সূইকেঃ" "ধেনুঃ প্রত্নত্ত্বা আগ্রিঃ স্থমতিং বস্বো অশ্রেং" "উত্ত স্থা নঃ সরস্বতী জুমাণা" ইত্যাদি মন্ত্রে প্রউগ শত্র হইবে। প্রতি শব্দ অন্তঃ শব্দ, ও উদ্ধি শব্দ থাকায় এবং প্রইবার দেবতার আহ্বান থাকায় উহারা অইমদিনে অইমাহের অনুক্ল। ইহাদের ছন্দ ত্রিইপু; এই ত্র্যহের প্রাতঃসবনের ছন্দও ত্রিইপুই।

"বিশ্বানরস্থা বস্পতিম্ "ইন্দ্র ইৎ সোমপা একং" ' "ইন্দ্র নেদীয় এদিহি" "উত্তিষ্ঠ ব্রহ্মণস্পতে" "অন্নির্নেতা" " "হং সোম ক্রতুভিঃ" ' 'পিরন্ত্যপঃ" "রহদিন্দ্রায় গায়তা" " এই সকলমন্ত্রে দিতীয়াহের শব্র কল্পিত হয়, অতএব ইহারা অক্রমদিনে অক্টমাহের অনুকূল। "শংসা মহামিন্দ্রং যশ্মিন্

বিশা" '' এই সূক্তে "মহৎ" শব্দ থাকায় উহা অফাদিনে অফমাহের অনুকূল। "মহশ্চিত্রমিন্দ্র যত এতান্" '' এই সূক্তেও
মহৎ শব্দ থাকায় উহা অফাদিনে অফামাহের অনুকূল।
"পিবা সোম অভি যমুগ্র তদ'" '' এই সূক্তে "উর্বং গব্যং মহি
গুণান ইন্দ্র" এই [দিতীয় চরণে] মহৎ শব্দ থাকায় উহাও
অফাদিনে অফামাহের অনুকূল। "মহাইন্দ্রো নৃবদা চর্যদিপ্রা" ''
এই সূক্তেও মহৎ শব্দ থাকায় উহা অফাদিনে অফামাহের
অনুকূল। এই সকল সূক্তের ছন্দ ব্রিফ্রা থাকে। যজমানও
এতদ্বারা গৃহ হইতে ভ্রফ্ট হয় না।

"তমস্ত ভাবাপৃথিবা মচেতদা" ব এই সূক্তে "যদৈৎ কণ্বানো মহিমানমিন্দ্রিয়ন্" এই ভিতীয় চরণে বিহুৎ শব্দ থাকায় উহা অন্টমদিনে অন্টমাহের অনুকূল। ইহার ছন্দ জগতী; জগতা ছন্দই এই ত্রাহের মাধ্যন্দিন সবন নির্বাহ করে। যাহাতে নিবিৎ স্থাপিত হয়, সেই ছন্দই সবনের নির্বাহক। এই জন্ম ঐ জগতীর মধ্যেই নিবিৎ স্থাপন করিবে। ত্রিন্টুপ্ ও জগতী ছন্দের সূক্তগুলি [এক যোগে] মিথুন হইয়া পঠিত হয়। পশুগুণ মিথুন ও ছন্দোমসকল পশুগণের লাভহেতু বলিয়া পশুস্করপ। "মহৎ" শব্দযুক্ত সূক্তসকল পাঠ করিবে। অন্তরিক্ষই মহৎ : ইহাতে অন্তরিক্ষের প্রাপ্তি ঘটে। [মহৎ শব্দযুক্ত উল্লিথিত] পাঁচটি সূক্ত পাঠ করিবে। পঙ্কিত ছন্দের পাঁচ চরণ; যক্ত পঙ্কির সম্বন্ধযুক্ত, পশুগণও পঙ্কির সম্বন্ধযুক্ত। ছন্দোমসকলও পশুলাভহেতু বলিয়া পশুস্করপ।

١ داودداود (١٤٤) ١ داهداد (١٥٥) ١ داودال (١٤٩

"অভি ত্বা শূর নোমুমঃ" ' ও ''অভি ত্বা পূর্ব্বপীতয়ে" ^{১৬} এই চুইটি [স্তোত্রিয় ও অনুরূপ] দ্বারা অফমাহে রথস্তর সামের পৃষ্ঠস্তোত্র নিষ্পন্ন হয়।

"যদ্বাবান" এই ধায্যা সকল দিনেই বিহিত।

"স্থামিদ্ধি হ্বামহে" এই বৃহৎ সামের যোনিমন্ত্রকে ধায্যার পরে পাঠ করিবে; কেননা এই দিন স্থানগুণে বৃহৎ সামের সম্বন্ধযুক্ত।

"উভয়ং শৃণবচ্চনং" ইত্যাদি মন্ত্র [রহৎ] সামের প্রগাথ হইবে। ইহার "উভয়" শব্দে যাহা অগ্যকার কার্য্য হইবে ও যাহা কল্যকার কার্য্য ছিল, সেই উভয়ই বুঝাইতেছে; এই হেতু রহৎ সামের সম্বন্ধযুক্ত অফ্রমদিনে উহা অফ্রমাহের অনুক্ল। "ত্যমূর্ বাজিনং দেবজ্তম্" এই তার্ক্যসূক্ত সকল দিনেই বিহিত।

চতুৰ্থ খণ্ড

নবরাত্র—সপ্তমাহ

অতাত মন্ত্ৰ-"অপুৰ্ব্যা পুৰুত্মানি · · · · তাহ:"

"অপূর্ব্যা পুরুতমান্যস্মা" এই দূক্তের "মহে বীরায় তবদে তুরায়" এই [দ্বিতীয়] চরণ মহৎ-শব্দযুক্ত হওয়ায় ইহা অফাদিনে অফাদহের অনুকূল। "তাং স্লতে কীর্ত্তিং মঘবন্

^{(24) 4 50122 | (26) 415313 | (27) 3013913 |}

^{(5) 510213}

মহিত্বা" এই স্ক্তও মহৎ-শব্দযুক্ত হওয়ায় অফীনদিনে অফীমাহের অনুকূল। "ত্বং মহাঁ ইন্দ্র যোহ শুলৈয়ে" এই সূক্তও মহৎ শব্দযুক্ত করায় অফীমদিনে অফীমাহের অনুকূল। "ত্বং মহাঁ ইন্দ্র ভূতাং হ ক্ষা" এই সূক্তও মহৎ-শব্দযুক্ত হওয়ায় অফীমদিনে অফীমাহের অনুকূল। এই সকলের ছন্দ ত্রিফীপু; ত্রিফীভের সকল চরণ সমান হওয়ায় উহা সবনকে ধরিয়া রাখে; যজমানও এতদ্ধারা গৃহ হইতে ভ্রফী হয় না।

"দিবশ্বিদক্ত বরিমা বিপপ্রথে" এই সূক্তে "ইন্দ্রং ন মহা" এই [দ্বিতীয়] চরণ মহৎ-শব্দ-যুক্ত হওয়ায় উহা অফমদিনে অফমাহের অনুকূল। এই সূক্তের ছন্দ জগতী; জগতী এই ত্রাহের মাধ্যন্দিন সবন নির্কাহ করে। যাহাতে নিবিৎ স্থাপিত হয়, সেই ছন্দই সবনের নির্কাহক। এইজন্য ঐ জগতী মধ্যেই নিবিৎ বসাইবে।

ত্রিষ্টুপ্ও জগতী ছন্দের সৃক্তগুলি মিথুন করিয়া পাঠ করিবে। পশুগণ মিথুন; ছন্দোমসকলও পশুলাভহেতু বলিয়া পশুসরপ। মহৎ-শন্দযুক্ত সৃক্তসকল পাঠ করিবে; অন্তরিক্ষই মহং; এতদ্বারা অন্তরিক্ষের প্রাপ্তি ঘটে। পাঁচ পাঁচ সৃক্ত পাঠ করিবে। পঙ্ক্তির পাঁচচরণ, যজ্ঞও পঙ্কি ছন্দের সম্বন্ধযুক্ত; পশুগণও পঙ্ক্তির (পঞ্চনংখ্যার) সম্বন্ধযুক্ত; ছন্দোমসকল পশুস্করপ। এতদ্বারা পশুলাভ ঘটে।

ঐ সূক্তসকল তুইভাগে বিভক্ত; [মরুত্বতীয় শস্ত্রে পঠিত] পাঁচটি ও [নিক্ষেবল্য শস্ত্রে পঠিত] আর পাঁচটি; ইহারা একযোগে দশটি হয়; উহারা দশসংখ্যাযুক্ত বিরাটের সমান।

[|] c|ss|c(s) | c|rc|s(s) , c|ob|c(c) | c|ss|c(5)

বিরাট, অন্ন, পশুগণও অন্ন, ছন্দোমদকল পশুষরপ। এতদ্বারা পশুলাভ ঘটে।

"বিশ্বো দেবস্থা নেতুঃ" ও ''তৎসবিতুর্বরেণ্যমৃ'' ''আ বিশ্বদেবং সৎপতিম্" ৺ এই সকল মন্ত্র বৈশ্বদেব শস্ত্রের প্রতিপৎ ও অতুচর। রূহৎ-সামদম্বন্ধযুক্ত অঊমদিনে উহারা অঊমাহের অনুকূল। "হিরণ্যপাণিমৃতয়ে" " এই সবিভূদৈবত সূক্ত ঊর্দ্ধশব্দযুক্ত হওয়ায় উহা অফীমদিনে অফীমাহের অনুকূল। "যুবানা পিতরা পুনঃ" ' এই ঋভুদৈবত ত্র্যুচ 'পুনঃ" শব্দযুক্ত হওয়ায় অন্টম দিনে অন্টমাহের অনুক্ল। "ইমা নু কং ভূবনা দীষধাম" " এই দ্বিচরণমন্ত্র পাঠ করিবে। পুরুষের ছুই পদ; পশুগণ চতুষ্পদ ; ছন্দোমসকলও পশুস্বরূপ, ইহাতে পশুলাভ ঘটে। এই যে দ্বিপদ মন্ত্র পাঠ করা হয়, এতদ্বারা ছুই পদে প্রতিষ্ঠিত যজমানকে চতুম্পদ পশুতে প্রতিষ্ঠিত করা হয়। ''দেবানামিদবো মহৎ" ই এই বিশ্বদেব-দৈবত সূক্ত মহৎ-শক্ত যুক্ত হওয়ায় অঊসদিনে অঊসাহের অনুক্ল। ইহার ছন্দ গায়ত্রী; এই ত্রাহের তৃতীয় সবনের ছন্দও গায়ত্রী। ''ঋতাবানং বৈশানরম্" '' এই ত্র্যাচ আগ্নিমারুতছন্দের প্রতিপৎ। ইহার [দ্বিতীয় ঋকের দ্বিতীয় চরণ] ''অগ্নিকৈশানরো মহান্'' মহং-শব্দযুক্ত হওয়ায় উহা অন্টম দিনে অন্টমাহের অনুকৃল। "ক্রীড়ং বঃ শধে । মারুতম্" " এই মরুদ্দৈবত দূক্তে "জন্তে রদস্য বার্বে" [এই পঞ্চম মন্ত্র] র্ধন্-শব্দযুক্ত হওয়ায় উহা অউম

^{(3) 100 (4) 00 5515 (4) 00 5515 (5) 10 551}

দিনে অফমাহের অমুকূল। "জাতবেদসে স্থনবাম সোমম্" এই জাতবেদো-দৈবত মন্ত্র সকলদিনেই বিহিত। "অগ্নে মৃড় মহা অসি" এই জাতবেদোদৈবত সূক্ত মহৎশব্দযুক্ত হওয়ায় উহা অফম দিনে অফমাহের অমুকূল। ইহার ছন্দ গায়ত্রী; এই ত্রাহের ছন্দও গায়ত্রী।

চতুৰিংশ অধ্যায়

প্রথম খণ্ড

নবমাহ

অনত্র নবমাহ অনুষ্ঠান। যথা—"যদৈ ... অচ্যুতঃ"

যাহার সমাপ্তি সমান, তাহা নবমাহের অনুক্ল। তৃতীয়া-হের যে যে লক্ষণ, এই যে নবমাহ ইহারও সেই সেই লক্ষণ। যাহা অশুশব্দফুল, অন্তশব্দফুল, যাহা পুনঃপঠিত হয়, যাহা নৃত্যলক্ষণযুক্ত, যাহাতে রমণার্থক শব্দ আছে, যাহাতে ত্রিশব্দ ও অন্তবাচক শব্দ আছে, যাহার শেষচরণে দেবতার উল্লেখ আছে, যাহাতে স্বর্গলোকের অভ্যুদয় আছে, অপিচ যাহাতে শুচি শব্দ, সত্য শব্দ, ক্ষাংর্থক শব্দ, গমনার্থক শব্দ এবং ওক শব্দ আছে, যাহাতে অতীত ক্রিয়ার প্রয়োগ আছে, এবং যাহা তৃতীয়াহের লক্ষণযুক্ত, সে সমস্তই নবমাহেরও লক্ষণ। "অগন্ম মহা নমদা যবিষ্ঠম্"' এই দূজে নবমাহে আজ্যশস্ত্র হয়। গমনার্থক শব্দ থাকায় উহা নবম দিনে নবমাহের অনুকূল। উহা ত্রিষ্ট্রপ্ট্র এই ত্র্যহের প্রাতঃসবনের ছন্দও ত্রিষ্ট্রপ্।

"প্র বারয়া শুচয়ো দিরের তে" "তে সত্যেন মনসা
দীধ্যানাঃ" "দিবি ক্ষয়ন্তা রজসঃ পৃথিব্যাম্" "আ বিশ্ববারাশ্বিনা গতং নঃ" "অয়ং সোম ইন্দ্র তুজ্ঞাং স্কয়্ম আ তু" "প্র
ব্রহ্মাণো অঙ্গিরসো নক্ষন্ত" "সরস্বতীং দেবয়ন্তো হবন্তে" "
আ নো দিবো বৃহতঃ পর্বতাদা" "সরস্বতাভি নো নেয়ি
বস্তঃ" " এই সকল মন্ত্রে প্রউগশস্ত্র হইবে। এই সকল মন্ত্রে
শুচি শব্দ, সত্য শব্দ, ক্ষয়ার্থক শব্দ, গমনার্থক শব্দ, ওক শব্দ
থাকায় উহারা নবম দিনে নবমাহের অনুকূল। উহাদের ছাদ
ত্রিষ্ট্রপ্; এই ত্রাহে প্রাতঃসবনের ছন্দও ত্রিষ্ট্রপ্।

"তং তমিদ্রাধদে মহে" "ত্রয় ইন্দ্রস্থ দোমা" "ইন্দ্র নেদীয় এদিহি" "প্র নৃনং ব্রহ্মণস্পতিঃ" "অয়িনে তা" "ফঃ দোম ক্রতুভিঃ" "পিয়ন্ত্যপঃ" "নিকিঃ স্থদাসো রথম্" এই সকল মন্ত্র, তৃতীয়াহের সহিত শস্ত্রকল্পনা সমান হওয়ায়, নবম দিনে নবমাহের অনুকূল। "ইন্দ্রং স্বাহা পিবতু যস্ত্র দোমঃ" " এই সূক্তের স্বাহা শব্দ [হোমমন্ত্রের] অন্তে থাকে, নবসাহও [নবরাত্রের] অন্তে স্থিত; এই জন্ত এই সূক্ত নবম দিনে নবমাহের ননুক্ল। "গায়ৎসাম নভ্যন্তং যথা বেঃ" " এই

⁽ ७) १८% (१) १८८० (१) १८८० (१) १८८० (१) १८% १ (१) १८% १ (१) १८% १ (१) १८% १ (१) १८% १ (१)

দূক্তের "অর্চাম তদ্বার্ধানং স্বর্বৎ" এই চরণের "স্বঃ" (স্বর্গ)
শব্দ [লোকত্রয়ের] অন্তে স্থিত; নবমাহও [নবরাত্রের] অন্তে
স্থিত; এই হেতু এই দূক্ত নবম দিনে নবমাহের অসুকূল।
"তিঠা হরা রথ আ যুজ্যমানা" এই দূক্তে স্থিত্যর্থক শব্দ অন্ত-লক্ষণযুক্ত;" নবমাহও [নবরাত্রের] অন্তে স্থিত; এই হেতু এই দূক্ত নবম দিনে নবমাহের অসুকূল। "ইমা উ ত্বা পুরুত্যম্য কারোঃ" এই দূক্তের "ধিয়ো রথেষ্ঠাম্" এই চরণের স্থিত্যর্থক শব্দ অন্তলক্ষণযুক্ত; নবমাহও অন্তে স্থিত, এই হেতু ইহা নবম দিনে নবমাহের অসুকূল। এই দকল দূক্তের ছন্দ ত্রিউপুপ্; উহা দকল চরণ দমান হওয়ায় সবনকে ধরিয়া রাথে, সবনও ইহারারা স্থান ইইতে ভ্রন্ট হয় না।

"প্র মন্দিনে পিতুমদর্কতা বচঃ" ' এই সূক্তের সকল মন্ত্রের সমাপ্তি সমান হওয়ায় ইহা নবম দিনে নবমাহের অনুকূল। ইহার ছন্দ জগতী; জগতীছন্দের মন্ত্রই এই ত্রাহের মাধ্যন্দিন সবন নির্বাহ করে; যাহাতে নিবিদের স্থাপনা হয়, সেই ছন্দাই সবনের নির্বাহক; এই হেতু জগতী মন্ত্রেই নিবিদ্ স্থাপন করিবে।

ত্রিফুপ্ও জগতী এই মিথুন (উভয়) ছন্দই পাঠ করিবে ; পশুগণ মিথুন, পশুগণই ছন্দোম ;ইহাতে পশুলাভ ঘটে।

পাঁচটি সূক্ত পাঠ করিবে; পঙ্ক্তির পাঁচ চরণ, যজ্ঞ পঙ্ক্তির সম্বন্ধযুক্ত, পশুগণও পঞ্চমম্বন্ধযুক্ত; পশুগণই ছন্দোম; ইহাতে পশুলাভ ঘটে।

⁽ ১৪) ভাতবা । (১৫) কেননা গ তর অন্তে স্থিতি (সায়ণ)

^{()4) 4|27|3 (()7) 515-515 (46)}

"ত্বাসিদ্ধি হ্বামহে" "তং ছেহি চেরবে" " এই ছুই ত্যুচ দ্বারা নবসাহে [নিক্ষেবল্য শস্ত্রের] রহৎ সামের পৃঠ-স্তোত্র নিষ্পন্ন হয়।

"যদাবান" ' এই ধায়া সকল দিনেই বিহিত। "অভি
ত্বা শূর নোকুমঃ" ' এই মন্ত্রকে রথন্তরের যোনির পরে
বসাইবে। এই নবমাহ স্থানগুণে রথন্তরের সম্বন্ধযুক্ত। "ইন্দ্র ত্রিধাতু শরণম্" ' এই মন্ত্রে সামপ্রগাথ হইবে; ত্রি শব্দ থাকায় ইহা নবমদিন নবমাহের অনুকূল। "ত্যমূ রু বাজিনং দেব-জৃতম্" ' এই তাক্ষ্যমূক্ত সকল দিনেই বিহিত।

দিতীয় খণ্ড

নবরাত্র-নবমাহ

নবমাহের অন্তান্ত স্কু যথা—"সং চ ত্রে…ত্র্যহঃ"

"সং চ ত্বে জগ্ম গির ইন্দ্র পর্বীং" ' এই সূক্তে গমনার্থক শব্দ থাকায় ইহা নবমদিনে নবমাহের অনুক্ল। ''কদা ভুবন্ রথ ক্ষয়াণি ব্রহ্মা" ' এই সূক্তে ক্ষেতি-ধাতু নিলার শব্দ আছে; অপিচ [লোকে পথের] অন্তে যাইয়া বাস করে, এই হেতৃ [নিবাসার্থক] ক্ষেতি-ধাতু অন্তলকণযুক্ত; এই হেতু এই সূক্ত নবমদিনে নবমাহের অনুক্ল। "আ সত্যো যাতু মঘবাঁ ঋজীষা"'

ן בופר (פיב) באופרור (פיב) בופר (פיב)

^{(2) 4|08|21 (4) 4|06|31 (5) 16|80|4 (2)}

এই সূক্তে সত্য শব্দ থাকায় উহা নবমদিনে নবমাহের অমুকূল।
"তত্ত ইন্দ্রিয়ং পরমং পরাচিঃ" "এই সূক্তের পরম শব্দ অন্তবাচক, নবমাহও [নবরাত্রের] অন্তে স্থিত, এই হেতু উহা
নবমদিনে নবমাহের অমুকূল। এই সকল সূক্তের ছন্দ ত্রিফুপ্;
সকল চরণ সমান হওয়ায় উহা সবনকে ধরিয়া রাখে; ইহা
দ্বারা সবনও সম্থান হইতে ভ্রুট হয় না।

"অহং ভূবং বস্ত্রনঃ পূর্ব্যম্পতিঃ" 'এই সূক্তে "অহং ধনানি সংজ্যামি শশতঃ" এই চরণের জ্য়ার্থক শব্দ [যুদ্ধের] অন্ত বুঝায়:; নবসাহও [নবরাত্রের] অন্তে স্থিত; এই হেতু উহা নবমদিনে নবমাহের অনুকূল। এই স্ক্তের জগতী ছন্দই এই ত্রাহের মাধ্যন্দিন সবন নির্ব্বাহ করে। যাহাতে নিবিদ্ স্থাপিত হয়, সেই ছন্দই সবনের নির্ব্বাহক; সেইজ্যু জগতী-তেই নিবিৎ স্থাপন করিবে।

ত্রিন্টুপ্ ও জগতী এই মিথুন (উভয়) ছন্দের সূক্তই পঠিত হয়। পশুগণ মিথুন, পশুগণ ছন্দোম, ইহাতে পশু-গণের রক্ষা ঘটে।

পাঁচ পাঁচ দুক্ত পঠিত হয়। পঙ্ক্তির পাঁচ চরণ; যজ্ঞ পঙ্ক্তির দম্মর্ক্ত, পশুগণ পঞ্চদম্মর্ক্ত; পশুগণ ছন্দোম, ইহাতে পশুগণের রক্ষা ঘটে। এই দূক্তদকল [মরুত্বতীয় শস্ত্রে] পাঁচটি ও [মিকেবল্য শস্ত্রে] পাঁচটি, এইরূপে দশটি হয়। এইরূপে দশটি হইয়া উহা বিরাটের তুল্য হয়। বিরাট্ অমস্বরূপ, পশুগণ অমস্বরূপ, পশুগণ ছন্দোম; ইহাতে পশুণগণের রক্ষা ঘটে।

^{(8) 212.4121 (¢) 2.188121}

''তৎ সবিভুর্ ণীমহে" * এবং ''অগ্লা নো দেব সবিতঃ'' ' এই ছইটি বৈশ্বদেব শস্ত্রের প্রতিপৎ ও অনুচর হ'ইবে। রথন্তর-সম্বন্ধযুক্ত নবমদিনে উহারা নবমাহের অনুকূল। "দোযো আগাৎ" এই সবিভূদৈবত মন্ত্রে গমনার্থক শব্দ [স্থিতির] অন্ত বুঝায়। নবমাহও [নবরাত্রের] অন্তে স্থিত। এই হেতু উহা নবমদিনে নবমাহের অনুক্ল। "প্র বাং মহি দ্যবী অভি" ঁ এই দ্যাবাপৃথিবীদৈৰত মত্ত্ৰে "শুচী উপ প্ৰশস্তয়ে" এই চরণ শুচিশব্দযুক্ত হওয়ায় উহা নবসদিনে নবসাহের অনু-কূল। "ইন্দ্র ইয়ে দদাভু নঃ" "তে নো রত্নানি ধন্তন" " ইত্যাদি ঋভুদৈবত সূক্তে ''ত্রিরা সাপ্তানি স্তন্ত্রতে'' এই চরণে ত্রিশব্দ থাকায় উহা নবমদিনে নবমাহের অনুকূল। ''বক্রারেকে। বিষুণঃ সূনরো যুবা" " এই দ্বিচরণযুক্ত মন্ত্র পঠিত হয়। পুরু-ষের ছুই পদ, পশুগণ চতুম্পদ, পশুগণ ছন্দোম ; ইহাতে পশু-গণের রক্ষা ঘটে। এই যে দ্বিচরণ মন্ত্র পঠিত হয়, ইহাতে ছুই চরণে প্রতিষ্ঠিত যজমানকে চভূম্পদ পশুতে প্রতিষ্ঠিত করা হয়।

"যে ত্রিংশতি ত্রয়স্পরঃ" ওই বিশ্বদেবদৈবত সূক্ত ত্রি-শব্দযুক্ত হওয়ায় ইহা নবমদিনে নবসাহের অনুকূল। ইহার মন্ত্র-সকলের ছন্দ গায়ত্রী। এই ত্র্যাহের তৃতীয় সবনের ছন্দও গায়ত্রী।

"বৈশানরো ন উতয়ে" '' এই মন্ত্র আগ্নিমারুত শস্ত্রের

^{(&}gt;> , 415 - 151 (>5) 415415 1

⁽ ১০) [আ• জৌ• কৢ• ৮/১১]

প্রতিপৎ। ইহার "আ প্রয়াতু পরাবতঃ" এই চরণের [দূরদেশ-বাচক] পরাবত শব্দ অন্তবাচক, নবমাহও [নবরাত্রের] অন্তে স্থিত, এই হেতু ইহা নবমদিনে নবমাহের অনুকূল। "মক্রতো বস্তা হি ক্ষয়ে"" এই মক্রদৈবত সূক্তে ক্ষয় শব্দ অন্ত-লক্ষণযুক্ত; [লোকেও পথের] অন্তে গিয়া নিবাস করে; এই হেতু ইহা নবমদিনে নবমাহের অনুকূল।

"জাতবেদদে স্থনবাম সোমম্" এই জাতবেদোদৈবত মন্ত্র সকল দিনে বিহিত। "প্রাগ্নয়ে বাচমীরয়" " এই জাতবেদো-দৈবত সূক্তের সকল মন্ত্রেরই সমাপ্তি সমান; এই হেতু ইহা নবমদিনে নবমাহের অনুকূল। উহার "স নঃ পর্যদ্ভি দ্বিয়ু" "স নঃ পর্যদ্ভি দ্বিয়ু" এইরূপে এই চরণ বহুবার পঠিত হয়।

এই নবরাত্র অনুষ্ঠানে [কর্ত্তব্যবাহুল্যহেতু] নানাবিধ নিবিদ্ধ কর্ম্ম বহুবার ঘটিয়া থাকে। এই জন্ম [ঐ দোষের] শান্তির জন্মই "দ নঃ পর্যদতি দ্বিমঃ" "দ নঃ পর্যদতি দ্বিমঃ" এইরূপ [বহুবার] যে পাঠ হয়, তদ্বারা ইহাদিগকে (যজ্মান ও ঋত্বিক্দিগকে) পাপ হইতে মুক্ত করা হয়।

এই সকল সূত্তের ছন্দ গায়ত্রী। এই ত্রাহের তৃতীয় সবনের ছন্দও গায়ত্রী।

তৃতীয় খণ্ড

দশমাহ

ষাদশাহ যাগের প্রথম দিন প্রায়ণীয় ও শেষ দিন উদয়নীয় রূপে গণ্য হয়।
মধ্যস্থ দশ দিনের তিন ভাগ। প্রথমভাগে ছয় দিনে পৃষ্ঠা ষড়হ; দিভার ভাগে
তিন দিনের অনুষ্ঠানের নাম ছলোম। প্রথম ও দিভীয়ভাগের তিন ত্রাহে সেই
নয় দিনের অনুষ্ঠান বর্ণিত হইল। তৃতীয়ভাগে দশম দিনের অনুষ্ঠান একণে বণিত
হইবে। এই তৃতীয়ভাগের সহিত পূর্ববিত্তী হই ভাগের সমম্ম নিরূপণ হহতেছে,
যথা—"পৃষ্ঠাং ষড়হং…প্রেয়সং"

চ্য ষড়হ অনুষ্ঠিত হয়। [শরীর মধ্যে] যেমন মুখ, [দশরাত্র মধ্যে] পৃষ্ঠ্য ষড়হ সেইরূপ; আর মুখের অভ্যত্তমে যেমন জিহ্বা, তালু ও দন্ত, [এম্বলে তিনটি] ছন্দোম সেইরূপ; আর যে [ইন্দ্রিয়ের] দ্বারা বাক্য উচ্চারিত হয়, যদ্বারা স্বাহ্র এবং অস্বাহ্ন ভেদ জানা যায়, এই দশমাহ সেইরূপ।

নাসিকাদ্বয় যেরূপ, পৃষ্ঠ্য ষড়হ সেইরূপ; আর নাসিকাদ্বরের মধ্যস্থল যেরূপ, ছন্দোমও সেইরূপ; আবার যদ্ধার। গদ্ধসকল জানা যায়, দশসাহও সেইরূপ।

অক্ষি যেরূপ, পৃষ্ঠ্য ষড়ছ সেইরূপ; আর অক্ষিমধ্যে কৃষ্ণবর্ণ [তারা] যেরূপ, ছন্দোম সেইরূপ; আর যে কনীনিকা দ্বারা দেখিতে পাওয়া যায়, দশমাহ সেইরূপ।

কর্ণ যেরূপ, পৃষ্ঠ্য ষড়হ সেইরূপ; কর্ণের মধ্যস্থল যেরূপ, ছন্দোম সেইরূপ; আর যদ্ধারা শুনিতে পাওয়া যায়, দশমাহ সেইরূপ।

দশমাহ শ্রীস্বরূপ; যাহারা দশমাহ অনুষ্ঠান করে, তাহারা

শ্রীলাভ করে। সেইজন্ম দশমাহে [কোন নিষিদ্ধ অনুষ্ঠান করিলেও] তাহার প্রতিবাদ করিবে না। কেননা, শ্রীর প্রতিবাদ (নিন্দা) করা উচিত নহে, শ্রীমান্ লোকের আচরণও প্রতিবাদযোগ্য নহে।

তংপরে দশমাহের অনুষ্ঠান বর্ণিত হইতেছে, যথা—"তে ততঃ সর্পস্তি… জুগোতি"

তদনন্তর [পত্নীসংযাজ অনুষ্ঠানের পর] অনুষ্ঠানকর্তারা
[মানসগ্রহ অনুষ্ঠানের নিমিত্ত সদঃস্থান হইতে বাহির হইয়া]
গমন করিবেন। [গমনান্তে তীর্থদেশ] মার্জ্জন করিবেন।
[তৎপরে] পত্নীশালায়' উপস্থিত হইবেন। তাঁহাদের মধ্যে
যিনি আহুতি দিবেন, তিনি অন্ত সকলকে বলিবেন, তোমরা
আমাকে স্পর্শ কর। তৎপরে তিনি এইমন্ত্রে আহুতি দিবেন
"ইহ রমেহ রমধ্বমিহ ধৃতিরিহ স্বধৃতির্যাহ্বাট্ স্বাহাহ্বাট্"।"

এই মনোর "ইহ রম" এই বাক্যের তাৎপর্য্য, যজমানেরা ইহ লোকেই আনন্দ লাভ করুন; "ইহ রমধ্বম্"বাক্যের তাৎ-পর্য্য, তাঁহাদের পুত্রাদি তাঁহাদিগকে লইয়া আনন্দ লাভ করুক। "প্রতিরিহ" এই বাক্যে অপত্যের ও "স্বপ্নতিরিব" এই বাক্যে

⁽১) অঞালিনের কর্মে ভ্রমপ্রমাদ ঘটিলে বা নিষিদ্ধ অমুঠান ঘটিলে তাহার সংশোধন ও প্রতিবাদের ব্যবস্থা আছে, দশমাহ শীষরূপ হওরার ঐ দিনের ভ্রমপ্রমাদের প্রতিবাদ আবশুক হর না।

⁽২) গার্হপত্য আগর নিকটে পত্নীশালা। সেইখানে গিয়া হোম করিতে হয়।

⁽৩) এই মদ্রের অর্থ-- [হে যজমানগণ], ভোমরা ইহলোকে রমণ কর; [তোমাদের পুরোদি] ভোমাদিগকে সইবা রমণ করুক; ভোমাদের ধৃতি (অপত্যাদির স্থিরড়) হউক; তোমাদের অধৃতি (বেদ্যাক্যে শ্থিরড়) হউক। অগ্নি (রখন্তর রূপে) ভোমাদের যুক্ত বহন করুন; স্থাহা (বৃহ্ৎ নামরূপে) ভোমাদের যুক্ত বহন করুন।

বেদবাক্যের যজমানগণে স্থিতিকামনা হইতেছে। "অগ্নেহবাট্" এই বাক্যে রথন্তরের এবং "স্বাহাহবাট্" এই বাক্যে রহতের স্থিতি কামনা হইতেছে।

এই যে বৃহৎ ও রথন্তর, ইহারা দেবগণের পাকে মিথুনস্বরূপ। এই দেবগণের মিথুনদারা [মনুষ্যের] মিথুন
পাওয়া যায়; দেবগণের মিথুনদারা [মনুষ্যের] মিথুন
উৎপদ্ধ হয়। যে ইহা জানে, সে প্রজা ও পশুদারা বদ্ধিত
হইয়া সমৃদ্ধ হয়।

তৎপরে [পত্নীশালার গার্ছপত্য স্থান হইতে] তাঁহারা বাহিরে আসিবেন, সেই স্থান মার্জ্জন করিবেন ও আগ্নীগ্রীয়ে উপস্থিত হইবেন। তাঁহাদের মধ্যে যিনি আহুতি দিবেন, তিনি আর সকলকে বলিবেন, তোমরা আমাকে স্পর্শ কর; ও তৎ-পরে এই মন্ত্রে আহুতি দিবেন; "উপস্ক্জন্ ধরুণং মাতরং ধরুণো ধয়ন্। রায়স্পোষ্যিষমূর্জ্জ্যস্মান্ত্র দীধরৎ স্বাহা।"

যেথানে ইহা জানিয়া এই আহুতি দেওয়া হয়, সে স্থলে আপনার জন্ম ও যজমানদিগের জন্ম ধন পুষ্টি অন্ন ও রস রক্ষা করা হয়।

⁽৪) এই মল্লের অর্থ, জগতের ধারণকর্তা প্রজাগতি আমাদের ধারণকর্তা পিতাকে ও মাতাকে আমাদের দত্তি বৃক্ত করিয়া আমাদের দত্ত হবা পান করুন ও আমাদের ধন, পৃষ্টি, অর ও রস সম্পাদন করুন—স্বাহা।

চতুৰ্থ খণ্ড

দশমাহ

পত্নীশালার গার্হপত্যে ও তদনস্তর আগ্রীধ্রীয়ে সোমের পর অন্যান্ত কর্ত্তর্য যথা—"তে ততঃ……বেদ"

তদনন্তর ভাঁহারা [আগ্নীগ্রীয় হইতে] বাহিরে আদেন ও সদঃ স্থানে উপস্থিত হন। [সদঃ প্রবেশ কালে] উদ্গাতারা একসঙ্গে যান, অন্য ঋত্নিকেরা আপন আপন নির্দ্ধিষ্ট পথে যান। উদ্গাতারা সর্পরাজ্ঞীর ঋক্সমূহ দ্বারা স্তোত্র পাঠ করেন।

এই যে [ভূমি], ইনিই সর্পরাজ্ঞী; ইনিই সর্পণশীল (গতিশীল) সকল [জীবের] রাজ্ঞী; ইনি অত্যে (রক্ষোৎ-পত্তির পূর্বের) লোমহানা ছিলেন; তিনিই "আহয়ং গোঃ পৃরিরক্রমীং" এই মন্ত্র 'দেখিয়াছিলেন। তাহাতেই তিনি পূর্ণিরর্প অর্থাং [নালপীতাদি] নানা রূপ পাইয়াছিলেন। বনস্পতি ও ওয়ি যাহা কিছু আছে, তন্মধ্যে তিনি যাহা য়াহা কামনা করিয়াছিলেন, দে সকলই তিনি পাইয়াছিলেন। যে ইহা জানে, সে যাহা যাহা কামনা করে, সেই সমস্ত নানারূপ পৃথিবর্গ বস্তু পাইয়া থাকে।

এই [দর্পরাজ্ঞীর স্তোত্র গানে] প্রস্তোতা মনে মনে প্রস্তাবাংশ পাঠ করেন, উল্লাতা মনে মনে উল্লীথাংশ পাঠ করেন, প্রতিহর্ত্তা মনে মনে প্রতিহারাংশ পাঠ করেন; কেবল

⁽১) ১০।১৯০।১ ঐ মন্ত্রগুলির নাম সর্পরাজ্ঞী মন্ত্র। ভূমিদেবী এই মন্ত্র দর্শনের পর নানা বর্ণের বৃক্ষ ও ওয়ধিসমূহ পাইয়া লোমযুক্ত হইয়াছিলেন।

হোতা স্পট বাক্যে শস্ত্র পাঠ করেন। কেননা, বাক্য ও মন উভয়েই দেবগণের পক্ষে মিথুনস্বরূপ; দেবগণের সেই মিথুন দ্বারা [মনুষ্যের] মিথুন পাওয়া যায়; দেবগণের মিথুন দ্বারা [মনুষ্যের] মিথুন উৎপন্ন হয়। যে ইহা জানে, সে প্রজা ও পশুদ্বারা বিদ্ধিত হইয়া সমৃদ্ধ হয়।

তদনন্তর হোতা চতুর্হোত্মন্ত্র উচ্চে পাঠ করেন; উদগাতৃগণের [দর্পরাজ্ঞী] স্তোত্রপাঠের পর ইহা পঠিত হয়। এই
যে চতুর্হোতৃ-মন্ত্রসমূহ, ইহা দেবগণের গুছ যজ্ঞিয় নাম।
হোতা যে এই চতুর্হোতৃমন্ত্রের ব্যাখ্যা করেন, এতদ্বারা
দেবগণের গুছ যজ্ঞিয় নাম প্রকাশ করা হয়। ঐ নাম এইরূপে
প্রকাশিত হইয়া হোতাকেও প্রকাশিত (খ্যাতিযুক্ত) করে।
যে ইহা জানে, সেও প্রকাশ (খ্যাতি) লাভ করে।

এ বিষয়ে কেহ কেহ বলিয়া থাকেন, যদি কোন অন্চান (বেদজ্ঞ) ব্রাহ্মণ [বাগ্মিতার অভাবে] যশোলাভে বঞ্জিত হন, তিনি অরণ্যে প্রবেশ করিয়া কুশতৃণসমূহ উদ্ধিনুখে গাঁথিয়া আপনার দক্ষিণ পার্ষে কোন [বেদজ্ঞ] ব্রাহ্মণকে বসাইয়া উচ্চস্বরে চতুর্হোতৃমন্ত্র পাঠ করিবেন।

এই যে চতুর্হোতৃ মন্ত্র, ইহা দেবগণের গুছ ও যজ্ঞির নাম। যিনি চতুর্হোতৃমন্ত্রের উচ্চে পাঠ করেন, তিনি দেব-গণের গুছ যজ্ঞিয় নাম প্রকাশ করেন। সেই নাম প্রকাশিত হইয়া তাঁহাকে প্রকাশিত করে। যে ইহা জানে, সেও প্রকাশ লাভ করে।

পঞ্চম খণ্ড

দশমাহ

চতুর্ছে:তৃ মন্ত পাঠের পূর্বব র্ত্তী আমুষঙ্গিক অমুষ্ঠান উত্ত্বর শাখা স্পর্শ বথা— "অণোত্ত্বরীং……বিস্ত্জেরন্"

অনন্তর দকলে মিলিয়া "ইবদূর্জ্জনম্বারতে"—অম্বরূপ ও বসরূপ এই উত্তম্বরী স্পার্শ করিতেছি—এই মন্ত্রে [সদঃস্থানে নিহিত] উত্তমর-শাখা স্পার্শ করেন। এই উত্তমরই [ঐ মন্ত্রোক্ত] অম্বরূপ ও রদ্বরূপ। পুরাকালে দেবগণ আপনাদের মধ্যে অম ও রদ বিভাগ করিয়া লইয়াছিলেন; তৎকালে [ভূমিপতিত অম্বর্গের অংশ হইতে] উত্তম্বর উৎপন্ন সইয়াছিল। দেইজন্ম দের উত্তম্বর্ক্ত সংবৎদর মধ্যে তিনবার ফলবান্ হয়। এই যে উত্তম্বর্ক্ত স্পার্শ করা হয়, এতদ্বারা ভক্ষণীয় অম্বন্ধে ও রদ্ধেই স্পার্শ করা হয়।

তৎপরে বাক্সংযম (মৌনধারণ) করা হয়। যজ্ঞ ই বাক্ষরপ; এতদ্বারা যজ্ঞকেই নিয়মিত করা হয়। দিবাভাগে বাক্-সংযম হয়; দিবাভাগ স্বর্গলোকস্বরূপ, এতদ্বারা স্বর্গ-লোককেই নিয়মিত (অধীন) করা হয়।

দিবাভাগে বাগ্নিসর্গ করিনে না (কথা কহিবে না); দিবা-ভাগে বাগ্নিসর্গ করিলে দিনকে শক্রুর স্থানে দেওয়া হইবে। রাত্রিতেও বাগ্নিসর্গ করিবে না। রাত্রিতে বাগ্নিসর্গ করিলে রাত্রিকেও শক্রুর স্থানে দেওয়া হইবে।

[দিনে বা রাত্রিতে কথা না কহিয়া] যথন সূর্য্য অন্তগমন কাল প্রাপ্ত হ'ইবে, সেই সময়ে বাগ্-বিদর্গ করিবে। তাহাতে কেবল সেই [অস্তগমন] কালটুকুই শত্রুর স্থানে দেওয়া হইবে।

অথবা সূর্য্য অস্তগত হইবামাত্র বাগ্-বিদর্গ করিবে; তদ্ধারা দ্বেষকারী শক্রুকে তমোমগ্ন করা হইবে।

[সদঃস্থান হইতে বাহিরে আসিয়া] আহবনীয়ে পরিভ্রমণ করিয়া বাগ্-বিদর্গ করিবে। আহবনীয় যজ্ঞস্বরূপ; আহবনীয় স্বর্গলোকস্বরূপ; ইহাতে যজ্ঞস্বারা ও স্বর্গলোক দ্বারা স্বর্গলোক পাওয়া যায়।

"যদিহোনমকর্মা যদত্যরীরিচাম প্রজাপতিং তথ পিতরমপ্যেতু"—এই যজে যে কর্মা উন (অসম্পূর্ণ) শাহা অকর্মা
(অনস্থিতি) আছে এবং যাহা অতিরিক্ত ইইনাছে, সেই
সমস্ত [দোষজনক অনুষ্ঠান] পিতা প্রজাপতিকে প্রাপ্ত
ইউক—এই মজ্রে বাগ্-বিদর্গ করিবে। সকল প্রজা
প্রজাপতির পশ্চাৎ জন্মগ্রহণ করিয়াছে; উন বা অতিরিক্ত
উভয় পদার্থেরই আশ্রম্মখান প্রজাপতি; দেইজ্যু [এই মন্ত্র
পাঠ করিলে] উন বা অতিরিক্ত কোন দোষই অনুষ্ঠাতার
বিদ্ন জন্মায় না। যে ইহা জানিয়া ঐ মজ্রে বাগ্ বিদর্গ করে,
দে উন ও অতিরিক্ত উভয় কর্মাকেই লক্যে করিয়া প্রজাপতিকেই প্রাপ্ত হয়। সেই জ্যু এইরূপ জানিয়া ঐ মন্ত্র ঘারাই
বাগ্ বিদর্গ করিবে।

ষষ্ঠ খণ্ড

দশ্যাত

অনস্তর চতুর্হোত্মন্তের ব্যাখ্যান যথা—" অধ্বর্যো! · · · · উপবক্তাসীং"

চতুর্হোত্ মন্ত্র বলিবার পূর্বের হে!তা "অধর্য্যো" বলিয়া আহ্বান করিবেন; ইহাই এম্বলে আহাব মন্ত্র হইবে।

''ওঁ হোতস্তথা হোতঃ"—অহে হোতা, তাহাই হউক, মহে হোত¹, তাহাই কর—এই মস্ত্রে মধ্বর্য প্রতিগর করিবেন। [হোতার পাঠ্য পরবর্ত্তা] দশটি পদের প্রত্যেক পদের অবসানে প্রতিগর করিবেন। প্রথম পদ । "তেষাং চিত্তিঃ স্রুগাসীৎ"— প্রজাপতি গৃহপতি ও দেবগণ যজনান হইয়া যে হোম করিয়াছিলেন তাহাতে] সেই দেবগণের চিত্তি (বিষয়বোধ শক্তি) স্রুক্-(জুহু)-স্বরূপ হইয়াছিল। [দ্বিতীয় পদ] "চিত্তমাজ্যমাদীৎ"— তাঁহাদের চিত্ত (সন্তঃ-করণ আজ্য হইয়াছিল। [তৃতীয় পদ] "বাগ্বেদিরাসীৎ"— বাগিন্দ্রিয় বেদি হইয়াছিল। চিতুর্থ পদী "আধীতং বহিরাদীৎ"—ধ্যানলব্ধ যাবতীয় বস্তু বর্হি হইয়াছিল। পঞ্চন পদ। "কেতো অগ্নিরাসীৎ"—জ্ঞান অগ্নি হইয়াছিল। ি যষ্ঠ পদ] "বিজ্ঞাতমগ্লীদাদীৎ"—বিজ্ঞান আগ্নীধ্ৰ নামক ঋত্বিক হইয়। ছিল। [সপ্তম পদ] "প্রাণো হবিরাদীৎ"—প্রাণ হব্য হইয়াছিল। [অন্টম পদ] "সামাধ্বযু বাসীৎ"—সাম অব্দুর্যু হইয়াছিল। [নবম পদ] "বাচম্পতির্হোতাদীৎ"— রহস্পতি হোতা হইয়াছিলেন! [দশম পদ] "মন উপবক্তা আসীৎ"—মন উপবক্তা (মৈত্রাবরুণ) হইয়াছিলেন।

⁽১) শস্ত্র পাঠের পূর্বের যেমন "শোংসাবোম্" ইত্যাদি মন্ত্র ধারা আহাব হয়, এছলে দেইরূপ আহাব মন্ত্র ''অধ্বর্গ্যো"।

⁽২) চিত্তি প্রভৃতি শব্দের সায়ণ এইরূপ **অর্থ**িয়াছেন।

ইনং বস্তু ঈদৃশমেৰ ন তু অঞ্চপা ইতি বা সম্যগ্ জ্ঞানরপা মনোবৃত্তি: সা চিত্তি:। পুতর্বাভনর:

চতুর্হোতৃ মন্ত্র পাঠের পর মানসগ্রহ গ্রহণের জন্ম হোতার পাঠ্য অবগ্রহ মন্ত্র যথা –"তে বা এতং · · · রাৎস্থাম"

"তে বা এতং গ্রহ্মগৃহ্নত" তাঁহারা (প্রজাপতি সহিত দেবগণ) এই [মানস] গ্রহ গ্রহণ করিয়াছিলেন। [গ্রহণকালে রহস্পতিকে সম্বোধন করিয়া বলিয়াছিলেন] "বাচস্পতে বিধে নামন্"—অহে বাচস্পতি, অহে বিধি, অহে নময়িতা; 'বিধেম তে নাম"—তোমার নাম খ্যাত করিতেছি; 'বিধেস্বস্মাকং নামা ছাং গচ্ছ"—ভূমি আমাদের কীর্ত্তি সম্পাদন কর ও কীর্ত্তি সহিত স্বর্গে যাও—'যাং দেবাং প্রজাপতি-গৃহপত্যঃ ঋদ্ধিমরাশ্ব বংস্তামৃদ্ধিং রাৎস্থামঃ"—প্রজাপতিকে গৃহপতিরূপে পাইয়া দেবগণ যে ঋদ্ধি (এইর্ষ্টা) লাভ করিয়াছিলেন, আমরা (যজমানেরা) যেন সেই ঋদ্ধি পাইতে পারি। চতুর্হোত্ত মন্ত্র ও গ্রহমন্ত্র পাঠের পর হোলা প্রভাপত্তির নামক মন্ত্র ও ব্রহমন্ত্র পাঠের পর হোলা প্রভাপত্তির নামক মন্ত্র পর

অনন্তর প্রজাপতিতকুমন্ত্র ও ব্রক্ষোগ্য মন্ত্র যথাক্রমে পাঠ করিবে।

[প্রজাপতিতমু মন্ত্র] "অন্নাদা চান্নপত্নী চ ভদ্রা চ কল্যাণী চ অনিলয়া চাপভয়া চ অনাপ্তা চানাপা চ অনাধ্ন্যা চাপ্রতিধ্না

চিত্তিরপারাঃ বৃত্তেরাধাসভূতং বন্ধাংকরণং তৎ চিত্তন্। বাগ্বাগিন্দ্রন্। আ সমস্দ্ধীতং মনদা ধ্যাতং ব্যস্ত তদ্ আধীত্র্। কেতৃজ্ঞানিষাত্রন্। মনসা বিশোধন নিশ্চিতং ব্যস্ত তদ্ বিজ্ঞাত্র্। প্রাণঃ প্রাণবার্থ। সাম সদ্ গীরমানন্। বাচন্পতি সুস্পানিঃ। মনঃ অধ্যক্রণম্ বদপোক্ষেবাস্তঃকঃণং চিত্তাশক্রেন মনঃশক্ষেন স্ভিনীরতে ত্রগাপি গ্রন্থাবিশেবো দ্ট্রাঃ। চিত্তি-ক্ষোধি বৃত্তিজনকাম্বাকারেণ চিত্তম্। বৃত্তিরহিত-ব্যরুপান্তানাকারেণ মনঃ।

উক্ত দশ**্ট পদের প্রত্যেক পদ পাঠের পর অধ্যর্**। প্রতিগর উচ্চারণ করেন। এই দশ ^{পদ} একটা বোগে চতুর্হোন্ড মন্ত্র।

চ অপূর্বনা চাল্রাত্ব্যা চ" এফলে অমাদা ও অমপত্নী [প্রজা-পতির এই তুই নূর্ত্তি মধ্যে] অমাদা মূর্ত্তি অগ্নি এবং অমপত্নী মূর্ত্তি আদিত্য; তক্রপ ভদ্রা নূর্ত্তি সোম ও কল্যানা মূর্ত্তি পশুগণ; অনিলয়া মূর্ত্তি বায়ু, কেননা এই বায়ু কখনও গতিহান হন না, আর অপভয়া মূর্ত্তি মৃত্যু, কেননা আর সকলেই মৃত্যু ইইতে ভয় পার; অপিচ অনাপ্তা (অপ্রাপ্তা) মূর্ত্তি পৃথিবা ও অনাপ্যা (অপ্রাপ্যা) মূর্ত্তি ফর্গ; অনাধ্য্যা মূর্ত্তি অগ্নি ও অপ্রতিধ্যা মূর্ত্তি আদিত্য; অপূর্বনা (সকলের অত্যে স্থিত) মূর্ত্তি মন ও অল্রাত্ব্যা (অপরাজেয়) মূর্ত্তি সংবংসর।

এই দ্বাদশটিই প্রজাপতির তনু (মূর্ত্তি); এই দ্বাদশ তনুতে প্রজাপতি সম্পূর্ণ হন; এই মন্ত্র পাঠে দশমাহ সম্পূর্ণতাপ্রাপ্ত প্রজাপতিকে লাভ করে।

অনন্তর ব্রহ্মোন্ত মন্ত্র বলিবে। 'কেহ বলিবেন ''অমিগৃহি-পতিঃ''—আমিই গৃহপতি; অন্তে বলিবেন ''দোহস্ত লোকস্ত গৃহপতিঃ''—না, অমি কেবল এই ভূলোকেরই গৃহপতি; কেহ বলিবেন ''বায়ু গৃহপতিঃ''—বায়ুই গৃহপতি; অন্তে বলিবেন ''দোহস্তরিকলোকস্ত গৃহপতিঃ''—বায়ু কেবল অন্তরিক্ষ-লোকের গৃহপতি; তথন সকলে বলিবেন, ''অসে বৈ গৃহপতি-র্ঘোহসো তপতি''—এ যিনি তাপ দেন, সেই [আদিত্যই] গৃহপতি। ঋতুসকল গৃহস্বরূপ ও উনিই তাহার পতি। যে

⁽ ০) অন্নাদ্যা ও অনপঞ্চী এভৃতি প্রজাণতির দাদশ মূর্ত্তির স্বরূপ কথিত হইতেছে।

⁽ a) ব্রাহ্মণগণের কথাচ্ছতে যে মত্র কথিত হর, তাহা ব্রহ্মোণ্য মত্র। ব্রাহ্মণানামুদ্য সংখাদো ব্রহ্মোণ্যমুদ্

দেব সেই ঋতুসকলের পতি, তাঁহাকে গৃহপতি জানিয়া যে গৃহপতি হয়, সেই গৃহপতিই সমৃদ্ধি লাভ করে, ও সেই যজনানেরাও সমৃদ্ধি লাভ করে। ঋতুসকলের পতি ঐ দেবতাকে পাপহীন জানিয়া যে গৃহপতি হয়, সেই গৃহপতি ষয়ং পাপহীন হয়, সেই যজনানেরাও পাপহীন হয়। [েন্যে বলিবেন] "অধ্বর্যো অরাৎস্ম"—অহে অধ্বর্যু, আমরাও সমৃদ্ধ হইব।

পঞ্চবিংশ অধ্যায়

প্রথম থণ্ড

অগ্নিহোত্র

ছাদশাত যাগের বিবরণ সমাপ্ত ত্তল। এইবার অগ্নিহোত্রের বিবরণ দেওয়া ছইবে। অগ্নিহোত্র যাগে কেবল একজন ঋত্বিক্ আবশ্রক হয়; তিনি অধ্বর্ণ। তিনি সজমান কর্ত্বক প্রেষিত হইয়া গার্হপত্য অগ্নি হইতে জনম্ভ অগ্নি উদ্ভ করিয়া আহ্বনীয়ে স্থাপিত করেন। সামংকাশেও প্রাতঃকালে এই অমুঠানে অগ্নিহোত্রের অগ্রেম্ভ হয়। যথা—

যজমান অপরাত্নে [অধ্বর্তকে] বলিবেন, [গার্হপত্য হইতে] আহবনীয় অগ্নি উদ্ধৃত করুন। যজমান সমস্ত দিন যে সংক্রম করিয়াছেন, এতদ্বারা তৎসমস্তই উদ্ধৃত করিয়া নির্ভয় আহবনীয়ে স্থাপন করা হয়। যজমান প্রাতঃকালে [অধ্বযুর্তিক] বলিবেন, আহ্বনীয় অগ্নি উদ্ধৃত করুন। তিনি সমস্ত রাত্রিতে যে সংকর্ম করিয়াছেন, এতদ্বারা তৎসমস্তই উদ্ধৃত করিয়া নির্ভয় আহবনীয়ে স্থাপন করা হয়। আহবনীয় যজ্ঞস্বরূপ; আহবনীয় স্বর্গস্বরূপ; যে ইহা জানে, সে স্বর্গ-লোককে যজ্ঞসরপ স্বর্গলোকে স্থাপন করে। যে যজ্মান অগ্নিহোত্রে ব্যবহার্য্য হোমদ্রব্যকে বিশ্বদেবদৈবত, নোড্শ-কলাইত ও পশুগণে প্রতিষ্ঠিত বনিয়া জানে, সে বিশ্বদেব-দৈবত, যোড়শকলান্বিত ও পশুগণে প্রতিষ্ঠিত অগ্নিহোত্র যজ্ঞারা সমৃদ্ধ হয়। ঐ হোমদ্রব্য (ফীর) যতকণ গাভীর শরীরে থাকে, তথন উহার দেবতা রুদ্র; যখন বংসের স্পর্শে আইদে, তথন উহার দেবতা বস্তু; মুখন উহা দোহন করা যায়, তখন দেবতা অধিষয়; দোহনাত্তে দেবতা সোম; অগ্নিতে পাকের সময় দেবতা বরুণ; পাত্রমধ্যে তাপে ফাত হইয়া উঠিবার সময় দেবতা পুদা; পাত্র হইতে উথলিয়া পড়িবার সময় দেবত। মরুদাণ ; বুৰুদযুক্ত অবস্থায় দেবতা বিশ্বদেবগণ ; শর গড়িলে দেবতা মিত্র; অগ্নি হইতে নামাইয়া রাখিলে দেবতা সাবাপৃথিবী; হোমের জন্ম গ্রহণের উপক্রম করিলে দেবতা সবিতা; গ্রহণ করিয়া লইয়া যাইবার সময় দেবতা বিষ্ণু; বেদিতে রাখিলে দেবতা বৃহস্পতি; প্রথম আহুতিকালে দেবতা অগ্নি, শেনাহতিকালে দেবতা প্রদাপতি; আহুতির পর দেবতা ইন্দ্র। এইরূপে অগ্নিহোত্রের হোমদ্রব্য বিশ্বদেবদৈবত, [উল্লিখিতরূপ] ঝেড়শ-অবস্থাযুক্ত এবং পশুগণে প্রতিষ্ঠিত হয়। যে ইহা জানে, দে বিখদে দৈবত, ষোড়শকলা স্বিত ও পশুগণে প্রতিষ্ঠিত অগ্নিহোত্র যজ্জদারা সমৃদ্ধ হয়।

দ্বিতীয় থণ্ড

অগ্নিহোত্র

অগ্নিহোতা যজ্ঞে বৈকল্য ঘটিলে ভাহার প্রায় 185ন্ত ব্যবস্থা যথা—"যস্তাগ্রি-হোকী·····জুহোভি"

যে যজমানের অগ্নিহোত্রী গাড়ী বংসসংযোগনা পাল বেছিন-কালে বসিয়া পড়ে, সেখানে কি প্রায়শ্চিত হইবে ?

সেই গাভীকে লক্ষ্য করিয়া এই মন্ত্র পাঠ করিবে "যম্মান্তীয়া নিষীদিস ততো নো অভয়ং ক্বধি। পশুমং সর্বান্ গোপায় নমো রুদ্রায় নীচুমে"—য়াহার ভয়ে তুমি বিসয়াছ, তাহা হইতে আমাদের অভয় সম্পাদন কর; আমাদের সকল পশুকে রক্ষা কর; সেচনসমর্থ রুদ্রকে প্রণাম। তৎপরে এই মন্ত্রে গাভীকে উঠাইবে—"উদস্থাদ্ দেব্যদিতিরায়্র্যপ্রপতাব্ধাৎ। ইন্দ্রায় ক্বৃতী ভাগং মিত্রায় বরুগায় চ"—দেবা অদিতি উঠিয়াছেন, উঠিয়া যজ্ঞপতিতে (য়য়য়ানে) আয়ু স্থাপন করিয়াছেন; ইন্দ্রকে, মিত্রকে ও বরুণকে আপনার ভাগ দিয়াছেন। তৎপরে তাহার বাঁটে জল দিয়া ও য়ুথে জল দিয়া সেই গাভী ব্রাহ্মণকে দান করিবে। ইহাই এম্বলে প্রায়শ্চিত।

যাহার ছান্নিহোত্রী গাভী বৎসসংযোগের পর দোহনকালে হম্বারব করে, সেম্থলে কি প্রায়শ্চিত্ত? ঐ গাভী যজমানকে আপনার ফুধা জানাইবার জন্মই ঐরপ রব করে; অতএব [অমঙ্গলের] শান্তির জন্ম তাহাকে এই মস্ত্রে অন্ন (তৃণাদি) খাওয়াইবে; কেননা অন্নই শান্তিহেতু। [মন্ত্র] "সূয়বসাদ্তগবতী হি ভূয়াঃ"—ভগবতী, ভূমি স্থন্দরভূণভোজিনী হও। এস্থলে ইহাই প্রায়শ্চিত্ত।

যাহার অগ্নিহোত্রী গাভী বৎসদংযোগের পর দোহনকালে বিচলিত হয় [ও ফার ফেলিয়া দেয়], সেন্থলে কি প্রায়শ্চিত্ত? ভূমিতে যে ক্লীর ফেলিয়া দিবে, তাহা স্পর্শ করিয়া এই মন্ত্র জপ করিবে—"যদন্ত তুরাং পৃথিবীমস্প্ত যদোষণীরত্যস্পদ্ যদাপঃ। পয়ো গৃহেষু পয়ো অন্সায়াং পয়ো বংসের্ পয়ো অস্তু তন্ময়া"—যে ছগ্ধ পৃথিবীতে পতিত হইয়াছে, যাহা ওয়ধির উপর (ঘাদের উপর) পড়িয়াছে, যাহা জনে পড়িয়াছে, সেই সমুদয় তুগ্ধ আমাদের গৃহে, আমাদের গাভীতে, আমাদের বংসে ও আমাদের শরীরে (উদরে) স্থানলাভ করুক। ধে তুগ্ধ অবশিষ্ট থাকিবে, তাহা যদি হোমের পক্তে পর্য্যাপ্ত হয়, তবে [প্রায়শ্চিতের পর] তদ্বারাই হোম করিবে। কিন্তু যদি সমস্ত তুগ্ধই ভূপতিত হয়, তাহা হইলে অন্য গাভী আনিয়া তাহাকে দোহন করিয়া তদ্ধারা হোম করিবে। [যদি অন্ত গাভী না পাওয়া যায়] তাহা হইলে অন্য দ্ৰো, অন্ততঃ শ্ৰদ্ধা দ্বারাও, হোম করিবে। যে ইহা জানিয়া অগ্নিহোত্র হোম করে, তাহার দকল দ্রব্যই যজ্ঞযোগ্য হইয়াছে, দকল দ্রবাই হোমার্থ গৃহীত হইয়াছে।

⁽১) হৃধানা পাইলে দধি বা যবাগু প্রভৃতি হোমদ্রবে। হোম করিবে। তাহাও না পাইলে
"অহং শ্রদ্ধাং জুহোমি" এই সকলে বারা শ্রদ্ধা হোম করিবে। অগ্রিহোতে কিছুতেই পরিত্যাপ
করিবেন।

তৃতীয় খণ্ড **স**গ্নিহোত্র

শ্রন্ধাহোমের কথা বলা হইল। শ্রন্ধাহোমে কোন পার্থিবদ্রর হ্রারূপে দেওয়া হয় না ; ইহার দক্ষিণাস্বরূপ গ্রন্ধি প্রত্যা ক্র্যুখন দিতে হয় না। এইবেড়ুইহাকে ভাবনাহোমও বলে। এই ভাবনাহোমের সম্বন্ধে বলা হইতেছে যথা—"অসৌ বা অস্ত্যান্যায়া কুছেতি"

ভাবনা-হোম বিষয়ে ী যজ্ঞানের পক্ষে ঐ আদিত্য যুপস্বরূপ, পৃথিবী বেদিস্বরূপ, ওর্গ্রস্কল বহিঃস্বরূপ, বনস্পতি সকল ইয়াসরূপ, জল প্রোক্ষণীস্বরূপ ও দিক্সমূহ পরিধিস্বরূপ इडेग़ा थाएक। एवं डेटा जीनिया जीगरराज रहाम करत. তাহার সম্পর্কযুক্ত যাহা হিছু ইহুলোকে নফ্ট হয়, যে কেহ মরিয়া যায়, যাহা কিছু অপগত হয়, দে সমস্তই যুক্তে প্রদত্ত বস্তুর ন্যায় ঐ স্বর্গলোকে তাহার নিকট ফিরিয়া আমে। ঐ শ্রদ্ধাহোমকারী কথনও দেবগণকে, কথনও মনুষ্যকে, এমন কি জগতে যাহা কিছ আছে, তৎ দমস্তই দক্ণিধিরূপে কল্পনা করেন। সায়ংকালে আত্তির সময় (ঋত্রিক্-রূপে ক্য়িত) দেবগণের হস্তে মনুযাগণকে ও এমন কি জগতে যাহা কিছু আছে, তৎসমস্তই, দক্ষিণাস্বরূপে অর্পণ করা হয়। দেবগণে দক্ষিণাম্বরূপে সমর্পিত হইলে মনুষ্যগণ [রাত্রিকালে] গৃহবৃদ্ধি-শূন্য হইয়া শন্যায় লীন হইয়া পড়ে। প্রাতঃকালে আহুতির मगरा भिविक-सार्थ किल्रा । मनुगागर्गत इस्ट एननगगरक ख এনন কি জগতে বাহা কিছু আছে তৎ সমস্তই, দক্ষিণা-স্বরূপে দেওয়। হয়। তখন (দিবাভাগে) দেবগণ [মনুষ্যের

অধীন হইয়া] আমি [ঐ ব্যক্তির] এই কার্য্য করিব, আমি [ঐ ব্যক্তির নিকট] ঐ স্থানে যাইব, এইরূপ বলিতে বলিতে [মনুম্যের] অভিপ্রায় বুঝিয়া কার্য্য করিবার চেফা করেন।' যে ইহা জানিয়া অগ্নিহোত্র হোম করে, সে, সর্বস্ব [দক্ষিণাস্বরূপে] দান করিলে যে যে লোক অর্জ্জন করা যায়, সেই সমস্ত লোকই অর্জ্জন করিয়া থাকে।

তংপরে অগ্নিহোরপ্রশাসা যথা—"অগ্নরে বা এবঃ অগ্নিহোরং ছুহোতি"
সায়ংকালে অগ্নিতে যে আহুতি দেওয়া যায়, তাহা
[গবাময়ন যাগের আরস্তে প্রযুক্ত] আশ্বিনশস্ত্রের তুল্য।
এম্বলে [অগ্নুদ্ধরণ মন্ত্রের অন্তর্গত] বাক্ শব্দই প্রতিগরের
কার্য্য করে। যে ইহা জানিয়া অগ্নিহোত্র হোম করে, অগ্নির
সাহাগ্যে তাহার [গবাময়নের আরস্তে] রাত্রিতে বিহিত
অাধিনশস্ত্র পাঠের ফল হয়।

প্রতিঃকালে আদিত্যকে যে আহুতি দেওয়া যায়, তাহা [গনাসয়নের শেষভাগে প্রযুক্ত] সহাত্রতের তুল্য হয়! এফলে। অগ্নিহোত্রভক্ষণ মন্ত্রের অন্তর্গত) অন্ধ শব্দে [অন্ধর্মপ] প্রাণই প্রতিগরের কার্য্য করে। যে ইহা জানিয়া অগ্নিহোত্র হোস করে, আদিত্যের সাহায্যে তাহার মহাত্রত দিবসের [নিক্ষেবল্য] শস্ত্র পাঠের ফল হয়।

⁽১) সামংহোমে দেবগণ কজিক্, মধুষা ও অস্ত যাবতীয় জাগতিক পদার্থ দক্ষিণা। দক্ষিণাকপে দেবগণের হত্তে সমর্পিত হত্তে সমুষা রাজিকালে ঘুমাইরা পড়েও সম্পূর্ণভাবে দেবগণের
অধীন হয়। প্রতির্হামে মধুষাগণই ঋতিক্, দেবগণ ও জাগতিক পদার্থ উহিচ্চের নিকট প্রদত্ত
দিক্ষিণা। দিনের বেলায় দেবতারা মধুষার অধীন হইয়া তাহাদের হিত্সাধনার্থ নিমুক্ত থাকেন।

⁽ २) পরং পরে রেভোহসামু" এই মত্রে অগ্নিহোত্রের হবা ভক্ষণ করিতে হয়।

এই অগ্নিহোত্রে সংবংসর মধ্যে সায়ংকালীন আহুতি-সংখ্যা সাতশত বিশ; সংবংসরমধ্যে প্রাতঃকালীন আহুতি-সংখ্যাও সাতশত বিশ; এইরূপে আহুতিসংখ্যা [গবাময়ন যাগে] অগ্নির যজুর্মন্ত্রপূত ইফ্টকসংখ্যার সমান। সে কিলা জানিয়া অগ্নিহোত্র হোম করে, তাহার সংবংসরমধ্যে [গবাময়ন সত্ত্রের] চিত্য অগ্নিদারা যাগ করার ফল হয়।

চতুৰ্থ খণ্ড

অগ্নিহোত্র

তৎপর অগ্নিচোত্রের সময় সম্বন্ধে কথা—"বুষশুল্লো হ.....হোতব্যম্"

জাতৃকর্ণ্য (জতৃকর্ণের পোত্র) বাতাবত (বতাবতের পুত্র)
রুষশুস্ম 'ঋষি [অগ্নিহোত্রীদিগকে সম্বোধন করিয়া] বলিয়াছিলেন, পূর্বেব অগ্নিহোত্র ছুইদিনে আহুত হইত, এখন কিন্তু
একদিনেই হুইতেছে, ইহা দেবগণকে আমি বলিয়া দিব। '

গন্ধবিকর্ত্ব গৃহীতা কুমারী (কোন ঋষিকতা) এইরূপ বলিয়াছিলেন, পূর্বে অগ্নিহোত্র ছুইদিনে আহত হইত, এখন কিন্তু একদিনেই হইতেছে, ইহা আমি পিতৃগণকে বলিয়া দিব।

^{&#}x27;৩) গ্রাম্যন যাগারস্থে অভিরাত্তে উত্তর বেদি নির্মাণ করিতে হয়। উহাতে ১৪৪০খানি ইষ্ট্রুক আবশুক : প্রত্যেক ইষ্ট্রুকের স্থাপনায় পৃথক্ যজুর্মন্ত্র পঠিত হয়। এই বেদিতে স্থাপিত অধির নাম—চিত্য অধি।

⁽১) ব্যের ভার বলশালী (সারণ)

⁽২) প্রাচীন ঋ্বিরা হুই দিনে হোম করিভেন। আধুনিক কবিরা একদিনে করিতেছেন। ইহা অসুচিত। (সামণ)

[সূর্যা] অন্তগত হইলে সায়ং হোম করিলে ও অনুদিত থাকিতে প্রাতঃকালে হোম করিলে একদিনে অগ্নিহোত্রের হোম হয় ; আর অন্তগমনের পর সায়ংকালে ও উদয়ের পর প্রাতঃকালে হোম করিলে তুইদিনে হোম হয়।

এইজন্ম উদয়ের পরই হোম কর্ত্তব্য।

যে অনুদয়ে হোম করে, সে চব্বিশ বৎসরে গায়ত্রী লোক প্রাপ্ত হয়; আর যে উদয়ে হোম করে, সে বার বৎসরে প্রাপ্ত হয়। সে ব্যক্তি ছুই বৎসর অনুদয়ে হোম করিলে এক বৎসরে কৃত উদয়ে হোমের ফল হয়। যে ইহা জানিয়া উদয়ে হোম করে, সে সংবৎসরেই সংবৎসরের ফল পায়। এইজন্য উদয়ের পরই হোম কর্ত্তব্য।

বে অস্তগমনের পর দায়ংহোম করে ও উদয়ের পর প্রাতর্হোম করে, সে দিন ও রাত্রি উভয়ের তেজেই হোম করিয়া থাকে; কেননা রাত্রি অগ্নির তেজেই তেজস্বতী, আর দিন আদিত্যের তেজেই তেজস্বী। যে ইহা জানিয়া উদয়ের গার হোম করে, তাহার দিন রাত্রি উভয়ের তেজেই হোম করা হয়। সেইজন্য উদয়ের পরই হোম কর্ত্রবা।

পঞ্চম থণ্ড অগ্নিহোত্র

অগ্নিহোত্র সহক্ষে আরও কলা—"এতে হ বৈ……হোতব্যম্" এই যে দিন ও রাত্রি, উহা [রথরূপী] সংবৎসরের

⁽ ७) भाराजीत चक्तत्रमःशा हिस्तन ।

ছুইখানি চাকা। এ ছুয়ের সাহায্যেই সংবৎসর পাওয়া যায়।
এক চাকায় চলিলে যেরপে হয়, যে অনুদয়ে হোন করে,
সে যেন সেইরূপ। আর ছুই চাকায় চলিলে যেনন জ্রুতবেগে
পথ অতিক্রম করা চলে, যে উদয়ের পর হোন করে, সে
সেইরূপ। এই বিষয় লক্ষ্য করিয়া এই যজ্ঞগাথা গীত
ছুইয়া থাকেঃ—

"যাহা ভূত ও যাহা ভবিষ্যৎ, সে সমস্তই রহৎ ও রণ ুর এই [পৃষ্ঠস্তোত্রনিপ্পাদক] সামদ্বয়ে যুক্ত হইয়া চলিতেছে। ধীর ব্যক্তি অগ্নির আধান করিয়া ততুভয় দ্বারা যাগ করিবেন; দিবাভাগে একের (সূর্য্যের) হোম করিবেন, রাত্রিতে অন্যের (অগ্নির) হোম করিবেন।"

রাত্রির সহিত রথন্তরের সম্বন্ধ ও দিনের সহিত বৃহতের সম্বন্ধ; অগ্নিই রথন্তর ও আদিত্যই বৃহৎ। যে ইহা জানিয়া উদয়ের পর হোম করে, ঐ ছই দেবতা তাহাকে অগ্নের (আদিত্যের) স্থান স্বর্গলোক প্রাপ্ত করান। সেইজন্ম উদয়ের পরই হোম করিবে।

এই বিষয়ে [আর একটি] যজ্ঞগাথা গীত হইয়া থাকে:—
"দ্বিতীয় অশ্ব যোজনা না করিয়া যে ব্যক্তি একটিমাত্র
অশ্ব দ্বারা [রথ চালাইয়া] যায়, যেসকল ব্যক্তি উদয়ের
পূর্বেব হোম করে, তাহারাও সেইরূপ চলিয়া থাকে।"

এ জগতে যাহা কিছু আছে, তৎ সমস্তই ঐ [আদিত্য]

⁽২) যজগাথা যজ প্রতিপাদিকা গাথা। স্তাধিতত্বেন সবৈধনীয়মানা গাথা। (সারণ) (২) সমস্ত জগৎই (ভূত ও ভবিবাৎ) বৃহৎ ও রুধন্তবের রোগে চলিতেছে।

দেবতার পশ্চাৎ গমন করে; এই জন্ম জগতে যাহা কিছু আছে, তৎ সমস্তই এই দেবতার অমুচর; ঐ দেবতাও এইরূপে বহু-অমুচর-যুক্ত। বে ইহা জানে, সে অমুচর লাভ করে ও তাহার বহু অমুচর হয়।

ঐ স্থাদিত্য একমাত্র শতিথির ভায় হোমকর্ত্তার গৃহে ভিপস্থিত হইয়া \ বাস করেন। এ বিষয়ে একটি গাথা আছেঃ—

"যে চোর হইয়া পদ্মের মূল অপহরণ করিয়াছে, সে
নিষ্পাপ ব্যক্তির প্রতি পাপাপবাদের ফল ভোগ করুক, সে
পাপীর পাপের ফল ভোগ করুক, সে নায়ংকালে সমাগত
একমাত্র অতিথিকে [গৃহ হইতে] বাহির করার ফল
ভোগ করুক" ।

ঐ [গাথায় উক্ত] একমাত্র অতিথি ঐ আদিত্য । তিনিই হোমকারার নিকটে আসিয়া বাস করেন। যে ব্যক্তি আমি-হোত্রে সমর্থ হইয়াও অমিহোত্র হোম না করে, সে সেই [আতথিরূপী] দেবতাকে বাহির করিয়া দেয়। যে আমিহোত্রে সমর্থ হইয়াও অমিহোত্র হোম না করে, ঐ দেবতা তাহাকে এই লোক ও ঐ [স্বর্গ] লোক, উভয় লোক হইতেই বাহির করিয়া দেন। অতএব যে আমিহোত্রে সমর্থ, সে যেন হোম

⁽৩) এই বিবরে এই মর্মে শ্র*তি থাড়ে। স্থা সকলের প্রাণ গ্রহণ করিয়া অন্ত বান ও সকলের প্রাণ গ্রহণ করিয়া উপিত হন।

⁽ ৪) কোন খাজি, পাল্লের মূল (বিস) চুর করিয়াছে, এই অপবাদগ্রস্ত হইয়া সপ্তবিদের সমূপে আম্বাদোৰ কালনার্থ ঐ গাণাধার। শপ্য করিয়াছিল। সেই গাখা এছলে উদ্ধৃত হইছে। (সার্থ) এছলে উহার হৌজিক চা পরে দেখান হইতেছে।

করে। সেইজন্ম লোকে বলে যে, সায়ংকালে সমাগত অতিথিকে বাহির করিয়া দিবে না।

এইরপ শুনা যায়, যে জনশ্রুতের পুত্র নগরবাদী ঋষি এই তত্ত্ব জানিয়া উদয়ের পর হোমকারী মনুতন্ত্রর পৌত্র একাদশান্দের পুত্রকে লক্ষ্য করিয়া বলিয়াছিলেন, ইনি দেই তত্ত্ব জানিয়া হোম করেন, কি না জানিয়া হোম করেন, তাহা ইহার প্রজা (বংশর্দ্ধি) দেখিয়া স্থির করিব। দেই একাদশান্দের পুত্রের [বহু জনাকীর্ণ] রাষ্ট্রের মত বহু সন্তান হইয়াছিল। যে ঐ তত্ত্ব জানিয়া উদয়ের পর হোম করে, তাহার রাষ্ট্রের মতই বহু সন্তান জন্মে। এই হেতু উদয়ের পরই হোম করিবে।

ষষ্ঠ খণ্ড অগ্নিহোত্র

অগ্নিহোত্র সম্বন্ধে অন্তান্ত কথা—"উত্তন্নু-----এযামিতি"

আদিত্য উদয়ের পরই [হব্যার্থী হইয়া] আহবনীয়ে আপন রশ্মি যোজনা করেন। যে অনুদয়ে হোম করে, সে যেন [ভূমিষ্ঠ হইবার পূর্কেই] অজাত বালককে বা বৎসকে স্তন দিয়া থাকে। যে উদয়ে হোম করে, সে যেন জাত বালককে বা বৎসকে স্তন দেয়। যে ব্যক্তি [উদিত] সূর্য্যকে হব্যদান করে, ভক্ষণীয় অন্ধ উভয় লোকেই, ইহলোক ও স্থানোক উভয় লোকেই, তাহার নিকট উপস্থিত হয়।

যে ব্যক্তি অনুদরে হোম করে, সে যেন মনুষ্যকে বা হস্তীকে হস্ত প্রদারণের পূর্ব্বেই [খাছ্য] দান করিতে যায়। আর যে উদয়ে হোম করে, সে যেন মনুষ্যকে বা হস্তীকে হস্তপ্রসারণের পর [খাছ্য] দান করে। যে ইহা জানিয়া উদরের পর হোম করে, তাহাকে [আদিত্য] ঐ [হব্যগ্রহণার্থ প্রসারিত] হস্তদারা উর্দ্ধে তুলিয়া স্বর্গলোকে স্থাপন করেন। এই হেতু উদয়ের পরই হোম করিবে।

আদিত্য উদয়ের পরই সকল ভূতকে প্রণয়ন করেন (সকলকে চেফীযুক্ত করেন); এইজন্ম ইঁহার নাম প্রাণ। যে ইহা জানিয়া উদয়ের পর হোম করে, তাহার সমস্ত দ্রব্য প্রাণেই সাহুত হয়। অতএব উদয়ের পরই হোম করিবে।

যে ব্যক্তি সূর্য্য অস্তগমন করিলে সায়ংহোম করে, ও উদিত হইলে প্রাতর্হোম করে, সে সত্য মন্ত্র উচ্চারণ করিয়া সত্যেই হোম করে। "ভূভূবঃ স্বরোম্ অগ্রির্জ্যোতির্জ্যোতিরগ্রিঃ" বলিয়া সায়ংকালে এবং "ভূভূবঃ স্বরোম্ সূর্য্যো জ্যোতি-র্জ্যোতিঃ সূর্য্যঃ" এই বলিয়া প্রাতঃকালে হোম করা হয়। যেইহা জানিয়া উদয়ের পর হোম করে, তাহার সত্যমন্ত্র উচ্চারণ হয় ও সত্যে হোম হয়। অতএব উদয়ের পরই হোম করিবে।

এই উপলক্ষে এই যজ্ঞগাথা গীত হয় :—"যাহারা উদয়ের পূর্বে অগ্নিহোত্র হোম করে, তাহারা দিবাভাগে কীর্ত্তনীয় [সূর্ব্যের] রাত্রিতে কীর্ত্তন করিয়া প্রতিদিন প্রাতঃকালে অসত্য কহিয়া থাকে। কেননা, সূর্য্য জ্যোতিঃস্বরূপ; কিন্তু সে সময়ে (উদয়ের পূর্বের) সূর্য্যের সেই জ্যোতি থাকে না।

সপ্তম খণ্ড

প্রায়শ্চিত্ত

ব্যাহতি ধারা প্রায়শ্চিত্ত সম্পাদন যথা—" প্রজাপতিরকাময়ত • • • কর্ত্তবা।" প্রজাপতি কামনা করিলেন, আমি বহু হইয়া জন্মিব। তিনি তপস্থা করিলেন। তিনি তপস্থা করিয়া পৃথিবী, অন্তরিক ও ছ্যালোক, এই লোকসকল সৃষ্ঠি করিলেন; তৎপরে সেই লোকসকলের পর্য্যালোচন। করিলেন। ভাঁহার পর্য্যালোচনায় সেই লোকসকল হইতে তিনটি জোতি জন্মিল; পৃথিবী হইতে অগ্নি, অন্তরিক হইতে বায়ু, ও ত্যুলোক হইতে আদিত্য জুনাল। তথন তিনি মেই তিন জ্যোতির পর্যালোচনা করিলেন। তাঁহার পর্য্যালোচনায় তিন বেদ জন্মিল; অগ্নি হইতে ঋথেদ, বায়ু হইতে যজুর্বেদ, ও আদিতা হইতে সামবেদ জন্মিল। তথন তিনি সেই বেদের পর্যালোচনা করিলেন। তাঁহার পর্যালোচনায় দেই কে হইতে তিন শুক্র (জ্যোতিঃপদার্থ) জন্মিল; ঋথেদ হইতে ভূঃ, যজুর্নেদ হইতে ভুবঃ, সামবেদ হইতে স্বঃ জন্মিল। তথন তিনি সেই শুলের প্র্যালোচন। করিলেন। তাঁহার প্র্যালোচনায় তাহা হইতে তিন বর্ণ জন্মিল:—আকার, উকার ও মকার। তিনি সেই তিন বর্ণকে একত্র যোগ করিলেন; তাহাতে তাহা ওঁ হইল। এইজন্ম ও বলিয়াই প্রণব করে: ঐ মর্গলোকও ও-স্বরূপ; ঐ যে আদিত্য কাপ দেন, তিনিও ওঁ-স্বরূপ।

সেই এজাপতি যজ্ঞ বিস্তার করিলেন, যজ্ঞের আযোজন

করিলেন ও তদ্ধারা যাগ করিলেন। ঋক্ষারা হোতার কর্মা করিলেন, যজুঃ দারা অধ্বযুর কর্মা করিলেন, সামদ্বারা উদ্গীথ (উদ্গাতার কর্মা) করিলেন; এবং ত্রয়ীবিভার মধ্যে যাহা শুক্র (সারভূত), তদ্ধারা অক্ষার কর্মা করিলেন। সেই প্রজাপতি দেবগণকে যজ্ঞ দান করিলেন। দেবগণ যজ্ঞ বিস্তার করিলেন, যজ্ঞের আয়োজন করিলেন, তদ্ধারা যাগ করিলেন; তাহারা ঋক্ষারা হোতার কর্মা, যজুঃ দারা অধ্বযুর কর্মা, সামদ্বারা উদ্গীথ করিলেন, এবং ত্রয়ীবিভার যাহা শুক্র, তদ্ধারা অক্ষার কর্মা করিলেন।

সেই দেবগণ প্রজাপতিকে বলিলেন, যদি আমাদের যজে
থাক্ বা যজুং বা সাম মন্ত্র হইতে কোন আর্ত্তি (প্রমাদ)
ঘটে, অথবা আমাদের অজ্ঞাত কোন মন্ত্র হইতে আর্ত্তি
ঘটে, অথবা যদি সকলপ্রকার মন্ত্র হইতেই আর্ত্তি ঘটে, তাহা
হইলে কি প্রায়শ্চিত্ত হইবে ? সেই প্রজাপতি দেবগণকে
বলিলেন, যদি তোমাদের যজে ঋক্ হইতে আর্ত্তি ঘটে, তবে
ভূঃ এই মন্ত্রে গার্হপত্যে হোম করিবে; যদি যজুং হইতে
আর্ত্তি ঘটে, তবে আগ্রাপ্রীয়ে ভূবং মন্ত্রে হোম করিবে, অথবা
হবির্যজ্ঞস্থলে [আগ্রাপ্রীয়ের অভাবে] দক্ষিণাগ্রিতে ভূবং মন্ত্রে
হোম করিবে'; যদি সাম হইতে আর্ত্তি ঘটে, তবে আহবনীয়ে
স্বঃ মন্ত্রে হোম করিবে। যদি [আর্ত্তির কারণ] অজ্ঞাত হয়
বা সকল মন্ত্র হইতে আর্ত্তি ঘটে, তাহা হইলে ভূর্ভুবঃ সং মন্ত্র
উচ্চারণ করিয়া আহবনীয়ে হোম করিবে।

^{(&}gt;) হবিগতে আগ্নীপ্রায় থাকে না। অগ্নাধের, অগ্নিহোত্ত, দর্শপূর্ণমাস, চাতুর্মান্ত, দাক্ষারণ, কোওপায়িনামনন, সৌত্তামধ্য এই করটি ছবিগতে।

এই যে [তিনটি] ব্যাহৃতি, ইহারাই বেদের আন্তরিক সংযোগদাধনের উপায়। যেমন একদ্রব্য দারা অন্তদ্রব্য সংযুক্ত করা যায়, যেমন [হস্তপদাদির] এক পর্বদারা অন্ত পর্বর যুক্ত থাকে, শ্লেখাদারা [দেহের অন্ত ধাতু] যুক্ত হয়, চর্মাদারা চর্মাজদ্রব্য যুক্ত হয় অথবা ভগ্ন দ্রব্য যুক্ত হয়, দেইরূপ এই ব্যাহৃতিত্রয় যজ্ঞের ভগ্ন অঙ্গ যুক্ত করিয়া প্রায়শ্চিত্ত দাধন করে; অত এব ইহাকেই যজ্ঞে প্রায়শ্চিত্ত করিবে।

অফ্টম খণ্ড ব্রহ্মার কর্ত্তবা

মহাবদেরা (ব্রহ্মবাদীরা) প্রশ্ন করেন, ঋক্ষারা হোতার, যজুংদ্বারা অধ্বর্যুর এবং সামদ্বারা উল্গাথ কর্মা নিষ্পন্ন হয়; ত্রয়ী বিস্তা ইহাতেই সমাপ্ত হইল; তবে কিসের দ্বারা ব্রহ্মার কর্মা নিষ্পন্ন হইবে! [উত্তর] ত্রয়ী বিদ্যা দ্বারাই হইবে, এই উত্তর দিবে।

এই যিনি সঞ্চরিত হন, যজ্ঞ সেই বায়ুস্বরূপ; বাক্য ও মন সেই যজ্ঞের সঞ্চরণ পথ; কেন না বাক্যদ্বারা ও মনদ্বারা লোকে যজ্ঞে প্রবৃত্ত হয়। এই [ভূমি] বাক্যস্বরূপ; এই হেতু বাক্যরূপ ত্রেয়ীবিদ্যা দ্বারা যজ্ঞের এক পক্ষ (ভাগ) সংস্কৃত (স্থ্যস্পাদিত) হয়; এবং ব্রহ্মা মনদ্বারা [অন্য পক্ষ] সংস্কৃত করেন।

কোন কোন ব্রহ্মা [অধ্বয়ু কৈর্ত্তক] প্রাতরকুবাক পাঠে অনুজ্ঞার পর স্তোগভাগ নামক মন্ত্র জপ করিয়া কথা কহিতে কহিতেই সেখানে উপস্থিত থাকেন। এক ব্রাহ্মণ প্রাতরত্বাক পাঠে অনুজ্ঞার পর ব্রহ্মাকে কথা কহিতে দেখিয়া এ সম্বন্ধে বলিয়াছিলেন, এই যজের অর্দ্ধেক অন্তহিত হইয়াছে; সানুষে এক পায়ে হাঁটিতে গেলে অথবা রথ এক চাকায় চলিতে গেলে যেমন প্রমাদ লাভ করে, এই যজ্ঞও দেইরূপ প্রমাদ পাইতেছে; যজের প্রমাদের সঙ্গে যজ-মানেরও প্রমাদ ঘটিতেছে। এইহেতু ব্রহ্মা প্রাতরকুবাক পার্চে অনুজ্ঞার পর বাক্য সংযম করিবেন। উপাংশু ও অন্তর্যাম গ্রহে হোমের সময় হোমসমাপ্তি পর্যান্ত, প্রমানস্তোত্র পাঠের অনুজ্ঞার পর শেষ ঋকের পাঠ পর্য্যন্ত, আর যে সকল [আজ্যাদি] স্তোত্র শস্ত্রসমন্বিত, তাহাদের বষট্কার পর্যান্ত, বাক্য সংযম করিয়া থাকিবেন। তাহা হইলে মানুষে ছুই পায়ে হাঁটিলে বা রথ তুই চাকায় চলিলে যেমন কোন রিষ্টি ঘটে না, সেইরূপ যজের রিষ্টি (বিল্ল) হইবে না; যজের রিষ্টি না হইলে যজমানেরও রিষ্টি হইবে না।

নবম খণ্ড

ব্ৰহ্মার কর্ত্তব্য

এ বিষয়ে প্রশ্ন আছে :—ইনি আমার হিতার্থ [ঐক্রবায়বাদি] গ্রহ গ্রহণ করিয়াছেন, আমার জন্ম গ্রহ প্রচার করিয়াছেন,

^{(&}gt;) "রশ্মিরসি ক্রায় তা" ইত্যাদি ম**র**।

আমার জন্ম আহুতি দিয়াছেন, এই ভাবিয়া যজমান অধ্বর্যুকে দক্ষিণা দেন; ইনি আমার জন্ম উদ্গাতার কর্ম্ম করিয়াছেন, এই ভাবিয়া তিনি উদ্গাতাকে দক্ষিণা দেন; ইনি আমার জন্ম অনুবাক্যা পাঠ করিয়াছেন, আমার জন্ম শস্ত্রপাঠ করিয়াছেন, আমার জন্ম যাজ্যা পাঠ করিয়াছেন, এই ভাবিয়া তিনি হোতাকে দক্ষিণা দেন; ব্রহ্মা তবে কোন্ কর্ম্ম করিয়া দক্ষিণা লয়েন? অথবা বুঝি কোন কর্ম্ম না করিয়াই দক্ষিণা লয়েন!

িউত্তর] যিনি ব্রহ্মা, তিনি যজের ভিষক্ (চিকিৎসক); তিনি যজ্ঞের ভেষজ (বৈকল্যনাশ বা চিকিৎসা) করিয়া দক্ষিণা লন। আবার ব্রহ্মা ছন্দের (বেদের) সারভাগ বহুসংখ্যক ব্রহ্মবারা (বেদমন্ত্রদারা) ঋত্বিক্কর্ম করিদা থাকেন, এই জন্মই ইঁহার নাম ব্রহ্মা। ইনি অন্য ঋত্নিক্দের অগ্রেট্ অর্দ্ধভাগ পাইয়া থাকেন। [দিনিণাদপ্তমে] ব্রহ্মার ভাগ অর্দ্ধেক, অন্য ঋত্বিকের ভাগ অর্দ্ধেক। সেইজন্ম যদি যজে ঋক্ হইতে বা যজুঃ হইতে বা দাম হইতে অথবা কোন অজ্ঞাত মন্ত্ৰ হইতে ⁻ অথবা দকলপ্রকার মন্ত্র হইতে আর্ত্তি ঘটে, তবে [অ্যান্ড ঋত্বিকেরা] ভ্রন্সাকেই তাহা জ্ঞাপন করেন ; এবং দেই ভ্রন্সা, যজ্ঞে ঋক্ হইতে আর্ত্তি ঘটিলে ভূঃ মন্ত্রদারা গার্হপত্যে, যজুঃ হইতে ঘটিলে ভুবঃ মন্ত্রদারা আগ্নীধ্রীয়ে, অথবা হবির্যজ্ঞসংলে দক্ষিণাগ্নিতে, সাম হইতে ঘটিলে স্বঃ মন্ত্রদারা আহবনীয়ে, কোন অজ্ঞাত কারণে আর্ত্তি ঘটিলে বা সকলপ্রকার মন্ত্র হইতে অার্ত্তি ঘটিলে ভূভুবিঃ স্বঃ মন্ত্রদারা আহবনীয়ে হোম कतिरवन ।

অধ্বর্যুকর্তৃক স্তোত্রপাঠে অমুজ্ঞার পর প্রস্তোতা

(তন্নামক উদ্যাতা) ব্রহ্মাকে বলিবেন, অহে ব্রহ্মা, অহে প্রশাস্তা, [তোমার অনুজ্ঞা পাইলে] আমরা স্তোত্র গান করিব। প্রাতঃসবনে ব্রহ্মা "ভূঃ" উচ্চারণান্তে বলিবেন, ইন্দ্রনৈবত স্তোত্র গান কর। মাধ্যদিন সবনে "ভূবঃ" উচ্চারণাত্তে বলিবেন, ইন্দ্রনৈবত স্তোত্র গান কর। তৃতীয় সবনে "ষঃ" উচ্চারণান্তে বলিবেন, ইন্দ্রনৈবত স্তোত্র গান কর। উক্থ্যে বা অতিরাত্রে "ভূভূবঃ ষঃ" উচ্চারণ করিয়া বলিবেন, ইন্দ্রনৈবত স্তোত্র গান কর, ব্রহ্মা এই অনুজ্ঞা দিলে তদ্ধারা সেই উদ্যাথকে (স্তোত্রকে) ইন্দ্রন করা হয় এবং উহা ইন্দ্র ইন্তে অপগত হয় না; কেননা ইন্দ্রই যজ্ঞা, ইন্দ্রই যজ্ঞের দেবতা। এই জন্মই তাঁহাদের প্রতি ব্রহ্মা বলিয়া থাকেন যে ইন্দ্রনৈবত স্তোত্র গান কর।

ষ্ট পঞ্চিকা

ষড়বিংশ অধ্যায়

প্রথম খণ্ড

গ্রাবস্তুতের কর্ত্ব্য

অপ্লিষ্টোম যজ্ঞে ব্রহ্মার কর্ত্তব্য নির্দিষ্ট হইল। অস্থান্ত ঋতিকের কর্তব্য ষধা—"দেবা হ বৈ·····এবং বেদ"

দেবগণ পুরাকালে সর্বচরুনামক দেশে সত্র অনুষ্ঠান করিয়াছিলেন; কিন্তু তাঁহারা পাপনাশ করিতে পারেন নাই। কদ্রুর পুত্র অর্ব্রুদ নামক মন্ত্রদ্রন্থী সর্প-ঋষি তাঁহাদিগকে বলিয়াছিলেন, তোমরা হোতার কর্ত্তব্য একটি ক্রিয়া কর নাই, আমি তোমাদের জন্ম ঐ ক্রিয়া করিব; তাহা হইলে তোমরা পাপ নাশ করিতে পারিবে। দেবগণ বলিলেন, তাহাই হউক। তখন সেই ঋষি প্রতিদিন মাধ্যন্দিন সময়ে তাঁহাদের নিকট আসিতেন ও [সোমের অভিষবার্থ রক্ষিত] গ্রাবখণ্ডের (পাষাণখণ্ডের) অভিষ্টব (স্তুতি পাঠ) করিতেন। সেইহেতু ঐ সর্পশ্লিষর অনুকরণে ঋত্বিকেরাও প্রতিদিন মাধ্যন্দিনে গ্রাবখ্ণু সকলের অভিষ্টব করিয়া থাকেন। সেই সর্পশ্লিষ যে পথে আসিতেন, সেই স্থানে এখনও অর্ব্বুদোদাসর্পণী নামক পথ রহিয়াছে।

[দর্পঋষির বিষে মাদকত্ব পাইয়া] রাজা সোম দেবগণের

মন্ততা উৎপাদন করিয়াছিলেন। দেবগণ বলিলেন, হায়, এই আশীবিষ (দর্প) আমাদের রাজা সোমের প্রতি দৃষ্টি দিতেছে; উষ্ণীষ দ্বারা ইহার চোথ বাঁধিয়া দেওয়া যাক্। তাহাই হউক বলিয়া তাঁহারা উষ্ণীষদ্বারা দেই ঋষির চোথ বাঁধিয়া দিয়াছিলেন। সেই জন্মই ঐ ঘটনার অনুকরণে ঋত্বিকেরা উষ্ণীষদ্বারা মুথ বেষ্টন করিয়া গ্রাবস্তুতি করিয়া থাকেন।

সেই রাজা সোম পুনরায় দেবগণের মন্ততা উৎপাদন করিয়াছিলেন। তথন দেবগণ বলিলেন, হায়, এই ঋষি স্বকীয়া মন্ত্রদারা প্রাবস্তুতি করিতেছেন, আমরা ঐ মন্ত্রকে অন্য ঋকৃদ্বারা সম্পৃক্ত করিব। তাহাই হউক বলিয়া তাঁহারা ঐ সর্প-ঋষির মন্ত্রকে অন্য মন্ত্রদারা সম্পৃক্ত (যুক্ত) করিয়াছিলেন। তাহাতে রাজা সোম দেবগণের মন্ততা উৎপাদন করিতে পারিলেন না। এইজন্য শান্তির উদ্দেশে ঐ সর্পঋষির মন্ত্রকে অন্য মন্ত্রদারা সম্পৃক্ত করিবে।

এইরপে দেবগণ পাপ নাশ করিয়াছিলেন; ভাঁহাদের পশ্চাৎ সর্পগণও পাপ নাশ করিয়াছিল। এই সর্পেরা আপনা-দের পূর্ববর্তী জীর্ণ ত্বক্ পরিত্যাগ করিয়া নৃতন ত্বক্ ধারণ করিয়া পাপহীন হইয়া বিচরণ করে। যে ইহা জানে, সেও পাপ নাশ করে।

^{(&}gt;) সর্পন্ধবি অর্থা,দ "থ্রেডে বদন্ত প্রাবদ্ধ বদান" ইত্যাদি দশন মণ্ডলের ২০ শ্রেডর ফ্রন্তা। গ্রামন্তভিতে ঐ শ্রেড প্রযুক্ত হয়। উহার পান্তির রাজ্য "আপ্যারাশ সমেডু তে" (১১৯১১১৬) বার পঠিত হয়।

দ্বিতীয় খণ্ড

গ্রাবস্তুতের কর্ত্তব্য

গ্রাবস্তুতিবিষয়ক মন্ত্রাদি যথা—"তদাত্র:প্রতিপ্রতে"

এ সম্বন্ধে প্রশ্ন আছে:—কতগুলি মন্ত্র দারা গ্রাবস্তুতি করিবে? [উত্তর] শত মন্ত্রদারা, এই উত্তর দেওয়া হয়। কেননা, মনুষ্য শতায়ু, শতবীর্ষ্য ও শতেন্দ্রিয়; এতদ্বারা যজ্যানকে আয়ুতে, বীর্ষ্যে ও ইন্দ্রিয়ে প্রতিষ্ঠিত করা হয়।

কেহ কেহ বলেন, তেত্রিশ সন্ত্রদারা স্তুতি করিবে। কেননা, দেবতা তেত্রিশ জন এবং সেই [অবুদ] ঋষি তেত্রিশ জন দেবতার পাপ নাশ করিয়াছিলেন।

কেহ বলেন, অপরিমিত (বহু সংখ্যক) মন্ত্রদারা স্তৃতি করিবে। কেননা, প্রজাপতি অপরিমিত (সর্ক্রশক্তিমান্); আর এই প্রাবস্তুতি সম্বন্ধে হোতৃকর্মপ্ত প্রজাপতির সম্বন্ধযুক্ত। অপরিমিত মন্ত্রদারা স্তৃতি করিলে এই ক্রিয়াতে সকল কামনা লাভ করা যায় ও সকল কামনার প্রাপ্তি ঘটে। যে ইহা, জানে, সে সকল কামনা লাভ করে। সেইজন্য অপরিমিত মন্ত্রদারাই স্তৃতি করিবে।

এ বিষয়ে আরও প্রশ্ন আছে:—কি রূপে স্তুতি পাঠ করিবে? প্রতি অক্যরের পর বিরাম দিবে? না চারি অক্যর পরে? না প্রতি চরণ পরে? না অর্দ্ধঋক্ পরে? না প্রতি ঋকের পরে? [উত্তর] প্রতি ঋকের পর বিরাম সম্ভবপর হয় না; প্রতি

⁽১) অষ্ট্র বহা, একানশ রুল, ঘানশ আবিতা, প্রসাণতি ও ব্যট্কার এই তেলিশ জন। (সামা)

চরণের পর বিরামও সম্ভবপর হয় না; প্রতি অক্ষরের পর বা চারি অক্ষরের পর বিরাম দিলে ছন্দোভঙ্গ হয় ও বহু অক্ষর কমিরা যায়; এইজন্ম অর্দ্ধ ঋকের পরই বিরাম দিবে। তাহাতে প্রতিষ্ঠা ঘটিবে। মনুষ্য ছইপদে প্রতিষ্ঠিত; পশুগণ চতুষ্পদ; এতদ্বারা ছইপদে প্রতিষ্ঠিত যজমানকে চতুষ্পদ পশুতে প্রতিষ্ঠিত করা হয়; এইজন্ম অর্দ্ধাক্ পরেই বিরাম দিয়া স্তুতি পাঠ করিবে।

এ বিষয়ে আবার প্রশ্ন আছে:—যদি প্রতিদিন কেবল মাধ্যন্দিন সবনেই প্রাবস্তুতি হয়, তাহা হইলে অন্য হুই সবনে অভিন্টব কিরূপে দিদ্ধ হইবে ? [উত্তর] প্রাতঃসবনে গায়ত্রীর প্রয়োগ আছে; সেই জন্ম প্রাতঃসবনে গায়ত্রীদ্বারাই অভিন্টব দিদ্ধ হয়; তৃতীয় সবনে জগতীর প্রয়োগ আছে, সেই জন্ম তৃতীয় সবনে জগতীদ্বারাই অভিন্টব দিদ্ধ হয়। যে ইহা জানে, সে প্রতি নাধ্যন্দিনে গ্রাবস্তুতি করিলে সকল সবনেই তাহার অভিন্টব দিদ্ধ হয়।

এ বিষয়ে আবার প্রশ্ন আছে :—অধ্বর্যু অন্তান্ত ঋত্বিক্কে প্রৈষমন্ত্রনারা [স্তুতিপাঠাদিতে] প্রেষণ (অনুজ্ঞা) করেন, তবে এন্থলে গ্রাবস্তুৎ কেন ঐরূপে [অধ্বর্যু কর্তৃক] প্রেষত না হইয়াই পাঠ আরম্ভ করিয়া থাকেন ? [উত্তর] গ্রাবস্তুতি-সম্বন্ধীয় ঋক্ মনঃস্বরূপ; মন কাহারও প্রেষণার অপেক্ষারাথে না (স্বতঃপ্রন্ত হইয়াই কার্য্য করে)। সেই জন্য গ্রাবস্তুৎ প্রেষতি না হইয়াই স্তুতিপাঠ আরম্ভ করেন।

তৃতীয় খণ্ড

মুব্রহ্মণ্যের কর্ত্তব্য

গ্রাবন্ধতের কর্ত্তব্য বিহিত হইল। এখন স্কুত্রন্ধণ্যোক্ত কর্ত্তব্য বিধান—"ৰাগ্ বৈ স্কুত্রন্ধণ্যা…প্রতিষ্ঠাপয়তি"

স্থবেশ্বণ্যা (তন্নামক নিগদ মন্ত্র)' বাক্যস্বরূপ; রাজা সোম [ধেমুরূপী] স্থব্রশাণ্যার বৎসস্বরূপ; সেই জন্ম যেমন বৎস (বাছুর) দেখাইয়া ধেমুকে [নিকটে] আহ্বান করা হয়, সেইরূপ রাজা সোমের ক্রয়ের পর স্থব্রশাণ্যাকে আহ্বান করিবে (ঐ নিগদ পাঠ করিবে)। এতদ্বারা যজমানের সকল কামনাকেই দোহন করা হইবে। যে ইহা জানে, সে যজমানের জন্ম সকল কামনাই দোহন করিয়া থাকে।

এ বিষয়ে প্রশ্ন আছে,—হ্রেশ্বনার হ্রেশ্বনা নামের কারণ কি ? [উত্তর] উহা বাক্ষরপ, এই উত্তর দিবে। বাক্যই ত্রন্ধা এবং হ্রেশ্বনা (বেদবাক্যের সার)।

আরও প্রশ্ন আছে,—এ [নিগদ] পুংলিঙ্গ ইইলেও উহার কেন স্ত্রীলিঙ্গবিশিষ্ট নাম দেওয়া হয় ? [উত্তর] স্থ্রক্ষণ্যাই বাক্ [তন্নান্নী স্ত্রীদেবতা], এই জন্ম ঐ নাম; এই উত্তর দিবে।

আবার প্রশ্ন হয়,—অন্যান্য ঋত্বিকে বেদির অভ্যন্তরে ঋত্বিক্কর্ম করেন, কিন্ত [স্থপ্রহ্মণ্য কর্তৃক] স্থপ্রহ্মণ্যার আহ্বান বৈদির বাহিরে হয়; ইহাতে ইহারও ঋত্বিক্-কর্ম বেদির অভ্যন্তরে কিরুপে সিদ্ধ হয়! [উত্তর] উৎকর (আবর্জ্জনা)

^{(&}gt;) "देख जानष्ट रविय जानष्ट" देखापि निनरम्य नाम स्वस्ता।। (रेख॰ जान : ১।১२।७-८)

বেদির নিকট হইতেই আনিয়া বাহিরে [উৎকরনামক স্থানে]
ফেলা হয়; ইনি (স্ব্রহ্মণ্য নামক ঋত্বিক্) উৎকরে দাঁড়াইয়াই
স্ব্রহ্মণ্যা আহ্বান করেন; সেইহেডু [বেদির অভ্যন্তরে থাকাই
সিদ্ধ হয়]; এই উত্তর দিবে।

এ বিষয়ে প্রশ্ন আছে,—[আহবনীয় ত্যাগ করিয়া] উৎকরে
দাঁড়াইয়া কেন স্থব্রহ্মণ্যার আহ্বান হয় ? [উত্তর] ঋষিগণ
পূর্ব্বে সত্র অনুষ্ঠান করিয়াছিলেন; তাঁহাদের মধ্যে যিনি
সর্বাপেক্ষা বৃদ্ধ ছিলেন, তাঁহাকে বলা হইল, তুমি স্থব্রহ্মণ্যা
আহ্বান কর; তুমি [বার্দ্ধক্যহেতু অত্যের তুলনায় দেবগণের] প্
অতি নিকটে বর্ত্তমান, এইজন্য তুমিই দেবগণের আহ্বানে সমর্থ
হইবে। এইজন্য সর্বাপেক্ষা বৃদ্ধকেও স্থব্রহ্মণ্যা আহ্বানে
নিযুক্ত করা হয়, এতদ্বারা সমস্ত বেদিকেও তুই করা হয়।

আরও প্রশ্ন আছে, ইহাকে (স্থ্রহ্মণ্যকে) [গাভী না দিয়া] ব্যভ দক্ষিণা দেওয়া হয় কেন ? [উত্তর] ব্যভ পুরুষ, আর স্থ্রহ্মণ্যা স্ত্রী; এইরূপ উহা মিথুন হয় ও মিথুনদারা সন্তানোৎপত্তি ঘটে।

আগ্নীপ্র [-নামক] ঋত্বিক্ উপাংশু (মৃত্ব্বরে মন্ত্রোচ্চারণ করিয়া) পাত্নীবতে (তন্নামক গ্রহে) যাগ করেন। এই পাত্নীবতগ্রহ রেতঃস্বরূপ; রেতঃসেকও উপাংশু (নিঃশব্দে) ঘটিয়া থাকে। [পাত্নীবত গ্রহ্যাগে] অনুব্রট্কার করিবে না; এই যে অনুব্রট্কার, ইহা [হোমের] সমাপ্তিসূচক; প্ররূপ করিলে রেতঃগেকেরও সমাপ্তি ঘটিবার আশঙ্কা ঘটে।

 ^{(&}gt;) ববট্কার হোমের পব "অংগ বীহি" মত্রে অমুববটকার হোম হয় (পুর্ব্বে য়েও)।

রেতঃদেক অসমাপ্ত হইলেই যজমান সমৃদ্ধ (অপত্যোৎপাদনে সমর্থ) হয়। সেইজন্ম অনুব্যট্কার করিবে না।

[আগ্নীপ্ত নামক ঋত্বিক্] নেফার (তন্নামক ঋত্বিকের)
নিকটে বিদিয়া [হবিঃশেষ] ভক্ষণ করেন। নেফার সহিত
[যজমানের] পত্নীর সম্বন্ধ আছে। এতদ্বারা অগ্নিস্বরূপ ঋত্বিক্
(অর্থাৎ আগ্নীপ্ত) কর্ত্ত্বক পত্নীতেই সন্তানোৎপত্তির উদ্দেশে
রেতঃসেকের ফল হয়। ইহাতে অগ্নিদারা রেতঃসেক ঘটে ও
সন্তানোৎপাদন ঘটে। যে ইহা জানে, সে প্রজা ও পশুদারা
সমৃদ্ধ হয়।

দক্ষিণার পর স্থব্রহ্মণ্যা সমাপ্ত হয়। স্থব্রহ্মণ্যা বাক্য এবং দক্ষিণা অন্ন। এতদ্বারা [যজ্ঞের] সমাপ্তিকালে যজ্ঞকেও বাক্যে ও ভক্ষণীয় অন্নে প্রতিষ্ঠিত করা হয়।

সপ্তবিংশ অধ্যায়

প্রথম খণ্ড

হোত্রকগণের কর্ম্ম

গ্রাবস্ত্বং ও প্রব্রহ্মণ্যের কর্ত্তব্য উক্ত হইল। এখন মৈত্রাবরূপ, প্রাহ্মণাচ্ছংশী ও অচ্চাবাক নামক হোত্রকগণের পাঠ্য শস্ত্রনির্দ্দেশ যথা—"দেবা বৈ……কুর্বন্তি" দেবগণ যক্ত বিস্তার করিয়াছিলেন। যজ্ঞবিস্তারে নিযুক্ত

⁽२) त्नेष्ठी यक्षशात्नत्र शक्रीत्क यक्कद्रत्व व्यानम् करत्रन।

দেবগণের নিকট অস্থরের। ইহাদের বক্ত নন্ট করিব এই উদ্দেশে আসিয়াছিল। [দেববজনের] দিনগদেশকে জুর্বল মনে করিয়া অস্থরেরা সেইখানে দেবগণের নিকট উপস্থিত হইয়াছিল। দেবগণ তাহা বুঝিতে পারিয়া সেই দিনগদেশে মিত্র ও বরুণকে স্থাপন করিয়াছিলেন। মিত্র ও বরুণ প্রোতঃসবনে দিনগদিক হইতে অস্তরগণকে ও রাজসগণকে অপসারিত করিয়াছিলেন। সেইজন্ম যজমানেরাও এরূপ করিয়া থাকেন, এবং মৈত্রাবরুণ প্রাতঃসবনে মিত্রাবরুণ-দৈবত শস্ত্র পাঠ করেন; কেননা, দেবগণ মিত্র ও বরুণের সাহারেয়ই প্রাতঃসবনে দিনগদিক হইতে অস্তরগণকে ও রাজসগণকে অপসারিত করিয়াছিলেন।

দিদিণ দিক্ হইতে অপসারিত হইয়া অস্থরেরা [দেবযজন দেশের] মধ্যদেশে গিয়া যজ্ঞে প্রবেশ করিতে উদ্যোগ করিয়েছিল। দেবগণ তাহা বুবিতে পারিয়া ইন্রকে মধ্যস্থলে । স্থাপন করিয়াছিলেন। তাহারা ইন্রের সাহাব্যেই প্রাতঃস্বনে মধ্যদেশ হইতে অস্তরগণকে ও রাক্রসগণকে অপসারিত করিয়াছিলেন। সেইজ্যু যজ্মানেরাও ইল্রের সাহাব্যেই প্রাতঃসবনে মধ্যস্থল হইতে অস্তরগণকে ও রাক্রসগণকে অপসারিত করিয়া থাকেন, এবং ব্রাহ্মণাচ্ছংদা প্রাতঃসবনে ইন্রেদৈবত শস্ত্র পাঠ করেন; কেননা ইন্রের সাহাব্যেই দেবগণ প্রাতঃসবনে মধ্যদেশ হইতে অস্তরগণকে ও রাক্রসগণকে প্রাতঃসবনে মধ্যদেশ হইতে অস্তরগণকে ও রাক্রসগণকে অপসারিত করিয়াছিলেন।

মধ্যদেশ হইতে অপনারিত হইয়া অস্তরেরা উত্তর দিক্ শিয়া যজ্ঞে প্রবেশ করিয়াছিল। দেবগণ তাহা বুঝিতে পারিয়া ইন্দ্রকে ও অগ্নিকে উত্তর দিকে স্থাপন করিয়াছিলেন। তাঁহারা ইন্দ্রের ও অগ্নির সাহায্যেই প্রাতঃসবনে উত্তর দিক্ হইতে অস্তরগণকে ও রাক্ষসগণকে অপসারিত করিয়াছিলেন। সেইজন্ম যজমানেরাও ঐরপ করেন এবং অচ্ছাবাক প্রাতঃসবনে ইন্দ্রাগ্রি-দৈবত শস্ত্র পাঠ করেন; কেননা দেবগণ ইন্দ্রের ও অগ্নির সাহায্যেই প্রাতঃসবনে উত্তর দিক্ হইতে অস্তরগণকে ও রাক্ষসগণকে অপসারিত করিয়াছিলেন।

উত্তর দিক্ হইতে অপসারিত হইয়। অস্তরেরা সসৈন্যে পুর্ববিদিক্ হইতে আক্রমণ করিয়াছিল। দেবগণ তাহা বুঝিতে পারিয়া অগ্লিকে প্রাতঃসবনে পূর্ব্যদিকে স্থাপন করিয়াছিলেন। তাঁহারা অগ্লির সাহাব্যেই প্রাতঃসবনে পূর্ব্যদিক্ হইতে অস্তরগণকে ও রাক্রসগণকে অপসারিত করিয়াছিলেন। সেইরূপ যজ্মানেরাও অগ্লির সাহাব্যেই প্রাতঃসবনে পুর্ব্যদিক্ হইতে অস্তরগণকে ও রাক্ষ্যগণকে অপসারিত করিয়া থাকেন। সেইজন্য প্রাতঃসবনের দেবতা অগ্লি। যে ইহা জানে, সে পাপ নাশ করিতে সমর্থ হয়।

পূর্ব্বদিক্ হইতে অপসারিত হইয়া অস্তরগণ পশ্চিম দিক্
দিয়া যজ্ঞপ্রবেশের চেন্টা করিয়াছিল। দেবগণ তাহা বুঝিতে
পারিয়া তাঁহাদের আত্মস্বরূপ বিপ্নদেবগণকে ভৃতীয়সবনে
পশ্চিম দিকে স্থাপন করিয়াছিলেন। তাঁহারা আত্মস্বরূপ
বিশ্বদেবগণের সাহায্যে ভৃতীয়সবনে পশ্চিম দিক্ হইতে
অস্তর্গণকে ও রাক্ষসগণকে অপসারিত করিয়াছিলেন।
সেইরূপ যজনানেরাও আত্মস্বরূপ বিশ্বদেবগণের
সাহায্যেই ভৃতীয়সবনে পশ্চিম দিক্ হইতে অস্তর্গণকে ও

রাক্ষসগণকে অপশারিত করেন। সেইজন্য তৃতীয়সবনে দেবতা বিশ্বদেবগণ। যে ইহা জানে, সে পাপনাশে সমর্থ হয়।

সেই দেবগণ এইরূপে অস্থরগণকে সমস্ত যজ্ঞ হইতে অপসারিত করিয়াছিলেন; তথন দেবগণের জয় ও অস্থরগণের পরাভব হইয়াছিল। যে ইহা জানে, সে নিজে জয়লাভ করে ও তাহার দ্বেফী সনিফকারী শক্র পরাভূত হয়।

সেই দেবগণ এইরূপে রক্ষিত যজ্ঞদারা পাপী অস্ত্ররগণকে অপসারিত করিয়া স্বর্গলোক জয় করিয়াছিলেন। যে ইহা জানে এবং যে ইহা জানিয়া সবনসকল কল্পনা করে, সে দেন্টা ও অনিন্টকারী শক্রকে অপসারিত করে ও স্বর্গলোক জয় করে।

দ্বিতীয় খণ্ড হোতকগণের কর্ম্ম

, পৃষ্ঠাসভ্তাদি যজে বিশেষ বিধান যথা—"স্তোত্রিয়ং-----কুর্নস্তি"

পৃষ্ঠ্যষড়হের প্রাতঃসবনে হোত্রকগণের শস্ত্রপাঠকালে]
[পরদিনের] স্তোত্তিয় ত্যুচকে [পূর্ব্বদিনের] স্তোত্তিয়
ত্যুচের অনুরূপ করিবে। ইহাতে পরদিনের অনুষ্ঠানকে
পূর্ব্বদিনের অনুষ্ঠানের অনুরূপ করা হয় ও পূর্ব্বদিনকে অভিমুখ
রাখিয়া পরদিনের অনুষ্ঠান আরম্ভ করা হয়।

⁽১) যে জ্বাচে সামগায়ীর। স্থোত্র নিপাদন করেন, তাহাই স্থোত্রিয় জ্বাচ। প্র্রিদিনে জ্বাচের যে ছন্দ ও যে দেবতা. প্রদিনের জ্বাচেও সেই ছন্দ ও সেই দেবতা থাকিলে উহা অনুশ্রপ হইবে:

কিন্ত মাধ্যন্দিনে ঐরপ করিবে না। মাধ্যন্দিনের পৃষ্ঠস্থোত্রসকল শ্রীস্বরূপ, অতএব [প্রাতঃসবনের] স্তোত্তের সদৃশ নহে; সেই জন্ম [মাধ্যন্দিনে] [পর দিনের] স্তোত্তির [পূর্ব্বদিনের] স্তোত্তিয়ের অনুরূপ হয় না।

সেইরূপ তৃতীয়সবনেও [পরদিনের] স্থোত্রিয় [পূর্ব্ব-দিনের] স্থোত্রিয়ের অনুরূপ হয় না।

ভূতীয় খণ্ড

হোত্রকগণের কর্ম্ম

তৎপরে হোত্রকপাঠ্য শবের মন্ব বর্ণা—"অপাতঃ..... অভিদন্তর্নিত্ত"

তদনতর (স্তোতিয়ালুরূপের পর) শস্তারম্ভের মন্ত্র পাঠ
করিবে। নৈত্রাবরুণের শস্ত্রে "ঋজুনীতা নো বরুণঃ" ' এই
মন্ত্রে "মিত্রো নয়তু বিদ্বান্" এই চরণ আছে। এই যে
মৈত্রাবরুণ, ইনি হোত্রকগণের প্রণেতা (প্রবর্ত্তক); সেই
জন্ম ঐ মন্ত্রে প্রণেত্রাচক ["নয়তু"] পদ রহিয়াছে।
ব্রাহ্মণাচ্ছংসীর শস্ত্রে "ইন্দ্রং বো বিশ্বতস্পরি" ' এই মন্ত্রে
"হ্বামহে জনেত্য ইতীক্রম্" এই চরণ থাকায় এতদ্বারা
প্রতিদিন ইন্দ্রকেই আহ্বান করা হয়। যে স্থলে ইহা জানিয়া
ব্যাহ্মণাচ্ছংসা প্রতিদিন এই মন্ত্র পাঠ করেন, সেখানে
যজ্মানগণের যক্তে কেহ ইন্দ্রের আগমনে ব্যাহ্মাত দিতে
পারে না।

^{()) 249.12 (2) 21012.1}

অচ্ছাবাকের শস্ত্রে "যৎ সোম আ স্থতে নরঃ" ' এই মন্ত্রে "ইন্দ্রার্মী অজোহবুঃ" এই চরণ থাকায় এই মন্ত্রদ্রারা প্রতিদিন ইন্দ্রের ও অগ্নিরই আহ্বান হয়। যে স্থলে ইহা জানিয়া অচ্ছাবাক প্রতিদিন এই মন্ত্র পাঠ করেন, সেথানে যজমানের যজ্ঞে ইন্দ্রাগ্রির আগমনে কেহ ব্যাগাত দিতে পারে না।

ঐ মন্ত্রগুলি স্বর্গলোকে পার করিবার জন্ম নৌকাস্বরূপ; এতদ্বারা স্বর্গলোকের অভিমুখেই উত্তীর্ণ হওয়া যায়।

চতুৰ্থ খণ্ড

হোত্রকগণের কর্ম্ম

অনন্তর হোত্রকপাঠ্য শ্রুসমূহের সমাপন্মন্তনির্দেশ যথা—"অথাতঃ… এবং বেদ"

অনন্তর [শস্ত্র-] সমাপনের মন্ত্র বলা যাইতেছে।
সৈত্রাবরুণের শস্ত্রের শেষ মন্ত্র "তে স্থাম দেব বরুণ" ' মধ্যে
যে "ইযং স্বশ্চ ধীমহি" চরণ আছে, উহার "ইয" শব্দে
এই ভূলোক ও "স্বঃ" শব্দে স্বর্গলোক বুঝাইতেছে; এতদ্বারা এই ছই লোকই প্রাপ্ত হওয়া যায়। ব্রাহ্মাণাচ্ছংদীর শস্ত্রে
"ব্যন্তরিক্তমতিরং" ইত্যাদি মন্ত্রে যে ত্র্যাচ নিম্পন্ন হয়, উহাতে
"বি" শব্দ থাকায় যজমানের উদ্দেশে স্বর্গলোককে বির্তু করা
হয় (খুলিয়া দেওয়া হয়)। ঐ ঋকে "মদে সোমস্ত রোচনা"

^{(0) 912613 · 1}

^{(&}gt;) 914612 (2) +13419 ()

এবং "ইন্দ্রো যদভিনদ্বলম্" এই তুই চরণ আছে। যজনানেরা [যজে] দীক্ষিত হইলে ফলকামী (জয়কামা) হইয়া থাকেন; সেই জন্ম এই [ইন্দ্রুকর্ত্বক পরাজিত] বলের (তন্নামক অন্তরের) নামযুক্ত মন্ত্র প্রযুক্ত হয়। [ঐ ত্যুচের অন্তর্গত দিতীয় মন্ত্র] "উদ্গা আজদঙ্গিরোভ্যঃ আবিদ্ধণুন্ গুহা সতীঃ। অর্কাঞ্চং সুসুদে বলম্" '—[বলের] গুহা আবিন্ধার করিয়া [ইন্দ্র] গাভীগণকে অঙ্গিরোগণের সমীপে প্রেরণ করিয়াছিলেন এবং অতিনীচ বলকে হত্যা করিয়াছিলেন এই মন্ত্রদারা যজমানদিগের ধন রক্ষা হয়। [ঐ তৃতীয় ঋকে] "ইন্দ্রেণ রোচনা দিবঃ" ' এই চরণোক্ত ইন্দ্রুকর্ত্বক শোভমান হ্যুলোকের অর্থ স্বর্গলোক। "দৃঢ়াণি দৃংহিতানিচ, স্থিরাণিন পরাসুদঃ"—[ইন্দ্র] দৃঢ় ও দৃঢ়ীক্বত ও স্থির [নক্ষত্র-গণকে] নক্ট করেন নাই—এই তুই চরণ দ্বারা [যজমানকে] প্রতিদিন স্বর্গলোকেই প্রতিষ্ঠিত করা হয়।

অচ্ছাবাকের শত্রে "আহহং সরস্বতীবতোঃ ইন্দ্রায়োরবে। রনে" এই মন্ত্রে ইন্দ্র ও অগ্নিকেই বাগ্-যুক্ত (সরস্বতীবান্) বলা হইতেছে, কেননা সরস্বতীই বাক্, এবং বাক্যই ইন্দ্র ও অগ্নির প্রিয় ধাম। এতদ্বারা ঐ দেবতাকে তাঁহাদের প্রিয়ধামদ্বারা সমৃদ্ধ করা হয়। যে ইহা জানে, সে প্রিয় ধামদ্বারা সমৃদ্ধ হয়।

^{(0) 4120121}

⁽৪) বল নামৰ অহুর মহর্ষিগণের গাড়ী অপহরণ করিয়া গুহার মধ্যে লুকাইয়া রাখিয়াছিল। গল্প বলকে হত্যা করিয়া সেই গুহা হুইতে গাড়ীয় উদ্ধার করিয়া মহর্ষিদিগকে দিয়াছিলেন।

^{4) 413412 (4) 412813.}

পঞ্চ খণ্ড

হোত্রকগণের কর্মা

সমাণান-মন্ত্র সম্বন্ধে অক্তাক্ত কথা যথা—"উভয়ঃঃ……ভব্তি"

হোত্রকগণের 'শস্ত্রসমাপনের মন্ত্র প্রাতঃসবনে ও মাধ্যন্দিন্দ্রবনে দ্বিধি হইয়া থাকে; অহীন যজে একরূপ মার ঐকাহিক যজে অভ্যরূপ। তবে মৈত্রাবরুণ [উভয় সবনে] ঐকাহিকের মন্ত্র দারাই [অহীনের শস্ত্রও] সমাপ্ত করেন; তাহাতে তিনি এই লোক হইতে ভ্রন্ট হন না। কিন্তু অভ্যাবাক অহীনের মন্ত্রদারাই [অহীন শস্ত্র সমাপ্ত করিবেন]; তাহাতে তাঁহার দ্বর্গলোক প্রাপ্তি ঘটিবে। বাক্সাণাচ্ছংসী দ্বিধ নিয়মেই শস্ত্র সমাপ্ত করিবেন। তদ্ধারা তিনি এই লোক ও ঐ স্বর্গলোক উভয় লোকের সম্পর্ক রাখেন। আবার এতদ্বারা তিনি মৈত্রাবরুণ ও অচ্ছাবাক এই উভয়ের সম্পেক রাখেন, অহীন ও একাহ উভয় যজের সম্পর্ক রাখেন, সংবৎসর সত্রের এবং অগ্নিন্টোম এতত্বভয়েরও সম্পর্ক রাখেন। তৃতীয়সবনে ঐকাহিকের মন্ত্রে হোত্রকগণের দ্বিধি

⁽ ১) মৈত্রাবরুণ, ব্রাহ্মণাচ্ছংনী ও অচ্ছাবাক এই তিনজন হোত্রক।

⁽২) প্রকৃতি যক্ত একাহে সম্পন্ন হয় বলিয়া ঐকাহিক। একের ক্ষধিক দিনে সম্পন্ন ধক্ত অহর্গণ বা অহীন।

⁽৩) তাহার পক্ষে ঐকাহিকের মন্ত্র ও অহীনের মন্ত্র পৃথক্।

⁽৪) তাঁহার পক্ষে প্রাতঃসবনে অহীন ও ঐকাহিক ফজের মন্ত্র যিভিন্ন; কিন্তু মাধ্যন্দিনে যজেই এক মন্ত্র।

যজ্ঞের শস্ত্রসমাপন হয়। একাহ যজ্ঞ প্রতিষ্ঠাস্বরূপ; এতদ্বারা যজ্ঞকে সমাপ্তিকালে প্রতিষ্ঠাতেই স্থাপন করা হয়।

প্রাতঃস্বনে যাজ্যাপাঠে মন্ত্রমধ্যে বিরাম দিবে না।

প্রিতঃসবনে] ঋক্সংখ্যা স্তোমের তুলনায় বাড়াইতে হইলে, এক বা ছুইয়ের অধিক বৃদ্ধি করিবে না। পিপাসিত অশ্ব যথন ক্রেয়ারব করে, তথন তাড়াতাড়ি কিছু [জল] দিতে হয়; সেইরূপ দেবগণকেও ভক্ষণীয় অন্ন ও পানীয় সোম শীত্র দিতে হইবে, এই মনে করিয়া মন্ত্রসংখ্যা আর অধিক বাড়াইবে না; ইহাতে শীঘ্রই ইহলোকে প্রতিষ্ঠা ঘটিবে।

অন্য জুই সবনে অপরিমিত (বহুসংখ্যক) মন্ত্রদারা স্তোম-রুদ্ধি করিবে । কেননা স্বর্গলোক অপরিমিত ; ইহাতে স্বর্গলোক প্রাপ্তি ঘটে।

[অহীনযজ্ঞে] হোত্রকগণ পূর্ববিদনে যে সূক্ত পাঠ করেন, পরদিনে হোতা [শস্ত্রপাঠ কালে] যথেচ্ছ সেই সূক্ত পাঠ করিবেন। অথবা হোতা যাহা পাঠ করেন, হোত্রকেরাও [পরদিনে] তাহা পাঠ করিবেন। হোতা প্রাণস্করপ ও হোত্রকগণ অঙ্গস্বরূপ। এই প্রাণ সকল অঙ্গেই সমানভাবে সঞ্চরণ করে; সেইজন্ম হোত্রকগণ পূর্ববিদনে যে সূক্ত পাঠ করেন, হোতা [পরদিনে] তাহা যথেচ্ছ পাঠ করিবেন অথবা হোতা যাহা পাঠ করিবেন, হোত্রকেরাও তাহাই [পরদিনে] পাঠ করিবেন।

হোতা সূক্তের অন্তে স্থিত মন্ত্রদারা শস্ত্র সমাপন করেন; তৃতীয়সবনে হোত্রকগণেরও সেই মন্ত্রে শস্ত্রসমাপন হয়। হোতা শরীর; হোত্রকগণ অঙ্গস্বরূপ। হিস্তপদাদী অঙ্গসমূহের

শেষভাগও [অঙ্গুলিসংখ্যায়] সমান। এইজন্য তৃতীয়-সবনে হোত্রকগণের শস্ত্রসমাপন মন্ত্রও [হোতার মন্ত্রের] সমান হয়।

অন্টাবিংশ অধ্যায়

প্রথম থগু

চমসোলয়ন

সোন্ধারা চমসপূরণের নাম উন্নয়ন। উন্নয়নের সমন্ত্র সকল স্কুল অনু-নাক্যারণে পঠিত হন্ন, তাহার নাম উন্নয়মান স্কুল। অনুবৃধ্প্রিত মৈত্রাবরুণ উহ্নপ্রাঠ করেন। ত্রস্থ্যে বিবিষ্ণা—"আজা……অনুক্রাং"

্রাতঃদবনে [চমদ] উন্নয়নের সময় [মৈত্রাবরুণ]
"আ রা বহস্ত হরয়ঃ" ইত্যাদি সূক্ত পাঠ করিবেন। র্ষণ্শব্দ,
পীতশব্দ, স্তশব্দ ও মদ্শব্দ থাকায় উহা এই কর্মে অনুকূল।
ইন্দ্র যজ্ঞস্বরূপ, এইজন্ম ঐ ইন্দ্রনৈবত সূক্ত পাঠ করা হয়।
প্রাতঃসবনের ছন্দ গায়ত্রা, এইজন্ম ঐ গায়ত্রাছন্দের মন্ত্রই
পাঠ করা হয়।

প্রাতঃসবনে নয়টি মন্ত্র পাঠ করা হয় '; উহা [মাধ্য-

^{()) &}gt; | > 6 | >

⁽২) ঐ স্তে নয়টি ঋণ্ আছে।

ন্দিনের সূক্ত] অপেক্ষা অল্ল[°]; ক্ষুদ্রস্থানেই (যোনিদেশে) রেতঃসেক হইয়া থাকে।

মাধ্যন্দিনে দশটি মন্ত্র পাঠ করিবে। কেননা ক্ষুদ্রস্থানে রেতঃ সিক্ত হইয়া স্ত্রীলোকের [গর্ডের] মধ্যে আসিয়া স্থুল [জ্রনে] পরিণত হয়।

তৃতীয় সবনে আবার নয়টি মন্ত্র পাঠ করিবে , ঐ সূক্তও [মাধ্যন্দিনের] তুলনায় অল্প; সন্তানও ক্ষুদ্রস্থান (যোনিদেশ) হইতেই জন্মলাভ করে।

ঐ সকল সৃক্ত সম্পূর্ণ পাঠ করিবে। জ্রণত্বপ্রাপ্ত যজমানকে এতদ্বারা দেবযোনিস্বরূপ যজ্ঞ হইতে [পূর্ণ দেবত্বে] জন্মদান হয়। কেহ কেহ বলেন, [সম্পূর্ণ সৃক্ত না পড়িয়া প্রতি সৃক্তে] সাতটি সাতটি মন্ত্র পাঠ করিবে, প্রাতঃসবনে সাতটি, মাধ্যন্দিনে সাতটি, তৃতীয়সবনে সাতটি। কেননা যতভিল মন্ত্র যাজ্যা হয়, পুরোনুবাক্যাও ততগুলি হওয়া উচিত; সাতজন ঋত্বিক্ পূর্ববিমুখ হইয়া [সাতটি] যাজ্যা পাঠ করেন, সাতজনেই ব্যট্কার উচ্চারণ করেন; [চমদোন্নয়নে পঠিত] ঐ মন্ত্রগুলি ঐ [সাতটি] যাজ্যারই পুরোনুবাক্যা, ইহারা এইরূপ বলেন। কিন্তু এরূপ করিবে না। উহাতে যজমানের রেতঃ লুপ্ত হইবে ও [তাহার ফলে] যজমানকেও লুপ্ত করা হইবে; যজমানই সূক্তম্বরূপ। মৈত্রাবরুণ প্রাতঃ-সবনে) নয়টি মন্ত্র দ্বারা যজমানকে এই লোক হইতে অন্তরিক্তনলোকের অভিমুথে প্রেরণ করেন; [মাধ্যন্দিনে] দশটি মন্ত্র

⁽ ৩) মাধ্যন্দিনে দণ মস্ত্রের স্তুক্ত পঠিত হয়।

^(ঃ) হোতা, মৈত্রাবরণ, ব্রাহ্মণাচছংগী, নেষ্টা, পোতা, আগ্রীধ্র, অচ্ছাষাক, এই সাত জন।

ষারা অন্তরিক্ষলোক হইতে ঐ [নাকপৃষ্ঠ নামক] লোকের অভিমুখে প্রেরণ করেন; ঐ লোক অন্তরিক্ষলোক হইতেও রহৎ; [তৃতীয়সবনে] নয়টি মন্ত্রদারা সেই লোক হইতে স্বর্গলোকের অভিমুখে প্রেরণ করেন। যাঁহারা সাতটি সাতটি মন্ত্র পাঠ করিতে বলেন, তাঁহারা যজমানকে স্বর্গলোক অভিমুখে আরোহণে সমর্থ করেন না। সেইজন্ম সম্পূর্ণ সৃক্তগুলি পাঠ করিবে।

দ্বিতীয় খণ্ড

চমসোন্নয়ন

স্বন্ত্রে চমসাধ্বর্গিণ কর্তৃক চমসোর্রের পর সোমাছতি দিবার সমর প্রেলিক সাতজন সোতা সাতটি প্রস্থিত যাজ্যা পাঠ করেন; তৎসম্বন্ধে বিধান যথা — "অথাহ···উপাপ্লোতি"

এ বিষয়ে প্রশ্ন আছে :—ইন্দ্র যজ্ঞস্বরূপ; তবে কেন প্রাতঃসবনে প্রস্থিতযাজ্যাপাঠে কৈবল হোতা ও ব্রাহ্মণাচ্ছংসা এই তুইজনমাত্র প্রত্যক্ষভাবে ইন্দ্রটিনবত মন্ত্রে যাজ্যা পাঠ করেন ? হোতা "ইদং তে সোম্যং মধু" এই মন্ত্রে ও ব্রাহ্মণাচ্ছংদী "ইন্দ্র হা রয়ভং বয়ম্" এই মন্ত্রে যাজ্যাপাঠ করেন; অন্য [পাঁচ] ঋত্বিক্ কিন্তু নানা দেবতার উদ্দিষ্ট মন্ত্রে

⁽১) উল্লিখিত সাতজন ঋতিকের পঠিত বাল্যার নাম প্রস্থিত বাল্যা।

^{(2) 4146141 (0) 918-131}

যাজ্যা পাঠ করেন; তবে সেই মন্ত্র কিরূপে ইন্দ্র-দৈবত রূপে গণ্য হয় ?

িউত্তর] "মিত্রং বয়ং হবামহে" বই মন্ত্র মৈত্রাবরুণের যাজ্যা; উহাতে "বরুণং দোমপীতয়ে", এই যে পীতশব্দযুক্ত [দ্বিতীয়] চরণ আছে, উহা ইন্দ্রের অনুকল, এতদ্বারা ইন্দ্রকে প্রীত করা হয়। "মরুতো যস্ত হি ক্নয়ে" এই মন্ত্র পোতার যাজ্যা। উহার ''স স্ত্রগোপাতমো জনঃ" এই [তৃতীয় চরণে] ইন্দ্রকেই গোপা (রক্ষক) বলা হইয়াছে, এজন্য ইহা ইন্দ্রের অনুকল; ইহাতে ইন্দ্রকে প্রীত করা "অগ্নে পত্নীরিহাবহ" ' এই মন্ত্র নেফার যাজ্যা; উহার ''রফীরং দোমপীতয়ে'' এই ৄ তৃতীয় চরণে] স্বন্ধী শব্দ ইন্দ্রকে বুঝায়, উহা ইন্দ্রের অনুকুল; ইহাতে ইন্দ্রকেই প্রীত করা হয়। "উজানায় বশানায়" এই মন্ত্র সামীপ্রের যাজ্যা ; উহার ি দ্বিতীয় চরণে] "সোমপূষ্ঠায় বেধনে" এস্থলে ইন্দ্রই নেধা (বিধাতা) ; এই মন্ত্র ইন্দ্রের অনুকল, ইহাতে ইন্দ্রকে প্রীত করা হয়। "প্রাতর্যাবভিরাগতং দেবেভির্জেন্যা-বদু। ইন্দ্রালা সোমগীতয়ে" অচ্ছাবাকের এই মন্ত্র[ইন্দ্র-' শব্দ থাকায়] আপনিই [ইন্দ্রের] অনুকূল।

এইরূপে এইসকল মন্ত্রই ইন্দ্রের অনুক্ল। আর ঐ সকল মন্ত্র নানা দেবতার উদ্দিফ হওয়ায় তাহাতে অন্য দেবতারাও প্রীত হন। উহাদের গায়ত্রী ছন্দ হওয়ায় উহারা

⁽ इ ; अर्गाहः (४) अन्ति। (७) अर्थाः।

^{(·) 01801/2, (+) 100 11}

অগ্নির অনুকৃলও বটে। এইরূপে ঐ সকল মন্ত্রদারা ত্রিবিধ ফল (মন্ত্রোদিষ্ট দেবতাগণের, ইন্দ্রের এবং অগ্নির প্রীতি) পাওয়া যায়।

তৃতীয় খণ্ড

চমদোন্নয়ন

মাধ্যন্দিন সবনে উন্নয়নকালের হলবিধান বথা—"অসাবি দেবং তবছি"
মাধ্যন্দিন সবনে [চমসের] উন্নয়নকালে "অসাবি দেবং
গোঞ্জীকমন্ধঃ" ইত্যাদি সূক্তে অনুবাক্যা হইবে। উহাতে
র্যণ্ শব্দ, পীতশব্দ, স্থতশব্দ ও মদ্শব্দ থাকায় উহারা এই
কর্ম্মে অনুকূল। ঐ ইন্দ্রদৈবত মন্ত্র পাঠ করিবে, কেননা ইন্দ্র
যজ্ঞস্বরূপ। ঐ ত্রিন্ধু প্ ছন্দের মন্ত্র পাঠ করিবে, কেননা
মাধ্যন্দিনসবনের ছন্দ ত্রিন্ধুপ্। এ বিষয়ে প্রশ্ন হয়—
গদ্শব্দযুক্ত মন্ত্র তৃতীয় সবনের অনুকূল; তবে কেন মাধ্যন্দিন
সবনে ঐ মন্ত্রে অনুবাক্যা হয় এবং ঐরপ মন্ত্রেই যাজ্যা হয় ?
[উত্তর] দেবতার। মাধ্যন্দিন সবনেই [সোমপানে] মত্ত
হন; তৃতীয়সবনে তাঁহারা ভাল করিয়াই একসঙ্গে মত্ত
হন। সেইজন্য মাধ্যন্দিনেও মদ্-শব্দ-যুক্ত মন্ত্রেই অনুবাক্যা
হয় ও তাদৃশ মন্ত্রে যাজ্যাও হয়। ঋত্বিকেরা সকলেই মাধ্য-

^{() 412312 ()}

ন্দিনে প্রত্যক্ষভাবে ইন্দ্রদৈবত মন্ত্রে প্রস্থিত সোমের যাজ্যা পাঠ করেন।

তবে [সাতজন ঋত্বিকের মধ্যে] কয়েকজনের মন্ত্রে অভি-পূর্বিক তৃদ্ধাতু নিষ্পন্ন পদও আছে। যথা, "পিবা সোমমভি যমুগ্র তর্দ্দ" ' এই ["অভি" ও "তর্দ'" শব্দযুক্ত] মন্ত্র হোতার যাজ্যা। "স ঈং পাহি য ঋজীষী তরুত্রঃ" ' এই মন্ত্র মৈত্রাবরুণের যাজ্যা। "এবা পাহি প্রত্নথা মন্দতু ত্বা" ' এই মন্ত্র ব্রাহ্মণাচছংসীর যাজ্যা।

"অর্বাঙেহি সোমকামং ত্বাহত্বং" এই মন্ত্র পোতার যাজ্যা। "তবায়ং সোমস্বমেহ্যব্বাঙ্" এই মন্ত্র' নেফার যাজ্যা। "ইন্দ্রায় সোমঃ প্রদিবো বিদানাঃ" ওই মন্ত্র অচ্ছাবাকের যাজ্যা। "আপূর্ণো অস্তু কলশঃ স্বাহা" এই মন্ত্র আগ্রীপ্রের যাজ্যা।

এই সকলের মধ্যে কেবল [তিনটি] মন্ত্র অভিপূর্ব্বক
তৃদ্ধাতুনিষ্পান্ন পদযুক্ত। ^{১৬} ইন্দ্র প্রাতঃসবনে বিজয় লাভ
করেন নাই; তিনি ঐ [তিনটি] মন্ত্রদারা মাধ্যন্দিন সবনকে
অপর সবনদ্বয়ের অভিমূথে তর্দিত (দূঢ়বদ্ধ) করিয়াছিলেন;

⁽২) প্রাতঃসবনে কেবল তুইজন ঋতিকের মন্ত্র প্রত্যক্ষভাবে ইন্দ্রদেবতার উদ্দিষ্ট, অঞ্চ ঋতিকের মন্ত্র প্রত্যক্ষভাবে অঞ্চ দেবতার উদ্দিষ্ট : কেবল গৌণভাবে ইন্দ্রের সম্পর্কর । মাধ্যন্দিন সবনে সকল ঋতিকের মন্ত্রেরই দেবতা প্রত্যক্ষভাবে ইন্দ্র ।

⁽ ৯) ৬।১৭।১। (১ •) ৬।১৭।২ ইহার চতুর্থ চরণে "অভিতৃক্ষি" পদ আছে।

⁽১১) ৬।১৭।০ ইহার চতুর্থচরণে "অভিতৃদ্ধি" পদ আছে।

ঐ রূপে তিনি যে অন্যের অভিমুখে তর্দিত করিয়াছিলেন, এই জন্ম ঐ মন্ত্র উক্ত লক্ষণযুক্ত হইয়া থাকে।

চতুর্থ খণ্ড চমসোন্নয়ন

অনম্বর ভৃতীয়সবনে উন্নয়নকালীন স্কুবিধান যথা—"ই**ছোপ** যাত-----সমৃদ্ধৈয়"

তৃতীয়দবনে [চমদের] উন্নয়নকালে "ইহোপ যাত শবদো নপাতঃ" ইত্যাদি দৃক্ত অনুবাক্যা হইবে। রুষণ্ শব্দ, পীতশব্দ, স্থতশব্দ ও মদ্-শব্দ থাকায় ঐ দৃক্তের মন্ত্রদকল এই কর্মে অনুকূল; ঐ মন্ত্র দকল ইন্দ্রের ও ঋভুগণের উদ্দিষ্ট। এ বিষয়ে প্রশ্ন আছে,—[তৃতীয়দবনে পবমানস্তোত্রে দামগায়ীরা] ঋভুদৈবত মন্ত্রে স্তোত্র দম্পাদন করেন না, তবে কেন পবমানকে ঋভুদৈবত বলা হয় ? [উত্তর] পুরাকালে পিতা প্রজাপতি মর্ত্ত্য (মানুষ-ধর্ম্মযুক্ত) ঋভুগণকে অমর্ত্ত্য (দেবধর্মযুক্ত) করিয়া তৃতীয় দবনের ভাগী করিয়াছিলেন, দেইজন্য ঋভুদৈবত মন্ত্রে স্তোত্রদম্পাদন হয় না, অথচ [তৃতীয়দবনের সম্পর্কহেতু] পবমানকে ঋভুদৈবত বলা হয়। এ বিষয়ে কেহ কেহ প্রশ্ন করেন,—প্রাতঃদবনে গায়ত্রী ও মাধ্যন্দিনে

⁽১৬) উক্ত সাভটি মন্ত্রের মধ্যে হোতা, মৈত্রাবরুণ ও ব্রাহ্মণাচছংসী এই তিনজনের (৯)(১∙)(১১) চিহ্নিত মন্ত্রই উক্ত লক্ষণবিশিষ্ট, অফ্ত মন্ত্র নহে।

^{() 8 90613}

ত্রিষ্ট প্ ছন্দ পঠিত হওয়ায় ঐ পূর্ববর্তী দবনদ্বয়ে যথোচিত ছন্দেই অনুবাক্যা হইয়া থাকে, তবে তৃতীয়দবনের ছন্দ জগতা হইলেও উহাতে ত্রিষ্টুপ্ ছন্দে কেন অনুবাক্যা হয় ! [উত্তর] তৃতীয়দবনের রদ [গায়ত্রীকর্ত্ক] পীত হইয়াছিল'; আর ত্রিষ্টুপ্ছন্দের রদ পীত না হওয়ায় উহা শুক্রযুক্ত (দারয়ুক্ত); এইজন্য তদ্বারা তৃতীয়দবনের দরদতা দম্পাদন ঘটে, এই উত্তর দিবে। অতএব এতদ্বারা এই দবনে ইন্দ্রের ভাগ দম্পাদিত হয়।

এ বিষয়ে মারও প্রশ্ন আছেঃ—তৃতীয়দবনের দেবতা ইন্দ্র ও ঋতুগণ; কিন্তু তৃতীয়দবনে প্রস্থিত সোমের যাজ্যাবিধানে কেবল হোতা "ইন্দ্র ঋতুভির্বাজবদ্ভিঃ দম্কিতম্" এই প্রত্যক্ষভাবে ইন্দ্রবৈত ও ঋতুদৈবত মন্ত্রে যাজ্যা করেন, অন্য ঋষিকেরা নানা দেবতার উদ্দিষ্ট মন্ত্রে যাজ্যা করিলেও কি রূপে উহা ইন্দ্র ও ঋতুগণের উদ্দিষ্ট বলিয়া গণ্য হয় ? [উত্তর] "ইন্দ্রাবরুণা শুতুপাবিসং শুতুম্" এই মন্ত্র মৈত্রাবরুণের যাজ্যা, উহার "যুবো রগো অধ্বরং দেববীতয়ঃ" এই চরণে ["দেববীতয়ঃ" এই] বহুবচনান্ত পদ আছে; এই জন্য উহা [বহুসংখ্যক] ঋতুগণেরই অনুকূল। "ইন্দ্রশ্চ সোসং পিবতং বৃহস্পতে" এই মন্ত্র ব্রাক্ষাণাচ্ছংদার যাজ্যা। ইহার

⁽২) সোমাহরণকালে পায়তী ছই চরণছারা প্রথম স্বন্ধর ও মুখছারা তৃতীলস্বন গ্রহণ করিয়া উচার রস্পান করিয়াছিলেন। এ বিধরে শ্রুতি যথা "পদ্ধাং ছে স্বনে সমগ্রাল্রখেনেকং অলুনেন সমগ্রাং তদধ্যন্ত আদ্ধান ক্রেক্তী প্রাভঃস্বনং মাধ্যান্দিনক তত্মাৎ তৃতীয়স্বন ক্রেক্তীয়স্বিভঃপুতি থীত্মিব হি মক্সাধে"।

^{(8) 4|45|30 | (} e) 8|40|30 |

"আ বাং বিশন্ত্বিন্দবঃ স্বাভুবঃ" এই চরণেও বহুবচনান্ত পদ থাকায় উহাও ধাভুগণের অনুকূল।

"আ বো বহন্ত সপ্তয়ো রঘুয়দঃ" ' এই মন্ত্র পোতার যাজ্যা; ইহার "রঘুপন্বানঃ প্র জিগাত বাহুভিঃ" এই চরণে বহুবচনান্ত পদ থাকায় উহা ঋভুগণের অনুকূল। ''অমেব নঃ স্তহবা আ হি গন্তন" ওই মন্ত্র নেফার বাজ্যা; ইহার "গন্তন" (অর্থাৎ গচ্ছত) এই পদ বহুবচনান্ত হওয়ায় ইহাও ঋভুগণের অনুকূল। "ইন্দ্রাবিষ্ণৃ পিবতং **মধ্বো অস্ত্র" '** এই মন্ত্র অচ্ছাবাকের যাজ্যা; ইহার "অন্ধাংসি মদিরাণ্যথন্" এই চরণে বহুবচনান্ত পদ থাকার ইহাও ঋতুগণের অনুকূল। ''ইমং স্তোমমর্হতে জাতবেদদে" এই মন্ত্র আগীএের যাজাা; ইহার রথমিব সং মহেমা মনীষয়া" এই পদে বহুবচনান্ত পদ থাকায় উহা ঋভুগণের অনুকূল। এইরূপে ঐ মন্ত্র<mark>দকল</mark> ি ইন্দ্র ও ঋভুগণ উভয়েরই সম্বন্ধযুক্ত হয়। আর উহারা নানা দেবতায় উদ্দিন্ট হওয়ায় অন্ত দেবতাকেও প্রীত করে। এই সকল মত্ত্রে জগতীচ্ছন্দের বাহুল্য আছে ; ভৃতীয়সবনের ছব্দও জগতা ; ইহাতে তৃতীয় সবনেরই সমূদ্ধি ঘটে।

পৃঞ্চম খণ্ড হোত্ৰক ও হোত্ৰাশংসী

হোত্রক ও হোত্রাশংসীর কর্মের সাম্য ও বৈষম্য প্রদর্শন যথা—"অথাহ… তেনেতি"।

ا داهداد (ع) واهداه (و) ا داهداد (ع) ا ماعداد (ه)

এ বিষয়ে প্রশ্ন আছে :—ইহাদের মধ্যে কাহারও কাহারও কর্ম শস্ত্রবিশিন্ট, কাহারও কর্ম শস্ত্রবিশিন্ট নহে ; তবে কিরূপে যজমানের পক্ষে সকল ঋত্বিকের কর্মই শস্ত্রবিশিন্ট কর্মের মত সমানভাবে সমৃদ্ধিলাভ করে ? [উত্তর] এই [উভয় শ্রেণির] ঋত্বিকের কর্মকেই একযোগে "হোত্র" বলা হয়, সেইজন্ম সকলেই সমান। ইহাদের কাহারও শস্ত্র আছে, কাহারও শস্ত্র নাই, সেইজন্ম উভয়ের বৈষম্যও আছে বটে। কিন্তু ঐ কারণে সকলেরই কর্মা শস্ত্রবিশিন্টরূপে গণ্য হইয়া সমানভাবে সমৃদ্ধি লাভ করে।

আরও প্রশ্ন আছে,—হোত্রকণণ প্রাতঃসবনে শস্ত্রপাঠ করেন, মাধ্যন্দিনে শস্ত্রপাঠ করেন, তাহাতে তৃতীয়সবনেও তাঁহাদের শস্ত্রপাঠ কিরূপে সিদ্ধ হয় ? [উত্তর] মাধ্যন্দিনে হোত্রকেরা প্রত্যেকে ছুই ছুই সূক্ত পাঠ করেন, এইজন্ম [সিদ্ধ হয়], এই উত্তর দিবে।

আরও প্রশ্ন আছে, হোতারই প্রত্যেক সবনে] তুইটি শস্ত্রপাঠের বিধান আছে; হোত্রকগণের [তাহা না থাকিলেও] কিরূপে তুই শস্ত্র পাঠের ফললাভ হয় ? [উত্তর] তাঁহার

^{(&}gt;) মৈত্রাবরণ, ব্রান্ধণাচছংগী ও অচ্ছাবাক এই তিন হোত্রকের শস্ত্র আছে; নেষ্টা, পোতা ও আগ্নীপ্র এই তিন হোত্রাশংসীর শস্ত্র নাই।

⁽২) হোত্রক ও হোত্রাশংসী উভয়বিধ খরিকের কর্ম্মের সাধারণ নাম হোত, এইজ্য হোত্রাশংসীর শস্ত্র না থাকিলেও তিনি হোত্রকের তুল্য হন।

⁽৩) তৃতীয় সবলে হোত্রকের। শপ্রপাঠ করেন না। কিন্তু দিনীয় সবলে মৈত্রাবরণ, প্রাক্ষণাচহণনা ও আছে বাক ই হারা প্রভাবেক ছই ছই হুজ্জ পাঠ করেন। উহার একটি প্রাক্ষণান্দিনে উন্দিত্ত ও দিউন্ত পক্ত প্রস্থাতি তৃতীয় সবলের উদ্দিত্ত মনে করিলে তদারাই তৃতীয় সবলের শুলিত মনে করিলে তদারাই তৃতীয় সবলের শুরুপাঠে ক্যালাভ হইবে।

[প্রস্থিত সোম্যাগে] ছই ছই দেবতার উদ্দিষ্ট যাজ্যাপাঠ করেন, এইজন্ম [ঐ ফললাভ হয়], এই উত্তর দিবে ! '

मर्छ थ छ

হোত্ৰক ও হোত্ৰাশংসী

হোত্রক সম্বন্ধে আরও বক্তব্য--- "অথাহ------শংসতঃ"।

এ বিষয়ে আরও প্রশ্ন আছে,—তিনজন হোত্রকের হোত্র শস্ত্রবিশিষ্ট, তবে অপরের (হোত্রাশংসীদের) কর্মণ্ড কিরুপে শস্ত্রবিশিষ্ট বলিয়া গণ্য হয় ? [উত্তর] [হোতার পঠিত] আজ্য-শস্ত্র আগীপ্রের শস্ত্ররূপে, মরুত্বতীয় শস্ত্র পোতার শস্ত্ররূপে, বৈশ্বদেবশস্ত্র নেকার শস্ত্ররূপে গণ্য হয় ; এইরূপে তাঁহাদের কর্মণ্ড শস্ত্রচিহ্নযুক্ত হইয়া থাকে।

আরও প্রশ্ন আছে,—অন্স হোত্রকগণের প্রত্যেকের জন্ম একটিনাত্র প্রৈমের বিধান আছে; তবে কেন পোতার জন্ম ভূইটি প্রেম আর নেন্টার জন্ম জুইটি প্রেম ? তিত্তর]

- (৪) হোতার শর প্রাত্সেবনে আজা ও প্রউগ, মাধ্যন্দিনে মর হতীয় ও নিক্ষেব্লা; তৃতীয়ে বৈশ্বেবে ও আগ্রিমারক; হোতাকগণের কাহারও হুইশপ্রের বিধান নাই। কিন্তু প্রস্থিত যাজ্যার মন্ত্রের ঘিবিধ দেবতা; এক ⊌বিধা প্রত্যক্ষতাবে মন্ত্রের উদ্দিষ্ট, অভা দেবতা গৌণভাবে সম্বর্জুক (পূর্বে দেখ); এতদ্বারা ও ফললাত হয়।
- (১) আগীপ্রের যাজ্যা অগ্নির উদিষ্ট, আজ্যশস্ত্র অগ্নিরু-উদ্দিষ্ট। পোতার যাজ্যা মরুকাণের উদ্দিষ্ট, মরুক্তীয় শস্ত্রও মরুকাণে উদ্দিষ্ট। নেষ্টার যাজ্যামন্ত্রে দেবগণের উদ্বেখ আছে; এই হেতু উহার সহিত বৈখনের শস্ত্রের সম্বন্ধপ্রাপন চলিতে পারে। এইরূপে প্রত্যেকের জস্ত্র হোতৃপঠিত শস্ত্রের সহিত হোত্রকাঠিত যাজ্যার নামন্ত্র দেখান হইতেছে।
 - (২) প্রৈষমন্ত্র সাকল্যে বার্টি এবং হোতা, পোতা, নেষ্টা, আগ্নীএ, ব্রাহ্মণাচ্ছংসী, মৈত্রাৰক্ত্ব,

যে সময়ে ঐ গায়ত্রী স্থপর্নরপ ধরিয়া সোম আহরণ করিয়াছিলেন, সেই সময়ে তিনি ঐ হোত্রকগণের শস্ত্র লোপ করিয়া
হোতাকে [সেই শস্ত্র] দান করিয়াছিলেন, এবং [ঐ হোত্রকগণকে বলিয়াছিলেন] তোমরা আহাবপর্যান্ত করিতে পাইবে
না, যেহেতু তোমরা [আমার অবস্থা] জানিতে পার নাই।
তথন দেবগণ বলিলেন, এই হুই জনকে (পোতা ও
নেষ্টাকে) [প্রৈষমন্ত্ররপ] বাক্যদ্বারা বর্দ্ধিত করিব; সেইজন্য
তাহার হুই হুই প্রেষ হইল। আর দেবগণ আগ্নাপ্রের
ক্রিয়াকে ঋক্যন্ত্রদার্যা বিদ্ধিত করিয়াছিলেন; সেই জন্য
আগ্নাপ্রের যাজ্যায় একটি ঋক্ অধিক আছে।

আরও প্রশ্ন আছে,—মৈত্রাবরুণ "হোতা যক্ষৎ" "হোতা যক্ষৎ" ইত্যাদি প্রৈযমন্ত্রে হোতাকে প্রেমণ করেন, [ইহা

হোভা, পোতা, নেষ্টা, অছাবাক, অধ্বর্ণ ও গৃহপতি এই করেক জনের জন্ম স্থাজনে বিহিত। হোভার দুই প্রৈষ পুরের বলা ইইরাছে। ছোত্রকগণের মধ্যে কেবল পোতার ও নেষ্টার দুই ছুই থৈব; অঞ্চের এক এক। "হোভা যক্ষন্ মরতঃ গোত্রাং" এবং "হোভা যক্ষকেবং দ্বিণোদাং গোত্রাদৃত্তিং" এই দুইটি পোতার থৈব। "হোভা যক্ষদ্মাবো নেষ্টা" এবং "হোভা যক্ষদেবং দ্বিণোদাং নেষ্ট্রাং" এই দুইটি নেষ্টার প্রেষ।

⁽৩) আলা, মকজতীয় ও বৈখদেব এই তিন শক্ত পূর্কে হোতার পাঠ্য ছিল না; পোতা, নেষ্টা ও আলীপ্রের অর্থাৎ তিনজন হোতাশংদীর পাঠ্য ছিল। পায়জীকর্তৃক দোমাহরণে ইস্ত্র শোকাভিতৃত হইলে সকল ক্ষেত্র ইন্তর নিকট মান্ত্রনা দিবার জন্ম আনিয়াছিলেন; কেবল ঐ তিন ক্ষেত্র আনেন নাই। ভাহাতে ইস্ত্র কুদ্ধ হইলা উচাদের শক্ত হোতাকে দান করেন এবং উচাং- দিপকে আহাবমন্ত্রপাঠের অধিকারে বর্জিত করেন। অভ্যাদেবতারা হোত্রাশংসীদের এই ছর্দশাম ব্যথিত হইলা নেতা ও পোষ্টাকে ছইটি করিয়া প্রেষ দিলেন এবং আগ্রীপ্রের হাজ্যামন্ত্রে ঝ্রুমখ্যা একটি বাড়াইয় দিলেন। সাভজন ক্ষরিকেরই ভিনটি করিয়া প্রস্থিত বাজ্যামন্ত্র ছিল, ওদব্দি আগ্রীপ্রের চাড়িটি মন্ত্র ইইল। "এভির্গ্রে সর্থন্য" এই মন্ত্রটি আগ্রীপ্রের চতুর্থ মন্ত্র; পান্ধীবত এইন ইন্ত্রি ইন্তর প্রয়োশ হয়

যুক্তিযুক্ত]; কিন্তু যাঁহারা হোতা নহেন, হোতাশংসীমাত্র তাঁহাদিগকেও কেন "হোতা যক্ষৎ" "হোতা যক্ষৎ" ইত্যাদি মন্ত্রে প্রেষণ করা হয় ? [উত্তর বিভাত প্রাণস্ক্রপ, দকল ঋত্বিক্ই প্রাণস্ক্রপ; ঐ ক্রপে [দকলকে] প্রেষণ করিলে "প্রাণো যক্ষৎ" "প্রাণো যক্ষৎ" ইহাই বলা হয়।

আরও প্রশ্ন আছে,—উল্লাত্গণের জন্য প্রৈয়মন্ত্র আছে কি নাই ? [উত্তর] আছে, এই উত্তর দিবে। প্রশাস্তা (মৈত্রাবরুণ) জপের পর "স্তুপরম্"—স্তোত্র আরম্ভ কর—[উল্লাতাদিগকে] যে এই কথা বলেন, উহাই তাঁহাদের পক্ষে প্রৈয়মন্ত্র।

আরও প্রশ্ন আছে,—অছাবাকের প্রবর প্রিক্টভাবে বরণমন্ত্র) আছে কি নাই ! [উত্তর] আছে, এই উত্তর দিবে। অধ্বর্যু যে [অছাবাককে] বলেন "অছাবাক বদস্ব যতে বাসম্"—অছাবাক, ভোমার যাহা বক্তব্য, তাহা বল,— উহাই তাঁহার পক্ষে প্রবর বলিয়া গৃহীত হয়।

আরও প্রশ্ন আছে,—[অগ্নিফোমের বিকৃতি উক্থ্য নামক ক্রভুতে] তৃতীয় সবনে মৈত্রাবরুণ ইন্দ্রের ও বরুণের উদ্দিষ্ট

⁽৫) অন্য ঋতিকেরা ধরণের পার ব্রট্কার উচ্চারণে হোম করেন। আছোবাকের পক্ষে সেরপ বিধান নাই; এখনে অধ্যান্ত বিত উস্টার্থকাই অছোবাকের ব্যাণ্যন্ত বলিয়া এইণ করিতে হইবে।

সূক্ত পাঠ করেন, তবে কেন অগ্নির উদ্দিষ্ট মল্লে উহার স্তোত্রিয় ও অনুরূপ সম্পাদিত হয় ?' [উত্তর] দেবগণ অগ্নিকে মুখ (প্রধান) করিয়া তাঁহার সাহায্যে অস্তরগণকে উক্থ হইতে অপসারিত করিয়াছিলেন, সেই জন্ম এম্বলে অগ্নিদৈবত মন্ত্রেই স্তোত্রিয় ও অনুরূপ সম্পাদিত হয়।

আরও প্রশ্ন আছে,—তৃতীয় সবনে ব্রাহ্মণাচ্ছংদা ইন্দ্রের ও রহম্পতির উদ্দিষ্ট মন্ত্র পাঠ করেন ও অচ্ছাবাক ইন্দ্রের ও বিষ্ণুর উদ্দিষ্ট মন্ত্র পাঠ করেন; তবে কেন কেবল ইন্দ্রের উদ্দিষ্ট মন্ত্রে উহার স্তোত্রিয় ও অনুরূপ সম্পাদিত হয়?
[উত্তর] ইনিই অস্তরগণকে উক্থসকলের নিকট হইতে জয় করিয়াছিলেন; তথন ইনি [দেবগণকে] বলিয়াছিলেন, [তোমাদের মধ্যে] কে [আমার সঙ্গে আদিবে]? তথন দেবতারা আমি [যাইব] আমি [যাইব], এই বলিয়া ইন্দ্রের পশ্চাতে গিয়াছিলেন। সেই ইন্দ্র সকলের পূর্নের গিয়া [অস্তর্নিগকে] জয় করিয়াছিলেন, তজ্জ্যু ইন্দ্রনৈত মন্ত্রেই স্থোত্রিয় ও অনুরূপ সম্পাদিত হয়। অহ্য দেবতারাও যে "আমি, আমি" বলিয়া ইন্দ্রের পশ্চাতে গিয়াছিলেন, তাহাতেই [ঐ তুই ঋত্বিক্ তৃতীয় সবনে অহ্য দেবতার উদ্দিষ্ট মন্ত্র পাঠ করিয়া থাকেন]

⁽৬) "ইক্ৰাবৰুণা যুৰন্" ইত্যাদি স্ক্ৰ:

⁽१) এই শক্তে অগ্রির উদ্দিষ্ট মত্রে তোত্তিয় ও অমুদ্ধণ সম্পাদিত হইরা থাকে।

সপ্তম খণ্ড হোত্রককর্দ্ধ

হোত্রক সম্বন্ধে অহান্ত কথা—"অথাহ......অভ্যন্তেৎ"।

আরও প্রশ্ন আছে, তৃতীয় সবনের দেবতা বিশ্বদেবগণ, তবে কেন তৃতীয় সবনের আরম্ভে ইন্দ্রের উদ্দিষ্ট অথচ জগতী ছন্দের সৃক্ত পঠিত হয় ?' [উত্তর] এরপ করিলে ইন্দ্রের উদ্দেশেই যজ্ঞ আরম্ভ করিয়া যজ্ঞানুষ্ঠান হয়, এই উত্তর দিবে। আর তৃতীয় সবনের ছন্দ জগতী, অতএব উহাতে জগতেরই কামনা হয়। ইহার [আরম্ভে পঠিত স্ক্তের] পর যে কিছু ছন্দ পঠিত হয়, সে সমস্তও জগতীর সম্বন্ধযুক্ত হইয়া পড়ে। এইজন্য তৃতীয় সবনের আরম্ভে ইন্দ্রের উদ্দিষ্ট জগতী ছন্দের

অজ্বাক শত্ত্বের অন্তে "সং বাং কর্ম্মণা" এই ত্রিইপু সূক্ত পাঠ করেন, এতদ্বারা যে কর্ম (সোমপান) স্তুতিযোগ্য, তাহাকেই লক্ষ্য করা হয়। ঐ মন্ত্রের "সমিধা" এই পদে ইয় শব্দে অনকে বুঝায়; এতদ্বারা ভক্ষণীয় অনের রক্ষা ঘটে। উহার "অরিটেই পণিভিঃ পারয়ন্ত" এই [চতুর্থ চরণ] স্বস্তি লাভের উদ্দেশে [পৃষ্ঠ্য নড়হে] প্রতি দিনই পাঠ করা হয়।

এ বিষয়ে প্রশ্ন আছে, তৃতীয় সবনের ছন্দ জগতী,

⁽১) এম্বলে বিষদেবদৈবত মন্ত্র পঠিত হওয়া উচিত ; আবার ইস্রদৈবত মন্ত্র পঠিত হইলেও উহার ছম্দ ত্রিসূপ্ হওয়া উচিত।

ا داهوال (۶)

তবে কেন ত্রিন্টুপ্ মন্ত্রে উহার [শস্ত্রের] সমাপনমন্ত্র সম্পাদিত হয় ? [উত্তর ত্রিন্টুপ্ বীর্যস্থরূপ; এতদ্বারা শস্ত্র-শেষে বীর্য্যেই প্রতিষ্ঠিত হইয়া অনুষ্ঠান করা হয়।

"ইয়মিন্দ্রং বরুণমন্টমে গীঃ" ^ব এই মন্ত্রে মৈত্রাবরুণের, "রহস্পতির্নঃ পরিপাতু পশ্চাৎ" এই মন্ত্রে ব্রাহ্মণাচ্ছংদীর এবং ''উভা জিগ্যথুং" ' এই মন্ত্রে অছাবাকের শন্ত্র স্নাপ্ত হয়। [শেষ মন্ত্রটির অর্থ] তাঁহারা (ইন্দ্র ও বিফু) উভয়ে জয় লাভ করিয়াছিলেন। [ঐ ঋকের মধ্যে] "ন পরাজ্যেথে"—এই বাক্যের অর্থ যে তাঁহারা পরাজিত হন নাই, উভয়ের মধ্যে কেহই হন নাই। উহার [শেষার্দ্ধে] "ইন্দ্রুস্চ বিষ্ণো যদপস্পুধেথাং ত্রেধা সহস্রং বি তদৈরয়েধাম্"—অহে বিষ্ণু, তুমি ও ইন্দ্র উভয়ে যথন [অস্তরগণের সহিত যুদ্ধার্থ] স্পর্দ্ধা করিয়াছিলে, তথন তোমরা সহস্রকে তিন ভাগ করিয়া যথাস্থানে অর্পণ করিয়াছিলে—এই বাক্যের তাৎপর্য্য যে, ইন্দ্র এবং বিষ্ণু অস্তরগণের সহিত যুদ্ধ করিয়া-ছিলেন, তাহাদিগকে জয় করিয়া তাহাদিগকে বলিয়াছিলেন, [আইস] আমরা বিভাগ করিয়া লইব। সেই অস্তরগণ বলিয়াছিল, তাহাই হউক। তথন সেই ইন্দ্র বলিয়াছিলেন, এই বিষ্ণু যে সকল বস্তুর উদ্দেশে তিনবার বিক্রম করিবেন (পদক্ষেপ করিবেন), তাহা আমাদের, আর অন্য সমস্ত তোসাদের হউক। তথন বিষ্ণু [এক পাদে] এই লোক-সকলকে, [দ্বিতীয় পাদে] বেদসমূহকে, [ভৃতীয় পাদে]

^(0) alecie (8) 2 - (8) 2 (6) 4 (4) 4 (4)

বাক্যকে আক্রমণ করিয়াছিলেন। উক্ত মস্ত্রের "সহস্র" শব্দের অর্থ কি, এই প্রশ্ন হইয়া থাকে। এই লোকসকল, এই বেদসমূহ এবং বাক্য, ["সহস্র" শব্দের লক্ষ্য], এই উত্তর দিবে।

উক্থ্য ক্রন্থতে অচ্ছাবাক [ঐ মন্ত্রের শেষ পদ] "ঐরয়ে-থাম্ ঐরয়েথাম্" এইরূপে তুইবার উচ্চারণ করেন; উহাই ঐ স্থলে শস্ত্র সমাপন করে। আর হোতা অগ্নিফোমে এবং অতিরাত্রে [স্ব স্ব শন্তের শেষ পদ] তুইবার উচ্চারণ করেন; উহাতেই তাঁহাদের শস্ত্র সমাপ্ত হয় ।

যোড়শী ক্রন্ত ছুইবার উচ্চারণ করিবে, কি করিবে না ? এই প্রশ্নের উত্তবে বলা হয়, করিবে। অত্য অনুষ্ঠানে যথন ছুইবার উচ্চারণ হয়, তখন এখানে কেন প্রন্তব হইবে না, এই হেতুতেই [এখানেও] ছুইবার উচ্চারণ করিবে।

অফ্টম খণ্ড হোত্রক কর্ম্ম

অছাবাক সম্বন্ধে পুনঃ প্রশ্লোত্তর—"অগাহ·····শংসতীতি"

এ বিষয়ে প্রশ্ন আছে, তৃতীয় সবন নরাশংসের সম্বন্ধযুক্ত,' তবে কেন অচ্ছাবাক উহার শেষে শিল্পশস্ত্রমধ্যে নরাশংসের

⁽৬) অগ্নিষ্টোনে 'যজ্জিতে ক্ষেক্তিত" এবং অভিয়াতে 'ধেহি চিত্রং ধেহি চিত্রন্' এইরূপে একই পদ ছুইবার উচ্চারিত হয়।

⁽১) নরা মমুব্যা ঝভবোহ^{িংর}গোষা যত শস্তে তং নারাশংসং ত**ংসক্ষি তৃতীর** স্থনস্। (সারণ)

সম্বন্ধরহিত মন্ত্র পাঠ করেন ? [উত্তর] নারাশংস বিকৃতিস্বরূপ; রেতঃ কিঞ্চিৎ কিঞ্চিৎ করিয়া ক্রমে বিকৃত হয়, এবং
বিকৃত হইয়া [শেষে সন্তানরূপে] উৎপন্ধ হয়, এও সেইরূপ। আবার এই যে নারাশংস ছন্দ, উহা মৃত্র ও শিথিল;
আর এই যে অচ্ছাবাক, ইনি অন্তিম ঋত্বিক্; সেইজন্ম [যজ্ঞের]
দৃঢ়তার জন্ম ও উহাকে দৃঢ়স্থানে প্রতিষ্ঠিত করিব বলিয়া [অন্ম
ছন্দে শস্ত্র সমাপ্ত হয়]। এইজন্ম অচ্ছাবাক [তৃতীয়সবনের
অন্তে] শিল্পশন্তের মধ্যে [যজ্ঞকে] দৃচ্ করিবার জন্ম ও দৃঢ়স্থানে
প্রতিষ্ঠা করিব বলিয়া নরাশংসের সম্বন্ধরহিত মন্ত্র পাঠ করেন।

উনত্রিংশ অধ্যায়

প্রথম খণ্ড

হোত্ৰক কৰ্ম্ম

অহীনক্রতুতে হোত্রকগণের 'মাধ্যন্দিন সবনের শস্ত্রবিধান যথা—"য খঃ·····
সেক্ততারৈ"

[পৃষ্ঠ্যষড়হের] প্রাতঃসবনে প্রদিনে [উদ্গাতা যে ত্র্যুচে] স্তোত্রিয় করেন, [পূর্বদিনে হোতা] তাহাতেই

- (২) নারাশংসই বিকৃত হইয়া দ্বন শেষে অতাছনে পরিণত হয়, এই ভাৎপর্য্য :
- (৩) তৃতীয় সমনে অচ্ছোবাকের পর আর কোন ঋতিক্ শরপাঠ করেন না। কাজেই যজের শৈথিল্য নিবারণের পরে নোন উপায় থাকে না, সেই নিমিত্ত স্বনশেষে অশিথিল ছন্স ব্যবহার করিতে হয়।

[শস্ত্রের] অনুরূপ সম্পাদন করিবেন; ইহাতে অহীন ক্রন্থর অবিচ্ছেদ ঘটে। একাহ যেরূপ সোমাভিষ্য দারা নিম্পাদিত হয়, অহীনও সেইরূপ হইয়া থাকে। সোমাভিষ্যযুক্ত একাহের স্বন্সকল যেমন পৃথক্ভাবে সমাপ্ত করিয়া অনুষ্ঠিত হয়, সেইরূপ অহীনের প্রাত্যহিক অনুষ্ঠানও পৃথক্ভাবে সমাপ্ত করিয়া অনুষ্ঠিত হয়। সেই জন্ম প্রাত্তঃস্বনে প্রদিনের স্থোতিয়দারা [পূর্বেদিনের] অনুরূপ সম্পাদন করিলে অহীন্যজ্বের অবিচ্ছেদ ঘটে; এতদ্বারা [একদিনের মন্ত্র অন্যদিনে লইয়া যাওয়ায়] অহীন্যজ্বকে বিচ্ছেদহীন করা হয়।

দেই দেবগণ ও ঋষিগণ এইরূপ স্থির করিয়াছিলেন, যে [প্রতিদিন] সমান (একরূপ) অনুষ্ঠানদ্বারা যজ্ঞকে বিচ্ছেদহীন করিব; এই স্থির করিয়া তাঁহারা ঐ যজ্ঞের এইসকল অনুষ্ঠান সমান করিয়াছিলেন,—প্রগাথ সমান, প্রতিপৎ সমান ও স্ক্র সমান করিয়াছিলেন। ইন্দ্র ওকঃসারী (এক স্থানেই সঞ্চরণ করেন); ইন্দ্র পূর্ব্বদিন যেখানে যান, পরদিনও সেইখানে যান; এইরূপে যজ্ঞও [প্রতিদিন] ইন্দ্রযুক্ত হয়। [এইজন্ম প্রতিদিনের অনুষ্ঠানে প্রগাথাদি সমান করা উচিত]।

^{(&}gt;) সামণ মতে "ওকংসারী" এর্থে মাজার। মার্জার একস্থানে চিরকাল বাস করিতে ভাল বাসে; ইন্দ্র সেই মার্জারগরা। "ওকাংনি স্থানানি গৃহাণি, তেবু সরতি সক্ষরা সক্ষরতি ইতি ওকংসারী মার্জারঃ। বথা মার্জারঃ পূক্ষিমন্ দিনে যেবু গৃহেষু সঞ্চরতি ভেঙ্বে গৃহেষু পরেছারণি সঞ্চরতি, এবময়মিন্টোছণি অপগঞ্জবাঃ।"

দ্বিতীয় **খণ্ড** সম্পাতসূক্ত

সম্পাতহকের নির্ণয় যথা—"তান্ বা এতান্.....সন্তরন্তি"

এই সম্পাতস্ক্তল প্রথমে বিশ্বামিত্র দেখিরাছিলেন; বিশ্বামিত্রদৃষ্ট ঐ সূক্ত বামদেব প্রচারিত করেন "এবা ত্বামিত্র বিদ্ধামিত্রদৃষ্ট ঐ সূক্ত বামদেব প্রচারিত করেন "এবা ত্বামিত্র বিদ্ধার্মত্ব কন্ম হোতুং" এই সূক্তওলিকে বামদেব শীল্র সম্পাতিত (প্রচারিত) করিরাছিলেন। শীল্র সম্পাতিত করিরাছিলেন বলিরা উহাদের সম্পাত্র । তথন বিশ্বামিত্র স্থির করিলেন, অমিন বে সম্পাত সূক্ত দেখিলাম, বামদেব তাহা প্রচার করিরা ফেলিলেন; আমি আরও কতকগুলি তৎসদৃশ সূক্তকে সম্পাতরূপে প্রচার করিব। এই স্থির করিয়া তিনি "সল্যেই জাতো র্যক্ত কনীনঃ "ইন্দ্রং পুর্ভিলাতিরদ্বাসমর্কিঃ" "ইমামূ যু প্রভৃতিং দাতয়ে ধাঃ" "ইচ্ছন্তি ত্বা সোম্যাসঃ স্থারঃ" "শাসদ্বহ্নিত্র হিতুর্গপ্তাঙ্গাৎ" "অভি তন্টেব দীধ্রা মনীযাম্" এই সূক্তগুলিকে তৎসদৃশ সম্পাতরূপে প্রচার করিয়াছিলেন।

- (3) 8136,31 (3) 1615/18 (3) 1616/18 (3)
- (৪) বিলম্ব করিলে বিখানিত নিজনামে প্রচার করিবেন, এই আশস্কার বামদেব অনং শিষ্
 ও অধ্যেতাদের মধ্যে প্রচার করিয়ছিলেন। "কালবিলম্বে সতি বিখানিত আগতা করিয়েই প্রকটীক্নিয়াতি ইতি ভীতা। বয়ং শিশুনের সমপতং সৈমাগধোতুন্ শিধান্ প্রাথবান্ করীয়জন প্রনিষ্কার্থং বছন্ শিবান্ সহসাধাপ্রামাস।" (সায়ণ)
 - (। সায়ণ এখনে বাননেবের বিশেষণ দিয়াছেন—"গুরুদ্রোইভীতিরহিতঃ"।
 - (e) alang (c) i cicolo (-c) i ciono (a) alanta (a) i ciono (c) i ciono (e)

"য এক ইদ্ধব্যশ্চর্ষণীনাম্" এই সূক্ত ভরদ্বাজের, "যক্তিগ্মশৃঙ্গো রুষভোন ভীমঃ" " এবং "উত্ন ব্রহ্মাণ্যৈরত শ্রবস্থা" " এই সূক্তদ্বয় বশিষ্ঠের,"অস্মা ইত্ন প্র তবসে তুরায়" " এই সূক্ত নোধার।

প্রতিঃসবনে যড়হস্তোত্রিয় [ত্র্চসমূহের] পাঠের পর মাধ্যন্দিন সবনে সেই সেই [হোত্রকগণ] অহীনের সূক্তসকল পাঠ করিবেন। এই গুলি অহীন-সূক্তঃ—"আ সত্যো যাতু মঘর্বা ঋজীয়ী " এই সত্যশব্দযুক্ত সূক্ত মৈত্রাবরুণের, "অস্মা ইত্ন প্র তবসে তুরায়" এই সূক্ত ব্রাক্ষণাচ্ছংনীর; উহার "ইন্দ্রায় ব্রক্ষাণি রাত্ত্যা" এবং "ইন্দ্র ব্রক্ষাণি গোত্রসাদো অক্রন্" এই অংশবয় ব্রক্ষান্-শব্দযুক্ত; শোসদ্বিহ্নি

া বিষয়ে প্রশ্ন আছে,—[গবাময়নসত্তে] আর্ত্তিসহিত অনুষ্ঠানে ও আর্ত্তিরহিত অনুষ্ঠানে, উভয় স্থলেই অচ্ছাবাক কেন এই বহ্লি-শব্দ-যুক্ত সূক্ত পাঠ করেন ? " [উত্তর] ঐ [অচ্ছাবাকনামক] বহ্ব্ চ (ঋ্যোদানুষ্ঠায়ী) বার্য্যবান্; (অতএব যজ্ঞভার বহনে সমর্থ); ঐ সূক্তও বহ্নিশব্দবিশিষ্ট;

^{(-&}lt;) | C|CO|C (>0) | C|CO|P (30) | C|CC|P (00) | C|CO|C (-<) | C|CO|

⁽১৯) গ্ৰাম্মন সজের অভিপ্নবজ্বের ও পৃষ্ঠ্যজ্বের অন্তর্গত অমুষ্ঠান দিনের পর দিন অমুষ্ঠিত হয়; এই জম্ম উহা আবৃত্তিসহিত। আর চতুর্কিংশাদি অমুষ্ঠান কেবল এক নির্দিষ্ট দিনেই অমুষ্ঠিত হয় বলিয়া উহা আবৃত্তিরহিত। অচ্ছামাককর্তৃক ঐ স্কু উভয়বিধ অমুষ্ঠানেই পঠিত কেন হয়, প্রশ্নের এই তাৎপর্য্য। উত্তরে বলা ধ্ইল চতুর্কিংশাদি অমুষ্ঠান ষড়হের মন্ত অহীন বা একাধিক দিনে সাধ্য না হহলেও অম্ম অর্থে অহীন অর্থাৎ হীনতাশ্ম্য। কাজেই উভয়বিধ অমুষ্ঠানেই একই স্বজ্বের ব্যবহা।

বহ্নি (অর্থাৎ বহনসমর্থ অশ্বাদি পশু), যাহার (যে শকটাদির) ধুরায় যোজন করা যায়, তাহার বহনে সমর্থ ; এই জন্ম অচ্ছাবাক ঐ বহ্নিশক্ষবিশিষ্ট সূক্ত আর্ত্তিসহিত ও আর্ত্তিরহিত উভয়বিধ অনুষ্ঠানেই পাঠ করেন।

ঐ সূক্তসকল [গবাময়ন সত্রে] চতুর্বিংশ, অভিজিৎ, বিশ্ববিৎ, বিশ্বজিৎ ও মহাত্রত এই পাঁচ দিনের [আর্ত্তরহিত] অমুষ্ঠানে প্রযুক্ত হয়। এই কয়দিনের অমুষ্ঠানই [অন্য অর্থান প্রেই হান হয় না। আবার ঐ সকল অনুষ্ঠানের আর্ত্তরহিত। সেইজন্য এই কয় দিনের অনুষ্ঠানে ঐ সকল সূক্ত পাঠ করা হয়। অপিচ অহীন (ভোগ্যবস্তপূর্ণ) সর্বরূপে (বহুরূপযুক্ত) ও সর্ববিসমুদ্ধ (সর্বকলপ্রদ) স্বর্গলোকসমূহ পাইব, এই অভিপ্রায়ে ঐ [অহীন] সূক্তন্দকল পাঠ করা হয়। বাশিতা (গর্ভগ্রহণকামিনী) ধেনুর জন্ম যেমন র্মকে আহ্বান করা হয়, ঐ সূক্ত পাঠ দ্বারা ইন্দ্রকেও সেইরূপে আহ্বান করা হয়। অহীন ক্রতুর অবিচ্ছেদসাধনের জন্ম যে এই সূক্তসকল পাঠ করা হয়, ইহাতে অহীনকেই বিচ্ছদহীন করা হয়।

তৃতীয় খণ্ড সম্পাতসূক্ত

সম্পাত্তহক্ত সম্বন্ধে গ্যন্তান্ত কথা—"ততো বা এতান্·····লোকং জয়তি" মৈত্রাবরুণ [কেবল ষড়হ অনুষ্ঠানে] তিনটি সম্পাতসূত্তের এক এক সূক্ত এক এক দিন পাঠ করেন। প্রথম দিনে "এক স্বামিক্ত বিজ্ঞ্জিত্র" এই সূক্ত, দিতীয় দিনে "যম ইন্দ্রো জুজুষে যচ্চ বৃষ্টি" এই সূক্ত, তৃতীয় দিনে "কথা মহামর্যৎ কম্ম হোতুঃ" এই সূক্ত পাঠ করেন। আক্ষণাচ্ছংদী তিন সম্পাতসূক্তের এক এক সূক্ত এক এক দিন পাঠ করেন;—যথা, প্রথম দিনে "ইক্রঃ পূর্ভিদাতিরদ্দাসমর্কেঃ" এই সূক্ত, দিতীয় দিনে "য এক ইদ্ধর্যশ্চর্ষণীনাম্" এই সূক্ত, তৃতীয় দিনে "যন্তিগ্রশৃক্ষো র্যভো ন ভামঃ" এই সূক্ত। অচ্ছাবাক তিনটি সম্পাতসূক্তের এক এক সৃক্ত এক এক দিন ঘথাক্রমে পাঠ করেন, যথা—প্রথম দিনে "ইচ্ছন্তি স্বা সোম্যাসঃ স্থায়ঃ এই সূক্ত, তৃতীয় দিনে "শাসদ্ধ্র্ছ্র্রপ্রাঙ্গাং" এই সূক্ত, তৃতীয় দিনে "শাসদ্ধ্র্ত্রি হ্বর্নপ্রাঙ্গাং" এই স্ক্র

এতদ্যতীত আর তিনটি সূক্ত আছে, তাহার [এক একটি এক এক ঋত্বিক্] প্রতিদিনই (অর্থাৎ তিন দিনেই) পাঠ করিবেন। ' এইরূপে সূক্তসংখ্যা দাদশ হয়। দাদশ মাদে সংবৎসর; সংবৎসরই প্রজাপতি; প্রজাপতিই যজ্ঞ। এতদ্বারা সংবৎসরকে, প্রজাপতিকে ও যজ্ঞকে পাওয়া যায়। এবং সংবৎসরে, প্রজাপতিতে ও যজ্ঞে প্রতিদিন প্রতিষ্ঠিত হইয়া যজ্ঞানুষ্ঠান করা হয়।

^{(&}gt;) মৈত্রাবরূপ প্রথম দিতাঃ ু ীয় দিনে বপাক্রমে তিনস্ক পাঠ করেন; তন্তির আর একটি চতুর্ব স্কুল আছে, উহা তিনদিনের প্রত্যেক দিনেই পাঠ করিতে হয়। এইরূপ ব্রাহ্মণাচছুংসী ও অচছাবাকপক্ষেও ব্যবস্থা। এই চতুর্য স্কুত্রয় পরবর্ত্তী থণ্ডে ব্যাথাতি ইইরাছে (পরে দেখ)। এইরূপে স্কুত্রের সংখ্যা মোটের উপর বারটি।

পৃষ্ঠ্যষড়হের চতুর্থ পঞ্চম ও ষষ্ঠদিনে] ঐ দ্বিবিধ সূক্তের মধ্যস্থলে আর কতিপয় সূক্ত আবপন করিবে (বসাইবে)।

চতুর্থদিনে ন্যঙ্খরহিত বিমদঋষিদৃষ্ট বিরাট্ছন্দের [সাতটি] মন্ত্র, পঞ্চমদিনে পংক্তিছন্দের [সাতটি] মন্ত্র, ও ষষ্ঠদিনে পরুচ্ছেপদৃষ্ট [সাতটি] মন্ত্র আবপন করিবে।

যে সকল অনুষ্ঠান মহাস্তোমবিশিষ্ট, সৈ কয়দিন মৈত্রা-বরুণ 'কো অগু নর্যো দেবকানঃ'' এই সৃক্ত, বাক্ষণাচ্ছংসী ''বনে ন বা যো ন্যধায়ি চাকন্'' এই সৃক্ত, এবং অচ্ছাবাক ''আ যাহ্মব্বাঙুপ বন্ধুরেষ্ঠাঃ'' এই সৃক্ত আবপন করিবে।

এইগুলি আবপন সূক্ত; এই আবপনসূক্তদারা দেবগণ এবং ঋষিগণ স্বর্গলোক জয় করিয়াছিলেন; সেইরূপ যজমানেরাও এই আবপনসূক্তদারা স্বর্গলোক জয় করেন।

চতুর্থ খণ্ড সম্পাতসূক্ত

সম্পাত্যক্ত পাঠের নিয়ম—"সজো……প্রতিতিঠন্তি" "সজো হ জাতো রুষভঃ কনীনঃ" ওই সূক্ত মৈত্রাবরুণ

⁽২) বিশেষ নিয়নে ওঁকার উচ্চারণের নাম নাূঙ্থ, উহার বিষরণ পূর্ণের দেওরা হইয়াছে। প্রতিদিনে বিহিত সাতটি মন্ত্র সায়ণ নিয়াছেন। সাতটি মন্ত্রকে তিনতাচে বিভাগ করিয়া এক এক বাচ এক এক হোত্রক পাঠ করেন। এইরূপ প্রতিদিন।

⁽৩) সপ্তদশ একবিংশাদি স্তোম অপেক্ষাও বৃহৎ চতুর্বিংশাদি স্থোমকে মহাস্তোদ বলং হইভেঃ।

^{(8) 812015 (0) 5-12215 (0) 918815 1}

^{(:) 91841) 1}

প্রতিদিন (প্রথম, দ্বিতীয় ও তৃতীয় দিনে) আপনার সম্পাতসূক্তের পূর্বের পাঠ করিবেন। এই সূক্ত স্বর্গসন্ধন্মযুক্ত;
এই সূক্তন্বারা দেবগণ ও ঋষিগণ স্বর্গলোক জয় করিয়াছিলেন;
সেইরূপ যজসানেরাও এই সূক্তন্বারা স্বর্গলোক জয় করেন।
এই সূক্তের ঋষি বিশাসিত্র, বিশ্বের মিত্র বলিয়াই ইনি
বিশাসিত্র। যে ইহা জানে এবং সিত্রাবরুণ যাহার পক্ষে
ইহা জানিয়া প্রতিদিন সম্পাতসূক্তের পূর্বের ঐ সূক্ত পাঠ
করেন, বিশ্ব তাঁহার মিত্র হইয়া থাকে। ঐ স্কু র্ষভ্তশব্দযুক্ত; অতএব পশুলক্ষণযুক্ত হওয়াতে উহাতে পশুরক্ষা
থটে। উহার মধ্যে পাঁচটি ঋক্ আছে; এজন্য উহা পঞ্চচরণযুক্ত পঙ্কির সদৃশ হয়; অন্নও আবার পঙ্কির স্বরূপ;
এতদ্বারা অন্নের প্রাপ্তি ঘটে।

"উত্ত ব্রহ্মাণ্যেরত শ্রবস্থা" এই ব্রহ্ম-শব্দ-যুক্ত সৃক্ত ব্রাহ্মণাচ্ছংদী প্রতিদিন [আপন সম্পাত্দক্তের পরে] পাঠ করেন। এই দৃক্ত স্বর্গের দম্বর্ক্ত; এই দৃক্তদারা দেবগণ ও ঋবিগণ স্বর্গলোক জয় করিয়াছিলেন, তদ্রপ যজমানেরাও এই দৃক্তদারা স্বর্গলোক জয় করিয়া থাকেন।

ঐ স্তের ঋষি বসিষ্ঠ; এতদ্বারা বসিষ্ঠ ইন্দ্রের প্রিয় ধামের সমীপে গিযাছিলেন ও তিনি পরমলোক জয় করিয়া-ছিলেন। যে ইহা জানে, সে ইন্দ্রের প্রিয় ধামের সমীপে যায় ও পরম লোক জয় করে। উহার মধ্যে ছয়টি ঋক্ আছে; ঋতু ছয়টি এতদ্বারা; ঋতু সকলের প্রাপ্তি ঘটে।

ि ६ श्रं श्रंख

এই সূক্ত সম্পাতসূক্ত-সমূহের পরে পাঠ করা হয়। এতদ্বারা স্বর্গলোক লাভ করিয়া যজমানেরা এই লোকে প্রতিষ্ঠিত হন।

"অভিতক্টেব দীধয়া মনীষাম্"' এই সূক্ত অচ্ছাবাক [আপন সম্পাতের পর প্রতিদিন পাঠ করেন; অভি-শব্দ-যুক্ত হওয়ায় উহা [যজ্ঞের] অবিচ্ছেদ-লক্ষণযুক্ত। ঐ মন্ত্রের "অভি প্রিয়াণি মমূশৎ পরাণি" এই তৃতীয় চরণে পরবর্ত্তী দিনের অনুষ্ঠানকেই িপ্রজাপতির] প্রিয় বলা হইতেছে; যাহারা উহা লক্ষ্য করিয়া আরম্ভ করে, তাহারা দেই অনুষ্ঠানসমূহকেই অভিমর্শন (স্পর্শ) করিয়া যজ্ঞের অনুষ্ঠান করে। আর স্বর্গলোকই এই লোক অপেফা পর (শ্রেষ্ঠ); এতদ্বারা দেই সর্গ্য-লোককেই লক্ষ্য বল্লা হইতেছে। "কবাঁ রিচ্ছামি সন্দুশে হুমেবাঃ" এই [চতুর্থ] চরণে যে দকল ঋষি আমাদের পূর্কে পরলোকে গিয়াছেন, কবিশব্দে তাঁহাদিগকেই লক্ষ্য করা হইতেছে। এই সূক্তের ঋষি বিখামিত্র; এই বিশ্বামিত্র বিশ্বেরই মিত্র ছিলেন। যে ইহা জানে, বিশ্ব তাহার মিত্র হয়। এই সূত্তে কোন দেবতার নির্বাচন (উল্লেখ) না থাকায় উহা প্রজাপতির উদ্দিষ্ট; ঐ সূক্তই পাঠ করিবে। কেননা প্রজাপতিই নির্ব্বচন-রহিত (অনির্ব্বাচ্য বা মূর্ত্তিহীন) ; এতদ্বারা প্রজাপতিকেই পাওয়া যায়। উহার মধ্যে একবার নাত্র ইন্দ্রের উল্লেখ থাকায় উহা ইন্দ্র-সম্বন্ধ হইতেও স্থালিত হয় নাই। উহাতে দশটি ঋকু আছে; বিরাটের দশ অক্ষর;

^{(9) 010013}

বিরাট্ অন্নস্বরূপ; এতদ্বারা অন্নের রক্ষা ঘটে। এই সূক্তে
দশটি ঋক; প্রাণ দশটি; ও এতদ্বারা প্রাণসমূহকেই পাওয়া
যায় ও আত্মাতে প্রাণসমূহের স্থাপন হয়। এই সূক্ত সম্পাতসূক্তসমূহের পরে পাঠ করিবে। তদ্বারা যজমানেরা
স্বর্গলোক লাভ করিয়া এই লোকে প্রতিষ্ঠিত হয়।

পঞ্চন যজ্ঞ অহীন যজ্ঞ

অহীন থজের অন্তান্ত কর্ম্ম—"কন্তমিক্র…সংতন্ধস্তি"

"কস্তমিন্দ্র দ্বা বহুং" ' "করব্যা অতসীনাং" বিদূ রস্থাকৃত্ম্" এই তিনটি কৎ-শব্দ-বিশিষ্ট প্রগাথ প্রতিদিন আরম্ভে
'গাঠ করিবে। [উহার প্রথম মন্ত্রে] ক শব্দের অর্থ প্রজাপতি;
এতদ্বারা প্রজাপতিকে পাওয়া যায়। আর ঐ সকল প্রগাথ যে
কৎ-শন্দ-বিশিষ্ট, ঐ "কৎ" অথবা "ক" শব্দের অর্থ অর;
এতদ্বারা ভক্ষ্য অরের রক্ষা ঘটে। উহারা কৎ-শব্দ-বিশিষ্ট;
যজমানেরা প্রতিদিন শান্তির কারণ অহীনস্ক্রের প্রয়োগ
করিয়া যজ্ঞানুষ্ঠান করেন; এই সূক্ত সকল কৎ-শব্দ-বিশিষ্ট
প্রগাথদ্বারাই শান্তির হেতু হয়। এতদ্বারা শান্তিজনক হইয়া
উহারা "ক" (অর্থাৎ হ্রথহেতু) হইয়া থাকে। শান্তিজনক

⁽ в) প্রাণাপনাদয়ঃ পঞ্চ বারবো নাগকুর্মাদয়শ্চ পঞ্চ বারবঃ ইতি দশপ্রাণাঃ।

^{(&}gt;) 4105128-261 (5) PIO120-281 (0) PIRPIS-201

এই সূক্তসকল সেই যজমানদিগকে স্বর্গলোকের অভিমুখে লইয়া যায়।

[প্রগাথের পরে প্রতিদিন] ত্রিষ্টুপ্ছন্দে সূক্তসকলের প্রতিপৎ সম্পাদন করিবে। কেহ কেহ ঐ ত্রিষ্টুপ্ মন্ত্রকে शायाकर्ल निर्द्धन कतिया थागारथत शृर्द्ध शांठ करतन। " কিস্কু ঐ রূপ করিবে না। হোতা ক্রত্রিয়স্বরূপ; আর হোত্রকরূপে যাঁহারা (মৈক্রাবরুণাদি) শস্ত্রপাঠ করেন, তাঁহারা বৈতাস্বরূপ। এরূপ করিলে বৈশ্যগণকে ক্ষত্রিয়ের প্রতি (রাজার প্রতি) বিদ্রোহোমুখ করা হয়; উহা পাপকর্ম। ঐ ত্রিক্বুপ্যন্ত্র আমার (অর্থাৎ হোত্রকের) পাঠ্য দূক্তসমূহের প্রতিপৎ স্বরূপ, এইরূপ জানিবে। যাহারা সংবৎসর সত্তের বা দ্বাদশাহের অনুষ্ঠান করে, তাহারা সমুদ্র পার হইতে ইচ্ছুকের মত [হুস্তর কর্মে] পার হইতে চাহে। [সমুদ্র] পারে যাইতে ইচ্ছুক লোকে যেমন সৈরাবতী (অন্নাদিবস্তুপূর্ণ) নৌকা আরোহণ করে, সেইরূপ ইহারাও (যাঁহারা সত্রের পারে ফাইতে ইচ্ছুক ভাঁহারাও) ত্রিন্টুপ্ মন্ত্র আরোহণ (আপ্রয়) করিবেন। এই ত্রিষ্টুপ্ ছন্দ অতিশয়

⁽৪) হোতা নিদেবল্য শত্রের প্রগাণের পূর্বের ধাষা। পাঠ করেন। কেছ কেছ এম্বলেও ছোত্রকগণের পাক্ত দেইরূপ ব্যবস্থা করেন; অর্থাৎ ঐ তিষ্টুপ্ মন্ত্রগুলিকে প্রগাধের পরে প্রান্তিগৎ স্বরূপে না বদাইরা প্রগাথের পূর্বের ধাষা। স্বরূপে দ্যাইতে বলেন। এইরূপ ব্যবস্থা নিধেধ করা হইতেছে। বৈশ্ব প্রকার রাজার অনুসরণ করিতে গেলে রাজজ্ঞোহ ঘটে; সেইরূপ হোত্র-কের পক্ষেও হোতার অনুকরণ অনুহতি।

⁽৫) নৌকার বিশেষণ সৈরাষতী। ইরা অলং তৎসমূহ ঐরং তেন সহ বর্ততে ইতি সৈরং নৌহং বস্তলাভং ভাদৃশং সৈরং যস্তাং নায়ন্তি সেয়ং নৌঃ সৈরাষতী। সমুদ্পারগমনস্ত চিরকাল-

বার্য্যবান্; ইহা [যজমানকে] স্বর্গলোকে পৌছাইয়া দিতে অসমর্থ হয় না। সেই ত্রিফুভের পূর্কো আহাব উচ্চারণ করিবে না; কেননা ইহাদের ছন্দ সূক্তের অন্তর্গত মন্ত্রের সমান। আর ইহাদিগকে ধায্যারূপেও ব্যবহার করিতে নাই।

যথন এই ত্রিষ্টুপ্ মন্ত্র পাঠ করা হয়, তথন বিশেষরূপে জ্ঞাত সূক্তের প্রতিপৎ দ্বারা সূক্তসকলেই আরোহণ করা হয়। যথন এইসকল মন্ত্র পাঠ করা হয়, তথন বাশিতা (সঙ্গমার্থিনী) ধেকুর জন্ম রুষের আহ্বানের মত ইন্দ্রকেই আহ্বান করা হয়। এই সকল মন্ত্র যে অহীনযজ্ঞের অবিচ্ছেদের জন্ম পাঠ করা হয়, ইহাতে অহীন যজ্ঞের অবিচ্ছেদে ঘটে।

যৰ্চ খণ্ড অহীন যজ্ঞ

অক্সান্ত বিধি—"অপ প্রাচ…অভিহ্নয়তি"

মৈত্রাবরুণ প্রতিদিন আপন সৃক্তের পূর্বের "অপ প্রাচ ইন্দ্র বিশ্বঁ। অমিত্রান্" ওই ত্রিষ্টুপ্ পাঠ করিবেন। [ঐ মন্ত্রের] "অপাপাচো অভিভূতে মুদস্ব, অপোদীচো অপ শূরাধরা চ

সাধ্যত্বাৎ তাৰতঃ কালস্ত পৰ্য্যাপ্তেন''ন্নন সহ সৰ্ব্বমপেক্ষিতং ৰম্ভক্ষাতং তন্তাং নাবি সম্পাদ্য পশ্চা-ষাবিকান্তাং নাবমান্নোহেযুঃ। সৰ্ব্বসমূদ্ধা নীরিৰ এতান্তিষ্টুড়ঃ পারং নেতুং সমর্থাঃ। (সান্নণ)
(১) ১০/১৬১৮।

উরো যথা তব শর্মান্ মদেম", এই অংশ অভয় বাক্যস্বরূপ; [মৈত্রাবরুণ ইহার পাঠে] অভয় পাইতেই ইচ্ছা করেন।

বাক্ষণাচ্ছংদী প্রতিদিন "ব্রহ্মণা তে ব্রহ্মযুজা যুনজ মি" এই বিষ্টুপ্ পাঠ করিবেন। উহার "যুনজ মি" এই পদ যোগার্থক; অহীন যজ্ঞও যুক্ত (ভিন্ন ভিন্ন দিনের সম্বন্ধযুক্ত), এই হেতু ইহা অহীন যজ্ঞেরই অনুকূল।

অচ্ছাবাক প্রতিদিন "উরুং নো লোকমন্থ নেষি বিদ্বান্" এই ত্রিষ্টুপ্ পাঠ করিবেন। ইহাতে "অন্থ নেষি" এই পদ আছে; অহীন যজ্ঞই ঐরূপে চলিয়া থাকে; এই হেতু ইহা অহীনেরই অনুকূল। "নেষি"—পশ্চাতে লইয়া চল,—এই পদ সত্রের অয়নের (গতির) অনুকূল।

ঐ তিন ত্রিষ্ট্রপ্ মন্ত্র [হোত্রকেরা] প্রতিদিন [শস্ত্রারম্ভে] পাঠ করিবে।

সমান (একবিধ) মন্ত্রদারা [শত্রের] সমাপ্তি করিবে।
[যাঁহারা ঐ রূপ করেন] তাঁহাদের যজ্ঞে ইন্দ্র ওকঃসারীর
(মার্জারের) মত যাতায়াত করেন। ব্রুষ যেমন বাশিতা
ধেনুর নিকট যায়, গাভী যেমন পরিচিত গোষ্ঠের দিকে
যায়, ইন্দ্রও সেইরূপ তাঁহাদের যজ্ঞের নিকট যান।
[তন্মধ্যে] অচ্ছাবাকের পক্ষে প্রতিদিন পাঠ্য সূজ্ঞে
"শুনং হুবেম" [এই বাক্যযুক্ত যে মন্ত্র আছে] ঐ "শুনং
হুবেম" বাক্যযুক্ত মন্ত্রে অহীন যজ্ঞের শস্ত্র সমাপ্ত করিবে না।

⁽ २) 012416 (0) 418914 1

কেননা, এতদ্বারা যে ব্যক্তি শক্র, তাহাকেই আহ্বান করা হয় এবং তদ্বারা ক্ষত্রিয় (রাজা) রাষ্ট্রচ্যুত হন।

সপ্তম খণ্ড

অহীন যজ্ঞ

অহীনের সমাপনমন্ত্র ;—"অথাতো……তন্ত্র"

অনন্তর অহীন ক্রতুর যোগ ও বিমৃক্ত বর্ণিত হইতেছে। প্রাতঃসবনে ব্রাহ্মণাচ্ছংদী] "ব্যন্তরিক্ষমতিরৎ"' ইত্যাদি [সমাপ্তিদাধক ক্র্যুচদারা] অহীনকে যুক্ত করিবেন এবং [মাধ্যন্দিনে] "এবেদিন্দ্রম্"' এই মন্ত্রে বিমৃক্ত করিবেন। [অছ্যবাক প্রাতঃসবনে] "আংহং সরস্বতীবতোঃ" এই মন্ত্রে অহীনকে যুক্ত ও [মাধ্যন্দিনে] "নৃনং দা তে" এই মন্ত্রে বিমৃক্ত করিবেন। [মৈত্রাবরুণ প্রাতঃসবনে] "তে স্থাম দেব বরুণ" এই মন্ত্রে যুক্ত ও [মাধ্যন্দিনে] "নৃ ফু তঃ" এই মন্ত্রে বিমৃক্ত করিবেন। যে অহীন ক্রতুকে যুক্ত ও বিমৃক্ত করিতে জানে, শে অহীন ক্রতুর বিস্তারে সমর্থ।

[গবাসয়ন সত্রে] চতুর্বিংশ দিনে [সমাপন মন্ত্রদারা] যে যোগ করা যায়, তাহাই এই সত্রের যোগ এবং ঐ সত্রের অন্তিম অতিরাত্রের পূর্ববর্ত্তী দিনে (অর্থাৎ

⁽ a) elsels 1 (s) alsola 1 (a) alsola (a) alsola 1 (s)

মহাত্রত দিনে) যে বিমৃক্তিসাধন করা যায়, তাহাই এই সত্রের বিমৃক্তি।

যদি [হোত্রকেরা] চতুর্ব্বিংশ দিবদে একাই যজ্ঞে বিহিত [সমাপন] মন্ত্রে শস্ত্র সমাপ্ত করেন, তাহা হইলে সেই দিনই যজেরও সমাপ্তি হইয়া যাইবে: অহীন কর্মা করা হইবে না: আবার যদি অহীন্যজ্ঞে বিহিত সমাপন মল্লে শস্ত্র সমাপ্ত করেন, তাহা হইলে রিথবাহী অশ্ব শ্রান্ত হইলে তাহাকে খুলিয়া না দিলে সে যেমন বিনষ্ট হয়, যজমানও সেইরূপ বিনষ্ট হইবেন। অতএব িএকাহে বিহিত ও অহীনে বিহিত] উভয়বিধ [সমাপন] মন্ত্রে [চতুর্ব্বিংশ দিবদে শস্ত্র পাঠ । সমাপ্ত করিবেন।' দীর্ঘপথ চলিতে হইলে অশ্বকে বিশাবে বিশ্রামার্থ বিশ্রামার্থ বিশ্রাদিয়া যেমন চলিতে হয়, এও দেইরূপ। ইহাদের যজ্ঞও এতদ্বারা বিচ্ছেদরহিত হয়; [যজ্মানও শ্রম :হইতে] মুক্তি লাভ করেন। স্বন্দ্বয়ে [স্তোমর্ক্রির স্ময়ে] শস্ত্রে মন্ত্রসংখ্যা এক বা ছুইয়ের অধিক বাড়াইবে না। শস্ত্রমধ্যে বহু মন্ত্র বাডাইলে [উহা] দীর্ঘ (তুস্তর) অরণ্যের মত হইয়া পড়ে।

⁽ ৭) এ সম্বন্ধে বিধান এইরপ। মৈত্রাবরণ প্রাতঃস্বনে ও মাধ্যন্দিনে উভয়ত্র ঐকাহিক মদ্রে সমাপন করেন; অচ্ছামাক উভয়ত্র অহীনবিহিত মদ্রে সমাপন করেন; আর ব্রাহ্মণাচ্ছংসী প্রাতঃস্বনে অহীনবিহিত মদ্রে আর মাধ্যন্দিনে ঐকাহিক মদ্রে সমাপন করেন। তৃতীয় সবনে কোন বিধান আবশুক হয় না, কেননা, অগ্নিষ্টোমেয় তৃতীয় দবনে স্থোত্তক গণের শন্ত নাই।

কিন্তু তৃতীয় দবনে অপরিমিত (বহুসংখ্যক) মন্ত্রদারা শস্ত্র বাড়াইবে; স্বর্গলোক অপরিমিত। ইহাতে স্বর্গলোকের প্রাপ্তি ঘটে।

যে ইহা জানিয়া অহীনযজ্ঞের বিস্তার করে, তাহার যজ্ঞ আরম্ভের পর বিচ্ছেদরহিত ও খ্রলনরহিত হইয়া থাকে।

্মক্টম খণ্ড বালখিল। সূক্ত

ন্হাতের অভা বিধান--"দেবা বৈনন্দংসতি"

দেবগণ বলের (তন্নামক অন্থরের) নিকট তাঁহাদের গাভাদকল আছে জানিতে পারিরাছিলেন; যজ্ঞদারা দেই গাভা পাইতে ইচ্ছা করিয়া তাঁহারা [পৃষ্ঠ্য ষড়হের] ষষ্ঠদিনের অনুষ্ঠান দারা তাহা পাইয়াছিলেন। তাঁহারা প্রাতঃসবনে নর্ডাক-ঋষি-দৃষ্ট মন্ত্র দারা বলকে দমন করিয়াছিলেন। যথন তাহাকে দমন করিয়াছিলেন, তথন তাহাকে [শক্তিক্ষয় দারা] শিথিল (তুর্বল) করিয়াছিলেন। পুনরায় তাঁহারা তৃতীয় সবনে বজ্রস্বরূপ বালখিল্য মন্ত্রের সাহায্যে বাক্যকৃত্ত্রস্বরূপ একপদা ঋক্দারা বলকে ভগ্গ করিয়া গাভীদকল বাহির করিয়া আনিয়াছিলেন। দেইরূপ: এই ষষ্ঠদিনে যজমানেরাও নভাকদৃষ্ট মন্ত্রদারা বলকে দমন করেন ও যথন তাহাকে দমন করেন, তথন তাহাকে শিথিলও করেন। দেইজন্য হোত্রকেরা প্রাতঃসবনে নভাকদৃষ্ট মন্ত্রে সম্পাদিত ত্র্যুচ পাঠ করিবেন।

[নভাকদৃষ্ট মন্ত্র মধ্যে] "যঃ ককুভো নিধারয়ঃ" ইত্যাদি ত্রুচ মৈত্রাবরুণের, "পূর্বীষ্ট ইন্দ্রোপমাতয়ঃ" ইত্যাদি ব্রাহ্মণাচছংমার ও "তা হি মধ্যং ভ্রাণাম্" অচ্ছাবাকের।

তাঁহারা তৃতীয় সবনে বজ্রস্করপ বালখিল্য মন্ত্রের সাহায্যে বাক্যকৃটস্বরূপ একপদা ঋক্দারা বলকে বিনস্ট করিয়া গাভী-সকল লাভ করেন। ছয়টি বালখিল্য সুক্তে প্রথমবার প্রতি চরণের পর বিহুতি সম্পাদন করিবে; দিতীয়বার অর্দ্ধ ঋকের পর, ও তৃতীয়বার প্রতি ঋকের পর বিহুতি সম্পাদন করিবে। প্রতি চরণে বিহুতি সম্পাদনের সময় প্রত্যেক প্রগাথের পর একপদা ঋক্ বসাইবে। এইরূপে প্রগাথের ও একপদার সমষ্টি বাক্যকৃটে পরিণত হয়।

একপদা ঋক্ পাঁচটি; তন্মধ্যে চারিটি দশম দিনের অনুষ্ঠান হইতে ও একটি মহাব্রত হইতে গ্রহণ করা হয়।

অনতঃ মহানাদ্ধী ঋক্ সকলের মধ্যে যে অফ্টাক্টর পদসমূহ আছে, তাহার মধ্যে যতগুলি আবশ্যক হয়, ততগুলি পাঠ করিবে; অবশিফ্টগুলিকে কোনরূপ আদর করিবে না।

অনন্তর অর্দ্ধ ঋকের পর বিহৃতি সম্পাদনের সময়ও সেই সকল একপদা ঋক্ পাঠ করিবে ও মহানামী ঋকের সেই অফ্টাক্ষর পদসকল পাঠ করিবে।

আর প্রতি ঋকের পর বিহৃতি সম্পাদনেও সেই সকল

⁽ ৪) শোড়শী ক্তুতে বিহাতি সম্পাদন হয়, এথানেও বালখিল্য পাঠে বিহুতির বিধান আছে এক নঞ্জেব কিয়দংশের সহিত অহা মন্ত্রের কিয়দংশ মিশাইয়া বিহুতি সম্পাদন ক্রিডে হয়। ইচার বিশেষ বিবৰণ ত্রিশ অধ্যায়ের খিতীয় গওে দেখ।

একপদা ঋক্ পাঠ করিবে ও মহানাম্বী ঋকের সেই অফীকর পদ্যকল পাঠ করিবে।

প্রথমবারে ছয়টি বালখিল্য দূক্তের যে বিহৃতি সম্পাদন হয়, তাহাতে প্রাণের দহিত বাক্যকে মিশ্রিত করা হয়। বিতীয়বারে [বিহৃতি সম্পাদনে] চক্ষুর দহিত মনকে এবং তৃতীয়বারে শ্রোত্রের দহিত আত্মাকে মিশ্রিত করা হয়। এতদ্বারা বিহৃতি সম্পাদনের ফল পাওয়া যায়; বক্রস্বরূপ বালখিল্যের ফল পাওয়া যায়; বাক্যকৃটস্বরূপ একপদার ফল পাওয়া যায়; প্রাণাদির মিশ্রণের ফলও পাওয়া যায়।

চতুর্থবারে প্রগাথসমূহের বিহৃতি সম্পাদন না করিয়াই পাঠ করিবে। প্রগাথসকল পশুস্বরূপ, এতদ্বারা পশুর রক্ষা ঘটে। এস্থলে একপদা ঋক্ও [প্রগাথদ্বরের মধ্যে] ব্যবধান দিবে না (প্রক্রেপ করিবে না)। যদি এস্থলে একপদা ঋকের ব্যবধান দেওয়া যায়, তাহা হইলে বাক্যকূট্দ্বারা (তৎস্ক্রপ বজ্বারা) যজমানের পশু বিনক্ট করা হইলে। এরূপ কেত্রে যদি কেহ আসিয়া বলে, এই ব্যক্তি বাক্যকূট্দ্বারা বজমানের পশু নক্ট করিতেছে ও যজমানকে পশুহীন করিতেছে, তাহা হইলে অবশ্য তাহাই ঘটিবে। সেইজন্য এস্থলে একপদা ঋকের ব্যবধান দিবে না।

অন্তিম সুই দৃক্ত (সপ্তম ও অন্তম বালখিল্য দৃক্ত) বিপরীত ক্রমে পাঠ করিবে; তাহাতেই উহাদের বিহুতি সাধন হইবে। বংসের পুত্র সর্পিঃ (তল্লামক খারক্) সৌবলের (তল্লামক ধর্মানের) উদ্দেশে এই শিল্প] শস্ত্র পাঠ করিয়াছিলেন। তিনি

বলিয়াছিলেন, আমি এই বজুমানে বহু পশু সম্পাদন ক্রিয়াছি,

অতএব [দক্ষিণাস্বরূপে] আমার নিকটে শ্রেষ্ঠ পশু উপস্থিত হইবে। তদনন্তর সৌবল প্রধান ঋত্বিক্দিগকে [বহু পশু] দক্ষিণা দিয়াছিলেন। সেইজন্ম এই পশুপ্রদায়ক ও স্বর্গ সাধন [শিল্প] শস্ত্র পাঠ করা হয়।

নবম খণ্ড দুরোহণ মন্ত্র

দূরোহণের বিধান যথা—"দূরোহণ...সৌপর্ণে"

দূরোহণ মন্ত্র পাঠ করা হয়। তৎসম্বন্ধে ব্রাহ্মণ [পূর্কের্বির্বাহপ্রসঙ্গে] বলা হইয়াছে।' পশুকামী যজমানের জন্ম ইন্দ্রদৈবত মৃক্তে দূরোহণ করিবে; কেন না পশুগণ ইন্দ্রের সম্বন্ধযুক্ত। উহার ছন্দ জগতী হইবে, কেন না পশুগণ জগতীছন্দের সম্বন্ধযুক্ত। ঐ মৃক্ত মহামৃক্ত হইবে; তদ্ধারা যজমানকে বহুসংখ্যক পশুতে প্রতিষ্ঠিত করা হইবে। বরু-নামক ঋষিদৃষ্ট মৃক্তে দূরোহণ করিবে। উহাও মহামৃক্ত এবং উহার ছন্দ জগতী।' প্রতিষ্ঠাকামী যজমানের পক্ষেইন্দ্রাবরুণ-দৈবত মৃক্তে দূরোহণ করিবে। এই [মৈত্রাবরুণ নামক] হোত্রকের সম্পাত্ম ক্রিয়ার ঐ দেবতা; উহার

⁽১) পূর্বে ১৮ তথায়েও গণ্ডে তার্কাস্কু দেখ।

⁽২) সক্ত দিবিধ, কুরুস্কু ও মহাস্কু। দুশ ঝকের অণিক থাকিলে মহাস্কুছ^{হত।} "দুশ্চহায়া অধিক: মহাস্কু: বিজুবুধাঃ"।

⁽৩) "প্রতে মহে" ইত্যাদি সক্ত (১০।৯৬)।

সমাপ্তিকালের [যাজ্যামন্ত্রপ্ত] ইন্দ্র-বরুণ-দৈবত। এতদ্বারা এই মন্ত্রকে শস্ত্রান্তে স্বকীয় সমাপ্তিতেই প্রতিষ্ঠিত করা হয়। ঐ যে ইন্দ্র-বরুণ-দৈবত মন্ত্রে দূরোহণ হয়, উহাই এন্থলে নিবিৎস্বরূপ হয়। নিবিৎ দ্বারা সকল কামনা পাওয়া যায়। যদি ইন্দ্র-বরুণ-দৈবত মন্ত্রে দূরোহণ করা হয় অথবা সৌপর্ণ সুক্তে দূরোহণ করা হয়, তাহা হইলে ইন্দ্র-বরুণ-দৈবত সূক্তের বা সৌপর্ণ সূক্তের ফল পাওয়া যায়।

দশ্ম খণ্ড

অন্যান্য মন্ত্র

ষষ্ঠাহের অন্যান্ত মন্ত্র যথা—"তদাহ...অনন্তরিত:"

এ বিষয়ে প্রশ্ন আছে,—[দূরোহণ পাঠের পর] [একাহে বিহিত] সূক্তসকল ঐ সঙ্গে ষষ্ঠাহে পাঠ করিবে কি পাঠ করিবে না ? [উত্তর]—ঐ সঙ্গেই পাঠ করিবে। [প্রশ্ন] কেন ? [উত্তর]—অন্য [পাঁচ] দিনে যথন একসঙ্গে পাঠ করা হয়, তবে এ দিনেও (ষষ্ঠ দিনেও) কেন পাঠ না করিবে ?

কেহ কেহ বলেন, [দূরোহণের সহিত ঐকাহিক

^{(8) &}quot;हेल्यांवक्षणां मधूमेखमञ्ज" এই मञ्ज (७।७৮।১১)।

⁽ ৫) সৌপর্ণ স্ক্ত-"ইমানি বাং ভাগধেয়ানি" ইত্যাদি স্কু (৮।৫৯)।

মন্ত্র] একদঙ্গে পাঠ করিবে না। কেন না এই ষষ্ঠ দিন স্বৰ্গলোকস্বৰূপ ও বহুলোকে একসঙ্গে স্বৰ্গলোকে যাইতে পারে না; কেহ কেহ (অর্থাৎ বিশেষ পুণ্যবান্) স্বর্গ-লোকে যাইতে পারে নাত্র। সেই (মৈত্রাবরুণ) যদি [দুরোহণের দহিত] অত্য দক্ত প্রাঠ করেন, তাহ: হইলে ষষ্ঠাহকে [অত্য দিনের] দখান করিয়া ফেলিবেন। আর যদি একসঙ্গে পাঠ না করেন, তাহা হইলে উহাকে স্বর্গলোকের অমুকুল করিবেন। সেই জন্ম একসঙ্গে পাঠ না করাই উচিত।

[আবার বলা হয়,] [এই শিল্পান্তে] যে স্তোত্তিয় ত্র্যচ আছে, উহা আত্মার স্বরূপ; আর বালখিল্যস্ক্রসকল প্রাণস্বরূপ। যদি [দুরোহণের সহিত অন্ত সূক্ত] একসঙ্গে পাঠ করা হয়, তাহা হইলে ঐ তুই দেবতার (ইন্দ্রের ও বরুণের) দ্বারা যজমানের প্রাণ বহির্গত করা হইবে । এন্থলে যদি কেহ বলে, এই ব্যক্তি (মৈত্রাবরুণ) ঐ ছুই দেবতার দারা যজমানের প্রাণ বহির্গত করিতেছে, প্রাণ ইহাকে পরিত্যাগ করিবে, তাহা হইলে অবশ্যই সেইরূপ ঘটিবে। অতএব একদঙ্গে পাঠ করিবে না।

মৈত্রাবকণ এইরূপ মনে করিতে পারেন, আমি ত বালখিল্য সূক্ত পাঠ করিয়াছি; বেশ, এখন দূরোহণের পুর্নের [ঐকাহিক সূক্ত] পাঠ করিব।—না মে দিকেও याहरत ना।

থার সেই মৈত্রাবরুণের যদি দর্প উপস্থিত হয়, তাহা হইলে দুরোহণের পর বহুশত শস্ত্র পাঠ কার্নে। ভাহ। হইলে যে ফলকামনায় এইরূপ করা যায়, সেই ফলই ইহাতে পাওয়া যাইবে।

বালখিল্য মন্ত্রসমূহ ইন্দ্রদৈবত; তাহাতে দ্বাদশাক্ষরমুক্ত চরণ আছে। ইন্দ্রদৈবত জগতাছন্দের মন্ত্রে যে ফল, উহাতেও সেই ফল পাওয়া যায়। অতএব ইন্দ্রাবরুণদৈবত সূক্ত পাঠ করিবে ও ইন্দ্রাবরুণদৈবত মন্ত্রে শস্ত্র সমাপ্ত করিবে। অন্য কোন মন্ত্র সেই সঙ্গে পাঠ করিবে না।

এ বিনয়ে প্রশ্ন আছে,—স্তোত্তও যেমন, শস্ত্রও সেইরূপ হইয়া থাকে; বালখিল্য মন্ত্রসকল বিহুতি সম্পাদন করিয়া পাঠ করা হয়; তবে স্তোত্রসকলও কি বিহুত হইবে না অবিহৃত হইবে ! [উত্তর] বিহুত হইবে, এই উত্তর দিবে। [স্তোত্রগত ঋকের] [প্রথম চরণ] অফীক্ষর, তদ্বারাই দাদশাকর দ্বিতীয় চরণ বিহৃত হইবে।

আরও প্রশ্ন আছে,—শস্ত্র যেসন যাজ্যাও সেইরূপ হইয়া থাকে; শস্ত্রে অগ্নি, ইন্দ্র ও বরুণ এই তিন দেবতা উদ্দিষ্ট হইয়াছে, কিন্তু যাজ্যামন্ত্র কেবল ইন্দ্রের ও বরুণের উদ্দিষ্ট; এখানে অগ্নিকে কেন পরিত্যাগ করা হইল ? [উত্তর]—িয়নি অগ্নি, তিনিই বরুণ; "স্বসগ্নে বরুণো জায়দে যৎ"—অহে অগ্নি, তুমিই বরুণ হইয়া জন্মিয়াছ—এই মন্ত্রে ঋষি দেই কথা বলিয়াছেন। এই হেতু ইন্দ্র ও বরুণের উদ্দিষ্ট মন্ত্রকে যাজ্যা করিলে অগ্নিকে পরিত্যাগ করা হয় না।

ত্রিংশ অধ্যায়

প্রথম থণ্ড

শিল্পশস্ত

ষষ্ঠাহের বিহিত শিল্পান্ত যথা—"শিলানি---কল্লাতে"

শিল্পশস্ত্রসমূহ পঠিত হয়। এই দকল দূক্ত দেবশিল্প; এই [মনুষ্যালোকে] হস্তী, কাংস, বস্ত্র, হিরণ্য, অশ্বতরীযুক্ত রথ প্রভৃতি শিল্প দেবশিল্পের অনুকরণ মাত্র।' যে ইহা জানে সে [বিবিধ] শিল্প দ্রব্য লাভ করে। এই যে শিল্পসমূহ, ইহারা আত্মার সংস্কারসাধন করে; যজমান এতদ্বারা আত্মাকে ছন্দোময় (বেদময়) করিয়া সংস্কৃত করেন।

নাভানেদিষ্ঠ সূক্ত পাঠ করিবে। নাভানেদিষ্ঠ রেতঃস্বরূপ; এতদ্বারা রেতঃসেক করা হয়। ঐ সূক্তের দেবতা অনিরুক্ত, (অনির্দ্দিষ্ট); রেতঃ-পদার্থও অনিরুক্ত (অলক্ষিত) ভাবে গুপু যোনিতে সিক্ত হইয়া থাকে। যজমান এইরূপে রেতো-মিঞ্জিত হইয়া থাকেন।

"ক্ষায়া রেতঃ সংজগ্মানো নিষিঞ্ছ"—ক্ষা (ভূমি) কর্তৃক সঙ্গত হইয়া [প্রজাপতি] রেতঃসেক করিয়াছিলেন—[উক্ত সূক্তের] এই অংশ রেতোবর্দ্ধন করিয়া থাকে। ' ঐ সূক্ত

^{(&}gt;) শিল্পম্ আশ্চাকরং কর্মা। হতী শব্দে ধাতুনির্মিত খেলানার হাতী, কাংস শব্দে কাংসময় স্বস্থাইতেছে। নাভানেমিষ্ঠাদি স্কু সকল দেবগণের নির্মিত শিল্প; উহাদের নাম শিল্পকু। (২ , নরা আক্রমা মহর্বয়ো মুস্বাজাতাবাংপর্কাৎ তে শ্রুত্তে ব্যাসন্। (সাংগ)

নারাশংস সৃত্তের সহিত পাঠ করিবে। প্রজাই নর; এবং বাকাই শংস; এতদ্বারা প্রজাতেই বাক্যের স্থাপন হয়, এবং প্রজাগণ জন্মিয়া বাক্য কহিয়া থাকে। কেহ কেহ বলেন, বাক্যের স্থান [শরীরের] পুরোভাগে; এই হেতু [নাভানেদিষ্ঠের] পূর্বে [নারাশংস] পাঠ করিবে। কেহ বা বলেন, বাক্যের স্থান উপরিভাগে; এই হেতু উহা পরে পাঠ করিবে। কেহ আবার বলেন বাক্যের স্থান মধ্যভাগে; এই হেতু উহা মধ্যস্থলে পাঠ করিবে। কৈছ আবার বলেন বাক্যের স্থান মধ্যভাগে; এই হেতু উহা মধ্যস্থলে পাঠ করিবে। কিন্তু ঐরপ না করিয়া] [নাভানেদিষ্ঠ সূত্তের] উর্জভাগের নিকটেই এই [নারাশংস] পাঠ করিবে; কেন না বাক্যের স্থান [শরীরের] উর্জভাগের নিকটবর্ত্তী। [ঐরপে পাঠ করিয়া] হোতা সিক্ত—রেতঃস্বরূপ যজমানকে এই বলিয়া মৈত্রাবরুণের প্রতি অর্পণ করেন, [অহে মৈত্রাবরুণ], তুমি এই [রেতঃস্বরূপ যজমানের] প্রাণ

দ্বিতীয় খণ্ড

শিল্পশস্ত্র

- (৩) ঐ মন্ত্রে প্রজাপতির ছহিত্নক্ষমের উরোধ আছে। (সায়ণ)
- (8) বাগিল্রিয় মন্তকের পুরোভাগে আছে, অথবা শরীরের উপরে মন্তকে আছে, অথবা গুলাটের নিরে শরীরের মধ্যভাগে আছে, এই জিবিধ কলনা হইতে পারে।
- (e) বাগিল্রিয়ের স্থান প্রকৃতপকে শনীরের উদ্ধ মধ্য বা সন্মুধ, কোনখানেই নহে; উর্দ্ধের নিকটবর্তী স্থানেই বাগিল্রিয় অবস্থিত। এই তেতু নাভানেদিটের আরক্তে, শেষে, বা মধ্যে কোথাও না পড়িয়া শেষভাগের নিকটে পাঠ করিবে। নাভানেদিট স্কে সাভাইশটি মন্ত্র আহে; উহার প'চিশ মন্তের পর তুই মন্ত অবশিষ্ট থাকিতে নাবাশংস পাঠ করিতে হয়।

বালথিল্য সূক্ত পাঠ করা হয়। বালখিল্য প্রাণম্বরূপ; এতদ্বারা যজমানের প্রাণ সম্পাদিত হয়। বিহৃতি সম্পাদন পূর্ব্বক উহা পঠিত হয়; প্রাণসকলও পরস্পর বিহৃত (মিশ্রিত); প্রাণদ্বারা অপান, অপানদ্বারা ব্যান বিহৃত রহিয়াছে। সেই [মৈত্রাবরুণ] প্রথম ছুই সূক্ত প্রতিচরণের পর, দ্বিতীয় সূক্তদ্বয় অর্দ্ধ ঋকের পর, এবং তৃতীয় সূক্তদ্বয় প্রতি ঋকের পর বিহৃত করেন। প্রথম সূক্তদয়ের বিহৃতিকালে প্রাণের সহিত বাক্যকে, দ্বিতীয় সূক্তদ্বয়ের বিহাতিকালে চক্ষুর সহিত মনকে ও তৃতীয় সূক্তদ্বয়ের বিহাতি-কালে শ্রোত্রের সহিত আত্মাকে তিনি মিশ্রিত করেন। কেহ কেহ তুইটি বুহতী ও তুইটি সতোবহতী একদঙ্গে পাঠ করিয়া বিহৃতি সম্পাদন করেন; তাহাতে বিহৃতি সম্পাদনের ফল পাওয়া যায় বটে ; কিন্তু প্রগাথ সম্পাদিত হয় না। [এই জন্ম ঐ রূপ না করিয়া। অতিমর্শদারাই বিহৃতিসম্পাদন করিবে: তাহাতে প্রগাথ সম্পাদিত হইবে। 'বালখিল্য প্রগাথস্বরূপ;

⁽১) বর্তাহে শিল্পশন্ত পাঠের বিধি। নাভানে বিঠাদি চারিটি শল্পের নাম শিল্পশন্ত হোতা, মৈত্রাবরণ, রান্ধণাচ্ছংসীও অচ্ছাবাক যথাক্রমে এই চারি শল্প পাঠ করেন। এতদ্বারা যজমানের নুতন শরীর নিশ্বিত হয়। মৈত্রাবরণণের শিল্পশন্ত মধ্যে আটিট বালখিলা হস্ত বিহিত হইরাছে। অষ্টম মণ্ডলের ৪৯ ইইতে ৫৯ পর্যান্ত এগারটি হস্ত বালখিলা হস্ত : তর্মধ্যে প্রথম আটিটি শিল্পশন্তের অন্তর্গত। এই আট হস্তের প্রথম ও দ্বিতীয়ে দশটি করিয়া মন্ত্র আছে, তৃতীয় ও চতুর্থে দশটি, পঞ্চম ও যঠে আটিটি এবং সপ্তম ও অইমে পাঁচটি করিয়া মন্ত্র আছে। এইরপে এ আটহন্তের চারি লোড়া হস্ত। প্রথম তিন লোড়া প্রগাধরণে পঠিত হয়; এক ছন্দে অঞ্চ ছন্দ বোগ করিলে প্রগাথ নিপান হয়। এ ছয় হস্তে বৃহতী ও সতোবহতী এই দ্বিবিধ ছন্দ আছে; বৃহতীতে সভোবৃহতীং যোগে প্রগাথ হয়। বৃহতীতে বৃহতী যোগ করিলে বা সতোবৃহতীতে সতোবৃহতী যোগ করিলে বা সতোবৃহতী তৎপরিবর্গ্তে অতিমর্শন নামক বিহুতি সম্পাদন হারা ঐ স্কুল পাঠের বিধান হইল। এক মন্ত্রের

সেইজন্ম অতিমর্শ দ্বারাই বিহৃতি সম্পাদন করিবে; কেন না অতিমর্শই উচিত। বৃহতী আত্মা এবং সতোবৃহতী প্রাণ; সেই [মৈত্রাবরুণ] বৃহতী পাঠ করেন, উহা আত্মা; তৎপরে সতোবৃহতী পাঠ করেন, উহা প্রাণ। আবার বৃহতী, আবার সতোবৃহতী পাঠ করেন; তাহাতে প্রাণদ্বারা আত্মাকে

কিরদংশে অক্ত মন্ত্রেন কিরদংশ যোগ করিয়া ছুই মন্ত্র মিশাইলে বিহুতি সম্পাদিত হয়। পূর্বের বোড়শী শল্তে এই বিহ্নতি সম্পাদনের বিধান হইয়াছে। এম্বলে বালখিলা পাঠেও বিহ্নতি সম্পাদনের বিধান হইল। বিহৃতির আধার প্রকারভেদ আছে। কখনও বা এক স্তের মন্ত্রের একচরণের পর অক্তস্থতের মন্ত্রের একচরণ, কখনও বা একস্থতের মন্ত্রের অর্জাংশের পর অক্ত স্ত্রের মন্ত্রের অর্ধ্বাংশ, কথনও একস্তুক্তের এক ঋকের পর অক্ত স্তুক্তের এক ঋক বসাইয়া বিহাতি স্পাট্রিত হয়। কথনও বা ছুই সুকু যগাক্রমে না পড়িয়া বিপরীতক্রমে পড়িয়াও বিহৃতির শাধন চলিতে পারে। এম্বনে বালখিলাপাঠে ব্যবস্থা হইল যে উক্ত আট হক্তের প্রথম জোডার চরণের পর চরণ, দ্বিতীয় জোডায় অর্ধ ঋকের পর অর্ধঋক, তৃতীয় জোড়ায় ঋকের পর ঋক বসাইয়া বিজ্ঞি সম্পাদিত হইবে। এইরূপ বিজ্ঞির নাম অতিমর্শ। চতুর্থ জোড়ার সপ্তম স্থাক্তর পর অন্তম না পড়িয়া বিপরীতক্রমে অর্থাৎ অষ্টমের পর মপ্তম পড়িলেই বিক্ষৃতি হইবে। গুখম স্কুদ্বয়ে চরণের পর চরণ, দ্বিতীয় স্কুদ্বয়ে প্রতি অর্দ্ধকের পর অর্দ্ধক ও তৃতীয় স্কুদ্বয়ে ·ঋকের প্র ঋক্ বসাইলে যে বিহৃতি সাধিত হয়, ও এম্বলে যাহার বিধান হইল, এই **অতিমর্ল** বিহৃতির নাম ৌঞ্জন বিহৃতি; গুণ্ডিনাথ্য ঋষির অনুমত বলিয়া ইহার নাম হৌণ্ডিন। তঙ্কির মহাবালভিং নামক ঝবির অনুমত অক্সরূপ অতিমর্শ বিছতি আছে। পূর্ববর্ত্তী উনতিংশ অধারের অনুমুখণ্ডে বালখিলা স্কু পাঠের বাবস্থায় সেই মহাবালভিৎ বিহুতির বিধান হইরাছে। উহাতে প্রথম তিনজোড়া বালখিলা হজের চারিবার আবৃত্তি করিতে হয়। প্রথমবারে চরণের পর চরণ, দ্বিতীয়বারে অর্ধন্ধকের পর অর্ধন্ধক, তৃতীয়বারে ন্ধকের পর ন্ধক বসাইয়া বিহুতি হয়। ঐক্তপে বিহৃতি সম্পাদন দ্বারা প্রগাথ নিম্পন্ন করিয়া সেই প্রগাথের পর একপদা ঋক বা মহানাল্লী ঋকের অষ্টাক্ষর পদ বসাইতে হয়। প্রগাথের পর একপদা প্রক্ষেপ করিলে ঐ প্রগাঞ্চ বাক্যকুটে পরিণত হয়। বাক্যকুটে পরিণত হউলে বালখিল্যমন্ত বজ্রস্কুপ শক্তিশালী হইর। খাকে। চতুর্থবার আবৃত্তিকালে বিহৃতিসম্পাদন আবশুক হয় না, অথবা তৎপরে একপদাও বসাইতে হর না।

উদাহরণ হারা এই বিহ্নতি সম্পাদনের তাৎপর্যা স্পষ্ট হইবো প্রথমজোড়া অর্থাৎ প্রথম ও বিতীয় বালনিলা সজের প্রত্যেকের প্রথম এই মন্ত্র লওয়া বাউক : -- পরিবর্দ্ধন করিয়া কর্মানুষ্ঠান হয়। এইজন্ম অতিমর্শদারাই বিহুতি সম্পাদন করিবে।

ঐ অতিমর্শ ই উচিত। বৃহতী আত্মা ও সতোবৃহতী পশু;

গ্ৰথম সুক্ত

১ প্রথম মন্ত্র—জভি প্র বঃ হরাধসং, ইক্রমর্চ যথা বিদে। র ধো জরিতৃভো মঘবা পুরবহঃ, সহম্রেণের শিক্ষতি॥

বিতীয় মন্ত্র—শতানীকেব প্র জিগাতি ধুকুছা, হস্তি বুজাণি দাংগ্রে ১
শিরেরিক প্র রদা অস্ত পিবিরে, দ্র্রাণি পুরুজোলসঃ এ

ষিতীয় সূক্ত

ত্রথম মন্ত্র---প্র স্থ শ্রুলতং স্থরাধদং, অঠা শর্কুমজিষ্টরে।
১১ ১২
যঃ সুৰতে স্তবতে কাম্যং বহু, সহস্রেণের মংছতে ঃ

১৬ ১৪ বিতীর মন্ত্র—শতানীকা হেতরো অক্ত হুটুরা, ইক্রক্ত সমিবো মহী:। ১৫ ১৬ গিরির্ন ভূজা। মঘবৎফ পিৰতে, যদীং কুডা অমংদিমু: ॥

প্রতিচরণে বিহৃতি হইলে নিম্নোক্ত প্রগাণ উৎপন্ন হইবে :---

অভি প্র ব: স্বরাধসং, ইক্সন্ত সমিধো মহী:।
১৩
শতানীকা হেতরো অন্ত ছুটুরা, ইক্সমর্চ যথাবিদোম্।
১৬
যো জরিত্ভ্যো মঘবা পুরাবহুঃ, যদীং হুতা অমন্দিরুঃ।
১৫
গিরির্ন ভুজা। মঘবৎক পিরতে, সহম্রেণেব শিক্ষতোম্

এই মন্ত্রহাত্মক প্রগাথের পর "ইন্দ্রো বিষম্ম গোপতিঃ" এই একপদা ঋক্ বসাইলে উহ; স্বাক্যকটে পরিণত হইবে।

মহাবালভিদ্ বিহারে এইরূপে প্রথম দ্বিতীর ও তৃতীয় স্ফেদ্বরের প্রত্যেক ক্ষকের প্রতিচরণের পর বিক্রতি হর ও তৎপরে একপদার অথবা মহানামীর অষ্টাক্ষর বসে। হৌতিন বিহারে কেবল প্রথম সক্রমবে এইরূপ বিহতি সম্পাদিত হয়:

অর্ক সকের পব বিহুতি এইরূপ:—

) ২ জাজি পাব: সুরাধদং, উল্লয়স্চ যথা বিদে। ১৫ ১৬ ১৬ শিরি ব জুজা মহাবংশ পিবতে, দলীং স্লাভা জামাংদিলোক ল তিনি যে বৃহতী পাঠ করেন, উহা আত্মা, এবং যে সতোবৃহতী পাঠ করেন, উহা পশু। আবার বৃহতী, আবার সতোবৃহতী পাঠ করেন, তাহাতে পশুদারা প্রাণকে পরিবর্দ্ধন করিয়া কর্মানুষ্ঠান হয়; সেইজন্ম অতিমর্শ দারাই বিহৃতি সম্পাদন করিবে।

অন্তিম (সপ্তম ও অন্টম) সূক্ত বিপরীতক্রমে পাঠ
করা হয়; উহাতেই তাহাদের বিহৃতি সম্পাদিত হয়।
মৈত্রাবরুণ এইরূপে সেই [রেতঃস্বরূপ] যজমানের প্রাণ
সম্পাদন করিয়া, ভূমি ইহার জন্মপ্রদান কর, এই বলিয়া
যজমানকে ব্রাহ্মণাচ্ছংসীর প্রতি অর্পণ করেন।

মহাবালভিদ্ বিহারে বিভীয়বার আরুতির সময় প্রথম বিতীর ও তৃতীয় স্কুদরে এইরূপ বিহুতি হয়। হৌতিন বিহারে কেবন দিতীয় স্কুদরে এইরূপ বিহার।

প্রতি ঋকের পর বিহার এইরূপ :--

বিভ প্র ব: সুরাধসং, ইক্রমর্চ বথা বিদে।
থা জরিজ্জ্যো মঘবা পুরুবস্থ:, সহস্রেণেব শিক্ষ্ডোম্ ।
১০ ১৪
শতানীকা হেড্রো অস্ত হুষ্টরা, ইক্রস্য সমিবো মহী:।
১৫ ১৬
গিরির্ন হুজ্যা মঘবৎস্থ পিরতে, যদীং স্থভা অমংদিবোম্ ॥

মহাবালভিতে তৃতীয় বার আবৃত্তির সময় প্রথম বিতীয় ও তৃতীয় স্কুৰয়ে এইরূপ বিহার, আর হোভিন বিহারে কেবল তৃতীয় স্কুৰয়ে এইরূপ বিহার।

পূর্দ্ধবর্তী অধ্যায়ে যে পাঁচটি একপদার উল্লেখ হইরাছে, তাহারা যথাক্রমে এই :—(›) ইক্রো
বিষম্প গোপতি: (২) ইক্রো বিষপ্ত ভূপতি: (৩) ইক্রো বিষম্প চেততি (৪) ইক্রো বিষম্প
রাজতি (৫) ইক্রো বিষশে বিগাজতি। প্রথম পাঁচ প্রগাথের পর এই পাঁচ একপদার
আটি অক্ষর বসান হয়। পরবর্তী প্রগাথে মহানামীর আটি অক্ষর বসাইতে হয়। মহানামী কাছাকে
দলে, পুর্বেব বলা হইয়াছে।

তৃতীয় খণ্ড

শিল্পশস্ত্র

তৎপরে ব্রাহ্মণাচ্ছংদীর শিরশন্ত-"সুকীর্ত্তিং----করয়েতি"

স্থকীর্ত্তি সূক্ত পাঠ করা হয়। স্থকীর্ত্তি দেবযোনিস্বরূপ; এতদ্বারা যজমানকে যজ্ঞস্বরূপ দেবযোনি হইতে জন্মদান করা হয়।

র্ষাকপি সৃক্ত পাঠ করা হয় । র্ষাকপি আত্মা; এতদ্বারা যজমানের আত্মা সম্পাদিত হয়। এই সূক্তকে নৃষ্থিবিশিষ্ট করিবে। নৃষ্থে অন্ধস্করপ; [জননী] যেমন কুমারকে (শিশুকে) স্তন দেন, সেইরূপ এতদ্বারা জন্মলাভের পর যজমানের ভক্ষণীয় অন্ধ বিধান করা হয়। উহার ছন্দ পঙ্কি; পুরুষ লোম ত্বক্ মাংস অন্থি ও মজ্জা এই পাঁচ পদার্থে গঠিত বলিয়া পঙ্কির লক্ষণযুক্ত; এতদ্বারা পুরুষ যেরূপ, যজমানকেও তদ্ধপ সংস্কৃত করা হয়।

এইরূপে ব্রাহ্মণাচ্ছংদী যজমানের জন্মদান করিয়া, তুমি ইহার প্রতিষ্ঠা সম্পাদন কর, এই বলিয়া তাঁহাকে অচ্ছাবাকের প্রতি অর্পণ করেন।

⁽১) "অপ প্রাচ ইক্র বিধান্" ইত্যাদি স্ক্রত। (১০।১৩১)

⁽২) "ৰিহি দোভোরসক্ত" ইত্যাদি স্কু। (১০৮৬)

চতুৰ্থ খণ্ড

শিল্পশস্ত্র

তৎপরে অচ্চাবাকের শিরশস্ত্র—"এবয়ামকতং-----শশুতে"

এবহামরুং সূক্ত পাঠ করা হয়। ' এবহামরুং প্রতিষ্ঠাস্বরূপ ; এতদ্বারা যজমানে প্রতিষ্ঠা সম্পাদিত হয়। উহা
নৃত্থাবিভিক্ট করিবে। নৃত্থ অধ্বস্বরূপ ; তদ্বারা যজমানে
ভক্ষণীয় অধ্বের স্থাপনা হয়। উহার ছন্দ জগতী, কিয়দংশে
অতিজগতী '; এই সমৃদ্য় [জাগতিক দ্রব্য] জগতীর বা
অতিজগতীর লক্ষণযুক্ত। উহার দেবতা মরুদ্গাণ ; মরুদ্গাণ
অপ্স্বরূপ ; অপ্ অধ্যস্বরূপ ; এই ক্রমহেতু তদ্বারা যজমানে
অধ্যের স্থাপনা হয়।

নাভানেদিষ্ঠ, বালখিল্য, র্যাকপি, এবয়ায়রুৎ, এই সূক্তগুলিকে সহচর সূক্ত বলে; উহা হয় [একদিনেই]পাঠ করিবে,
নয় একবারেই পাঠ করিবে না। যদি ইহাদিগকে [বিভক্ত
করিয়া] নানাভাবে (ভিন্ন ভিন্ন দিনে) পাঠ করা যায়, তাহা
হইলে পুরুষকে অথবা [তাহার জন্মহেতু] রেতঃপদার্থকে
বিচিছ্ন (খণ্ডিত) করিলে যাহা হয়, সেইরূপ হইবে।
সেইজন্য ঐ [চারিটি] শস্ত্র হয় [এক দিনে] পাঠ করিবে,
নয় [একেবারে] পাঠ করিবে না।

⁽১) "প্র বো মহে মতয়ঃ" ইত্রাদি স্কুত। (৫।৮৭)

⁽ २) চরণে বার অক্ষর থাকার ছগতী ; চতুর্থচরণে বোল অক্ষর থাকার অভিন্সান্তী।

আশ্বি আশ্বতর বুলিল (তনামক ঋষি) বিশ্বজিৎ যাগে হোতা হইয়া বিবেচনা করিয়াছিলেন যে, সাংবৎসরিক সত্তের অন্তর্গত বিশ্বজিতে ঐ [চারিটি] শস্ত্রের মধ্যে ছুইটিকে মাধ্য-ন্দিন সবনে আনিতে হইবে; আচ্ছা, আমি এখন এবয়ামরুৎ শস্ত্র পাঠ করাই। এই মনে করিয়া তিনি [অচ্ছাবাককে] এবয়ামৎ শস্ত্র পাঠ করাইয়াছিলেন। ' ঐ শস্ত্রপাঠের সময় গৌশ্ল ঋষি আসিয়াছিলেন; তিনি বলিলেন, অহে হোতা, তোমার এই শস্ত চক্রহীন [রথের মত] নফ হইবে। [বুলিল বলিলেন] কেন, কি দোষ হইল ? তথন গৌল্ল বলি-লেন—উত্তর দিকে এই শস্ত্র পঠিত হয়; মাধ্যন্দিনের দেবতা ইন্দ্র: মাধ্যন্দিন হইতে ইন্দ্রকে কেন অপস্থত করিতেছ গু তখন বুলিল বলিলেন, না, আমি ইন্দ্রকে মাধ্যন্দিন হইতে অপস্ত করিতে চাহি না। [গৌশ্ল বলিলেন]—এই শস্ত্রের ছন্দ জগতী, কিয়দংশ অতিজগতী ; এই সমুদয় [জাগতিক পদার্থ] জগতীর ও অতিজগতীর লক্ষণযুক্ত ; ইহা মাধ্যন্দিনের ছন্দ নহে : অপিচ ইহার দেবতা ইন্দ্র : ইহা এখন পাঠ করা

⁽৩) অখ নামক ঋষির পুত্র (সারণ)।

⁽ ৪) অখতর নামক ঋষি হইতে উৎপন্ন (সায়ণ)।

⁽৫) শিল্পশন্তচতুইর হোতা এবং নৈতাৰকণ ত্রাহ্মণাচহংদী ও অচ্ছাৰাক এই হোত্রকত্র কর্ত্বক তৃতীয়দবনে পঠিত হয়। বিশ্বজিৎ যাগ কিন্তু অগ্নিষ্টোমের প্রকারভেদ; উহার তৃতীয় দবনে হোত্রকগণের শস্ত্র নাই। এইজন্ত ঐ ক্ষি ছির করিলেন, আমি বিশ্বজিতের মাধ্যন্দিনে অচ্ছাবাক কর্ত্বক এবহামক্রৎ পাঠ করাইব, তাহা হইলে তৎপূর্বপাঠ্য মৈত্রাবক্রণ ও ব্রাহ্মণাচহংদীর শস্ত্রহ্মকেও মাধ্যন্দিনে টানিয়া আনা হইবে।

⁽৬) হোডার ধিক্যের উদ্ধারে অস্কাবাকের ধিক্ষা; সেইখানে থাকিয়া অস্কাবাক এবয়াম৵ৎ পাঠ কয়েন।

উচিত নহে। তখন বুলিল বলিলেন, সহে অছাবাক, ুমি
[শস্ত্রপাঠে] ফান্ত হও; আহা, এখন আমি গোলোর অনুশাসন
(উপদেশ) ইচ্ছা করিতেছি। গোলা তখন বলিলেন, এই
অচ্ছাবাক ইন্দ্রদৈবত বিষ্ণুচিহ্নিত সূক্ত পাঠ করুন, আর তুমি
[তৃতীয় সবনে আগ্নিমারুত শত্ত্রে] রুদ্রদৈবত প্যায়ের পরে
মরুদ্বৈত সূক্তের পূর্বের এই এবয়ামরুহ সূক্ত পাঠ করিও।

তথন বুলিল তদনুসারে শস্ত্রপাঠ করিয়াছিলেন। সেইজন্য অন্তাপি সেইরূপেই শস্ত্রপাঠ হইয়া থাকে।

পঞ্চা খণ্ড

শিল্পশস্ত্র

নিখজিং দিবিধ; অগ্নিষ্টো সদংস্থ ও ছাতিরা ব্রদান্ত , অগ্নিষ্টো সদংস্থ বিশ্বজ্ঞিতের ও তারসবনে হোত্রকপাঠা শস্ত্রের প্রয়োগ নাই, উহার বিষয় পূর্দ্ধণণ্ডে বলা হইল। অতিরা ব্রদণ্ড বিশ্বজিতে তৃতীয়সবনে হোত্রকগণের শস্ত্র আছে; পৃষ্ঠাইড়হের তৃতীয়সবনেও যেরপে শিল্লশন্ধ বিহিত্ত, অতিবারসংস্থ বিশ্বজিতেও সেইরপ। কিন্তু সংবংসর সত্রের অন্তর্গত বিশ্বজিৎ অগ্নিষ্টো সদংস্থ হওয়ায় উহার তৃতীয়সবনে হোত্রকের শন্ত্র নাই। হোতা তৃতীয়সবনে বৈশ্বনের শন্ত্রমধ্যে নাভানেদিষ্ঠ স্থক্ত পাঠ করেন। মাধান্দিনে মৈত্রাবক্ষণ বালখিলা ও ব্রাহ্মণাচ্ছংসী ব্রাক্পি পাঠ করেন। মাধান্দিনে নাভানেদিষ্ঠ পঠিত হয় না। নাভানেদিষ্ঠ অসব্বেও বালখিলা বা ব্রাক্পি পাঠের উচিতা সম্বন্ধ প্রাণ্ড ও তাহার উত্তর হুইতেছে যথা—"তদাহ:……প্রতিষ্ঠাণয়তি"

^(॰) জগতী ছন্দ ও মঞ্জ গ্রেখ : ভৃতীর সবনের; মাধ্যন্দিনে উহার প্রয়োগে সাধ্যন্দিনের দেবতা ইক্রকে অপস্ত করা হইতেছে, এই দোষ।

⁽৮) "দ্যৌর্ম ইন্দ্র" (৬া২০) ইত্যাদি স্তুত অচ্ছাবাকের পক্ষে বিহিত হইল। উহার দ্বিংশীয় মন্ত্রের চতুর্থ চরণে বিফুর উরেথ যাকার উহা বিফুচিছিত।

এ বিষয়ে প্রশ্ন আছে—ষষ্ঠাহে যেরূপ, সেইরূপ অতিরাত্র-রূপ বিশ্বজিতেও [তৃতীয় সবনে শিল্পশস্ত্রপাঠদারা] যজ্ঞ সম্পাদিত হয় ও যজমানের জন্মলাভ সম্পাদিত হয়। এই [সংবৎসরান্তর্গত] বিশ্বজিতে [মাধ্যন্দিনে] নাভানেদিষ্ঠ পঠিত হয় না, অথচ মৈত্রাবরুণ বালখিল্য পাঠ করেন। ঐ বালখিল্য প্রাণস্বরূপ : কিন্তু অগ্রে রেতঃদেক ; তৎপরে ত প্রাণের কল্পনা। আবার নাভানেদিষ্ঠ পঠিত হয় না, অথচ ব্রাহ্মণাচ্ছংদী রুষাকপি পাঠ করেন; কিন্তু অগ্রে রেতংদেক, তৎপরে ত আত্মার কল্পনা। এরূপ স্থলে কিরূপে যজমানের জন্মলাভ ঘটে ও প্রাণ স্থানরহিত হইয়াও কিরূপে অবস্থিত থাকে ? [উত্তর] এই সমস্ত যজ্ঞকু (যজ্ঞসাধন শিল্পস্ত্র) দ্বারা যজ্ঞানকে সংস্কৃত করা হয়। গর্ভ (জ্রন) যেমন যোনির অভ্যন্তরে ক্রয়শঃ সম্ভূত (বর্দ্ধিত) হইয়া অবস্থান করে, যজমানও সেইরূপে রহেন। সেই গর্ভ অগ্রেই (রেভঃদেক কালেই) একবারে সম্পূর্ণ হয় না; তাহার এক এক অঙ্গ ক্রমশঃ সম্ভূত হয়। ঐ সমুদয় শিল্পশস্ত্র একদিনেই পাঠ করা হয়। ইহাতেই যজ্ঞ সম্পাদিত হয় ও যজগানের জন্মলাভ সম্পাদিত হয়। হোতা তৃতীয়সবনে এবয়ামরুৎ পাঠ করেন; ইহাতে (দকল শস্ত্রের অনুষ্ঠানে) যে প্রতিষ্ঠা ঘটে, এতদ্বারা শস্ত্রান্তে যজমানকে তাহাতেই প্রতিষ্ঠিত করা হয় :

⁽১) নাভানেদিষ্ঠ পাঠে হোতা রেতঃসেক করেন; তৎপরে মৈত্রাবরুণ বালখিল্যবার তাহাতে প্রাণকলনা ও ব্রাহ্মণাচ্ছংসী ব্যাক্ষি বারা তাহাতে আক্সার কলনা করেন। এছলে রেতঃসেক অভাবেও কিল্পে প্রাণের যা আক্সার কলনা হইতেছে, এই প্রশ্ন

यष्ठ थ छ

কুন্তাপমন্ত্ৰ

ব্রাহ্মণাচ্ছংসী বুষাকপি পাঠের পর কুস্তাপ মন্ত্রসকল পাঠ করেন; তৎসম্বন্ধে বক্তব্য যথা—"ছন্দ্রসাং বৈ · · · · প্রতিষ্ঠারা এব"

ষষ্ঠাহে বিহিত ছন্দদকলের রদ স্বস্থান অতিক্রম করিয়া (উচ্ছলিত হইয়া) আদিয়াছিল। প্রজাপতি ভয় করিলেন, এই ছন্দদকলের রদ পরাবৃত্ত না হইয়া লোকসকলকে অতিক্রম করিবে (প্লাবিত করিবে)। এই মনে করিয়া তিনি দেই রদকে পরবর্ত্তী ছন্দদারা রুদ্ধ করিলেন; নারাশংদী ঋক্দারা গায়ত্রীর, রৈভীদারা ত্রিফুভের, পারিক্ষিতী দারা জগতীর, কারব্যা দারা জগতীর রদ রুদ্ধ করিলেন। তখন দেই রদ তত্তৎ ছন্দে পুনরায় স্থাপিত হইল। যে ইহা জানে, তাহার ইপ্রিয়াগ রদযুক্ত ছন্দে দম্পন্ন হয়, তাহার যক্ক রস্যুক্ত ছন্দে বিস্তৃত হয়।

নারাশংশী ঋক্ পাঠ করা হয়। প্রজা নর ও বাক্য শংস।
এতদ্বারা প্রজাতে বাক্যের স্থাপনা হয়; সেইজন্ম প্রজাসকল
জন্মলাভের পর বাক্য কহিয়া থাকে। যে ইহা জানে, তাহার
পক্ষে নারাশংশীই উচিত। ইহা পাঠ করিয়াই দেবগণ ও
ঋষিগণ স্বর্গলোক গমন করিয়াছিলেন; সেইরূপ যজমানেরাও

^{(&}gt;) এই কুস্তাপ স্কান্তর্গণ তিশটি মন্ত্র অথর্ধবেদসংহিতার আছে; অথর্ধবেদ ২০।১২৭-১৬৬ ব্রাহ্মণাচ্ছংসী বুধাকপির গ্র ুস্তাপস্ক পাঠ করেন।

⁽২) কুন্তাপস্ক্রের অন্তর্গ্**ড "উণ: জ**না উপশ্রুত নারাশংস" ইত্যাদি তিন ঋক্। নরাশংস শব্দ থাকায় উহা নারাশংসী। অ্যাধ্বিৰেদ ২০০২

ইহা পাঠ করিয়া স্বৰ্গলোক গমন করেন। এই মন্ত্র ব্যাকপি পাঠের মত প্রতিচরণে বিরাম দিয়া পাঠ করিবে। ইহা ব্যাকপির ভায় হওয়াতে ব্যাকপির সন্বন্ধযুক্ত। ইহাতে নৃষ্ম করিবে না, কিন্তু বিশেষরূপে নিনর্দ্দ করিবে। এ নিনর্দ্দই উহার নৃষ্ম।

রৈভী ঋক্ পাঠ করা হয়। দৈবগণ ও ঋষিগণ রেভ (শব্দ) করিয়া স্বর্গলোক গিয়াছিলেন; সেই যজমানেরাও রেভ করিয়া স্বর্গলোক গমন করেন। উহাও প্রতিচরণে বিবাম দিয়া র্যাকপির মত পাঠ করিবে। র্যাকপির স্থায় হওয়ায় উহা র্যাকপির সম্বন্ধযুক্ত। ইহাতে নৃষ্থে করিবে না, বিশেষভাবে নিন্দ করিবে; উহাই এস্থলে নৃষ্থ।

পারিকিতী ঋক্ পাঠ করা হয়। তারিই পরিকিৎ; অমিই এই প্রজাসকলের পরিপালন করিয়া বাস করেন; অমির চারিদিকে এই প্রজাসকল বাস করে। তারি ইহা জানে, যে অমির সাযুজ্য সরপতা ও সলোকতা লাভ করে। এইজন্ম পারিকিতীই উচিত। পরিকিৎ সংবৎসরস্বরূপ; সংবৎসর এই প্রজাগণকে পরিপালন করিয়া বাস করে; এই প্রজাগণ সংবৎসরের চারিদিকে বাস করে। যেইহা

^(॰) তৃতীয়চরণে বিতীয় খরের পর তেরটি ওকার বারা অবদান করিয়া তিনটি তিমাত্র ওকারের উচ্চারণ নূথে। বৃদাকপিতে উহা বিহিত, নারাশংসীতে কিন্ত নিষিদ্ধ। তৃতীয়চরণের প্রথমাক্ষর অনুদাতখনে উচ্চারণ করিয়া বিতীয়াক্ষরের উদাত্ত উচ্চারণের নাম নিন্দ্ধ। উহা বুষাকপি পাঠে বিহিত, এম্বলেও বিহিত।

⁽ ৪) "পচাস রেন্ড বচাম" ইত্যাদি রেভশক চিহ্নিত তিনটি ঋক্। অথব্বনে ২০।১২৭

^{(॰) &}quot;রাজ্যো বিশ্বজনীসপ্ত" ইত্যাদি পরিক্ষিৎশব্দযুক্ত চারিটি ঋক্। অথব্ধবেদ ২০০১২৭

⁽৬) "পরি পরিপালয়ন্ কেটে নিবস্তি" এই অর্থে পরিকিং (সায়ণ) ।

জানে, সে সংবৎসরের সাযুজ্য সরূপতা ও সলোকতা লাভ করে। উহা প্রতিচরণে বিরাম দিয়া র্ষাকপির মত পাঠ করিবে। র্ষাকপির স্থায় হওয়ায় উহা র্যাকপির সম্বন্ধযুক্ত। উহাতে নৃত্যু করিবে না, কিন্তু বিশেষভাবে নির্দ্দ করিবে। তাহাই এস্থলে নৃত্যু হইবে।

কারব্যা ঋক্ পাঠ করা হয়।' দেবগণ যে কিছু কল্যাণ কর্ম করিয়াছিলেন, তাহা কারব্যদারাই পাইয়াছিলেন; দেইরূপ এন্থলে যজমানেরাও যে কিছু কল্যাণ কর্ম করেন, তাহা কারব্যদারাই প্রাপ্ত হন। উহা প্রতিচরণে বিরাম দিয়া র্যাকপির মত পাঠ করিবে। র্যাকপির ভায় হওয়ায় উহা র্যাকপির সম্বন্ধযুক্ত। উহাতে ন্যুম্ব করিবে না, কিস্তু বিশেষরূপে নির্ম্ক করিবে। তাহাই এম্বলে ন্যুম্ব ইইবে।

দিক্সমূহের কল্পনাকারক ঋক্ পাঠ করা হয়। তদ্ধারা
দিক্সকলের কল্পনা হইবে। ঐ পাঁচ ঋক্ পাঠ করিবে।
দিক্ পাঁচটি; তির্য্যগ্যত চারিদিক্ আর উদ্ধাযত একদিক্।
উহাতে ন্যুম্ম করিবে না, নির্দিও করিবে না, তাহাতে দিক্সমূহের নুম্মে (চালনা) করিবার আশঙ্কা থাকে। প্রতিষ্ঠার
জন্ম অদ্ধানেকে বিরাম দিয়া উহা পাঠ করিবে।

জনকল্পা ঋক্ পাঠ করা হয়'। প্রজাসকলই জনকল্প; তদ্বারা দিক্সকলের কল্পনা করিয়া তাহাতে প্রজা প্রতিষ্ঠিত করা হয়। তাহাতে ন্যুম্খ করিবে না, নির্দণ্ড করিবে না,

⁽ १) "रेख: कांक्रमतृत्पर" रेलानि कांक्रभसपूर ठाकिति सक्। व्यवस्तित्व २०१०२१

⁽৮) यः সভেয়ো चिनशा" ইত্যাদি গাঁচ ঝুক্। অথববিবেদ ২০।১২৮

⁽৯) "ষোহনাক্তাকো অনভ্যক্র" ইত্যাদি ছয় ঋক্ অথর্কবেদ ২০।১২৮

উহাতে এই প্রজাসমূহের ন্যুম্ব করিবার আশঙ্কা থাকে। প্রতিষ্ঠার জন্ম অৰ্দ্ধঋকে বিরাম দিয়া উহা পাঠ করিবে।

ইন্দ্রগাথা পাঠ করা হয়। ''দেবগণ ইন্দ্রগাথাদারা অস্থর-গণের সম্মুখে যাইয়া তাহাদিগকে জয় করিয়াছিলেন। সেইরূপ যজমানেরা ইন্দ্রগাথাদারা অপ্রিয় শক্রের সম্মুখে যাইয়া তাহাকে জয় করেন। প্রতিষ্ঠার জন্য অর্দ্ধথকে বিরাম দিয়া উহা পাঠ করিবে।

সপ্তম থণ্ড

ঐতশপ্রলাপ

কুস্তাপক্জের পর ব্রাহ্মণাচ্ছংসী ঐতপ্রকাপ নামক স্তরটি প্রসমূহ পাঠ করেন যথা—"ঐতশপ্রকাপ:.....যথা নিবিদঃ"

ঐতশপ্রলাপ পাঠ করা হয়। ঐতশম্নি "অগ্নেরায়ুঃ" নামক মন্ত্রকাণ্ড দেখিয়াছিলেন; কেহ কেহ ঐ মন্ত্রকাণ্ডের "যজ্ঞের আয়াতয়াম" (যজ্ঞের সারোৎপাদক) এই নাম দিয়াছিলেন। সেই মুনি পুত্রগণকে বলিয়াছিলেন "অরে পুত্রেরা, আমি "অগ্নেরায়ুঃ" নামক মন্ত্রকাণ্ড দেখিয়াছি, তাহা আমি প্রলাপের মত বলিব; আমি যাহা কিছু বলিব, তোরা তাহার নিন্দা করিস না।" এই বলিয়া তিনি পারস্ক করিলেন—"এতা অখা আপ্লবস্তে" "প্রতীপং প্রাতিসত্বনম্" ইত্যাদি।

⁽ ১٠) "चित्रज्ञात्मा मांगनात्क" ইত্যामि भोठ अक् व्यर्थस्यम २०।১२৮

⁽১) এই সম্ভর্টি পদ ছুস্তাপস্কের পর অথব্যবেদসংহিতার আছে; (অথব্যবেদ ২০৷১২৯) ইপদগুলি অসম এক প্রলাপবাক্যের স্থার প্রায় অর্থহীন! এই লক্ষ্ট ইহাণের নাম ঐতপঞ্চাপ!

ঐতশের পুত্র অভাগি, "আমাদের পিতা কি দৃপ্ত (উন্মন্ত) হইলেন", এই মনে করিয়া অকালে (প্রলাপসমাপ্তির পূর্ব্বে) তাঁহার নিকটে আসিয়া মুখ চাপিয়া ধরিলেন। ঐতশ (ক্রুদ্ধ হইয়া) তাহাকে বলিলেন, "তুই দূরে যা, তুই আমার বাক্য নন্ট করিলি, উহা তোকে শুনিতে হইবে না; আমি গরুকে শতায়ু করিতে পারি, মনুষ্যকে সহস্রায়ু করিতে পারি; তুই আমার এরূপ অপমান করিলি, তোর সন্তানকে আমি পাশিষ্ঠ (দরিদ্র) করিব।" সেইজন্য কথিত আছে, যে ঔর্ববংশীয় ঐতশপুত্র অভ্যগ্রিপ্রভৃতি পাপিষ্ঠ।"

কেহ কেহ এই ঐতশপ্রলাপ বহুসংখ্যক পাঠ করেন।
যজমান উহা নিষেধ করিবেন না, বরং, "যত ইচ্ছা পাঠ কর",
ইহাই বলিবেন; কেননা ঐতশপ্রলাপ আয়ুংস্বরূপ। যে ইহা
জানে, সে যজমানের আয়ু বর্জন করে। এই ঐতশপ্রলাপই উচিত।

এই যে ঐতশপ্রলাপ, ইহা ছন্দের (বেদের) রসস্বরূপ।
এতদ্বারা ছন্দে রদের আধান হয়। যে ইহা জানে সে রসযুক্ত ছন্দদ্বারা ইপ্টিযাগ করে; তাহার যজ্ঞ রসযুক্ত ছন্দদ্বারা
বিস্তৃত হয়। এই ঐতশপ্রলাপই উচিত।

ঐতশপ্রলাপ সারযুক্ত ও অক্ষয়ফলপ্রদ; আমার যজ্ঞে উহা সারযুক্ত হইবে, উহা অক্ষয় ফলপ্রদ হইবে [এই উদ্দেশে উহা পাঠ করিবে]।

যেমন নিবিৎ পাঠ করে, ঐরূপ পদে পদে অবগ্রহ দিয়া এই ঐতশপ্রলাপ পাঠ করিবে, এবং নিবিদের মত ইহার শেষ পদে প্রণব বদাইবে। ঐতশ্প্রলাপের পর অ্যান্ত ঋক্পাঠের বিধান যথা—প্রবিজ্ঞাকা
প্রতিষ্ঠায়া এব"

প্রবহিলকা ঋক্ পাঠ করা হয়। প্রবহিলকাদারা পুরাকালে দেবগণ অস্তরদিগকে প্রবহলন করিয়া (প্রিয়বাক্যে বঞ্চিত করিয়া) পরাস্ত করিয়াছিলেন; সেইরূপ এন্থলে যজমানেরাও প্রবহিলকাদারা অপ্রিয় শক্রকে প্রবহলন করিয়া পরাস্ত করেন। প্রতিষ্ঠার জন্ম অর্দ্ধখনে বিরাম দিয়া উহা পাঠ করিবে।

আজিজ্ঞাদেন্যা ঋক্ পাঠ করা হয়। বদেবগণ আজিজ্ঞাদেন্যা দারা অস্তরদিগকে আজ্ঞা (অবজ্ঞা) করিয়া পরে তাহাদিগকে অতিক্রেম করিয়াছিলেন; দেইরূপ এস্থলেও যজমানেরা আজিজ্ঞাদেন্যা দারা অপ্রিয় শক্রকে আজ্ঞা (অবজ্ঞা) করিয়া পরে তাহাকে অতিক্রম করেন। প্রতিষ্ঠার জন্য অর্দ্ধখাকে বিরাম দিয়া উহা পাঠ করিবে।

প্রতিরাধ মন্ত্র পাঠ করা হয় । প্রতিরাধ দারা দেবগণ অস্থরদিগকে প্রতিরাধ (সমৃদ্ধি নাশ) করিয়া পরে তাহাদিগকে অতিক্রম করিয়াছিলেন; সেইরূপ যজমানেরাও এন্থলে প্রতিরাধদারা অপ্রিয় শক্রকে প্রতিরাধ করিয়া পরে তাহাকে অতিক্রম করেন।

অতিবাদ মন্ত্র পাঠ করা হয় । অতিবাদদারা দেবগণ অস্ত্রনিগকে অতিবাদ করিয়া পরে তাহাদিগকে অতিক্রম করিয়াছিলেন; সেইরূপ এস্থলে যজমানেরাও অতিবাদ দার

⁽৩) "বিভতে) কিরণো দো" ইত্যাদি ছয়টি অনুষ্পু প্রবহিলকা। (অণর্ব ২০১১৩৩)

^{(8) &}quot;हेटहथ आने भा छनक्" हेजानि हानि सक्। (व्यर्भ र 1 10 %)

⁽ ৫) "ভূগি চাভিগতঃ" ইতা।দি তিন মন্ত্র। (অথবর ২০।১৩৫)

⁽ ७) ''নীমে দেবা স্কংসত' ইত্যাদি অসুষ্টুপ্। (অথবর্ষ ২ । ১৩৬)

অপ্রিয় শত্রুকে অতিবাদ করিয়া পরে তাহাকে অতিক্রম করেন। প্রতিষ্ঠার নিমিত্ত অর্দ্ধখাকে বিরাম দিয়া উহা পাঠ করিবে।

অস্ট্রম খ্র দেবনীগ

৬৫% র নেবনীথ নামক পদ পাঠ ছে: -"দেবনীথং.....ভত্মাং" দেবনীথ পাঠ করা হয়।

আদিত্যগণ ও অঙ্গিরোগণ স্বর্গলোকে ''আমরা পূর্বে িম্বর্গ] যাইব, আনরা যাইব" বলিয়া পরস্পার স্পাদ্ধা করিয়া-ছিলেন। স্বৰ্গলোকপ্ৰাপ্তির হেতৃ স্বত্যা (সোমাভিষব) কল্য সম্পাদন করিব, অঙ্গিরোগণ এইরূপ প্রথমে স্থির করিয়া-ছিলেন। অগ্নি অঙ্গিরোগণের মধ্যে একজন; অঙ্গিরোগণ সেই অগ্নিকে [আদিত্যদের নিকট] পাঠাইলেন ও বিলিলেন] তুমি আদিত্যগণের নিকট যাইয়া বল, আমরা কল্য স্বর্গলোকের নিসিত্ত স্তত্যার অনুষ্ঠান করিব। সেই আদিত্যগণ কিন্তু মগ্লিকে দেখিয়া স্বৰ্গলোকপ্ৰাপ্তিহেত স্থতাার অনুষ্ঠান দেই দিনই করিয়া ফেলিলেন। সূথি তাঁহাদের নিকট আসিয়া বলিলেন. क्ला [बागातन वर्गालाक शालित इंगा इंग्रेस, তোমাদিগকে বলিতেছি। তাঁহারা বলিলেন, ি পামাদের]

⁽১) "আদিত্যা হ জারিতরঙ্গিরোভ্যে৷ দক্ষিণামনয়ন" ইত্যাদি মতেরটি পদ আখলাছন দিয়াছেন। (অথব্ব ২০:১৩৫) এ পদমমুহের নাম দেবনীথ। উহা দেবলোক ন্রন্তেতু। প্র भाष वाशि (मथ।

স্বর্গলোকপ্রাপ্তিহেতু স্থত্যা অন্তই হইবে, তোমাকে বলি তেছি; তোমাকেই হোতা করিয়া আমরা স্বর্গলোকে যাইব। আরি, তোহাই হউক, বলিয়া তাঁহাদের সেই উত্তর লইয়া ফিরিয়া আদিলেন। অঙ্গিরোগণ বলিলেন, [আমাদের কথা] বলিয়াছ কি ? তিনি বলিলেন, হাঁ বলিয়াছি; কিন্তু তাঁহারা প্রত্যুত্তরে আমাকে এই কথা বলিলেন। অঙ্গিরোগণ বলিলেন, তুমি তাহা (হোতৃকর্ম) অঙ্গীকার করিয়াছ কি ? অগ্নি বলিলেন, হাঁ, তাহা অঙ্গীকার করিয়াছি। যে ঋত্তিকের কর্ম্ম গ্রহণ করে, সে যশসী হইয়া থাকে; যে তাহা প্রতিরোধ করে, সে যশের প্রতিরোধ করে; সেইজন্ম আমি উহা প্রতিরোধ করে নাই। কেননা যদি ঐ ঋত্তিকৃকর্ম অস্বীকার করিতে হয়, তাহা হইলে নিজে যজ্ঞ করিব বলিয়াই তাহার অস্বীকার চলিতে পারে; যজমান অ্যাজ্য হইলে অবশ্য ঋত্তিকৃকর্ম সকল সময়েই প্রত্যাধ্যান করা চলে।

নবম খণ দেবনীগ

বেবনীথ সধ্বদ্ধ আরও বক্তবা—"তে হ৽৽৽৽নিবিদঃ"

তখন সেই অঙ্গিরোগণ [অগ্নির অঙ্গীকারমতে] আদিত্য-গণের যাজকতা করিয়াছিলেন । সেই যাজকদিগকে দক্ষিণার সময় আদিত্যেরা পূর্ণা পৃথিবী দান করিলেন। পৃথিবী [দক্ষিণা-রূপে] গৃহীত হইয়া অঙ্গিরোগণকে তাপিত করিয়াছিল। তাঁহারা তথন পৃথিবীকে বর্জন করিলেন। পৃথিবী তথন দিংহীর আকার ধরিয়া জৃন্তন করিতে করিতে জনসমূহকে ভক্ষণ করিতে লাগিল। পৃথিবী তথন [ক্ষুধায়] শোকার্ত্ত হইয়া স্থানে স্থানে বিদীর্ণ হইল। এখন যে সকল স্থান বিদীর্ণ আছে, ইহার পূর্বের তাহা সমতল ছিল। এইজন্ম বলা হয়, যে দক্ষিণা কোন কারণে পরিত্যক্ত হইলেও তাহা ফিরিয়া লইবে না। কেননা, [গ্রহণ করিলে] উহা শোকবিদ্ধ হইয়া [গৃহীতাকে] শোকবিদ্ধ করিতে পারে। যদিবা তাহাকে ফিরিয়া লওয়া হয়, তবে উহা অপ্রিয় শক্রকে দান করিবে, তাহা হইলে তাহার পরাভব হইবে।

অনন্তর ঐ যে [আদিত্য] তাপ দেন, তিনি শ্বেত অশ্বরূপ ধারণ করিয়া অশ্ববন্ধন রজ্জুতে আপনাকে আচ্ছাদিত করিয়া উপস্থিত হইলেন ও [বলিলেন], [অহে অঙ্গিরোগণ,] তোমাদের [দক্ষিণার জন্ম] এই অশ্ব আনিলাম।

এই বৃত্তান্তকে দেবনীথ নাম দেওয়া হয়। যথা ঃ——[প্রথম পদ] "আদিত্যা হ জরিতরঙ্গিরোভ্যো দক্ষিণামনয়ন্"—আদিত্য-গণ জরিতা (স্তোতা) অঙ্গিরোগণের জন্ম [পৃথিবীরূপ] দক্ষিণা আনিয়াছিলেন। [দ্বিতীয় পদ] "তাং হ জরিতর্ন প্রত্যায়ন্"— সেই জরিতা অঙ্গিরোগণ ইহা গ্রহণ করেন নাই। [তৃতীয় পদ] "তামু হ জরিতঃ প্রত্যায়ন্"—সেই [আদিত্যরূপ] দক্ষিণাকে তাঁহারা গ্রহণ করিয়াছিলেন। [চতুর্থ পদ] "তাং হ জরিতঃ ন প্রত্যগৃত্বন্"—সেই [পৃথিবীরূপ] দক্ষিণা তাঁহারা প্রতিগ্রহ করেন নাই। [পঞ্চম পদ] "তামু হ জরিতঃ প্রত্যগৃত্বন্"—কিন্ত সেই [আদিত্যরূপ] দক্ষিণাকে তাঁহারা

প্রতিগ্রহ করিয়াছিলেন। [ষষ্ঠ পদ] "অহা নেত সন্নবিচেতনানি"— [আদিত্য] এখানে আদিয়াছেন, তজ্জ্ম্য দিনসমূহ অপ্রকাশ হইয়াছে, তোমরা চলিতে পারিবে না, কেননা আদিত্যই দিন-সমূহের প্রকাশকর্তা। [সপ্তম পদ] "জজ্ঞা নেত সন্নপুরো-গবাসঃ"—হে জ্ঞানী [অঙ্গিরোগণ], পুরোগার্মী (পথপ্রদর্শক) [আদিত্য] এখানে আসিয়াছেন, তাঁহার অভাবে তোমরা চলিতে পারিবে না—এম্বলে দক্তিণাই যজ্ঞের পুরোগবী (পুরোগামী); অপুরোগব (পুরোগামি বলীবর্দ্দহীন) শকট **ए**यमन विनक्त इस, मिल्लाशीन यक्छ एमहेलल विनक्त इहेसा থাকে : সেইজন্ম বলা হয় যে যজে দক্ষিণা অতি অল্ল হইলেও দান ক্রিবে। [মফ্রম পদ] "উত্ত শেত আশুপর্য"—এই খেত [অধ] আশুগামী। [নবম পদ] "উতো পলাভির্জ-বিষ্ঠঃ"—অপিচ পাদবিকেপে উহ। অতিশয় বেগবান্। [দশম পদ] "উত্তেমাশু মানং পিপত্তি"—অপিচ ইনি (এই আদিত্য) শীত্র মান পূর্ণ করেন। [একাদশ পদ] "আদিত্যা রুদ্রো বসবস্তেড়তে"—আদিত্যগণ, রন্দ্রগণ, বস্থর্গণ তোমার পূজা করেন। [দ্বাদশ পদ] "ইদং রাখঃ প্রতিগৃতীহৃপিরঃ"—অহে অঙ্গিরা, এই [আদিত্যরূপ] ধন প্রতিগ্রহণ কর —এই বাক্য সেই [আদিত্যরূপ] ধনের প্রতিগ্রহের ইচ্ছা বুঝাইতেছে। ্ত্রোদশ পদ । "ইদং রাপো রহৎপৃথ্" – এই ধন রহৎগুণে বিস্ত্ত। [চতুর্দ্ধণ পদ] "দেবা দদস্বাবরম্"—দেবগণ [আদিত্যকে] বরম্বরূপে দান করুন। [পঞ্চশ পদ] "তবে অর ফচেতনন্"—ঐ [আদিত্য] তোমাদের চেতন-কর্ত্ত ইউন। [সেড্শ পদ] "রুদ্ধে কন্তু দিবে দিবে"—তিনি প্রতিদিন তোমাদের নিকট থাকুন। [সপ্তদশ পদ] "প্রত্যেব গৃভায়ত"—এই [আদিত্যরূপ] দক্ষিণা প্রতিগ্রহণ কর। এতদ্বারা অঙ্গিরোগণ উহাকেই প্রতিগ্রহণ করিয়াছিলেন, ইহাই রুঝাইতেছে।

এই সেই দেবনীথ মন্ত্র নিবিদের মত প্রতিপদে অবগ্রহ দিয়া পাঠ করিবে ও উহার শেষ পদেও নিবিদের মত প্রণব বসাইবে।

দশম খণ্ড অহা মন্ত্ৰ

তংপরে বিহিত অন্তান্ত মন্ত্র যথা—ভূতচ্চদঃ.....সংশংদেৎ"

ভূতেচ্ছদ্ মন্ত্র পাঠ করা হয়। পুতেচ্ছদ্ দ্বারা দেবগণ বুদ্ধ ও মায়ার অবলন্দনে অস্তর্জিগকে বিনাশার্থ আসিয়াছিলেন; দেবগণ ভূতেচ্ছদ্ দ্বারা দেই অস্তর্জিগের ভূতি (ঐশ্বর্যা) আচ্ছাদন করিয়া পরে তাহাদিগকে অতিক্রম করিয়াছিলেন। সেইরূপ এন্থলেও যজমানেরা ভূতেচ্ছদ্ দ্বারা অপ্রিয় শক্রর ভূতি আচ্ছাদন করিয়া পরে তাহাকে অতিক্রম করেন। প্রতিষ্ঠার নিমিত্ত অর্দ্ধ্যকে বিরাম দিয়া ঐ মন্ত্র পাঠ করিবে। আহনস্ত মন্ত্র পাঠ করা হয়। আহনস্ত (মৈথুন) হইতে

⁽১) ভূতং ভূতিং বৈবিণ^{†>}মখৰ্ষ্যং ছাদ্যন্তি তিরস্থ্বন্তি ইত্যুদাহত। **অনুষ্ঠুভো** ভূতেচ্ছদঃ (সারণ)। "জ্মিঞা শক্ষ[্]ণ" ইত্যাদি তিন অনুষ্ঠুপ্। (অথকবি ২০1১৩৫)

⁽২) "ঘদন্তা অংহ" ইত্যাদি দশটি শ্লক্। (অথব্য ২০।১৩৬) আহনতা আহননং শ্রীপুরুষদ্বোঃ শংযোগ তদং প্রারোধপত্তিহেতু বংং গচোহপি আহনতাঃ। (সামণ)

রেতংসেক হয়; রেতং হইতে প্রজা জম্মে; এতদ্বারা জীন্মের স্থাপনা হয়। ঐ মন্ত্র দশটি পাঠ করিবে। বিরাটের দশ অক্ষর; বিরাট অন্নস্বরূপ; বিরাট রূপ অন্ন হইতে রেতংসেক হয়; রেতং হইতে প্রজা জন্মে; এতদ্বারা জন্মের স্থাপনা হয়। ঐ মন্ত্র ন্যুম্বিশিক্ট করিবে; ন্যুম্ম অন্নস্বরূপ; অন্ন হইতে রেতংসেক হয়; রেতং হইতে প্রজা জন্মে; তদ্বারা প্রজার স্থাপন হয়।

"দধিক্রাব্ণো ইকারিষম্" ইত্যাদি দাধিক্রী ঋক্ পাঠ করা হয়। দধিক্রাশব্দ দেবগণকে পবিত্র করে। ঐ ঐ যে ব্যাহনস্থ (মৈথুনার্থক) [অপবিত্র] বাক্য বলা হইয়াছে, তাহাকে দেবগণের পবিত্রতাসাধক এই বাক্যদ্বারা পবিত্র করা হয়। উহা অনুষ্ঠুপ্; অনুষ্ঠুপ্ বাক্যম্বরূপ; উহা নিজ ছন্দদ্বারা বাক্যকে পবিত্র করে।

"স্থতাদো মধ্যত্তমাঃ" এই পাবমানী ঋক্ পাঠ করা হয়। পাবমানী ঋক্ দেবগণকে পবিত্র করে; ঐ ঐ যে ব্যাহনস্থ বাক্য বলা হইয়াছে, দেবগণের পবিত্রতাসাধক এই বাক্য দারা তাহাকে পবিত্র করা হয়। উহা অনুষ্ঠুপ্; অনুষ্ঠুপ্ বাক্যস্করপ; উহা নিজ ছন্দদারা বাক্যকে পবিত্র করে।

"অব দ্রুপো অংশুমতীমতিষ্ঠৎ" এই ইন্দ্র-রহম্পতি-দৈবত ত্র্যুচ পাঠ করা হয়। উহার মধ্যে "বিশো অদেবী-রভ্যাচরন্তীর্হম্পতিনা যুজেন্দ্রঃ দদাহে"—দেববিরুদ্ধ কর্ম্মের আচরণকারী প্রজাগণকে (অফুরগণকে) ব্রহম্পতির সহিত

२) जाशकी र १५७१२। (१) त्री ०११०३।३१ (१) प्राचित्र

যুক্ত হইয়া ইন্দ্র তিরস্কার করিয়াছিলেন—এই অংশের তাৎপর্য্য, যে অস্তরপ্রজা দেবগণের প্রতি অত্যাচার করিয়া অবস্থিত ছিল; ইন্দ্র রহস্পতির সহিত যুক্ত হইয়া দেবক্ষয়কারী অস্তরদিগের বর্ণ (বিচিত্র পতাকা) বিনষ্ট করিয়াছিলেন। দেইরূপ এন্থলে যজমানেরাও ইন্দ্র ও রহস্পতির সহিত যুক্ত হইয়া দেবক্ষয়কর অস্তর্রদিগের বর্ণ বিনষ্ট করিয়া থাকেন'।

এ বিষয়ে প্রশ্ন আছে, ষষ্ঠাহে যৈ সকল ঐকাহিক মন্ত্র বিহিত্ত আছে, তাহার সহিত একত্র ইহা পাঠ করিবে কি একত্র পাঠ করিবে না ? [উত্তর] একত্র পাঠ করিবে, এই উত্তর দেওয়া হয়। অভাভ্য দিনে একত্র পাঠ করা হয়, আর এ দিন কেন পাঠ না করিবে ? কেহ কেহ বলেন, একত্র পাঠ করিবে না। বহুলোকে একসঙ্গে স্বর্গলোক যাইতে পারে না, কেহ কেহ যাইতে পারে। কাজেই একসঙ্গে পাঠ করিলে এই ষষ্ঠাহকে অভ্য দিনের সমান করা হইবে। সেইজভ্য এই যে একসঙ্গে পাঠ করা হয় না, ইহা স্বর্গলোকেরই লক্ষণ; সেইজভ্য একসঙ্গে পাঠ করা হয় না, ইহা স্বর্গলোকেরই লক্ষণ; সেইজভ্য একসঙ্গে পাঠ করা হয় না, ইহা স্বর্গলোকেরই লক্ষণ; করাই উচিত।

এই যে নাভানেদিষ্ঠ, বালখিলা, র্যাকপি ও এবরুয়ামৎ, এই ক্য়টিই এই ষষ্ঠাহের প্রধান শস্ত্র; ইহাদের সহিত অন্ত

⁽৬) মূলে আছে "অহ্র্যাং বর্ণ: অভিদাসত্মপাহন্।" সায়ণ অর্থ করিয়াছেন "অত্র্যাং অহর দৈয়াং বর্ণ: বিচিত্র প্তাকাদিযুক্তাং অভিদাসস্তং দেবেপিকায়তেত্ন্ অপাহন্ বিনাশিতবান্। অহ্যা বর্ণ অর্থে অক্রসম্বন্ধী বর্ণ মর্থাং অক্রমেপাসক জাতি (পার্মীক জাতি) বুকাইতেও পারে।

মন্ত্র একসঙ্গে পাঠ করিলে ইহাদের যে ফল তাহা বিনফ করা হইবে। র্যাকপি ইন্দ্রের উদ্দিষ্ট; ঐতশপ্রলাপ সকল ছন্দের স্বরূপ; ইন্দ্রবৈত ঐ জগতীছন্দের মন্ত্রের যে ফল, তাহা ইহা-তেই পাওয়া যায়। আবার এই সূক্তা ইন্দ্র-রহস্পতি-দৈবত। উহার অন্তিম মন্ত্রও ইন্দ্র-রহস্পতি-দৈবত; সেইজন্ম উহা একসঙ্গে পাঠ করিবে না।

সপ্তম পঞ্চিকা

একত্রিংশ অধ্যায়

প্রথম থণ্ড

পশুবিভাগ

্ষা গুণল ও তোত্তকগণের শস্ত্রসমূহ বণিত হইল। সত্তে নিযুক্ত ব্যক্তিগণের পোণবালণের জন্ম হবিংশেষ জন্ম করিছে হয়। এতদর্থে অন্তান্ত দ্বা জিল নবনীয় পশুর মাংসভোজনের বিধান আছে। কোন্ বাজি পশুর কোন্ অংশ বহিবেন, ভাহার ব্যবস্থা হইডেছে যথা—"অথাতঃ - · · · অধীয়তে"

অনন্তর পশু-বিভাগ; পশুর বিভাগের বিষয় বলিব।

জিলাদহিত হনুদয় প্রস্তোতার ভাগ; শ্রেনাকৃতি বক্ষ উপ্যাতার; কণ্ঠ ও কাক্দ্র' প্রতিহন্তার; দক্ষিণ শ্রোণি হোতার; বাম শ্রোণি ব্রহ্মার; দক্ষিণ সক্থি মৈত্রাবরুণের; বাম সক্থি ব্রাহ্মণাচ্ছংদার; অংদসহিত দক্ষিণপার্য অধ্বর্যুর; বামপার্য উপগাতাদিগের '; বাম অংদ প্রতিপ্রস্থাতার; দক্ষিণ দোঃ ' নেন্টার; বাম দোঃ পোতার; দক্ষিণ উরু অচ্ছাবাকের; বাম উরু আগ্রাপ্রেব; দক্ষিণ বাহু আ্তেয়ের '; বামবাহু সদস্থের;

⁽১) তারু। (২) দক্ষি —উকর অধোজাপ।

⁽৩) উপ্রাত্তর্ণ স্মেশ্রান উস্গাতাদের সহকারী: তাঁহাদেব গীত অংকের নাম উপ্রান

⁽s) দো:=বাহর উদ্বভাগ। (e) আত্রের দক্ষিণাব ভাপ পাইভেন।

দদ ও অনৃক' গৃহপতির; দক্ষিণ পদদ্য গৃহপতির ব্রতদাতার'; বামপদদ্ম গৃহপতির ভার্য্যার ব্রতদাতার'। ওষ্ঠ উভয় ব্রতদাতার দাবারণ ভাগ; গৃহপতি উহা [ছই জনকে] বিভাগ করিয়া দিবেন। জাঘনী পত্নীদিগকে দেওয়া হয়; পত্নীরা তাহা কোন ব্রাহ্মণকে দান করিবেন। ক্ষমস্থিত মণিকা ও তিনখানি কীকদ ও বৈকর্ত্তের; [অন্য পার্শের] আর তিনখানি কীকদ ও বৈকর্ত্তের ভার্মিক উন্নেতার; বৈকর্ত্তের অপরার্দ্ম ও কোম শমিতার ও । শমিতা অব্যাহ্মণ হইলে ঐ ভাগ কোন ব্রাহ্মণকে দান করিবে। মন্তক স্থান্থানিক দিবে। "শঃ স্থত্যাং" এই নিগদ যিনি পাঠ করেন, সেই আগ্রীধ্রের ভাগ অজিন । আর স্বনীয় পশুর যে ইড়াভাগ হইবে, তাহা দর্ব্বন্ধারণের অথবা একাকী হোতার।

এক এক পদে অভিহিত ঐ অবয়বগুলি এইরূপে ছত্রিশটি ভাগে পরিণত হইয়া যজ্ঞ নির্বাহ করে। রুহতীর ছত্রিশ অক্ষর; স্বর্গলোক রুহতীর সম্বন্ধযুক্ত; এতদ্ধারা প্রাণ ও স্বর্গলোক

⁽७) मन= शृष्ठेत्रः म । (१) व्यनुक= मृ व्यवस्ति ।

⁽৮) যাগকালে বিধিপুর্বক ভোজনের নাম এত; যিনি ব্লমানের এতেব আগ্রেজন করেন, তাঁহার ঐ ভাগ।

⁽৯) সম্মুখের পদকে পূর্বের বাত বলা ইইয়াছে; তাহা ইইলে পদধ্রের সার্থকতা কি, এই প্রশ্ন হউতে পারে। সায়ণ বলিতেতেন, প্রত্যেকপদের ছুইটি করিয়া অবয়ব থাকার পদশ্ব বিব্রনাস্থ ইইয়াছে।

^{(&}gt;) कावनी = शुष्ट् । (>>) मिनकाः = मिनम् नमाः मथ्छाः । (मायन)

⁽১২) কীকস = মাংদখন্ত। (১৩) বৈকর্ত্ত: = প্রোটো মাংদখন্ত: (সারণ)।

⁽১৪) রেনা-জ্বরপার্থবর্তী মাংসগরঃ। (সারণ) শমিভা∞পশুমাতক।

[,] ১৫) অজিন - চর্ম।

লাভ করা যায় এবং এতদ্বারা প্রাণেও স্বর্গলোকে প্রতি-ষ্ঠিত হইয়া যজ্ঞানুষ্ঠান হয়। যাঁহারা পশুকে এইরূপে বিভাগ করেন, তাঁহাদের পক্ষে সেই পশু স্বর্গের অনুকূল হয়। যাহারা অন্য কোনরূপে পশুবিভাগ করে, তাহারা অন্ন-কামুক (উদরপরায়ণ) পাপকারীর মত কেবল পশুহত্যা করে মাত্র !

পশুবিভাগের এই বিধি শ্রুতের পুত্র দেবভাগ নামক ঋষি জানিতেন; তিনি কাহারও নিকট ইহা প্রকাশ না করিয়াই ইহলোক হইতে চলিয়া গিয়াছিলেন। কোন অমনুষ্য 🐣 উহা বক্রর পুত্র গিরিজকে বলিয়াছিলেন, তাঁহার পরবর্ত্তী মন্ত্রযোৱা তদবধি ইহা জানিয়া আদিতেছে।

দ্বাত্রিংশ অধ্যায়

প্রথম খণ্ড

প্রায়শ্চিত্তবিধি

অনম্বর প্রশ্নেত্রর প্রণালীতে অগ্নিহোত্রীর বিবিধ দোষের প্রায়ণ্চিত বিহিত ংইতেছে যথা—"তদাহঃ……প্রায়শ্চিত্তিঃ"

এ বিষয়ে প্রশ্ন আছে, যদি যজমান আহিতাগ্লি হইয়া উপবস্থের দিনে (সোমাভিষ্বের পূর্ব্বদিন) মরিয়া যান, তাহা

⁽১৬) প্ৰাক্তাদি , সাহ্য :

হইলে তাঁহার যজ্ঞ কিরূপ হইবে ? [উত্তর] তাঁহার যাগ করিবে না, এই উত্তর হইবে। কেন না, [স্থত্যার পূর্ব্বে] যজ্ঞের প্রাপ্তি ঘটে না।

আবার প্রশ্ন,—অগ্নিহোত্তের ক্ষীর বা সান্নায্য অথবা [পুরোডাশাদি] অন্য কোন হোমদ্রব্য অগ্নিতে পাকের পর আহিতাগ্নি যজমানের মৃত্যু হইলে কি প্রায়শ্চিত হইবে ? [উত্তর] যজমানের [মৃতদেহের] পার্শ্বে সকল দ্রব্য এরূপে রাখিবে, যাহাতে সকলই একদঙ্গে দগ্ধ হয়; এস্থলে ইহাই প্রায়শ্চিত্ত।

আবার াশ,—হোমদ্রব্য বেদিতে স্থাপিত হইলে যদি আহিতাগ্লির মৃত্যু হয়, সেথানে কি প্রায়শ্চিত্ত ? [উত্তর] যে যে দেবতার উদ্দেশে ঐ হোমদ্রব্য গৃহীত হইয়াছে, "তাভ্যঃ স্বাহা" এই মন্ত্রে সেই সেই দ্রব্যদ্বারা আহবনীয়ে নিঃশেষে হোম করিবে, ইহাই এস্থলে প্রায়শ্চিত্য।

আবার প্রশ্ন, আহিতাগ্নি [ভার্যার নিকট অগ্নিহোত্র রাথিয়া] যদি প্রবাসে মরেন, তাঁহার অগ্নিহোত্র কিরূপ হইবের [উত্তর] গাভীর নিকটে অন্য একটি বংদ আনিয়া দেই গাভীর হুগ্নে হোম করিবে। প্রেত (মৃত) যজমানের পক্ষে আগ্রহোত্র যেমন ভিন্নরূপ, দেইরূপ অন্য বংদের দাহায়ে প্রাপ্ত হুগ্নন্ত অগ্নিহোত্রী গাভীর হুগ্ন হইতে ভিন্নরূপ। অথবা বে কোন গাভীর হুগ্নে হোম করিবে। পক্ষান্তরে কেহ কেহ বলেন যে মৃত ব্যক্তির শরীর (অস্থ্যাদি অব্যূব) আহরণ করিলা ভানয়ন পর্যান্ত [আহবনীয়াদি] দকল অগ্নিই বিনা

[ে] ১ : ৮০পুর্ণমাসে সাম্নান্য নামক ক্ষীরহোম হয় গ

হোমে অজন্র (অবিরাম) জ্বালিয়া রাখিবে। যদি তাহার
শরীর না পাওয়া যায়, তাহা হইলে তিনশত যাটি সংখ্যক পর্ণশর
(পলাশরক্ষের ছিন্ন রস্ত) আহরণ করিয়া উহাতে পুরুষমূর্ত্তিগঠন করিয়া দাহাদি ক্রিয়া করিবে এবং ঐ রূপে গঠিত
শরীরে অগ্রিত্রয় স্পর্শ করিয়া অগ্রি নিবাইয়া দিবে। উহার
মধ্যে দেড় শত রস্তে কায়, তুই পঞ্চাশ ও তুই বিশে সক্থিদ্বয় এবং তুই পঁচিশে উরুদ্বয় গঠন করিয়া অবশিষ্ট বিশ্বানি মস্তকের উপরে স্থাপন করিবে। ইহাই এস্থলে

ষিতীয় খণ্ড প্রায়শ্চিত্তবিধি

আবার প্রশ্ন, যাহার অগ্নিহোত্রী গাভী বৎসদংযোগের পর দোহনকালে বিদিয়া পড়ে, সেখানে কি প্রায়শ্চিত্ত ? তিন্যু — সেখানে গাভীকে লক্ষ্য করিয়া এই মন্ত্র পাঠ করিবে। "যাহার ভার ব্রাম বাসরাহ, তাহা হইতে আমাদের অভয় প্রদান কর; আমাদের সকল পশুকে রক্ষা কর; সেচনসমর্থ ক্রুকে প্রণাম।" তহপরে এই মন্ত্রে গাভীকে উঠাইবে— "দেবী অদিতি উঠিয়াছেন; উঠিয়া যজ্ঞপতিতে আয়ু স্থাপন করিয়াছেন; ইক্রকে, মিত্রকে ও বরুণকে আপনার ভাগ দিয়াছেন।" তহপরে তাহার বাঁটে জল দিয়া ও মুখে জল দিয়া সেই গাভী ব্রাহ্মণকে দান করিবে। ইহাই এস্থলে প্রায়শ্চিত।

যাহার অগ্নিহোত্রী বৎসসংযোগের পর দোহনকালে হম্বা-রব করে, সেম্থলে কি প্রায়শ্চিত ? উত্তর—ঐ গাভী যজমানকে আপনার ক্ষুধা জানাইবার জন্মই ঐরপ রব করে, অতএব [অমঙ্গলের] শান্তির জন্ম তাহাকে "ভগবতী, তুমি স্থলর তৃণভোজিনী হও" এই মস্ত্রে খাছ্য দিবে। খাছ্যই শান্তিহেতু। এম্বলে ইহাই প্রায়শ্চিত্ত।

যাহার অগ্নিহোত্রী গাভী বৎসসংযোগের পর বিচলিত হয় ও [ক্ষীর ফেলিয়া দেয়], সেন্থনে কি প্রায় দিতে ? ভূমিতে যে ক্ষীর ফেলিয়া দিবে, তাহা স্পর্শ করিয়া এই মন্ত্র জপ করিবে :—"যে হয় পৃথিবীতে পতিত হইয়াছে, যাহা ওয়ধির উপর পড়িয়াছে, যাহা জলে পড়িয়াছে, সেই সমুদ্য় তুগ্ধ আমাদের গৃহে, আমাদের গাভীতে, আমাদের বৎসে ও আমাদের শরীরে স্থানলাভ করুক।" যে তুগ্ধ অবশিক্ট থাকিবে, তাহা যদি হোমের পজে পর্য্যাপ্ত হয়, তবে তদ্ধারাই হোম করিবে। যদি সমস্ত তুগ্ধই ভূপতিত হয়, তাহা হইলে অন্ত গাভী আনিয়া তাহাকে দোহন করিয়া তদ্ধারা হোম করিবে। [অন্ত গাভী না পাইলে] অন্তদ্ধের, অন্ততঃ শ্রেদাদারাও, হোম করিবে। ইহাই এম্বলে প্রায় শ্চিত। ই

^{(&}gt;) এই শার্ষিত্ত বিশি পশবিংশ অখ্যায়ের দিতীয়গণ্ডে একবার বর্ণিত হুইয়াচে। এখানে ইহা পুনকত হুইল মাতা। সংস্কৃত মন্ত্রন্তি পূর্বে দেওয়া গিয়াচে, এখুলে কেবল অনুধান দেওয়া হুইল। পুর্বে দেও

তৃতীয় খণ্ড

প্রায়শ্চিত্রবিধি

প্রশ্ন,—[দর্শপূর্ণমাস ইষ্টিতে] যাহার সায়ংকালে তুশ্ধ সান্যায় কোনরূপে দোষযুক্ত হয় বা অপহৃত হয়, সেম্থলে কি প্রায়শ্চিত্ত ? উত্তর—প্রাতঃকালের তুগ্ধকে তুইভাগ করিয়া তাহার একভাগকে সংস্কৃত করিয়া তদ্ধারা যাগ করিবে। ইহাই এস্থলে প্রায়শ্চিত্ত।

প্রশ্ন,—যাহার প্রাতঃকালে হ্রগ্ধ সান্ধ্যায়্য দোষযুক্ত বা অপহৃত হয়, দেখানে কি প্রায়শ্চিত্ত ? উত্তর,—ইন্দ্রের উদ্দিষ্ট বা মহেন্দ্রের উদ্দিন্ট পুরোডাশ তাহার স্থানে নির্ব্বপণ করিয়া যাগ করিবে। ইহাই এস্থলে প্রায়শ্চিত্ত।

প্রশা,—যাহার দকল (প্রাতঃকালীন ও সায়ংকালীন)
সান্যায্যই দোষযুক্ত হয় বা অপহৃত হয়, সেখানে কি প্রায়শ্চিত্ত?
উত্তর,—ইন্দ্রের বা মহেন্দ্রের উদ্দেশে পূর্বের মত [পুরোডাশ]
হইবে—ইহাই এম্বলে প্রায়শ্চিত্ত।

প্রশ্ন, যাহার সমৃদ্য় হোমদ্রব্য দাযযুক্ত হয় বা অপহৃত হয়, সেথানে কি প্রায়শ্চিত ? আজ্যদ্বারা হবিঃ প্রস্তুত করিয়া দেবতানুসারে আজ্যহবি দ্বারা ইষ্টিযাগ করিবে, তৎপরে আর একটি ইষ্টি যথাবিধি বিস্তার করিবে। কেন না, যজ্ঞই যজ্ঞের প্রায়শ্চিত্ত।

^{(&}gt;) পুরোডাশ, নধি ও হক্ষ।

চতুর্থ খণ্ড প্রায়শ্চিত্ত বিধি

প্রশ্ন,—যাহার অগ্নিহোত্রের ছ্ব্ম পাকের সময় অশুদ্ধ হয়', সেখানে কি প্রায়শ্চিত্ত ?

উত্তর,—ঐ সমৃদয় তৃয় ত্রুকে সৈচন করিয়া পূর্বমৃথে
উথিত হইয়া আহবনীয়ে সমিধ স্থাপন করিবে, পরে আহবনীয়ের উত্তর ভাগ হইতে উষ্ণ ভন্ম বাহির করিয়া [অয়িহোত্রের
মন্ত্রনারা] মনে মনে, অথবা প্রাক্রাপত্য মন্তর [স্পাফ] উচ্চারণ
দ্বারা ঐ ভন্মে হোম করিবে। এরূপ করিলে ঐ দ্রব্যে হোম
হয়, আবার হোম হয়ও না।' [অয়িহোত্রহবনীতে] একবার
কিংবা তৃইবার উয়য়নের পর অশুদ্ধ হইলেও ঐরপ বিষি।
সেই অশুদ্ধ দ্বয় যদি অপনয়ন করিতে পারা বায়, তাহাত্রহলে
উহা নিঃসারিত করিয়া স্থলীতে অবশিষ্ট শুদ্ধ দ্বয় প্রকার

প্রশ্ন,—যদি অগ্নিহোত্রের তুগ্ধ পাকের সময় [স্থালার]
বাহিরে পড়িয়া বায় অথবা উছলিয়া উঠে, সেথানে কি প্রায়শিতত্ত ? উত্তর—শান্তির জন্ম উহাতে জলের ছিটা দিবে, কেন না
জল শান্তিস্বরূপ, অনন্তর দক্ষিণ হস্তদ্বারা উহা স্পর্শ করিয়া এই
মন্ত্র জপ করিবে :—

⁽ ১) কেশ্কীনাদি পতনে অগুদ্ধ হইতে পারে।

⁽ २) এখানে ক্রব শব্দে অগ্নিহোত্তহবলা নামক হাতা বুঝাইতেছে।

^{😉)} ভক্ত থাকে, বলিয়া হোম হয়, জাবার ভক্তে অগ্নি থাকে না, বলিয়া হোম হয় না '

"ইহার এক তৃতীয় অংশ ত্যুলোকে যাক, যজ্ঞ দেবগণকে প্রাপ্ত হউক, তদনন্তর ধন আমাকে প্রাপ্ত হউক; অন্ত তৃতীয়াংশ অন্তরিক্ষে যাক, যজ্ঞ পিতৃগণকে প্রাপ্ত হউক, ধন আমাকে প্রাপ্ত হউক; আর এক তৃতীয়াংশ পৃথিবীতে যাক; যজ্ঞ মন্ত্র্যুগণকে প্রাপ্ত হউক, ধন আমাকে প্রাপ্ত হউক।" এই মন্ত্রুজপের পর—"যয়োরোজসা স্কভিতা রজাংসি" ওই বিষ্ণুক্রুলনৈবত ঋক্ জপ করিবে। যজ্ঞের যে অনুষ্ঠান বিধিসঙ্গত হয় নাই, বিষ্ণু তাহা পালন করেন, আর যাহা বিধিসঙ্গত হয় নাই, বিষ্ণু তাহা পালন করেন। সেইজন্ম এতদ্বারা সেই উভয় ভাগের শান্তি ঘটে। ইহাই এন্থলে প্রায়শ্চিত।

প্রশ্ন,—অগ্নিহোত্ত দ্রব্য পাকের পর পূর্বমুথে [আহবনীয়ে]
নইয়া বাইবার সময় যদি উহা স্থালিত বা ভ্রন্ট হয়', সেখানে
কি প্রায়শ্চিত ! উত্তর,—সেই [অধ্বযুর্য] যদি [পশ্চিমমুথে]
কিরিয়া আসেন, তাহা হইলে যজমানকেও স্বর্গলোক হইতে
কিরিতে হইবে ; অতএব তিনি সেইখানেই বিদিয়া থাকিবেন
ও অত্যে অগ্নিহোত্রের অবশিক্ট অংশ আনিয়া দিলে তিনি তাহা
ক্রেকে উন্নয়নপূর্বক হোম করিবেন। ইহাই এহলে
প্রায়শ্চিত্ত'।

প্রশ্ন,—ত্রুক যদি ভাঙিয়া বায়, তাহা হইলে কি প্রায়-

^() अथक्तंत्वमगः(इ.इ. १।२०।)।

⁽ २) বিন্দু পতনের নাম প্রাণ, সমুদর প্রবার ভূপতনের নাম জংশ।

⁽৩) ছোমদ্রব্য চারিবার স্থালী হইতে অগ্নিছোদ্রহাণীতে গ্রহণ করিয়া ছোম করিতে হর; ছোমার্থ স্থালী হইতে ক্রেকে গ্রহণের নাম উল্লয়। অধ্বর্ষু উহা গ্রহণ করিয়া পূর্বমূথে যাইয়া শাংবনীয়ে হোম করেন। পশ্চিমে প্রভাবর্ত্তন নিষিদ্ধ।

শ্চিত্ত ? উত্তর—অন্ম স্রুক্ আনিয়া হোম করিবে এবং সেই ভাঙা স্রুকের দণ্ডভাগ পূর্বের রাথিয়া ও উহার পুক্ষর ভাগ পশ্চিমে রাথিয়া স্রুক্টিকে আহবনীয়ে িক্ষেপ করিবে।

প্রশ্ন,—যাহার আহবনীয়ের অগ্নি বর্তুমান থাকে, আর গার্হ-পত্যের অগ্নি নিবাইয়া যায়, সেস্থলে কি প্রায়শ্চিত্র ? উত্তর,— আহবনীয়ের পূর্বভাগের অগ্নি গ্রহণ করিলে যজমানকে স্বস্থান-চূতে হইতে হইবে; পশ্চিম ভাগের অগ্নি গ্রহণ করিলে অস্তর-দিগের মত যজ্ঞ বিস্তার হইবে; [নৃতন] অগ্নি মন্থন করিলে যজমানের শক্রর উৎপাদন হইবে; [পুনরায় অগ্নাধান উদ্দেশে] আহবনীয় নিবাইয়া দিলে প্রাণ যজমানকে পরিত্যাণ করিবে। অতএব [ঐরপ না করিয়া] আহবনীয়ের সমুদ্র অগ্নি ভস্ম সমেত তুলিয়া লইয়া গাইপত্য স্থানে রাখিয়া সেখান হইতে পূর্ব্বমুখে আহবনীয়ে অগ্নি আন্যান করিবে। ইহাই এম্বলে প্রায়শ্চিত।

পঞ্চা খণ্ড

প্রায়শ্চিত্রবিধি

প্রশ্ন,—[আহবর্নীয়ে] অগ্নি থাকিতেই যদি [গার্হপত্যের] অগ্নি [আহবর্নীয়ের জন্ম] আহরণ করা হয়,

⁽ R) ফ্রাকর অর্থাৎ হাতার মাধায় যেপানে হোমদ্রবা রাখিতে হয়, দেই স্থান।

⁽ e) গার্চপত্যের অগ্নি সর্বন্ধ প্রস্থালিত থাকে। আহ্বনীয়ের অগ্নি গ্রহাই হোমের প্র নিবাহ্যা প্রয়ালয়। প্রদিন আবার গার্হপত্য হুইতে আগ্নি লট্যা আহ্বনীয় ছালান হর। আহ্বনীয় বুর্নানে গা্হপত্য নিবাইলে প্রায়শ্চিত কি হুইবে, এই প্রয়া।

⁽ ७) অস্ত্রদিশের অগ্নিস্থাপনের জম দে**রগণের বিপরীত**।

তাহা হইলে কি প্রাণিচত্ত ? উত্তর,—[আহবনীয়ে] অগ্নি
দেখিতে পাইলে দেই পূর্ববর্ত্তা অগ্নিকে বাহির করিয়া দিয়া
[গার্হপত্য হইতে উদ্ধৃত] অপর অগ্নি স্থাপন করিবে, আর
দেখিতে না পাইলে অগ্নিবান্ অগ্নিদেবতার উদ্দেশে অক্টাকপাল পুরোডাশ নির্ব্বপণ করিবে। এই কর্ম্মে "অগ্নিনাগ্নিঃ
দমিধাতে" এই মন্ত্র' অনুবাক্যা ও "ত্বং হুগ্নে অগ্নিনা" এই
মন্ত্র যাজ্যা হইবে। অথবা [পুরোডাশ নির্ব্বপণের পরিবর্ত্তে]
শহায়ে অগ্নিবতে স্বাহা" বলিয়া আহবনীয়ে [কেবল আজ্যের]
আহতি দিবে। ইহাই এস্থলে প্রায়শিতত।

প্রশ্ন, ন্যদি গার্হপত্য ও আহবনীয় উভয় আঁগ্রর পরস্পার সংসর্গ (যোগ) ঘটে , সেখানে কি প্রায়ন্চিত্ত ? উত্তর, — গ্রিরীতির উদ্দেশে অন্টাকপাল পুরোডাশ নির্ব্রপণ করিবে; ঐ কর্মো অনুবাক্যা "অগ্ন আগ্রাহি বীতয়ে" ও যাজ্যা "যোগ্রিং দেববীতয়ে" ; অথবা "অগ্নয়ে বীতয়ে স্বাহা" বলিয়া আহবনীয়ে আহতি দিবে। ইহাই এস্থলে প্রায়ন্চিত্ত।

প্রশ্ন,—যদি সকল (ত্রিবিধ) অগ্নিরই পরস্পর সংসর্গ ঘটে, তাহা হইলে কি প্রায়শ্চিত্ত ? উত্তর—অগ্নি বিবিচির উদ্দেশে অফীকপাল পুরোডাশ নির্ববপণ করিবে; ঐ কর্ম্মে অনুবাক্যা "স্বর্ণবস্তোরুষসামরোচি" ও যাজ্যা "ত্বামগ্নে মানুষীরীড়তে বিশঃ"; অথবা "অগ্নয়ে বিবিচয়ে স্বাহা" বলিয়া আহবনীয়ে আহুতি দিবে। ইহাই এম্বলে প্রায়শ্চিত্ত।

 ⁽৩) একের অঙ্গার দৈবক্রন অত্যে পতিত হইলে দোব বটে।

[|] c|u|s (+) | F| c|f (+) | c|Fc|c (a) | c|ec|e (8)

প্রশ্ন,—যাহার অগ্নিসমূহ অন্য অগ্নির সহিত সংস্ফ হয়,
তাহার কি প্রায়শ্চিত ? উত্তর,—অগ্নি ক্ষামবানের উদ্দেশে
অফীকপাল পুরোডাশ নির্ব্বপণ করিবে; ঐ কর্ম্মে অনুবাক্যা
"অক্রন্দদগ্লিস্তনয়ন্নিব ভোঃ ও যাজ্যা "অধা যথা নঃ পিতরঃ
পরাসঃ"; অথবা "অগুয়ে ক্ষামবতে স্বাহা" বলিয়া আহ্বনীয়ে
আহুতি দিবে। ইহাই এম্বলে প্রায়শ্চিত্ত।

मर्छ शख

প্রায়শ্চিত্রবিধি

প্রশ্ন,—যাহার অগ্নিসমূহ গ্রাম্য অগ্নিদারা দগ্ধ হয়, ' সেম্বলে কি প্রায়শ্চিত্ত ? উত্তর,—অগ্নি সংবর্গের উদ্দেশে অফ্টাকপাল পুরোডাশ নির্ব্বপণ করিবে ; ঐ কর্ম্মে অমুবাক্যা "কুবিৎস্ন নো গবিষ্টয়ে" ', যাজ্যা "মা নো অস্মিন্ মহাধনে" ; অথবা "অগ্নয়ে সংবর্গায় স্বাহা" বলিয়া আহবনীয়ে আহুতি দিবে। ইহাই এম্বলে প্রায়শ্চিত্ত।

প্রশ্ন,—যাহার অগ্নিসমূহ দিব্য অগ্নিদ্বারা সংস্কট হয়, ' সেথানে কি প্রায়শ্চিত ? উত্তর,—অগ্নি অপ্সুমানের উদ্দেশে

^{(+) 2-18618 (+) 81513# 1}

⁽১) বন্ধনশালা প্রভৃতির লৌকিক অগ্নি। আমা আগ্নিতে অগ্নিহোত্রশালা দক্ষ হইলে এই দোষ।

^(2) wineiss ! (4) wineise!

⁽৪) ৰত্ৰপাতাদি জাত অগ্ৰি

অফীকপাল পুরোডাশ নির্ব্বপণ করিবে; ঐ কর্ম্মে অমুবাক্যা "অপ্সুগ্নে সধিষ্টব" 'ও যাজ্যা "ময়ো দধে মেধিরঃ পূতদক্ষঃ" ; অথবা "অগ্নয়ে অপ্সমতে স্বাহা" বলিয়া আহবনীয়ে আহুতি দিবে। ইহাই এম্বলে প্রায়শ্চিত।

প্রশা,—যাহার অগ্নিসমূহ শবাগ্নি দারা সংস্ট হয়, সেম্বলে কি প্রায়শ্চিত ? উত্তর,—অগ্নি শুচির উদ্দেশে অফীকপাল পুরোডাশ নির্ব্বপণ করিবে, এই কর্ম্মে অনুবাক্যা "অগ্নি শুচিত্ৰততমঃ" ও যাজ্যা "উদগ্নে শুচয়স্তব" অথবা ''অগ্নয়ে শুচয়ে স্বাহা" এই বলিয়া আহ্বনীয়ে আহুতি দিবে। ইহাই এম্বলে প্রায়শ্চিত্ত।

প্রশ্ন,--যাহার অগ্নিসমূহ আরণ্য অগ্নিতে দগ্ধ হয়, সেন্থলে কি প্রায়শ্চিত্ত ? উত্তর,—তাহা হইলে [অগ্রিদাহের পূর্ব্বেই] অরণিদ্বয়ের সহিত অগ্নি সমারোপণ করিবে, অথবা আহবনীয় কিংনা গার্হপত্য হইতে উল্মুক (অগ্নিথণ্ড) বাহির করিয়া লইবে, তাহাতে অশক্ত হইলে অগ্নি সংবর্গের উদ্দেশে অফীকপাল পুরোডাশ নির্ববপণ করিবে। ঐ কর্মে অনুবাক্যা ও যাজ্ঞা পূর্বেই উক্ত হইয়াছে। অথবা "অগ্নয়ে সংবর্গায় স্বাহা" বলিয়া আহবনীয়ে আহুতি দিবে। ইহাই এম্বলে প্রায়শ্চিত।

^{(4) 18012 (4) 01519 1}

⁽ १) শ্বদ্হনের অগ্নি।

^{(+) +|88|23 | (+) +|98|19}

সপ্তম খণ্ড প্রায়শ্চিভবিধি

প্রশ্ন,—যদি আহিতায়ি যজমান উপবদগদিনে অশ্রুপাত করেন, তাহা হইলে কি প্রায়শ্চিত ? উত্তর,—অমি ব্রতভৃতের উদ্দেশে অফীকপাল পুরোডাশ নির্বাপণ করিবে; ঐ কম্মে অনুবাক্যা "অমগ্রে ব্রতভৃৎ শুচিঃ" ও যাজ্যা "ব্রতানি বিভ্রদ্ ব্রতপা অদ্ব" অথবা "অময়ে ব্রতভৃতে স্বাহা" বলিয়। আহবনীয়ে আহুতি দিবে। ইহাই এস্থলে প্রায়শ্চিত।

প্রশা,—যদি আহিতাগ্নি উপবস্থদিনে ব্রতবিরুদ্ধ 'আচরণ করেন, সেম্বলে কি প্রায়শ্চিত ? উত্তর,—অগ্নি ব্রতপতির উদ্দেশে অফীকপাল পুরোডাশ নির্ব্বপণ করিবে, ঐ কর্ম্মে অমুবাক্যা "ত্বমগ্নে ব্রতপা অসি" 'ও যাজ্যা "বদ্বো ব্য়ং প্রথিন-নাম ব্রতানি" অথবা "অগ্নয়ে ব্রতপত্য়ে স্বাহা" বলিয়া আহ্বনীয়ে আহুতি দিবে। ইহাই এম্বলে প্রায়শ্চিত্ত।

প্রশ্ন,—যদি আহিতাগ্নি কথনও অসাবস্থায় বা পূর্ণিমায় ইষ্টিযাগ না করিতে পারেন, সেম্বলে কি প্রায়শ্চিত্ত ? উত্তর,— অগ্নি পথিকৃতের উদ্দেশে অফ্টাকপাল পুরোডাশ নির্ব্বপণ করিবে; ঐ কর্ম্মে অমুবাক্যা "বেখা হি বেধাে অধ্বনঃ"

⁽১) खाव (खो॰ रूक ७)১। (२) व्याव॰ (खो॰ रूब ७)১১

⁽৩) দিশানিভাদি আচরণ !

^{(8) 1 31510 (8) 1 6151 (8) 413519 (8)}

ও যাজ্যা "আ দেবানামপি পন্থামগন্ম"; অথবা "অগ্নয়ে পথিকৃতে স্বাহা" বলিয়া আহ্বনীয়ে আহুতি দিবে। ইহাই এম্বলে প্রায়শ্চিত।

প্রাগ্ন-নদি সকল অগ্নিই নিবাইয়া বায়, সেম্বলে কি প্রায়শ্চিত্ত ? উত্তর, —অগ্নি তপস্বান্, অগ্নি জনদ্বান্ ও অগ্নি পাবকবানের উদ্দেশে অফাকপাল পুরোডাশ নির্ব্বপণ করিবে; ঐ কর্মো অনুবাক্যা "আয়াহি তপসা জনেষ্" এবং বাজ্যা "আ নো বাহি তপসা জনেষ্"; অথবা "অগ্নয়ে তপস্বতে জনদ্বতে পাবকবতে স্বাহা" বলিয়া আহ্বনীয়ে আহুতি দিবে। ইহাই এস্থলে প্রায়শ্চিত।

অফস খণ্ড গ্রায়শ্চিত্রবিধি

প্রশ্ন,—বে আহিতাগ্নি আগ্রয়ণেষ্টি যাগ না করিয়াই
নবান্নভোজন করে, সেন্থলে কি প্রায়শ্চিত্ত ? উত্তর,—অগ্নি
বৈশ্বানরের উদ্দেশে দ্বাদশকপাল পুরোডাশ নির্বরপণ করিবে;
ঐ কন্মে অনুসাক্যা "বৈশ্বানরো অজীজনৎ" ও যাজ্যা "পৃষ্টো
দিনি পৃষ্টো অগ্নিঃ পৃথিব্যাম্"; অথবা "অগ্নয়ে বৈশ্বানরায়

⁽१) ३०,२।०।

⁽৮) আৰং শ্ৰৌশ্পন্ত ১১১।

⁽२) जाय (सो ११४ १) १)

⁽३) अल्पार ।

স্বাহা" বলিয়া আহ্বনীয়ে আহুতি দিবে। ইহাই এস্থলে প্রায়শ্চিত্ত।

প্রশ্ন,—আহিতাগ্নি যদি কপাল ভাঙিয়া ফেলেন, সেখানে
কি প্রায়শ্চিত্ত? উত্তর,—অধিষয়ের উদ্দেশে দ্বিকপাল পুরোডাশ নির্ব্বপণ করিবে। ঐ কর্মে অনুবাক্যা "অধিনা বর্ত্তিরস্মং" ও যাজ্যা "আ গোমতা নাসত্যা রথেন" ; অথবা "অধিভ্যাং স্বাহা" বলিয়া আহবনীয়ে আহুতি দিবে। ইহাই এস্থলে প্রায়শ্চিত্ত।

প্রশ্ন,—আহিতাগ্নি যদি পবিত্র নফ করেন, দেখানে কি প্রায়শ্চিত্ত ? উত্তর,—অগ্নি পবিত্রবানের উদ্দেশে অফীকপাল পুরোডাশ নির্ব্বপণ করিবে; ঐ কশ্মে অনুবাক্যা "পবিত্রং তে বিততং ব্রহ্মণস্পতে" ও যাজ্যা "তপোষ্পবিত্রং বিততং দিবস্পদে" ; অথবা "অগ্নয়ে পবিত্রবতে স্বাহা" বলিয়া আহবনীয়ে আহুতি দিবে। ইহাই এস্থলে প্রায়শ্চিত্ত।

প্রশ্ন,—আহিতাগ্নি যদি হিরণ্য নাশ করেন, তাহা হইলে
কি প্রায়শ্চিত্ত ? উত্তর,—অগ্নি হিরণ্যবানের উদ্দেশে
অফ্টাকপাল পুরোডাশ নির্ব্বপণ করিবে। ঐ কর্ম্মে অনুবাক্যা,
"হিরণ্যকেশো রজদো বিদারে" ও যাজ্যা "আ তে স্থপর্ণা

ו נוצרור (ט) ו פנוגמונ (ב)

⁽৪) কুশনিশ্বিত পবিতা।

^(1) SIEVIG (0) CIEVIG (1)

^{(&}quot;) 3(9+13 .

অমিনস্ত এবৈঃ"; অথবা "অগ্নয়ে হিরণ্যবতে স্বাহা" এই বলিয়া আহবনীয়ে আহুতি দিবে। ইহাই এম্বলে প্রায়শ্চিত।

প্রশা,—আহিতাগি যদি প্রাতঃমান না করিয়া অগ্নিহোত্র করেন, দেখানে কি প্রায়শ্চিত ? উত্তর,—অগ্নি বরুণের উদ্দেশে অফাকপাল পুরোডাশ নির্ব্বপণ করিবে। ঐ কর্মে অনুবাক্যা "হং নো অগ্নে বরুণস্থা বিদ্বান্" ও যাজ্যা "সহং নো অগ্নে অবমো ভবোতী" ; অথবা "অগ্নয়ে বরুণায় স্বাহা" বলিয়া আহবনীয়ে আহতি দিবে। ইহাই এম্বলে প্রায়শ্চিত।

প্রশা,—আহিতাগি যদি সূতকান্ন" ভক্ষণ করেন, সেন্থলে কি প্রায়শ্চিত্ত ? উত্তর,—অগি তস্তমানের উদ্দেশে অফাকপাল পুরোডাশ নির্কাপণ করিবে; ঐ কর্ম্মে অসুবাক্যা "তস্তং তশ্বন্ রজ্পো ভানুমন্ বিহি"" ও যাজ্যা "অক্ষানহো নহ্যতনোত সোম্যাং""; অথবা "অগ্নেয়ে তস্তমতে স্বাহা" বলিয়া আহবনীয়ে আহুতি দিবে। ইহাই এম্বলে প্রায়শ্চিত্ত।

প্রশা,—যদি আহিতায়ি জীবন থাকিতে আপনার মরণদংবাদ শুনেন, দেশ্বলে কি প্রায়শ্চিত ? উত্তর,— ময়ি
হুরভিমানের উদ্দেশ অফীকপাল পুরোডাশ নির্বর্পণ করিবে,
ঐ কর্ম্মে অমুবাক্যা "অয়িহোতা অসীদদ্ যজীয়ান্" ও যাজ্যা
"সাধ্বীমকর্দে ববীতিং নো অহ্য" "; অথবা অয়য়ে হুরভিমতে

⁽ ১১) হাডিকাপুহহিত ঐ কর্ত্ত পক অর।

^{(&}gt;6) >+|co|+1 (>0) >+|cc|+1 (>8) cipie ! (>6) >+|co|+1

স্বাহা" বলিয়া আহবনীয়ে আহুতি দিবে। ইহাই এস্থলে প্রায়শ্চিত্ত।

প্রশা,—যদি আহিতাগ্লির ভার্য্যা কিংবা গাভী যমজ অপত্য প্রসব করে, সেম্বলে কি প্রায়শ্চিত্ত ! উত্তর,—অগ্লি মরুত্বানের উদ্দেশে ত্রয়োদশকপাল পুরোডাশ নির্বর্পণ করিবে। ঐ কর্ম্মে অনুবাক্যা "মরুতো যস্ত হি ক্ষয়ে" "ও যাজ্যা "অরা ইবেদচরমা অহেব" "; অথবা "অগ্লয়ে মরুত্বতে স্বাহা" বলিয়া আহবনীয়ে আহুতি দিবে। ইহাই এম্বলে প্রায়শ্চিত্ত।

প্রশ্ন,—অপত্নীক ব্যক্তি অমিহোত্র আহরণ করিবে, না করিবে না ? উত্তর,—আহরণ করিবে, এই উত্তর দিবে। না করিলে পুরুষ অনদ্ধা (অসত্যনামা) হইবে। অনদ্ধা পুরুষ কাহাকে বলে ? যে ব্যক্তি দেবগণ, পিতৃগণ বা মনুষ্যগণের পূজা করে না, সেই ব্যক্তি। সেইজন্ম অপত্নীক হইলেও অমিহোত্র আহরণ করিবে। এ বিষয়ে লক্ষ্য করিয়া এই যজ্জ্যাথা গীত হয় ঃ—"অপত্নীক ব্যক্তি সোমপানে অধিকারী না হওয়ায় মাতাপিতার [শুল্রামার আয়] সোজামনি যাগ করিতে পারে। কেন না, ঋণ পরিহারনিমিত, যাগ করিবে, এই শ্রুতিবচন রহিয়াছে।" " সেইজন্ম সোম্যাকে যাগ করাইবে।

^{(24) 2 | 4 | 4 | 4 | 4 | 4 | 4 | 4 | 4 |}

⁽১৮) "জাযমানো বৈ আক্ষণ প্রিভিঃ ঋণবান্ জারতে, এফচর্গোণ ঋষিভো বজ্ঞেন দেবেছে। প্রেল্ডা পিতৃত্য এব মা অনুণো যঃ পুত্রী যত্মা এক্ষারী।" তথাচ "ব্জ্ঞানেবান্ অধীদ বেদান্ প্রজাম্ব গাবর।" ইতি ক্রতি:। বাহার সৌরামণিতে অধিকার আছে, ভাহার অগ্নিহোত্তে অধিকার হ আছেই, ইতা বলা বাছলা; ব্যুগাণা উদাহরণের এই ভাবেবা।

নবম খণ্ড

প্রায়শ্চিত্তবিধি

প্রশ্ন, অপত্নীক ব্যক্তি কিরূপে বাচিক অগ্নিহোত্র হোম করিবে! [বিবাহের পর অগ্নিহোত্র] অনুষ্ঠান আরম্ভ হইলে যদি পত্নীর মৃত্যু হয়, তাহা হইলে সেই অগ্নিহোত্র নফ হয়; সেম্বলে [অপত্নীক] কিরূপে অগ্নিহোত্র হোম করিবে! উত্তর,—পুত্র, পোত্র ও নপ্রাদিগকে এই কথা বলিবে, যে

ভত্তর, —পুত্র, পোত্র ও নত্তালিগকে এই কথা বালবে, বে ইহলোকে ও ঐ [পর] লোকে [শ্রেয়ঃ আবশ্যক]; ইহ-লোকে যে স্বর্গ [শুনা যায়], অস্বর্গ অনুষ্ঠান (কাম্য কর্ম) ছারা সেই স্বর্গলোকে আরোহণ করিবে। এইরূপে সেই [অপত্নীক] ব্যক্তি ঐ [স্বর্গ] লোকের অবিচ্ছেদ সম্পাদন করেন। যে ব্যক্তি [পুনরায় বিবাহ দ্বারা] পত্নী ইচ্ছা করেন না, তাঁহার উক্ত বাক্যে প্রেরিত [পুত্রাদি] অগ্নিহোত্র আধান করেন। [ইহাই অপত্নীকের পক্ষে বাচিক অগ্নিহোত্র]।

অপত্নীক [মানদিক] অগ্নিহোত্র অমুষ্ঠানে কিরূপে অগ্নি-হোত্র হোম করিবে ? [উত্তর] শ্রন্ধাই [যজসানের] পত্নী ও দত্যই যজমান; শ্রন্ধা ও সত্য [একযোগে] উত্তম মিথুনস্বরূপ; শ্রন্ধা ও সত্য এই মিথুনের সাহায্যে [মানস অগ্নিহোত্র দ্বারা] স্বর্গলোক জয় করা হয়।

⁽ ১) নখমথণ্ড ও দেশমণ্ড কোন কোন প্রদেশের ঐতরেরজাক্ষণে পাওয়া বার না, বলিরা সাল্প উল্লেখ ক্রিয়াছেন। সাল্প দশমণ্ডের বাবিয়া পুনের দিলা পরে নবমণ্ডের ব্যাধ্যা দিলাছেন।

দশ্ম থণ্ড

প্রায়শ্চিত্তবিধি

এ বিষয়ে [ব্রহ্মবাদীরা] বলেন, দর্শপূর্ণমাসে উপবাস করিবে'। দেবগণ ব্রতহীন ব্যক্তির দত্ত হব্য ভোজন করেন না; আমার হব্য দেবগণ ভোজন করিবেন, এই উদ্দেশেই উপবাস করা হয়। পূর্ব্বদিন পূর্ণিমায় উপবাস করিবে, ইহা পৈঙ্গির মত; পরদিন পূর্ণিমায় উপবাস করিবে, ইহা কৌষীতকির মত। পূর্ব্বদিনের পূর্ণিমার নাম অনুমতি, পরদিনের পূর্ণিমার নাম রাকা। এ রূপ পূর্ব্বদিনের অমাবস্থার নাম সিনীবালী, পরদিনের অমাবস্থার নাম কুছু। যাহাকে প্রাপ্ত হইয়া সূর্য্য অন্ত যান এবং যাহা অভিমুখে রাখিয়া সূর্য্য উদিত হন, সেই [তুই দিনই কর্মানুষ্ঠান যোগ্য] তিথি; এন্থলে পূর্ব্বদিন পূর্ণিমায় উপবাস করিবে, [ইহাই পৈঙ্গির মত]।

চন্দ্রমা পূর্ব্বদিকে উঠিবে না ইহা জানিয়া [প্রতিপদ্যুক্ত] অমাবস্থায় যে উপবাদ করা হয় ও [তৎপরদিনে] যাগ করা হয়, সেই নিয়ম অনুসারেই পর পর [পূর্ণিমায় ও অমাবস্থায়]

⁽১) উপহাস শক্ষের তিনরপ অবর্থ হইতে পারে। ১। উপহাস—সমীপে হাস অর্থাৎ হালের পুর্বেং গার্হপত্যাদির সমীপে হাস। ২। দেহগণ হজের সমীপে হাস করিছেন, এই সঞ্জ। ৩। এতএইগার্থ গ্রাম্যভোজন ত্যাগ করিয়া আরণ্যভোজনের নিয়ম।

⁽২) দর্শপূর্ণমাস যাগের পূর্বাদিনে উপবাস; তিথি ছইদিন পাইলে কোন্ দিন বাগ করিবে। সামবেদী পৈক্ষির মতে চতুর্দশীবৃক্ত তিথির দিনে উপবাস, পরদিনে বাগ; ঝথেদী কৌৰীত্তিকর মতে প্রাফ্রণমূক্ত ভিণির দিনে উপবাস ও তৎপর্দিনে বাগ।

উপবাস করিবে ও তৎপরদিন যাগ করিবে। সেই যাগ সোমযাগসদৃশ হইয়া থাকে। সোমের যাগে সকল দেবতার যাগ হয়। এই যে চন্দ্রমা, ইনি দেবগণের সোম; সেই জন্ম পরদিনেই উপবাস করিবে। [ইহা কৌমীতকির মত]।

একাদশ খণ্ড

প্রায়শ্চিত্তবিধি

প্রশ্ন,—[গার্হপত্য হইতে আহবনীয়ে] অগ্নি উদ্ধারের পূর্বেই যদি সূর্য্য উদিত হন বা অন্তমিত হন, অথবা [যথাকালে আহবনীয়ে] স্থাপিত হইয়াও অগ্নি যদি হোমের পূর্বের নিবাইয়া যায়, সেম্বলে কি প্রায়শ্চিত্ত হইবে ! উত্তর,— সায়ংকালে [অন্তগমনের পর অগ্নি উদ্ধার করিতে হইলে] হিরণ্য সম্মুথে রাথিয়া অগ্নি উদ্ধার করিবে। হিরণ্য শুক্র (দীপ্তিযুক্ত) ও জ্যোতিঃস্বরূপ; ঐ [আদিত্যও] তক্রপ। ঐ রূপ করিলে জ্যোতিঃ ও শুক্র সম্মুথে রাথিয়াই অগ্নির উদ্ধার হয়। প্রাতঃকালে [উদ্যের পর অগ্নির উদ্ধার হইলে] রজত উপরে রাথিয়া অগ্নি উদ্ধার করিবে; ঐ রজত রাত্রিস্বরূপ। [সাধ্যপক্ষে] ছায়া মিশাইয়া যাইবার পূর্বের্ব (অর্থাৎ সূর্য্য থাকিতেই) আহবনীয় অগ্নির [গার্হপত্য হইতে] উদ্ধার করা উচিত। অন্ধ্বনার ও ছায়া মৃত্যুস্বরূপ; এই হেছু জ্যোতিঃস্বরূপ [সেই আদিত্য] দ্বারা অন্ধ্বনার

ছায়ারূপ মৃত্যু হইতে উত্তীর্ণ হওয়া যায়। ইহাই এম্বলে প্রায়শ্চিত।

প্রশা,—যাহার গার্হপত্য ও আহবনীয়ের মধ্যে শকট বা রথ বা কুকুর উপস্থিত হয়, দেখানে কি প্রায়শ্চিত ? উত্তর,— উহা মনে করিবে না, এই উত্তর দেওয়া হয়। কেন না, ঐ সকল দ্রব্য আত্মার মধ্যেই রহিয়াছে।' আর যদি মনে করিতেই হয়, তবে "তন্তঃ তন্বন্ রজসো ভাকুমন্ বিহি" এই মন্ত্রে গার্হপত্য হইতে আহবনীয় পর্যান্ত অবিচ্ছিন্ন জলধারা দিবে। ইহাই এম্বলে প্রায়শ্চিত্ত।

প্রান্ধ,—[ইপ্তির আরম্ভে] অ্যার অয়াধান কালে অয়াহার্য্য পাচন (দক্ষিণাগ্রি) জালিবে কি জালিবে না ! জালিবে এই উত্তর দেওয়া হয়। যে অগ্রির আধান করে, সে আয়ায় প্রাণের ছাপনা করে। এই যে অয়াহার্য্যপচন, উহা তাহা-দের অয়ভক্ষণবিষয়ে প্রশস্ত হয়। "অগ্রয়ে অয়াদায় অয়পতয়ে য়াহা" বলিয়া উহাতে আহুতি দেওয়া হয়। যে ইহা জানে, সে অয়াদ (অয়ভক্ষণ সমর্থ) ও অয়পতি হয় ও প্রজার সহিত অয় ভোজন করে।

হোম করিতে গিয়া গার্হপত্য ও আহ্বনীয়ের মধ্যদেশে সঞ্চরণ করিবে। ঐ রূপ সঞ্চরণকারীর সম্বন্ধে অগ্নির। মনে ভাবেন, এই ব্যক্তি আমাদিগের হোম করিবে। এরূপ করিলে গার্হপত্য ও আহ্বনীয় অগ্নিদ্বয় ঐ সঞ্চরণকারীর পাপনাশ

⁽১) মন্ত্রের আংলার মধ্যেই শক্টাদিত্রব্য আছে; শক্টকে শক্ট মনে না করিলা আলা সবে করিলে। (সালণ)

১২) অবাহার্য দাসক অর দক্ষিণাগ্রিছে পাক করা বার বলিরা উহার ঐ নাম।

করেন। সে ব্যক্তি গতপাপ হইয়া উদ্ধমুখে স্বর্গলোকে গমন করে। এইরূপ ব্রাহ্মণের অনেক উদাহরণ আছে।*

প্রশ্ন, অমিহোত্রী প্রবাদকালে অথবা প্রবাদ হইতে ফিরিয়া অথবা [স্বগৃহে] প্রতিদিন কিরূপে অয়ির উপস্থান করিবে ! ভূফাস্ভাবে করিবে, এই উত্তর দেওয়া হয়। কেন না, ভূফাস্ভাবে গুরুজনের নিকট প্রার্থনা করিতে হয়। কেহ বলেন, অয়ি প্রতিদিন ভয় করেন, এই ব্যক্তি অপ্রস্কা করিয়া আমাকে উদ্বাদন করিবে বা অন্যকর্মে নিযুক্ত করিবে। সেই জন্ম "অভয়ং বো অভয়ং মেহস্ত"—তোমার অভয় হউক, আমার অভয় হউক,—এই মস্ত্রে উপস্থান করিবে। ইহাতে ঐ ব্যক্তির অভয় জম্ম।

ত্রয়স্ত্রিংশ অধ্যায়

প্রথম থণ্ড

শুনঃশেপের উপাখ্যান

ইন্দ্রাকুবংশীয় রেধার পুত্র' রাজা হরিশ্চন্দ্রের পুত্র হয় নাই। তাঁহার শত জায়া ছিল; কোন জায়াতে তিনি পুত্রলাভ

⁽৩) অক্সান্ত শাখার রাক্ষণে উদাহরণ আছে।

^() भूतन चारह - रेनधनः वेष्ट्रांकः।

করেন নাই। পর্বত ও নারদ তাঁহার গৃহে বাস করিয়াছিলেন। তিনি নারদকে প্রশ্ন করিলেন—"যাহাদের জ্ঞান
আছে (অর্থাৎ মনুষ্যাদি) ও যাহাদের জ্ঞান নাই (অর্থাৎ
পশ্নাদি), তাহারা সকলেই যে পুত্রের ইচ্ছা করে, সেই পুত্রে
কি লাভ, অহে নারদ, আমাকে তাহা বলুন।" এই এক গাথায়
জিজ্ঞাসিত ইহায় নারদ দশ গাথায় তাহার উত্তর দিলেন:—

"পিতা যদি উৎপন্ধ ও জীবিত পুত্রের মুখ দেখেন, তাহা হইলে সেই পুত্রে আপনার ঋণ সমর্পণ করিয়া অমৃতত্ব লাভ করেন'।" "প্রাণিগণের পৃথিবীতে যে সকল ভোগ আছেঁ, অগ্নিতে যাহা আছে ও জলে যাহা আছে, পিতার পক্ষে তদ-পেক্ষা অধিক ভোগ পুত্রে রহিয়াছে।" "পিতা সর্বাদা পুত্রের সাহায্যে বহু হুঃথ অতিক্রম করেন; আত্মাই আত্মা হইতে [পুত্ররূপে] উৎপন্ধ; সেই পুত্র [ভবসমুদ্রে] পার করিবার পক্ষে অন্নপূর্ণ উৎকৃষ্ট তরণীস্বরূপ।" "মল, অজিন, শাশ্রুষ্ণ ও তপস্থা" এ সকলে কি হইবে?

⁽২) ছরিশ্চক্রের প্রশ্ন একটি গাধার উত্তরে নারদ দশটি গাধায় তাহার উত্তর দিতেছেন। পাধা সংক্র্যাভুং বোগ্যা গীতিঃ। (সারণ) এই আখ্যারিকার সধ্যে আরও অনেকগুলি গাধা আছে; সমুদর গাধার সংখ্যা ৩১।

⁽৩) পিতা পুত্রের উপর আপনার ঋণ স্থাপন করেন; তজ্ঞ বিশেষ অমুঠান আছে। পিতা বলেন "জং এক্ষ জং বজঃ জং লোকঃ", পুত্র বলেন "অহং একা অহং বজোহহং লোকঃ।"

⁽ a) ভোগ = স্থাহেতু ভোগ্যবিষয়, পৃথিবীতে ভোগ শক্তাদি, জয়িতে ভোগ জনপাৰাদি, জালে ভোগ লানপানাদি (সামণ)

⁽ e) মল, অজিন, শ্বশ্রু ও তপসা এই চারিটি শব্দে আপ্রমচতুইর বুঝাইতেছে। নলরণ শুফ্রণোণিত সংবোগফেতু মলশব্দে পার্হস্থা, কুঞাজিন সংবোগহেতু অজিন শব্দে ব্রজাচর্যা; ক্ষোর-কর্ম নিবেশ্যুতে প্রশ্লেশকে বানপ্রস্থান্ত উল্লিম সংব্যুতে তুপা প্রে গারিবাল্য বুঝাইতেছে। (সারণ)

হে ত্রন্ধাণ (বিপ্রগণ), তোমরা পুত্র ইচ্ছা কর; পুত্রই অনিন্দনীয় লোকস্বরূপ।" "অন্ন প্রাণ দেয়, বস্ত্র শর্ণ (শীত হইতে আশ্রয়) দেয়, হিরণ্য রূপ দেয়; বিবাহ করিয়া পশু পাওয়া যায়; জায়া (পত্নী) স্থিস্থরূপ; গুহিতা দৈন্যহেতু'; কিন্তু পুত্র পরম ব্যোমে জ্যোতিঃস্বরূপ।" "পতি জায়াতে প্রবেশ করেন; গর্ভ (জ্রন) স্বরূপে তিনি [সেই জ্রনের] সাতাতে প্রবেশ করেন; সেইখানে পুনরায় নৃতন হইয়া দশম সাদে উৎপন্ন হন।" ''[পিতা] ইহাতে পুনরায় জাত হন (জন্মলাভ করেন), এই কারণে জায়ার (পত্নার) নাম জায়া; ইনিই ভূতি ও ইনিই আভূতি; ইঁহাতে বীজ স্থাপিত হয়। ''দেবগণ ও ঋষিগণ ইঁহাতে মহাতেজ প্রদান করিয়াছিলেন ; দেবগণ মনুষ্যগণকে বলিয়াছিলেন, ইনিই পুনরায় তোমাদের জননী হইবেন।" "অপুত্রকের কোন লোক নাই ^{:°} ইহা সকল পশুতেও জানে ; সেই জম্মই [পশুমধ্যে] পুত্র মাতা ও স্বদার দহিত সংদর্গ করে।" "পুত্রবান্ ব্যক্তি শোকরহিত হইয়া যে পথ প্রাপ্ত হন, সেই পথ স্থথদেব্য ও মহৎ জনের

⁽ ৬) মূলে "অম্বণাম্বন" শব্দ আছে ; 'ম্বিজুম্বোগ্যানি নিন্দ-মাক্যানি অব্দাঃ তৈৰ্বাইকাৰ্নো-মাতে ন কথাতে ইতি অব্দাম্পো লোকঃ দোৰ্ব্বাহিত্যাল্লিকান্হ ইত্যৰ্থ:। সাম্বণ

⁽ १) মূলে আছে "কুপণং ছ ছহিতা"। "ছহিতা হ পুত্ৰীতি কৃপণং কেবল ছঃথকাঝিছাদৈল্প-ংছুঃ।" (সামণ)

⁽৮) "জ্যোতির পুত্র: পর্যে ব্যোমন্"—সামণ অর্থ করের পুত্র জ্যোতিঃস্বরূপ হইরা পিতাকে পর্ম ব্যোমে (পরভ্রন্ধে) স্থাপন করেন।

⁽৯) ভষ্তি অস্তাং পুত্ররশেণ পতিরিতোষা তৃতি:। রেতোরপেণ আগত্য অস্তাং পুত্র-রূপেণ ভষ্তি ইতি আতৃতি:। (সংবণ)

^{(&}gt;) লোক: লোকজন্ত স্থন্। (সারণ)

প্রশংসিত। পশুগণ ও পক্ষিগণও সেই পথ জানে; সেইজন্ম তাহারা মাতার সহিতও মিথুন হয়।

নারদ হরিশ্চন্দ্রকে ইহাই বলিয়াছিলেন।

দিতীয় খণ্ড

শুনঃশেপের উপাখ্যান

অনন্তর নারদ হরিশ্চন্দ্রকে বলিলেন, ভুমি রাজা বরুণকে প্রার্থনা কর, যে আমার পুত্র হউক, তদ্মারা তোমার যাগ করিব। তাহাই করিব বলিয়া, হরিশ্চন্দ্র বরুণ রাজাকে প্রার্থনা করিব। লেন, আমার পুত্র হউক, তদ্মারা তোমার যাগ করিব। বরুণ বলিলেন বিভাগের হউক। তথন উহার রোহিত নামে পুত্র জন্মিয়াছে, এতদ্মারা আমার যাগ কর। তিনি তথন বলিলেন, [জন্মের পর অশোচকালে] দশদিন গত নাহইলে পশু মেধ্য (যাগ্যোগ্য) হয় না; ইহার দশদিন উত্তীর্ণ হউক, তথন তোমার যাগ করিব। বরুণ বলিলেন, তাহাই হউক।

পরে দশদিন উত্তীর্ণ হইলে বরুণ বলিলেন, দশদিন উত্তীর্ণ হইয়াছে, এখন এতদ্বারা আমার যাগ কর। তিনি বলিলেন, যখন পশুর দাঁত উঠে, তখন সে মেধ্য হয়; ইহার দাঁত বাহির হউক, তখন তোমার যাগ করিব। বরুণ বলিলেন, তাহাই হউক। পরে তাহার দাঁত উঠিলে বরুণ বলিলেন, ইহার দাঁত উঠিয়াছে, এখন এতদ্বারা আমার যাগ কর। তিনি বলিলেন, পশুর দাঁত যখন পড়িয়া যায়, তখন দে মেধ্য হয়; ইহার দাঁত পড়ুক, তখন তোমার যাগ করিব। বরুণ বলিলেন, তাহাই হউক।

পরে তাহার দাঁত পড়িলে বরুণ বলিলেন, ইহার দাঁত পড়িয়াছে, এখন এতদ্বারা আমার যাগ কর। তিনি বলিলেন, পশুর দাঁত যখন আবার জন্মে, তখন সে মেধ্য হয়; ইহার দাঁত আবার উঠুক, তখন তোমার যাগ করিব। বরুণ বলি-লেন, তাহাই হউক।

পরে তাহার দাঁত আবার উঠিলে বরুণ বলিলেন, ইহার দাঁত আবার উঠিয়াছে, এখন এতদ্বারা আমার যাগ কর। তিনি বলিলেন, ক্ষত্রিয় যখন সন্নাহ (ধনুর্ব্বাণ কবচাদি) ধারণে সমর্থ হয়, তখন সে মেধ্য হয়। এ সন্নাহ প্রাপ্ত হইলে তোমার যাগ করিব। বরুণ কহিলেন, তাহাই হউক।

পরে সেই (বালক) সন্নাহ প্রাপ্ত হইলে বরুণ বলিলেন, এ সন্নাহ প্রাপ্ত হইয়াছে, এখন এতদ্বারা আমার যাগ কর। তাহাই হউক বলিয়া হরিশ্চন্দ্র পুত্রকে ডাকিয়া বলিলেন, পুত্র, এই বরুণ তোমাকে আমায় দান করিয়াছিলেন; হায়, তোমাদ্বারা আমাকে ইহার যাগ করিতে হইবে। তাহা হইবে না, এই বলিয়া সেই রোহিত ধনু গ্রহণ করিয়া অরণ্যে প্রস্থান করিলেন ও সংবৎসর ধরিয়া অরণ্যে বিচরণ করিলেন।

তৃতীয় খণ্ড

শুন:শেপের উপাখ্যান

তখন বরুণ ইক্ষাকুবংশধরকে চাপিয়া ধরিলেন; তাঁহার উদরী রোগ উৎপন্ন হইল। বরাহিত তাহা শুনিতে পাই-লেন ও অরণ্য হইতে গ্রামে আদিলেন; ইন্দ্র পুরুষরূপ ধরিয়া তাঁহার নিকট আদিয়া [গাথায়] বলিলেন "অহে রোহিত, যে ব্যক্তি [পর্যাটনদারা] প্রান্ত হয়, তাহার নানা সম্পদ ঘটে, আর শ্রেষ্ঠ ব্যক্তিও মনুষ্যসমাজে বদিয়া থাকিলে ক্লেশ পায়; যে চলিয়া বেড়ায়, ইন্দ্র তাহার স্থা; অতএব তুমি বিচরণ কর।"

ত্রাক্ষাণ আমাকে বিচরণ করিতে বলিয়াছেন, এই ভাবিয়া তিনি দ্বিতীয় সংবৎসর অরণ্যে বিচরণ করিলেন; পরে অরণ্য হইতে গ্রামে আসিবার সময় পুরুষরূপী ইন্দ্র আবার তাঁহার নিকট আসিয়া বলিলেন—"যে ব্যক্তি বিচরণ করে, তাহার জ্ঞাদ্বয় পুষ্পিত [রক্ষের ন্যায় শোভাযুক্ত] হয়, তাহার শরীর বর্দ্ধমান হইয়া ফলবান্ [রক্ষের ন্যায়] হয়, উৎকৃষ্ট পথে [বিচরণপ্রযুক্ত] শ্রমদারা তাহার সমুদ্য় পাপ বিনষ্ট হইয়া শয়ান থাকে (হতবীর্যা হয়); অতএব তুমি বিচরণ কর।"

ব্রাহ্মণ আমাকে বিচরণ করিতে বলিলেন, এই ভাবিয়া তিনি তৃতীয় সংবৎসর অরণ্যে বিচরণ করিলেন, পরে অরণ্য

^{(&}gt;) "छेनतः सारकः" कालनभूतिजयुक्त् नः ऋशानतनामकः त्रानयस्रभयूरभन्नत्

⁽२) बाक्रगावनी हेळा।

হইতে থামে আদিবার সময় পুরুষরূপী ইন্দ্র তাঁহার নিকট আদিয়া বলিলেন, "যে ব্যক্তি বদিয়া থাকে, তাহার ভাগ্যও বদিয়া থাকে; যে দাঁড়ায়, তাহার ভাগ্যও উঠিয়া দাঁড়ায়; যে নীচে পড়িয়া থাকে, তাহার ভাগ্যও শুইয়া পড়ে; আর যে চরিয়া বেড়ায়, তাহার ভাগ্যও [সর্বত্র] বিচরণ করে; অতএব তুমি বিচরণ কর।"

বান্ধাণ আমাকে বিচরণ করিতে বলিলেন, এই ভাবিয়া তিনি চতুর্থ সংবৎসর অরণ্যে বিচরণ করিলেন; তিনি অরণ্য হইতে গ্রামে আসিবার সময় পুরুষরূপী ইন্দ্র তাঁহার নিকট আসিয়া বলিলেন "কলি শয়ান থাকে, দ্বাপর [শয়ন] ত্যাগ করিয়া বসে, ত্রেভা উঠিয়া দাঁড়ায়, আর ক্বত বিচরণ করিয়া সম্পন্ন হয়; অতএব তুমি বিচরণ কর।"

ব্রাহ্মণ আমাকে বিচরণ করিতে বলিলেন, এই ভাবিয়া তিনি পঞ্চম সংবৎসর অরণ্যে বিচরণ করিলেন। পরে অরণ্য হইতে গ্রামে আসিবার সময় পুরুষরূপী ইন্দ্র তাঁহার নিকট আসিয়া বলিলেন,—"যে ব্যক্তি বিচরণ করে, সে মধুলাভ করে, স্বাহ্ন উত্নম্বর ফল লাভ করে; যে সর্বাদা বিচরণ করিয়াও তন্ত্রা [আলস্থা] লাভ করে না, সেই সূর্য্যের মাহাম্ম্য দেখিতে পাইতেছ; অতএব তুমি বিচরণ কর।"

ব্রাহ্মণ আমাকে বিচরণ করিতে বলিলেন, এই ভাবিয়া

^{(&}gt;) সারণ কলি দাপব ত্রেতা ও কৃত এই চারিটকে চারিযুগের বাহক ধরিরাছেন ও তাহাদের উত্তরোত্তর শ্রেষ্ঠতা দেখাইরা ত্রমণকারী পুরুষের শ্রেষ্ঠতা প্রতিগর করিরাছেন। "চতত্রঃ পুরুষজ্ঞাবস্থাঃ। নিশ্রা তৎপরিত্যাগ উত্থানং সংরক্ষণং চ। ভাশ্চ উত্তরোত্তরশ্রেষ্ঠদাৎ কলিদাশরত্রেতার্ভযুগৈঃ সমানাঃ। ভত্তভ্রণক্ত সর্পোত্তম্বাচ্চহৈনেতি।

তিনি ষষ্ঠ সংবৎসর অরণ্যে বিচরণ করিলেন; এবং [বিচরণ কালে] সূয়বদের পুত্র ক্ষ্ধাপীড়িত অজীগর্ভকে দেখিতে পাইলেন। দেই অজীগর্ত্তের শুনঃপুচ্ছ, শুনঃশেপ ও শুনো লাঙ্গূল নামে তিনি পুত্র ছিল। তিনি সেই অজীগর্তকে বলিলেন, অহে ঋষি, তোমাকে একশত [গাভা] দিতেছি, আমি ইহাদের (তোমার পুত্রদের) মধ্যে একজনকে নিব্রুয়-রূপে দিয়া আপনাকে মুক্ত করিব। তথন অজীগর্ত্ত জ্যেষ্ঠ পুত্রকে টানিয়া লইয়া বলিলেন, আমি ইহাকে কিছুতেই দিব না। মাতা (অজীগর্ত্তের পত্নী) কনিষ্ঠকে [টানিয়া লইয়া] বলিলেন, আমি ইহাকে দিব না। তাঁহারা উভয়ে মধ্যম শুনঃশেপকে দান করিলেন। তখন অজীগর্তকে একশত [গাভী] দিয়া তিনি সেই শুনঃশেপকে লইয়া অরণ্য হইতে গ্রামে আসিলেন। [তদনন্তর] তিনি পিতার নিকট গিয়া বলিলেন, অহো, আমি এই ব্যক্তিকে নিব্ৰুয় (মূল্য) স্বরূপে দিয়া আপনাকে মুক্ত করিতে চাহি। তথন হরি**শ্চ**ন্দ্র রাজা বরুণকে বলিলেন, আমি এই ব্যক্তিদারা তোমার যাগ করিব। বরুণ বলিলেন, তাহাই হউক,—ব্রাহ্মণ ক্ষত্রিয় অপেক্ষা অধিক আদরণীয়। এই বলিয়া তাঁহাকে রাজসূয় নামক যজ্ঞক্রতু অনুষ্ঠান করিতে বলিলেন। হরিশ্চন্দ্রও রাজসূয়ের অভিষেক অনুষ্ঠানের দিনে সেই শুনঃশেপকে পুরুষ (মনুষ্য) পশুরূপে নির্দেশ করিলেন।

চতুৰ্থ খণ্ড

শুনঃশেপের উপাখ্যান

সেই হরিশ্চন্তের [রাজস্য যাগে] বিশ্বামিত্র হোতা, জমদিয়ি অধ্বর্ম্য, বিদষ্ঠ ব্রহ্মা ও অয়াস্থ উদ্যাতা হইয়া-ছিলেন; পশুর উপাকরণের পর নিযোক্তা (যুপে বন্ধনকর্ত্তা) পাওয়া গেলনা। সেই সূয়বসের পত্র অজীগর্ত্ত বলিলেন, আনাকে আর একশত [গাভা] দাও, আমি ইহাকে নিয়োজন (যুপে বন্ধন) করিব। তথন হরিশ্চন্দ্র তাঁহাকে আর একশত [গাভা] দিলেন; তিনিও নিয়োজন করিলেন।

উপাকরণ ও নিয়োজনের পর আপ্রী মন্ত্র পঠিত ও পর্য্যান্নিকরণ অনুষ্ঠান সমাপ্ত হইলে বিশসন (বধ) কর্ম্মের জন্ম কাহাকেও পাওয়া গেল না। তথন অজীগর্ত্ত বলিলেন, আমাকে আর একশত [গাভী] দাও, আমি ইহার বিশসন (বধ) করিব। তথন হরিশ্চন্দ্র তাঁহাকে আর একশত [গাভী] দিলেন। তথন তিনি অসি (থড়গ) শানাইয়া (তীক্ষ করিয়া) উপস্থিত হইলেন।

তথন শুনংশেপ ভাবিলেন, ইহারা আমাকে অমানুষের (মনুষ্যেতর গশুর) মত বধ করিবে, দেখিতেছি; আচ্ছা,

⁽১) বহিষ্ক প্রকশাপাদারা পশুকে সমন্ত্রক ম্পর্শের নাম উপাকরণ। জ্ঞান্যর্ত্ত পশুকে উপাকরণ করেন। তৎপরে নিংগ্রান্ত। তাহাকে যুপে বন্ধন করেন। তথুলে উপাকরণের পর জনঃশেপকে যুপে বন্ধন করিনে কেহ সম্মত ইইলনা। কটি, মন্তক ও ছই পা রচ্জুতে বাঁথিয়া ঐ রচ্জুর অ্যান্ডাৰ মুপে বন্ধনেব নাম নিংগালন।

আমি দেবতার আশ্রয় লই। এই ভাবিয়া তিনি দেবতাগণের প্রথম প্রজাপতিকে "কস্থ নৃনং কতমস্থামৃতানামৃ" এই ঋকে উপাসনা করিলেন। [°] প্রজাপতি তাঁহাকে বলিলেন, অগ্নিই দেবগণের অত্যন্ত সমীপবন্তী থাকেন, তাঁহার আশ্রয় লও। তিনি তখন ''অগ্নেৰ্বযং প্ৰথমস্থামৃতানাম্' ' এই ঋকে ষ্মগ্নির উপাসনা করিলেন। অগ্নি তাঁহাকে বলিলেন, সবিতাই প্রসব কর্মে (কার্য্যে প্রেরণায়) সমর্থ; ভাঁহারই আশ্রয় লও। তিনি তথন "অভি ত্বা দেব সবিতঃ" ইত্যাদি তিনটি ঋকে সবিতার উপাসনা করিলেন। সবিতা তাঁহাকে বলিলেন, ছুমি রাজা বরুণের উদ্দেশে নিযুক্ত (যূপে বন্ধ) হইয়াছ; তাঁহারই আশ্রয় লও। তথন তিনি [উক্ত তিন ঋকের] পরবর্ত্তী একত্রিশটি ঋকে বরুণের উপাসনা করিলেন।' তথন বরুণ তাঁহাকে বলিলেন, অগ্নিই দেবগণের মুথস্বরূপ ও প্রধান স্থহং ; তাঁহারই স্তুতি কর ; তখন তোমাকে ত্যাগ করিব। তথন তিনি পরবর্ত্তী বাইশটি ঋকে অগ্নির স্তব করিলেন। তথন

⁽ ২) নিয়োজনের পর একাদশটি প্রযাজধার্জ্যা মরে আমাপ্রস্তুত পাঠ হয়। পরে ভিনবার আরির উক্ষুক প্রদক্ষিণ করান হয়, উহা পর্যায়িকরণ। পুর্বেদেখ। মহ্বাগশুকে পর্যায়িকরণের পর ছাডিয়া দেওয়ার বিধি সংস্কৃত এখানে বধের উদ্যোগ দেখিয়া শুনংশেপ এই কথা বলিলেন।

⁽ २) মূলে আছে উপধাৰামি—সমীপে ধাবন করি—সায়ণ অর্থ করেন—ভজামি।

⁽ o) SIREIS (

^(।) মূলে আছে উপসদার - উপাদিতখান্ দেবিতবান্ (দারণ)।

⁽c) 5!2812 (6) 312819-0

^{(&}quot;ন হিতে ক্ষত্ৰন্" (১৷২৪৷৬) হইতে ঐ স্জের অবণিত্ত দশটি মন্ত্র ও (১৷২৫) স্জের "ষচিদ্ধি তে বিশং" ইত্যাদি একুশ মন্ত্র : শাকলো একত্রিশ মন্ত্র।

⁽৮) "ব্দিবা;হ" ইত্যাদি ১/২৬ কুজের দশ মন্ত্রও "ঋবং ন ডা" ইত্যাদি ১/২৭ কুজের তের কুকের মধ্যে শেব কক্ ধর্জন করিরা অক্ত বারটি; সাকলো বাইপটি মন্ত্র।

অগ্নি তাঁহাকে বলিলেন, তুমি বিশ্বদেবগণের স্তব কর, তবে তোগাকে ছাড়িয়া দিব। তিনি তথন "নগো মহস্তো নমো অর্ভকেভ্যঃ" ইত্যাদি এক ঋকে বিশ্বদেবগুণের স্তব করি-লেন। তথন বিশ্বদেবগণ ভাঁছাকে বলিলেন, ইন্দ্রই দেবগণের মধ্যে সর্ব্বাপেক্ষা ওজিষ্ঠ, বলিষ্ঠ, সহিষ্ঠ, সত্তম ও পারয়িষ্ণুতম[»]; তাঁহারই স্তব কর, তবে তোমাকে ছাড়িয়া দিব। তখন তিনি "যচ্চিদ্ধি সত্য সোমপাঃ" ইত্যাদি সূক্ত দারা" ও পরবর্ত্তী পোনেরটি ঋক্দারা ইেন্দ্রের স্তব করিলেন। দেই স্তবের পর ইন্দ্র প্রীত হইয়া মনে মনে তাঁহাকে হিরগ্নয় রথ দান করিলেন; তিনিও "শশদিক্রঃ" এই ঋকু দ্বারা '' মনে মনেই ইন্দ্রকে প্রতিগমন করিলেন। তখন ইন্দ্র তাঁহাকে বলিলেন. অধিষয়ের স্তব কর, তবে তোমাকে ছাড়িয়া দিব। তথন তিনি [ঐ মন্ত্রের] পরবর্ত্তী তিনটি ঋকু দ্বারা " অখিদুয়ের স্তব করিলেন। অশ্বিদ্বয় তাঁহাকে বলিলেন, উষার স্তব কর, তবে তোমাকে ছাড়িব। তখন তিনি পরবর্তী আর তিনটি মাকে উষার স্তব করিলেন। ^{১৫} এই তিন ঋকের এক এক ঋক

^{10619616 (6)}

⁽১০) এই করটি বিশেষণের অর্থবিকরে সারণ পুরুলচালাদের মত উদ্ভ করিয়াছেন, "ওলোদীপ্তির্বলং দাকাং প্রন্তুকরণং সহঃ। প্রজনং সন্ পার্যিঞ্জপকাশ্তমমাপ্তিক্ৎ।"

⁽ ১১) ১।২৯ স্থান্তের মন্ত্রসংখ্যা ৭।

⁽ ১২) ১।৩০ সুক্তের অন্তর্গত ২২ মন্ত্রের মধ্যে প্রথম পোনেরটি।

⁽ ১৩) ঐ পোনের মদের পরবর্তী মন্ত্র "শখদিন্দ্রঃ পোঞ্ছথন্তিজিগায়" (১١৩০)১৬)

⁽ ১৪) "জ্বিনা্য্যাব্ড্যা" ইত্যাদি তিন শ্বক ১।৩০।১৭-১৯।

⁽ ১৫) "क्ष 'डेवः" हेजा'पि जिन्हि (১।७०।२०-२२)

উচ্চারণ করিতে শুনঃশেপের পাশ খুলিয়া গেল; ইক্ষাকুবংশ-ধরের উদরও ছোট হইল। শেষ ঋক্ উচ্চারণে পাশ সমস্ত খুলিয়া গেল; ইক্ষাকুবংশধরও রোগশৃত্য হইলেন।

পঞ্চম খণ্ড

শুনঃশেপের উপাখ্যান

তথন [বিশ্বামিত্র প্রভৃতি] ঋত্বিকেরা শুনংশেপকে বলিলেন, আমাদের এই [অভিষেচনীয়] অনুষ্ঠানের তুমিই
সমাপ্তিবিধান কর। তখন শুনংশেপ সরল উপায়ে সোমাভিযবের ব্যবস্থা স্থির করিলেন; "যচ্চিদ্ধি স্থং গৃহে গৃহে" ইত্যাদি
চারিটি শ্বকে সোমের অভিষব করিলেন; [পরবর্ত্তী] "উচ্ছিষ্টং
চম্বোর্ভর" এই খাকে 'সেই সোমকে দ্রোণকলশে নিক্ষেপ
করিলেন; তৎপরে অন্বারম্ভের পর (যজমান হরিশ্চন্দ্রকর্তৃক
শুনংশেপের দেহস্পর্শের পর) স্বাহাকারসমেত পূর্ববর্ত্তী
চারিটি ঋক্ষারা হোম করিলেন"; তদমন্তর "হুং নো অ্যে
বরুণস্থ বিদ্বান্" ইত্যাদি তুই খাকে অবভৃথ্যাগ সম্পাদন
করিলেন ও সর্বশেষে "শুনশ্চিচেছ্পং নিদিতং সহস্রাৎ" এই
খাকে হরিশ্চন্দ্র দ্বারা আহবনীয় অ্যার উপস্থান করাইলেন।

^()) SIRWIE-WI (Z) SIRWIA I

⁽৩) "ঘত্ৰ গ্ৰাষ্ট ইন্তাদি ২৮ স্জেক প্ৰথম চাৰিটি ক্ষ্কু, সংখাস-ঃ

^{1 41218 (4) 13-816/8 (8)}

অনন্তর শুনংশেপ বিশ্বামিত্রের অঙ্কে বসিলেন। তখন সূয়বদের পুত্র অজীগর্ত্ত বলিলেন, অহে ঋষি, তুমি আমার পুত্র ফিরাইয়া দাও। বিশ্বামিত্র বলিলেন, না, দেবগণ ইহাকে আমায় অর্পণ করিয়াছেন।

তদবধি শুনঃশেপ বিশ্বামিত্রের পুত্র দেবরাত (দেবদত্ত) নামে প্রথিত হইলেন; কপিলগোত্রে ও বক্রগোত্রে উৎপন্ন ব্যক্তিগণ এইরূপে তাঁহার [বন্ধু] হইলেন।

সূয়বদের পুত্র অজীগর্ত শুনঃশেপকে বলিলেন, তুমি [আমাদের নিকট] আইস, আমরা উভয়ে (আমি ও আমার পত্নী) তোমাকে আহ্বান করিতেছি। সূয়বদের পুত্র অজীগর্ত আবার বলিলেন, "তুমি জন্মহেতু আপিরস অজীগর্তের পুত্র ও কবি (বিদ্বান্) বলিয়া প্রসিদ্ধ; অহে ঋষি, তুমি পৈতামহ বংশপরম্পরা ত্যাগ করিয়া যাইওনা,—পুনরায় আমার নিকট আইস।" শুনঃশেপ বলিলেন—"লোকে তোমাকে শাস (অসি) হস্তে [পুত্রবধে উন্নত] দেখিয়াছে, শূদুগণেও এমন কর্ম করে না। অহে আঙ্গিরদ, তুমি আমার পরিবর্ত্তে তিনশত গাভী চাহিয়া পাইয়াছ।" সূয়বদের পুত্র অজীগর্ত্ত বলিলেন, "বাবা, আমি যে পাপকর্ম্ম করিয়াছি, তাহা আমাকে তাপ দিতেছে; আমি এখন দেই কর্মের পরিহার করিতেছি; সেই [তিন] শত গাভী এখন তুমি গ্রহণ কর।" শুনঃশেপ বলিলেন "যে একবার পাপ করে, সে সেই পাপ আবার করিতে পারে; তুমি যে শূদ্রোচিত কর্ম করিয়াছ, তাহা হইতে মুক্ত হইতে পারিবেনা; ঐ কর্মের পর আর সন্ধি হইতে পারে না।"

বিশ্বামিত্রও বলিলেন, না, উহার পর সন্ধি হইতে পারে না। বিশ্বামিত্র আবার বলিলেন "শাস হস্তে বধোন্তত সূয়বসের পুত্রকে কি ভয়ানক দেখাইতেছিল; তুমি ইহার পুত্র হইও না; আমার পুত্রবই লাভ কর।" শুনংশেপ [বিশ্বামিত্রকে] বলিলেন, "অহে রাজপুত্র, আপনি [জম্মে ফ্রিয় হইয়াও ব্রাহ্মণরূপে হারপে পরিচিত, আমিও সেইরপ আঙ্গিরস হইয়াও ব্রাহ্মণরূপে আপনার পুত্রব লাভ করিব, তাহা আমাকে বলুন।" সেই শুনংশেপ তথন বলিলেন, ["আপনার পুত্রগণ] একমত হইয়া স্বীকার করুন, যে আমি আপনার পুত্রগণ লাভ করিয়াছি; অহে ভরতর্বভ, তাহা হইলে [তাঁহাদের সহিত] আমার সোহার্দ্দ ও শ্রীলাভ ঘটিবে।" বিশ্বামিত্র তথন পুত্রগণকে ডাকিয়া বলিলেন, "অহে মধুচ্ছন্দা, ঋষভ, রেণু এবং অফুক, তোমরা শ্রেবণ কর, তোমরা যে কয় ভাই আছ, তোমরা আপনাকে শুনংশেপের জ্যেষ্ঠ ভাবিওনা।"

মষ্ঠ খণ্ড

শুনঃশেপের উপাখ্যান

ে সেই বিশ্বামিত্রের একশত পুত্র ছিল; তন্মধ্যে পঞ্চাশ জন
মধুচ্ছন্দার বড়, পঞ্চাশ জন ছোট। যাহারা বড়, তাহারা

⁽৬) "জন্ম ক্ষত্রির হইরাও রাক্ষণরূপে" এই অংশটুকু মুলে নাই। সায়ণ এই অর্থ টানিয়া আনিরাছেন ও আত্মনত সমর্থনার্থ পূর্বাচাগ্যদের মত উদ্ধৃত ক্রিয়াছেন হথা—"এতদাক্যাভিপ্রারঃ পৃথৈকি: সংক্ষিপা দলিতঃ—"পুরায়ানং নৃপং বিপ্রং তপ্না কৃত্বান্সি। এবমাজিরসং মা তঃ বৈশামিত্রমৃত কুল।"

[বিশ্বানিত্রের] আদেশ সমীচীন বলিয়া মানিল না। বিশ্বানিত্র তাহাদিগকে শাপ দিলেন, তোদের প্রজা (পুত্রাদি) অন্ত্য-জাতিভাক্ হউক। তাহারাই অন্ত্রু, পুগু, শবর, পুলিন্দ ও মূতিব এই অতিশয় অন্ত্যু (নীচ) জন হইল; বিশ্বানিত্রের বংশে উৎপন্ন ইহারা দম্যাগণমধ্যে প্রধান।

মধুচ্ছন্দা আর পঞ্চাশ জনের সহিত [শুনঃশেপকে:] বলিলেন—"আমাদের পিতা যে আজ্ঞা দিতেছেন, আমরা তাহা পালন করিব; আমরা তোমাকে অগ্রে [জ্যেষ্ঠরূপে] রাখিব ও তোমার অনুগমন করিব।" বিশ্বামিত্র তাহাদের উপর প্রত্যয় করিয়া তাহাদিগকে এইরূপে তুষ্ট কারলেন— "বাহ'রা আমার মত অঙ্গীকার করিয়া আমাকে বীরপুত্রবিশিষ্ট করিল, আমার সেই পুত্রগণ পশুলাভ করিবে ও বীরপুত্র লাভ করিবে"; "অছে গাথিবংশধরগণ,' তোমাদের পুরোগামী দেবরাতের সহিত তোমরা বীরপুত্রবিশিষ্ট হইয়া সকলের আরাধনাযোগ্য হইবে; অহে পুত্রগণ, এই দেবরাত তোমা-দিগকে সৎ উপদেশ দিবেন"; "অহে কুশিকগণ, বৈই বীর দেবরাত, তোমরা ইহার অনুগমন করিও; আমার যে ধন আছে এবং আমি যে কিছু বিহা জানি, তাহা তোমরা [সকলে] পাইবে"; "অহে বিশ্বামিত্রপুত্রগণ, তোমরা সমীচীন কর্ম্ম করিয়াছ; অহে গাথিবংশীয়গণ, তোমরা দেবরাতের সহিত ধনসম্পত্তিভাগী হইবে; তোমরা তাঁহার শ্রেষ্ঠত্ব অঙ্গীকার

^{(&}gt;) মূলে আছে "গাথিনাঃ" = গাথিপোত্রাঃ (সারণ)

⁽২) কুলিকা: কুলিকনামে৷ মৎপিতামহক্ত সংক্ষিন: (সারণ)

করিয়াছ"; "ঋষি দেবরাত, ইনি জহ্ন বংশের আধিপত্য ও গাথিবংশের দৈবকর্মে ও বেদে অধিকারী হইয়া উভয়ের ধনে ধনী বলিয়া খ্যাত হইবেন।"

একশত ঋকৃ ও [কতিপয়] গাথা লইয়া এই শুনঃশেপের উপাখ্যান; রজিসূয়ের অভিষেচনীয় কর্ম্মে] অভিষেকের পর রাজাকে এই উপাখ্যান হোতা শুনাইয়া থাকেন। হোতা হিরণ্যকশিপুতে আদীন হইয়া [এই উপাখ্যান] কহিয়া থাকেন⁸; অধ্বযু্ত্যও হিরণ্যকশিপুতে বিদয়া প্রতিগর করেন। হিরণ্য যশঃস্বরূপ; এতদ্বারা রাজাকে যশের দ্বারা সমৃদ্ধ করা হয়। প্রত্যেক বিশ্বের পর পর "ওঁ" এবং প্রিত্যেক বি গাথার পর "তথা" ইহাই [এন্থলে অধ্বর্যুর উচ্চারিত] প্রতিগর। "ওঁ" এই শব্দ দৈব, "তথা" শব্দ মানুষ; দৈব ও মামুষ এই প্রতিগর দারা রাজাকে [ঐহিক ও পারত্রিক] পাপ হইতে মুক্ত করা হয়। যে রাজা বিজয়লাভ করিয়াছেন, তিনি যজমান না হইলেও (রাজসূয়যাগ না করিলেও) যদি এই শুনঃশেপের আখ্যান কহাইয়া লন, তাঁহাতে তাহা হইলে পাপ-শেষ মাত্রও থাকে না। যিনি এই উপাখ্যান কহেন, তাঁহাকে (অর্থাৎ হোতাকে) ি যাগের নির্দিষ্ট দক্ষিণা ব্যতীত] সহস্র িগাভী লান করিবে: আর যিনি প্রতিগর করেন, তাঁহাকে

⁽৩) একশত খকের মধ্যে ৯৭টি গুনালেপের দৃষ্ট, তিনটি অক্টের দৃষ্ট । উপাধ্যান-মধ্যে সাকলো একত্রিশটি গাধা আছে : গাথাগুলির অকুবাদ " " চিহ্নমধ্যে দেওয়া হইয়াছে।

⁽৪) হিরণ;কশিপৌ স্বর্ণনির্দ্ধিতস্থান্ত কশিপৌ (সারণ)। কশিপু ^{অর্পে} কার্ণাসপুর্ণ সাসন।

(অর্থাৎ অধ্বয়্রিকে) শত (গাভী) দান করিবে, আর সেই হিরণ্যকশিপু ছুইখানিও দিবে। অপিচ অখতরীবাহিত শ্বেতবর্ণের রথ' হোতাকে দিবে। পুত্রকামীরাও এই আখ্যান কহাইবেন; তাহাতে তাঁহাদের পুত্রলাভ হইবে।

চতুস্ত্রিংশ অধ্যায়

প্রথম খণ্ড

ক্ষত্রিয়ের যজ্ঞলাভ

শুনঃশেপের উপাথ্যানের পর ক্ষতিয়গণের বিহিত ক্রিয়ার বিষয় বলা জ্ইতেছে। পরবর্তী অধ্যায়গুলির এই বিষয়।

প্রজাপতি যজের স্থি করিয়াছিলেন; যজ্ঞস্থির পর ব্রহ্ম ও ক্ষত্রের স্থি করিলেন ও ব্রহ্মক্ষত্রের পর এই দ্বিবিধ প্রজার স্থি করিলেন। ব্রহ্মের অনুরূপ হুতাদ ও ক্ষত্রের অনুরূপ অহুতাদ স্থি করিলেন। এই যে ব্রাহ্মণগণ, ইহারাই হুতাদ (হুতশেষভোজী) প্রজা; আর রাজন্য, বৈশ্য ও শূদ্র ইহারাই অহুতাদ। যজ্ঞ তাঁহাদের নিকট হইতে চলিয়া গিয়াছিল; ব্রহ্ম ও ক্ষত্র যজের অনুগমন করিয়াছিলেন। ব্রহ্মের যে সকল আয়ুধ, তাহার সহিত ব্রহ্ম ও ক্ষত্রের যে

⁽ e) মূলে জাছে "বেডাৰতরী রখঃ"; নারণ বলেন, রজতাকত্বত বলিয়া বেত রখা খেতাখ-ভরী বাহিত রখ নয় কি ঃ

সকল আয়ুধ, তাহার সহিত ক্ষত্র, তাহার অনুগমন করিয়াছিলেন। যজ্ঞের যে সকল আয়ুধ, তাহাই ব্রেক্সের আয়ুধ;
আর অশ্বযুক্ত রথ, কবচ ও বাণযুক্ত ধনু ইহাই ক্ষত্রের আয়ুধ।
ক্ষত্রের আয়ুধে ভয় পাইয়া যজ্ঞ না ফিরিয়া পলাইতে লাগিল;
ক্ষত্রে তাহাকে ধরিতে না পাইয়া ফিরিয়া আসিলেন। ব্রক্স
তাহার অনুসরণ করিয়া তাহাকে ধরিয়া কেলিলেন ও তৎপরে
তাহার সন্মুথে দাঁড়াইয়া তাহার গতি (পথ) রোধ করিলেন।
এইরূপে [পথ] রুদ্ধ হইলে যজ্ঞ দাঁড়াইল ও ব্রক্সের নিকট
আপনারই আয়ুধসকল দেখিয়া তাহার নিকট উপস্থিত হইল।
সেই হেতু অভাপি যজ্ঞ ব্রক্সম্বরূপ ব্রাক্সণেই প্রতিষ্ঠিত
রহিয়াছে।

তথন ক্ষত্র সেই ব্রেক্সের অনুগমন করিয়া তাহাকে বলিলেন, আমাকে এই যজে আহ্বান কর। ব্রক্স বলিলেন, আছা, তাহাই হইবে, কিন্তু তুমি আপনার আয়ুধ্সকল কেলিয়া দিয়া ব্রক্সের আয়ুধ্ লইয়া ব্রক্সের রূপ ধরিয়া ব্রক্সন সদৃশ হইয়া যজের নিকটে উপস্থিত হও। "তাহাই হউক" বলিয়া ক্ষত্র আপন আয়ুধ্ ফেলিয়া ব্রক্সের আয়ুধ গ্রহণ করিয়া ব্রক্সের রূপ ধরিয়া ব্রক্সের রূপ ধরিয়া ব্রক্সনদৃশ হইয়া যজের নিকট উপস্থিত হইলেন। সেই হেতু অত্যাপি ক্ষত্রিয় যজমান আপন আয়ুধ্ ফেলিয়া ব্রক্সের রূপ ধরিয়া ব্রক্সন করিয়া ব্রক্সের রূপ ধরিয়া ব্রক্সন সদৃশ হইয়া যজের নিকট উপস্থিত হন।

^{(&}gt;) ফ্যা, কপাল, অগ্নিহোত্রহয়ণী, সুপ্, কুলাজিন, শম্যা, উলুখল, মুধল, দৃদ্দ, উপল এই দশটি মজের আধুৰ।

দিতীয় খণ্ড

দেবয়জন লাভ

মনন্তর ঐকারণে [ক্ষজ্রিয়কর্তৃক] দেবযজনপ্রার্থনা। । ।
বিগয়ে প্রশ্ন হয় যে, ব্রাক্ষণ রাজন্য ও বৈশ্য [যজে] দাকিত্ব
হইগার সময় ক্ষজ্রিয় [রাজার] নিকট দেবযজন স্থান চাহিয়
ক্রন ; ক্ষজ্রেয় [রাজা] কাহার নিকট চাহিয়া লইবেন ! [উত্তর
দৈব ক্ষত্রের নিকট যাদ্রা করিবেন, এই উত্তর দেওয়া হয়
ফালিত্রই দৈব ক্ষত্র ; আদিত্য েই ভূতসকলের অধিপতি
সেই ক্ষজ্রেয় [রাজা] যেদিন দাক্রিত হইবেন, সেই দিল
পূর্ববাহ্নে "ইদং প্রেষ্ঠং জ্যোতিয়াং জ্যোতিরুত্তমন্" এই [প্রক্র্তৃ)
মন্ত্রেই ও "দেব সবিতদে ব্যজনং মে দেহি দেবযজায়ে"—
মহে দেব সবিতা, দেবযাগের জন্ম আমাকে দেবযজন স্থান
করিয়া তাহার নিকট [দেবযজন স্থান] যাদ্রা করিবেন।
আদিত্য এইরূপে প্রাথিত হইয়া যে উত্তরোত্রর [আকাশপ্রথে] সরিয়া যান, তাহাতেই তাহার বলা হয় "হা, আমি
দান করেতেছি।" যিনি ক্ষত্রিয় (রাজা) হইয়া এইরূপে

⁽ ১) मोक्कांत्र भूत्वं (मयणकन याहकः। कतियां लख्या आवशकः।

^{(?) &}gt;-1>+>10 !

⁽৩) মসুনো যেমন গড় নাডিয়া সম্মতি জ্ঞাপন করে, সেইরূপ অংগিড়া ও রূপে ইঞ্জিং খারাট যাত্যাব উত্তর দেন।

আদিত্যের উপস্থানানন্তর যাদ্ধা করিয়া দেবযজন লাভের পর দীক্ষিত হন, দেব-সবিতার অনুজ্ঞালাভ হেতু তাঁহার কোন রিষ্টি (অনিষ্ট) ঘটে না, এবং তিনি উত্তরোত্তর শ্রীলাভ করেন ও প্রজাগণের আধিপত্য ও ঈশ্বরত্ব লাভ করেন।

তৃতীয় খণ্ড ক্ষজ্রিয়ের অনুষ্ঠান

অনন্তর এই কারণে ক্ষজ্রিয় যজমানের পক্ষে ইন্টাপূর্ত্তের অপরিজ্যানি হোমের বিষয় বলা হইতেছে। সেই যজমান ইন্টা-পূর্ত্তের অপরিজ্যানি (অবিনাশ) উদ্দেশে দাক্ষার পূর্ব্বেই চারিবারে আজ্য গ্রহণ করিয়া আহবনীয়ে হোম করিবেন। "পুনর্ন ইন্দ্রো মঘবা দলাভূ" এই [ঋক্], এবং "ব্রহ্মা পুনরিন্টং পূর্তং দাং স্বাহা"—ব্রহ্মা আমাকে পুনঃ পুনঃ ইন্টা ও পূর্ত্ত দান করুন, স্বাহা—এই [যজুঃ] এ হোমের মন্ত্র।

অনন্তর অন্বন্ধ্য পশুষাণের সমিউযজুর্মন্ত্র পাঠের পর
"পুনর্নো অগ্নিজাতবেদা দদাভু" এই [ঋক্] এবং "ক্ষত্রং পুর্নারন্তং পূর্ত্তং দাৎ স্বাহা" এই [যজুঃ] মন্ত্রে হোম করিবে। এই যে ছই আহুতি, এতদ্বারা ক্ষত্রিয় যজমানের ইন্টাপূর্ত্তের অবিনাশ ঘটে; অতএব এই ছই আহুতি দিবে।

^{(&}gt;) আর্ত্ত কক্ষের নাম পূর্ত, আর শ্রোত কর্মের নাম ইট্ট। প্রপাতড়াগাদির প্রতিষ্ঠা পূর্ত কর্মের উদাহরণ। দীক^{্র}য়েটির পুর্বে এই হোম কর্ত্তব্য, ইহার ফলে রাজার ইটাপূর্ত কর্মের রক্ষা ঘটে।

চতূর্থ খণ্ড ক্ষজ্রিয়ের অমুষ্ঠান

এ বিষয়ে আরাঢ়ের পুত্র সৌজাত বলিয়াছেন, এই যে তুই আহুতির বিষয় বলিতেছি, ইহা অজীতপুনর্বণ্য, অর্থাৎ নফবস্তুর প্রাপ্তিহেতু। ' যে যজমান সেই [সোজাতের কথিত] অনুশাসন পালন করিতে চাহেন, তিনি যাহা কামনা করেন, তত্নদেশে ঐরপ করিবেন। তিনি [পূর্ব্বথণ্ডে উক্ত অপরি-জ্যানি হোমের পরিবর্ত্তে] এই ছুই আহুতি দিবেন:— ্দীক্ষণীয়েষ্টির পূর্কে আহুতি] "ব্রহ্ম প্রপতে ব্রহ্ম মা ক্ষ্ত্রাদ গোপায়ত ব্রহ্মণে স্বাহা"—এই হোমসন্ত্রের তাৎপর্য্য যে. যে যজমান যজ্ঞ আরম্ভ করে, সে ব্রন্ধোরই শরণ লয়: েকননা, যজ্ঞ ব্রহ্মস্বরূপ ; যে দীক্ষিত হয়, সে যজ্ঞ হইতেই পুনর্জন্ম গ্রহণ করে; ত্রন্সের শরণাপন্ন সেই যজমানকে 🚋 🕾 হিংসা করিতে পারে না। আর "ব্রহ্ম মা ক্রলাদ্ গোপায়তৃ" এই মুলাংশ বলিলে একা সেই যুজমানকে ক্ষল্র হুইতে রুজা করেন। আর "ব্রহ্মণে স্বাহা" বলিলে ব্রহ্মকে প্রীত কর হয় : ব্রহ্ম প্রীত হইয়া তাহাকে ক্ষত্র হইতে রক্ষা করেন।

অপিচ অন্বদ্ধ্য পশুর সমিষ্টযজুর্মন্ত্রপাঠের পর "ক্রুং প্রপত্যে ক্ষক্রং মা ব্রহ্মণো গোপায়তু ক্ষক্রায় স্বাহ!" এই মস্ত্রে

⁽১) নষ্টমপ্রাপ্তং বা বহন্ত তদেতৎ অজীতং ভক্ত পুনরশি বনসাধনং প্রাপ্তিকারণম্ জ্জীতপুনর্ধায়

আহুতি দিবে। ইহার তাৎপর্য্য এই যে, যে ব্যক্তি রাষ্ট্র লাভ করে, দে ক্ষত্রের শর্প লয় : রাষ্ট্রই ক্ষত্রস্থরূপ : ক্ষত্রের শরণাপন্ন সেই যজমানকে ব্রহ্ম হিংদা করিতে পারেন না। আর ক্ষত্র তাহাকে একা হইতে রক্ষা করিবে, এই উদ্দেশে ''দত্রং মা ব্র**ন্ধা**ণো গোপায়তু" বলা হয় ; আর ''দত্রায় স্বাহা" বলিলে ক্ষল্রকে প্রীত করা হয়; ক্ষল্র প্রীত হইয়া তাহাকে ব্রহ্ম হইতে রক্ষা করেন।

এই যে আহুতিদ্বয়, ইহাই ক্ত্রিয় যজ্মানের পঞ্ ইষ্টাণ্যর্ভের অবিনাশহেতু; অতএব এই হুই আহুতিই হোম করিবে।

প্রথম খণ্ড

গাহৰনীয়োপন্তান

ঐ ফুজিয় (রাজা) দেবতাবিষয়ে ইন্দ্রের, ছন্দে ত্রিষ্টুভের, স্তোমে পঞ্চল স্তোমের, রাজতে সোমের সম্বন্ধযুক্ত এবং বন্ধ-সম্পর্কে তিনি রাজন্ম। দীক্ষিত হইয়াই তিনি ব্রাহ্মণঃ লাভ করেন, কেননা ইনি [তৎকালে] কুফাজিন পরিধান করেন, দীক্ষিতের ত্রত আচরণ করেন ও ব্রাহ্মণকর্ত্তক সঙ্গত হন। দীক্ষিত হইলে পর ইন্দ্র তাঁহার ইন্দ্রিয় হরণ করেন, ঐ রূপে তিষ্টুপ্ বার্য্য, পঞ্চদশ স্তোম আয়ু, সোম ব্যক্তি, পিতৃগণ যশ ও কীর্ত্তি হরণ করেন। তাঁহারা তথন বলেন, এই ক্ষত্রিয় এখন আমাদের হইতে স্বতন্ত্র হইয়াছে, এ এখন ব্রহ্ম হইয়াছে, এ এখন ব্রহ্মের নিকটে উপ-স্থিত আছে।

দীক্ষার পূর্বে [পূর্ব্বোক্ত] আহুতি দেওয়ার পর তিনি এই মত্রে আহ্বনীয়ের উপস্থান করিবেন, মথা—"ইন্দ্র দেবতা হইতে, ত্রিষ্টুপ্ ছন্দ হইতে, পঞ্চদশ স্তোম হইতে, রাজা দোম হইতে, পিতৃসম্পর্কায় বন্ধু হইতে আমি যেন স্বতন্ত্র না হই; ইন্দ্র যেন আমার ইন্দ্রিয় হরণ না করেন, ত্রিষ্টুপ্ নীয়্ম, পঞ্চদশ স্তোম আয়ু, দোম রাজ্য, পিতৃগণ যশ ও কীর্ত্তি হরণ না করেন; আমি ইন্দ্রিয়, বীয়্ম, আয়ু, রাজ্য, যশ ও বন্ধুর সহিত অয়ি দেবতার সমীপে উপস্থিত হইতেছি; গায়ত্রী ছন্দের, ত্রির্থ স্থোমের, রাজা দোমের ও ব্রক্ষের শরণ লইয়া শামি ব্রাক্ষণ হইতেছি।" যে ব্যক্তি ক্ষত্রেয় হইয়াও এই আহুতি দ্বারা আহ্বনীয়ের উপস্থান করেন, ইন্দ্র তাঁহার ইন্দ্রিয় হরণ করেন না, ত্রিষ্টুপ্ বীয়্ম, পঞ্চদশ স্থোম আয়ু, দোম রাজ্য এবং পিতৃগণ যশ ও কীর্ত্তি হরণ করেন না।

ষষ্ঠ খণ্ড

আহবনীয় উপস্থান

ঐ দীক্ষিত ক্ষত্রিয় এইরূপে দেবতাবিষয়ে অগ্নির, ছন্দে গায়ত্রীর, স্তোমে ত্রিয়তের সম্বন্ধযুক্ত ও বন্ধুসম্পর্কে ব্রাহ্মণ হইয়া উদবসানীয় ইষ্টিদারা সোমযাগ সমাপ্তির সময় পুনরায়

ক্ষত্রিয়তা প্রাপ্ত হন। উদবসান কালে অগ্নি তাঁহার তেজ হরণ করেন, গায়ত্রী বীর্ঘ্য, ত্রিবৃৎ স্তোম আয়ু, ত্রাহ্মণগণ ব্হহ্ম যশ ও কীর্ত্তি হরণ করেন। তাঁহারা তখন বলেন, এই ব্যক্তি আমাদের হইতে স্বতন্ত্র হইয়াছে, এ এখন ক্ষত্র হইয়াছে, এ এখন ক্ষত্রের সমীপে উপস্থিত হইয়াছে। যজমান এখন অনুবন্ধ্য পশুর সমিষ্টযজুর্মন্ত্রপাঠের পর এই মন্ত্রে আহুতি দিয়া আহবনীয়ের উপস্থান করিবেন, যথা—"আমি যেন অগ্নিদেবতা হইতে, গায়ত্রী ছন্দ হইতে, ত্রিব্বৎ স্তোম হইতে, ব্রহ্ম বন্ধু হইতে স্বতন্ত্র না হই ; অগ্নি যেন আমার তেজ হরণ না করেন, গায়ত্রী বীর্ঘ্য, ত্রিব্বৎ স্তোম আয়ু. ও ব্রাহ্মণগণ ব্রহ্ম যশ ও কীর্ত্তি হরণ না করেন; আমি যেন তেজ, বীর্ষ্য, আয়ু, ব্রহ্ম, যশ, কীর্ত্তি সহিত ইন্দ্রদেবতার নিকট উপস্থিত হইতে পারি; ত্রিউ ুপ্ ছন্দের, পঞ্দশ স্তোমের, রাজা সোমের ও ক্ষত্তের শরণাপন্ন হইয়া আমি [পুনরায়] ফক্রিয় হইতেছি। অহে দেব পিতৃগণ, অহে পিতা দেবগণ, আমি যাহা (যে ব্রাহ্মণ) হইয়াছি, তাহাই থাকিয়া যেন যাগ করিতে পাই; আমার এই ইফ, আমার এই পূর্ত্ত, আমার এই শ্রেম, আমার এই হোম, [সমস্তই] স্বকীয় (স্বাধান) হউক; অগ্নি সমীপন্থ হইয়া আমার এই কর্মের দ্রুষ্টা হউন, বায়ু সমীপস্থ হইয়া শ্রোতা হুউন, ঐ আদিত্য পরে ইহা খ্যাপন করুন; এই আমি যাহা (যে ক্ষল্রিয়) হইয়াছি, তাহাই যেন থাকিতে পাই।"

যে যজমান ক্ষজ্রিয় হইয়া এই আহুতিদ্বয়ে আহ্বনীয়ের উপস্থান করিয়া উদ্বদান করেন, অগ্নি তাঁহার তেজ হরণ করেন না ; গায়জ্রী বীর্ঘ্য, ত্রিবৃৎ স্তোম আয়ু, ত্রাহ্মণগণ ত্রহ্ম, যশ ও কীর্ত্তি হরণ করেন না।

সপ্তম খণ্ড

नीकार्यमन

দীক্ষিত যজমানের দীক্ষার বিষয় সর্বলোককে—দেবগণকে ও মনুষ্যগণকৈ— জানাইতে হয়; ব্রাহ্মণ যজমান সেম্বলে স্থীয় প্রবর নির্দ্দেশ করিয়া আত্ম-পরিচয় দেন; ক্ষজ্রিয় কিরপে পরিচয় দিবেন, তবিষয়ে মীমাংসা ষ্থা— "অথাতো……প্রবীরমু"

অনন্তর এই কারণে দীকার সম্বন্ধে আবেদন (বিজ্ঞাপন)
বিষয়ে প্রশ্ন হয়,—ব্রাহ্মণ দীকিত হইলে "এই ব্রাহ্মণের দীকা
হইল" এই বলিয়া দীকার বিজ্ঞাপন হয়; ক্ষপ্রিয় যজমানের পক্ষে
কিরূপে দীকার বিজ্ঞাপন হইবে ? [উত্তর] দীকিত ব্রাহ্মণের
পক্ষে যেমন "এই ব্রাহ্মণের দীকা হইল" এই বলিয়া দীকার
বিজ্ঞাপন হয়, সেইরূপ পুরোহিতের আর্ধেয় (প্রবর)
নির্দেশ দারা ক্ষপ্রিয়ের দীকার বিজ্ঞাপন করিবে। এ বিষয়ে
ইহাই উচিত। কেননা, এই ক্ষপ্রিয় আপনার আয়ুধদকল
ফেলিয়া দিয়া ব্রহ্মের আয়ুধ গ্রহণ করিয়া ব্রহ্মারূপে ব্রহ্ম হইয়া
যজ্ঞে উপস্থিত হন, সেইজন্য। ব্রাহ্মণ] পুরোহিতের আর্ধেয়
দারাই উহার দীকার বিজ্ঞাপন করিবে, পুরোহিতের আর্ধেয়
দারাই প্রবর উল্লেখ করিবে।

অফ্টম খণ্ড

হুত্রশেষ ভোজন

দীক্ষণীয়াদি ইষ্টিতে ক্ষত্রিয় যজমানের পক্ষে যজমানভাগ ভক্ষণের কিরুপ ব্যবস্থা হইবে, তাহার মীমাংসা যথা—"অথাতো……নেয়াৎ"

অনন্তর এই কারণে যজ্ঞ্যানভাগ দম্বন্ধে প্রশ্ন হয় যে, ক্ষত্রিয় যজ্মান [ব্রাহ্মণযজ্মানের মত] যজ্মানভাগ ভক্ষণ করিবেন কি ভক্ষণ করিবেন না ? যদি ভক্ষণ করেন, তাহা হইলে অহুতাদের হুত-ভোজনে পাপ জন্মিবে, আর যদি ভক্ষণ না করেন, তাহা হুইলে আত্মাকে (আপনাকে) যজ্ঞ হুইতে বিচ্ছিন্ন করা হুইবে; কেননা, যজ্মানভাগ যজ্ঞ্যরূপ।

[কেছ ইহার উত্তরে বলেন] সেই যজ্মানভাগ কোন রাঙ্গাণে সমর্পণ করিবে। কেননা, এই যে ব্রহ্ম (রাঙ্গাণ্ড), ইহা ক্ষব্রিয়ের পুরোহিতের স্থান; এই যে পুরোহিত, তিনি ক্ষব্রিয়ের অন্ধান্থা (অন্ধশরার) স্বরূপ; [ঐরপ করিলে] ক্ষব্রিয়েকর্তৃক প্রত্যক্ষভাবে [হুতশেষ] ভক্ষণ করা হইবে না, অথচ পরোক্ষ ভাবে [অক্যবারা] ভক্ষণে ভক্ষবের কললাভ হইবে। এই যে ব্রহ্মা (ব্রাহ্মণ) ইনি প্রত্যক্ষ যজ্ঞস্বরূপ; সমস্ত যজ্ঞ ব্রক্ষোতেই প্রতিষ্ঠিত, যজ্মান যজ্ঞে প্রতিষ্ঠিত; এই হেতৃ ঐরপ করিলে, জলে জল ও অগ্নিতে অগ্নি সমর্পণের

⁽১) যজেব হ'বংশেষ ষজমানকে ভজণ করিছে হয়, নতুবা যজের ফলপ্রাপ্তি ঘটে না, যজ হটং হ আয়াকে বিচ্ছের করা হয়। কিন্তু ফব্রিয় ও বৈছের পক্ষে হতভোজন নিষ্দি, ভাহা পূর্ণেবিই অধায়ের প্রথমণ্ডেই বলা ১ইয়াছে। পূর্ণে দেখ।

ষ্ঠার যজেই যজ্ঞ সমর্পণ করা হয়; [ব্রাহ্মণভক্ষিত হোমদ্রব্য] ব্রাহ্মণেই মিশিয়া যায়, উহা আর ক্ষল্রিয়কে হিংসা করিতে পারে না; এইজন্ম ঐ যজমানভাগ ব্রাহ্মণেই সমর্পণ করিবে।

শারে না, এইজত এ বজনানভাগ প্রামাণেই স্নর্থা কারবে।
অত্যের মতে, ঐ যজনানভাগ "প্রজাপতেবিভাগাম
লোকস্তশ্মিণস্থা দধামি দহ যজনানেন স্বাহা"—প্রজাপতির
বিভান্ নামে যে লোক স্থাছে, সেইস্থানে যজমানের সহিত
তোমাকে (অর্থাৎ হোমদ্রব্যকে) স্থাপন করিতেছি, স্বাহা—
এই মন্ত্রে অগ্নিতে আহুতি দেওরা উচিত। কিন্তু ঐরপ
করিবে না। যজমানভাগ (হোমশো।) যজ্মানস্বরূপ; ঐরপ
করিলে যজমানকেই অগ্নিতে অর্পণ করা হইবে। যদি কেহ
স্থাদিয়া সেই হোমকর্তাকে বলে, ভুমি যজমানকৈ অগ্নিতে
সর্পণ করিয়াছ, অগ্নি ইহার প্রাণ সম্যক্রেপে দগ্ধ করিবে ও
যজমানের মৃত্যু ঘটিবে, তাহা হইলে অবশ্য দেইরূপই ঘটিবে।
মত এব সেইচ্ছাও করিবে না।

পঞ্চত্রিংশ অধ্যায়

প্রথম খণ্ড

বিশ্বস্তারের উপাখ্যার্ন

ক্ষতিরের সোমভক্ষণ নিষিদ্ধ; তংশবদ্ধে উপাখ্যান এই অধ্যায়ের বিষয়। স্থদ্মার পুত্র বিশন্তর স্থাপর্ণদিগকে (তন্ধামক ব্রাহ্মণ-দিগকে) নিরাকৃত করিবার জন্ম স্থাপর্ণদিগকে বর্জন করিয়া যজের আহরণ করিয়াছিলেন। শ্রাপর্ণেরা তাহা জানিতে পারিয়া সেই যজে আগমন করিলেন ও যজের বেদিমধ্যে আদীন হলৈন। তাল্দিগকে দেখিতে পাইয়া বিশ্বভর বলিলেন, এই শ্রাপর্ণেরা পাপক্ষকারী, ইহারা বেদিতে বিশ্বর অপবিত্র বাব্য বলিতেতে, ইহাদিগকে উঠাইয়া দাও; আমার বেনির মধ্যে বেন ইহারা বদিতে না পায়। [বিশ্বভরের নিল্ক পুরবেরা] তাহাই হউক, বলিয়া তাহাদিগকে উঠাইয়া দিল।

উঠিবার সময় শ্রাপর্ণেরা কলরব করিয়া বলিতে নাগিলেন, পরিন্দিতের পুত্র জনমেজয় [ভূতবীরনামক ঋত্বিক্লিপ্লের
মাহায্যে] যে কশ্রপা-বর্জ্জিত যজ্ঞ করিয়াছিলেন, তাহাতে
কশ্রপাণণের মধ্যে অসিতমুগোরা সেই ভূতবীরদিগের নিকট
হইতে সোম্যাগকে [বলপূর্ব্বক] কাড়িয়া লইয়াছিলেন;
অসিতম্গদিগের এই কর্ম্মলারা কশ্যপেরা বীরত্ব-খ্যাতি
লাভ করিয়াছিলেন; আমাদের মধ্যে এমন বীর কে আছে,
যে এই [বিশ্বন্তরের] সোম্যাগ কাড়িয়া লইতে পারে ?

মুগবুর পুত্র রাম 'বলিয়া উঠিলেন, তোমাদের মধ্যে এই আমি সেই বীর আছি।

এই মৃগবুপুত্র রাম শ্রাপর্ণগণের মধ্যে অনূচান (বেদজ্ঞ) ছিলেন; শ্রাপর্ণদিগের সহিত বেদিতে দাঁড়াইয়া তিনি বলি-লেন, অহে রাজা, আমার মত বিদ্বান্কে ইহারা বেদি হইতে

⁽১) খুলে আছে "রামে৷ মার্গবেদ্ধঃ"; সারণ অর্থ করেন, মুগর্নাম কাচিৎ ধোবিৎ, তস্যাঃ পুলো মনামা কণ্টিদ প্রাক্ষণঃ "

উঠাইতেছে !" [বিশ্বন্তর বলিলেন,] "অরে ব্রাহ্মণাধম, তুই যেরূপ ব্যক্তি, তুই কিরূপে এমন বিদ্বান্ হইলি !"

দিতীয় **খণ্ড** বিশ্বমনের উপাখ্যান

রাম বিশ্বন্তরকে বলিলেন] "ইন্দ্র স্বন্টার পুত্র বিশ্বরূপকে হত্যা করিয়াছিলেন, রত্রকে হত্যা করিয়াছিলেন, যতিদিগকে দালারকের মুখে অর্পন করিয়াছিলেন, অরুর্মঘদিগকে বধ করিয়াছিলেন, রহস্পতিকে প্রতিহত করিয়াছিলেন; এই সকল কারণে যথন দেবতারা ইন্দ্রকে বর্জন করেন, ইন্দ্র তথন [দেবগণকর্ত্বক] সোমপানে নিবারিত হইয়াছিলেন । ইন্দ্রের দোমপান নিবারিত হইলে ক্ষত্রিয়ের সোমপান নিবারিত হইয়াছিল। পরে ইন্দ্র টার সোম বলপূর্ব্বক পান করিয়া সোমপানে পুনরায় অধিকারী হইয়াছিলেন, কিন্তু ক্ষত্রিয়ের অ্যাপি সোমপানে অধিকারী হইয়াছিলেন, কিন্তু ক্ষত্রিয়ের অ্যাপি সোমপানে অধিকারী হইয়া আছে। সোমপানে অনিধিকারী ক্ষত্রিয়ের ভক্ষণীয় কি, যাহা ভক্ষণ করিলে ক্ষত্রিয়ের

⁽১) ইন্দ্রের ঐ পাঁচ অপরাধে তাঁহার সোমপান নিষিদ্ধ হয়। ঐ অপরাধের উপাধান শাখান্তরে বর্ণিত হইরাছে। ছারর পুত্র বিষরপকে ইন্দ্র হতা। করিয়া ব্রক্ষহত্যায় লিগু হন। ছার বৃত্রনামে বামণের স্থান্ত করেন, ইন্দ্র শেই বৃত্রনতেও হত্যা করেন। ইন্দ্র বাতিবেশধারী অম্বরদিগকে ছেদন করিয়া সালাবৃক দ্বারা থাওর।ইয়াছিলেন (সালাবৃক আরণা কুকুর)। ইন্দ্র অফর্মঘ নামক বাহ্মণবেশধারী অম্বরদিগকে হত্যা করেন। তৈতি গ্রীয় বাহ্মণ ও কৌবীতকি-বাহ্মণোপনিবৎ মধ্যে এই সকল উপাধ্যান আছে। পরে ইন্দ্র ছারা সোম খলপ্র্কক পান করিয়াছিলেন।

সমৃদ্ধি ঘটিবে, ইহা যে ব্যক্তি জানে, সেই বিশ্বান্কে ইহারা বেদি হইতে কি রূপে উঠাইতে চাহে!"

[বিশ্বস্তর বলিলেন] "অহে ত্রাহ্মণ, ক্ষজ্রিয়ের কি ভক্ষ্য, তাহা তুমি জান কি ?" [রাম বলিলেন] "জানি বৈ কি"। [বিশ্বস্তর বলিলেন] "তবে ত্রাহ্মণ, আমাকে তাহা বল", [রাম বলিলেন] "আচ্ছা, রাজা, তোমাকে তাহা বলিতেছি।"

তৃতীয় খণ্ড

ক্ষজিয়ের ভক্ষানির্দ্দেশ

পরবর্ত্তী কতিপয় খণ্ডে ক্ষত্তিয়েব পক্ষে কোন্ভক্য নিষিদ্ধ ও কি বিহিত, মার্গবের রাম তাহা বিশ্বস্তরকে বুঝাইতেছেন যথা:—

"[তোমার নিযুক্ত অনভিজ্ঞ ঋরিকেরা] সোম, দিব ও জল, এই তিন ভক্ষামধ্যে কোন একটা হয় ত [তোমার অর্থাৎ ক্ষত্রিয় যজমানের জন্ম] আহরণ করিবেন। যদি সোম অ'না হয়, উহা ত ব্রাক্ষাণের ভক্ষা, উহাতে ব্রাক্ষাণের প্রীতি জন্মিতে পারে, কিন্তু উহা ভক্ষণ করিলে তোমার বংশে যে সন্তান জন্মিবে, সে ব্রাক্ষাণের ভূল্য হইয়া [পরের দান] গ্রহণ করিবে, সকলের নিকট [যজ্ঞের সোম] পান করিবে, [পরের নিকট] অন্ন যাদ্রা করিবে, অপরে ইচ্ছামত তাহাকে [ঘর হইতে] তাড়াইয়া দিবে। ফলতঃ ক্ষত্রিয় যথন পাপ (নিষিদ্ধ আচরণ) করে, তখন তাহার বংশে ব্রাক্ষাণকল্প সন্তান জন্মে; উহার দিত্রীয় পুরুষ বা তৃতীয় পুরুষ ব্রাক্ষাণতা প্রাপ্ত হইয়া ব্রাক্ষাণাচিত বৃত্তিতে কফে জীবিকা নির্ব্বাহে বাধ্য হইবে।

"আর যদি দিধি আনা হয়, উহা বৈশ্যগণের ভক্ষ্য; উহাতে বৈশ্যের প্রীতি জন্মিতে পারে। উহার ভক্ষণে তোমার বংশে যে সন্তান জন্মিবে, সে বৈশ্যতুলা হইয়া অপরকে শুল্ফদান করিবে, অপরের অধীন হইবে, অপরের ইচ্ছাক্রণে তিরস্কার্য্য হইবে। ফলে ক্ষন্রিয় যখন পাপ করে, তখন ভাহার বংশে বৈশ্যকল্প সন্তান জন্মিতে পারে; ভাহার বিভীয় বা তৃতীয় পুরুষ বৈশ্যত্ব লাভ করিয়া বৈশ্যত্বভিতে জীবিকা নির্বাহ

"আর যদি জল আনা হয়, এই জলত শৃদ্রের ভক্ষা; উহাতে শৃদ্রের প্রীতি জন্মিতে পারে; উহার ভক্ষণে তোমার বংশে যে সন্তান জন্মিবে সে শৃদ্রভূল্য হইয়া অপরের অনুজ্ঞায় বাধ্য হইবে, অপরের ইচ্ছায় উঠিবে বিদিবে, অপরের ইচ্ছামত বধ্য হইবে। ক্ষত্রিয় যথন পাপ করেন, তথন তাহার বংশে শৃদ্রকল্প সন্তান জন্মিতে পারে, উহার দ্বিতীয় বা তৃতীয় পুরুষ শৃদ্রত্ব লাভ করিয়া শৃদ্রবৃত্তিতে জীবিকা নির্বাহ করিবে।

চতুর্থ খণ্ড

ভক্যবিরূপণ

"আছে রাজা, এই যে তিনটি ভক্ষ্যের কথা বলা হইল, ক্ষত্রিয় যজমান, ইহার ইচ্ছা করিবেন না। তবে

^{(&}gt;) সামৰ "ঘধা" শক্ষের অর্থ করিয়াছেল "কুণিতেন স্বামিনা ভাডাঃ"।

তাঁহার নিজের ভক্ষ্য কি ? অত্যোধ (বট) বৃক্ষের অনরোধ 'শোখালম্বী মূল) এবং উদ্বয়ব, অশ্বথ ও প্লক্ষরক্ষের ফল। এই সকলের অভিষব করিবে ও ইহাই ভক্ষণ করিবে; ক্ষত্রিয়ের পক্ষে ইহাই নিজ ভক্ষ্য।

"দেবগণ যে ভূমির উপরে যজ্ঞ করিয়া স্বর্গ লোকে গিয়াছিলেন, সেই ভূমিতে তাঁহারা চমসসকল মুক্ত (অধােমুখ)
করিয়া রাথিয়াছিলেন; সেই মুক্ত চমসসকলই অগ্রোধে
পরিণত হইয়াছিল। এখনও সেইস্থানে অগ্রোধকে মুক্ত
বলিয়া থাকে। সেই কুরুক্তেতেই অগ্রোধ প্রথমে উৎপন্ন
হইয়াছিল; অঅদেশে অগ্রোধসকল তাহা হইতেই জনিয়াছে।
সেই চমসসকল অক্ অর্থাৎ নিম্নমুখে [অব-] রোহণ করিয়াছিল, এইজঅ অগ্রোহও নিম্নমুখে রোহণ করে ও উহার নামও
অগ্রোহ। অগ্রোহ হওয়াতেই উহাদিগকে পরোক্ষভাবে
"অগ্রোধ" নাম দেওয়া হয়; দেবগণ এইরূপ পরোক্ষ নামই
ভাল বাসেন।

পক্ষম খণ্ড

ক্ষজ্রিয়ের ভক্ষ্যনির্দ্দেশ

"সেই চমসমধ্যে যে রদ ছিল, তাহা অবাগ্নুথ (অধােনুথ) হইয়া অবরোধে পরিণত হইয়াছিল; আর যাহা উর্দ্নমুথে

^{(&}gt;) অবরোধা: শাধাভোহবাঙ ্ব্থমেন প্ররোহত্যে ব্লবিশেবা:।

গিয়াছিল, তা**হা ফলে পরিণত হই**য়াছিল। যে ক্ষত্রিয় ম্যাথের অবরোধ ও ফল ভক্ষণ করেন, তিনিই স্বকীয় ভক্ষ্য হইতে বঞ্চিত হন না, এবং পরোক্ষে তাঁহার সোমপানই করা হয়, প্রত্যক্ষভাবে তাঁহার সোমপান হয় না। এই যে ভাগোধ, ইহা পরোক্ষভাবে রাজা সোমের স্বরূপ, এবং এই যে ক্ষত্রিয়, ইনিও পুরোহিতের দারা ও দীক্ষাদারা ও [পুরো-হিত-সম্পর্কযুক্ত] প্রবর দারা পরোক্ষভাবেই ব্রক্ষের (অর্থাৎ বাক্ষণত্বের) রূপের সমীপবর্তী হন। এই যে অগ্রোধ, ইনি বনম্পতিগণের মধ্যে ক্ষত্রস্বরূপ; রাজন্যও ক্ষত্রস্বরূপ; তিনি রাষ্ট্রে থাকিয়া [রাজ্যে] প্রতিষ্ঠিত হইয়াও [রাজ্যের অন্যত্র] বিস্তীর্ণ থাকেন; আর স্তগ্যোধও ভূমিতে প্রতিষ্ঠিত থাকিয়া অবরোহ (অধোলম্বী মূল) দারা [বহুদূরে] বিস্তীর্ণ থাকে। ্দেইজন্য ক্ষত্রিয় যজমান যে ন্যগ্রোধের অবরোধ ও ফল ভক্ষণ করেন, এতদ্বারা তিনি বনস্পতিসকলের ক্ষত্রকে আত্মার মধ্যে প্রতিষ্ঠিত করেন, ও আত্মাকেও ক্ষত্রমধ্যে প্রতিষ্ঠিত ক্রেন। যে ক্ষল্রিয় যজমান এইরূপে এই ভক্ষ্য ভক্ষণ ক্রেন, তিনি বনস্পতিসকলের ক্ষত্রকে আপনার ক্ষত্রে প্রতিষ্ঠিত করেন এবং ন্যগ্রোধ যেমন অবরোধদারা ভূমিতে প্রতিষ্ঠিত হয়, তিনিও সেইরূপ রাষ্ট্রে প্রতিষ্ঠিত হন; তাঁহার রাষ্ট্রও উত্র (তেজস্বী) থাকিয়া অন্সের নিকট ব্যথা পায় না।

ষষ্ঠ খণ্ড

ক্ষত্রিয়ের ভক্যনিরূপণ

"তদনস্তর উদ্বয়রের বিষয়। এই যে উদ্বর, ইহা রদ হইতে ও অন্ন হইতে বনস্পতিরূপে জন্মিয়াছিল। ইহা বনস্পতিগণের মধ্যে ভোজনযোগ্য। ইহার ভক্ষণে এই ক্লান্ত্র-মধ্যে রসের, অন্নের এবং বনস্পতিগণের ভোজনযোগ্য দ্রোব্যর স্থাপনা হয়।

"তদনন্তর অশ্বথের বিষয়। এই যে অশ্বথ, ইহা তেজ হইতে বনম্পতিরূপে জন্মিয়াছিল। ইহা বনম্পতিগণের মধ্যে সাম্রাজ্যস্বরূপ। ইহার ভক্ষণে এই ক্ষত্রে তেজের ও বনম্পতিগণের সাম্রাজ্যের স্থাপনা হয়।

"অনন্তর প্লক্ষের বিষয়। এই যে প্লক্ষ, ইহা যশ হইতে বনস্পতিরূপে জমিয়াছিল। ইহা বনস্পতিগণের স্বারাজ্য-স্বরূপ ও বৈরাজ্য স্বরূপ'। ইহার ভক্ষণে এই ফত্রে যশের এবং বনস্পতিগণের স্বারাজ্যের ও বৈরাজ্যের স্থাপনা হয়।

"এই [যজসান] কজিয়ের জন্ম এই সকল ভক্ষ্য পূর্বেই দংগ্রহ করিতে হয়; তাহার পর সোম রাজার ক্রয় হয়। ঋরিকেরা রাজা সোমের দারাই উপবস্থদিন অবধি সমুদ্য অনুষ্ঠান সম্পাদন করেন। উপবস্থদিনে অংবর্যু পূর্বে হই-তেই এই দ্রব্যগুলি আহরণ করিবেন যথা—অধিন্বণের জন্ম

শভদ্যেণ রাজত্বং বারাজ্যং বিশেবেণ রাজত্বং বৈরাজ্যন্। (সারণ)

চর্মা, অধিষবণের জন্য তুইখানি ফলক, দ্রোণকলশ, দশাপবিত্র, (অভিষবার্থ) অদ্রিখণ্ড, পূতভূৎ ও আধবনীয় পাত্র, স্থালী, উদঞ্চন (উন্নয়নপাত্র) এবং চমদ। যথন প্রাতঃকালে রাজা সোমের অভিষব হয়, তথন ঐ ি ন্যুগোধাদি] তুইভাগে গ্রহণ করিবে; তাহার মধ্যে একভাগের [ঐ প্রাতঃকালেই] অভিষব করিবে, অবশিষ্ট অন্যভাগ মাধ্যন্দিনসবনের জন্য রাখিয়া দিবে।

স্থাম খণ্ড

কলিয়ের ভক্ষা

"যথন অন্ত ঋত্বিকেরা আপনাদের ত্রৈত চমদ উন্নয়ন করেন, দেই সময়ে এই [ক্ষজ্রিয়] যজমানের চমসেরও উন্নয়ন করিবে !' উহাতে কইগাছি তরুণ (ছোট) দর্ভ (কুশ)

^{ং)} এইখানে সোম্বাগে ব্যবস্ত দ্বোর একটি ভালিকা দেওয়া হইয়াছে। সোমলভা হইতে প্রস্তরের আঘাতে রস বাহির করার নাম অভিনব। বে চল্মের উপর সোমলভা রাশিরা বস নিকাশিত হয়, ভাহার নাম অধিববণ চল্ম; যে কাঠফলক্ষ্যের মাথে সোম রাখিয়া প্রস্তরের আঘাত করা যায়, ভাহাই অধিববণ যলক। যে প্রস্তর্যারা আঘাত করা হয়, তাহাই অদি বা প্রায়। নিকাশিত সোমরুদ যে পাতে, রাখা যায়, ভাহা আধ্বনীয়; উহা হইতে রস ছাকিয়া অভ্য পাতে রাখা হয়, এই পাত্র প্রভং। শেকখনে ছালা হয়, ভাহা দশাপ্রিত। স্থালী নামক ছোট পাতে আলাদিও রক্ষিত হয়। প্রাণকলশ নামক বৃহৎ পাত্রও হব্যরক্ষণাথ ব্যবহুত হয়। প্রহুত সেমরুদ অহিলো হয়। উদক্ষন নামক পাতে সোমধারা আহতির জন্ম গৃহীত হয়।

^{(&}gt;) প্রতিষ্পেরনে ও মাধ্যন্তিনে অজিক্দের প্রেম তুইখার করিয়া এবং তৃতীয়সবলে এক্ষার শার্জ চনসঙ্গণ অর্থাৎ চমস ১৯৫২ সোম্বান বিধেয়। যেখানে ভূটবার ভক্ষবের বিভিন্ন সেখানে

রাখিবে। তাহার একগাছি [আহুতিকালে] বষট্কার উচ্চারণের পর স্বাহাকারসহিত "দধিক্রাব্ণো অকারিষম্" এই ঋকে পরিধির ভিতর নিক্ষেপ করিবে, অন্যগাছি অনুবষট্-কারের পর "আ দধিক্রাঃ শবসা পঞ্চ রুস্তীঃ" এই ঋকে নিক্ষেপ করিবে।

"হোমের পর যথন ঋত্বিকেরা আপন চমদ আহরণ করিবেন, তথন যজমানের চমদও আহরণ করিতে হইবে।
[চমদ ভক্ষণের জন্ম] যথন আপন চমদ উর্দ্ধে তুলিবেন, তথন
যজমানের চমদও উর্দ্ধে তুলিতে হইবে। হোতা যথন ইড়ার
আহ্বান করিয়া আপন চমদ ভক্ষণ করিবেন, তথন এই মত্রে
যজমানও তাঁহার চমদ ভক্ষণ করিবেন; যথা "যদত্র শিক্টং রদিনঃ
স্বতস্ম যদিন্দ্রো অপিবচ্ছচীভিঃ। ইদং তদস্ম মনদা শিবেন
সোমং রাজানমিহ ভক্ষয়ামি" — ইন্দ্র শচীগণদ্বারা দংস্কৃত্
অভিযুত ওরদযুক্ত যে হোমদ্রব্যের অবশেষ পান করিয়াছিলেন,
সেই দ্রব্যের এই অবশেষকে রাজা দোমের স্বরূপ ভাবিয়া
মঙ্গলপূর্ণ মনে এন্থলে ভক্ষণ করিতেছি। যে ক্ষব্রিয় যজমান
এই ভক্যকে এইরূপে ভক্ষণ করেন, এই বনস্পতিজাত ভক্ষা
তাঁহার মঙ্গলপ্রদ্ধ হয়, মঙ্গলপূর্ণ মনে উহা ভক্ষিত হয়, তাঁহার

প্রথমবারে ত্রৈতচমস ও বিতীয়বারে নরাশংসচমস নাম দেওয়া হর। ঋতিকেরা আপনাদের দশ চমস উল্লয়ন করিয়া সোমপূর্ণ করেন; আহতির পর হতদের ভক্ষণ করেন। ক্ষান্তির্যক্ষমানের চমস স্থাব্যের অব্রোধানির রসম্বারা পূর্ণ করিয়া উল্লয়ন করিতে হয়।

⁽২) ৪াওনাড। (৩) ৪াওচা\$।। (৪) শচী 🖚 কর্মবিশেব (সারণ)।

⁽ e) এছলে দ্মদন্ধিন স্থানোধের অবরোধ বা স্থানোধ ফালেব রসকেই সোমবন্ধণ কলন' কবা ক্টডেডে।

রাষ্ট্র উত্র (তেজস্বী) থাকিয়া অন্সের নিকট ব্যথা পায় না।
তৎপরে "শং ন এধি হৃদে পীতঃ প্রণ আযুর্জীবদে সোম তারীঃ"
—হে সোম (সোমস্থানীয় ভক্ষ্য), তুমি পীত হইয়া আমাদের
হৃদয়ে স্থানান কর এবং জাবনার্থ আয়ুঃপ্রদান কর—এই মস্ত্র পাঠ করিয়া [হস্তদারা] আপনার [হৃদয়] স্পার্শ করিবে।

"[এইরপে মন্ত্রপূর্বক] স্পর্শ না করিলে ঐ ভক্ষ্য, এই ব্যক্তি ভক্ষণে অযোগ্য হইয়াও আমাকে ভক্ষণ করিতেছে, এই মনে করিয়া [ভক্ষণকারী] মন্ত্র্যের আয়ু বিনাশে সমর্থ হয়। সেইজন্ম [ভক্ষণের পর] ঐ মন্ত্রদারা যে হাদয় স্পর্শ করা হয়, ইহাতে আয়ুর বর্দ্ধন সাধিত হয়।

"আপ্যায়স্ব সমেতু তে" এবং "সং তে প্য়াংসি সমু যস্ত বাজাঃ" এই ছুই অনুকূল মন্ত্রে চমসের আপ্যায়ন (পূরণ) করা হয়; যাহা যজে অনুকূল, তাহাই সমৃদ্ধ!

গষ্টম খণ্ড

ফব্রিয়ের ভক্ষ

''তদনন্তর। আপ্যায়নের পর) ঋত্বিক্দিগের চমস রাখিবার সময় যজমানের চমসও রাখিতে হইবে; ঋত্বিক্দের চমস প্রকম্পনের সময় যজমানের চমসেরও প্রকম্পন করিবে। অনস্তর ভক্ষণাথ অংহরণ করিয়া এই মন্ত্রে ভক্ষণ করিবে।

¹ welleufe to the locate of

"নরাশংসপীতস্থা দেব সোম তে মতিবিদ উমৈঃ পিতৃত্তিভক্ষিতস্থা ভক্ষয়ামি"—হে সোম দেব, নরাশংসমজ্ঞে পীত,
উমনামক পিতৃগণকর্তৃক ভক্ষিত এবং আমাদের অভিপ্রায়জ্ঞ
তোমাকে ভক্ষণ করিতেছি—এই মন্ত্রে প্রাতঃসবনে ভক্ষণ
করিবে। মাধ্যন্দিনে [ঐ মন্ত্রের "উমৈঃ" পদ স্থলে] "উর্বেরং"
এবং তৃতীয়সবনে "কাব্যৈঃ" বসাইবে। উমনামক পিতৃগণ
প্রাতঃসবনের, উর্বনামক পিতৃগণ মাধ্যন্দিনের এবং কাব্যনামক পিতৃগণ তৃতীয়সবনের; এতদ্বারা অমৃত পিতৃগণকে
সেই সেই সবনের ভাগী করা হয়। 'সোমপায়ী প্রিয়ত্রত
বিলয়া গিয়াছেন, যে কোন পিতা সবনে ভাগ পান, তিনিই
'অমৃত" শব্দের লক্ষ্য হইয়া থাকেন। যে ক্ষত্রিয় যজমান
এইরূপে ঐ ভক্ষ্য ভক্ষণ করেন, তাঁহার পিতৃগণ অমৃত হইয়া
সবনের ভাগী হইয়া থাকেন, তাঁহার রাপ্তও উগ্র (তেজস্বা)
থাকিয়া অন্তের নিকট ব্যথা পায় না।

''[প্রাতঃসবনের স্থায় অন্থ ছই সবনেও] সমান মল্লে শরীর স্পর্শ ও সমান মল্লে চমসের আপ্যায়ন করিতে হয়।

"[সোমপ্রয়োগ বিষয়ে] প্রাতঃসবনে যে নিধি, [ক্লচ্মস বিষয়েও] প্রাতঃসবনে সেইরূপ অনুষ্ঠান করিবে; মাধ্যন্দিনের বিধি অনুসারে মাধ্যন্দিনে ও তৃতীয়সবনের বিধি অনুসারে তৃতীয়সবনে অনুষ্ঠান করিবে।"

স্থানার পূত্র বিশ্বন্তরকে মুগবুর পূত্র রাম এইরূপে সেই [ক্ষত্রিয় যজমানের] ভক্ষ্যের কথা বলিয়াছিলেন।

⁽ ১) পিতৃগণ ছিবিধ ; শাঁহারা মন্ত্রালোক হইতে মুকুরে পর পিতৃলোকে গিরাছেন, তাঁহার। "জ্ড", কাহ মহেনা প্রতিকাল হটতে গিতৃলোকে আছেন, তাহারা "অমুত"। (সায়ণ)

তিনি এই কথা বলিলে বিশ্বন্তর তাঁহাকে বলিলেন, অহে, ব্রাহ্মণ, তোমাকে আমি সহস্র [গাভী] দিতোছ; আমার যজ্ঞে শ্যাপর্ণেরা উপস্থিত থাকুন।

ঐ রূপ ভক্ষ্যের কথা পূর্ক্বে তুর কাব্যবয় জনমেজয় পারিক্ষিতকে বলিয়াছিলেন। পর্ব্বত ও নারদ সোমক-সাহদেব্যকে, সোমক সহদেব-সাঞ্জ[']য়কে, সহদেব কজ-দৈবার্ধকে, কক্র ভীম-বৈদর্ভকে, ভীম নগ্নজিৎ-গান্ধারকে বলিয়াছিলেন। অপিচ ইহা অগ্নি সনশ্রুতকে বলিয়াছিলেন, সনশ্রুত অরিন্দমকে, অরিন্দম ক্রতুবিৎকে, ক্রতুবিৎ জানকিকে বলিয়াছিলেন। পুনশ্চ, ইহা বসিষ্ঠ স্থদাস্ পৈতবনকৈ বলিয়া-ছিলেন। তাঁহারা সকলেই এই ভক্ষ্য ভক্ষণ করিয়া মহত্ত্ব লাভ করিয়াছিলেন, সকলেই মহারাজ হইয়াছিলেন এবং সকল দিক্ হইতে বলি (রাজকর) আদায় করিয়া তাঁহারা শ্রীযুক্ত হইয়া আদিত্যের ন্যায় [শত্রুগণকে] তাপ দিয়াছিলেন। যে ক্ষজ্রিয় ্রজমান এইরূপে এই ভক্ষ্য ভক্ষণ করেন, তিনি শ্রীযুক্ত হইয়া পক্ষা দিক্ হইতে বলি আদায় করিয়া আদিত্যের মত তাপ দিতে সমর্থ হন; তাঁহার রাষ্ট্র উগ্র থাকিয়া কাহারও নিকট ব্যথা পায় না।

অষ্টম পঞ্চিকা

ষট্ত্রিংশ অধ্যায়

প্রথম খণ্ড

কজিয়ের শস্ত্র

সোমবাগে ক্ষত্রিয়ত্ত্বমানের ভক্ষা নিরূপিত হটল। এখন স্থাত্র ও শস্ত্র সম্বন্ধে ক্ষত্রিরের পক্ষে বিশেষ বিধি এই অধ্যায়ে বর্ণিত হটুবে।

অনস্তর স্থোত্র ও শস্ত্রসম্বন্ধে বলা হইবে। [ক্রিয়-পক্ষে] প্রাতঃসবন ঐকাহিক যজ্ঞের সমান ও তৃতীয় সবনও ঐকাহিক যজ্ঞের সমান ; এই ছই ঐকাহিক সবন শান্তি-কর, স্থকল্লিত ও স্থাতিষ্ঠিত; এতদ্বারা শান্তি, প্রতিষ্ঠা ও [যজ্ঞের] স্থসম্পাদন ঘটে; যজ্ঞও ইহাতে জ্রন্ট হয় না। যাহাতে [রহৎ ও রথন্তর] উভয় সামের প্রয়োগ আছে এবং যাহাতে রহৎ সাম হইতে পৃষ্ঠস্তোত্র নিষ্পান্ন হয়, তাহাতে যেমন মাধ্যন্দিন প্রমানের বিষয় বলা হইয়াছে, [ক্ষ্ত্রিয়পক্ষেমাধ্যন্দিন সবনেও] সেইরূপ উভয় সামের প্রয়োগ হইবে।

^{(&}gt;) এই ছুই সৰমে ক্ষত্ৰিরবঞ্জনানের পক্ষে কোন বিশেষ বিধি নাই। প্রকৃতিয়ঞ্জে সাধানৰ বে বিধি, ক্ষত্রিরের পক্ষেও সেই বিধি। মাধান্দিনস্বনে ক্ষত্রিয়ের পক্ষে বিশেষ বিধি আছে।

⁽২) বুহৎ ও রথস্তর এই উভর সামের একদিনে প্রয়োগ সাধারণত: নিবিদ্ধ। তবে অভিজ্ঞিদাদি ঐকাহিক যাগে ঐ রূপ প্রয়োগ আছে। ক্ষত্রিরের মাধ্যাদ্দিন সবনে উভর সাম প্রয়োগের ব্যবস্থা হইতেছে। মাধ্যাদ্দিন প্রমানগ্রেক্তির রখন্তব প্রযুক্ত হইবে এবং সুহৎপাদে মাধ্যাদিন প্রস্তোত্তি নিশ্যর হইবে ইভাই বিশেব বিধি।

"আ দ্বা রথং যথোতয়ে" এই ত্যুচে নিষ্পন্ন প্রতিপৎ রথন্তরের সম্বন্ধযুক্ত এবং "ইদং বসো স্থতসন্ধঃ" এই ত্যুচে নিষ্পন্ন অমুচরও রথন্তরের সম্বন্ধযুক্ত। এই যে মরুত্বতীয় শস্ত্র, ইহাই প্রমান স্তোত্রের উক্থ; প্রমানস্তোত্ত্রের প্রস্তুরের প্রয়োগ হয় ও রহৎ হইতে পৃষ্ঠস্তোত্ত্র নিষ্পন্ন হয়। এত তুভ্য় দ্বারা মাধ্যন্দিনস্বনকে বীবধযুক্ত করা হয়। এই যে রথন্তর-যুক্ত স্থোত্র, ইহার পর প্রতিপৎ ও অমুচরের অমুশংসন হয়।

রথন্তর ব্রহ্মস্বরূপ ও রহৎ ক্ষত্রস্বরূপ; ব্রহ্ম ক্ষত্রের পূর্ববর্তী; ব্রহ্ম পূর্ববর্তী থাকিলে ক্ষত্রির যজমানের রাষ্ট্রও উগ্র হইয়া অন্সের নিকট ব্যথা পায় না। রথন্তর অমস্বরূপ, এই জন্ম ঐ [ক্ষত্রিয়] যজমানের জন্ম অমকেই পূর্ববর্তী করা হয়। অথবা এই পৃথিবী রথস্বরূপ ও পৃথিবী প্রতিষ্ঠা-স্বরূপ; এতদ্বারাও ঐ যজমানের জন্য প্রতিষ্ঠাকেই পূর্ববর্তী করা হয়।

ইন্দ্রনিহব প্রগাথ [এম্বলেও প্রকৃতি যজ্ঞের সহিত] সমান হইবে ও অবিকৃত হইবে। সেই প্রগাথ অনুষ্ঠানের অনুকৃল।

^{(0) 11412 (8) 115121}

⁽ e) মাধ্যন্দিন সবনে মক্ত্তীর ও নিকেবলা এই ছই শব্রের প্ররোগ আছে। রাজস্বর্থক্তে এই ছই শব্রের নাম যধাক্রমে প্রমান উক্ধ এবং গ্রহ-উক্ধ। মন্ত্রতীয় শব্রের পূর্বে প্রমানভাৱের গীত হয়। "আ ছা রখং" ইত্যাদি ক্রাচ মক্ত্রীয়ের প্রতিপং; প্রমানভাৱেও উল্লাভ্গণ ক্র ক্রাচে রখন্তর সাম করিরা থাকেন। "ইদং বদাে স্তমন্ত্র" এই ক্রাচ মক্ত্রীয় শব্রে প্রতিপদের ক্র্মন্তর; এই জন্ত উহাও রখন্তবের সপ্রত্রুত্ত হইল। প্রমানভাৱের পর যে পৃষ্ঠভোত্তর গীত হয়, ভাহাতে বৃহৎ সামের প্ররোগ। জলকুও বহনের জন্ত্র যে কাষ্ট্রন্ত কারের উপর থাকে, যাহার ছইপ্রাভে কৃত্তব্র ক্লে, ভাহার নাম বীবধ (বাইক)। রখন্তর ও বৃহৎ উত্তর সামের প্ররোগ হেডু মাধ্যন্দিন স্বনের সহিত উহার মাধুন্ত।

"উৎ"-শব্দ-বিশিষ্ট ["উত্তিষ্ঠ ব্ৰহ্মণস্পতে" ইত্যাদি] ব্ৰাহ্মণ্য-স্পাত্য প্রগাথও থাকিবে। উহা [রুহৎ ও রথন্তর] উভয় সামের অনুকূল ; [ঐ প্রগাথে] উভয় সামেরই প্রয়োগ হয়। ধাষ্যাসমূহও [প্রকৃতি যজ্ঞের] সমান ও অবিকৃত হইবে;

উহারাও অনুষ্ঠানের অনুকূল।

["প্র ব ইন্দ্রায় বৃহতে" ইত্যাদি] মরুত্বতীয় প্রগাথও ঐকাহিক [প্রকৃতি যজের] সমান হইবে।

দ্বিতীয় গণ্ড শস্ত্র-নিরূপণ

মাধ্যন্দিনের শস্ত্র সম্বন্ধে অভান্ত কথা—"জনিষ্ঠা উগঃ……ক্রিয়েডে"

"জনিষ্ঠা উগ্রঃ সহসে তুরায়" 'ইত্যাদি [সরুত্বতীয় শয়্রের নিবিদ্ধানীয়] সূক্ত উত্তশব্দযুক্ত ও সহঃ-শব্দযুক্ত হওয়ায় ক্ষত্রের লকণযুক্ত; উহার "মন্ত্র ওজিষ্ঠঃ" এই অংশ ওজংশব্দযুক্ত হওয়ায় উহাও কলেের লকণযুক্ত ; "বহুলাভিমানঃ" এই অংশ "অভি" শব্দযুক্ত হওয়ায় [শক্রগণের] অভিভবে অনুকৃল। ঐ দূক্তে এগারটি ঋক্ আছে। ত্রিফুডের এগার অক্ষর; রাজন্য ত্রিষ্টুভের সম্বন্ধযুক্ত। ত্রিষ্টুপ্ ওজঃ, ইন্দ্রিয় ও বীর্ষ্যের স্বরূপ; রাজনাও ওজঃ, পুত্র ও বীর্য্যের স্বরূপ; এতদ্বারা যজমানকে ওজঃ, পুত্র ও বীর্যাদারা সমৃদ্ধ করা হয়। ঐ সূক্ত

গৌরিবীত ঋষিদৃষ্ট; গৌরিবীতদৃষ্ট দূক্ত সম্পর্কে এই মরুত্বতীয় শস্ত্রও সমৃদ্ধ হয় ; ইহার ব্রাহ্মণ পূর্ব্বে উক্ত হইয়াছে।'

"স্বামিদ্ধি হ্বামহে" ইত্যাদি [নিক্ষেবল্য শস্ত্রের প্রতিপৎ] ত্রুচ হইতে রহৎ-সামসাধ্য পৃষ্ঠস্তোত্র নিষ্পান হয়। রহৎ ক্ষত্রস্বরূপ, ইহাতে ক্ষত্রদারা ক্ষত্রের সমৃদ্ধি ঘটে। রহৎ ক্ষত্রস্বরূপ আর নিক্ষেবল্য শস্ত্র যজসানের আত্মা (শরীর); এই জন্য ঐ যে রহৎ সামদারা পৃষ্ঠস্তোত্র নিষ্পান হয়, রহৎ ক্ষত্রস্বরূপ হওয়ায় ক্ষত্রদারাই ঐ যজসানকে সমৃদ্ধ করা হয়। আবার রহৎ জ্যেষ্ঠতা (বয়োর্দ্ধি) স্বরূপ; ইহাতে যজমানকে ক্যেষ্ঠতাদারা সমৃদ্ধ করা হয়। রহৎ প্রেষ্ঠতাম্বরূপ; ইহাতে যজমানকে ক্রেষ্ঠতাদারা সমৃদ্ধ করা হয়।

"অভি ত্বা শূর নো মুমঃ' এই রথন্তরের আধার ত্রুচকে ' [নিক্ষেবল্য শস্ত্রের] অনুচর করা হয়।

এই [ড়়] লোক রথন্তর এবং ঐ [স্বর্গ] লোক রহৎ।

ঐ লোক এই লোকের অনুরূপ এবং এই লোক ঐ লোকের

সনুরূপ। এই হেতৃ এই যে রথন্তরের আধার মস্ত্রে

অনুরূপ করা হয়, ইহাতে যজমানকৈ উভয় লোকেই সম্যক্রূপে ভোগসমর্থ করা হয়। আবার রথন্তর ত্রন্ধ এবং রহৎ

কল্ল; ক্ষত্র নিশ্চিতই ত্রন্ধে প্রতিষ্ঠিত এবং ত্রন্ধাও ক্ষত্রে প্রতি

[ং] ২) "জলাইকং মুলমান জননম" ইত্যাদি বাজাণ , পুনেৰ এখা

⁽ o) 61841) (8) 41391221

⁽৫) "ভামিদ্ধি" ইত্যাদি এবং "অভি ত্বা ভূর" ইত্যাদি এই ছই প্রগাথে ছুইটি করিয়া ঋক্
আছে, কিন্ত প্রয়োগের সময় ছই ্লকে ভিনককে পরিণত কবিষা উহাদিগকে শল্পের প্রভিপৎ ও
পত্তবে পরিণত করা হয়।

ষ্ঠিত। ইহাতেও ঐ [নিক্ষেবল্য] শস্ত্রের ঐ সামের সহিত সযোনিত্ব (সমানস্থানত্ব) সম্পাদন করা হয়।

"যদ্বাবান" ইত্যাদি ধায়া; তাহার সন্বন্ধে ব্রাহ্মণ পূর্বে উক্ত হইয়াছে।

"উভয়ং শৃণবচ্চ নঃ" ইত্যাদি সামপ্রগাথ [রহৎ ও রথন্তর] উভয় সামের অনুকূল; উভয় প্রগাথে উভয় সামেরই প্রয়োগ করিবে।

তৃতীয় খণ্ড

শস্ত্র নিরূপণ

"তমু ফুঁহি যে। গভিভূত্যোজাঃ" [নিক্ষেবলা শক্তের এই নিবিদ্ধানীয়] দূক্তে "অভি" শব্দ থাকায় উহা [শক্তের] অভিভব পক্ষে অনুকূল। [ঐ ঋকের] "অষাচ্মুগ্রং দহ-মানমাভিঃ" এই [তৃতীয় চরণে] উগ্র শব্দ ও দহমান শব্দ থাকায় উহা ক্ষত্রের পক্ষে অনুকূল। ঐ দূক্তের ঋক্ পোনেরটি; পঞ্চদশ স্তোম ওজঃস্বরূপ, ইন্দ্রিয়স্বরূপ ও বীর্ঘ্য-স্বরূপ। রাজন্যও ওজঃস্বরূপ, ক্ষত্রস্বরূপ ও বীর্ঘ্যস্বরূপ। এতদ্বারা যজমানকে ওজঃ, ক্ষত্র, ও বীর্ঘ্য দ্বারা দমুদ্ধ করা

^{(5) 3 - 198161}

[্]ৰ) "তে দেবা অক্ৰন্ মৰ্বং বো অবোচণা" ইজ্যাদি ৰাহ্মণ প্ৰেন্ দেখ

^{(4) 41:313 1}

^{1461 (}c)

হয়। উহার ঋণি ভরদ্বাজ; রহৎ দামও ভরদ্বাজের দক্ষমুক্ত; ঐ ঋণির দক্ষম থাকায় এই ক্রতুও দম্পূর্ণ হয়।

এই ক্ষজ্রিয়ের যজ্ঞে পৃষ্ঠস্তোত্ত [কেবল] রহৎ-সামদাধ্য হইলেও উহা সমৃদ্ধ; 'সেই জন্য যেখানে ক্ষজ্রিয় যজ-মান যাগ করেন, সেখানে রহৎকেই পৃষ্ঠ করিবে ও তাহাতেই যজ্ঞ সমৃদ্ধ হইবে।

চৰুথ গণ্ড

শস্ত্র নিরূপণ

মাধ্যন্দিন সবনে] হোত্রকগণের শস্ত্র ঐকাহিক প্রিকৃতি] যজের সমান; ঐকাহিক যজে বিহিত হোত্রক-গণের শস্ত্র শান্তি প্রতিষ্ঠা ও সমৃদ্ধির হেতু। শান্তি প্রতিষ্ঠা ও সমৃদ্ধি ঘটাইয়া উহা সকলবিষয়ে অনুকৃল হয় ও সর্ব্বপ্রকারে সমৃদ্ধ হয়, যজের ভংশ ঘটায় না। সকল বিষয়ে অনুকৃল ও পর্বাপ্রকারে সমৃদ্ধ হওয়ায় এই সর্বান্ত্রকৃল ও সর্ব্বসমৃদ্ধ হোত্রকশস্ত্রে সকল কামনা পাওয়া যাইতে পারে। সেই জন্য যেখানে একাহ্যজে সকল স্তোম ও সকল পৃষ্ঠ বিহিত হয় না, সেখানে হোত্রকের শস্ত্রও ঐকাহিকের সমান করিলে যজ্ঞ সমৃদ্ধ হইয়া থাকে।

২) অকুতি ধরে। সুংহ ও রগপরে এক সামের বিধানি আছি, কাঞাম সাক্ষেত্র কুছতের বিধান ।

কেহ কেহ বলেন, এই [ক্ষজিয় যজ্ঞ] উক্থাসংশ্ব;
ইহার [সকল স্তোত্তেই] পঞ্চনশ স্তোমের প্রয়োগ করিবে।
কেননা পঞ্চনশ স্তোম ওজঃশ্বরূপ, ইন্দ্রিয়ন্থরূপ ও বীর্যান্থরূপ;
রাজন্যও ওজঃশ্বরূপ ক্ষত্রন্থরূপ বীর্যান্থরূপ; এরূপ করিলে যজ্ঞানকে ওজঃ, ক্ষত্র ও বীর্যা দারা সমৃদ্ধ করা হইবে।
ইহার স্তোত্তের ও শস্ত্রের সংখ্যা [সমৃদ্য়ে] ত্রিশটি হইবে;
কেননা বিরাটের ত্রিশ অক্ষর। বিরাট অন্নন্থরূপ; এরূপ করিলে
যজ্মানকে অন্নন্থরূপ বিরাটেই প্রতিষ্ঠিত করা হইবে। অতএব এই ক্ষত্রিয় যজ্ঞ উক্থাসংশ্ব হইয়া পঞ্চনশ-স্থোম-বিশিষ্ট
হইবে। ইহাই তাহারা বলেন।

ভিতর];—[ক্ষজিয়ের] জ্যোতিন্টোম [উক্থ্যসংশ্ব না হইয়া] অগ্নিটোমসংশ্বই হইবে। স্তোম সকলের মধ্যে তির্থক্ষেত্রপাপ ও পঞ্চদশ ব্রহ্মস্বরূপ; ব্রহ্ম ক্রের পূর্ববর্তী; ব্রহ্ম পূর্বের থাকিলে যক্রমানের রাষ্ট্র উগ্র হইবে ও অন্যের নিকট ব্যথা পাইবে না। সপ্তদশ স্তোম বৈশ্যস্বরূপ ও এক-বিংশ স্তোম শূদ্রবর্ণের অনুরূপ। এতদ্বারা বৈশ্যকে ও শূদ্রবর্ণেক ক্ষজিরের বর্মান্থগামী করা হয়। আবার স্তোমসকলের মধ্যে তির্থ তেজঃশ্বরূপ, পঞ্চদশ বীঘ্যস্বরূপ, সপ্তদশ জন্মলাভন্মরূপ, একবিংশ প্রতিষ্ঠাস্বরূপ। এতদ্বারা যক্রমানকে যজ্ঞশেষে তেজ, বীর্ঘা, জন্ম ও প্রতিষ্ঠাদ্বারা সমৃদ্ধ করা হয়। অত্যব ক্ষজিয়ের জ্যোতিন্টোম [ঐ চারিটি স্তোমে রুক্ত] অগ্নিন্টোমই হইবে। ঐ অগ্নিন্টোমে স্তোত্র ও শস্ত্রের সংখ্যা সমৃদ্ধে চব্বিশা; চব্বিশটি অর্দ্ধ্যাস একযোগে সংবৎসর হয়; সংবৎসপে ভর্ম সম্পূর্ণ হয়। ইহাতে যক্রমানকে সম্পূর্ণ গ্রের

প্রতিষ্ঠিত করা হয়। সেইজন্য [ক্ষত্রিয়ের] জ্যোতিষ্টোম অগ্রিষ্টোমই হইবে, অগ্নিষ্টোমই হইবে।

সপ্ততিংশ অধ্যায়

প্রথম খণ্ড

পুনরভিষেক

রাঞ্জুরে ত্রুতু সমাপ্তির পর ক্ষতির্যজমানের অভিষেক হয়। এই অভিষেকের নাম পুনুরভিষেক। উহাই সপ্ততিংশ অধ্যায়ের বর্ণনীয়।

অনন্তর ক্ষজ্রিয়ের পুনরভিষেকের বিধান। যে ব্যক্তি ক্ষজ্রিয় হইয়া দীক্ষিত হন, তাঁহার ক্ষত্র প্রসূত হয় (স্বকর্ত্বরা দাধনে প্রব্ত হয়)। তিনি অবভ্য অনুষ্ঠানের পর অন্বন্ধ্য [-নামক পশুযাগ] সম্পাদন করিয়া উদবসান ইপ্টিদ্বারা কর্মান্দাপনে প্রবৃত্ত হন। সেই উদবসান ইপ্টিদ্বারা কর্মান্দাপনে প্রবৃত্ত হন। সেই উদবসান ইপ্টি সমাপ্তির পর প্রায় তাঁহার অভিষেক হয়। এই সকল দ্ব্যসম্ভার ঐ কর্মের পূর্কেই সংগ্রহ করিতে হয় যথাঃ—উত্তম্বরনির্মিত আসন্দী—উহার প্রাদেশপ্রমাণ [চারিটি] পদ থাকিবে, তাহার সাথার ও পার্শের কাষ্ঠগুলি অরত্নি (প্রাদেশদ্বয়)-প্রমাণ ইইবে। মুঞ্জ তুণদ্বারা তাহার বয়ন (ছাউনি) হইবে। ব্যাগ্রদর্ম আন্তর্মণ হইবে।

উত্তম্বর শাখা আবশ্যক। ঐ চমদে এই আটটি দ্রব্য রাখিতে হইবে; দধি, মধু, সর্পি, আতপযুক্ত রৃষ্টির জল, বাষ্পা, তোকা (অঙ্কুর), হুরা ও দূর্ববা। [দেবযজনদেশে বেদির উত্তর পশ্চিম ও দক্ষিণে যে তিনটি রেখা স্ফ্যদ্বারা অঙ্কিত করা হয় তমাধ্যে বিদির দক্ষিণদিকের স্ফ্য-অঙ্কিত রেখায় পূর্ব্বমুখ করিয়া ঐ আসন্দী স্থাপন করিবে। ঐ আসন্দীর তুই পা বেদির ভিতরে ও তুই পা বেদির বাহিরে থাকিবে [,] ঐ ভূমি শ্রীস্বরূপ। বেদির ভিতরে যে ভূমি আং, উহা পরিমিত (অল্প); বেদির বাহিরে যে ভূমি থাকে, তাহা অপরিমিত ও বিস্তীর্ণ। সেই জন্য বেদির ভিতরে ছুই পা ও বেদির বাহিরে তুই পা রাখিলে বেদির ভিতরে 😗 বেদির বাহিরে যে যে কামনা সিদ্ধ হয়, সেই উভয় কামনাই লাভ করা যায়।

দ্বিতীয় খণ্ড পুনরভিষেক

লোমের দিক উপরে রাখিয়া ও গ্রীবাভাগ পূর্ববমুখে করিয়া ব্যাদ্রচর্মের আন্তরণ ঐ আদন্দীর উপর পাতিতে হইবে। ঐ যে ব্যান্ত, উহা আরণ্য পশুগণের মধ্যে কল্রস্বরূপ ; রাজ্যুও ক্ষত্রস্বরূপ। ইহাতে ক্ষত্রদারা ক্রকে সমূদ্ধ করা ধ্যা যজমান ঐ আসন্দীর পশ্চাতে পূর্বব্যুথে বসিয়া দক্ষিণ জাও ভূমিম্পুট করিয়া উভয় হল্ডে আসন্দী ম্পার্শ করিয়া এই মান

পড়িবেন :-- "গায়ত্রীছন্দের সহিত যুক্ত হইয়া অগ্নি, তথা উঞ্চিমের দহিত দ্বিতা, অনুষ্টুভের দহিত দোম, রুহতীর সহিত বৃহস্পতি, পঙ্জির সহিত মিত্রাবরুণ, ত্রিষ্ট্রভের সহিত ইন্দ্র, জগতীর সহিত বিশ্বদেবগণ তোসাতে আরোহণ করুন। তাঁহার অনুবর্তী হইয়া রাজ্য, দামাজ্য, ভৌজ্য, স্বারাজ্য, বৈরাজ্য, পারমেষ্ঠ্য রাজ্য, মাহারাজ্য, আধিপত্য, স্ববশতা ও চিরস্থায়ী প্রতিষ্ঠালাভের জন্ম আমিও তোমাতে আরোহণ করিব।"' এই বলিয়া আগে দক্ষিণ জানু ও পরে বাম জাতু দারা ঐ গাদন্দীতে আরোহণ করিবেন। এইরূপ অতু-ষ্ঠানই বিধেয়। যে সকল ছন্দে উত্রোত্তর চারিটি অক্ষর বাড়িয়া গিয়াছে, সেই দেই ছল্দের সহিত যুক্ত হইয়া দেবগণ এই শ্রীম্বরূপ আসন্দীতে আরোহণ করিয়াছেন ও উহাতেই তাঁহারা প্রতিষ্ঠিত রহিয়াছেন; যথা, অগ্নি গায়ত্রীর সহিত. ^{দবিতা} উঞ্চিয়ের সহিত, সোম **অনুষ্টুভের সহিত, রুহস্পতি** রহতীর ুত, মিত্রাবরণ পঙ্ক্তির সহিত, ইন্দ্র ত্রি**ট্**ছের সহিত ও। ব্যাদ্বগণ জগতীর সহিত আরোহণ করিয়াছেন। "নায়েগায়ত্রাভবৎ সমুগ্ বা"—–গায়ত্রী অগ্নির সহিত যুক্ত হইয়া-ছিলেন—ইত্যাদি খাকে এই সকল দেবতা ও **ছন্দের** [যোগের বিষয়] বলা হইয়াছে। যে যজমান ক্ষত্ৰিয় হইয়া এই সকল দেব-তার অনুবক্তী হইয়া এই আদন্দীতে আরোহণ করেন, তাঁহার

⁽১) রাজাং দেশাধিপতাম। সাঞ্জাজাং ধর্মেণ পালনম্। ভৌজাং ভোগসমৃদ্ধিঃ। বারাজাং ক্রারাজাং ক্রারাজায় করে ভালতিলোক আধিঃ নাহারাজাং করে ভালত ইত্তরে ভোলাধিক।ম্। আধিক।ম্। আধিক।ম্। বার্থস্পান্তর্ব দায়

যোগ (অপ্রাপ্ত বস্তুর লাভ) ও ক্ষেম (প্রাপ্ত বস্তুর রক্ষা)
সম্পাদিত হয়, তিনি উত্তরোত্তর শ্রীলাভ করেন ও প্রজাগণের
ঈশ্বরত্ব ও আধিপত্য লাভ করেন।

অনস্তর (আদন্দীতে আরোহণের পর) তাঁহার অভিষেক করিবার জন্ম জলের শান্তি মন্ত্র বলাইবেন;—"অহে অপ্সমূহ; শিব (মঙ্গলময়) চক্ষুদ্বারা আমার দিকে চাহিয়া দেখ; শিব তমুদ্বারা আমার দ্বক স্পর্শ কর; অপ্যুদ্ধদ—জলে অধিষ্ঠিত'—দেবগণকে আমি আহ্বান করিতেছি; তোমরা আমাতে বর্চঃ (কান্তি) বল ও ওজঃ আধান কর।" [এই মন্ত্র পাঠ করিলে] অশান্ত অপ্সমূহ অভিষেকান্তে যজমানের বীর্গ্য হরণ করিতে পারে না।

তৃতীয় খণ্ড

পুনরভিষেক

তৎপরে উত্নর-শাখা তাঁহার [মস্তকের] উপরে ব্যবধান রাখিয়া পরবর্তী মন্ত্রদারা অভিষেক করিবে। [প্রথম মন্ত্র] "এই জল শিবতম (অত্যন্ত মঙ্গলপ্রদ), ইহা দকল [রোগের] ভেষজস্বরূপ, ইহা অমৃতস্বরূপ।" [দ্বিতীয় মন্ত্র] "প্রজাপতি যে জলদারা ইন্দ্রকে, রাজা দোমকে, বরুণকে, যমকে ও মন্তুকে অভিষিক্ত করিয়াছিলেন, সেই জলদারা তোমাকে

^{(&}gt;) अन्य अत्यय मीनश्रीकि अन्य मनः खेकीलयः खातः। (गांत्रण)

মভিষক্ত করিতেছি; তুমি ইহলোকে রাজার মধ্যে অধিরাজ হও।" [তৃতীয় মন্ত্র] তোমার জনগিত্রী দেবী তোমাকে মহতের মধ্যে মহান্ ও চর্ষণীগণের (মনুষ্যগণের) মধ্যে সম্রাট্-রূপে জন্ম দিয়াছেন,সেই ভদ্রাজননীইতোমার জন্ম দিয়াছেন।" [চতুর্থ মন্ত্র] "বল, জ্ঞী, যশ ও অন্ন লাভের উদ্দেশে সবিতা দেবের প্রেরণাক্রনে অশ্বিদয়ের বাহু, পূধার হস্ত, অগ্নির তেজ, সূর্য্যের কান্তি ও ইক্রের ইক্রিয়দারা তোমাকে আমি অভিবিক্ত করিতেছি।"

এই যজমান অন্ন ভক্ষণ করিবেন, এই ইচ্ছা করিলে "ভূ" এই [ব্যাহ্মতি], ইঁহারা ছই পুরুষে [অন্ন ভক্ষণ করিবেন] এই ইচ্ছা করিলে "ভূভূ বঃ" এই [ব্যাহ্মতি বয়], ইঁহারা তিন পুরুষে [অন্ন ভক্ষণ করিবেন] অথবা ইনি অপ্রতিম (অতুলনায়) হইবেন, এই ইচ্ছা করিলে "ভূভু বঃ স্বঃ" এই [ব্যাহ্মতিব্য়ঃ], উচ্চারণ করিয়া অভিষেক করিবেন। এ বিষয়ে কেহ কেহ বলেন, এই যে ব্যাহ্মতিসকল, ইহা সর্বাফলপ্রাপ্তিহেতু, এতদ্বারা যজমান অন্য ক্ষত্রিয়কে অতিক্রম করিয়া সকল মক্রেই অভিষিক্ত হন; অতএব [ব্যাহ্মতি প্রয়োগ না করিয়া কেবল] "দেবস্থ স্থা সবিতৃঃ প্রসবেহিনাবাহুভ্যাং পৃষ্ণো হস্তাভ্যাম্ অন্যস্তেজ্বসা সূর্যাস্থ বর্চসেন্দ্রস্তেত্রিয়েণাভিষিঞ্চামি বলায় প্রিয়ৈ যশসেহনাদ্যায়" এই [যজুঃ] মন্তেই অভিষেক করা উচিত।

কিন্তু এই মতের নিরাকরণ হইয়া থাকে। যদি এই যজমানকে অসম্পূর্ণ (ব্যাহৃতিহীন) বাক্যদ্বারা অভিষিক্ত করা হয়, তাহা হইলে আয়ু পূর্ণ হইবার পূর্বেব তাঁহার [ইহলোক হইতে] প্রয়াণের (য়ৃত্যুর) আশক্ষা থাকে। ঐ ব্যাহ্নতি দ্বারা যাহার অভিষেক না হয়, তাহার সম্বন্ধে সত্যকাম জাবাল ইহাই বলিয়াছিলেন। উদ্দালক আরুণি বলিয়াছেন যে,য়াহাকে ঐ ব্যাহ্নতিত্রয় দ্বারা অভিষিক্ত করা হয়, তিনি পূর্ণ আয়ু পাইতে সমর্থ হন ও [শক্রর] বিজয় দ্বারা তিনি সকল [ভোগ] পাইয়া থাকেন। এই জন্ম "দেবস্থ ত্বা সবিতুঃ প্রসাবেহিম্বানাহিভ্যাং পৃষ্ণো হস্তাভ্যামগ্রেস্তেজসা সূর্য্যস্থ বর্চনা ইন্দ্রস্থেন্দ্রিরোণাভিষিঞ্চামি বলায় শ্রিয়ৈ যশসেহয়াদ্যায় ভূতুবঃ স্বঃ" এই মস্ত্রে তাঁহার অভিষেক করিবে।

যাগকারী ক্ষত্রিয় হইতে এই দকল অপগত হইয়।
থাকে। ব্রহ্ম ও ক্ষত্র; জলের রদ, ওষধিসমূহের বিকার
অন্ধ; ব্রহ্মবর্চস, অন্ধপুষ্টি ও পুত্রোৎপত্তি। এই সমস্ত ক্ষত্রের
অনুকূল। আর অন্নের ও ওষধির রদ ক্ষত্রের প্রতিষ্ঠাম্বরূপ।
সেইজন্য অভিষিক্ত ক্ষত্রিয়ের সন্মুখে এই যে ছুই আছ্তি
দেওয়া হয়, তাহাতে এই যজমানে ব্রহ্ম ও ক্ষত্র উভ্যই
স্থাপিত হয়।

চতৃথ খণ্ড পুনরভিষেক

উদ্বরের আদর্না, উদ্বরের চমস ও উদ্বরের শাখা, এই সকলের ব্যবহার হয়। উদ্বর অন ও রদস্বরূপ;

⁽১) এক প্রণাদের কারা, কারং পপ্রের বারা, এই ছুই মধ্যে আরুক্তি দিলে এয়

এতদ্বারা যজমানে অন্নের ও রসের স্থাপনা হয়। আর যে দধি, মধু ও মতের ব্যবহার হয়, উহা জলের ও ওষধির রস-স্বরূপ ; এতদ্বারা যজমানে জলের ও ওয়ধির রস স্থাপন করা হয়। আর যে আতপযুক্ত রৃষ্টির জল, ঐ জল তেজঃ-স্বরূপ ও ব্রহ্মবর্চসস্বরূপ ; এতদ্বারা যজ্মানে তেজ ও ব্রহ্ম-বর্চন স্থাপিত হয়। আর যে শব্প ও তোক্স (অঙ্কুর), উহা অমম্বরূপ, উহা পুষ্টি ও সন্তানোৎপাদনের অনুকূল; এতদ্বারা যজমানে অন্ধ, পুষ্টি ও পুত্রোৎপাদন শক্তির স্থাপনা হয়। আর ঐ যে হরা, উহা কল্রস্বরূপ ও উহা অন্নের রস; এতদ্বারা যজমানে ক্তের স্বরূপ অ্নের রুস স্থাপিত হয়। আর যে দূর্ববা, এ দূর্ববা ওষধিমধ্যে কল্রন্থরূপ; রাজগ্রুও ক্ষত্রস্বরূপ; ক্ষত্রিয় রাষ্ট্রে বর্তুমান থাকিয়াও সর্ববত্র বিস্তৃত ও প্রতিষ্ঠিত থাকেন ; দূর্ব্বাও আপন মূলদারা বিস্তৃত হইয়া ভূমিতে প্রতিষ্ঠিত থাকে। এইজন্য এই যে দূর্বার ব্যবহার হয়, এতদ্বারা যজমানে ওষধিগণের ফজের ও প্রতিষ্ঠার স্থাপনা হয়। যাগকারা এই ক্ষত্রিয় হইতে এই যে সকল দ্রব্য উৎক্রান্ত হয়, সেই সকলই এই বরুমানে স্থাপিত হয় ও এতদ্বারা তিনি সমূদ্ধ হন।

অনন্তর (অভিযেকের পর) ঐ ক্রন্ত্রিয়ের হস্তে স্থরাপূর্ণ কাংশুপাত্র স্থাপন করিবে। "ফাদিন্ঠিয়া মদিন্ঠিয়া পবস্ব সোম ধারয়া, ইন্দ্রায় পাতবে স্থতঃ" —অহে সোম (স্থরাদ্রব্য), অতিশয় স্বান্থ ও মাদক তোমার ধারাদ্রারা [এই যজমানকে] পূত কর; তুমি ইন্দ্রের পানের জন্ম অভিযুত হইয়াছ—এই

মন্ত্রে [ঐ কাংস্থপাত্র] হন্তে দিয়া পরবর্ত্তী মন্ত্রে শান্তি বাচন করিবে; যথা—"অহে স্থরা ও সোম, তোমাদের জন্য দেবগণ পৃথক রূপে স্থান কর্মনা করিয়াছেন , পরম ব্যোমে, তোমরা পরস্পর সংদর্গ করিও না। তুমি তেজস্বিনী স্থরা; আর ইনি রাজা সোম; তোমরা আপন আপন স্থানে প্রবেশ কর ও ইহার (এই ফ্রিয়ের) হিংসা করিও না।" এই মন্ত্রে সোমপান ও স্থরাপান উভয়কে পৃথক্ করা হইতেছে। ঐ স্থরাপানের পর যে ব্যক্তিকে আপনার রাতি (ধনদাতা মিত্র) বলিয়া মনে করিবে, তাহাকেই [পানের পর] অবশিষ্ট স্থরা দান করিবে। ইহাই (এইরূপে উভয়ে মিলিয়া একপাত্রে স্থরাপান) মিত্রত্বের অনুকূল; এতদ্বারা ঐ স্থরাকে পানান্তে মিত্রেই প্রতিষ্ঠিত করা হয় ও প্রকারীও মিত্রে প্রতিষ্ঠিত হয়।

প্রক্রম গও

পুনরভিষেক

অমন্তর (স্তরাপোনের পর) [ভূমিস্থিত] উন্নরশাখার অভিমুখে [আসন্দী হইতে] অবরোহণ করিবে। উন্নর অম ও রসস্বরূপ ; এতদারা অয় ও রসের অভিমুখে অবরোহণ

⁽২) পর্মে ব্যোসনি তৎকুছে উদ্যাকাণে গ্রেষণ্ ক্ষতির যথমানের উদ্রে স্থাও োমের তথ্য পথক স্থান নির্দ্ধিষ্ট আছে : এতংগ্র প্রথক ভাবে স্বকীয় নিন্দিস্ক স্থানে থাকিবে, একও মেলিক শংকি না, ইয়ান্ কাংপধ্য :

করা হয়। [আদর্নার] উপরে উপবিষ্ট থাকিয়াই ভূমিতে উভয় পদ স্থাপন করিয়া এই অবরোহণকালীন মন্ত্র বলিবে—"আমি দ্যাবাপৃথিবীতে প্রতিষ্ঠিত হইতেছি, প্রাণ ও অপানে প্রতিষ্ঠিত হইতেছি, অহোরাত্রে প্রতিষ্ঠিত হইতেছি, অমপানে প্রতিষ্ঠিত হইতেছি, অম্বোরাত্রে প্রতিষ্ঠিত হইতেছি, অম্বোরাত্রে প্রতিষ্ঠিত হইতেছি।" যে ক্ষত্রিয় পুনরভিষেকে অভিষিক্ত হইয়া এই মন্ত্রে প্রত্যবরোহণ করেন, তিনি [অভিষেকের] অত্তে সমস্ত আত্মাঘারা প্রতিষ্ঠিত হন, এই সমৃদয়ে প্রতিষ্ঠিত হন, উত্তরোভর শ্রীলাভ করেন ও প্রজাগণের ঈশ্বরত্ব ও আবিপত্য লাভ করেন।

ঐ প্রত্যবরোহণ মন্ত্রে প্রত্যবরোহণের পর [ভূমিতে]
উপস্থ আসনে পূর্ববৃথে বিদিয়া "নমো ব্রহ্মণে নমো
ব্রহ্মণে নমো ব্রহ্মণে এইরপে তিনবার ব্রহ্মকে প্রণাম করিয়া
"বরং দদমি জিত্যা অভিজিত্যৈ বিজিত্যৈ সংজিত্যৈ"
ক্র্য, অতিজয়, বিজয় ও সংজয়ের জন্য [ব্রাহ্মণকে] বর
গোভী) দান করিতেছি—এই মন্ত্রে বাক্য ত্যাগ করিবে।
"নমো ব্রহ্মণে নমো ব্রহ্মণে নমো ব্রহ্মণে" বলিয়া তিনবার
যে ব্রহ্মকে প্রণাম করা হয়, এতদ্বারা ক্ষত্রকে (ক্ষত্রিয়ন্তকে)
ব্রহ্মের বিশিভূত থাকে, সেখানে রাষ্ট্র সমৃদ্ধ ও বারপুরুষযুক্ত
হয়; সেই ক্ষত্রিয়ের বীর [পুত্র] জন্ম। আর যে "বরং

^{(&}gt;) উপস্থমাসন-বিশেষম্ !

⁽२) জিতিঃ জয়মাত্রম্। অভিবৃঃ সধ্বেষু দেবেষু জিতিঃ অভি<mark>জিতিঃ। প্রবলমুর্কলশ</mark>ত্রণাং শালচনাৰ বিবিধা জয়োৰিজিতিঃ পুনঃ শক্রাহিতায় সমাগ্রুয়া সং**ক্রিতিঃ**"

দদানি জিত্যা অভিজিতৈয় বিজিতিয় সংজিতৈয়" এই মন্ত্রে বাগ্বিসর্গ করা হয়, উহার মধ্যে যে "দদানি"—দিতেছি— এই পদ আছে, উহাতেই বাক্যের জয় ঘটে। এই যে বাক্যের জয়, ইহাতেই যজমানের এই কর্ম সমাপ্তি লাভ করে।

বাক্য বিসর্জ্জনের পর [আসন হইতে] উঠিয়া এই মন্ত্রে আহবনীয়ে সমিৎ প্রক্ষেপ করিবে; যথা "সমিদসি সম্বেঙ্ক্ষ্মইন্দ্রিনেও বীর্য্যেণ স্বাহা"—তুমি সমিৎ, তুমি ইন্দ্রিয় ও বীর্যা দ্বারা [আমাকে] সংযুক্ত কর, স্বাহা—এতদ্বারা ইন্দ্রিয় ও বীর্যাদ্বারা আপনাকে কর্মান্তে সমুদ্ধ করা হয়।

সমিৎ আধানের পর পূর্বোত্তর মুখে (ঈশানকোণের মুখে)

এই মন্ত্রে তিন পদ পরিক্রমণ করিবে—"তুমি দিক্সমূরের
কল্পনা করিতেছ, দেবগণের অভিমুখে আমাকে কল্পনা কর,
আমার যোগক্ষেমের কল্পনা কর, আমার অভয় হউক।" এইরূপে ক্ষত্রিয় পরাজয়রহিত দিকে উপস্থিত হন; ঐ দিকৃ পূর্বে
জিত হইয়াছিল, এখন ইহা পরাজয়রহিত হয়। অতএব এই
কর্মই বিধেয়।

मर्छ খণ্ড

পুনরভিষেক

দেবগণ ও অহ্মরগণ এই লোকসমূহে যুদ্ধ করিয়াছিলেন। তাঁহাদের পূর্ব্বদিকে যুদ্ধ হইয়াছিল; সেখানে অহ্মরেরা জয়লাভ করিয়াছিল; পরে দক্ষিণদিকে যুদ্ধ হইয়াছিল, সেখানেও অন্ত রেরা জয়লাভ করিয়াছিল; পরে পশ্চিমদিকে যুদ্ধ হইয়াছিল, সেথানেও অহুরেরা জয়লাভ করিয়াছিল; পরে উত্তরদিকে যুদ্ধ হইয়াছিল, সেথানেও অহুরেরা জয়লাভ করিয়াছিল। পরে যথন পূর্ববি ও উত্তর এই উভয়ের অবান্তর (মধ্যবর্তী) দেশে (অর্থাৎ ঈশানকোণে) যুদ্ধ হইয়াছিল, তথন দেবগণ জয়লাভ করিয়াছিলেন।

তুই সেনা [বুদ্ধার্থ] পরস্পর সম্মুখীন হইলে যদি [জয়ার্থী] ক্ষত্রিয় সেই অভিষিক্ত ক্ষত্রিয়ের নিকট উপস্থিত হইয়া বলেন, "যাহাতে আমি এই [শক্তপক্ষের] দেনা জয় করিতে পারি, সেইরূপ আমাকে [সাহায্য] করুন", তাহাতে র্ধদি তিনি "তাহাই করিব" বলিয়া সম্মত হন, তাহা হইলে তিনি (অর্থাৎ সেই সাহায্যকারী অভিষিক্ত ফল্রিয়) "বনস্পতে বীঙ্বঙ্গো হি ভূয়াঃ" ' এই মত্ত্রে তাঁহার রথের **উদ্ধভাগ স্পাশ** করিয়া পরে সেই [সাহায্যপ্রার্থী] ক্ষত্রিয়কে শক্ষ্য করিয়া এই মন্ত্র বলিবেন ;—যথা "তুমি এই [পূর্ব্বোত্তর বা ঈশান] দিকে উপস্থিত হও, তোমার রথ [অস্ত্রাদিতে] সজ্জিত স্ইযা [প্রথমে] ঐদিকের অভিমুখে (ঈশান মুখে) চলুক; পরে রথ [ক্রমান্বয়ে] উত্তরমুথে, পশ্চিমমুথে, দক্ষিণমুথে ও প্রকামুখে চলিয়া শক্রুর সম্মুখে উপস্থিত হউক।" তৎপরে ''মভীবৰ্ত্তেন হবিষা'' ৈ এই সূক্তে [জয়াৰ্থী] ব্যক্তিকে ঐসকল দিকে বাইতে বলিবেন, এবং তিনি যথন যাইতে পারিবেন,

⁽३) ७।८१।२७।

^{(2) &}gt;+159845

তথন অপ্রতিরথস্ক্ত শাসস্ক্ত ও সৌপর্ণস্ক্ত পাঠ করিয়া তাঁহার প্রতি চাহিয়া থাকিবেন। এরপ করিলে সেই ব্যক্তি [শক্রব] সেনা জয় করিতে পারিবেন।

আর যদি কোন ব্যক্তি সংগ্রামে (দ্বন্ধ্বুদ্ধে) প্রবৃত হইয়া সেই [অভিষিক্ত] ক্ষল্রিয়ের নিকট উপস্থিত হইয়া বলেন "যাহাতে আমি এই সংগ্রামে জয়লাভ করি, সেইরূপ আমাকে [সাহায্য] করুন," তাহা হইলেও তিনি সেই ব্যক্তিকে ঐ [ঈশান] দিকেই যুদ্ধ করিতে বলিবেন: তাহাতেই তিনি সংগ্রামে জয়লাভ করিবেন।

যদি কোন ব্যক্তি রাষ্ট্র হইতে ভ্রন্ট হইয়া এই [অভিবিক্ত] ক্ষত্রিয়ের নিকট উপস্থিত হইয়া বলেন, "যাহাতে আমি এই রাষ্ট্র ফিরিয়া পাই, দেইরূপ আমাকে [সাহায্য] করুন," তাহা হইলেও তিনি সেই ব্যক্তিকে সেইদিকে প্রস্থান করিতে বলিবেন; তাহাতেই সে ব্যক্তি রাষ্ট্র ফিরিয়া পাইবেন।

সেই [অভিষক্ত] ক্ষজ্রিয় [তিনপদ পরিক্রমণ ও ঈশান মুখে উপস্থানের পর] "অপ প্রাচ ইন্দ্র বিশ্বঁ। অমিত্রান্" " এই শক্রনাশক ঋক্ উচ্চারণ করিয়া গৃহে যাইবেন। এইরূপ করিলে সকল স্থানেই তাঁহার শক্রনাশ ও অভয় ঘটে। যিনি এইরূপে ঐ শক্রনাশক মন্ত্র বলিয়া গৃহে প্রতিগমন করেন. তিনি উত্তরোত্তর শ্রীলাভ করেন, এবং প্রজাগণের ঈশ্বরত্ব ও আধিপত্য লাভ করেন।

⁽৩) "আশু॰ শিশানঃ" ইত্যাদি ১০ মণ্ডলের ১০৩ স্থস্ত।

[।] ৪) "পাদ ইথা" ইত্যাদি ১• মণ্ডলের ১৫২ প্রস্তা।

⁽ c) "প্রধাররত্ব মধুনঃ" ইত্যাদি কর ে (৩) ১০|১০১**৷**

গৃহে প্রতিগমনের পর অন্থ কর্মের শেষে গৃহ্ণ (স্মার্ক্ত) প্রান্তর পশ্চাতে উপবিষ্ট এবং অ্যারক্ত দেই ক্ষত্রিয়ের অনার্ত্তি (পীড়াহানি), অরিষ্টি (শক্রহানি), অজ্যানি (দ্রব্যপ্রাপ্তি) ও অভয় কামনায় ঋত্বিক্ (অধ্বর্মুণ্ড) কাংদ্যপাত্রে চারিবার আজ্য গ্রহণ করিয়া যথাবিধি [নিম্নোক্ত প্রপদ মন্ত্র উচ্চারণপূর্বক] । ইন্দ্রের উদ্দেশে তিনবার আহুতি দিবেন।

সপ্তম খণ্ড পুনরভিষেক

[১] "পর্তিষ্ প্রধন্ধ বাজসাতয়ে, পরি রত্রা-[ভ্রানা প্রাণমস্তং প্রপাসতেইয়মসো শর্ম বর্গাভয়ং অন্তরে সহ প্রজয়া সহ পশুভিঃ]-ি সক্ষণিঃ, দ্বিষন্তরধ্যা ঋণয়া ন ঈয়সে সাহা" '—হে ইন্দ্র, আমাদের চারিদিকে অম্নানের নিমিত্ত প্রস্তুত হও, রত্রসমূহের (শক্রগণের) সক্ষণি (বিনাশকর্তা) হও, আমাদের দ্বেবারী শক্রের ব্যের জন্ম চেন্টা কর—[এই সেই ক্রিয়ে ভূর্লোক ব্রন্ধা প্রাণ ও অমৃত প্রাপ্ত ইইয়াছেন, ইইার স্বস্তির জন্ম প্রজা ও পশুর সহিত শন্ম (সুখ) বর্মা (কবচ) ও অভ্যা দান কর]—স্বাহা।

⁽ গ) এই প্রপদ মন্তর্ম পরাপতে বলা হইবো। এক মন্তব ভিতরে ফলা ঘদ প্রক্ষিপ্ত করিয়া প্রপদমন্ত্র গঠিত হয়। প্রক্ষিপ্তং পন্সতিং যথিত, ভূচারণে উত্চোরণং প্রণদম।

⁽১) ৯ মণ্ডলের ১১০ প্রক্তের প্রথম ঋক্। ২.গার দিজীয় চরণ "পরি বুজাণি দক্ষ্ণি:" এই চরণের মধ্যে "জুর্জান্ত--- পশ্ভঃ" এই পদগুলি প্রক্ষেপ করিয়া প্রথম প্রথম সংগ্রহ ১ইলা।

[২] "ৰাষ্ট্ৰ হা হৃতং সোম মদামিদি, মহে সম[ভুবো ব্রহ্ম প্রাণমমূতং প্রপদ্যতেহয়মদা শর্মবর্মাভয়ং
স্বস্তয়ে সহ প্রজয়া সহ পশুভিঃ]-র্য রাজ্যে, বাজাঁ অভি
প্রমান প্রগাহসে স্বাহা" —হে সোম, অভিষ্বের পর
তোমাকে পাইয়া আমরা মত্ত হইয়াছি; অহে সমরপটু [ইন্দ্র],
মহৎ রাজ্যে ইহাকে স্থাপন কর; হে প্রমান, চারিদিকে অয়
সম্পাদন কর;—[এই সেই ক্ষজ্রিয় ভুবর্লোক ব্রহ্ম প্রাণ ও
অমৃত প্রাপ্ত হইয়াছেন, ইহার স্বস্তির জন্য প্রজা ও পশুর
সহিত শর্মা বর্মা ও অভয় দান কর]—স্বাহা।

[৩] "অজীজনো হি প্রমান সূর্যাং, বিধারে শ- স্থিত কা প্রাণময়তং প্রপদ্যতেহয়মদো শর্মা বর্মাভয়ং সম্ভয়ে ৸হ প্রজয়া সহ পশুভিঃ]-ক্ষনা পয়ঃ, গোজীরয়া রম্ভমাণঃ পুরং ধ্যা স্বাহা" —হে প্রমান [ইন্দ্র], তুমি সূর্য্যের জন্ম দিয়াছ, শক্তিদ্বারা তুমি [মেঘমধ্যে] জল ধারণ করিতেছ, গাভীগণের জীবনার্থ যত্নপর হইয়া পূর্ণ ফলদানবিষয়ে চিতঃ কর;—[এই সেই ক্ষত্রিয় স্বর্লোক ব্রক্ষা প্রাণ ও অমৃত প্রাপ্ত হইয়াছেন; ইহার স্বস্তির জন্ম প্রজা ও পশুর সহিত শর্মা বর্মা ও অভয় দান কর]—স্বাহা।

[অভিষেক ক্রিয়ার অস্তে] ঋত্বিক্ (অধ্বযুৰ্ত্ত) যাঁহার

⁽২) ৯ মণ্ডল ১১০ স্তের বিভীয় ঝক্; ইহার বিভীয় চরণ "মহে সমগ্য রাজ্যে"; তাহার মাধ্য "ভূবো প্রশ্ন----পশুভিং" এই পদগুলি প্রক্রিস্ত হইয়াছে।

⁽৩) ন মওল ১১০ স্জের তৃতীর ঋক; ইহার দিতীয়চরণ "বিধারে শল্পা প্রঃ," ইহার মধ্যে "বর্জ----প্তভিঃ" এই পদগুলি প্রক্ষিত হইয়াছে।

জন্ম কাংস্থ পাত্রে চারিবার আজ্য গ্রহণ করিয়া প্রপদ উচ্চারণ-পূর্ব্বক ইন্দ্রের উদ্দেশে এই তিন আহুতি দেন, তিনি আর্ত্তি-হীন, রিষ্টিহীন ও অপরাজিত থাকিয়া এবং ত্রয়ীবিভাদারা রক্ষিত হইয়া সকল দিক্ অনুসরণ করিয়া সঞ্চরণ করেন ও ইন্দ্রের লোকে প্রতিষ্ঠিত হন।

অনন্তর (হোমের পর) সর্ববিদর্মশেষে এই মল্রে গাভী, অশ্ব ও পুরুষের উৎপত্তি প্রার্থনা করিবে; যথা—"ইহ গাবঃ প্রজায়ধ্বমিহাশা ইহ পূরুষাঃ, ইহো সহস্রদক্ষিণো বীরস্ত্রাতা নিনীদতু"—গাভীগণ, অশ্বগণ, পুরুষগণ, এই রাজ্যে তোমরা উৎপন্ন হও; এই রাজ্যেই বীর (পুরুষ) সহস্র [গাভী] দক্ষিণাদানে সমর্থ হইয়া [প্রজার] ত্রাণকর্তারূপে অবস্থান করুন। যিনি কর্মান্তে এইরূপে গাভী, অশ্ব ও পুরুষের প্রার্থনা করেন, তিনি বহু প্রজা ও পশুলাভে বদ্ধিত হন। ইহা জানিয়া [ঋত্বিকেরা] যে ক্ষত্রিয়ের যাগ করেন, সেই ফ্রিয় কাহারও নিকট অপকর্ষ প্রাপ্ত হন না। আর ইহা না দানিয়া ঋত্বিকেরা যাঁহার যাগ করেন, তিনিই অপকর্ষ প্রাপ্ত হন। নিযাদ অথবা চোর অথবা পাপকারীরা যেমন বিত্তবান্ (ধনী) পুরুষকে অরণ্যে লইয়া গিয়া তাহাকে গর্ভে নিক্ষেপ করিয়া তাহার বিত্ত অপহরণপূর্বক পলাইয়া যায়, সেইরূপ দেই [অনভিজ্ঞ] ঋত্বিকেরাও যজমানকে [নরকরূপ] গর্ত্তে নিক্ষেপ করিয়া তাহার বিত্ত (তদত্ত দ্কিণাদি) লইয়া পলায়ন করে।

⁽৪) "ত্রব্যৈ বিন্যারে রুশেণ গুপ্ত: বেদত্রবোজসংগ্রণ রক্ষিত:" (দায়ণ)

পরিফিতের পুত্র জনমেজয় ইহা জানিয়া এই কথা বলিয়াছিলেন যে, আমি ইহা জানি, আর যাঁহারা ইহা জানেন
সেই ঋত্বিকেরা আমার যাগ করেন, অতএব আমি জয়লাভ
করিব, আমার প্রতিকূলবর্ত্তী সেনাকে আমি তাহার প্রতিকূল
সেনাদ্বারা জয় করিব, দেবপ্রেরিত বা মনুষ্যপ্রেরিত বাণ
আমাকে স্পর্শ করিবে না, আমি পূর্ণ আয়ু প্রাপ্ত হইব, ও
সার্কভোম (অধিপতি) হইব। ইহা জানিয়া ঋত্বিকেরঃ
য়াঁহার জন্ম যাগ করেন, তাঁহাকে দেবপ্রেরিত বা মনুষ্যপ্রেরিত
বাণ স্পর্শ করিতে পারে না, তিনি পূর্ণ আয়ু প্রাপ্ত হন ও
সার্কভোম (অধিপতি) হইয়া থাকেন।

অফাত্রিংশ অধ্যায়



প্রথম খণ্ড

ঐন্দ্র মহাভিষেক

ক্ষজিয় রাজার অভিষেক বর্ণিত হইল। দেবগণ ইন্দ্রকে যে অনুষ্ঠান ছারা দেবরাজ্যে অভিষিক্ত করিয়াছিলেন, সেই ঐলু মহাভিষেক অনুষ্ঠান এই অধ্যায়ে বর্ণনীয়। ইহাতে আরোহণ, উৎজ্যেশন, অভিমন্ধণ প্রভৃতি ক্ষেক্টি অভিরিক্ত অনুষ্ঠান আছে; সেইগুলি বিশেষতঃ বর্ণিত হইতেছে।

তদনন্তর ইন্দ্রের মহাভিষেক। প্রজাপতির সহিত দেবগণ বলিয়াছিলেন, ইনিই (ইন্দ্রই) দেবগণের মধ্যে সর্বাপেকা তেজন্দী, বলিষ্ঠ, সহিষ্ণু, সাধুশীল ও [কার্য্য সম্পাদনে] পারক, ইঁহাকেই আমরা অভিদিক্ত করিব। তাহাই হউক বলিয়া তাঁহারা ইন্দ্রকেই তথন অভিষিক্ত করিলেন। তাঁহার জন্ম দেবগণ ঋক্-নামক আদন্দী সংগ্রহ করিলেন; রুহৎ ও রথন্তরকে ঐ আদন্দীর সম্মুখের পা করিলেন, বৈরূপ ও বৈরাজকে পশ্চাতের পা করিলেন, শাক্তর ও রৈবতকে শীর্ষস্থ ফলক করিলেন, নৌধদ ও কালেয়কে পার্শস্থ ফলক করিলেন, ঋক্ষমূহকে পূৰ্বব্ৰুপে বিস্তার করিয়া ও সামসমূহকে তিৰ্য্যক্ ভাবে বয়ন করিয়া [ছাউনি] প্রস্তুত করিলেন, যজুঃসকল [ঐ ছাউনির অন্তর্গত] ছিদ্র হইল, যশ আস্তরণ ইইল, শ্রী উপবৰ্হণ (উপাধান) হইল। সবিতা ও ব্লহস্পতি ঐ আসন্দীর সম্মুখের ছুই পা ধরিলেন, বায়ু ও পূলা পশ্চাতের চুই পা ধরিলেন, মিত্র ও বরুণ শীর্ষকলকদ্বয় ধরিলেন ও শ্বিষয় পার্ষের কলকদ্বয় ধরিলেন। ইন্দ্র সেই আসন্দীতে এই মত্তে আরোহণ করিলেন, যথা—" (হে আসন্দি) গায়ত্রী ছক ত্রিবুৎ স্তোম ও রথন্তর সামের সহিত বস্তুগণ তোমাতে মারোহণ করুন, আমি সামাজ্যের জন্ম তাঁহাদের পশ্চাৎ লারোহণ করি; ত্রিফুপ্ ছন্দ পঞ্চশ স্তোম ও রহৎ সামের সহিত রুদ্রগণ তোমাতে আরোহণ করুন, আমি ভৌজ্যের জন্য তাঁহাদের পশ্চাৎ আরোহণ করি; জগতী ছন্দ সপ্তদশ স্তোম ও বৈরূপ দামের সহিত আদিত্যগণ তোমাতে আরোহণ করুন, আমি স্বারাজ্যের জন্ম তাঁহাদের পশ্চাৎ আরোহণ করি; অমুফীপু ছন্দ একবিংশ স্তোম ও বৈরাজ সামের দহিত বিশ্বদেবগণ তোমাতে আরোহণ করুন, আমি বৈরাজ্যের জন্ম তাঁহাদের পশ্চাৎ আরোহণ করি; পঙ্কি ছন্দ ত্রিণব স্তোম ও শাকর সামের সহিত সাধ্যগণ ও আপ্তাদেবগণ তোমাতে আরোহণ করুন, আমি রাজ্যের জন্ম তাঁহাদের পশ্চাৎ আরোহণ করি; অতিচ্ছন্দ ছন্দ ত্রয়স্ত্রিংশ স্তোম ও রৈবত সামের সহিত মরুদ্দাণ ও অঙ্গিরোদেবগণ তোমাতে আরোহণ করুন, আমি পারমেষ্ঠ্য মাহারাজ্য আধিপত্য স্ববশতা ও চিরপ্রতিষ্ঠার জন্ম তাঁহাদের পশ্চাৎ আরোহণ করি।" এই বলিয়া তিনি সেই আসন্দীতে আরোহণ করিলেন।

তিনি দেই আদন্দীতে আদীন হইলে বিশ্বদেবগণ বলিলেন, ইহার উৎক্রোশন ' (গুণকীর্ত্তন) না করিলে এই ইন্দ্র বীগ্য দেখাইতে পারিবেন না, অতএব ইহার উদ্দেশে আনর উৎক্রোশন করিব। তাহাই হউক বলিয়া বিশ্বদেবগণ তাহার উদ্দেশে উৎক্রোশন করিতে লাগিলেন ও দেবগণও উৎক্রোশন করিতে লাগিলেন ও দেবগণও উৎক্রোশন করিতে লাগিলেন । যথা—"ইনি সম্রাট্—সাম্রাজ্যের যোগ্য; ইনি ভোজ, অতএব ভোজপিতা (ভোজগণের) পালক; ইনি স্বরাট্—সারাজ্যের যোগ্য; ইনি বিরাট্—নৈরাজ্যের যোগ্য; ইনি রাজা—অতএব রাজপিতা; ইনি পরমেষ্ঠী—পারমেষ্ঠ্যের যোগ্য; ইহাতে ক্ষত্র জন্মিয়াছেন, ফ্রিয় জন্মিয়াছেন, বিশ্বভূতের অধিপতি জন্মিয়াছেন, বৈশ্বগণের ভোক্তা জন্ময়াছেন, বিশ্বভূতের অধিপতি জন্ময়াছেন, বৈশ্বগণের ভোক্তা জন্ময়াছেন, বিশ্বভূতের অধিপতি জন্ময়াছেন, বৈশ্বগণের ভোক্তা জন্ময়াছেন, বিশ্বভূতের জন্ময়াছেন, ব্রহ্মের (নগরের) ভেদকর্তা জন্ময়াছেন, অহ্লর-গণের হন্তা জন্ময়াছেন, ব্রহ্মের রক্ষাকর্তা জন্ময়াছেন, খর্মের রক্ষাকর্তা জন্ময়াছেন।"

^{(&}gt;) উৎক্রোশন শু:কীর্ত্তন। বন্দীরা রাজার ধেরণ কীর্ত্তিপাঠ করে, নেইরূপ কীর্ত্তি পাঠ।

এইরূপ উৎক্রোশনের পর প্রজাপতি এই [পরবর্ত্তী] ঋক্ষারা তাঁহার অভিমন্ত্রণ করিলেন।

দিতীয় খণ্ড মহাভিষেক

"ব্রতধারী বরুণ গৃহে আদিয়া দাআজ্য ভৌজ্য স্বারাজ্য বৈরাজ্য পারমেষ্ঠ্যরাজ্য মাহারাজ্য আধিপত্য স্ববশতা ও চিরপ্রতিষ্ঠার জন্য স্থদংকল্প করিয়া [আদন্দীতে] আদীন হইয়াছেন।"

দেই আসন্দীতে আসীন হইলে পর প্রজাপতি দেই আসন্দীর পূর্ব্বে পশ্চিমমুখে দাঁড়াইয়া উত্তম্বরের আর্দ্র সপত্র আথার ও স্থবর্ণময় পবিত্রের ব্যবধান দিয়া "ইমা আপঃ শিবতমাঃ" ইত্যাদি ত্র্যুচ "দেবস্থায়া" ইত্যাদি যজুঃ এবং "ভূর্ভুবঃ স্বঃ" এই ব্যাহ্নতি দ্বারা তাঁহার অভিষেক করিয়াছিলেন।

ড্তীয় খণ্ড

মহাভিবেক

প্রজাপতি কর্ত্তক অভিষেকের পরে] বহুদেবগণ ছয়দিন ও পঁচিশ দিন ব্যাপিয়া ঐ ত্যুচ ঐ যজুঃ এবং ঐ ব্যাহাতি দ্বারা শাআজ্যের জন্ম পূর্ব্বদিকে ইন্দ্রের অভিষেক করিয়াছিলেন। দেইজন্ম পূর্ববিদিকে প্রাচ্যগণের যেসকল রাজা আছেন, তাঁহারা দেবগণের ঐ বিধান অনুসারে সাম্রাজ্যের জন্ম অভি-ষিক্ত হন; অভিষেকের পর তাঁহারা "সম্রাট্" নামে অভি-হিত হন।

পরে রুদ্রদেবগণ ছয় দিন ও পঁচিশ দিন ব্যাপিয়া ঐ ত্রাচ
ঐ যজুঃ এবং ঐ ব্যাহৃতি দারা ভৌজ্যের জন্ম দক্ষিণদিকে
ইন্দ্রের অভিষেক করিয়াছিলেন। সেইজন্ম দক্ষিণদিকে
সত্ত্বপণের (তন্নামক জনগণের) যেসকল রাজা আছেন,
তাঁহারা দেবগণের ঐ বিধান অনুসারে ভৌজ্যের জন্ম অভিষিক্ত
হন; অভিষেকের পর তাঁহারা "ভোজ" নামে অভিহিত হন।

পরে আদিত্যদেবগণ ছয় দিন ও পাঁচিশ দিন বাাপিয় ঐ ত্রুচ ঐ যজুঃ এবং ঐ ব্যাহ্যতিদারা সারাজ্যের জন্ত পশ্চিমদিকে ইন্দ্রের অভিষেক করিয়াছিলেন। দেইজন্ত পশ্চিমদিকে নাঁচ্য ও অপাচ্য দিগের যেসকল রাজা আছেন্দ্র তাঁহারা দেবগণের ঐ বিধানামুসারে স্বারাজ্যের জন্ত অভিষিদ্ধ হন; অভিষেকের পর তাঁহারা "স্বরাট্" নামে অভিহিত হন।

পরে বিশ্বদেবগণ ছয় দিন ও পঁচিশ দিন ব্যাপিয়া ঐ ত্যুত ঐ যজুঃ এবং ঐ ব্যাহ্যতি দারা উত্তরদিকে বৈরাজ্যের জন্য ইন্দ্রের অভিষেক করিয়াছিলেন। সেইজন্য উত্তরদিকে হিম-বানের (হিমালয় পর্বতের) ওপারে যে উত্তরকুরু ও উত্তর মদ্র জনপদ আছে, তাহারা দেবগণের ঐ বিধানাকুসারে বৈরা-জাের জন্য অভিষিক্ত হয়; অভিষেকের পর তাহার। বিরাট্ মানে ইভিত্ত হয়।

পরে সাব্য ও আপ্তাদেবগণ ছয়দিন ও পঁচিশ দিন ব্যাপিয়া

ঐ ত্যুচ ঐ যজুঃ এবং ঐ ব্যাহ্যতি দ্বারা এই ধ্রন-প্রতিষ্ঠিত মধ্যম দেশে রাজ্যের জন্ম ইন্দ্রের গভিষেক করিয়াছিলেন। সেইজন্ম এই ধ্রুব-প্রতিষ্ঠিত মধ্যম লেশে দান বিশানর-গণের ও কুরুপঞ্চালগণের যেদকল রাজ্য ছাচ্চেন, উ ব্রারাক্তিন পরে ঐ বিধানাকুদারে রাজ্যের জন্ম ছাচ্চিন্ত হন; অভি-দেকের পর তাঁহারা রাজ্য নামে ছভিহিত হন।

পরে উর্দ্ধদেশে নরুদ্ধাণ ও অঙ্গিরোদেশগণ ছয়টিন ও পঁটিশ দিন ব্যাপিয়া ঐ অ্যুচ ঐ যজুঃ ও ঐ ব্যাহ্যতিদ্বারা পারমেষ্ঠ্য মাহারাজ্য আধিপত্য স্বব্যতা ও চির্প্রাতিষ্ঠার জন্ম ইন্দ্রকে অভিষক্ত করিয়াছিলেন; তাহাতে ইন্দ্র প্রজাপতির সম্বন্ধযুক্ত পর্যেষ্ঠা (প্রম্পদে অপস্থিত) হইয়াছিলেন।

ঐ মহাভিষেত্রারা কভিচিতে ইটা সেই ইন্দ্র সকল বিজয় লাভ করিয়াছিলেন, সকল লাক কানিতে পারিয়া-ছিলেন, সকল দেবগণের মধ্যে শ্রেষ্ঠতা অভিশান প্রাক্তি ও পরমতা (উৎকর্ষ) লাভ করিয়াছিলেন এক সালাজ্য ভৌজা স্থারাজ্য বৈরাজ্য পার্মেষ্ঠারাজ্য মাহারাজ্য আধিপত্য লাভ করিয়া ইহলোকে স্বয়স্কু স্বরাট্ ও অসার ইইয়া এবং স্বর্গলোকে সকল কামনা প্রাপ্ত হইয়া অমরত্ব পাইয়াছিলেন।

্ ১ম থণ্ড

উনচত্বারিংশ অধ্যায়

-000-----

প্রথম থগু

মহাভিষেক

দেবগণ কর্ত্বক অনুষ্ঠিত ইন্দ্রের মহাভিষেক বর্ণিত হইল। এইক্ষণে ক্ষত্রিয়-রাজার পকে সেই মহাভিষেক অনুষ্ঠান বর্ণিত হইতেছে।

ইহা (ইন্দ্রের মহাভিষেক র্তান্ত) জানিয়া কেহ (কোন আচার্য) যদি ফল্রিয়পক্ষে ইচ্ছা করেন, যে এই ফল্রিয় দকল বিজয় লাভ করিনেন, দকল লোক জানিবেন, দকল রাজার মধ্যে শ্রেষ্ঠতা অতিশয় প্রতিষ্ঠা ও পরমতা লাভ করিনেন এবং সাম্রাজ্য ভৌজ্য স্বারাজ্য বৈরাজ্য পারমেষ্ঠ্যরাজ্য মাহারাজ্য আবিপত্য পাইয়া দর্কব্যাপী হইবেন ও [ভূমির] অন্ত পর্যান্ত দার্কভৌম ও পরার্দ্ধকাল পর্যান্ত পূর্ণ আয়ুয়ান্ হইবেন ও দমুদ্র পর্যান্ত পৃথিবীর একরাট্ (একমাত্র রাজা) হইবেন, তাহা হইলে তিনি দেই ক্লিয়েকে এইরূপে শপথ করাইয়া ঐল্র মহাভিষেক ছারা অভিযক্ত করিবেন। যথা—[হে ক্লেয়] যদি তুমে আমার দ্রোহ (বিরোধাচরণ) কর, তাহা হইলে তুমি যে রাত্রিতে জন্মিয়াছ ও যে রাত্রিতে মরিবে, তত্নভয়ের মধ্যে তোমার ইন্টাপূর্ত্ত কর্মা, [অজ্জিত] লোক, স্বকৃত (পুণ্য) কর্মা, আয়ু ও প্রজা এই সমুদয় আমি অপহরণ করিব।

⁽২) সমপুঃ প্রজাপাতরূপঃ (সায়ণ)।

ইহা জানিয়া যে ক্ষজ্রিয় ইচ্ছা করেন যে, আমি সকল বিজয় লাভ করিব, সকল লোক জানিব, সকল রাজার মধ্যে শ্রেষ্ঠতা, অতিশয় প্রতিষ্ঠা ও পরমতা লাভ করিব এবং সাত্রাজ্য স্থারাজ্য বৈরাজ্য পারমেষ্ঠ্যরাজ্য মাহারাজ্য আধিপত্য পাইয়া আমি সর্বব্যাপী হইব, [ভূমির] অন্ত পর্যন্ত সার্বভোম ও পরার্দ্ধকাল পর্যন্ত পূর্ণ আয়ুত্মান্ হইয়া সমুদ্র পর্যন্ত পৃথিবীর একরাট্ হইব, সেই ক্ষজ্রিয় [আচার্য্যের বাক্যে] কোন সংশয় করিবেন না ও শ্রদ্ধার সহিত [শপথ করিয়া] বলিবেন, যদি আমি তোমার দ্রোহ করি, তাহা হইলে যে রাত্রিতে আমি জন্মিয়াছি ও যে রাত্রিতে আমি মরিব, তহুভয়ের মধ্যে আমার ইন্টাপূর্ত্ত কন্ম ও [অর্জ্জিত] লোক ও প্রকৃত কর্ম্ম আয়ু ও প্রজা সমুদ্য় নন্ট হইবে।

দিতীয় খণ্ড

ক্ষল্রিয়ের মহাভিষেক

অনন্তর [এই শপথ গ্রহণের] পরে [আচার্য্য] বলিবেন, যুগোগ, উতুদ্বর, অশ্বর্থ ও প্লক্ষ এই চারিটি বনস্পতির [ফল] শংগ্রহ কর। এই যে যুগোধ, উহা বনস্পতিগণের ক্ষত্রম্বরূপ; যুগোধকল আহরণ ক্রিলে এই ক্ষত্রিয়ে ক্ষত্রেরই স্থাপনা হয়। এই যে উতুদ্বর, উহা বনস্পতিগণের মধ্যে ভৌজ্য-স্বরূপ; উতুদ্বর্ফল আহরণ ক্রিলে তাঁহাতে ভৌজ্যের স্থাপনা হয়। এই যে অশ্বর্থ, উহা বনস্পতিমধ্যে সাম্রাজ্য- স্বরূপ; অশ্বথ্যতন আহরণ করিলে তাঁহাতে সাআজ্যের স্থাপনা হয়। এই সে প্রক্র, উহা বনস্পতিমধ্যে স্থারাজ্য ও বৈরাজ্য স্বরূপ; প্রকল্পন আহরণ করিলে তাঁহাতে স্থারাজ্যের ও বৈরাজ্যের স্থাপনা হয়।

তদনন্তর বলিবেন, ব্রীহি, মহাব্রীহি, প্রিয়ঙ্গু ও যব এই চারিটি ওষধি দ্রণ্য অঙ্কুরার্থ সংগ্রহ কর। এই যে ব্রীহি, ইহা ওয়ধিমধ্যে ক্ষত্রস্বরূপ; ইহার অঙ্কুর আহরণে তাঁহাতে ক্ষত্রের স্থাপনা হয়; এই যে মহাব্রীহি, ইহা ওয়ধিমধ্যে সাআজ্যস্বরূপ; ইহার অঙ্কুর আহরণে তাঁহাতে সাআজ্যের স্থাপনা হয়। এই যে প্রিয়ঙ্গু, ইহা ওয়ধিমধ্যে ভৌজ্যস্বরূপ; ইহার অঙ্কুর আহরণে তাঁহাতে ভৌজ্যের স্থাপনা হয়; আর এই যে যব, ইহা ওয়ধিমধ্যে সেনাপতিত্ব স্বরূপ; যবের অঙ্কুর আহরণে তাঁহাতে সেনাপতিত্ব স্থাপন করা হয়।

তৃতীয় খণ্ড

ক্ষত্রিয়ের মহাভিষেক

অনন্তর ইহাঁর জন্ম উত্সরনির্শ্মিত আসন্দী সংগ্রহ করিবে; ঐ সম্বন্ধে ব্রাহ্মণ পূর্বেবি বলা হইয়াছে। আর উত্সরনির্দ্মিত সম্প্রান্ধা (অন্যরূপ) পাত্র এবং উত্নস্বরশাখা সংগ্রহ

⁽১) সুক্ষ্ৰীজ্বপ: বাহয়: : প্ৰোচ্বীজ্বপা মহাবীহয়: (সায়ণ)

⁽২) পূর্ববার্ত্তী ২৭ অধাধ্যে দ্বিতীয় গণ্ডে।

করিবে। ঐসকল (পূর্ব্বোক্ত) ওষবিদ্রব্য সংগ্রন্থ করিয়া ঐ উন্থম্বরনির্মিত পাত্রে বা চমদে রাখিবে ও রাখা হইলে তাহাতে দিবি, মধু, সপি ও আতপযুক্ত রৃষ্টির জল আনিয়া তাহাতে স্থাপন করিয়া আদন্দীর উদ্দেশে এই মন্ত্র বলিবে ?— "রহৎ ও রথন্তর তোমার সম্মুখের পা হউক, বৈরূপ ও বৈরাজ তোমার পশ্চাতের পা হউক, শাক্তর ও রৈবত শীর্ষন্থ ফলক হউক, নৌধদ ও কালেয় পার্শ্বর্ত্তী ফলক হউক, ঋক্দকল পূর্ব্বমুখে বিস্তৃত হউক ও দামদকল তির্য্যগ্রূপে বয়ন করা হউক, যজুংদকল তন্মধ্যন্থ ছিদ্র হউক, যশ আস্তর্গ হউক, ও শ্রী উপবর্হণ (উপাধান) হউক, দবিতা ও রহস্পতি সম্মুখের পা ধরিয়া থাকুন, বায়ু ও পূলা পশ্চাতের পা ধরিয়া থাকুন; মিত্র ও বরুণ শীর্ষন্থ ফলক ও অধিদ্বয় পার্শ্বর্ত্তী ফলক ধরিয়া থাকুন।"

তদন্তর তাঁহাকে ঐ আদলীতে এই মন্ত্রে আরোহণ করাইবে যথাঃ—"গায়ত্রীছন্দ ত্রিবৃৎস্তোম ও রথন্তর দামের দহিত বস্থগণ উহাতে আরোহণ করুন; তাঁহাদের অনুবর্ত্তী হইয়া তুমি দাআজেরে জন্ম আরোহণ কর। ত্রিন্ট্ প্ছন্দ পঞ্চন্দ স্তোম ও বৃহৎ দামের দহিত রুদ্রগণ উহাতে আরোহণ করুন; তাঁহাদের অনুবর্ত্তী হইয়া তুমি ভৌজ্যের জন্ম আরোহণ কর । জগতীছন্দ সপ্তদশস্তোম ও বৈরপদামের দহিত আদিত্যগণ উহাতে আরোহণ করুন; তাঁহাদের অনুবর্তী হইয়া স্বারাজ্যের জন্ম তুমি আরোহণ কর । অনুস্ট পুছন্দ একবিংশ স্তোম ও বৈরাজ দামের দহিত বিশ্বদেবগণ উহাতে আরোহণ করুন; তাঁহাদের অনুবর্তী হইয়া বৈরাজ্যের জন্ম তুমি আরোহণ করুন; তাঁহাদের অনুবর্তী হইয়া বৈরাজ্যের জন্ম তুমি আরোহণ করুন;

অতিছন্দ ছন্দ ত্রয়ন্ত্রংশ স্তোম ও রৈবত সামের সহিত মরুদাণ ও অঙ্গিরোদেবগণ উহাতে আরোহণ করুন; তাঁহাদের অনুবর্ত্তী হইয়া পারমেষ্ঠের জন্ম তুমি আরোহণ কর । পঙ্ক্তি ছন্দ ত্রিণব স্তোম ও শাক্ষর সামের সহিত সাধ্য ও আপ্ত্যদেবগণ উহাতে আরোহণ করুন; তাঁহাদের অনুবর্ত্তী হইয়া রাজ্য মাহারাজ্য আধিপত্য স্ববশতা ও চিরপ্রতিষ্ঠার জন্ম তুমি আরোহণ কর।" এই মন্ত্র বলিয়া তাঁহাকে ঐ আসন্দাতে আরোহণ করাইবেন।

ঐ আদলীতে তিনি আদীন হইলে রাজকর্ত্তারা তাঁহাকে বলিবেন, উৎক্রোশন (গুণকার্ত্তন) না করিলে ফাত্রিয়া বীর্ণ্য দেখাইতে সমর্থ হন না, অতএব ইহাকে লক্যু করিয়া উৎক্রোশন করিব। তাহাই হউক বলিয়া রাজকর্ত্তারা এবং জনসমূহ তাঁহাকে লক্যু করিয়া এইরূপে উৎক্রোশন করিবে যথা "ইনি সমাট্—সামাজ্যের যোগ্য, ইনি ভোজ—অতএব ভোজপিতা, ইনি স্বরাট্—সামাজ্যের যোগ্য, ইনি বিরাট্—বৈরাজ্যের যোগ্য, ইনি পরমেন্ঠী—পারমেন্ঠ্যের যোগ্য, ইনি রাজা—অতএব রাজপিতা; ক্ষত্র ইহাতে জন্মিয়াছেন, ফাত্রিয় ইহাতে জন্মিয়াছেন, বিশ্বভূতের অধিপতি জন্মিয়াছেন, বৈশ্যগণের ভোজা জন্ময়াছেন, শক্রগণের হন্তা জন্ময়াছেন, প্রস্কেক জন্ময়াছেন, ধর্মের রক্ষক জন্ময়াছেন।

এইরূপে উৎক্রোশনের পর, যিনি ইহা জানেন, তিনি এই [পরবর্ত্তী] ঋকে তাঁহার অভিমন্ত্রণ করিবেন।

⁽১) রাজকর্তারঃ পি হুজাতারয়ঃ।

চতুর্থ খণ্ড

ক্ষজ্রিয়ের মহাভিষেক

[অভিযন্ত্রণ মন্ত্র] "ব্রতধারী বরুণ গৃহে আদিয়া দাআজ্য ভৌজ্য স্বারাজ্য বৈরাজ্য পারমেষ্ঠ্যরাজ্য মাহারাজ্য আধিপত্য স্ববশতা ও চিরপ্রতিষ্ঠার জন্ম সঙ্কল্প করিয়া [আসন্দীতে] আদীন হইয়াছেম।"

সেই আসন্দীতে আসীন কল্লিয়ের সন্মুখে পশ্চিমসুখে দাঁড়াইয়া উত্তম্বরের আর্দ্র সপত্র শাখার ও স্থবর্ণসয় পবিত্তের ব্যবধান দিয়া "ইমা আপঃ শিবতমাঃ" ইত্যাদি ত্র্যাচ, "দেবস্থা আই ব্যাহ্যতি নারা তাঁহার অভিযেক করিবেন।

পঞ্চা খণ্ড

ক্ষজ্রিয়ের মহাভিষেক

[অভিষেকান্তে অভিমন্ত্রণ মন্ত্র] "ছয়দিন ও পঁচিশ দিন ব্যাপিয়া এই ত্রুচ এই যজুং এই ব্যাহ্নতিদারা বস্তদেবগণ তোমাকে সাম্রাজ্যের জন্ম পূর্ববেদশে অভিষ্ঠিক করুন; ছয়দিন ও পঁচিশ দিন ব্যাপিয়া এই ত্রুচ এই যজুং এই ব্যাহ্নতিদারা রুদ্রদেবগণ তোমাকে ভৌজ্যের জন্ম দক্ষিণদেশে অভিষক্ত করুন; ছয়দিন ও পাঁচিশ দিন ব্যাপিয়া এই ত্রুচ এই যজুং এই ব্যাহ্যতিষারা আদিত্যদেবগণ তোমাকে স্বারাজ্যের জন্ম পশ্চিমদেশে অভিষক্ত করুন; ছয়দিন ও পাঁচিশ দিন ব্যাপিয়া এই ত্রুচ এই যজুং এই ব্যাহ্যতিষারা বিশ্বদেবগণ তোমাকে বৈরাজ্যের জন্ম উত্তরদেশে অভিষক্ত করুন; ছয়দিন ও পাঁচিশ দিন ব্যাপিয়া এই ত্রুচ এই যজুং এই ব্যাহ্যতিদ্বারা সরুদ্দাণ ও অপ্লিরোদেবগণ তোমাকে পারমেষ্ঠ্যের জন্ম উর্দ্ধদেশে অভিষক্ত করুন। ছয়দিন ও পাঁচিশ দিন ব্যাপিয়া এই ত্রুচ এই ব্যাহ্যতিদ্বারা সরুদ্দাণ ও অপ্লিরোদেবগণ তোমাকে পারমেষ্ঠ্যের জন্ম উর্দ্ধদেশে অভিষক্ত করুন। ছয়দিন ও পাঁচিশ দিন ব্যাপিয়া এই ত্রুচ এই ব্যাহ্যতিদ্বারা সাধ্য ও আপ্রাদেবগণ তোমাকে রাদ্য মাহারাদ্য আবিপত্য স্বশতা ও চিরপ্রতিষ্ঠার জন্ম প্রব্রুক্ত পরমেষ্ঠা হইলেন।"

যে ফল্রিয়কে শপথের পর ঐন্দ্রমহান্তিষেকদারা অভিনিক্ত করা হয়, তিনি এই ঐন্দ্রমহান্তিষেকদারা অভিনিক্ত হইলে সকল বিজয় লাভ করেন, সকল লোক জানিতে পারেন, সকল রাজার মধ্যে শ্রেষ্ঠতা অতিশয় প্রতিষ্ঠা পরমতা লাভ করেন, সাম্রাজ্য ভৌজ্য স্বারাজ্য বৈরাজ্য পারমেষ্ঠ্যরাজ্য মাহারাজ্য আধিপত্য লাভ করিয়া ইহলোকে স্বয়স্তু স্বরাট্ অমর হয়েন এবং স্বর্গলোকেও সকল কামনা প্রাপ্ত হইয়া অমরত্ব লাভ করেন।

ষষ্ঠ থত

ক্ষজ্রিয়ের মহাভিষেক

এই যে দিধি, উহা এইলোকে ইন্দ্রিয়স্বরূপ; দিধিদার। অভিষেক করিলে ইহাতে ইন্দ্রিয়ের স্থাপনা হয়। এই যে মধু, উহা ওষধি ও বনস্পতির রদস্বরূপ; মধুদারা অভিষেক করিলে ইহাতে রদের স্থাপনা হয়। এই যে মৃত (সপিঃ) উহা পশুগণের তেজঃস্বরূপ; য়তদারা অভিষেক করিলে ইহাতে তেজের স্থাপনা হয়। এই যে জল, উহা এইলোকে অমৃতস্বরূপ; জলদারা অভিষেক করিলে ইহাতে অমৃতেরই স্থাপনা হয়।

অভিষেকের পর সেই ক্ষত্রিয় অভিযেককর্তা ব্রাক্ষণকে সহ্স্র হিরণ্য (স্বর্ণখণ্ড) দিবেন, ক্ষেত্র দিবেন, চতুষ্পদ (পশু) দিবেন। আবার এরূপণ্ড বলা হয় যে, অসংখ্য ও অপরিমিত দিকিণা] দিবেন; কেননা ক্ষত্রিয়ও অপরিমিত; ইহাতে অপরিবিত ফলের রক্ষা ঘটিবে।

[দকিণাদানের] পরে তাঁহার হস্তে ত্রাপূর্ণ কাংস্থপাত্র দিয়া বলা হয়,—"স্বাদিষ্ঠয়া মদিষ্ঠয়া প্রস্থ সোমধারয়া, ইন্দ্রায় পাতবে স্ততঃ"—অহে সোম, ইন্দ্রের পানের জন্ম অভিবৃত হইয়া স্বাত্তম ও মাদকতম ধারাদারা তুমি [ইহাকে] পূত কর।

ক্ষত্রিয় এই তুইমন্ত্রে ঐ স্থরা পান করিবেন "যদত্র শিষ্টং রিসনঃ স্থতস্থ যদিন্তো অপিবচ্ছচীভিঃ, ইদং তদস্থ মনসা শিবেন সোমং রাজানমিহ ভক্ষয়ামি"—অভিষুত ও রসমুক্ত [সোমের] শেষভাগ, যাহা ইন্দ্র শচীগণদারা [সংস্কৃত] করিয়া পান করিয়াছিলেন, সেই রাজা সোমকে (অর্থাৎ এন্থলে তৎস্থানীয় ব্রীহাদির অঙ্কুরোৎপন্ন এই স্তরাকে) আমি মঙ্গলপূর্ণ মনে ভক্ষণ করিতেছি। অপিচ, "অভি তা রমভা স্থতে স্থতং স্কামি পীতয়ে, তৃম্পা ব্যশুহী মদম্" —হে রমভ (শ্রেষ্ঠ অর্থাৎ ইন্দ্র), তোমার জন্ম ইহা অভিষ্ত হইয়াছে, তোমার পানের জন্ম এই অভিযুত [সোম অর্থাৎ স্তরা] ভোমাকে দিতেছি; তুমি তৃপ্ত হও ও মদ (আনন্দ) ভোগ কর।

স্থরাতে যে সোমপীথ (পেয় সোম) প্রবিষ্ট আছে, ঐন্তমহাভিষেক দ্বার। অভিষিক্ত ক্ষত্রিয় এতদ্বারা তাহাই ভক্ষণ করেন, স্থরা ভক্ষণ করেন না। °

স্থরাপানের পর "অপাম সোমং" এবং "শং নো ভব" এই তুই মন্ত্রে অভিমন্ত্রণ করিবে।

প্রিয় পুত্র যেমন পিতাকে দেহাত্যয় পর্যান্ত মঙ্গলপূর্ণ স্তথ দেয়, প্রিয়া জায়া যেমন পতিকে স্তথ দেয়, দেইরূপ

⁽১ : "यिन क्या अभिविष्ट्ठि "— यम् प्रवाः भठीतिः कर्यविष्यरेयः সংস্কৃতিমিঞ্চোলিবং। শ্লীশুক্ত কর্মনাম। দায়ণ)

^{(=) 6180.221}

⁽৩) অধীৎ ক্ষত্রিঃ ঐ রূপে বিধিপূ**র্বক স্থবাপান করিলে উহিব সোমপানেরই** ফল হয়। এবা এশ্বলে নামে গ্রাবণত হউয়াছে।

^{(1 018015) (8)} W. 8015 1

ঐন্দ্র মহাভিষেক দারা অভিষিক্ত ফত্রিয়কে, স্থরাই হউক বা সোমই হউক বা অন্য অশ্নই হউক, উহাও দেহাত্যয় পর্য্যন্ত স্থায়ী মঙ্গলপূর্ণ স্থ্য দিয়া থাকে।

সপ্তম খণ্ড

মহাভিষেক

এই ঐন্তর্মহাভিষেক দারা তুর কাবষেয়' জনমেজয় পারিক্রিতের অভিযেক করিয়াছিলেন, তাহাতে জনমেজয় পারিক্রিত
দর্কাদিকে পৃথিবীর অন্ত পর্যন্ত জয় করিয়া পর্যাটন করিয়াছিলেন ও অধ্যেধ যাগ করিয়াছিলেন। সে বিষয়ে এই
যজ্ঞগাথা গীত হইয়া থাকে—"জনমেজয় আদন্দীবান্ দেশে ।
গান্তভোজা রুক্মী (ললাটে শেতচিহ্নধারী) হরিত প্রগৃভূষিত
শারঙ্গ (শ্রেষ্ঠযাগযোগ্য) অশ্বকে দেবগণের উদ্দেশে
ক্রিন করিয়াছিলেন।"

এই ঐন্দ্রমহাভিষেক দারা চ্যবন ভার্গব শার্য্যাত মানবকে অভিযেক করিয়াছিলেন। তাহাতে শার্য্যাত মানব সর্ব্বদিকে পৃথিবীর অন্ত পর্যান্ত জয় করিয়া পর্যাটন করিয়াছিলেন, অশ্বমেধ

^{(&}gt;) কাববেয়:

কববপুত: । এইরূপ পরে দক্ষত । যেস্থলে পুত্র না ইইয়া পৌত্র বা অক্ত বংশধ্য বুঝাইবে দেখানেই কেবল টীকা দেওয়া যাইবে ।

⁽২) মূলে আছে "জাদলীবডি"—আদলাবানিতি দেশবিশেষত নামধেয়ং তবিঃন্ ^{দেশে}। (মায়ণ)

⁽৩) মান্ব - মনুদ্বোৎপন্ন (হারণ) ১

যাগ করিয়াছিলেন এবং দেবগণের সত্ত্রেও গৃহপতি হইয়াছিলেন।

এই ঐন্তৰ্মহাভিষেক দ্বারা সোমশুস্মা বাজরত্নায়ন'
শতানীক সাত্রাজিতকে অভিষেক করিয়াছিলেন। তাহাতে
শতানীক সাত্রাজিত সর্ব্বদিকে পৃথিবীর অন্ত পর্য্যন্ত জয়
করিয়া পর্য্যটন করিয়াছিলেন ও অশ্বসেধ যাগ করিয়াছিলেন।

এই ঐন্তমহাভিষেক দারা পর্ব্বত ও নারদ আস্বাষ্ঠ্যকে অভিষেক করিয়াছিলেন, তাহাতে আস্বাষ্ঠ্য সর্বাদিকে পৃথিনীর অন্ত পর্যান্ত জয় করিয়া পর্য্যটন ও অশ্বমেণ যাগ করিয়াছিলেন।

এই ঐক্তমহাভিষেক দারা পর্ব্বাত ও নারদ যুধাংশ্রোষ্টি উগ্রাদেন্সকে অভিযেক করিয়াছিলেন, তাহাতে যুধাংশ্রোষ্টি উগ্রাদেন্য সর্ব্বাদিকে পৃথিবীর অন্ত পর্য্যন্ত জয় করিয়া পর্য্যন্ত ও অশ্বযেধ যাগ করিয়াছিলেন।

এই ঐদ্রুহাভিষেক দারা কশ্যপ, বিশ্বকশ্বা ভৌবনকে অভিষেক করিয়াছিলেন, তাহাতে বিশ্বকশ্বা ভৌবন সক্ষানিকে পৃথিবীর অন্ত পর্যান্ত জয় করিয়া পর্যান্তন ও অশ্বমেধ বাগ করিয়াছিলেন। উদাহরণ আছে যে ভূমি-দেবতা এই বিষয়ে এইরূপ [গাথা] গান করিয়াছিলেন [এ পর্যান্ত] "কোন মন্ত্য আমাকে দান করিবার যোগ্য হয় নাই; অহে বিশ্বকশ্বা ভৌবন, তুমি আমাকে কশ্যপকে দিতে চাহিতেছ; আমি দাললের (সমুদ্দের) মধ্যে নিমগ্ন হইব, তাহা হইলে তোমার এই দান ব্যর্থ হইবে।"

এই ঐন্তর্মহাভিষেক দারা বসিষ্ঠ স্থদাস্ গৈজবনকে
(১) ব্লেরজের পৌর (সামা)।

অভিষেক করিয়াছিলেন, তাহাতে স্থাদ্ পৈজবন সর্বাদিকে পৃথিবীর অন্ত পর্য্যন্ত জয় করিয়া পর্যাটন ও অশ্বমেধ যাগ করিয়াছিলেন।

এই ঐন্দ্রমহাভিষেক দারা সংবর্ত্ত আদিরস মরুত্ত আবিক্রিতকে অভিষেক করিয়াছিলেন, তাহাতে মরুত্ত আবিক্রিত সর্বাদিকে পৃথিবীর অন্ত পর্যান্ত জয় করিয়া পর্যাটন ও অশ্বমেধ যাগ করিয়াছিলেন। তাহাই উপলক্ষ করিয়া এই শ্লোক গীত হয় যথা "মরুদ্রগণ মরুত্তের গৃহে পরিবেষণ কর্ত্তা হইয়া বাদ করিতেন, বিশ্বদেবগণ পূর্ণকাম অবিক্ষিৎপুত্তের সভাসদ্ ছিলেন।"

অফ্টম খণ্ড

মহাভিষেক

এই ঐন্দ্রমহাভিষেক দারা উদময় আত্রেয় অঙ্গের অভিষেক করিয়াছিলেন, তাহাতেই অঙ্গ দর্শবিদিকে পৃথিবীর অন্ত পর্যান্ত জয় করিয়া অশ্বমেধ যাগ করিয়াছিলেন। সেই অলোপাঙ্গ (সম্পূর্ণাঙ্গ অর্থাৎ স্থানী রাজা) [তাঁহার পুরোহিত উদময় আত্রেয়কে] বলিয়াছিলেন—"আহে ব্রাহ্মণ, তুমি [তোমার] এই যজ্জে আমাকে আহ্বান করিও, আমি [দক্ষিণার্থ] তোমাকে দশসহত্র নাগ (হস্তী) ও দশসহত্র দাসী দান করিব।" এই বিষয় উপলক্ষে এই শ্লোক কয়টি গীত হয় যথা [প্রথম শ্লোক] "প্রিয়মেধের পুত্রগণ (উদময়ের ষজ্জে

যাঁহারা ঋত্বিক্ ছিলেন তাঁহারা) যে সমুদয় গাভী লইয়া উদসয়ের যাগ করিয়াছিলেন, আত্রেয় (অত্রিপুত্র উদসয়) সেই বদ্ব (শতকোটি) গাভার মধ্যে [প্রতিদিন] মাধ্যন্দিন সবনে হুই হুই সহস্ৰ দান করিতেন। [দ্বিতীয় শ্লোক] "বৈরোচন (বিরোচনের পুত্র অঙ্গরাজা) তাঁহার পুরোহিত (উদময়) যাগে প্রবৃত হইলে আটাশী হাজার পৃষ্ঠবাহনযোগ্য থেত অশ্ব [আপন অশ্বশালা হইতে] খুলিয়া আনিয়া দান করিয়াছিলেন। [তৃতীয় শ্লোক] "[দিখিজয় কালে] এদেশ ওদেশ হইতে আনীত নিষ্ককণ্ঠী আত্যত্মহিতার মধ্যে দশসহস্রকে আত্রেয় (অঙ্গরাজ-পুরোহিত উদময়) দান করিয়াছিলেন।" [চতুর্থ শ্লোক] "অঙ্গের ত্রাহ্মণ (পুরোহিত) আত্রেয় (উদময়) অবচৎসুক নামক দেশে দশ সহস্র নাগ (হস্তা) দান করিয়া [স্বয়ং] ক্লান্ত হইয়া [শেষে] পরিচারকদিগকে িদান করিতে] আদেশ দিয়াছিলেন।" [পঞ্চম শ্লোক] [পরিচারকদিগকে আদেশের সময়] "তুমি একশত দাও, তুমি একশত দাও, এইরূপ আদেশ দিয়াও ক্লান্ত হইয়াছিলেন, পরে 'তুমি সহস্র দাও' এই কথা বলিতে বলিতেও [ক্লান্ড হইয়া তাঁহাকে খাদগ্রহণ করিতে হইয়াছিল।"

⁽ ১) মূলে আছে "মধ্যতঃ" দায়ণ অর্থ করেন "মাধ্যন্দিন দ্বনে"।

[/]২) নিক্ষনামক আভরণ হাহাদের কঠে, তাহারা নিক্ষঠী। আচাছুছিতাধনিক-কো। অক্সরাজা দিখিজয় কালে ইহাদিগকে আনিয়াছিলেন ও তর্মধো দশ সহত্র ক্সা আপন পুরোহিত্কে দানার্থ হিয়াছিলেন।

^{ে)} খয়ং ক্লান্ত হইযা ভূত্যদিগকে আদেশ দিলেন তোমরা দান কর।

নবম খণ্ড ঐন্দ্রমহাভিষেক

এই ঐন্দ্রমহাভিষেক দারা দীর্ঘতমা মামতেয় ভরত দৌশ্বন্তিকে অভিষেক করিয়াছিলেন; তাহাতেই ভরত দৌশ্বন্তি দর্বদিকে পৃথিবীর অন্ত পর্য্যন্ত জয় করিয়া বহুসংখ্যক অশ্বমেধ যাগ করিয়াছিলেন। উহা উপলক করিয়া এই শ্লোকগুলি গীত হইয়া থাকে যথা [প্রথম শ্লোক] "মফার নামক দেশে ভরত ক্লঞ্চবর্ণ শুক্লদন্ত হিরণ্যশোভিত একশত-দাত-বদ্বসংখ্যক মৃগ'দান করিয়াছিলেন।" [দ্বিতীয় ক্লোক] "ভুস্মন্তপুত্র ভরত সাচাগুণ নামক দেশে অগিচয়ন করিয়াছিলেন: সেইখানে সহস্র ব্রাহ্মণের প্রত্যেকে বদ্ব (শতকোটি) সংখ্যক গাভী ভাগে পাইয়াছিলেন।" [তৃতীয় শ্লোক) "তুম্বন্তের পুত্র ভরত যগুনার নিকটে আটাত্রটি ও গঙ্গাতারে রত্রন্ন নামক স্থানে পঞ্চান্নটি অশ্ব [অশ্বমেধের জন্ম] বাঁধিয়াছিলেন।" [চতুর্থ ঞাক] "এই হুম্মন্তপুত্ৰ রাজা [ঐরূপে] একশত তেত্রিশটি মেধ্য (যাগযোগ্য) অশ্ব বন্ধনের ফলে [বিপক্ষ] রাজার মায়া (কৌশল) আপনার বলবত্তর মারাঘারা পরাভূত করিয়া-ছিলেন।" [পঞ্চম শ্লোক] "মর্ত্ত্য (মনুষ্য) যেমন হস্তদারা ছ্যালোক স্পর্শ করিতে পারে না, সেইরূপ ভরতের কুত মহাকর্ম পূর্বের বা পরে পঞ্চমানবের মধ্যে কোন জন করিতে পার নাই।"

^(:) মুগ=হন্তা। মুগশক্ষেনার গ্রা বিবক্ষিতাঃ (সাংগ) বছ= হৃন্দ অর্থাৎ শতকোটি।

⁽২) পঞ্চমানবা নিবানপঞ্চম; করারো বর্ণাঃ। রাহ্মণ ক্ষত্রিয় বৈশু শুদ্র ও নিবাদ এই পঞ্চশোশিব মমুষা। (সাংগ্)

এই ঐন্দ্রমহাভিষেক কথা বৃহত্ত্ব ঋষি তুর্ম্থ পাঞ্চালকে বলিয়াছিলেন। তাহাতেই তুর্ম্থ পাঞ্চাল রাজা হইয়া এই বিহ্যা (জ্ঞান) দ্বারা সর্বাদিকে পৃথিবীর অন্ত পর্যান্ত জয় করিয়া পর্যাটন করিয়াছিলেন।

এই ঐব্দ্রমহাভিষেকের কথা বাদিষ্ঠ দাত্যহব্য অত্যরাতি জানন্তপিকে বলিয়াছিলেন, তাহাতেই অত্যরাতি জানন্তপি রাজা হইয়া এই বিভাদারা দর্কদিকে পৃথিবীর অন্ত পর্যান্ত জয় করিয়া পর্যাটন করিয়াছিলেন।

সেই বাদিষ্ঠ সাত্যহন্য [অত্যরাতিকে] বলিয়াছিলেন, "তুমি [এই বিহাবলে] সর্বাদিকে পৃথিবার অন্তপর্যান্ত জয় করিয়াছ, আমাকে মহত্ত্ব (এশ্বর্যা) প্রাপ্ত করাও"। অত্যরাতি জানন্তপি বলিলেন "আহে ব্রাহ্মণ, আমি যথন উত্তরকুরু জয় করিব, তুমি তথন এই পৃথিবার রাজা হইবে, আমি তোমার সেনাপতি হইব।" বাদিষ্ঠ সাত্যহন্য বলিলেন, "এ দেশ (উত্তরকুরু) দেবক্তের, মর্ত্ত্য (মনুষ্য) উহা জয় করিবার অযোগ্য; তুমি আমার দ্রোহ (প্রতারণা) করিলে, তোমার এই [বীর্যা] আমি অপহরণ করিব।"

তদনন্তর (সাত্যহব্যকর্তৃক অভিশাপের পর) অপহৃত্রীর্যা ও নিঃশুক্র (তেজারহিত) সেই অত্যরাতি জানন্তপিকে শক্র-দমন শৈব্য শুশ্মিণ নামক রাজা বধ করিয়াছিলেন।

⁽৩) পাঞাল=পঞালদেশস্বামী।

^(8) যাসিঠ == বসিঠগোতোৎপন্ন, সাত্যহ্ব্য == সতাহ্ব্যের পুত্র i

⁽ e) জনস্বপের পুত্র।

⁽ ७) वेमवाः मिविभूनः।

সেইজন্ম যে ব্রাহ্মণ এই [ঐক্রমহাভিষেকের বিষয়] জানেন ও এই কন্ম করেন, তাঁহার প্রতি ক্ষত্রিয় যেন দ্রোহ না করেন; তাহা হইলেই তাঁহার রাষ্ট্র হইতে ভ্রংশের অথবা প্রাণনাশের আশঙ্কা থাকিবে না।

চত্বারিংশ অধ্যায়

---000 ---

প্রথম খণ্ড

পুরোহিত নিয়োগ

ক্ষজিয়ের মহাভিষেক বর্ণিত হইল। ক্ষণিয় রাজা রাজণ পুরোহিত রাগিয়া বাকেন, সেই পুরোহিত সম্বন্ধে কর্ত্তিয়নিরপ্রণার পর ঐত্যায় প্রাক্ষণ সমাপ্ত উইতেছে। উহাই এই অস্থিম অধ্যায়ের বিষয়।

শনন্তর পুরোধার (প্রেটিনেচর) বিধান। যে রাজার পুরোহিত নাই, দেবগণ ভাঁছান জন জোজন করেন না; দেইজন্ত যে রাজা যাগ জনিত্র চলাত্র, তিনি, দেবলা আমার অন্ন জোজন হালিহা, তাই উল্লেখ্য হালিহার পুরোহিত কলিলেন। তাই প্রেটিভলা নালাহানি জালার অপিনাধক অগ্নিরাই উল্লেখ্য কলিলা প্রেক্সন। প্রেটিভলার জালাহানিই আহবনীয়ের, জালা (গজী) গাইলিভেলেন জাপুর অস্বাহারিই

⁽১) মূলে জাছে "বাচন ব্যয়নশিও"। "গ্রাস্ট্রম্বর্গনিও" এই ভিন্ন পাঠও নায়ৰ শীকার করেন। ভারণেগ্য যে যাজ যাগুনা করিলেও প্রেন্ডইত রাখিবেন।

পচনের (দক্ষিণাগ্নির) তুল্য। পুরোহিত সম্পাদন দ্বারা তিনি আহবনীয়ে হোন করেন, জায়াদ্বারা গার্ছণত্যে হোন করেন ও পুত্রদারা গল্লাহার্ঘ্য-পচনে হোন করেন। সেই অগ্নিগণ এইরূপে আত্তি পাইরা শান্ততমু হইয়া ও তাঁহার প্রতি প্রতি হইয়া তাঁহাকে স্বর্গলোক কল্ল বল রাষ্ট্র ও প্রজার অভিমুখে লইয়া যান। আত্তি না দিলে তাঁহারা অশান্ততমু ও অপ্রতি থাকিয়া তাঁহাকে স্বর্গলোক কল্ল বল রাষ্ট্র ও প্রজা হইতে ভাই করেন।

এই যে পুরোহিত, তিনি পঞ্চানিবিশিন্ত বৈধানরঅগ্নিম্বরূপ; তাঁহার বাক্যে একটি, পদহয়ে একটি, হকে একটি,
হলয়ে একটি ও উপস্থে একটি সেনি (অগ্নিশিখা) আছে:
তিনি দেই জ্লন্ত দাপানান মেনির সহিত রাজার সমাপে
উপস্থিত হন। রাজা যথন বলেন 'ভগবান, আপনি কোথায়
ছিলেন ? [অহে ভৃত্যগণ, ইঁহার বিসিবার জন্ম] হুণ (কুশাসন)
আনয়ন কর", তথন তাঁহার বাক্যে যে মেনি ছিল, তাহা
শান্ত হয়। যথন তাঁহার পাদ্য (পাদ প্রফালনার্থ) জল আন
হয়, তথন তাঁহার পদহয়ে যে নেনি ছিল, তাহা শান্ত হয়।
পরে যথন তাঁহাকে [বস্ত্রগদাদি দারা] অলম্পত করা হয়, তথন
তাঁহার সকের মেনি শান্ত হয়। যথন তাঁহাকে [ধনাদি দারা]
তৃপ্ত করা হয়, তথন তাঁহার হৃদয়ের মেনি শান্ত হয়। পরে যথন
তাঁহাকে গৃহসখে অবিরোধে বাস করিতে দেওয়া হয়, তথন
তাঁহাকে গৃহসখে অবিরোধে বাস করিতে দেওয়া হয়, তথন

⁽২) এফুলে প্রয়া অর্থে স্তান নহে। মূলে "বিশ্" শদ আছে।

[।] ৩) প্ৰোপ্দসকারিণী কোধক্ষপ। শক্তিং মেনিরিত্যুলতে মথা অগ্রেছণিলা ভদ্ৎ। (সায়ন)

তাঁহার উপস্থের মেনি শান্ত হয়। তিনি (সেই অগ্নিস্করপ পুরোহিত) এইরপ আত্তি পাইয়া শান্ততন্ম ও প্রীত হইয়া তাঁহাকে স্বর্গলোক ক্ষত্র বল রাষ্ট্র ও প্রজার অভিমুখে লইয়া যান, আর ঐরপ আত্তি না পাইলে ম্পান্ততন্ম ও অপ্রীত থাকিয়া তাঁহাকে স্বর্গলোক ক্ষত্র বল রাষ্ট্র ও প্রজা হইতে জুই করেন।

দিতায় খণ্ড

পুরোহিত-প্রশংসা

এই যে পুরোহিত, ইনি পঞ্চমনিবিশিষ্ট বৈশ্বানর-অগ্নিস্বরূপ; সমুদ্র যেমন ভূমিকে বেন্টন করিয়া থাকে, তিনিও সেইরূপ মেনি (শক্তি) দ্বারা রাজাকে বেন্টন করিয়া ধরিয়া থাকেন। যে রাজার পক্ষে এ বিদয়ে অভিজ্ঞ প্রান্ধন রাষ্ট্রগোপ রোষ্ট্ররুক্ষক) পুরোহিত থাকেন, সেই রাজার রাষ্ট্র অস্থির হয় না, আয়ু থাকিতে ভাঁহার প্রাণ যায় না, তা পর্যন্তে তিনি জাবিত থাকেন, তিনি পূর্ণ আয়ু লাভ করেন ও পুনরায় তাঁহার মুত্যু হয় না'। অভিজ্ঞ প্রাক্ষণ যাহার রাষ্ট্রগোপ পুরোহিত থাকেন, তিনি ফল দ্বারা কল জয় করেন, বল দ্বারা বল লাভ করেন। অভিজ্ঞ প্রাক্ষণ যাহার রাষ্ট্রগোপ পুরোহিত

⁽১) "ন পুনর্জিতে" সংয় তথা কিংগতেন—"গরুল জান প্নতিথিতে প্রোহিতম্থেন ত্রজানং সম্পাদামূচাতে" অর্থাৎ তাহার দিটার বার মৃত্যু হয় না, তিনি মৃত্যির পর মৃতি লাভ করেন।

থাকেন, বৈশ্যগ**ণ** (প্রজাগণ) তাঁহার সম্মুখে এক মনে ও এক মতে বর্ত্তমান থাকে।

তৃতীয় খণ্ড

পুরোহিত-প্রশংসা

ঋষিও ' এ বিষয়ে [এই ঋক্গুলি] বলিয়াছেন যথা—
[প্রথম ঝক্] "স ইলোলা প্রতি জন্মানি বিশা, শুশ্নোণ
তন্মাবিভি বীর্ম্যোণ" ' এই [প্রথম জুই চরণে] "ভন্মানি"
অর্থে সপদ্ধ অর্থাৎ দেবকারী শাল্রা; তাহাদিগকেই "শুদ্ম"
(অধিক) "বীর্য্য" দ্বারা [দেই পুরোহিত্যুক্ত "রাজা"] অভিভব করিয়া থাকেন। [তৃতীয় চরণ] "মৃহস্পাতিং যা স্বভূতং
বিভর্তি"— এইলে বৃহস্পাতিই দেবগণের পুরোহিত, তাঁহার
অন্তর্গেই শির্ধানালিগের অন্তান্য পুরোহিত। "বৃহস্পাতিং
যা প্রত্থ বিভর্তি" এই থাক্যে রাজা পুরোহিতকে সম্যক্
রূপে তর্গ করিয়া পালন করেন, ইহাই বুঝাইতেছে। [চতুর্থ
চরণ] "বলুয়তি বন্দতে পূর্ব্বভাজম্"— যিনি অন্যের পূর্বে
[রাজাকে] ভজনা করেন, সেই পুরোহিতকে রাজা অর্চনা
ও বন্দনা করেন—এই স্থলে রাজারই বন্দনযোগ্যতা
বুঝাইতেছে।

[ঘিতীয় ঋক্] "দ ইৎ ক্ষেতি হুধিত ওকদি স্বে" এই

১) वांगरह य अवि (२) ८।४०।१।

^{(0) 814-14}

প্রথম চরণের । ওকঃ শব্দের অর্থ গৃহ; উহার অর্থ—দেই রাজা আপন গৃছেই 'ল্বিড' (ল্প্রীড) হইয়া বাস করেন। "তক্ষা ইড়া পিহডে বিশ্বদানীন্" এই [দ্বিতীয় চরণে] ইড়া অর্থে অয়; উহার অর্থ—["বিন্যানীং" অর্থাৎ] সর্বাদা সেই রাজার তান উর্জ্বল (রুস্কুজ) হইয়া থাকে। "তক্ষা বিশঃ ষয়মেবাননডে" এই [ড্তীয় চরণে] "বিশঃ" পদের অর্থ রাষ্ট্র; উহার তর্থ—সেই রাজার রাষ্ট্র ষয়ং (আপনা হইতেই) অবনত (বণীভূত) হয়। "বিমিন্ অক্ষা রাজনি গৃর্বে এতি"— ব্রক্ষা যে রাজার প্রের গ্রন করেন—এই [চতুর্থ চরণে "ব্রক্ষা" শব্দে] পুরোহিভকেই বুঝাইতেছে।

্তৃতীয় ঋক্] "অপ্রতাতো জায়তি সং ধনানি" এই প্রথম চরণের] অর্থ—নেই [পুরোহিতযুক্ত] রাজা অপ্রতীত (শক্তেকর্তৃক অনাক্রান্ত) হইয়া সম্যক্রপে রাষ্ট্র জয় করেন, কেননা এক্লে "খন" শব্দের ক্মর্থ রাষ্ট্র । "প্রতিজনাল্যতে বা নজন্যা"—প্রতিজন্য (প্রতিপক্ষ) অপিচ যাহা সজন্য (পাক্রসহিত), তাহাকে [জন্ম করেন]—এই [দ্বিতীয় চরণে] "জভানি" পদে লগত্ব অর্থাৎ দ্বেষকারী ভাক্ত বুঝাই-তেছে; ইহার বর্থ—দেই শক্তাণিগকেই তিনি অনাক্রান্ত হইয়া লয় করেন । "অবস্থানে যো বরিবঃ কুণোতি" এই ভিতীয় চরণের] অর্থ—যে রাজা অবস্থকে (বস্থহীন বা দরিদ্র ব্রাক্ষণ পুরোহিতকে) বস্থযুক্ত (ধনযুক্ত) করেন । "ব্রাহাতকে) বস্থযুক্ত (ধনযুক্ত) করেন । "ব্রাহাতকে রাজা ভাক্ষণকে [বস্থযুক্ত

করেন], দেবগণ তাঁহাকে রক্ষা করেন—এই [চতুর্থ চরণে]
"ব্রহ্মণে" পদ পুরোহিতকে লক্ষ্য করিয়াই বলা হইতেছে।

চতুর্থ খণ্ড

পুরোহিত-নির্ব্বাচন

ষিনি [পরবর্তী] তিন পুরোহিতের ও তিন পুরোধাতার (পুরোহিতের নিয়োগকর্তার) বিষয় জানেন, সেই আক্ষণই পুরোহিত হইবেন। তিনি পোরোহিত্যের উদ্দেশে বলিবেন—"অগ্নিই পুরোহিত, পৃথিবী [তাঁহার] পুরোধাতা; বায়ুই পুরোহিত, অন্তরিক্ষ পুরোধাতা; আদিত্যই পুরোহিত, ছ্যুলোক পুরোধাতা; যিনি ইহা জানেন, তিনিই যথার্থ "পুরোহিত"; আর যিনি ইহা না জানেন, তিনি "তিরোহিত"। যাঁহার আক্ষণ ইহা জানিয়া রাষ্ট্রগোপ পুরোহিত হয়েন, সেই রাজার পক্ষে [অন্থ] রাজা মিত্র হয়েন ও তিনি দেষকারাকে বিনষ্ট করিতে পারেন। আক্ষণ ইহা জানিয়া যাঁহার পক্ষে রাষ্ট্রগোপ পুরোহিত হয়েন, বল দারা বল লাভ করেন। আক্ষণ ইহা জানিয়া যাঁহার পক্ষে রাষ্ট্রগোপ পুরোহিত হয়েন, তিনি ক্ষত্রদারা ক্ষত্রকে জয় করেন, বল দারা বল লাভ করেন। আক্ষণ ইহা জানিয়া যাঁহার পক্ষে রাষ্ট্রগোপ পুরোহিত হয়েন, তাঁহার বৈশ্যগণ (প্রজাগণ) সম্মুথে থাকিয়া তাঁহার সহিত একমত ও একমন হইয়া থাকে।

[তৎপরে পুরোহিতের বরণ মন্ত্র] "ভূভূবঃ স্বঃ ও" আমি (অর্থাৎ পুরোহিত) অম (ত্যুলোক), তুমি (অর্থাৎ রাজা) সেই (ভূলোক); তুমি সেই, আমি অম। আমি জোঃ, তুমি পৃথিবী; আমি সাম, তুমি ঋক্; আমরা উভয়ে ইহ-লোকে একত্র থাকিয়া এই পুর (নগর) সকলের [কার্য্য] নির্বাহ করি; তুমি আমার ততুষরূপ; আমার ততু মহাভয় হইতে রক্ষা কর।"

[রাজা তৃণনির্মিত আসন দান করিলে পুরোহিতের পাঠ্য মন্ত্র] "সোম যে ওর্ষধি সকলের রাজা, যে ও্যধিসকল বহু সংখ্যক ও শত-[অবয়ব]-বিশিষ্ট, তাহারা এই আসনে [থাকিয়া] আমাকে অচ্ছিদ্র মঙ্গল দান করুক।"

[আসনে উপবেশন মন্ত্র] "সোম যে ওষধিসকলের রাজা, যাহারা এই পৃথিবাতে বিশেষভাবে স্থাপিত আছে, তাহারা এই আসনে [থাকিয়া] আমাকে অচ্ছিদ্র মঙ্গল দান করুক।"

[পাগুগ্রহণ মন্ত্র] "অহে জল, আমি এই রাষ্ট্রে শ্রী সম্পা-দন করিতেছি, অতএব দাপ্তিমান্ জলের প্রতি দৃষ্টিক্ষেপ করিতেছি।"

পুরোহিতের সেই জলে পাদপ্রক্ষালন মন্ত্র] "দক্ষিণ পদ প্রক্ষালন করিতেছি, তাহাতে এই রাষ্ট্রে ইন্দ্রিয়ের (ধন-সম্পত্তির) স্থাপন করিলাম। বাম পদ প্রক্ষালন করিতেছি, তাহাতে এই রাষ্ট্রে ইন্দ্রিয়ের বর্দ্ধন করিলাম। প্রথমে এক পদ, পরে অন্য পদ এইরূপে উভয় পদ প্রক্ষালন করিতেছি, অহে দেবগণ তাহাতে রাষ্ট্রের রক্ষা ও অভয় হউক। পাদপ্রক্ষালনার্থ এই জল আমার দ্বেষকারীকে নিঃশেষে দগ্ধ করুক।"

পঞ্চম খণ্ড ব্রহ্ম-পরিমর কর্ম্ম

অনন্তর [শত্রুক্ষয়কামনায়] ব্রহ্ম-পরিমর কর্ম। যে ব্রহ্ম-পরিমর নামক কর্ম্ম জানে, তাহার পার্শ্বে দ্বেদকারী শক্ত-গণ মরিয়া যায়। এই যে [বায়ু] সঞ্চরণ করেন, তিনিই ব্রহ্ম। বিদ্যুৎ নৃষ্টি চন্দ্রমা আদিত্য ও অগ্নি এই পাঁচ দেবতা তাঁহার পার্থে মরিয়া থাকেন। বিদ্যুৎ দীপ্তি প্রকাশ করিয়া ব্লষ্টিতে অনুপ্রবেশ করেন ও অন্তর্হিত হয়েন ; ভাঁহাকে আর **(मर्था याग्न ना । यथन (करू मर्स्स, ज्थनहें रम अलुई ज इय़** ; তার পর তাহাকে আর কেহ দেখিতে পায় না। [অতএব] এই মন্ত্র নলিবে "বিছ্যাতের মরণের মত আমার দেষকারী মরুক ও অন্তর্হিত হউক, তাহাকে কেছ যেন দেখিতে না পায়।" [অতঃপর] অবিলম্বেই আর কেহ সেই দ্বেষকারীকে দেখিতে পায় না। রুষ্টি বর্তানর পর চক্রসাতে অফুপ্রবেশ করেন ও অন্তর্হিত হন, জান তাহাকে দেখা যায় না। যথন কেহ মরে, তথনই দে অতর্হিত হয়; ভার পর কেহ তাহাকে দেখিতে পায় না। অভএব এই হল্ল নুলিবে "রষ্টির মরণের মত আমার দ্বেষকারী মক্তব্য ও অন্তর্হিত হউক, ভাহাকে কেহ যেন দেখিতে না পায়।" অতঃপর অবিলফ্রেই তার কেহ তাহাকে দেখিতে পায় না। চক্রমা অমাবস্থাতে আদিতো অনুপ্রবেশ করেন ও অন্তর্হিত হন: আর ভাঁহাকে দেখা যায় না। যথন কেছ মরে, তখনই দে অন্তর্হিত হয়,

তার পর তাহাকে দেখা যায় না। অতএব এই মন্ত্র বলিবে: "চন্দ্রমার মরণের মত আমার দ্বেষকারী মরুক ও অন্তর্হিত হউক, তাহাকে কেহ যেন দেখিতে না পায়।" অতঃপর অবিলম্বেই তাহাকে আর কেহ দেখিতে পায় না। আদিত্য অন্ত গেলে অগ্নিতে অমুপ্রবেশ করেন ও অন্তর্হিত হন; আর তাঁহাকে দেখা যায় না। যখন কেহ মরে, তথনই সে অন্তহিত হয়, তার পর তাহাকে আর দেখা যায় না। অত-এব এই মন্ত্র বলিবে "আদিত্যের মরণের মত আমার দ্বেষকারী মরুক ও অন্তর্হিত হউক, তাহাকে কেহ যেন দেখিতে না পায়।" অতঃপর অবিলম্বেই তাহাকে কেহ দেখিতে পায় না। অগ্নি নিবাইলে বায়ুতে অনুপ্রবেশ করেন ও অভাইত हन; श्रांत তाँहारक रमश यांत्र ना। यथन रकह मस्त्र, তথনই সে অন্তর্হিত হয়, তার পর আর তাহাকে দেখা যায় না। অতএব এই মন্ত্র বলিবে "অগ্নির মরণের মত আমার দ্বেষকারী মরুক ও অন্তহিত হউক, তাহাকে কেহ যেন দেখিতে না পায়।" অতঃপর অবিলম্বেই তাহাকে কেহ দেখিতে পায় না।

ঐ ঐ দেবতারা ঐ বায়ু হইতেই পুনরায় জন্মলাভ করেন। বায়ু হইতে অগ্নি জন্মন, প্রাণের বলে মথ্যমান হইয়া অধিক (তেজস্বা) হইয়া জন্মেন। তাঁহাকে (জায়মান অগ্নিকে) দেখিয়া এই মন্ত্র বলিবে "অগ্নি জন্ম লাভ করুন, আমার দ্বেকারা যেন না জন্মে; সে আমার নিকট হইতে পরাঘুথে দূরে যাউক।" অতঃপর সেই দ্বেকারা পরাঘুখে দূরে যায়। অগ্নি হইতে আদিত্য জন্মেন। তাঁহাকে দেখিয়া

এই মন্ত্র বলিবে "আদিত্য জন্মলাভ করুন, আমার দেবকারী যেন না জন্মে; সে আমার নিকট হইতে পরাঘ্র্যে দূরে যাউক।" অতঃপর সে পরাঘ্র্যে দূরে যায়। আদিত্য হইতে চন্দ্রমা জন্মন। ভাঁহাকে দেখিয়া এই মন্ত্র বলিবে "চন্দ্রমা জন্মলাভ করুন, আমার দেবকারী যেন না জন্মে; সে আমার নিকট হইতে পরাঘ্র্যে দূরে যাউক।" অতঃপর সে পরাঘ্রেয়ে দূরে যায়। চন্দ্রমা হইতে রৃষ্টি জন্ম। ভাঁহাকে দেখিয়া এই মন্ত্র বলিবে "রৃষ্টি জন্মলাভ করুন, আমার শক্ত যেন না জন্মে; সে আমার নিকট হইতে পরাঘ্র্যে দূরে যায়। রৃষ্টি হইতে বিছ্রাৎ জন্মে। ভাঁহাকে দেখিয়া এই মন্ত্র বলিবে "বিছ্রাৎ জন্ম। তাঁহাকে দেখিয়া এই মন্ত্র বলিবে "বিছ্রাৎ জন্ম। তাঁহাকে দেখিয়া এই মন্ত্র বলিবে "বিছ্রাৎ জন্ম। তাঁহাকে দেখিয়া এই মন্ত্র বলিবে "বিছ্রাৎ জন্মন। তাঁহাকে দেখিয়া এই মন্ত্র বলিবে "বিছ্রাৎ জন্মলাভ করুন; আমার দেবকারী যেন না জন্মে; সে আমার নিকট হইতে পরাঘ্র্যে দূরে যাউক।" অতঃপর সে পরাঘ্র্যে দূরে যায়।

এই কর্মের নাম ব্রহ্ম-পরিমর। এই ব্রহ্ম-পরিমর কর্মের কথা কোষায়ব 'মৈত্রেয় (তন্ধামক ঋষি) কৈরিশি 'ভার্গায়ণ " হুত্বা রাজাকে বলিয়াছিলেন। তাঁহার পার্শম্ছ [দ্বেষকারী] পাঁচ জন রাজা মরিয়াছিলেন। তাহাতে হুত্বা (তন্ধামক রাজা) মহৎ পদ পাইয়াছিলেন।

এই কর্ম্মপক্ষে এই ব্রত (নিয়ম) বিধেয়। দেষকারীর

^{()) (}कोवांत्रच-कृदांत्रवशुद्ध । (नांत्रव)

⁽२) কৈরিশি—কিরিশপুত্র। (নার৭)

^(·) ভার্মারণ—ভর্মগোটোৎপর । (মারণ)

পূর্ব্বে উপবেশন করিবে না; যদি বোধ কর, সেই দ্বেষকারী দাঁড়াইয়া আছে, তাহা হইলে দাঁড়াইয়া থাকিবে। দ্বেষকারীর পূর্ব্বে শয়ন করিবে না; যদি বোধ কর সে বিদয়া আছে, তাহা হইলে বিদয়া থাকিবে। দ্বেষকারীর পূর্ব্বে ঘুমাইবে না; যদি বোধ কর সে জাগিয়া আছে, তাহা হইলে জাগিয়াই থাকিবে। এরূপ করিলে যদি সেই দ্বেষকারীর মাথা পাষাণের মত হয়, তথাপি অবিলম্বেই তাহার বিনাশ ঘটে, অবিলম্বেই তাহার বিনাশ ঘটে।



ঐতরেয় ত্রাহ্মণ সমাপ্ত

প্রথম পরিশিষ্ট

জাগস্ত্য--- ঋষি---ইক্সের সহিত একতালাভ ৪৩৭

অহ্যি —দেবগণের অবম ২ দীক্ষণীয়েষ্টির দেবতা ৩ অগ্নির শরীর ৪ দীক্ষাপালক ১৭ প্রারণীয়ে দেবতা ২৮ অরপতি ৩০ চক্ষুংস্বরূপ ৩২ দেবগণের অগ্নিগ্রহণ ৫৭ বস্ত্রগণের সহচর ৮৬ দেবগণের বাবে অব**্রিভি ৮৮ দেবহোতা ১০০,১০১ গোপা ১**০২ মায়াবলে সোমরক্ষা ১১০ দেবযোনি ১২৬,১৫৯ সকল দেবতা ৩,১২৭ বুত্রবধে ইল্রের সহায় ১২৮ যক্তিয় পশুর অগ্রগামী ১৩৭ প্রাতরত্বাকে দেবতা ১৬০ঋ তৃ-বাজে দেবতা ১৯৭ নিবিদের দেবতারূপে বিবিধ বিশেষণ ২০৬ অস্তর্যুদ্ধে ইন্দ্রের অগ্রণী ২১৪ বিবিধ রূপ ২৩২ দেবহোতারূপে মৃত্যু অতিক্রম ২৪৯,২৫০ অসুরযুদ্ধে দেবগণের অগ্নিস্ততি ৩০১,৩০৮,৩০১,৩১০ অগ্নরপধারণ ৩২৪ অগ্নতরীযুক্তরথে আজিধাবন ৩৪৩,৩৪৫ নবরাত্রের প্রথমাহে দেবতা ৬৯০ অগ্নিহোত্তে হোমদ্রব্যের দেবতা ৪৬৫ অগ্নিহোত্রের দেবতা ৪৭৫ যজনাশার্থী অস্তর্গণের অপসারণ ৪৯০ অঙ্গিরোগণের অন্ততম ও আদিতাগণের যজ্ঞে হোতা ৫৫৩. ৫৫৪ শুন:শেপ কর্তৃক স্তুতি ৫৯২ ক্ষত্রিয়ের ভক্ষ্যনির্দেশ ৬২১ অগ্নি অগ্নিবান ৫৭১ অপ্সুবান্ ৫৭২ কামবান্ ৫৭২ গৃহপতি ১৯৭,৪৬০ জনদান ৫৭৫ তন্ত্ৰনাৰ ৫৭৭ তপস্থান্ ৫৭৫ পথিকৃৎ ৫৭৪ পবিত্রবান ৫৭৬ পাবকবান ৫৭৫ মকুত্বান ৫৭৮ বরুণ ৫৩৫,৫৭৭ বিবিচি ৫৭১ বীতি ৫৭১ বৈশ্বানর ২৮৯,৩০৫.৫৭৫ ব্রতপতি ৫৭৪ ব্রতভূৎ ৫৭৪ শুচি ৫৭০ স্থরভিমান ৫৭৭ সংবর্গ ৫৭২,৫৭৩ ষিষ্টক্বৎ ১৪৮ হিরণ্যবান্ ৫৭৬ জাতবেদা ৬১

আক্স— অলোপান্স, বৈরোচন, রাজা, উদময় আত্রেয়ের যজ্ঞান, অর্থমেধ্যাগ ও অবচংফুকদেশে নাগদান ৬৬১-৬৬২ প্রিয়মেধ দেখ।

অঙ্গিরোগ্য—স্বর্গলাভার্থ স্ত্রান্ত্র্ঞান ৩৯৮ নাভানেদিষ্ঠকে ধনদান ৪৩০-৫৩২ বলাস্ক্রের গাভীগণ প্রাপ্তি ৪৯৪ ইন্দ্রের অভিষেক ৬৪৯

অঙ্গিরোগণ ও আদিত্যগণ—ভূলোকবাসী, অগ্নিপূজারারা স্বর্গণাভ ৬৩ প্রজাপতি হইতে জন্ম ২৮৯ আদিতাগণের বাটি বংসর পরে অঙ্গিরোগণের স্বর্গলাভ ৩৬৪ স্বর্গলাভার্থ যক্তে আদিতাগণের বাজকতাস্বীকার ৫৫৩-৫৫৫ আজীগার্ক্ত—স্থাবসের পূত্র ও শুনাশেপের পিতা, আঞ্চিরস ৫৯৫ শুনাশেপকে বিক্রম ৫৯০ শুনাশেপের বর্ণোদ্যোগ ৫৯১ শুনাশেপ দেখ।

আত্যুর†ক্তি—জানস্তপি, রাজা, পৃথিবীজয়ী, উত্তরকুরুজয়ের ইচ্ছা. সাত্যহব্য কর্ত্বক অভিশাপ, শুমিণ রাজার নিকট পরাজয় ও মৃত্যু ৬৬৪

জত্রি-উদময় দেখ।

অথবা-অগ্নিমন্থনকারী ৫৮

অদিতি—দেবগণের বরলাভ, প্রারণীরের ও উদয়নীরের দেবতা ২৬,০২ উর্জে অবস্থিতি ২৯ ভূমিদেবতা ৩৩ চরুষাগ ৪২ ভৃতীয় সবনের দেবতা ২৭৮ ইক্র, মিত্র ও বরুণের ভাগদান ৪৬৬

অনুমতি—দেবিকা ৩১৯ অনুমতি = ছো: ৩২১

অকুয়াজ—একাদশ অমুযাজ-দেবতা অসোমপায়ী ১৬৮

অস্ত্র —অস্তাজন, দহ্যপ্রধান—বিশ্বামিত্রবংশে অন্ত্র, পুণ্ড্র, শবর, পুলিন্দ, মৃতিব জনগণের উৎপত্তি ৫৯৭

অপাচ্য- পশ্চিমদেশবাসী জনগণ ৬৪৮

অপ্সমূহ—দেবতা, সকল দেবতার স্বরূপ ১৬০ অপ্দেবতার ধাম ১৭১

অভিপ্রতারী—র্দ্ধগ্রম দেখ।

আভ্যাগ্নি—- ওর্ববংশীয় ঐতশ ঋষির পুত্র, পিভার সহিত কলছ ৫৫১ ঐতশ দেখ।

অমনুষ্য __গৰ্মনাদি—পশুবিভাগ বিধি ৫৬০

অহাস্য—শবি—হরিশ্চন্দ্রের রাজস্থরে উল্গাতা ৫৯১

অরিন্দম-ক্ষত্রিয়ের ভক্ষ্য নির্দ্দেশ ৬২১

অরিষ্টনেমি-তার্ফা দেখ।

অব্দর্মঘণাণ-ইক্সকর্ত্ব হত্যা ৬১১

অব্ব দ—কক্রপুত্র, মন্ত্রদ্রষ্ঠা, দর্শধ্যমি, তৎকর্ত্বক গ্রাবস্থতি ৪৮২

অর্বে দোদাসর্পণী—অর্কু দ খবির পথ ৪৮২

অবচৎকুক--দেশ-অঙ্গরাজার যজ্ঞস্থল ৬৬২

অবৎসার—ঋষি—অগ্নিধাম প্রাপ্তি ১৮৭

অবিক্ষিৎ—মক্তের পিতা, মকত দেখ।

खार्य-- तृतिन तम्।

অশ্বতর-ক্লিল দেখ।

অশ্বিদ্বয় — দেবগণের ভিষক্ ৬৯ প্রাতরম্বাকে দেবতা ১৬০ সোমপানের,
জন্ত ধাবন ও দিদেৰত্যে ভাগ ১৮৮ ঋত্যাজে দেবতা ১৯৭ আজিধাবনে আধিনশস্ত্রলাভ ৩৪৪ পর্দ্ধভযুক্ত রথে আজিধাবন ৩৪৫ অগ্নিহোত্র হোমদ্রব্যের দেবতা
৪৬৫ প্রোডাশ্যাগ ৫৭৬ শুনঃশেপ কর্ত্ক স্কৃতি ৫৯০ ইক্রাভিষেকে আসন্দী
শারণ ৬৪৫

অসিতমুগগণ—ক্ষাপগণের অন্ততম, জনমেজয়ের যজে বলপ্র্বক স্থান গ্রহণ ৬১০ ভূতবীর দেখ।

অস্ত্ররগণ—প্রীত্রর নির্দাণ ৮৩, অহোরাত্র হইতে অপসরণ ৮৫ যজনাশ-চেষ্টা ১৪৯ অস্ত্ররগণের ধন ৩৩৯,৪২৪ দেবগণ দেখ।

অস্ত্রগণ ও রাক্ষদগণ—দোমহত্যার চেষ্টা ১১০ অগ্নিদারা হত্যা ২১০ দেবশাপে বিরূপত্ব ৪০১ যক্ত হইতে অপসারণ ৪৮৯,৪৯০

অষ্টক—বিশ্বামিত্রের পুত্র ৫৯৬

অহি=বুত্র ২৬৩

অহিব্ধ্য = গার্হপতা অগ্নি ২৯৪

আঙ্গিরস—অজীগর্ত্ত দেখ।

আঙ্গির স--সংবর্ত্ত দেখ।

আক্সিরস-হিরণাস্ত্রপ দেখ।

আত্ত্রেয়—উদময় দেখ।

জ্বাদিত্য — আদিত্যের জন্ম ২৮৯ তাপদাতা ৩১২,৩১০ উদয়হীন ও অন্তমনহীন ৩১০ স্বর্গচ্যুতির আশঙ্কা ৩৬৬,৩৬৮ বিবিধ বিশেষণ ৩৭১ আদিত্যের অন্তর ৪৭০ আহিতাগ্নির অতিথি ৪৭০ খেত অখরূপ ধারণ ৫৫৫ দেবগণের ক্ষন্ত ৬০১ আদিত্যগণ—বাদশ, তেত্রিশ দেবতার অন্তর্গত ৩৮ বরুণের সহচর ৮৬ তৃতীয় সবনের দেবতা ২৭৮,২৭৯ সবিতা হইতে ভিন্ন ২৭৯ স্বর্গলাভার্থ অগ্নিস্বৃতি ৩০৯ আদিত্যগণের ষজ্ঞ ও তৎসম্বন্ধে দেবনীথ নামক বৃত্তান্ত ৫৫৫ তৎকর্ত্বক ইন্দ্রের অভিযেক ৬৪৮ অলিরোগণ ও আদিত্যগণ দেখ।

আ'প্তা দেবগণ—তংকর্ত্ক ইন্দ্রে অভিষেক ৬৪৬,৬৪৮ সাধ্যগণ দেথ। আ'স্বাষ্ঠ্য—রাজা, পর্বত ও নারদকর্ত্তক অভিষেক, পৃথিবীজয় ও অখনেধ-যাগ ৬৬•

আরাঢ়—সৌজাত দেখ। আবিক্রিত—মক্ত দেখ। আসন্দাবান্—দেশ —জনমেজনকর্ত্তক অধ্বন্ধন ৮৫৯

ইক্ষ্বাকু—হরিণ্চক্রের পূর্বপুরুষ ৫৮০ হরিণ্চক্র দেখ। ইড়ঃ—আগ্রী দেবতা ১৩১ ইড়া—দেবতা—যাগান্তে আহ্বান ১৪৬ দেবীত্রয় দেখ। ইন্দু = সোম ১০৫

ইন্দ্র—ক্ষুদ্রগণের সহিত মন্ত্রণা ও বরুণগৃহে তমুরক্ষা ৮৬, ৮৭ ইন্দ্রের বজ্র ১২৫ ষ্মিও সোমসাহায্যে বৃত্রবধ ১২৮ অস্ত্রপ্রতি বছ্রক্ষেপ ১৬৩ ইন্দ্রোদ্দেশে সোমাভিষ্ব ১৭৫ বছ্লারা বৃত্রহ্তা৷ ৯২,১৮০ স্বনীয় পুরোডাশাদির দেবতা ১৮৬ সোমপানার্থ ধাবন ও বায়ুর নিকট পরাজয় ১৮৮ বায়ুর সার্থি ১৮৯ ঋতুবাজে দেবতা ১৯৭ ইক্র ক্রমা ১৯৭ অগ্নির পরে অস্তর জয় ২১৪ ইক্রের প্লায়ন ও ভূতগণ কর্ত্ব অন্নেষণ ২৫২ ব্তর্বধে মরুলগণবাতীত দ্বেগণের ইক্রত্যাগ ২৫৩,২৬২ মরুল্যণের স্থা ২৬২, ২৬৩ অহি-হত্যা, শম্বর-বধ, বলের গাভী অন্বেষণ ২৬০ বৃত্রবধের পর মহেন্দ্র লাভ ২৬৪ ইন্দ্রের পত্নী ২৬৫, ২৬৬ ক্ষদ্রগণ সাহায্যে ঋভূগণকে সোমপানে নিরাকরণ ২৮১ সোমপান ২৯৮ ইক্স মন্ববা ২৬০, ৩০০ বন্ধনির্মাণ ও নিক্ষেপ ৩২৭, ৩২৯ অন্তর নিরাকরণ ৩০৭, ৩৩৮ আজিধাবনে শস্ত্রণাভ ৩৪৪ অখ্যুক্ত রথে আজিধাবন ৩৪৫ বৃত্রহত্যাদ্বারা বিশ্বকর্মা ৩৭৬ সংবংসররূপী ৩৭৬ দেবগণকর্ত্তক জ্যেষ্ঠিয় ও শ্রেষ্ঠিয় স্বীকার ৩৮২ নবরাজে দিতীয়াহের দেবতা ৩৯৫ মহান্ হইবার ইচ্ছা ৪১৮ সপ্ত ৰ্গারোহণ ৪২০ অগস্তা ও মকুলাণ সহিত ঐক্যলাভ ৪৩৭ অগিহোতে হোমদুবোর দেবতা ৪৬৫ অন্তর্রাক্ষ্যের অপুসারণ ৪৮৯,৪৯০ অন্তরজ্ঞ্যে দেবগণের অগ্রণী ৫১০ অম্বরযুদ্ধে বিষ্ণুর সহিত স্পর্ধা ৫১২ ওক:সারী ৫১৫, ৫২৬ ব্রাহ্মণপুরুষরূপে শুনঃশেপের সহিত আলাপ ৫৮৮,৫৮৯ শুনঃশেপকর্তৃক

স্তুতি ও শুন:শেপকে রুধদান ১৯০ বিশ্বরূপ-ছত্যা, বৃত্তহত্যা, ষতিগণকে সালাবকমুখে অর্পণ, অরুর্মঘবধ ও বৃহস্পতিকে প্রতিঘাত হেতু দেবগণকর্তৃক বর্জন ও সোমপান নিবারণ; পরে ছটার সোমপানান্তে সোমপানে অধিকারলাভ ৬১১ দেবগণের শ্রেষ্ঠ ৬৪৪ দেবগণকর্তৃক মহাভিবেক ৬৪৪-৬৪৯ মহাভিবেককালে সবিতা ও বৃহস্পতি বায় ও পুষা মিত্র ও বরুণ এবং অধিষয় কর্তৃক আসন্দীধারণ ৬৪৫ বিশ্বদেবগণকর্তৃক উৎক্রোশন ৬৪৬ প্রজাপতিকর্তৃক অভিষেক ৬৩২, ৬৪৭ তংপরে বহুগণ ক্রন্ত্রগণ আদিত্যগণ বিশ্বদেবগণ সাধ্য ও আপ্তার্গণ এবং মরুক্পণ ও অঙ্গিরোগণ কর্তৃক অভিষেক ৬৪৭-৬৪৯ অমরম্ব লাভ ৬৪৯

हेनृश-कवम (मर्थ।

উগ্র**ে**সন--বৃধাংশ্রেষ্টি দেখ।

উচথ্য--দীৰ্ঘতমা দেখ।

উত্তর কুরু—হিমবানের উত্তরে জনপদ ৬৪৮ দেবকেত্র, মর্ত্তাজনের অজের ৬৬৪ অতারাতি দেখ।

উত্তরম দ্র—হিমবানের উত্তরে জনপদ ৬৪৮

উদময়—আত্রেয়—অঙ্গরাজার পুরোহিত, তৎকর্তৃক ধনদান ৬৬১,৬৬২

উপ্যাজ-একাদশ উপ্যাজদেবতা অসোমপায়ী ১৬৮

উপাবি—জানঞতের—জনশ্রতার পূত্র, ঋষি, উপদং সম্বন্ধে ব্রাহ্মণবক্তা ১১

উশीनत - भशामतमा इ इन्तर्ग ७४० वर्ग तम्थ ।

উম--পিতৃগণ ৬২•

উব্ব-পিতৃগণ ৬২০

উষা-প্রাতরত্বাকে দেবতা ১৬০ দেবী ৩২১ প্রজাপতির ক**গা ২৮৭** আজিধাবন দারা আখিন শস্ত্রলাভ ৩৪৪ গোবাহনে আজিধাবন ৩৪**৫ তনঃশেশ** কর্ত্বক স্তব ৫৯৩

উষাসানক্তা—আগ্রী দেবতা ১৩২

ৠভুগণ—তপভাষণে সোমপানে অধিকার, দেবগণকর্ত্তক নিরাকরণ ও প্রজা-পতির বরে অধিকারলাভ ২৮১ সবিতার অস্তেবাসী ২৮১ মহুষ্যগদ্ধহেতু দেবগণের দ্বণিত ২৮২ প্রজাপতি বরে অমর্ত্তাত্বলাভ ৫০৩ তৃতীয় সবনে ভাগপ্রাপ্তি ৫০৩, ৫০৪

ঋ্যভ—বিশ্বাদিত্রের পুত্র ৫৯৬

ৠষিপাণ—দেবগণের অবেষণ ১১৬ সরস্বতীতীরে সত্তান্মন্তান ও কবষ ঐসুষকে যজ্ঞে আহ্বান ১৭∙,১৭১ সোমপানে ঋষিগণের অনুজ্ঞাপ্রার্থনা ১৯২

একাদশাক্ষ-মন্তরপুত্র—তৎপুত্র কর্তৃক উদয়ের পর অগ্নিহোত্র হোম ৪৭৪ এবয়ামক্রত্—শবি ৪৩২

ঐক্ষ কি—হরিশ্চক্র দেখ।
ঐত্ত শ্--খবি—ঐর্বংশীয় মন্ত্রদ্রষ্ঠা ৫৫০ পুত্র অভ্যন্তির সহিত কলহ ৫৫১
ঐলুম্ব—কবষ দেখ।

উগ্রিসেন্য—যুধাংশ্রোষ্টি দেখ। উচথ্য—দীর্ঘতমা দেখ। উর্বা—বংশ ৫৫১ ঐতশ দেখ।

ক = প্রজাপতি ২১৮,৫২৩ প্রজাপতির ক-নাম প্রাপ্তি ২৬৪ ইন্দ্রের পিতা ১৬৮ কক্ষীবান্—ঋষি—অশ্বিরের ধামপ্রাপ্তি ৭৫ স্থকীর্ত্তি দেখ।

क्फ-- अर्त्तू म (मथ ।

কপিল-গোত-বিশ্বামিত্তের সহিত সম্পর্ক ৪৯৫

ক বস্ব — ঐলুষ —ইলুষ পুত্র, দাসীপুত্র কিতব অব্রাহ্মণ, সত্রান্ত্র্চায়ী ঋষিগণ কর্ত্ত্ব সোমযজ্ঞ হইতে অপসারণ; অপোনপ্তীয় স্কুদর্শন ও অপ্দেবতার ধামপ্রাপ্তি ১৭০-১৭২ তুর দেখ।

কশ্যপ্র—বিশ্বকর্মা ভৌবনের অভিষেককর্ত্তা, যজমান কর্ত্ত্ব ভূমিদানের প্রস্তাব ৬৬৮

কশ্যপাপ —জনমেজয়ের যজে অসিতমুগ নামক কশ্যপগণের বলপূর্বক স্থান গ্রহণ ৬১০ কাক্ষীবত-স্থকীৰ্ভি দেখ।

কাদ্রেবয়-ক্জপুত্র, অর্কুদ দেখ।

কাব্যেয়-ক্ব্ৰপুত্ৰ, তুর দেখ।

ক†ব্যুগণ—দেবগণের নিরুষ্ট ও পিতৃগণের উৎকৃষ্ট ২৯৬ পিতৃগণের অন্তম ৬২০

কুমারী—গন্ধর্কগৃহীতা—অগ্নিহোত্র সম্বন্ধে উক্তি ৪৭০

কুরুকেত্র—স্তর্গোধের প্রথম উৎপত্তি স্থান ৬১৪

कुत्र-श्रक्षांल-मधामाममञ् क्षनगंग ७४३ अक्षांत (नथा

কুশিকগণ—বিশ্বামিত্রের সহিত সম্পর্ক ৫৯৭

কুছু—দেবিকা ৩১৯ কুছু = পৃথিবী ৩২১

কুশাকু—সোমরক্ষক, তৎকর্ত্তক গায়ত্রীর প্রতি বাণনিক্ষেপ ২৭৪

কৌষীতকি—দর্শপূর্ণমাসে উপবাসবিধি ৫৮০

ক্রেডুবিৎ—তৎকর্ত্তক ক্ষত্রিয়ের ভক্ষ্য নির্দেশ ৬২১

শ্বমা—দেবতা—প্রজাপতির রেত:দেক ৫৩৬

গঙ্গাতীর—ভরতের অখবন্ধন ৬৬০ বৃত্রন্ন দেখ।

গদ্ধর্ববিগণ — সোমরক্ষক, স্ত্রীকামী, বাগ্দেবী কর্তৃক সোমক্রয় ৯৪ বাগ্দেবীর তৎসমীপে বাস ৯৫,৯৮

গ্যু-প্লাত-প্লতের পুত্র, মন্ত্রদ্রষ্ঠা ঋষি, বিশ্বদেবধামে গমন ৪০৫

গা'থিবংশ—বিশ্বামিত্র গাথিবংশীয় ৫৯৭ গাথিবংশের কর্ম্মে ও বেদে দেবরাতের অধিকার লাভ ৫৯৮

গান্ধার-নগজিৎ দেখ।

গায়ত্ত্রী—স্থপর্ণরূপে স্বর্গ হইতে সোমাহরণ ২৭৩,৫০৮ রুশান্ন কর্ত্বক বাণক্ষেপ, তাহা হইতে বিবিধ জীবোৎপত্তি ২৭৪ সেই সোম হইতে সবনোৎপত্তি ২৭৫ সোমাহরণ কালে তার্ক্যকর্ত্বক পথপ্রদর্শন ৩৭২

গিরিজ—বাভ্রব—বক্রপুত্র, পশুবিভাগবিধি ৫৬৩

গৃৎসমদ—ঋষি—ইক্সের ধামপ্রাপ্তি ৪০৪

(গা-দেবী-গো = সিনীবালী ৩২১ নবরাত্তে পঞ্চমাহের দেবতা ৪০৬,৪১৫

িগাগণ—শকশৃন্ধ প্রাপ্তির জন্ম সত্রামুষ্ঠান ৩৬৩
গোপাল—শুচিরক্ষ দেখ।
গোরিবীতি—ঋষি—শক্তির পুত্র, স্বর্গলাভ ২৫৯ শক্তি দেখ।
গোন্ধা—ঋষি—তংকর্ত্বক শস্ত্রপাঠ সম্বন্ধে উপদেশ ৫৪৪ বুলিল দেখ।

ঘূর্যু-প্রবর্গ্যযজ্ঞের দেবতা ৮১

চন্দ্রমা—ব্রহ্মস্বরূপ ২২৩ দেবগণের সোম ৫৮১ দেবতা ৬৭২ চবেন—ভার্গব—শার্যাত সানবকে অভিষেক ৬৫৯

জতূকর্ণ—বৃষণ্ডশ্ব দেখ।

জনন্তপ্—অত্যরাতির পিতা, অত্যরাতি দেখ।

জনমেজন্ন—পারিক্ষিত --পরিক্ষিংপুত্র রাজা, তংগুতি কাববের তুরের প্রশ্ন ৬৮৭ ক্সপ্রবর্জিত যজে অসিতমৃগগণ দারা ভূতবীরগণের নিরাকরণ ৬১০ কাববের ত্র কর্তৃক ক্ষত্রিরের ভক্ষানির্দ্দেশ ৬২১ সার্কভৌমহলাভ ৬৪৪ কাববের তুর কর্তৃক অভিষেক, পৃথিবীজয়, আসন্দীবান্ দেশে অশ্ববন্ধন ৬৫৯

জনশ্রেত—নগরবাসী দেখ।

জনশ্রুতা—উপাবি দেখ।

জমদগ্নি—ঋষি—তদৃষ্ট আপ্রীস্তকের বিনিয়োগ ৩৮৪ হরি**শ্চম্পের রাজ**স্থরে অধ্বর্ম্য ৫৯১

জক্ বংশ-বিখামিত্র ও শুনঃশেপ দেখ।

জাতিবেদা—অগ্নি ৬১ পুরোরুকের দেবতা ২১৯ অগ্নির জাতবেদন্থ ২৯৪ দেবতা ৩৯৪

জাভূকর্ণ্য-র্বভন্ম দেখ।

জানকি-ক্তিরের ভক্ষানির্দেশ ৬২১

জানন্তপি-অতারাতি দেখ।

জানশ্রুতেয়—উপাবি দেখ।

তনুনপাৎ—আপ্রীদেবতা ১৩০

ড†র্ক্ষ্য –পারতীকর্ত্ক সোমাহরণে পথপ্রদর্শক, বায়ু স্বরূপ, অরিষ্টমেমি ৩৭২

তিরুশ্চীঃ—ঋষি মন্ত্রকর্তা ২৬২

